শ্রীমদ্ভাগবত—সপ্তদশ

[ষষ্ঠ বর্ষ, আষাঢ়, ১৩৭৪] [প্রথম সংখ্যা—রথযাত্রা]

আর্য্যশাস্ত্র

শ্রীশ্রীসীতারামদাস ওঙ্কারনাথ প্রবর্ত্তিত

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীতম্

শ্রীমদ্ভাগবতম্

পণ্ডিতপ্রবর-শ্রীশচীন্দ্রচন্দ্রঘটকতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিতম্

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়ন ও সমৃদ্ধিকল্পে মহামান্য সরকারবাহাদুরের অর্থানুকূল্যে এই পুস্তক সুলভমূল্যে দেওয়া সম্ভব হইতেছে।

• • •

মুখ্য-সম্পাদক—
মহামহোপাধ্যায় শ্রীকালীপদতর্কাচার্য্য
শ্রীশ্রীজীবভট্টাচার্য্যন্যায়তীর্থ

[বার্ষিক মূল্য সডাক ১৫·০০ টাকা [প্রতি সংখ্যা ১·৫০ টাকা]

স্বত্বাধিকারী :—
শ্রীসত্যধর্ম্মপ্রচারসঙ্ঘ
(ভারত সম্প্রদায়)

সহ-সম্পাদকসঙ্ঘ

শ্রীশ্যামাশঙ্কর বিদ্যাভূষণ
শ্রীনারায়ণ ঘোষাল ন্যায়াচার্য্য
শ্রীরঘুনাথ কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীহরিনারায়ণ তর্ক বেদ-ব্যাকরণতীর্থ
শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
শ্রীদিলীপকুমার মুখোপাধ্যায় এম্. এ

মুদ্রণ-কর্ম্মনির্ভর :—
ডাঃ শ্রীজিতেন্দ্র নাথ বে, এম্. বি., ডি. ও এম্. এস.,
ডি. পি. এইচ., ডি. টি এম্. এণ্ড
এইচ (লণ্ডন)।

কিঙ্কর বিমলানন্দ।

শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ কর্ত্তৃক শ্রীসীতারাম-বৈদিক মহাবিদ্যালয়, ৭।২, পি. ডব্লিউ. ডি. রোড, কলিকাতা—৩৫ হইতে প্রকাশিত ও ১৯, হরি পাল লেন, কলিকাতা—৬ আলেকজান্দ্রা প্রিন্টিং ওয়ার্কস হইতে মুদ্রাপিত। ১৫ই আষাঢ়, ১৩৭৪।

কার্য্যালয় :—
৩৮সি, বিধান সরণী (বিবেকানন্দ রোডের মোড়) কলিকাতা—৬
ফোন ৩৩-৪৪০৮

CALCUTTA UNIVERSITY

নিয়মাবলী

১। আর্য্যশাস্ত্র আয়ুর্ব্বেদ মাসিক পত্র। প্রতি মাসে উহার ১টি সংখ্যা প্রকাশিত হয়। আষাঢ় (জুন-জুলাই) মাস হইতে উহার বর্ষারম্ভ।

২। এই মাসিকপত্রে নব্যাদি বিংশতিসংহিতা, প্রজাপতি-স্মৃতিপ্রভৃতি বহু দুর্লভ স্মৃতিগ্রন্থ, বাল্মীকি-রামায়ণ ও শ্রীবিষ্ণুপুরাণ প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে শ্রীমদ্ভাগবত প্রকাশিত হইতেছে। তারপর শ্রীমহাভারত ইত্যাদি যাবতীয় আর্য্যশাস্ত্র ধারাবাহিকভাবে প্রকাশিত হইবে।

৩। উহার অগ্রিম বার্ষিক গ্রাহকমূল্য ভারত ও পাকিস্তানে সডাক ১৫'০০, প্রতি সংখ্যা ১'৫০ নঃ পঃ মাত্র; অন্যত্র বার্ষিক সডাক ২০'০০, প্রতি সংখ্যা ২'০০ মাত্র। গ্রাহকমূল্য অগ্রিম দেয়।

৪। প্রতি বাংলামাসের দ্বিতীয় সপ্তাহে উহার একটি সংখ্যা প্রকাশিত হইবামাত্র গ্রাহকগণের নিকট পাঠান হয়। বাংলামাসের তৃতীয় সপ্তাহের মধ্যে উক্ত সংখ্যা না পাইলে স্থানীয় ডাকঘরে খোঁজ লইয়া চতুর্থ সপ্তাহের মধ্যে কলিকাতা কার্য্যালয়ে অবশ্যই জানাইতে হইবে।

ঠিকানা-পরিবর্ত্তন পূর্ববর্তী বাংলামাসের মধ্যে অবশ্যই জানাইতে হইবে।

৫। মাসিকপত্র-সংক্রান্ত যাবতীয় পত্রাদি এবং মণিঅর্ডার "সম্পাদক আর্য্যশাস্ত্র, ৩৮সি, বিধান সরণী, কলিকাতা—৬" এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মণি-অর্ডার কুপণ ও পত্রাদিতে গ্রাহকের নাম, ঠিকানা ও গ্রাহক-নম্বর সুস্পষ্টভাবে অবশ্যই লিখিতে হইবে।

৬। গ্রাহকগণের পত্র-লিখিত নির্দ্দেশ অনুযায়ী সকল ব্যবস্থা কীরূপ গ্রহণ করা হয়, কিন্তু প্রয়োজন না মনে করিলে পত্রের উত্তর দেওয়া হয় না। পত্রের উত্তর আশা করিলে গ্রাহকগণকে জবাবী-পত্র অবশ্যই দিতে হইবে।

৭। আর্য্যশাস্ত্রের পুরাতন সংখ্যাগুলি একত্রে ডাকে পাঠাইবার নির্দ্দেশ থাকিলে গ্রাহকগণকে পাঠাইবার ডাক-মাশুল অবশ্যই দিতে হইবে, কার্য্যালয়ে আসিয়া বা ডাকযোগ ব্যতীত অন্য কোন উপায়ে গ্রহণ করিলে তাহা দিতে হইবে না।

৮। উল্লিখিত ৪-৭ নং নিয়মাবলী পালিত না হইলে পত্র-পরিচালকগণের পক্ষে কোন দায়িত্ব গ্রহণ করা সম্ভব নহে।

শ্রীসীতারাম বৈদিক মহাবিদ্যালয়
৭।২, পি. ডব্লু. [illegible] রোড, আলমবাজার
কলিকাতা—৩৫।

সম্পাদক—আর্য্যশাস্ত্র

৺শ্রীশ্রীগুরবে নমঃ

শ্রীশ্রীঠাকুরের বাণী

পুস্তকমঠ
ভরতপুর-কুঞ্জ
দেওঘাট
৮।৪।৭০

যে মায়েরা বাবারা একে (ওঙ্কারকে) সত্যসত্য ভালবাসে, তারা নিত্য আর্য্যশাস্ত্র প'ড়্বে ও প্রাণপণে আর্য্যশাস্ত্র প্রচারের চেষ্টা ক'র্বে। আর্য্যশাস্ত্রের সেবায় জগতের মহাকল্যাণ সাধিত হবেই হবে।

ওঙ্কার

বিশেষ নিবেদন—

আর্য্যশাস্ত্রের গ্রাহকগণের নিকট আমাদের বিনীত নিবেদন এই যে,—তাঁহারা যেন প্রত্যেকে অন্ততঃপক্ষে একটি করিয়াও গ্রাহক সংগ্রহ করিয়া দেন।

বিনীত
সম্পূজক—আর্য্যশাস্ত্র

সূচীপত্র

শ্রীমদ্ভাগবত

ষষ্ঠ স্কন্ধ

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
	অজামিলের উপখ্যান, বিষ্ণুদূত ও যমদূতের সংবাদ।	১০৯৯
	বিষ্ণুদূতগণের যমদূতসমীপে ভাগবত ধর্ম, নাম মাহাত্ম্য কথন এবং যমের পাশ হইতে মুক্ত অজামিলের ভগবদারাধনায় পরমধামে গমন।	
	যম ও যমদূতের কথোপকথন এবং বৈষ্ণবোৎকর্ষবর্ণন।	...
	দক্ষের জন্ম, তৎকৃত তপস্যার অবসানে শ্রীভগবানের দর্শন এবং ও ভগবানের সংবাদ।	...
	নারদের উপদেশে দক্ষাদি অযুতপুত্রগণের ঐ ং নারদকে দক্ষের শাপ-দান।	
	দক্ষের ষাট কন্যার বংশবিস্তার বর্ণন।	
	ইন্দ্রকর্তৃক গুরুর অবমাননা, দেবগণের ঐশ্বর্য্য নাশ এবং বিশ্বরূপের পৌরোহিত্য বরণ।	
৮।	বিশ্বরূপকর্তৃক ইন্দ্রকে নারায়ণবর্ম্মের উপদেশ।	
৯।	বিশ্বরূপের বিনাশ, বৃত্রাসুরের উৎপত্তি, দেবকৃত ভগবানের স্তুতি ও ভগবানের বরদান। দধীচিমুনির নিকট হইতে দেবগণ কর্তৃক তাঁহার অস্থি যাচ্ঞা, তাহার দ্বারা বজ্রের নির্ম্মাণ এবং দেবতা ও দানবদিগের যুদ্ধ।	...
১১।	রুদ্র কর্তৃক জ্ঞান, ভক্তি ও বৈরাগ্যযুক্ত এবং বীরোচিত বাক্য কথন।	
১২।	রুদ্রের সহিত ইন্দ্রের যুদ্ধ এবং রুদ্রের বধ।	
১৩।	ব্রহ্মহত্যা ভয়ে ইন্দ্রের পলায়ন এবং অশ্বমেধ যজ্ঞদ্বারা ব্রহ্মহত্যা নিবারণ।	
১৪।	বৃত্রাসুরের পূর্ব্ব জন্মবৃত্তান্ত কথন।	
১৫।	নারদ ও অঙ্গিরা মুনিকর্তৃক চিত্রকেতুকে উপদেশ দান।	

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১৬।	রাজপুত্রের দেহত্যক্ত জীবাত্মার বাক্যালাপ, চিত্রকেতুকে নারদকর্তৃক সঞ্জীবন মন্ত্র দান, তাহার জপে বিদ্যাধরত্ব প্রাপ্তি এবং শ্রীভগবান্ অনন্তদেবের দর্শন লাভ। কৈলাসে পার্ব্বতীর সহিত শিবকে উপহাস করায় পার্ব্বতীর অভিশাপে চিত্রকেতুর কৃমাযুর-জন্মপ্রাপ্তি।	
১৮।	বিতির বংশকথন ও মরুদ্গণের জন্ম।	
১৯।	পুংসবন ব্রতের উপদেশ।	

ষষ্ঠ খণ্ড সমাপ্ত।

সূচীপত্র—সপ্তম স্কন্ধ

ক্র	বিষয়	পৃষ্ঠা
	নারদ ও যুধিষ্ঠিরের পারস্পরিক আলাপ এবং সনকাদি মুনিগণের পাশে জয় ও বিজয়ের দৈত্যজন্ম লাভ।	
	শ্রীবিষ্ণুর প্রতি ক্রুদ্ধ হিরণ্যকশিপু কর্তৃক অত্যাচার করিতে উপদেশ এবং তদ্ব কথায় ভ্রাতৃবধূ ও ভ্রাতুষ্পুত্রগণের সান্ত্বনা প্রদান।	
৩।	হিরণ্যকশিপুর তপস্যা ও বরলাভ।	
৪।	বরলাভের পর নিখিল লোকপালগণকে পরাজিত করিয়া বিষ্ণুর প্রতি হিংসুক হিরণ্যকশিপুকর্তৃক তাঁহাদের উৎপীড়ন।	
	হিরণ্যকশিপু কর্তৃক প্রহ্লাদকে বধ করিবার প্রয়াস।	
	প্রহ্লাদ কর্তৃক অসুরবালকগণকে উপদেশ দান।	
	প্রহ্লাদ কর্তৃক মাতৃগর্ভ হইতে প্রাপ্ত নারদের উপদেশবর্ণন।	
	নৃসিংহের প্রাদুর্ভাব, হিরণ্যকশিপুর বিনাশ ও ব্রহ্মাদি দেবগণ কর্তৃক ভগবানের স্তুতি।	১৩২৩
৯।	শ্রীনৃসিংহের ক্রোধ উপশমের নিমিত্ত ভীত ব্রহ্মাকর্তৃক নিযুক্ত প্রহ্লাদের স্তব।	১৩৪৯
	প্রহ্লাদের রাজ্যাভিষেক এবং ত্রিপুর-দহনের বৃত্তান্ত।	১৩৫৪
	মানব-ধর্ম, বর্ণ-ধর্ম ও স্ত্রী-ধর্ম নিরূপণ।	১৩৬৬
	ব্রহ্মচারী ও বানপ্রস্থীর অসাধারণ ধর্ম ও চারিটি আশ্রমের ধর্ম কীর্তন।	১৩৭২
	যতিধর্মনিরূপণ এবং অবধূত-প্রহ্লাদের সংলাপ।	১৩৭৭
১৪।	গৃহস্থের উৎকৃষ্ট ধর্ম ও দেশ কালভেদে বিশেষ ধর্ম বিবরণ।	১৩৮৫
১৫।	সর্বপ্রকার বর্ণাশ্রম ধর্মের সার বর্ণন ও মোক্ষের লক্ষণ নিরূপণ।	১৩৯২

সপ্তম স্কন্ধ সমাপ্ত।

সূচীপত্র—অষ্টম স্কন্ধ

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১।	মন্বন্তরানুবর্ণন ও যজ্ঞাবতার কথন।	১৪১১
২।	গজেন্দ্রোপাখ্যান।	১৪১৭
৩।	গজেন্দ্রমোক্ষণ।	১৪২৩
৪।	গজেন্দ্রমোক্ষণ শ্রবণের ফলশ্রুতি কথন।	১৪৩০
৫।	বৈবতচাক্ষুষ মন্বন্তরবর্ণন ও ব্রহ্মার স্তুতি।	১৪৩৪
৬।	শ্রীভগবানের আদেশে দেবগণের অসুরকুলের সহিত সন্ধিস্থাপন এবং সমুদ্র মন্থনের জন্য উদ্যোগ।	
	সমুদ্রমন্থন আরম্ভ, তাহা হইতে উৎপন্ন বিষের ভয়ে ভীত দেবগণ কর্তৃক স্তুত ভগবান্ শঙ্করের বিষপান।	
	সাগর হইতে অন্যান্য রত্নসকলের উৎপত্তি, লক্ষ্মীদেবীর আবির্ভাব এবং তৎকর্তৃক শ্রীভগবান্ বিষ্ণুর বরণ; অসুরগণ সুধাকলস হরণ করিলে পর শ্রীভগবানের মোহিনীরূপধারণ।	
	দেবগণের সুধাপান, দৈত্যদিগের বঞ্চনা এবং বাস্তব শিরশ্ছেদ।	
	দেবতা-দানবের যুদ্ধ, দানবগণের মায়াবলম্বন, শ্রীভগবান্ বিষ্ণুর আবির্ভাব এবং মায়ানিরাস।	
	দৈত্যরাজ বলির পরাজয়, দৈত্যদিগের বিনাশ, নারদের বাক্যে যুদ্ধ সমাপ্তি ও দৈত্যগুরু শুক্রাচার্যকর্তৃক বলির সঞ্জীবন।	১৪৮৫
১২।	শ্রীভগবানের মোহিনীরূপ দেখিয়া শঙ্করের মোহ।	১৪৯৩
১৩।	ভবিষ্যৎ সপ্ত মন্বন্তর বর্ণন।	১৫০২
১৪।	মন্বাদির পৃথক্ পৃথক্ কর্ম্মনিরূপণ।	১৫০৭
১৫।	দৈত্যরাজ বলির স্বর্গ বিজয় এবং দেবগণের পলায়ন।	১৫০৯
১৬।	দেবমাতা অদিতিকে মহামুনি কশ্যপের পয়োব্রত উপদেশ।	১৫১৬
১৭।	ব্রতে প্রসন্ন শ্রীভগবান্ কর্তৃক দেবমাতা অদিতিকে বরদান এবং ব্রহ্মদ্বারা অদিতির গর্ভস্থিত ভগবদ্ভেজের স্তব।	
১৮।	শ্রীভগবান্ বামনদেবের আবির্ভাব, বলি যজ্ঞশালায় গমন এবং বলিকর্তৃক তাহার পূজা।	

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা

১৯। শ্রীবামনদেবের সহিত বলির কথোপকথন, বলির নিকট হইতে শ্রীবামনদেবের পাদত্রয় ভূমি যাচ্ঞা।

২০। বলি কর্তৃক শ্রীবামনদেবকে ত্রিপাদ পরিমিত ভূমি দান এবং শ্রীভগবানের বিরাট্‌রূপ গ্রহণ।

২১। বলির বন্ধন এবং শ্রীভগবানের বচন।

২২। বলিবচন, ব্রহ্মার স্তবণ, শ্রীভগবানের বলিপ্রশংসা ও তাঁহাকে বরদান।

২৩। বলির সুতললোক গমন এবং ইন্দ্রপ্রস্থে যাজ্ঞের অভিষেক।

২৪। মৎস্যাবতার কথন।

অষ্টম স্কন্ধ সমাপ্ত।

সূচীপত্র—নবম স্কন্ধ

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১।	সূর্য্যবংশবর্ণন এবং বৈবস্বতমনুর পুত্রের ক্ষীতাবাপত্তি।	১৫৮৭
২।	পৃষধ্র-কবি প্রভৃতির বংশবিস্তারকথন।	১৫৯০
৩।	সুকন্যা ও রেবতকন্যার চরিত্র বর্ণন।	১৫৯৯
৪।	নভগের বংশ বর্ণন, নাভাগচরিত কথন, অম্বরীষের উপাখ্যান এবং দুর্ব্বাসার পলায়ন।	১৬০৫
৫।	অম্বরীষের অনুগ্রহে ঋষি দুর্ব্বাসার দুঃখনিবৃত্তি ও দুর্ব্বাসা কর্তৃক অম্বরীষের প্রশংসা।…	১৬১৮
৬।	ইক্ষ্বাকুবংশবর্ণন, মান্ধাতার চরিত্র কথন এবং সৌভরির উপাখ্যান।	১৬২৩
৭।	ত্রিশঙ্কুর উপাখ্যান ও হরিশ্চন্দ্রচরিত কথন।	১৬৩২
৮।	সগরচরিত বর্ণন।	১৬৩৭
৯।	গঙ্গাবতরণ বর্ণন এবং ভগীরথবৃত্তান্ত ও সৌদাসচরিত কথন।	১৬৪৩
১০।	খ্রীরামচরিত বর্ণন।	১৬৫১
১১।	খ্রীরামাদির বংশ বর্ণন এবং তত্তৎগণের সহিত তাঁহার স্ব-পদারোহণ।	১৬৬২
১২।	ইক্ষ্বাকুকুলোৎপন্নদিগের কুশাদি-সুমিত্রান্ত বংশ বর্ণন।	১৬৬৯
১৩।	নিমি বংশকথন এবং নিমির দেহত্যাগাদিবর্ণন।	১৬৭২
১৪।	চন্দ্রবংশবর্ণন, বুধের জন্মবৃত্তান্ত কথন এবং তাঁহা হইতে জাত পুরূরবার উপাখ্যান।	১৬৭৬
১৫।	শচীর, জয়ন্তের ও পরশুরাম চরিতবর্ণন।	১৬৮৫
১৬।	জমদগ্নিবধ, পরশুরাম কর্তৃক ক্ষত্রিয়গণের সংহার এবং বিশ্বামিত্রবংশবর্ণন।	১৬৯৩
১৭।	ক্রমবৃদ্ধি, রম্ভি, রন্তু ও অনেনার বংশ বর্ণন।	১৬৯৮
১৮।	যযাতিচরিত কথন।	১৭০১
১৯।	যযাতির গৃহত্যাগ কথন।	১৭১০
২০।	পূরুবংশবর্ণন এবং দুষ্মন্ত ও ভরত চরিত কথন।	১৭১১
২১।	ভরতবংশবর্ণন এবং রন্তিদেবের চরিত কথন।	১৭২৩
২২।	দিবোদাসাদির বংশ কথন এবং অজমীঢ়বংশে পাণ্ডবাদির উৎপত্তি বর্ণন।	১৭২৯
২৩।	অনুক্রম্য দুর্ব্বসুপ্রভৃতির বংশ কথন।	১৭৩৬
২৪।	যদুবংশ কথন ও সেই বংশে শ্রীকৃষ্ণাবতার সূচনা।	১৭৪২

যদ্‌বিস্রম্ভাদহং নষ্টা দত্তাপত্যা চ দস্যুভিঃ।
যঃ শেতে নিশি সন্ত্রস্তো যথা নার্যা দিবা পুমান্ ॥২৯

ইতি বাক্‌পায়ৈর্বিদ্ধঃ প্রত্যোদৈরিব কুঞ্জরঃ।
নিশি নিস্ত্রিংশমাদায় বিবস্ত্রোঽভ্যদ্রবদ্ রুষা ॥৩০

তে বিসৃজ্যোরণৌ ভীতা ব্যস্তোডুগণ ন বিদ্যুতঃ।
আদায় মেষাবাক্রান্তং নদ্যৈক্ষত সা পতিম্ ॥৩১

ঐলোঽপি শয়নে জায়ামপশ্যন্ বিমনা ইব।
তদ্ধিতো বিরহঃ শোচন্ বভ্রাম মহতীং মহীম্ ॥৩২

স তাং বীক্ষ্য কুরুক্ষেত্রে সরস্বত্যাঞ্চ তৎসখীঃ।
পঞ্চ প্রহৃষ্টবদনঃ প্রাহ সূক্তং পুরূরবাঃ ॥৩৩

অহো জায়ে তিষ্ঠ তিষ্ঠ ঘোরে ন ত্যক্তুমর্হসি।
মাং ত্বয়াপ্যাত্মনির্ব্যত্য বচাংসি কৃণবাবহৈ ॥৩৪

যৎ যস্য বিস্রম্ভাৎ বীরোঽহং মৎপুত্রো রক্ষিতব্য ইতি বিশ্বাসাৎ দস্যুভিঃ হৃতঃ অপনীতো বভূবাঃ তথাভূতাঃ অহং নষ্টা এব। যঃ নাথঃ নিশি নার্যাং যথা ভীতঃ সন্ শেতে, দিবা দিবসে পুমান্ পুরুষঃ ইব আচরতি ॥২৯

ইতি এবং প্রত্যোদৈঃ অঙ্কুশৈঃ কুঞ্জরঃ ইব বাক্‌পায়ৈঃ বাগ্‌রূপৈঃ [: পুরূরবাঃ নিস্ত্রিংশং খড়্গম্ আদায় রুষা ক্রোধেন বি : এব নিশি রাত্রৌ অভ্যাদ্রবৎ গচ্ছন্নাম্ অনুধাবন ॥৩০

তদা তে গন্ধর্বাঃ তত্র এব ঐরণৌ বিসৃজ্য ত্যক্ত্বা বিদ্যুতঃ উড়িতঃ ইব ব্যোমোক্ত রীতিম্ অনুবর্তন্ত, অতঃ মেষৌ আদায় আক্রান্তং পতিং দদৃশ এব না ঊর্বশী ঐলক্ত দদর্শ ॥৩১

ইহার প্রতি বিশ্বাসবশতঃ আমি বিনষ্ট হইয়াছি এবং দস্যুগণ আমার পুত্র দুইটিকে হরণ করিল। ইনি রাত্রিতে নারীর ন্যায় সন্ত্রস্তচিত্তে শয়ন করিয়া থাকেন এবং দিবাভাগে পুরুষের ন্যায় আচরণ করেন।২৯

অনন্তর অনুধাবন হস্তীর ন্যায় ঊর্বশীর বাক্যরূপ অঙ্কুশে আহত হইয়া রাজা সেই রাত্রিকালেই খড়্গ হাতে লইয়া উলঙ্গাবস্থায় ক্রোধে দস্যুগণের প্রতি ধাবিত হইলেন।৩০

তখন সেই গন্ধর্বগণ মেষ দুইটিকে পরিত্যাগপূর্বক অতিশয় দীপ্তিমান্ হইয়া তথায় সেই দীপ্তি বিস্তার করিতেছিল এবং ঊর্বশী সেই আলোকের মধ্যে মেষ দুইটিকে লইয়া যা স্বামীকে আসিতে দেখিলেন।৩১

(রাজার প্রতিজ্ঞাভঙ্গহেতু ঊর্বশী তখনই চলিয়া গেলে) রাজা পুরূরবা শয্যায় পত্নীকে না দেখিয়া বিমনার ন্যায় হইয়া পড়িলেন এবং সর্বদা তাঁহার চিন্তায় রত হইয়া কাতরভাবে শোক করিতে করিতে উন্মত্তের ন্যায় পৃথিবী পরিভ্রমণ করিতে লাগিলেন।৩২

অনন্তর তিনি কুরুক্ষেত্রে সরস্বতী নদীর তীরভাগে পাঁচটি সখীর সহিত ঊর্বশীকে দেখিতে পাইয়া হৃষ্টমুখে এরূপ মনোরম বাক্য বলিয়াছিলেন।৩৩

অহো প্রিয়তমে! তুমি থাক, থাক। হে নিষ্ঠুরচিত্তে! তুমি এখনও আমার নিকট হইতে সুখের পরিসমাপ্তি (চরম দশা) লাভ কর নাই, অতএব আমাকে ত্যাগ করিতে পার না। আমরা নানারূপ বাক্যালাপ করিব।৩৪

তদা ঐলঃ পুরূরবাঃ শয়নে শয্যায়াম্ ঊর্বশীম্ অপশ্যন্ অদৃষ্ট্বা তদ্ধিতঃ রাজা বিমনাঃ আসীৎ। অতঃ তাং বিনা বিস্মরণাৎ ব্যাকুলচিত্তঃ শোচন্ উন্মত্তবৎ মহীং বভ্রাম ॥৩২

এবং পত্যৌ সঃ পুরূরবাঃ কুরুক্ষেত্রে সরস্বতী-তীরে তাম্ ঊর্বশীং প্রহৃষ্টানি বদনানি যস্যাঃ তাঃ তৎসখীঃ চ পঞ্চ বীক্ষ্য দৃষ্ট্বা শোভনং বাক্যম্ আহ ॥৩৩

অহো জায়ে! তিষ্ঠ! তিষ্ঠ! অদ্যাপি অস্মিন্ত্যা নির্ঘৃণম্ অনবধানা ঘোরে বিস্রব্ধমুখে মাং ত্যক্তুং ন অর্হসি। অতঃ তিষ্ঠ। তিষ্ঠ। বচাংসি কৃণবাবহৈ শোভনং করবাবহৈ ॥৩৪

মুহেহোঽয়ং পতত্যত্র দেবি দূরং ত্বয়া। ধার্য্যতামেবং বৃকা গৃধ্রাশ্চৈনং প্রসাদস্ত নাস্পদম্ ॥৩৫

উর্ব্বশ্যুবাচ।

মা মৃথাঃ পুরুষোঽসি ত্বং মাস্মান্ ত্যক্ত্বার্ত্তকা ইমে। কাপি সখ্যং ন বৈ স্ত্রীণাং বৃকাণাং হৃদয়ং যথা ॥৩৬

স্ত্রিয়ো হ্যকরুণাঃ ক্রূরা দুর্মর্ষাঃ প্রিয়সাহসাঃ। মন্যন্তামর্থেঽপি বিশ্রব্ধং পতিং ভ্রাতরমপ্যুত ॥৩৭

হে দেবি! অয়ং মনীতঃ স্নেহেঽয় ত্বয়িন্ এব স্থানে পতিতঃ, যতঃ ত্বয়া দত্তং যতঃ ত্যক্তঃ। তৎপ্রসাদস্ত আস্পদং বিষয়ঃ ন ভবিষ্যতি যেং, তর্হি এনম্ অয় পতিতঃ দেহং বৃকাঃ গৃধ্রাঃ চ খাদন্তি খাদিষ্যন্তি ॥৩৫

উর্ব্বশী উবাচ। মা মৃথাঃ ন ম্রিয়ব। যতঃ ত্বং পুরুষঃ অসি। অতঃ ইমে প্রাণিনঃ বৃকাঃ তাং মাস্ম অত্যাঃ ন ভক্ষয়ন্তুঃ। যথা বৃকাণাং হৃদয়ং, তথা স্ত্রীণাং কাপি সখ্যং নৈবাস্তি ॥৩৬

অকরুণাঃ কৃপারহিতাঃ। ক্রূরাঃ ক্রূরস্বভাবরহিতাঃ। প্রিয়সাহসাঃ [প্রিয়ে বিষয়ে সাহসং বলাবর্ষণং লোকলজ্জালোকযাত্রাভিভবং আবিচারয়ন্ত্য প্রবৃত্তিঃ যাসাং তাঃ] অন্যার্থে বধপ্রয়োজনে অপি বিষয়ে সতি প্রিয়ঃ পতিং ভ্রাতরম্ অপি

হে দেবি! তোমার আকর্ষণেই আমার এই কমনীয় দেহ ভূতলে আনীত হইয়াছে, (অতএব তুমি না থাকিলে) এখানেই এ দেহের পতন ঘটিবে এবং তোমার অনুগ্রহের অপাত্র এ দেহকে বৃকগণ (নেকড়ে বাঘ) ও গৃধ্রগণই ভক্ষণ করিবে ॥৩৫

উর্ব্বশী বলিলেন—হে রাজন্! তুমি মরিও না, তুমি পুরুষ, অতএব ধৈর্য্য ধারণ কর। এই হিংস্রস্বভাব বৃকগণ যেন তোমাকে ভক্ষণ না করে, অর্থাৎ তুমি ইন্দ্রিয়পরবশ হইও না। স্ত্রীলোকগণের কাহারও প্রতি অনুরাগ জন্মে না, তাহাদের চিত্ত বৃকের চিত্তের ন্যায় নিষ্ঠুর ॥৩৬

স্ত্রীলোকগণ করুণাশূন্য, ক্রূর, অসহিষ্ণু এবং প্রিয় বস্তুর জন্য সর্ব্বদাই সাহস প্রকাশ করে। বিশ্বাসালীকবিস্রম্ভসজ্জেষু ত্যক্তসৌহৃদাঃ। নব নবমভীপ্সন্ত্যঃ পুংশ্চল্যঃ স্বৈরবৃত্তয়ঃ ॥৩৮

সংবৎসরান্তে হি ভবানেকরাত্রং বৎস্যতি। বংস্যত্যপত্যানি চ তে ভবিষ্যন্ত্যপরাণি ভোঃ ॥৩৯

অন্তর্ব্বত্নীমুপালক্ষ্য দেবীং স প্রযযৌ পুরীম্। পুনস্তত্র গতোঽব্দান্তে উর্ব্বশীং বীরমাতরম্ ॥৪০

ইতি ॥৩৭

কিন্তু অজ্ঞে স্ত্রীস্বভাবানভিজ্ঞেষু অলীক-বিশ্রম্ভ কপট-বিশ্বাসে বিষয়ে ভাজনলোলুপাঃ স্বৈরবৃত্তিভাঃ পুংশ্চল্যঃ ব্যভিচারিণ্যঃ এবং নবং নবং ভাজন্ অভীপ্সন্ত্যঃ ভাবয়ন্ত্যাঃ স্বৈর সংবৎসর বৃত্তিঃ যাসাং তথা ভবন্তি ॥৩৮

ভোঃ ঈড়ব! সখর্ব! সংবৎসরান্তে একরাত্রং ভবান্ যথা সহ বৎস্যতি বৎস্যতি; তথা সতি তে তব অপরাণি অপি অপত্যানি ভবিষ্যন্তি ॥৩৯

ততঃ তাং দেবীম্ উর্ব্বশীম্ অন্তর্ব্বত্নীং গর্ভিণীম্ উপালক্ষ্য জ্ঞাত্বা সঃ পুরুরবাঃ বনস্থাং প্রযযৌ। পুনঃ অব্দান্তে বৎসরান্তে তত্র কুরুক্ষেত্রে সঃ গতঃ সন্ বীরমাতরং পুত্রসহিতাম্ উর্ব্বশীম্ উপলভ্য দৃষ্ট্বা পুনা হর্ষেণ যুক্তঃ তয়া সহ তাং বিপাং নদ্যবাস

তাহারা অন্য বিষয়ের জন্যও বিশ্বস্ত পতি বা ভ্রাতাকে হত্যা করিয়া থাকে ॥৩৭

বিশেষতঃ কুলটা রমণীগণ অজ্ঞজনের বিশ্বাস উৎপাদনপূর্ব্বক বস্তুতঃ সৌহার্দ বিসর্জন দিয়া স্বেচ্ছাচারবশতঃ নিত্য নূতন পুরুষকে পাইতে ইচ্ছা করে ॥৩৮

হে রাজন্! তুমি সংবৎসর পরে একরাত্রি আমার সহিত রমণ করিবে এবং ইহাতে তোমার আরও সন্তান উৎপন্ন হইবে ॥৩৯

অনন্তর তিনি পত্নী উর্ব্বশীকে গর্ভবতী দেখিয়া নিজ পুরীতে গমন করিলেন এবং সংবৎসরান্তে পুনরায় সেখানে আসিয়া বীরপুত্রের জননী উর্ব্বশীকে লাভ করিয়া হৃষ্টচিত্তে তাঁহার সহিত একরাত্রি বাস

উপলভ্য বৃদা যুক্তঃ সমুবাস তয়া নিশাম্।
অথেনমূর্বশী প্রাহ কৃপণং বিরহাতুরম্ ॥৪১
গন্ধর্বানুপধাবেমান্ স্তুত্যা দাস্যন্তি মামিতি।
তত্র সংস্তবতস্তুষ্টা অগ্নিস্থালীং দদুর্নৃপ।
উর্বশীং মন্যমানস্তাং সোঽবুধ্যত চরন্ বনে ॥৪২
স্থালীং তত্র বনে নৃপা মৃদানাধ্যায়তো নিশি।
ত্রেতায়াং সংপ্রবৃত্তায়াং মনসি ত্রয্যবর্তত ॥৪৩

স্থালীস্থানং গতোঽশ্বত্থং শমীগর্ভং বিলক্ষ্য সঃ।
তেন যে অরণী কৃত্বা উর্বশীলোককাম্যয়া ॥৪৪

উর্বশীং মন্যতো ব্যায়ন্নধরারণিমুত্তরাম্।
আত্মানমুভয়োর্মধ্যে তৎ প্রজননং প্রভুঃ ॥৪৫

তস্য নির্মথনাজ্জাতো জাতবেদা বিভাবসুঃ।
ত্রয্যা স বিদ্যয়া রাজ্ঞা পুত্রত্বে কল্পিতস্ত্রিবৃৎ ॥৪৬

অথ নিশাবসানে বিরহেণ আকুলঃ ব্যাকুলম্ সন্ তঃ কৃপণং দীনম্ এবং পুরূরবসম্ উর্বশী প্রাহ যথা—অয় ইমান্ গন্ধর্বান্ উপধাব তত্ত্যাচিমা তান্ প্রীতান্ কুরু। তে চ তুভ্যং দাং দাস্যন্তি। তত্র পুরূরবসঃ সংস্তবতঃ সতঃ তুষ্টাঃ প্রীতাঃ গন্ধর্বাঃ তস্মৈ (অনেন অগ্নিনা উর্বশীলোকপ্রাপ্তিসাধনং কর্ম দত্তা ততঃ উর্বশীং প্রাপ্নোতি ইতি অভিপ্রায়েণ) অগ্নিস্থালীং পাত্রবিশেষং দদুঃ। তত্র তঃ তাং স্থালীং এব উর্বশীং মন্যমানঃ তয়া সহিতঃ বনে বিচরন্ ন ইতঃ উর্বশী কিন্তু অগ্নিস্থালী ইতি অবুধ্যত ॥৩০-৪২

ততঃ চ স্থালীং বনে এব তত্র বিহায় গৃহান্ গতঃ যদা বিদি ত্রিত্যা তাং এব আধ্যায়তঃ তত্র যদনি ত্রেতায়াং সংপ্রবৃত্তায়াং ত্রেতাযুগারম্ভে সতি অবর্তত কর্মযোগকরঃ বেদত্রয়ঃ প্রাদুরভূৎ ॥৪৩

ততঃ স্থালী-স্থান-বৃদ্ধং গতঃ সঃ পুরূরবাঃ শমীগর্ভে লাভম্ অশ্বত্থং বিলক্ষ্য দৃষ্ট্বা (অগ্নিং অরিং গতি ইতি ভাবঃ) তেন অশ্বত্থেন যে অরণী মন্থন-কাষ্ঠে কৃত্বা উর্বশীলোক-প্রাপ্তি-কাম্যয়া ॥৪৪

অধরারণিম্ উর্বশীং ব্যায়ন্ উত্তরাম্ অরণিং চ আত্মানং ব্যায়ন্ উভয়োঃ মধ্যে তং জাতং তৎ প্রজননং পুত্রং ব্যাদদে প্রভুঃ পুরূরবাঃ মন্থনঃ (অগ্নি-মন্থন-প্রকাশক-মন্ত্র-প্রয়োগ-পূর্বকং) মমন্থ ॥৪৫

তস্য তেন কৃতাৎ নির্মথনাৎ জাতবেদাঃ (জাতঃ যেন বনং তোমাং বহ্নং তদাত্মকঃ) বিভাবসুঃ অগ্নিঃ জাতঃ। সঃ ত্রিবৃৎ ত্রয়ীরূপঃ ত্রিবেদরূপঃ ত্রয্যা বিদ্যয়া রাজ্ঞা পুত্রত্বে কল্পিতঃ ॥৪৬

করিয়াছিলেন। অনন্তর উর্বশী বিরহকাতর দীন-ভাবাপন্ন রাজাকে বলিলেন—হে রাজন্! তুমি এই গন্ধর্বগণের স্তুতি কর, তাহা হইলে তাঁহারা আমাকে তোমার নিকট অর্পণ করিবেন। হে মহারাজ পরীক্ষিৎ! তখন পুরূরবা গন্ধর্বগণের স্তুতি করিলে তাঁহারা তুষ্ট হইয়া রাজাকে একটি অগ্নিস্থালী (যজ্ঞাগ্নির উপযোগী অগ্নিরক্ষার পাত্র) দান করিলেন (তাঁহাদের অভিপ্রায় এই যে—রাজা এই অগ্নিদ্বারা যথোচিত ক্রিয়া করিলেই উর্বশীকে লাভ করিবে)। পরন্তু রাজা সেই অগ্নিস্থালীকেই উর্বশী মনে করিয়া তাহা লইয়াই রাত্রিকালে বনে বিচরণ করিতে করিতে প্রাতঃকালে বুঝিতে পারিলেন—ইহা অগ্নিস্থালী, পরন্তু উর্বশী নহে ॥৩০-৪২

ইহার পর তিনি সেই স্থালীটি বনেই রাখিয়া গৃহে গমন করিলেন এবং প্রতিদিন রাত্রিকালে উর্বশীর চিন্তা করিতে লাগিলেন। এইরূপে ত্রেতা-যুগের প্রবর্তন হইলে তাঁহার মনে কর্মসমূহের উপদেশক বেদত্রয়ের আবির্ভাব হইয়াছিল অর্থাৎ বেদজ্ঞানের উদয় হইয়াছিল ॥৪৩

অনন্তর রাজা বনে সেই অগ্নিস্থালীর নিকট যাইয়া সেখানে শমীবৃক্ষের অভ্যন্তরে একটি অশ্বত্থ বৃক্ষ দেখিতে পাইলেন এবং তাহা দ্বারা দুইটি অরণি (যে কাষ্ঠখণ্ডদ্বয় অপর একটি কাষ্ঠখণ্ডের উপরে রাখিয়া ঘর্ষণ করিলে মধ্যবর্তী কাষ্ঠখণ্ড হইতে যজ্ঞের অগ্নি প্রজ্বলিত হয়) নির্মাণ করিয়া উর্বশী-লোককামনায় নিরূপিত অরণীকে উর্বশীরূপে উপরিস্থিত অরণিকে নিজ আত্মারূপে এবং মধ্যস্থিত কাষ্ঠখণ্ডকে পুত্ররূপে মন্ত্রানুসারে ধ্যান করিয়া মন্থন করিয়াছিলেন ॥৪৪-৪৫

অনন্তর সেই মন্থনক্রিয়া হইতে যজমানের ভোগ্য

তেনাযজত যজ্ঞেশং ভগবন্তমধোক্ষজম্।
ঊর্ব্বশীলোকমিচ্ছন্ বৈ সর্ব্বদেবময়ং হরিম্ ॥৪৭

এক এব পুরা বেদঃ প্রণবঃ সর্ব্ববাঙ্ময়ঃ।
দেবো নারায়ণো নান্য একোঽগ্নির্বর্ণ এব চ ॥৪৮

পুরূরবস এবাসীৎ ত্রয়ী ত্রেতামুখে নৃপ।
অগ্নিনা প্রজয়া রাজা লোকং গান্ধর্ব্বমেয়িবান্ ॥৪৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

চ ত্রিরূপঃ সন্ রাজা পুরূরবসা পুরুত্বে কল্পিতঃ ॥৪৬

তত: ঊর্ব্বশীলোকম্ অভিজন্ পুরূরবাঃ যেন সাধনভূতেন অগ্নিনা যজ্ঞেশং যজ্ঞকলদাতারং সর্ব্বদেবময়ম্ অধোক্ষজম্ ভগবন্তং হরিম্ অযজত ॥৪৭

পুরা কল্পমুখে সর্ব্ববাঙ্ময়ঃ (সর্ব্বশাস্ত্র ব্যাপক বীজভূতঃ) প্রণবঃ একঃ এব বেদঃ আসীৎ, তথা দেবঃ অপি একঃ নারায়ণঃ আসীৎ ন অন্যঃ। আয়ঃ অপি একঃ লৌকিকঃ, বর্ণঃ অপি একঃ হংসাখ্যঃ আসীৎ ॥৪৮

হে নৃপ। বেদত্রয়ঃ তু ত্রেতামুখে পুরূরবসঃ সকাশাৎ এব আসীৎ। অগ্নিনা প্রজয়া পারলৌকিক-সাধনভূতেন পুত্রেণ রাজা গন্ধর্ব্বং লোকম্ এয়িবান্ জগাম ॥৪৯

ইতি নবমে স্কন্ধে শ্রীধরগ্রন্থানুসারিণ্যাং চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

সম্পত্তির প্রসবকারী অগ্নি উৎপন্ন হইলে ত্রয়ীবিদ্যা-বিহিত আধানসংস্কারের ফলে সেই অগ্নি ত্রিবৃৎ অর্থাৎ দক্ষিণাগ্নি, গার্হপত্য ও আহবনীয় এই ত্রিবিধ রূপে পরিণত হন এবং উনি পুণ্যলোকপ্রাপক বলিয়া রাজা ইঁহাকে পুত্ররূপে কল্পনা করিয়াছিলেন।৪৬

ইহার পর রাজা পুরূরবা সেই অগ্নিদ্বারা ঊর্ব্বশী লোকলাভের জন্য যজ্ঞের সর্ব্বদেবময় ভগবান্ অধোক্ষজ শ্রীহরির উদ্দেশে যজ্ঞ করিয়াছিলেন।৪৭

হে মহারাজ! সত্যযুগে সকল বাক্যের বীজস্বরূপ প্রণবই একমাত্র বেদ এবং নারায়ণই একমাত্র দেবতা ছিলেন। তৎকালে অগ্নিও লৌকিক-রূপে এক এবং বর্ণও একই ছিল।৪৮

ত্রেতাযুগে পুরূরবা হইতেই বেদ ত্রয়ীময় অর্থাৎ তিনভাগে বিভক্তরূপে প্রকাশিত হন। রাজা পুরূরবা পুত্ররূপ অগ্নির সাহায্যেই অর্থাৎ তদ্দ্বারা যথোচিত যজ্ঞ সম্পাদন করিয়াই গন্ধর্বলোক প্রাপ্ত হইয়াছিলেন।৪৯

শ্রীমদ্ভাগবতবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ঘটকচূড়ামণি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত।

পঞ্চদশঃ অধ্যায়ঃ

[ঋচীক-জমদগ্নি-পরশুরামচরিতবর্ণনম্।]

শ্রীবাদরায়ণিরুবাচ।

ঐলস্য চোর্ব্বশীগর্ভাৎ ষড়াসন্নাত্মজা নৃপ।
আয়ুঃ শ্রুতায়ুঃ সত্যায়ুরয়োঽথ বিজয়ো জয়ঃ ॥১
শ্রুতায়োর্বসুমান্ পুত্রঃ সত্যায়োশ্চ শ্রুতঞ্জয়ঃ।
রয়স্য সুত একশ্চ জয়স্য তনয়োঽমিতঃ ॥২
তীমস্য বিজয়স্যাথ কাঞ্চনো হোত্রকস্ততঃ।
তস্য জহ্নুঃ সুতো গঙ্গাং গণ্ডূষীকৃত্য যোঽপিবৎ।
জহ্নোস্তু পুরুস্তস্যাথ বলাকস্তস্য তৎসুতঃ ॥৩

অন্বয়ঃ

শ্রীবাদরায়ণিঃ উবাচ। হে নৃপ! ঐলস্য পুরূরবসঃ উর্ব্বশীগর্ভাৎ ষট্ আত্মজাঃ পুত্রাঃ আসন্। হে তথা যথা—আয়ুঃ, শ্রুতায়ুঃ, সত্যায়ুঃ, অয়ঃ, বিজয়ঃ, জয়ঃ ইতি।১

তেষু শ্রুতায়োঃ পুত্রঃ বসুমান্; সত্যায়োঃ শ্রুতঞ্জয়ঃ; রয়স্য সুতঃ একাখ্যঃ, জয়স্য তনয়ঃ অমিতঃ, বিজয়স্য পুত্রঃ ভীমঃ, ভীমস্য পুত্রঃ কাঞ্চনঃ, তস্য হোত্রকঃ, তস্য সুতঃ জহ্নুঃ; যঃ জহ্নুঃ গঙ্গাং গণ্ডূষীকৃত্য অপিবৎ। জহ্নোঃ পুত্রঃ পুরুঃ, তস্য পুত্রঃ বলাকঃ, তস্য আত্মজঃ অজকঃ; ততঃ কুশঃ জাতঃ; কুশস্য কুশাম্বুঃ, তনয়ঃ, বসুঃ, কুশনাভঃ চ ইতি চত্বারঃ পুত্রাঃ জাতাঃ; কুশাম্বোঃ গাধিঃ তনয়স্তস্যঃ পুত্রঃ আসীৎ ।১০-৪

পঞ্চদশ অধ্যায়

[ঋচীক্, জমদগ্নি ও পরশুরাম চরিতবর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! ঊর্ব্বশীর গর্ভে রাজা পুরূরবার ছয়টি পুত্র উৎপন্ন হন। তাঁহাদের নাম—আয়ু, শ্রুতায়ু, সত্যায়ু, অয়, বিজয় ও জয়।১

শ্রুতায়ুর পুত্র বসুমান, সত্যায়ুর পুত্র শ্রুতঞ্জয়, রয়ের পুত্র এক, জয়ের পুত্র অমিত এবং বিজয়ের পুত্র ভীম। ভীমের পুত্র কাঞ্চন, কাঞ্চনের পুত্র হোত্রক। এই হোত্রকের পুত্র জহ্নু, ইনিই গণ্ডূষ করিয়া গঙ্গাকে পান করিয়াছিলেন। জহ্নুর পুত্র পুরু, পুরুর পুত্র বলাক এবং বলাকের পুত্র অজক।২-৩

ততঃ কুশঃ কুশস্যাপি কুশাম্বুস্তনয়ো বসুঃ।
কুশনাভশ্চ চত্বারো গাধিরাসীৎ কুশাম্বুজঃ ॥৪
তস্য সত্যবতীং কন্যামৃচীকোঽযাচত দ্বিজঃ।
বরং বিসদৃশং মত্বা গাধির্ভার্গবমব্রবীৎ ॥৫
একতঃ শ্যামকর্ণানাং হয়ানাং চন্দ্রবর্চ্চসাম্।
সহস্রং শুল্কতো দত্তং কন্যায়াঃ কুশিকা বরম্ ॥৬
ইত্যুক্তস্তমনাদৃত্য জ্ঞাত্বা গতঃ স বরুণান্তিকম্।
আনীয় দত্ত্বা তান্বাজিসুপযেমে বরাননাম্ ॥৭

অন্বয়ঃ

পরং সত্যবত্যাখ্যাং কন্যাম্ ঋচীকাখ্যঃ দ্বিজঃ ব্রাহ্মণঃ অযাচত। গাধিঃ তং বরং বিসদৃশং কন্যায়াঃ অনন্তরপরং মত্বা ভার্গবম্ ঋচীকম্ অব্রবীৎ ॥৫

একতঃ (দক্ষিণ-বাম-পার্শ্বয়োঃ মধ্যে একস্মিন্ পার্শ্বে) শ্যামঃ কর্ণঃ যেষাং তাদৃশবর্ণানাং তথা সর্ব্বতঃ চন্দ্রস্য ইব বর্চ্চঃ যেষাং তাদৃশানাং হয়ানাং সহস্রং যে শুল্কং কন্যায়াঃ তস্যঃ বিবাহোচিত-মেবং শৌল্কম্। তদ্বি কন্যায়াঃ দাতব্যম্। যতঃ বরং কুশিকাঃ অতি কুশীলাঃ ।৬

ইতি এবং গাধিনা উক্তঃ সঃ ঋচীকঃ তত্ত যত্ অতিপ্রায়ং তাম্ অবজানাতি গরঃ, তথা ততঃ গাধিনা তান্

অজকের পুত্র কুশ, কুশের পুত্র কুশাম্বু, তনয়, বসু ও কুশনাভ। কুশাম্বুর পুত্র গাধি।৪

ঋচীক নামক এক ব্রাহ্মণ গাধির কন্যা সত্যবতীকে বিবাহ করিবার জন্য গাধির নিকট প্রার্থনা করিলে গাধি ঐ বরকে কন্যার পক্ষে বিসদৃশ মনে করিয়া বৃত্তবংশজাত ঋচীককে বলিলেন—হে ব্রাহ্মণ! যাহাদের একটি কর্ণ শ্যামবর্ণ এবং দেহের কান্তি চন্দ্রতুল্য, এরূপ এক সহস্র অশ্ব কন্যার পণরূপে দান করুন। ইহা আমার কন্যার সম্বন্ধে পর্য্যাপ্ত নহে, যেহেতু আমরা কৌশিক অর্থাৎ কুশের সন্তান।৬

গাধি এরূপ বলিলে ঋচীক তাঁহার অভিপ্রায় অবগত হইয়া বরুণের নিকট গমন করিলেন এবং

স ঋষিঃ প্রার্থিতঃ পত্ন্যা যজ্ঞং চাপত্যকাম্যয়া।
প্রপন্নিষোস্তর্হি ত্বৈশ্চরুং স্নাতুং গতো মুনিঃ ॥৮
তাবৎ সত্যবতী মাত্রা স্বচরুং যাচিতা সতী।
শ্রেষ্ঠং ময়াঽনয়া যজ্ঞমাত্মে মাকুরুতং সুতম্ ॥৯
তদ্ বিজ্ঞায় মুনিঃ প্রাহ পত্নীং কষ্টমকারষীঃ।
ঘোরো দণ্ডধরঃ পুত্রো ভ্রাতা তে ব্রহ্মবিত্তমঃ ॥১০

ঋষান্ আর্ষীং যজ্ঞ ঋষাবয়াং কন্যাম্ ইনাংমধে ॥১

ততঃ কদাচিৎ সঃ ঋষিঃ ঋতীকঃ অপত্যকাম্যয়া আত্মনঃ পত্ন্যাঃ সত্যবত্যা যজ্ঞং চরুং চ প্রার্থিতঃ ইতশ্চেতশ্চ স্নাতুং ক্ষাত্রং চ যজ্ঞং চরুং প্রপদিয়া (চরু যজ্ঞ ব্রাহ্মণায় পত্ন্যাঃ পুত্রার্থং ব্রাহ্মযজ্ঞাভিধিপ্রিয়ম্ এবং চরুং, ক্ষত্রায় ক্ষত্রিয়ায় জগদ্রক্ষার্থং ক্ষাত্রযজ্ঞাভিধিপ্রিয়ম্ অপরং চরুং) যজ্ঞং মুনিঃ স্নাতুং গতঃ ॥৮

(যাবৎ মুনিঃ স্নাতা নাসতঃ) তাবৎ তন্মাতা: চরুং শ্রেষ্ঠং ময়া অনয়া মাত্রা যাচিতা সতী সত্যবতী স্বচরুং মাত্রে অযচ্ছৎ, তথা মাতুঃ চরুং স্বয়ং অদৎ আত্মে তস্মিন্নধত্ত ॥৯

ততঃ ধ্যানা আগতো মুনিঃ তৎ চরুবিপর্যয়ঞ্চ তথা জ্ঞাতা পত্নীং প্রাহ যথা—হে চরু-বিপর্যয়েণ ত্বয়াঽসিদ্ধং কর্ম

ঔহাঁর নিকট হইতে অনুরূপ এক সহস্র অশ্ব আনিয়া তাহা তদ্রূপে প্রদানপূর্বক সুন্দরী সত্যবতীকে বিবাহ করিয়াছিলেন।৭

ঋষি ঋচীকের নিকট নিজ স্ত্রী এবং যজ্ঞ উভয়েই সন্তান কামনা জানাইলে তিনি পত্নীর জন্য ব্রাহ্ম মন্ত্র এবং যজ্ঞের জন্য ক্ষাত্র মন্ত্রে চরু পাক করিয়া স্নান করিতে চলিয়া গিয়াছিলেন।৮

এই সময়ে সত্যবতীর জননী মনে করিলেন যে জামাতা নিজ স্ত্রীর জন্য যে চরু প্রস্তুত করিয়াছেন, তাহা নিশ্চয়ই আমার চরু অপেক্ষা শ্রেষ্ঠ হইবে। অনন্তর তিনি কন্যার নিকট তাহা প্রার্থনা করিলে সত্যবতী মাতাকে নিজ চরু প্রদান করিলেন এবং মাতার চরু স্বয়ং ভক্ষণ করিয়াছিলেন।৯

ঋচীক মুনি ইহা জানিতে পারিয়া পত্নী সত্যবতীকে

প্রশাস্তিতঃ সত্যবত্যা বৈষ্ণবং ক্ষুত্রিয়ং ভার্গবঃ।
অথ তর্হি ভবেৎ পৌত্রো জমদগ্নিস্ততোঽভবৎ ॥১১
স চাতুৎ সুমহৎপুণ্যা কৌশিকী লোকপাবনী।
রেণোঃ সুতাং রেণুকাং বৈ জমদগ্নিরবাহয়াম্ ॥১২
তস্যাং বৈ ভার্গবঞ্চক্রুঃ সুতা বসুমদাদয়ঃ।
যবীয়ান্ যজ্ঞ এতেষাং রাম ইত্যভিবিশ্রুতঃ ॥১৩

অথার্থঃ ক্ষুত্রবতী অপি, ততঃ তব পুত্রঃ ঋতবঃ পরশুধারী ঘোরঃ ক্রূরস্বভাবঃ চ ভবিতা, তথা তব ভ্রাতা তু ব্রহ্মবিত্তমঃ ভবিতা ভবিষ্যতি ॥১০

ততশ্চ এবং মাতুশ্চ ইতি সত্যবত্যা প্রশাস্তিতঃ প্রার্থিতঃ ভার্গবঃ ঋচীকঃ অথ যদি এবং পুত্রঃ ন ভবিতা, তর্হি তব পৌত্রঃ তথাবিধঃ ভবেৎ (ইতি আয়); ততঃ সত্যবত্যাং জমদগ্নিঃ পাত্রত্রয়াঃ পুত্রঃ অভবৎ ॥১১

সা চ সত্যবতী লোকপাবনী মহৎ ৭ । পুণ্যাখ্যা কৌশিকী নদী অভূৎ। অথ জমদগ্নিঃ রেণোঃ যা রেণুকা সুতা তাম্ উবাহ ॥১২

ওস্যাং বৈ রেণুকায়াং ভার্গবথ্যঃ জমদগ্নেঃ বসুমদাদয়ঃ সুতাঃ অজিরে; এতেষাং বসুমদাদীনাং যঃ যবীয়ান্ কনীয়ান্

বলিলেন—তুমি অতিশয় নিন্দিত কর্ম করিয়াছ, ইহার ফলে তোমার পুত্র উগ্র ও হিংসাপরায়ণ, এবং তোমার ভ্রাতা শ্রেষ্ঠ ব্রহ্মজ্ঞ হইবে।১০

তখন সত্যবতী মুনিকে প্রসন্ন করিয়া বলিলেন—আমার গর্ভে যেন ক্রূরস্বভাবের এরূপ সন্তান না হয়। পত্নীর প্রার্থনায় ঋষি বলিলেন—তাহা হইলে তোমার পৌত্র ঐরূপ হইবে। অনন্তর সত্যবতীর গর্ভে জমদগ্নির জন্ম হয়।১১

সেই সত্যবতী লোকপাবনী মহাপুণ্যা কৌশিকী নদী হইয়াছিলেন। জমদগ্নি রেণুর কন্যা রেণুকাকে বিবাহ করিয়াছিলেন।১২

রেণুকার গর্ভে জমদগ্নি ঋষির বসুমান্ প্রভৃতি পুত্রগণ জন্মগ্রহণ করেন, তাঁহাদের মধ্যে কনিষ্ঠ পুত্র 'রাম' (পরশুরাম) নামে বিখ্যাত। পণ্ডিতগণ তাঁহাকে ভগবান্ বাসুদেবের অংশজাত এবং হৈহয়

যস্যাহুর্বাহুদেবাংশং হৈহয়ানাং কুলান্তকম্।
ত্রিঃসপ্তকৃত্বো য ইমাং চক্রে নিঃক্ষত্রিয়াং মহীম্ ॥১৪

দৃপ্তং ক্ষত্রং ক্ষুবো ভারব্রহ্মণ্যনীনশৎ।
রজস্তমোবৃতমহন্ ফল্গুন্যপি কৃতেঽংহসি ॥১৫

রাজোবাচ।

কিং তদংহো ভগবতো রাজন্যৈরজিতাত্মভিঃ।
কৃতং যেন কুলং নষ্টং ক্ষত্রিয়াণামভীক্ষ্ণশঃ ॥১৬

শ্রীবাদরায়ণিরুবাচ।

হৈহয়ানামধিপতির্অর্জুনঃ ক্ষত্রিয়র্ষভঃ।
দত্তং নারায়ণাংশাংশমারাধ্য পরিকর্ষতি ॥১৭

বাহূন্ দশশতং লেভে দুর্ধর্ষত্বমরাতিষু।
অব্যাহতেন্দ্রিয়ৌজঃ শ্রীতেজোবীর্যযশোবলম্ ॥১৮

যোগেশ্বরত্বৈশ্বর্য্যং গুণা যত্রাণিমাদয়ঃ।
চচারাব্যাহতগতির্লোকেষু পবনো যথা ॥১৯

স্ত্রীরত্নৈরাবৃতঃ ক্রীড়ন্ রেবাম্ভসি মদোৎকটঃ।
বৈজয়ন্তীং স্রজং বিভ্রদ্ রুরোধ সরিতং ভুজৈঃ ॥২০

ন: রাজা ইতি অভিপ্রেত্য প্রশ্নবাহ: ॥১৩

হৈহয়ানাং কুলস্য অন্তকরং রাশকারাত্মকং যং রাজং বাসুদেবস্য অংশস্য অংশরূপং ইতি আহ:, তথা য: ইমাং মহীং ত্রি:-সপ্তকৃত্ব: নিঃক্ষত্রিয়াং চক্রে ॥১৪

দৃপ্তং রাজং দৃপ্তং গর্বিতা, রজস্তমোভ্যাং বৃতম্ অত্রহ্মণ্যম্ অযাগিকং ফল্গু ক্ষুদ্রং অপি আহনি অপরাধে কৃতে সর্বং ক্ষত্রম্ অবীনশৎ নাশয়ামাস ॥১৫

রাজা পরীক্ষিৎ উবাচ। অজিতাত্মভি: অবশীকৃতাত্মকরণৈ: রাজভৈ: ভগবত: কিম্ অংহ: কৃতং যেন হিংসাদেকুলা অভীক্ষ্ণশ: পুন: পুন: ক্ষত্রিয়াণাং কুলং নষ্টম্ ॥১৬

শ্রীবাদরায়ণি: উবাচ। হৈহয়ানাম্ অধিপতি:

ক্ষত্রিয়র্ষভ: অর্জুন: কার্তবীর্য: পরিকর্ষতি পরিচর্যাদিভি: লক্ষ: প্রসাদেন আরাধ্য দশশত: সহস্র বাহূন্ তথা অরাতিষু শত্রুষু দুর্ধর্ষত্বং লেভে অপরাজিতত্বং লেভে লব্ধবান্। তথা অব্যাহতেন্দ্রিয়ৌজ: (অব্যাহতম্ ইন্দ্রিয়াধিকম্ ওজ ইন্দ্রিয়বলং) শ্রী: ধন, তেজ: শরীরকান্তি:, বীর্য দৃষ্টিবলং, যশ: কীর্তি, বলং শরীরবলং তান্ তথা ঐশ্বর্য্যং ধনিত্ব অণিমাদয়: গুণা: সন্তি, তং যোগেশ্বরত্বং চ লেভে। অতঃ যথা পবন: তথা অব্যাহতগতি: লোকেষু স: চচার ॥১৭-১৮-১৯

ন: কদাচিৎ মহাৎকট: ঐশিকবলং, স্ত্রিয়: এব রত্নানি তৈ: আবৃত:, বৈজয়ন্তীং মহাবলপ্রতিষ্ঠাং প্রথম মালাং বিভ্রাণ: রেবাম্ভসি নর্মদাজলে ক্রীড়ন্ ভুজৈ: তং সরিতং রুরোধ ॥২০

ক্ষত্রিয়কুলের সংহারকারী বলিয়া থাকেন। তিনি পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয় করিয়াছিলেন। ৩-১৪

তিনি অন্য অপরাধেই পৃথিবীর ভারস্বরূপ, রজঃ ও তমোগুণাচ্ছন্ন ব্রাহ্মণবিরোধী দর্পান্ধ ক্ষত্রিয়কুলের সংহার করিয়াছিলেন।১৫

শ্রীপরীক্ষিৎ বলিলেন—হে ব্রহ্মন্! অজিতেন্দ্রিয় ক্ষত্রিয়গণ ভগবান্ রামের নিকট কি অপরাধ করিয়াছিল যাহার জন্য তিনি বারবার ক্ষত্রিয়-কুলের বিনাশ করিয়াছিলেন?১৬

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! হৈহয়-অধিপতি ক্ষত্রিয়শ্রেষ্ঠ অর্জুন ভগবান্ নারায়ণের অংশাংশ দত্তাত্রেয়ের আরাধনা করিয়া তাঁহার অনুগ্রহে সহস্রবাহু, শত্রুগণের দুর্ধর্ষত্ব, ইন্দ্রিয়বর্গ ও ওজঃশক্তির অনিবার্য্য প্রভাব, সম্পদ্, তেজঃ, বীর্য্য, যশঃ, বল, যোগেশ্বরত্ব এবং অণিমাদি গুণসমূহের আশ্রয়স্বরূপ ঐশ্বর্য্যলাভ করিয়াছিলেন। আর ইহারই ফলে তিনি বায়ুর ন্যায় অব্যাহতগতিতে লোকমধ্যে সর্বত্র বিচরণ করিতেন।১৭-১৯

এক সময়ে তিনি বৈজয়ন্তী মালা ধারণপূর্বক বহুসংখ্যক রমণীরত্নে পরিবৃত ও মদমত্ত হইয়া নর্মদার জলপ্রবাহ রুদ্ধ করিয়াছিলেন।২০

বিস্নাবিতং ঋষিবিরং প্রতিস্রোতঃসরিজ্জলৈঃ।
নামৃষ্যৎ তস্য তদ্বীর্য্যং বীরমানী দশাননঃ ॥২১

গৃহীতো লীলয়া স্ত্রীণাং সক্ষং কৃতকিল্বিষঃ।
মাহিষ্মত্যাং সন্নিরুদ্ধো মুক্তো যেন কপির্যথা ॥২২

স একদা তু মৃগয়াং কিঞ্চন্ বিজনে বনে।
বদৃচ্ছয়াশ্রমপদং জমদগ্নেরুপাবিশৎ ॥২৩

(ততঃ দিগ্‌বিজয়ায় নির্গতঃ) বীরমানী দশাননঃ রাবণঃ মাহিষ্মত্যাঃ নর্মদায়াস্তীরে সৈন্যানাং কূর্দনং ভেন প্রবাহস্য অবরোধাং প্রতিস্রোতসঃ পরাবৃত্ত-প্রবাহায়াঃ সরিতঃ নর্মদায়াঃ জলৈঃ ঋষিবিরং যদেবানিবাসস্থানং বিস্নাবিতম্ আপ্লাবয়ৎ তস্য তৎ বীর্যং নরদেবাব-মানর্ষং ন অমৃষ্যৎ ন সেহে ।২১

কৃতকিল্বিষঃ কৌতুকম্ অর্জুনস্য অভিতঃবিদ্ধঃ প্রবৃত্তঃ যাবৎ স্ত্রীণাং সক্ষম্ এব যেন অর্জুনেন লীলয়া অবারাণেন এব গৃহীতঃ তথা মাহিষ্মত্যাং সন্নিরুদ্ধঃ পশ্চাৎ ক্ষণিঃ যাবৎ ইব মুক্তঃ বভূব ।২২

এবং প্রভাবঃ সঃ অর্জুনঃ একদা বিজনে বনে মৃগয়াং বিচরন্ কূর্দন্ জাতবেগঃ আশ্রমপদং বদৃচ্ছয়া উপাবিশৎ ।২৩

ঐ সময়ে রাক্ষসরাজ রাবণ দিগ্‌বিজয়ে বহির্গত হইয়া নর্মদার তীরে শিবির স্থাপনপূর্বক সেখানে ইষ্টদেবতার পূজা করিতেছিলেন, এ অবস্থায় বীরাভিমানী দশানন স্রোতের প্রতিকূলে প্রবাহিত নর্মদার জলরাশি দ্বারা নিজ শিবির প্লাবিত হইতে দেখিয়া অর্জুনের তাদৃশ বীর্য্য সহ্য করিতে পারিলেন না ।২১

(অনন্তর রাবণ অর্জুনকে আক্রমণ করিলে) অর্জুন রমণীগণের সম্মুখেই অপরাধকারী রাবণকে অনায়াসে বন্দী করিয়া মাহিষ্মতীপুরীতে বানরের ন্যায় কিয়ৎকাল আবদ্ধ করিয়া রাখিলেন এবং পরে স্বেচ্ছায়ই তাহাকে মুক্তি দিয়াছিলেন ।২২

সেই অর্জুন এক সময়ে মৃগয়ার জন্য নির্জন বনে ভ্রমণ করিতে করিতে অকস্মাৎ জমদগ্নির আশ্রমে

তস্মৈ স নরদেবায় মুনিবর্হণমাহরৎ।
সসৈন্যামাত্যবাহায় হবির্ঘত্যা তপোধনঃ ॥২৪

স বৈ রত্নন্তু তদ্দৃষ্ট্বা আত্মৈশ্বর্য্যাতিশায়নম্।
তদাভিহরতাগ্নিহোত্র্যাং সাভিলাষঃ সহেহয়ঃ ॥২৫

হবির্ধানীমুর্ধর্ষপ্রাণবান্ হর্তুমচোদয়ৎ।
তে চ মাহিষ্মতীং নিন্যুঃ সবৎসাং ক্রন্দতীং বলাৎ॥২৬

সঃ মুনিঃ তপোধনঃ তস্মৈ আগতায় অর্জুনায় সসৈন্যামাত্যবাহায় হবির্ঘত্যা ঘাবয়েত্বা অর্ঘম্ আহরৎম্ আতিথ্যং চক্রে ।২৪

ততঃ চ সহেহয়ঃ হৈহয়ৈঃ সহ বর্তমানঃ সঃ অর্জুনঃ তস্য আশ্রমে আহুতঃ ঐশ্বর্যম্ অতি অতিশায়িনম্ হোমধেনৌ ঘাবয়েত্বা সম্পাদিতম্ ঐশ্বর্যং দৃষ্ট্বা অগ্নিহোত্র্যাং হোমধেনৌ সভিলাষঃ সন্ তং মুনিবরম্ আতিথ্যং ন আদ্রিয়ত তদ্দিনং ন অতুষ্যৎ ।২৫

অতঃ হর্ষাৎ এব তৎঃ সকাশাৎ হবির্ধানীং ঘাবয়েত্বং হর্তুং বলাৎ বৎসোপেতাং ধেনুম্ অচোদয়ৎ। তে চ তাঃ সবৎসাং ক্রন্দতীং তাং ঘাবয়েত্বং বলাৎ মাহিষ্মতী পুরীং প্রতি নিন্যুঃ ।২৬

প্রবেশ করিয়াছিলেন ।২৩

তৎকালে তপোধন জমদগ্নি একটিমাত্র কামধেনুর সাহায্যেই সৈন্য, অমাত্য ও বাহনসমূহের সহিত রাজা অর্জুনের যথাযথ আতিথ্য সৎকার সম্পাদন করিলেন ।২৪

রাজা অর্জুন নিজ ঐশ্বর্য্য অপেক্ষাও শ্রেষ্ঠ কামধেনুরূপ সেই রত্নটি দর্শন করিয়া উহার প্রতি অভিলাষহেতু হৈহয়গণের সহিত তখন সেই আতিথ্য সৎকারের প্রতি সমাদর প্রকাশ করেন নাই ।২৫

অনন্তর রাজা অর্জুন ঋষির কামধেনুটি হরণ করিবার জন্য অনুচরগণকে আদেশ করিলে তাহারা বৎসসহ ক্রন্দনরতা ধেনুটিকে বলপূর্বক মাহিষ্মতী পুরীতে লইয়া গেল ।২৬

অথ রাজনি নির্বাতে রাম আশ্রমমাগতঃ।
শ্রুত্বা তৎ তস্য দৌরাত্ম্যং চুক্রোধাহিরিবাহতঃ ॥২৭

ঘোরমাদায় পরশুং সহস্রং বর্ম্ম কার্ম্মুকম্।
অন্বধাবত দুর্ম্মর্ষো মৃগেন্দ্র ইব যূথপম্ ॥২৮

তমাততন্তং ভৃগুবর্য্যচোদিতা
ধনুর্ধরং বাণপরশ্বধায়ুধম্।
ঐণেয়চর্ম্মাম্বরকর্ম্মধারিভি-
র্যুতং জটাভির্দদৃশে পুরীষিণম্ ॥২৯

অথ অনন্তরং রাজনি অর্জ্জুনে নির্বাতে গতে সতি আশ্রমম্ আগতঃ রামঃ তস্য অর্জ্জুনস্য তা দৌরাত্ম্যরূপা দৌরাত্ম্যং দৌরাত্ম্যং শ্রুত্বা আহতঃ তাড়িতঃ অহিঃ সর্পঃ ইব চুক্রোধ ॥২৭

ততঃ চ ঘোরং ভীষণং পরশুং সহস্রং কার্ম্মুকং চর্ম্ম চ আদায় গৃহীত্বা মৃগেন্দ্রং অন্বধাবিতঃ মৃগেন্দ্রঃ সিংহঃ ইব দুর্ম্মর্ষঃ রামঃ তম্ অন্বধাবত ॥২৮

অর্জ্জুনঃ পুরীষং বিদন্ এব ধনুর্ধরং বাণ-পরশ্বধায়ুধম্, ঐণেয়ং চর্ম্ম চ অম্বরাদিনম্ অন্বরং বস্ত্রং তম্ কর্ম্মধারিভিঃ অর্জ্জত ইব রাম ভেদকং বাণাং জাতিঃ দৃষ্টাতিঃ মুক্তং বর্জিতম্ ওজসা যোগেন আপন্নম্ আপন্নম্ তং রামং দদর্শ ॥২৯

অচোদয়দ্ভন্তিরথাশ্বপত্তিভি-
র্গদাসিবাণর্ষ্টিশতঘ্নিশক্তিভিঃ।
অক্ষৌহিণীঃ সপ্তদশাততায়িণা-
ন্তা রাম একো ভগবানসূদয়ৎ ॥৩০

হতো যতোঽসৌ প্রহরৎপরশ্বধো
মনোঽনিলৌজাঃ পরচক্রসূদনঃ।
ততস্ততশ্ছিন্নভুজোরুকন্ধরা
নিপেতুরুর্ব্যাং হতসূতবাহনাঃ ॥৩১

ততঃ অর্জ্জুনঃ হস্ত্যাদিভিঃ গদাদি-শক্তিভিঃ চ অতিতীব্রাঃ সপ্তদশ অক্ষৌহিণীঃ সেনাঃ আচোদয়ৎ প্রেরিতবান্। তাঃ তু সর্ব্বাঃ ভগবান্ রামঃ একঃ অসহায়ঃ এব অসূদয়ৎ জঘান ॥৩০

প্রহরৎপরশ্বধঃ (প্রহরৎ পরশ্বধঃ যস্য সঃ) মনোঽনিলৌজাঃ (মনঃ চ অনিলঃ চ তদ্বৎঃ ইব ওজঃ যস্য) যস্য সৈন্যস্য দূষয়তি নাশয়তি ইতি অসৌ রামঃ যতঃ যস্মাৎ যস্য সৈন্যস্য বিচারযতঃ তস্য তস্য হত-মৃত-গাত্রাঃ (হতাঃ মৃতাঃ গাত্রাণি চ যেষাং তথা) ছিন্নাঃ ভুজাঃ উরবঃ কন্ধরাঃ চ যেষাং তথা) হতাঃ তে উর্ব্যাং ধরণ্যাম্ নিপেতুঃ ॥৩১

রাজার প্রস্থানের পর রাম আশ্রমে আসিয়া রাজার ঐরূপ দৌরাত্ম্যের কথা শ্রবণ করিয়া আহত সর্পের ন্যায় ক্রুদ্ধ হইলেন। ২৭

অনন্তর তিনি অসহিষ্ণু হইয়া ঘোরতর কুঠার, বর্ম্ম ও তূণসহ ধনু ধারণপূর্ব্বক—হস্তীর প্রতি ধাবিত সিংহের ন্যায় রাজা অর্জ্জুনের পশ্চাৎ ধাবিত হইলেন। ২৮

রাজা অর্জ্জুন মহিষ্মতীপুরীতে প্রবেশ করিতে করিতে—কৃষ্ণচর্ম্মপরিহিত, জটাযুক্ত, ধনুঃ, বাণ ও কুঠারধারী এবং সূর্য্যের ন্যায় তেজস্বী ভৃগুবর রামকে পরাক্রমসহকারে নিজের অভিমুখে আসিতে দেখিলেন। ২৯

অনন্তর অর্জ্জুন হস্তী, অশ্ব, রথ ও পদাতিকযুক্ত এবং গদা, অসি, বাণ, ঋষ্টি, শতঘ্নী ও শক্তিধারী, অতিতীব্রতর সপ্তদশ অক্ষৌহিণী সেনাকে রামের অভিমুখে প্রেরণ করিলে ভগবান্ রাম একাকীই উহাদের সকলকে বিনাশ করিয়াছিলেন। ৩০

তৎকালে মন ও বায়ুর ন্যায় প্রবলবেগবান্, শত্রুসৈন্যসংহারকারী রাম কুঠারের আঘাত করিতে করিতে যুদ্ধক্ষেত্রে যে যে স্থানে গমন করিতেছিলেন, সেই সেই স্থানেই শত্রুসৈন্যগণের সারথি ও বাহন নিহত এবং নিজেদের হস্ত, উরু ও গ্রীবাদেশ ছিন্ন হইলে তাহারা ভূতলে পতিত হইয়াছিল। ৩১

দৃষ্ট্বা স্বসৈন্যঃ রুধিরৌঘকর্দ্দমে
রণাজিরে রামকুঠারদায়কৈঃ।
বিবৃদ্ধকর্ণাধরজাপবিগ্রহঃ
নিপাতিতং হৈহয় আপতদ্ ক্রুষা ॥৩২

অথার্জ্জুনঃ পঞ্চশতেষু বাহুভি-
র্ধনুঃষু বাণান্ যুগপৎ স সন্দধে।
রামায় রামোঽস্ত্রকৃতং সমগ্রকী-
স্ত্যেকবধ্যেষুভিরিন্নবৎ সমম্ ॥৩৩

রামস্য কুঠারেণ পরশুনা নায়কৈঃ চ ধিগ্বিগ্রহঃ ছিন্নাঃ বর্ণাধরঃ যস্য তথাভূতঃ স্বসৈন্যঃ রুধিরস্য ঔঘরূপ কর্দ্দমঃ যস্মিন্ তস্মিন্ রণাজিরে নিপাতিতঃ দৃষ্ট্বা হৈহয়ঃ অর্জ্জুনঃ ক্রুধা ক্রোধেন আপতৎ (ধাবমান বোদ্ধুমারব্ধবান্)। ॥৩২

অথ সহস্রবাহুঃ অর্জ্জুনঃ পঞ্চশতেষু ধনুষু পঞ্চশতসংখ্যকান্ বাণান্ যুগপৎ (এক ক্ষণে) সন্দধে (যোজয়ামাস); অস্ত্রকৃতাং সমগ্রকীর্ত্তেঃ (সমস্তাস্ত্রবিদঃ) রামায় একবধ্যা অপি তাঃ ইষুভিঃ (বাণৈঃ) ইষুভিঃ (বাণৈঃ) সমম্ একদা এব অন্বিন্নৎ ॥৩৩

পুনঃ স্বরথৈঃ অচলান্ পর্ব্বতান্ তথা অঙ্ঘ্রিপান্ বৃক্ষান্ উৎক্ষিপ্য চ মুখে সংগ্রামভূমৌ বেগাৎ অভিধাবতঃ তস্য

অনন্তর হৈহয়পতি অর্জ্জুন রুধিরপাতে কর্দ্দমময় যুদ্ধক্ষেত্রে রামের কুঠার ও বাণের আঘাতে নিজ সৈন্যগণের বর্ম, বস্ত্র, ধনু ও দেহ খণ্ড বিখণ্ড এবং তাহাদিগকেও ভূতলে পতিত হইতে দেখিয়া ক্রোধে ধাবিত হইয়া যুদ্ধে অগ্রসর হইলেন। ৩২

তৎকালে অর্জ্জুন সহস্র বাহুদ্বারা এককালে রামের উদ্দেশে পাঁচ শত ধনুকে পাঁচশত বাণ যোজনা করিলে অস্ত্রধারিগণের শ্রেষ্ঠ রাম একটি মাত্র ধনুকে যোজিত বাণসমূহ দ্বারা এককালেই অর্জ্জুনের সকল ধনুক বাণ ছেদন করিয়াছিলেন। ৩৩

অনন্তর অর্জ্জুন নিজ সহস্র হস্তদ্বারা পর্বত ও বৃক্ষরাশি উৎপাটিত করিয়া (রামকে বধ করিবার জন্য)

পুনঃ স্বরথৈস্তুরচলান্ মুবেঽঙ্ঘ্রিপান্
উৎক্ষিপ্য বেগাদভিধাবতো মুধি।
কৃত্তান্ কুঠারেণ কঠোরবেধিনা
চিচ্ছেদ রামঃ প্রসভং স্বহেরিব ॥৩৪

কৃতবাহোঃ শিরস্তস্য গিরেঃ শৃঙ্গমিবাহরৎ।
হতে পিতরি তৎপুত্রা অমুতং দুদ্রুবুর্ভয়াৎ ॥৩৫

অগ্নিহোত্রীমুপাবর্ত্ত্য সবৎসাং পয়বীয়সীম্।
সমুপেত্যাশ্রমং পিত্রে পরিক্লিষ্টায় সমর্পয়ৎ ॥৩৬

অর্জ্জুনস্য তুরগান্ আহেঃ সর্পস্য ইবান্ কঠোরবেধিনা তীক্ষ্ণবাণেন কুঠারেণ রামঃ প্রসভম্ বলাৎ মুধি চিচ্ছেদ ॥৩৪

কৃতবাহোঃ (কৃতাঃ ছিন্নাঃ বাহবঃ যস্য তস্য অর্জ্জুনস্য) গিরেঃ শিরঃ সকাশাৎ তস্য শৃঙ্গম্ ইব আহরৎ নিজগ্রাহ। এবং পিতরি অর্জ্জুনে হতে সতি তস্য অর্জ্জুনস্য পুত্রাঃ তস্মাৎ ভৃগুকুলপলায়িতবন্তঃ ॥৩৫

ততঃ চ পয়বীয়সীং রামঃ পরিক্লিষ্টায় অগ্নিহোত্রিণ্যাং সবৎসাম্ অগ্নিহোত্রীং ধেনুম্ উপাবর্ত্ত্য (আবর্ত্তনং কারয়িত্বা) আশ্রমং পিত্রে সমর্পয়ৎ ॥৩৬

যুদ্ধক্ষেত্রে তাঁহার দিকে ধাবিত হইলে রাম তীক্ষ্ণবাণ কুঠারদ্বারা সর্পের ফণাসমূহের ন্যায় তাঁহার সহস্র বাহু সবলে ছেদন করিয়াছিলেন। ৩৪

অনন্তর রাম ছিন্নবাহু অর্জ্জুনের গিরিশৃঙ্গসদৃশ উন্নত মস্তকটি দেহ হইতে বিচ্ছিন্ন করিয়াছিলেন। তখন পিতা নিহত হইলে অর্জ্জুনের দশ সহস্র পুত্র ভয়ে পলায়ন করিয়াছিল। ৩৫

ইহার পর শত্রুসৈন্যবিনাশক রাম বৎসসহ ধেনুর সহায় ধেনুটিকে লইয়া আশ্রমে প্রত্যাগমন-পূর্ব্বক পরহস্তগমনে ক্লেশযুক্তা সেই ধেনুটি পিতার নিকট অর্পণ করিলেন। ৩৬

স্বকর্ম তৎ কৃতং রাজ্ঞঃ পিত্রে ভ্রাতৃভ্য এব চ।
বর্ণয়ামাস তৎ শ্রুত্বা জমদগ্নিরভাষত ॥৩৭

রাম রাম মহাবাহো ভবান্ পাপমকারষীৎ।
অবরীয়ঃসু দেবেষু যৎ সর্বদেবময়ং বৃথা ॥৩৮

বয়ং হি ব্রাহ্মণাস্তাত ক্ষময়ার্হণতাং গতাঃ।
যয়া লোকগুরুর্দেবঃ পারমেষ্ঠ্যমগাৎ পদম্ ॥৩৯

রাম: তৎ অর্জুন-বধাদিকম্ স্বকর্ম পিত্রে ভ্রাতৃভ্যঃ চ বর্ণয়ামাস। অথ তা রামবর্ণিতং শ্রুত্বা জমদগ্নিঃ তং রামম্ অভাষত ॥৩৭

হে রাম! হে মহাবাহো রাম! ভবান্ পাপম্ অকারষীৎ; যৎ যস্মাৎ সর্বদেবময়ং সর্বদেবঃ রাজানম্ অর্জুনং ভবান্ বৃথা অবরীৎ ॥৩৮

হে তাত! যয়ং ব্রাহ্মণাঃ ক্ষময়া এব অর্হণতাং পূজ্যতাং গতাঃ প্রাপ্তাঃ; যয়া ক্ষময়া সর্বলোকানাং গুরুঃ পূজ্যঃ দেবঃ ব্রহ্মা পারমেষ্ঠ্যং সর্বোৎকৃষ্টং পদং স্থানং অগাৎ প্রাপ্তবান্ ॥৩৯

ক্ষময়া যোচতে লক্ষ্মীর্ব্রাহ্মী সৌরী যথা প্রভা।
ক্ষমিণামাশু ভগবাংস্তুষ্যতে হরিরীশ্বরঃ ॥৪০

রাজ্ঞো মূর্ত্যভিষিক্তস্য বধো ব্রহ্মবধাদ্ গুরুঃ।
তীর্থসংসেবয়া চাংহো জহ্যুস্তাপ্লুতচেতনঃ ॥৪১

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ ১৫ ॥

ক্ষময়া এব সৌরী সূর্যস্য প্রভা যথা তথা ব্রাহ্মী ব্রাহ্মণকুল-সম্বন্ধিনী লক্ষ্মীঃ শম-দমাদি ভেজঃ যোচতে প্রকাশতে। ভগবান্ ঈশ্বরঃ হরিঃ ক্ষমিণাং ক্ষমাবতাম্ এব আশু তুষ্যতে প্রসন্নঃ ভবতি ॥৪০

হে তাত! মূর্ত্যভিষিক্তস্য অভিষেক-পূর্বকং রাজ্যে স্থাপিতস্য রাজ্ঞঃ বধঃ ব্রহ্মবধাৎ অপি গুরুঃ পাপতমঃ; তস্মাৎ তপসাপি ভেজসঃ ক্ষিতং বত তাপম্; তং তীর্থসেবয়া অংহঃ পাপং জহি অপাকুরু ॥৪১

ইতি নবম স্কন্ধে শ্রীধরস্বামিপাদি-কৃতায়াং পঞ্চদশোঽধ্যায়ঃ।

পরমেশ্বরত্ব লাভ করিয়াছেন। ৩৯

ক্ষমাগুণেতেই ব্রাহ্মণের শোভা সূর্য্যের দীপ্তির ন্যায় সমুজ্জ্বল হয় এবং ক্ষমাশীলজনের প্রতি ভগবান্ জগদীশ্বর শ্রীহরি সত্বর সন্তুষ্ট হন। ৪০

হে বৎস! ক্ষত্রিয় রাজার বধ ব্রহ্মবধ অপেক্ষাও গুরুতর। অতএব তুমি ভগবান্ শ্রীহরির চিন্তায় রত হইয়া তীর্থসেবাদ্বারা পাপ পরিহার কর। ৪১

শ্রীমদ্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
পণ্ডিতপ্রবর-শ্রীশচীপ্রসাদমহাতীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
পঞ্চদশ অধ্যায় সমাপ্ত।

ষোড়শঃ অধ্যায়ঃ।

[জমদগ্নিবধঃ, পরশুরামেন ক্ষত্রিয়াণাং সংহারঃ, বিশ্বামিত্রবংশবর্ণনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

পিত্রোপশিক্ষিতো রাজন্নেবমিত্যকৃতব্রণঃ।
সংবৎসরং তীর্থচর্য্যাং চরিত্বাশ্রমমাব্রজৎ ॥১

কদাচিদ্ রেণুকা যাতা গঙ্গায়াং পদ্মমালিনম্।
গন্ধর্ব্বরাজং ক্রীড়ন্তমপ্সরোভিরপশ্যত ॥২

বিলোকয়ন্তী ক্রীড়ন্তমুৎকার্ষং নদীং গতা।
হোমবেলাং ন সস্মার কিঞ্চিচ্চিত্ররথস্পৃহা ॥৩

কালাত্যয়ং তং বিলোক্য মুনেঃ শাপবিশঙ্কিতা।
আগম্য ফলসংভারং পুরোধায় কৃতাঞ্জলিঃ ॥৪

ব্যভিচারং মুনির্জ্ঞাত্বা পত্ন্যাঃ প্রকুপিতোঽব্রবীৎ।
ঘ্নতৈনাং পুত্রকাঃ পাপামিত্যুক্তাস্তে ন চক্রিরে ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্নেব। এবং পিত্রা উপশিক্ষিতঃ অকৃতব্রণঃ রামঃ 'তথা অস্তু' ইতি অঙ্গীকৃত্য সংবৎসরং যাবৎ তীর্থচর্য্যাং চরিত্বা কৃত্বা পুনঃ আশ্রমম্ আব্রজৎ আগচ্ছৎ আববৌ ॥১

এবং স্থিতে কদাচিৎ রেণুকা (ঐকাহারপার্শ্বং নদীং গতা) তত্র গঙ্গায়াম্ অপ্সরোভিঃ সহ ক্রীড়ন্তং পদ্মমালিনং গন্ধর্ব্বরাজং চিত্ররথাখ্যম্ অপশ্যৎ ॥

ঐকার্শ্বং নদীং গতা সা তং ক্রীড়ন্তং বিলোকয়ন্তী সতী কিঞ্চিৎ ঈষৎ চিত্ররথে স্পৃহা যস্যাঃ সা হোমবেলাং ন সস্মার

বিস্মৃতবতী ॥৩

তং কালাত্যয়ং হোমকালাতিক্রমং বিলোক্য মুনেঃ জমদগ্নেঃ শাপাৎ বিশঙ্কিতা ভীতা রেণুকা ধরা আগত্য জমদগ্নেঃ পুরঃ অগ্রে ফলসং বিধায় কৃতাঞ্জলিঃ সতী তস্থৌ ॥৪

ততঃ মুনিঃ পত্ন্যাঃ রেণুকায়াঃ ব্যভিচারং চিত্ররথে হোমেচ্ছাশূন্যতং জ্ঞাত্বা প্রকুপিতঃ সন্ অব্রবীৎ, যথা হে পুত্রকাঃ। পাপাং পাপযুক্তেয়ং দুষ্টচিত্তাম্ এনাং ঘ্নত মারয়ত। তে পুত্রাঃ তু এবম্ উক্তাঃ অপি ন চক্রিরে ॥৫

ষোড়শ অধ্যায়।

[জমদগ্নিবধ, পরশুরাম কর্তৃক ক্ষত্রিয়গণের সংহার এবং বিশ্বামিত্রবংশবর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন—হে কুরুনন্দন! পিতা জমদগ্নিকর্তৃক পূর্ব্বোক্তরূপে উপদিষ্ট হইয়া ভগবান্ পরশুরাম 'তাহাই করিব' এরূপ অঙ্গীকারপূর্ব্বক এক বৎসর কাল নানা তীর্থ পর্য্যটন করিয়া পুনরায় আশ্রমে প্রত্যাবর্ত্তন করিলেন। ১

এক সময়ে রেণুকাদেবী গঙ্গায় যাইয়া পদ্মমালাধারী গন্ধর্ব্বরাজ চিত্ররথকে অপ্সরাগণের সহিত ক্রীড়ারত অবস্থায় দেখিতে পাইলেন। ২

রেণুকা জল আনিবার জন্য গঙ্গায় গেলেও ক্রীড়ারত চিত্ররথকে দেখিয়া কিঞ্চিৎ কৌতুকের ঈষদ্-হেতু হোমের সময় চলিয়া যাইতেছে ইহা ভুলিয়া গিয়াছিলেন। ৩

অনন্তর তিনি অন্যই কালাতিক্রম লক্ষ্য করিয়া জমদগ্নির অভিশাপভয়ে ভীতা হইয়া আশ্রমে প্রত্যাবর্ত্তনপূর্ব্বক জলের কলসটি মুনির সম্মুখে রাখিয়া কৃতাঞ্জলিপুটে অবস্থান করিয়াছিলেন।৪

তৎকালে মুনি পত্নীর তাদৃশ অন্যায় আচরণ জানিতে পারিয়া ক্রুদ্ধচিত্তে পুত্রগণকে বলিলেন—হে পুত্রগণ! তোমরা এই পাপীয়সীকে হত্যা কর। পরন্তু পুত্রগণ তাঁহার আদেশ পালন করিলেন না। ৫

রামঃ সঙ্কোপিতঃ পিত্রা ভ্রাতৃন্ মাত্রা সহাবধীৎ।
প্রত্যবজ্ঞো মুনেঃ সম্যক্ সমাধেস্তপসশ্চ সঃ ॥৬

বরেণ চ্ছন্দয়ামাস প্রীতঃ সত্যবতীসুতঃ।
যত্রে হতানাং রামোঽপি জীবিতকাশ্যুতিং বধে ॥৭

উত্তস্থুস্তে কুশলিনো নিদ্রাপায় ইবাঞ্জসা।
পিতুর্বিবাধংতপোবীর্য্যং রামশ্চক্রে সুহৃদ্বধম্ ॥৮

যেঽর্জুনস্য সুতা রাজন্ স্মরন্তঃ স্বপিতুর্বধম্।
রাজবীর্য্যপরাভূতা নেঙ্গিরে পর্ব্ব ন ক্বচিৎ ॥৯

একদাশ্রমতো রামে সভ্রাতরি বনং গতে।
বৈরং নিরাবধিক্বো লব্ধচিত্রা উপাগমন্ ॥১০

দৃষ্ট্বাথ্যাগার আসীনমবেশ্যতধিয়ং মুনিম্।
তপবজ্যুত্তমঃশ্লোকে জঘ্নুস্তে পাপনিশ্চয়াঃ ॥১১

মৃতেঃ জমদগ্নয়ঃ যঃ সমাধিঃ তপশ্চ তয়োঃ সমম্ প্রভাবং জানাতি ইতি সঃ তাম্ঃ পিত্রা সত্যবতীসুতেন আজ্ঞপ্তঃ মাতরং সহ ভ্রাতৃন্ অবধীৎ ॥৬

ততঃ প্রীতঃ সন্ সত্যবতীসুতঃ জমদগ্নিঃ তং রামং বরেণ ছন্দয়ামাস বরং কৃতীশ্ব ইতি তোষয়ামাস। তত্র রামঃ অপি মৃতানাং ভ্রাতৃণাং পুনর্জীবনং তথা আত্মবধে ক্ষেত্রস্য অক্ষুণ্ণিং চ বব্রে ॥৭

ততঃ তে ভ্রাতরঃ নিদ্রায়ে ইব অঞ্জসা অনায়াসেন কুশলিনঃ পুনঃ জীবন্তঃ সন্তঃ উত্তস্থুঃ। এবং পিতুঃ তপোবীর্য্যং বিধান্ জানন রামঃ সুহৃদাং বধং চক্রে ॥৮

পরশুরাম পিতা জমদগ্নিমুনির সমাধি ও তপস্যার প্রভাব বিশেষভাবে জানিতেন বলিয়া পিতার আদেশ পাইয়া তিনি মাতা এবং ভ্রাতৃগণকে বধ করিয়াছিলেন। ৬

ইহাতে জমদগ্নি সন্তুষ্ট হইয়া পরশুরামকে ইচ্ছানুরূপ বর গ্রহণের কথা বলিলে পরশুরাম নিহত ব্যক্তিগণের পুনর্জীবন এবং এই হত্যাকাণ্ড বিষয়ে তাঁহাদের বিস্মৃতি এই দুইটি বর প্রার্থনা করিয়াছিলেন। ৭

অনন্তর বরের প্রভাবে নিহত ব্যক্তিগণ নিদ্রাভঙ্গে জাগ্রত ব্যক্তিগণের ন্যায় সত্বর গাত্রোত্থান করিলেন। বস্তুতঃ পরশুরাম পিতার তপঃপ্রভাব বিশেষরূপে জানিতেন বলিয়াই তাঁহার আদেশে নির্বিচারে সুহৃদ্গণকে বধ করিয়াছিলেন ॥৮

যে রাজন্! অর্জুনস্য যে মৃতাঃ রাজবীর্য্যেণ পরাভূতাঃ, তে স্বপিতুঃ বধং রামকৃতং স্মরন্তঃ ক্ষত্রিয়াণি পর্ব্ব সুখং ন লেভিরে ॥৯

একদা সভ্রাতরি রামে আশ্রমতঃ বনং গতে সতি লব্ধচিত্রাঃ (লব্ধঃ ছিদ্রং যাবদ্বিষয়াবধানং যৈঃ তে) বৈরং নিরাবধিবৈরং উপাগমন্ ॥১০

পাপে জমদগ্নিমুনৌ এব নিশ্চয়ঃ যেষাং তে তস্য অগ্ন্যাগারে হোমগৃহে আসীনম্ উত্তমঃশ্লোকে তপবজ্যি আবেশিত-ধিয়ম্ (আবেশিতা স্থিরীকৃতা ধীঃ যেন তং) মুনিং দৃষ্ট্বা তং জঘ্নুঃ হতবন্তঃ ॥১১

বাচ্যমানাঃ কৃপণয়া রামমাত্রাতিদারুণাঃ।
প্রসহ্য শির উৎকৃত্য নিন্যুস্তে ক্ষত্রবন্ধবঃ ॥১২

তে দুঃখরোষামর্ষার্ত্তিশোকবেগবিমোহিতাঃ।
হা তাত মাতো ধর্ম্মিষ্ঠ ত্যক্ত্বাস্মান্ স্বর্গতো ভবান্॥১৫

রেণুকা দুঃখশোকার্ত্তা নিঘ্নত্যাত্মানমাত্মনা।
রাম রামেতি তাতেতি বিচুক্রোশোচ্চকৈঃ সতী ॥১৩

বিলপ্যৈবং পিতুর্দেহং নিধায় ভ্রাতৃষু স্বয়ম্।
প্রগৃহ্য পরশুং রামঃ ক্ষত্রান্তায় মনো দধে ॥১৬

তদুপশ্রুত্য দূরস্থা হা রামেত্যার্ত্তবৎ স্বনম্।
ত্বরয়াশ্রমমাসাদ্য দদৃশুঃ পিতরং হতম্ ॥১৪

গত্বা মাহিষ্মতীং রাজ্ঞো মধ্যে চক্রে মহাগিরিম্।
তেষাং স শীর্ষতী রাজন্ মধ্যে চক্রে মহাগিরিম্ ॥১৭

তদা চ কৃপণয়া রেণুকয়া রামমাতা বাচ্যমানাঃ অপি দারুণাঃ ক্রূর-স্বভাবাঃ ক্ষত্রবন্ধবঃ ক্ষাত্র-ধর্ম্ম-দূষ্যাঃ তে অর্জ্জুন-পুত্রাঃ প্রসহ্য বলাৎ তস্য শিরঃ উৎকৃত্য ছিত্বা নিন্যুঃ পরশুং নীতবন্তঃ ॥১২

দুঃখ-শোকার্ত্তা অতএব আত্মনা আত্মানং নিঘ্নতী তাড়য়ন্তী সতী রেণুকা, হে রাম! হে রাম! হে তাত! এষি! নীচম্ আগচ্ছ! ইতি এবম্ উচ্চৈঃ বিচুক্রোশ রুরাব ॥১৩

তদা চ তস্য পিতুঃ দূরস্থা আশ্রমাৎ দূরে আর্ত্তবৎ স্বনম্ আর্ত্তনাদং শুশ্রুবুঃ রামঃ উপশ্রুত্য তদা আশ্রমম্ আগায় হতং পিতরং দদর্শ ॥১৪

তদা দুঃখ-রোষামর্ষার্ত্ত-শোকবেগ-বিমোহিতাঃ (দুঃখং সন্তাপঃ, রোষঃ ক্রোধঃ, অমর্ষঃ অপরাধসহিষ্ণুতা, আর্ত্তিঃ ক্লেশঃ, শোকঃ ভাবিচিন্তা তেষাং যেগেন বিমোহিতাঃ) বভূবু হা তাত! হে মাতো! হে ধর্ম্মিষ্ঠ! অস্মান্ ত্যক্ত্বা ভবান্ যঃ স্বর্গং গতঃ ॥১৫

এবং বিলপ্য রুদন্তীং পিতুঃ দেহং ভ্রাতৃষু বিধায় স্বয়ং পরশুং প্রগৃহ্য রামঃ ক্ষত্রান্তায় ক্ষত্রিয়-কুল-বিনাশায় মনঃ দধে সংকল্পং চকার ॥১৬

হে রাজন্! ততঃ সঃ রামঃ ব্রহ্মবিদিভিঃ (ব্রহ্মবিঃ বিদিভৃভিঃ বিদ্বদ্ভিঃ শ্রীঃ বরদাঃ ভূয়াঃ) মাহিষ্মত্যাং পুরীং গত্বা তন্মধ্যে তেষাং ক্ষত্রিয়াণাং শৈর্ষতিঃ ছিন্নৈঃ শিরোভিঃ মহাগিরিং চক্রে ॥১৭

অনন্তরে পরশুরামের জননী অতিকাতরভাবে পতির প্রাণরক্ষার প্রার্থনা জানাইলেও অতি দারুণ সেই নিকৃষ্ট ক্ষত্রিয়গণ বলপূর্ব্বক মুনির মস্তক ছেদন করিয়া লইয়া গিয়াছিল ॥১২

অনন্তর পতিব্রতা রেণুকা দুঃখ-শোকে পীড়িতা হইয়া নিজ হস্তদ্বারা বক্ষঃস্থলে আঘাত করিতে করিতে—হা রাম, হা রাম, হা বৎস—এই বলিয়া উচ্চস্বরে ক্রন্দন করিতে লাগিলেন ॥১৩

জমদগ্নির পুত্রগণ দূর হইতে—হা রাম, হা রাম—এইরূপ আর্ত্তনাদ শ্রবণ করিয়া সত্বর আশ্রমে আসিয়া পিতাকে নিহত অবস্থায় দেখিতে পাইলেন ॥১৪

তৎকালে তাঁহারা দুঃখ, ক্রোধ, অসহিষ্ণুতা, কাতরতা ও শোকবেগে বিমোহিত হইয়া—হা পিতঃ! হা মাতো! হা ধার্ম্মিকপ্রবর! আপনি আমাদিগকে ছাড়িয়া স্বর্গে চলিয়া গেলেন, এইরূপ বিলাপ করিয়াছিলেন। অনন্তর রাম পিতার দেহ ভ্রাতৃগণের নিকট রাখিয়া কুঠার হস্তে লইয়া ক্ষত্রিয়-গণের সংহারের জন্য কৃতসঙ্কল্প হইলেন ॥১৫-১৬

হে মহারাজ! অনন্তর রাম ব্রহ্মবাদিগণের শাপে নষ্টশ্রী মাহিষ্মতী পুরীতে গমন করিয়া কার্ত্তবীর্য্যার্জ্জুনের পুত্রগণের ছিন্ন মস্তকরাশিদ্বারা সেখানে একটি বৃহৎ পর্ব্বত রচনা করিলেন ॥১৭

তদ্ব্রহ্মতেজ নদীং ঘোরামব্রহ্মণ্যতরাং বহ্যাম্।
হেতুং কৃত্বা পিতৃবধং ক্ষত্রেঽমঙ্গলকারিণি ॥১৮

ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিঃক্ষত্রিয়াং প্রভুঃ।
সমন্তপঞ্চকে চক্রে শোণিতোদান্ হ্রদান্ নব ॥১৯

পিতুঃ কায়েন সন্ধায় শির আধায় বর্হিষি।
সর্বদেবময়ং দেবমাত্মানমযজন্মখৈঃ ॥২০

দদৌ প্রাচীং দিশং হোত্রে ব্রহ্মণে দক্ষিণাং দিশম্।
অধ্বর্যবে প্রতীচীং বৈ উদগাত্রে উত্তরাং দিশম্ ॥২১

অন্যেভ্যোঽবান্তরদিশঃ কশ্যপায় চ মধ্যতঃ।
আর্যায়াবর্তমুপদ্রষ্ট্রে সদস্যেভ্যস্তুতঃ পরম্ ॥২২

ততশ্চাবভৃথস্নান-বিধূতাংশেনকিল্বিষঃ।
সরস্বত্যাং মহানদ্যাং রেজে ব্যভ্র ইবাংশুমান্ ॥২৩

স্বদেহং জমদগ্নিস্তু লব্ধ্বা সংজ্ঞানলক্ষণম্।
ঋষীণাং মণ্ডলে সোঽভূৎ সপ্তমো রাজপূজিতঃ ॥২৪

রামোঽপ্যেবংবিধ ভগবান্ রামঃ কমললোচনঃ।
আগামিন্যন্তরে রাজন্ বর্তয়িষ্যতি বৈ বৃহৎ ॥২৫

অন্বয়ঃ—অথ ব্রহ্মণঃ ভগবতঃ ঘোরাং অতএব নদীং ঘোরাং ব্রহ্মণ্যতরাং ব্রহ্মতেজ চক্রে। কথং? অবমঙ্গলকারিণি ক্ষত্রে পিতৃবধং হেতুং নিমিত্তং কৃত্বা প্রভুঃ ভগবান্ রামঃ ত্রিঃসপ্তকৃত্বঃ একবিংশতি-বারং পৃথিবীং নিঃক্ষত্রিয়াং কৃত্বা সমন্তপঞ্চকাখ্যে দেশে শোণিতোদান্ বহূন্ হ্রদান্ চক্রে ইতি যোজনীয়ম্। ততঃ পিতুঃ শিরঃ আধায় আনীয় বর্হিষি যজ্ঞে তত পিতুঃ কায়েন সহ সন্ধায় সংযোজ্য যৎবা ঋচঃ সর্বদেবময়ং আত্মানং সর্বাত্মত্যাত্মিকং দেবং বিষ্ণুং অযজৎ আরাধিতবান্। তথা হোত্রে প্রাচীং দিশং, অধ্বর্যবে প্রতীচীং দিশং, তথা উদগাত্রে উত্তরাং দিশং রামঃ দদৌ ॥১৮-২১

অন্বয়ঃ—অথ ব্রহ্মণে দিশঃ, তদুপরি মধ্যতঃ, উপদ্রষ্ট্রে আর্যাবর্তং, তথা সদস্যেভ্যঃ ততঃ পরং স্বানং দদৌ ॥২২

ততঃ সরস্বত্যাং অবভৃথ-স্নানেন বিধূতাংশেনপাতকঃ সন্ ব্যভ্রঃ জলদনির্মুক্তঃ আংশুমান্ সূর্যঃ ইব রেজে ॥২৩

জমদগ্নিঃ কৃ সংজ্ঞান-লক্ষণং (সংজ্ঞানং বৃত্তিঃ চৈতন্যং তদেব লক্ষণং চিহ্নং যস্য তথাভূতং) স্বদেহং লব্ধ্বা রামেণ পূজিতঃ সন্ ঋষীণাং মণ্ডলে সপ্তর্ষিমণ্ডলে সপ্তমঃ ঋষিঃ অভূৎ ॥২৪

হে রাজন্! ভগবান্ ভগবদ্বিশ্বঃ জমদগ্নিতঃ রামঃ অপি আগামিনি অন্তরে মন্বন্তরে বৃহৎ ব্রহ্ম বেদং বর্তয়িষ্যতি ॥২৫

এইরূপ তিনি তাহাদের রক্তদ্বারা ব্রাহ্মণ-বিদ্বেষিগণের ভয়ঙ্কর এক ঘোরতর নদীর সৃষ্টি করিয়াছিলেন। অনন্তর ক্ষত্রিয়গণ অমঙ্গলকারী হইলে রাম পিতার বধকেই নিমিত্ত করিয়া পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয়া করিয়া সমন্তপঞ্চক ক্ষেত্রে তাহাদের রক্তজলে পরিপূর্ণ নয়টি হ্রদ নির্মাণ করিয়াছিলেন।১৮-১৯

অনন্তর তিনি পিতার ছিন্নমস্তক দেহের সহিত যুক্ত করিয়া এবং ঐ দেহ কুশের উপর রাখিয়া যজ্ঞসমূহদ্বারা সর্বদেবতাময় আত্মার অর্চনা করিয়াছিলেন।২০

তিনি যজ্ঞান্তে হোতাকে পূর্বদিক্, ব্রহ্মাকে দক্ষিণ দিক্, অধ্বর্যুকে পশ্চিম দিক্, উদ্গাতাকে উত্তর দিক্, অপর ঋত্বিক্ সকলকে কোণসমূহ, কশ্যপকে ঐসকল দিকের মধ্যভাগ, উপদ্রষ্টাকে আর্যাবর্ত এবং সদস্যগণকে অবশিষ্ট ভূমিভাগ দান করিয়াছিলেন।২১-২২

ইহার পর তিনি সরস্বতী নদীতে যজ্ঞসমাপ্তি-কালীন স্নানাচরণদ্বারা পাপনির্মুক্ত সূর্যের ন্যায় বিরাজ করিয়াছিলেন।২৩

অনন্তর রামকর্তৃক পূজিত জমদগ্নি স্মৃতিযুক্ত নিজ দেহ লাভ করিয়া সপ্তর্ষিমণ্ডলে সপ্তম ঋষি হইয়াছিলেন।২৪

হে মহারাজ! জমদগ্নিতনয় কমললোচন ভগবান্ রামও আগামী মন্বন্তরে বেদপ্রবর্তক সপ্তর্ষিগণের অন্যতম হইবেন।২৫

আস্তেঽদ্যাপি মহেন্দ্রাদ্রৌ ভৃগুভিঃ প্রশমাত্মভিঃ।
উপগীয়মানচরিতঃ সিদ্ধগন্ধর্বচারণৈঃ ॥২৬

এবং কৃতপ্রু বিশ্বাত্মা ভগবান্ হরিরীশ্বরঃ।
অবতীর্য্য পরং ভারং ভুবোঽহন্ বহুভো নৃপান্ ॥২৭

গাধেরভূন্মহাতেজাঃ সমিদ্ধ ইব পাবকঃ।
তপসা ক্ষাত্রমুৎসৃজ্য যো লেভে ব্রহ্মবর্চসম্ ॥২৮

বিশ্বামিত্রস্য চৈবাসন্ পুত্রা একশতং নৃপ।
মধ্যমস্তু মধুচ্ছন্দা মধুচ্ছন্দস এব তে ॥২৯

পুত্রং কৃত্বা গুনঃশেপং দেবরাতং চ ভার্গবম্।
অজীগর্তঃ সুতানাহ জ্যেষ্ঠ এষ প্রকল্পতাম্ ॥৩০

যো বৈ হরিশ্চন্দ্রমখে বিক্রীতঃ পুরুষঃ পশুঃ।
স্তুত্বা দেবান্ প্রজেশাদীন্ মুমুচে পাশবন্ধনাৎ ॥৩১

মহেন্দ্রাদ্রৌ মহেন্দ্র-পর্বতে সিদ্ধ-গন্ধর্ব-চারণৈঃ উপগীয়মানঃ চরিতং যস্য সঃ তথোক্তঃ (তথা তাদৃশঃ সন্ যঃ কৃতবানিত্যর্থঃ যেন সঃ) তথা প্রশমাত্মভিঃ (প্রশমো ক্রোধাদিরহিতো যাসাং তাঃ সন্ত্যঃ) তাদৃশীভিঃ ভৃগুভিঃ আস্তে ॥২৬

এবং ইক্ষ্বাকুবংশে বিশ্বাত্মা ভগবান্ ঈশ্বরঃ হরিঃ কৃতপ্রু কৃতবংশে অবতীর্য্য ভুবঃ পরং উৎকটং ভারং ভারভূতান্ নৃপান্ অহন্ অহন্ ॥২৭

গাধেঃ সকাশাৎ সমিদ্ধঃ প্রদীপ্তঃ পাবকঃ ইব যস্মাত্তথোক্তঃ বিশ্বামিত্রঃ অভূৎ, যঃ বিশ্বামিত্রঃ তপসা ক্ষেত্রকুলেন ক্ষাত্রং ক্ষত্রিয়জাতিম্ ঔশনস্যা তাক্ত্বা ব্রহ্মবর্চসং ব্রহ্মবিদ্যায়া প্রাপ ॥২৮

হে নৃপ! বিশ্বামিত্রস্যাপি একশতং পুত্রাঃ আসন্ বভূবুঃ।

সেই পরশুরাম হিংসা পরিহারপূর্বক প্রশান্তচিত্ত হইয়া এখনও মহেন্দ্র পর্বতে অবস্থান করিতেছেন এবং সিদ্ধ, গন্ধর্ব ও চারণগণ তাঁহার চরিত কীর্তন করেন ॥২৬

এইরূপে ভগবান্ বিশ্বাত্মা শ্রীহরি ইক্ষ্বাকুবংশে অবতীর্ণ হইয়া পৃথিবীর মহাভারস্বরূপ ক্ষত্রিয়গণকে বহুবার সংহার করিয়াছিলেন ॥২৭

মহারাজ গাধি হইতে অনন্ত অগ্নির ন্যায় মহাতেজস্বী বিশ্বামিত্র জন্মগ্রহণ করেন, যে বিশ্বামিত্র তপস্যাদ্বারা ক্ষত্রিয়ত্ব পরিহারপূর্বক ব্রহ্মতেজ অর্থাৎ ব্রাহ্মণত্ব লাভ করিয়াছিলেন ॥২৮

তত্র মধ্যমঃ এব মধুচ্ছন্দাঃ মধুচ্ছন্দসাখ্যঃ আসীৎ; তস্মাত্তে তে সর্বে অপি ভ্রাতরঃ মধুচ্ছন্দসঃ এব উচ্যন্তে ॥২৯

বিশ্বামিত্রঃ ভার্গবং ভৃগুবংশোদ্ভবম্ অজীগর্তং পুত্রং তনঃশেপং দেবরাতম্ অপরনামধেয়ং পুত্রং কৃত্বা মধুচ্ছন্দসা অজীগর্তস্য জ্যেষ্ঠঃ ইতি সুতাভিঃ প্রকল্পতাং জ্যেষ্ঠত্বেনাঙ্গীকিয়তাম্ ॥৩০

যঃ তনঃশেপঃ বৈ প্রসিদ্ধঃ হরিশ্চন্দ্রস্য মখে যিষিতে নিষ্পাদ্যায় (যেন বিধায়) বিক্রীতঃ পুরুষঃ পশুঃ হরিশ্চন্দ্রপুত্রেণ রোহিতেন আনীতঃ যজ্ঞমুখে যঃ বিশ্বামিত্রা পরশ্চ পশুঃ তথা (তথাপিধীয়মানেন) প্রজেশাদীন্ স্তুত্বা পাশবন্ধনাৎ মুমুচে অমুচ্যত ॥৩১

যে মহারাজ! বিশ্বামিত্রের একশত পুত্র ছিলেন, তন্মধ্যে মধ্যম পুত্রের নাম মধুচ্ছন্দা এবং এই হেতু তাঁহাদের সকলকেই মধুচ্ছন্দস্ বলা হয় ॥২৯

বিশ্বামিত্র অজীগর্তের পুত্র ভৃগুবংশীয় 'দেবরাত' এই অপরনামধারী তনঃশেপকে পুত্ররূপে গ্রহণ করিয়া নিজ পুত্রগণকে বলিলেন—তোমরা ইহাকে জ্যেষ্ঠরূপে গণ্য করিবে ॥৩০

অজীগর্ত হরিশ্চন্দ্রের যজ্ঞকালে পুত্র তনঃশেপকে পুরুষপশুরূপে হরিশ্চন্দ্রের নিকট বিক্রয় করিলে তিনি প্রজাপতি প্রভৃতি দেবতাগণের স্তুতি করিয়া পাশবন্ধন হইতে মুক্ত হইয়াছিলেন ॥৩১

যো রাত্তো দেবযজনে দেবৈর্গাধিষু তাপসঃ।
দেবরাত ইতি খ্যাতঃ শুনঃশেফঃ স ভার্গবঃ ॥৩২
যে মধুচ্ছন্দসো জ্যেষ্ঠাঃ কুশলং নেমিরে ন তৎ।
অশপৎ তান্মুনিঃ ক্রুদ্ধো ম্লেচ্ছা ভবত দুর্জনাঃ ॥৩৩
স হোবাচ মধুচ্ছন্দাঃ সার্ধং পঞ্চাশতা ততঃ।
বয়ো ভবান্ সংজানীতে তস্মিংস্তিষ্ঠামহে বয়ম্ ॥৩৪

জ্যেষ্ঠং মন্যুমৃণং চক্রুস্ত্বামনঃ বয়ং স্ম হি।
বিশ্বামিত্রঃ সুতানাহ বীরবন্তো ভবিষ্যথ।
যে মানং মেঽমৃষৃদ্বন্তো বীরবন্তমকর্ত মাম্ ॥৩৫
এষ বঃ কুশিকা বীরো দেবরাতস্তবান্বয়ে।
অন্যে চাষ্টক-হারীত-ক্রতু-ক্রুমুখাদয়ঃ ॥৩৬

যা এবং দেবযজনে যজ্ঞপশুত্বে দেবৈঃ দত্তঃ জীবন্ এব বিসৃতঃ, অতএব গাধিষু গাধিবংশেষু দেবরাতঃ ইতি খ্যাতঃ প্রসিদ্ধঃ তাপসঃ তপোনিষ্ঠঃ সঃ এব ভার্গবঃ শুনঃশেফঃ ॥৩২

যে মধুচ্ছন্দসঃ তেষু জ্যেষ্ঠাঃ পঞ্চাশৎ, তে তৎ পিতা উক্তং (জ্যেষ্ঠ এব প্রজাস্বামিতি) শুনঃশেফং জ্যেষ্ঠত্বং কুশলং তস্মৈ ন নেমিরে নাঙ্গীকৃতবন্তঃ। অতশ্চ ক্রুদ্ধঃ মুনিঃ বিশ্বামিত্রঃ তান্ 'যে ম্লেচ্ছা নাঃ। ম্লেচ্ছা ভবত' ইতি অশপৎ ॥৩৩

পঞ্চাশতা কনিষ্ঠৈঃ সার্ধং সঃ মধুচ্ছন্দাঃ উক্তঃ অনন্তরং পিতরম্ ঈথাচ যথা—ভবান্ পিতা নঃ অস্মান্ পুত্রান্ যং শুনঃশেফস্য জ্যেষ্ঠরাজীকরণং সংজানীতে

হে মহারাজ! অধিরথের সেই পালিত পুত্রের নাম কর্ণ এবং কর্ণের পুত্র বৃষসেন। দ্রুহ্যুর পুত্রের নাম বভ্রু এবং বভ্রুর পুত্র সেতু।১৪

সেতুর পুত্র আরব্ধ, তাঁহার পুত্র গান্ধার, গান্ধারের পুত্র ধৃত, তাঁহার পুত্র দুর্ধর্ষ, দুর্ধর্ষের পুত্র প্রচেতাঃ। প্রচেতার একশত পুত্র উত্তরদিকে অবস্থিত হইয়া ম্লেচ্ছদেশের রাজা হইয়াছিলেন। দুর্বসুর পুত্র বহ্নি, বহ্নির পুত্র ভর্গ এবং ভর্গের পুত্র ভানুমান্।১৫-১৬

পতয়ঃ অভূবন্। অথ দুর্বসোঃ সুতঃ বহ্নিঃ, তস্য ভর্গঃ, তস্য ভানুমান্, তস্য ত্রিভানুঃ, তস্য করন্ধমঃ, তস্য মরুতঃ, সঃ অপুত্রঃ সন্ পৌরবং দুষ্মন্তং পুত্রং ধনং অধারয়ৎ ॥১৪-১৭

সঃ দুষ্মন্তঃ রাজ্যকামুকঃ সন্ পুনঃ স্বং পুরুবংশং ভেজে। হে নরর্ষভ! মহাপুণ্যং নৃণাং সর্বপাপহরং যযাতেঃ জ্যেষ্ঠপুত্রস্য যদোঃ বংশম্ অহং বর্ণয়ামি। নরাকৃতিঃ পরমাত্মা ভগবান্ শ্রীহরিঃ যত্র বংশে অবতীর্ণঃ তস্যাঃ যদোঃ বংশং শ্রুত্বা নরঃ সর্বপাপৈঃ প্রমুচ্যতে। যদোঃ সহস্রজিৎ, ক্রোষ্টুঃ, নলঃ, রিপুঃ ইতি শ্রুতা বিশ্রুতাঃ, চত্বারঃ পুত্রবঃ আসন্। তত্র প্রথমস্য সহস্রজিতঃ

ভানুমানের পুত্র ত্রিভানু, তাঁহার পুত্র উদারমতি করন্ধম, করন্ধমের পুত্র মরুত্ত অপুত্রক হইয়া পুরুবংশীয় দুষ্মন্তকে পুত্ররূপে গ্রহণ করেন, কিন্তু সেই দুষ্মন্ত রাজ্যলোভে পুনরায় পুরুবংশ আশ্রয় করিয়াছিলেন। হে নরবর! সম্প্রতি যযাতির জ্যেষ্ঠপুত্র যদুর বংশ বর্ণনা করিব? মানবগণের সকল পাপনাশক পরম পবিত্র যদুবংশের কথা শ্রবণ করিলে মনুষ্যমাত্রই সর্বপ্রকার পাপ হইতে মুক্ত হয়।১৭-১৯

ভগবান্ পরমাত্মা শ্রীহরি নরাকারে এই যদুবংশে অবতীর্ণ হইয়াছিলেন। যদুর সহস্রজিৎ ক্রোষ্টু, নল ও রিপুনামে চারিজন পুত্র হন। তন্মধ্যে সহস্রজিতের পুত্র শতজিৎ। শতজিতের তিন পুত্র-মহাশয়, বেণুহয় ও হৈহয়।২১-২২

চত্বারঃ সূনবস্তস্য শতজিৎ প্রথমাত্মজঃ।
মহাহয়ো বেণুহয়ো হৈহয়শ্চেতি তৎসুতাঃ ॥২১

ধর্ম্মস্ত হৈহয়সুতো নেত্রঃ কুন্তেঃ পিতা ততঃ।
সোহভিজিত্তৎ মাহিষ্মান্ ভদ্রসেনকঃ ॥২২

দুর্ম্মদো ভদ্রসেনস্য ধনকঃ কৃতবীর্য্যসূঃ।
কৃতাগ্নিঃ কৃতবর্ম্মা চ কৃতৌজা ধনকাত্মজাঃ ॥২৩

অর্জ্জুনঃ কৃতবীর্য্যস্য সপ্তদ্বীপেশ্বরোঽভবৎ।
দত্তাত্রেয়াহরেরংশাৎ প্রাপ্তযোগমহাগুণঃ ॥২৪

আত্মতঃ শতজিৎ　　তস্য মহাহয়ঃ, বেণু　　চ ত্রয়ঃ
সুতাঃ ভাস্তাঃ ॥১৮-২১

তস্য হৈহয় সুতঃ ধর্ম্মঃ, তস্য নেত্রঃ, সঃ চ কুন্তেঃ পিতা। কুন্তেঃ সোহভিজিৎ, তস্য মাহিষ্মান্, তস্য ভদ্রসেনঃ, তস্য দুর্ম্মদঃ, ধনকঃ চ যৌ পুত্রৌ বভূবতুঃ। ধনকস্য কৃতবীর্য্যঃ, কৃতাগ্নি, কৃতবর্ম্মা, কৃতৌজাঃ ইতি চত্বারঃ পুত্রাঃ। কৃতবীর্য্যস্য সহস্রার্জ্জুনঃ সপ্তদ্বীপেশ্বরঃ তথা হয়ৈঃ অশ্বানাং বজ্রাত্রেয়াৎ প্রাপ্তযোগমহাগুণঃ অভবৎ ॥২২-২৪

ন নূনং কার্ত্তবীর্য্যস্য গতিং যাস্যন্তি পার্থিবাঃ।
যজ্ঞদানতপোযোগশ্রুতবীর্য্যদয়াদিভিঃ ॥২৫

পঞ্চাশীতিসহস্রাণি হ্যব্যাহতবলঃ সমাঃ।
অনষ্টবিত্তস্মরণো বুভুজেঽক্ষ্যস্খলদ্বসু ॥২৬

তস্য পুত্রসহস্রেষু পঞ্চৈবোর্ব্বরিতা মৃধে।
জয়ধ্বজঃ শূরসেনো বৃষভো মধুরূর্জ্জিতঃ ॥২৭

জয়ধ্বজাৎ তালজঙ্ঘস্তস্য পুত্রশতং ত্বভূৎ।
ক্ষত্রং যৎ তালজঙ্ঘাখ্যমৌর্ব্বতেজোপসংহৃতম্ ॥২৮

পার্থিবাঃ ন যাস্যন্তি ন প্রাপ্স্যন্তি। অব্যাহতবলঃ (ন ব্যাহতঃ বলং শরীরেন্দ্রিয়াদি-সামর্থ্যং যস্য সঃ) তথা অনষ্টবিত্তস্মরণঃ (ন নষ্টবিত্তস্য স্মরণং যস্য) সঃ কার্ত্তবীর্য্যার্জ্জুনঃ পঞ্চাশীতি সহস্রাণি সমাঃ বৎসরাণি অক্ষয্য বসুবসু অক্ষয্যা বসিষ্ঠিয়বিষয়ং বুভুজে। তস্য অর্জ্জুনস্য পুত্রাণাং সহস্রেষু মধ্যে জয়ধ্বজাদি পঞ্চ এব মৃধে পরশুরামেণ সহ যুদ্ধে ঊর্ব্বরিতাঃ অবশিষ্টাঃ অন্যে মৃতাঃ ॥২৫-২৭

জয়ধ্বজাৎ তালজঙ্ঘঃ, তস্য পুত্রশতং জজ্ঞে। তৎ ঔর্ব্বতেজসা সগরেণ উপসংহৃতম্ ॥২৮

হৈহয়ের পুত্র ধর্ম্ম, তাঁহার পুত্র নেত্র, তাঁহার পুত্র কুন্তি, কুন্তির পুত্র সোহভি, তাঁহার পুত্র মহিষ্মান্, এবং মহিষ্মানের পুত্র ভদ্রসেন ।২২

ভদ্রসেনের দুই পুত্র—দুর্ম্মদ ও ধনক। ধনক কৃতবীর্য্যের জনক। এতদ্ব্যতীত কৃতাগ্নি, কৃতবর্ম্মা ও কৃতৌজা এই তিন জনও ধনকেরই পুত্র ।২৩

কৃতবীর্য্যের পুত্র অর্জ্জুন, তিনি সপ্তদ্বীপের অধিপতি হইয়াছিলেন এবং শ্রীহরির অংশজাত দত্তাত্রেয় হইতে যোগসম্পদ্ লাভ করিয়াছিলেন ।২৪

পৃথিবীতে অন্য কোন রাজাই যজ্ঞ, দান, তপস্যা, যোগ, শাস্ত্রজ্ঞান, বীরত্ব ও দয়াদি দ্বারা কার্ত্তবীর্য্যার্জ্জুনের গতি (স্থান) লাভ করিতে সমর্থ হইবেন না ।২৫

কার্ত্তবীর্য্যার্জ্জুনের নাম স্মরণ করিলে তাহারও বিত্ত নষ্ট হয় না। অব্যাহত পরাক্রমে মহারাজ কার্ত্তবীর্য্যার্জ্জুন পঁচাশি হাজার বৎসর ছয় ইন্দ্রিয়ের ভোগ্য অক্ষয় বিষয় ভোগ করিয়াছিলেন ।২৬

পরশুরামের সহিত যুদ্ধকালে কার্ত্তবীর্য্যার্জ্জুনের সহস্র পুত্রের মধ্যে পাঁচটি মাত্র পুত্রই অবশিষ্ট ছিলেন, তাঁহাদের নাম—জয়ধ্বজ, শূরসেন, বৃষভ, মধু এবং ঊর্জ্জিত ।২৭

জয়ধ্বজের পুত্র তালজঙ্ঘ। তালজঙ্ঘের একশত পুত্র হইয়াছিল, তাঁহারা তালজঙ্ঘ ক্ষত্রিয় নামে প্রসিদ্ধ ছিলেন। সগর রাজা ইহাদের সংহার করেন ।২৮

তেষাংজ্যেষ্ঠো বীতিহোত্রো বৃষ্কিঃ পুত্রো মধোঃ স্মৃতঃ।
তস্য পুত্রশতং ত্বাসীদ্ বৃষ্কিজ্যেষ্ঠং যতঃ কুলম্ ॥২৯
মাধবা বৃষ্ণয়ো রাজন্ যাদবাশ্চেতি সংজ্ঞিতাঃ।
যদুপুত্রস্য চ ক্রোষ্টোঃ পুত্রো বৃজিনবাংস্ততঃ ॥৩০
স্বাহিতস্তো রুশেকুর্বৈ তস্য চিত্ররথস্ততঃ।
শশবিন্দুর্মহাযোগী মহাভোজো মহানভূৎ ॥৩১
চতুর্দশমহারত্নশ্চক্রবর্ত্যপরাজিতঃ।
তস্য পত্নীসহস্রাণাং দশানাং সুমহাযশাঃ ॥৩২

হ্যশীতিসহস্রাণি পুত্রাণাং তাস্বজীজনৎ।
তেষাং তু ষট্প্রধানানাং পৃথুশ্রবস আত্মজঃ ॥৩৩
ধর্ম্মো নামোশনা তস্য হয়মেধশতস্য যাট্।
তৎসুতো রুচকস্তস্য পঞ্চাসন্নাত্মজাঃ শৃণু ॥৩৪
পুরুজিদ্রুক্মরুক্মেষু পৃথুজ্যামঘসংজ্ঞিতাঃ।
জ্যামঘস্ত প্রজোঽপ্যস্যাং ভার্য্যায়ৈ শৈব্যায়ে পতির্ভয়াৎ ॥৩৫
নাবিন্দদ্দুঃকৃতস্তবনাদ্ ভোজ্যাং কন্যামহারযীৎ।
রথস্থাং তাং নিরীক্ষ্যাহ শৈব্যা পতিমমর্ষিতা ॥৩৬

জেষু বীতিহোত্রঃ জ্যেষ্ঠঃ। তস্য পুত্রঃ মধুঃ, তস্য বৃষ্কিঃ সুতঃ। অথ মধোঃ বৃষ্কিজ্যেষ্ঠং পুত্রশতম্ আসীৎ, যতঃ মধোঃ কুলে মধোঃ চ হেতোঃ ইদং কুলং প্রসূতম্ ॥২৯

হে রাজন্! মধোঃ প্রসূতাঃ মাধবাঃ, বৃষ্কিতঃ বৃষ্ণয়ঃ, যদুপ্রসূতাঃ যাদবশ্চ ইতি সঞ্জিতাঃ কথিতাঃ। যদুপুত্রস্য ক্রোষ্টোঃ পুত্রঃ বৃজিনবান্ অভূৎ ॥৩০

ততঃ স্বাহিতঃ, ততঃ রুশেকুঃ, তত চিত্ররথঃ, তত মহাযোগী মহাভোজী, চতুর্দশ মহারত্নঃ (চতুর্দশ মহারত্নানি তদ্জাতিশ্রেষ্ঠানি যত সঃ) অপরাজিতঃ চক্রবর্ত্তী সার্ব্বভৌমঃ মহান্ শশবিন্দুঃ অভূৎ। তস্য শশবিন্দোঃ সবস্মিন্ দশসু সহস্রেষু মুখ্যাঃ দশলক্ষ্যঃ, প্রত্যেকং লক্ষং লক্ষম্ ইত্যেবং পুত্রাণাং দশ লক্ষ সহস্রাণি অজায়ন্ত। পৃথুশ্রবাঃ, পৃথুকীর্ত্তিঃ, পৃথুযশাঃ ইত্যাদ্যাঃ ষট্ প্রধানাঃ শ্রেষ্ঠাঃ যেষাং তেষাং মধ্যে পৃথুশ্রবসঃ আত্মজঃ ধর্ম্মঃ নাম, তস্য সুতঃ উশনাঃ, সঃ চ হয়-মেধশতস্য ষাট্ যষ্টা, তস্য সুতঃ রুচকঃ, তস্য পঞ্চ আত্মজাঃ আসন্ জাতাঃ, তান্ শৃণু, যথা—পুরুজিৎ, রুক্মঃ, রুক্মরথঃ, পৃথুঃ, জ্যামঘঃ চ। তত্র শৈব্যাপতিঃ জ্যামঘঃ তু অপ্রজঃ অপুত্রঃ অপি ভার্য্যাভয়াৎ অন্যাং ভার্য্যাং ন অবিন্দৎ ন লেভে ন বীভৎসাম্। কদাচিৎ শত্রূন্ বিজিত্য-ত্বেষাং ভবনাৎ কাচিৎ ভোজ্যাং কন্যাম্ অহারষীৎ আনিতে। রথস্থাং তাং কন্যাং

মহাকীর্ত্তি শশবিন্দু দশ সহস্র ভার্য্যার গর্ভে দশ লক্ষ সহস্র পুত্র উৎপাদন করিয়াছিলেন ।৩২

ঐ সকল পুত্রের মধ্যে ছয়জন প্রধান ছিলেন। তন্মধ্যে পৃথুশ্রবার পুত্র ধর্ম্ম। ধর্ম্মের পুত্র উশনা একশত অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন ।৩৩

হে মহারাজ! উশনার পুত্র রুচক, তাঁহার পাঁচ পুত্র ছিলেন,—পুরুজিৎ, রুক্ম, রুক্মেষু, পৃথু ও জ্যামঘ ।৩৪

শৈব্যার পতি জ্যামঘ নিঃসন্তান হইয়াও শৈব্যার ভয়ে অপর ভার্যা গ্রহণ করেন নাই। এক সময়ে তিনি শত্রুগৃহ হইতে ভোজ্যা নাম্নী এক কন্যাকে হরণ করিয়া আনিলে শৈব্যা সেই কন্যাকে রথের উপর দেখিয়াই ক্রোধে অসহিষ্ণু হইয়া স্বামীকে এরূপ বলিয়াছিলেন ।৩৫

কেয়ং কুহক মৎস্থানং রথমারোপিতেতি বৈ।
স্নুষা তবেত্যভিহিতে স্মরন্তী পতিমব্রবীৎ ॥৩৭

অহং বন্ধ্যাসপত্নী চ স্নুষা মে মূঢ়্যতে কথম্।
জনয়িষ্যসি যং রাজ্ঞি তস্তেয়মুপমুঢ়্যতে ॥৩৮

অন্বমোদন্ত তদ্বিশ্বেদেবাঃ পিতর এব চ।
শৈব্যা গর্ভমধাৎ কালে কুমারং সুষুবে শুভম্।
স বিদর্ভ ইতি প্রোক্ত উপযেমে স্নুষাং সতীম্ ॥৩৯
ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

বিবৃতিঃ অথাহতা অনহযাত্রা শৈব্যা পতিম্ আহ ॥৩১-৩৯

—যথা হে কুহক। বঞ্চক। মৎস্থানং মদুপবেশনযোগ্যং স্থানং রথম্ আরোপিতা ইয়ং কা? ইতি প্রশ্নে তত্তরং তব স্নুষা ইতি অভিহিতে ঈদৃক পতি স্মরন্তী স্মরণী সতী শৈব্যা পতিং প্রতি অব্রবীৎ, যথা অহং বন্ধ্যা অপত্নী চ অতঃ যে মম স্নুষা কথং মূঢ়্যতে উপনয়তে। ততঃ তীব্রঃ মন্ জ্যায়সঃ তান্ আহ যে রাজ্ঞি! যং পুত্রং ত্বং অধরিষ্যসি তস্য ভার্যা ইয়ম্ উপমূঢ়্যতে উপনূঢ়্যতে ভবিষ্যতি ॥৩৭-৩৮

ইতি ভাগবতায়াং একাদশস্কন্ধানুবাদে বিদর্ভোপাখ্যানে রাজ্ঞঃ শ্রাদ্ধসংকটমালোক্য অন্বমন্ত্রিতাঃ তেন পূর্বং বহুকালব্যাপিতাঃ দেবাঃ পিতরঃ এব চ তৎ জ্যায়সবচনম্ অন্বমোদন্ত তথা অস্ত ইতি উক্তবন্তঃ। (তত্তদ্ দেবাদি—প্রসাদেন বিগত-বন্ধ্যাপি) শৈব্যা গর্ভম্ অধাৎ। তথা কালে প্রসবকালে প্রাপ্তে তৎ কুমারং শুভম্। সঃ বিদর্ভঃ ইতি প্রোক্তঃ, তাং স্নুষাং সতীম্ উপযেমে ॥৩৯

ইতি নবমে স্কন্ধে শ্রীমদ্ভাগবতাখ্যায়াং পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ত্রয়োবিংশোঽধ্যায়ঃ

যে প্রবঞ্চক! কে এই কন্যা—যাহাকে রথে করিয়া আমার নিকট লইয়া আসিয়াছ? রাজা বলিলেন—এ কন্যা তোমার পুত্রবধূ। তখন শৈব্যা বিস্ময়ের সহিত পতিকে বলিলেন—আমি বন্ধ্যা, আমার কোন সপত্নী ও নাই, এ অবস্থায় এই কন্যা কিরূপে আমার পুত্রবধূ হইতে পারে! তখন জ্যায়স বলিলেন—হে রাজ্ঞি! তুমি যে পুত্র প্রসব করিবে, এই কন্যা তাহারই স্ত্রী হইবে ॥৩৬-৩৭

বিশ্বেদেবগণ ও পিতৃগণ জ্যায়সের বাক্যের অনুমোদন করিলেন। অনন্তর শৈব্যা গর্ভবতী হইয়া যথাকালে এক সুলক্ষণ পুত্র প্রসব করেন। ঐ পুত্র বিদর্ভনামে খ্যাত হন এবং তিনি ঐ কন্যাকে বিবাহ করিয়াছিলেন ॥৩৮

শ্রীবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণে নবমস্কন্ধে
পণ্ডিতপ্রবর শ্রীশচীন্দ্রচন্দ্র ঘটকচূড়ামণি-কৃত বঙ্গভাষানুবাদসহিত
ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত।

চতুর্বিংশঃ অধ্যায়ঃ

[যদুবংশকথনম্, তত্র শ্রীকৃষ্ণাবতারসূচনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

তস্যাং বিদর্ভোঽজনয়ৎ পুত্রৌ ঘাষ্ণা কুশক্রথৌ।
তৃতীয়ং রোমপাদং চ বিদর্ভকুলনন্দনম্ ॥১

রোমপাদসুতো বভ্রুস্তৎসুতঃ কৃতিরজায়ত।
উশিকস্তনয়স্তস্মাচ্চেদিশ্চৈদ্যাদয়ো নৃপাঃ ॥২

ক্রথস্য কুন্তিঃ পুত্রোঽভূদ্ ধৃষ্টিস্তস্যাথ নির্বৃতিঃ।
ততো দশার্হো ব্যোমাসীৎ তস্য জীমূত আত্মবান্ ॥৩

জীমূতো বিকৃতিস্তস্য যস্য ভীমরথঃ সুতঃ।
ততো নবরথঃ পুত্রো জাতো দশরথস্ততঃ ॥৪

করম্ভিঃ শকুনেঃ পুত্রো দেবরাতস্তদাত্মজঃ।
দেবক্ষত্রস্ততস্তস্য মধুঃ কুরুবশাল্লঘুঃ ॥৫

পুরুহোত্রস্তনোঃ পুত্রস্তস্যাংশুঃ সাত্বতস্ততঃ।
ভজমানো ভজিদিব্যো বৃষ্ণিদেবাবৃধোঽন্ধকঃ ॥৬

সাত্বতস্য সুতাঃ সপ্ত মহাভোজশ্চ মারিষ।
ভজমানস্য নিম্রোচিঃ কিঙ্কিণো ধৃষ্টিরেব চ ॥৭

একস্যামাত্মজাঃ পত্ন্যামন্যস্যাং চ ত্রয়ঃ সুতাঃ।
শতাজিচ্চ সহস্রাজিদযুতাজিদিতি প্রভো ॥৮

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। বিদর্ভঃ তস্যাং ভার্য্যায়াং ঘৃষ্ণ্যাং, ক্রথং কুন্তীং বিদর্ভকুলনন্দনং রোমপাদং চ ত্রীন্ পুত্রান্ অজনয়ৎ। রোমপাদস্য সুতঃ বভ্রুঃ, তস্য সুতঃ কৃতিঃ, অজায়ত। হে উশিকঃ, তস্য চেদিঃ, তস্মাৎ চৈদ্যাদয়ঃ নৃপাঃ ॥১-২

অথ ক্রথস্য কুন্তিঃ, তস্য বৃষ্টিঃ, অথ তস্য নির্বৃতিঃ, তস্য দশার্হঃ, তস্য ব্যোমঃ, তস্য জীমূতঃ। তস্য বিকৃতিঃ, তস্য ভীমরথঃ

সুতঃ জাতঃ, তস্য নবরথঃ, তস্য দশরথঃ, তস্য শকুনিঃ, তস্য করম্ভিঃ, তস্য দেবরাতঃ, তস্য দেবক্ষত্রঃ, তস্য মধুঃ, তস্য কুরুবশঃ, তস্য পুরুহোত্রঃ, তস্য আশুঃ, তস্য সাত্বতঃ। তস্য ভজমানঃ, ভজিঃ, বিদ্যঃ, বৃষ্ণিঃ, দেবাবৃধঃ, অন্ধকঃ, মহাভোজঃ ইতি সপ্তপুত্রাঃ আসন্। হে মারিষ আর্য্য। ভজমানস্য একস্যাং ভার্য্যায়াং নিম্রোচিঃ, কিঙ্কিণঃ, ধৃষ্টিঃ ইতি ত্রয়ঃ পুত্রাঃ তথা অন্যস্যাং শতাজিৎ, সহস্রাজিৎ তথা অযুতাজিৎ ইতি ত্রয়ঃ পুত্রাঃ আসন্ ॥৩-৮

চতুর্বিংশ অধ্যায়।

[যদুবংশ কথন ও সেই বংশে শ্রীকৃষ্ণাবতার সূচনা]

শ্রীশুকদেব বলিলেন—হে মহারাজ! বিদর্ভ সেই পত্নীর গর্ভে ক্রথ, কুশ এবং বিদর্ভকুলনন্দন রোমপাদের জন্মদান করেন।১

রোমপাদ হইতে বভ্রু, তাঁহা হইতে কৃতি, তাঁহা হইতে উশিক এবং উশিক হইতে চেদি ও চৈদ্যাদি প্রভৃতি নরপতিগণের জন্ম হইয়াছিল।২

ক্রথের পুত্র কুন্তি, তাঁহার পুত্র বৃষ্টি, তাঁহার পুত্র নির্বৃতি, তাঁহার পুত্র দশার্হ, তাঁহার পুত্র ব্যোম, তাঁহার পুত্র জীমূত, তাঁহার পুত্র বিকৃতি, তাঁহার পুত্র ভীমরথ, তাঁহার পুত্র নবরথ এবং নবরথের পুত্র দশরথ।৩-৪

দশরথের পুত্র শকুনি, তাঁহার পুত্র করম্ভি, তাঁহার পুত্র দেবরাত, তাঁহার পুত্র দেবক্ষত্র, তাঁহার পুত্র মধু ও কুরুবংশ এবং কুরুবংশের পুত্র অনু।৫

অনুর পুত্র পুরুহোত্র, তাঁহার পুত্র আয়ু, তাঁহার পুত্র সাত্বত। সাত্বতের সাত পুত্র—ভজমান, ভজি, বিদ্য, বৃষ্ণি, দেবাবৃধ, অন্ধক ও মহাভোজ। হে আর্য! মহারাজ! ভজমানের এক ভার্যার গর্ভে নিম্রোচি, কিঙ্কিণ ও ধৃষ্টি এই তিনপুত্র এবং অপর ভার্যার গর্ভে শতাজিৎ, সহস্রাজিৎ ও অযুতাজিৎ এই তিন পুত্র জন্মগ্রহণ করেন।৬-৮

বভ্রুর্দেবাবৃধস্তস্যাং শ্লোকৌ পঠন্ত্যমূ।
যথৈব শৃণ্মো দূরাৎ সম্পশ্যামস্তথান্তিকাৎ ॥৯

বভ্রুঃ শ্রেষ্ঠো মনুষ্যাণাং দেবৈর্দেবাবৃধঃ সখঃ।
পুরুষাঃ পঞ্চষষ্টিশ্চ ষট্ সহস্রাণি চাষ্ট চ ॥১০

যেঽমৃতত্বমনুপ্রাপ্তা বভ্রোর্দেবাবৃধাদপি।
মহাভোজোঽপি ধর্মাত্মা ভোজা আসংস্তদন্বয়ে ॥১১

বৃষ্ণেঃ সুমিত্রঃ পুত্রোঽভূদ্ যুধাজিচ্চ পরন্তপ।
শিনিস্তস্যানমিত্রশ্চ নিঘ্নোঽনমিত্রসুতঃ ॥১২

সত্রাজিতঃ প্রসেনশ্চ নিঘ্নস্যাপ্যনঘঃ সুতৌ।
অনমিত্রসুতো যোঽন্যঃ শিনিস্তস্যাথ সত্যকঃ ॥১৩

যুযুধানঃ সাত্যকির্বৈ জয়স্তস্য কুণিস্ততঃ।
যুগন্ধরোঽনমিত্রস্য বৃষ্ণিঃ পুত্রোঽপরস্তথঃ ॥১৪

শ্বফল্কশ্চিত্ররথশ্চ গান্দিন্যাং চ শ্বফল্কতঃ।
অক্রূরপ্রমুখা আসন্ পুত্রা দ্বাদশ বিশ্রুতাঃ ॥১৫

আসঙ্গঃ সারমেয়শ্চ মৃদুরো মৃদুবিদ্ গিরিঃ।
ধর্মবৃদ্ধঃ সুকর্মা চ ক্ষেত্রোপেক্ষোঽরিমর্দনঃ ॥১৬

অথ দেবাবৃধাৎ বভ্রুঃ শ্রেষ্ঠো দেবাবৃধঃ বভ্রোঃ বাহ্লীকাদয়শ্চকৌ অমূ শ্লোকৌ কৃত্বা পঠন্তি। যথা বাদৃশত্ব-বিশিষ্টৌ দেবাবৃধ-বভ্রূ দূরাৎ তদ্বয়ঃ শ্রুতবন্তঃ তথৈব তাদৃশৌ এব অন্তিকাৎ অপি সম্পশ্যামঃ ॥৯

মনুষ্যাণাং মধ্যে বভ্রুঃ শ্রেষ্ঠঃ, দেবাবৃধঃ তু দেবৈঃ সমঃ তুল্যঃ বভ্রোঃ দেবাবৃধাৎ অপি অনুপকারে যে তদন্যত্বাঃ পঞ্চষষ্ট্যধিক-চতুর্দশ-সহস্র-সংখ্যাকাঃ তে সর্বে তদ্বয়ঃ ভোজাবাদেব অনুরূপ মুক্তিং প্রাপ্তাঃ। মহাভোজঃ তু অতিশয়েন ধার্মিকঃ, তস্য অন্বয়ে বংশে ভোজাখ্যাঃ নৃপাঃ আসন্ ॥১০-১১

যে পরন্তপ! বৃষ্ণেঃ তু পুত্রঃ সুমিত্রঃ, যুধাজিৎ চ অভূৎ।

দেবাবৃধের পুত্র বভ্রু। কবিগণ এই দেবাবৃধ ও বভ্রুর প্রশস্তিরূপে এরূপ দুইটি শ্লোক পাঠ করেন আমরা দূর হইতে দেবাবৃধ ও বভ্রুর সম্বন্ধে যেরূপ শুনিতে পাই, নিকটে আসিয়াই সেরূপই দেখিতে পাই। বভ্রু মনুষ্যগণের মধ্যে শ্রেষ্ঠ, আর দেবাবৃধ দেবতাগণের সমান। তাঁহাদের বংশজাত পঞ্চষষ্টি, ষষ্ট সংখ্যক পুরুষ বভ্রু ও দেবাবৃধের উপদেশে মোক্ষ-লাভ করিয়াছিলেন। মহাভোজ অতিশয় ধার্মিক ছিলেন। তাঁহার বংশে ভোজগণের উৎপত্তি হয় ॥৯-১১

হে পরন্তপ! বৃষ্ণির দুই পুত্র—সুমিত্র ও যুধাজিৎ। যুধাজিতের পুত্র শিনি ও অনমিত্র। অনমিত্র হইতে নিঘ্নের জন্ম হয় ॥১২

নিঘ্নের পুত্র সত্রাজিৎ ও প্রসেন। অনমিত্রের

যুধাজিৎঃ শিনিঃ, অনমিত্রঃ চ ইতি যৌ পুত্রৌ আস্তাম্। অনমিত্রাৎ বিদুঃ অক্রূর। নিঘ্নস্য তু সত্রাজিৎ-প্রসেনৌ চ ইতি যৌ পুত্রৌ আস্তাম্। তথা অন্যস্মাৎ অপি ভার্যায়াম্ অনমিত্রস্য যঃ অন্যঃ সুতঃ শিনিঃ তস্য সত্যকঃ পুত্রঃ আসীৎ ॥১২-১৩

তস্য যুযুধানঃ, তস্য জয়ঃ, তস্য কুণিঃ, তস্য যুগন্ধরঃ, অনমিত্রস্য অপরঃ পুত্রঃ বৃষ্ণিঃ। তস্য বভ্রুঃ চিত্ররথঃ চ ইতি যৌ পুত্রৌ আস্তাম্। বভ্রুণঃ গান্দিন্যাং ভার্যায়াম্ অক্রূরপ্রমুখাঃ যথা অক্রূরঃ, আসঙ্গঃ, সারমেয়ঃ, মৃদুরঃ, মৃদুবিৎ, গিরিঃ, ধর্মবৃদ্ধঃ, সুকর্মা, ক্ষত্রোপেক্ষঃ, অরিমর্দনঃ, শত্রুঘ্নঃ, গন্ধমাদঃ, প্রতিখ্যাতঃ

অপর এক পুত্র শিনি হইতে সত্যকের জন্ম হইয়াছিল ॥১৩

সত্যকের পুত্র যুযুধান, তাঁহার পুত্র জয়, তাঁহার পুত্র কুণি এবং কুণির পুত্র যুগন্ধর। অনমিত্রের অপর পুত্র বৃষ্ণি, তাঁহা হইতে বভ্রু ও চিত্ররথ নামক দুই পুত্রের জন্ম হয়। বভ্রুর হইতে গান্দিনীর গর্ভে অক্রূর প্রভৃতি দ্বাদশ জন বিখ্যাত পুত্র জন্মগ্রহণ করেন ॥১৪-১৫

তাঁহাদের নাম—অক্রূর, আসঙ্গ, সারমেয়, মৃদুর, মৃদুবিৎ, গিরি, ধর্মবৃদ্ধ, সুকর্মা, ক্ষত্রোপেক্ষ, অরিমর্দন, শত্রুঘ্ন ও গন্ধমাদ। তাঁহাদের সুতীরা (সুচারা) নামে এক ভগ্নী ছিলেন। অক্রূরের দুই পুত্র—দেববান্ ও উপদেব। চিত্ররথের পুত্র পৃথু, এতদ্ব্যতীত চিত্ররথ হইতে বিদূরথ প্রভৃতি আরও অনেক পুত্র জন্ম

শত্রুঘ্নো গদধানশ্চ প্রতিবাহুশ্চ দ্বাদশ।
তেষাং স্বসা সুচীবাখ্যা দ্বারকুরস্তাবপি ॥১৭
দেববানুপদেবশ্চ তথা চিত্রবথাত্মজাঃ।
পৃথুবিদূরথাদ্যাশ্চ বহবো বৃষ্ণিনন্দনাঃ ॥১৮
কুকুরো ভজমানশ্চ শুচিঃ কম্বলবর্হিষঃ।
কুকুরস্য সুতো বহ্নির্বিলোমা তনয়স্ততঃ ॥১৯
কপোতরোমা তস্যানুঃ সখা যস্য চ তুম্বুরুঃ।
অন্ধকো দুন্দুভিস্তস্মাদবিদ্যোতঃ পুনর্বসুঃ ॥২০
তস্যাহুকশ্চাহুকী চ কন্যা চৈবাহুকাত্মজৌ।
দেবকশ্চোগ্রসেনশ্চ চত্বারো দেবকাত্মজাঃ ॥২১

দেববানুপদেবশ্চ সুদেবো দেববর্ধনঃ।
তেষাং স্বসারঃ সপ্তাসন্ ধৃতদেবাদয়ো নৃপ ॥২২
শান্তিদেবোপদেবা চ শ্রীদেবা দেবরক্ষিতা।
সহদেবা দেবকী চ বসুদেব উবাহ তাঃ ॥২৩
কংসঃ সুনামা ন্যগ্রোধঃ কঙ্কঃ শঙ্কুঃ সুহূস্তথা।
রাষ্ট্রপালোঽথ সৃষ্টিশ্চ তুষ্টিমানৌগ্রসেনয়ঃ ॥২৪
কংসা কংসবতী কন্যা সূরভূ রাষ্ট্রপালিকা।
উগ্রসেনদুহিতরো বসুদেবানুজস্ত্রিয়ঃ ॥২৫
শূরো বিদূরথাদাসীদ্ ভজমানঃ সুতস্ততঃ।
শিনিস্তস্মাৎ স্বয়ম্ভোজো হৃদীকস্তৎসুতো মতঃ ॥২৬

ইতি বিপ্রভাঃ ব্রহ্মবাদ পুত্রাঃ আদন্; সুচীবাখ্যা স্বসা তেষাম্ আসীৎ। অন্ধকস্য অপি যৌ পুত্রৌ দেববান্ উপদেবশ্চ ইতি ॥১৬-১৭

বক্তব্যঃ— চিত্রবথস্য পৃথুঃ একঃ তথা বিদূরথাদ্যাঃ বহবঃ পুত্রাঃ জাতাঃ। শাক্ত-পুত্রাৎ অন্ধকাৎ কুকুরঃ, ভজমানঃ, শুচিঃ, কম্বলবর্হিঃ ইতি চত্বারঃ পুত্রাঃ জাতাঃ। তেষু কুকুরস্য বহ্নিঃ, তস্য তনয়ঃ বিলোমা; তস্য কপোতরোমা, তস্য অনুঃ, তস্য অপরঃ কুকুরঃ সখা অভূৎ। অন্যঃ অন্ধকঃ, তস্য দুন্দুভিঃ, তস্য অবিদ্যোতঃ, তস্য পুনর্বসুঃ, তস্য আহুকঃ পুত্রঃ, আহুকী কন্যা চ, আহুকস্য দেবকঃ উগ্রসেনঃ ইতি যৌ পুত্রৌ।

দেবকাত্মজাঃ চত্বারঃ যথা দেববান্, উপদেবঃ, সুদেবঃ, দেববর্ধনঃ, ইতি। তেষাং স্বসারঃ ভাগিন্যঃ সপ্ত আসন্। তাঃ যথা ধৃতদেবা, শান্তিদেবা, উপদেবা, শ্রীদেবা, দেবরক্ষিতা, সহদেবা, দেবকী চ ইতি। তাঃ বসুদেবঃ উবাহ উপযেমে ॥১৮-২১

উগ্রসেনস্য কংসঃ, সুনামা, ন্যগ্রোধঃ, কঙ্কঃ, শঙ্কুঃ সুহূঃ, রাষ্ট্রপালঃ, সৃষ্টিঃ তুষ্টিমান্ ইতি নব পুত্রাঃ, তথা কংসা, কংসবতী, কন্যা, সূরভূঃ, রাষ্ট্রপালিকা ইতি পঞ্চ দুহিতরঃ জাতাঃ। এতাঃ বসুদেবস্য অনুজাঃ দেবভাগীনাম্না ভগ্নয়ঃ আসন্ ॥২২-২৫

অথ পঞ্চমসূত্রস্য ভজমানস্য বংশঃ বিদূরথঃ, তস্য পুত্রঃ, তস্য

গ্রহণ করেন। ইহারা সকলেই বৃষ্ণিবংশের সন্তান ।১৬-১৮

কুকুর, ভজমান, শুচি ও কম্বলবর্হিষ এই চারি জন অন্ধকের পুত্র। কুকুরের পুত্র বহ্নি, তাঁহার পুত্র বিলোমা ।১৯

বিলোমার পুত্র কপোতরোমা, তাঁহার পুত্র অনু। তুম্বুরু নামক গন্ধর্ব অনুর সখা ছিলেন। অন্ধকের পুত্র দুন্দুভি, তাঁহার পুত্র অবিদ্যোত এবং অবিদ্যোতের পুত্র পুনর্বসু ।২০

পুনর্বসুর আহুক নামক এক পুত্র এবং আহুকী নাম্নী এক কন্যা ছিলেন। আহুকের পুত্র দেবক ও উগ্রসেন। দেবকের চার পুত্র ।২১

হে মহারাজ! দেবকের ঐ চারি পুত্রের নাম—দেববান্, উপদেব, সুদেব ও দেববর্ধন। তাঁহাদের ধৃতদেবা প্রভৃতি সাতজনী ভগিনী ছিলেন ।২২

তাঁহাদের নাম—ধৃতদেব, শান্তদেবা, উপদেবা, শ্রীদেবা, দেবরক্ষিতা, সুরদেবা ও দেবকী। বসুদেব এই সাত ভগিনীকে বিবাহ করিয়াছিলেন ।২৩

কংস, সুনামা, ন্যগ্রোধ, কঙ্ক, শঙ্কু, সুহূ, রাষ্ট্রপাল, সৃষ্টি ও তুষ্টি এই নয়জন উগ্রসেনের পুত্র ।২৪

কংসা, কংসবতী, কন্যা, সূরভূ, রাষ্ট্রপালিকা—এই পাঁচটি উগ্রসেনের কন্যা। ইহারা বসুদেবের কনিষ্ঠ ভ্রাতৃগণের ভার্যা ছিলেন ।২৫

ভজমানের পুত্র বিদূরথ, বিদূরথের পুত্র শূর,

দেববাহুঃ সত্ত্ববন্তুঃ কৃতধর্মেতি তৎসুতাঃ।
দেবমীঢ়স্য শূরস্য মারিষা নাম পত্ন্যভূৎ ॥২৭
তস্যাং স জনয়ামাস দশ পুত্রানকল্মষান্।
বসুদেবং দেবভাগং দেবশ্রবসমানকম্ ॥২৮
সৃঞ্জয়ং শ্যামকং কঙ্কং শমীকং বৎসকং বৃকম্।
দেবদুন্দুভয়ো নেদুরানকা যস্য জন্মনি ॥২৯
বসুদেবং হরেঃ স্থানং বদন্ত্যানকদুন্দুভিম্।
পৃথা চ শ্রুতদেবা চ শ্রুতকীর্তিঃ শ্রুতশ্রবাঃ ॥৩০

রাজাধিদেবী চৈতেষাং ভগিনঃ পঞ্চ কন্যকাঃ।
কুন্তেঃ সখ্যুঃ পিতা শূরো যমপুত্রস্য পৃথামদাৎ ॥৩১
সাঽঽপ দুর্বাসসো বিদ্যাং দেবহূতীঃ প্রতোষিতাৎ।
তস্যা বীর্যপরীক্ষার্থমাজুহাব রবিং শুচিঃ ॥৩২
তমৈরোপাগতং দেবং বীক্ষ্য বিস্মিতমানসা।
প্রত্যয়ার্থং প্রযুক্তা মে যাহি দেব ক্ষমস্ব মে ॥৩৩

তজমানঃ, তস্য সিনিঃ, তস্য পুত্রাঃ তৎসুতাঃ ভজমানাদয়ঃ। দেবাবৃধঃ পক্ষবন্তঃ, কৃতধর্মা দেবমীঢ়ঃ ইতি ত্রয়ঃ পুত্রা ভাতরঃ। দেবমীঢ়স্য পুত্রঃ শূরঃ, স মারিষায়াং ভার্যায়াং দশ পুত্রান জনয়ামাস। তে যথা, বসুদেবং, দেবভাগং, দেবশ্রবসং, আনকং, সৃঞ্জয়ং, শ্যামকং, কঙ্কং, শমীকং, বৎসকং, বৃকং ইতি; তথা বসুদেবস্য তত্রৈব দেবদুন্দুভয়ঃ আনকাঃ ৬ বেদঃ ॥৩৬-২৯

হরেঃ অবতারস্য শ্রীকৃষ্ণস্য অবতারযোগ্যং স্থানং বসুদেবং আনক-দুন্দুভিং বদন্তি। শূরস্য পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্তিঃ, শ্রুতশ্রবাঃ তথা রাজাধিদেবী চ পঞ্চকন্যকাঃ এতেষাং ভগিনঃ। শূরঃ অপুত্রস্য সখ্যুঃ কুন্তেঃ কুন্তয়ে পৃথাং স্বকাং অযাচং

শূরের পুত্র ভজমান, ভজমানের পুত্র সিনি, সিনির পুত্র ক্রোঞ্জ এবং ক্রোঞ্জের পুত্র হৃদীক ।২৬

হৃদীকের পুত্র দেববাহু, দেবমীঢ়, সত্ত্ববন্তু ও কৃতবর্মা। দেবমীঢ়ের পুত্র শূর, তাঁহার পত্নীর নাম মারিষা ।২৭

শূর মারিষার গর্ভে বসুদেব, দেবভাগ, দেবশ্রবা, আনক, সৃঞ্জয়, শ্যামক, কঙ্ক, শমীক, বৎসক ও বৃক—এই দশটি নিষ্পাপ পুত্র উৎপাদন করেন। বসুদেবের জন্মকালে দেবতাগণের দুন্দুভি ও আনকের (ঢাকের) শব্দ হইয়াছিল বলিয়া শ্রীহরির অধিষ্ঠানস্বরূপ বসুদেবকে আনকদুন্দুভি বলা হয়। পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্তি, শ্রুতশ্রবা ও রাজাধিদেবী এই পাঁচ কন্যা বসুদেব প্রভৃতির ভগিনী। পিতা শূর কন্যা পৃথাকে অপুত্রক নিজসখা রাজা কুন্তির নিকট তাঁহার সন্তান-

---

রূপে সমর্পণ করিয়াছিলেন ।২৮-৩১

এই পৃথা (কুন্তী) অতিথি সেবা দ্বারা দুর্বাসাকে সন্তুষ্ট করিয়া তাঁহার নিকট হইতে দেবহূতি নামে এক বিদ্যা লাভ করেন (ইহা দ্বারা যে কোন দেবতাকে আহ্বান করিলে তিনি নিকটে আসেন); এক সময়ে কুন্তী পবিত্রা হইয়া বিদ্যার প্রভাব পরীক্ষার জন্য সূর্যদেবকে আহ্বান করিয়া তৎক্ষণাৎ তাঁহাকে উপস্থিত হইতে দেখিলেন এবং ইহাতে বিস্মিত-চিত্তা হইয়া বলিলেন—হে দেব! আমি কেবলমাত্র প্রভাবের জন্য অর্থাৎ বিদ্যার প্রভাব বিষয়ে বিশ্বাসের জন্যই বিদ্যার প্রয়োগ করিয়াছিলাম; আপনি আমাকে ক্ষমা করুন এবং নিজস্থানে প্রস্থান করুন ।৩২-৩৩

অযোনাবৃষিং দর্শনং দেবি আধিৎস্তে ত্বয়ি চাত্মজম্।
যোনির্যথা ন দুষ্যেত কর্ত্তাহং তে সুব্রতে ॥৩৪
ইতি তস্যাং স আধায় গর্ভং সূর্য্যো দিবং গতঃ।
সদ্যঃ কুমারঃ সংজজ্ঞে দ্বিতীয় ইব ভাস্করঃ ॥৩৫
তং সাত্যজদ্গবীতোয়ে কুন্ত্যুল্লোকস্য বিশ্রুতী।
প্রপিতামহস্তামুবাহ পাণ্ডুর্বৈ সত্যবিক্রমঃ ॥৩৬
শ্রুতদেবাং তু কারুষো বৃদ্ধশর্ম্মা সমগ্রহীৎ।
বস্ত্রামকূল্ম্ভ বক্রঞ্চ ঋষিশপ্তো দিতেঃ সুতঃ ॥৩৭

কৈকেয়ো বৃষ্টকেতুশ্চ শ্রুতকীর্ত্তিমবিন্দত।
সন্তর্দ্দনাদয়স্তস্ত পঞ্চাসন্ কৈকয়াঃ সুতাঃ ॥৩৮
রাজাধিদেব্যামাবন্ত্যো জয়সেনোঽজনিষ্ট হ।
দমঘোষশ্চেদিরাজঃ শ্রুতশ্রবসমগ্রহীৎ ॥৩৯
শিশুপালঃ সুতস্তস্যাঃ কথিতস্তস্য সম্ভবঃ।
দেবভাগস্য কংসায়াং চিত্রকেতুবৃহদ্বলৌ ॥৪০
কংসবত্যাং দেবশ্রবসঃ সুবীর ইষুমাংস্তথা।
কঙ্কায়ামনকাহ্বশ্চ সত্যজিৎ পুরুজিৎ তথা ॥৪১

ঋষিঃ আদ, হে দেবি! দেবস্ত্র মম সন্দর্শনম্ অবোঘং ন ব্যর্থং। ত্বয়ি আধেয়ম্ আধানে আধাস্যে। হে সুব্রতব্রতে! যথা যে ত্বয় যোনিঃ ন দুষ্যেত ন বিদূষিতা তথা অহং কর্ত্তা করিষ্যামি। ইতি উক্ত্বা সঃ সূর্য্যঃ তস্যাং গর্ভম্ আধায় দিবং স্বর্গং গতঃ। ততঃ তস্য দ্বিতীয়ঃ ভাস্করঃ ইব কুমারঃ সদ্যঃ সংজজ্ঞে ॥৩৪-৩৫

লোকত লোকাৎ জলাশয়াদাৎ বিস্তারী সতী সা পৃথা তং বালং (পেটিকায়াং সংস্থাপ্য) কুন্ত্যাং কর্ত্তৃকে নদীতোয়ে অত্যজৎ নিক্ষিপৎ। তম প্রপিতামহঃ সত্যবিক্রমঃ যৈ পাণ্ডুঃ তাং কুন্তীম্ উদ্বাহ উদ্বহেৎ ॥৩৬

বৃদ্ধশর্ম্মা তাম্নঃ শ্রুতদেবাং শ্রুতদেবাং সমগ্রহীৎ উদ্বহেৎ। বস্ত্রাং পূর্ব্বং ঋষিশপ্তঃ শপ্তঃ ঋতদেবাংশ্চাৎ বিদ্ধঃ দিতেঃ সুতঃ দিতিশাপাৎ অসুর স: ইদানীং দন্তবক্রঃ অসুর ॥৩৭

কৈকেয়ঃ বৃষ্টকেতুঃ শ্রুতকীর্ত্তিম্ অবিন্দত উদ্বহেৎ, তস্যাং তু কৈকেয়াঃ সন্তর্দ্দনাদয়ঃ পঞ্চ সুতাঃ আসন্ ॥৩৮

জয়সেনঃ রাজাধিদেব্যাম্ আবন্ত্যো বিন্দানুবিন্দৌ দ্বৌ সুতৌ অজনিষ্ট জনয়ামাস। চেদিরাজঃ দমঘোষঃ শ্রুতশ্রবসম্ অগ্রহীৎ। তস্য সম্ভবঃ তস্যাঃ সুতঃ শিশুপালঃ কথিতঃ। দেবভাগস্ত কংসায়াং চিত্রকেতু-বৃহদ্বলৌ দ্বৌ সুতৌ। দেবশ্রবসঃ কংসবত্যাং সুবীরঃ ইষুমান্ ইতি দ্বৌ পুত্রৌ। কঙ্কাং

সূর্য্যদেব বলিলেন—হে সুন্দরি! দেবদর্শন কখনও নিষ্ফল হয় না। আমি তোমার গর্ভে একটি পুত্র উৎপাদন করিব। যাহাতে তোমার যোনি দূষিত না হয়, আমি সেরূপ ব্যবস্থা করিব ।৩৪

এই বলিয়া সূর্য্যদেব তাঁহার গর্ভাধান করিয়া স্বর্গলোকে গমন করিলেন। এদিকে সদ্যই দ্বিতীয় সূর্য্যের ন্যায় এক কুমার ভূমিষ্ঠ হইয়াছিলেন ।৩৫

কুন্তী লোকভয়ে ভীতা হইয়া অতি কষ্টের সহিত সেই পুত্রকে নদীর জলে ত্যাগ করিয়াছিলেন। তোমার প্রপিতামহ সত্যবিক্রম পাণ্ডু সেই কুন্তীকে বিবাহ করেন ।৩৬

কারুষ নরপতি বৃদ্ধশর্ম্মা শ্রুতদেবাকে বিবাহ করেন। ঋষির অভিশাপগ্রস্ত দৈত্যপুত্র দন্তবক্র তাঁহার গর্ভজ সন্তান ।৩৭

কৈকয় বংশজাত বৃষ্টকেতু শ্রুতকীর্ত্তিকে বিবাহ করেন। তাঁহার গর্ভে সন্তর্দন প্রভৃতি পাঁচ পুত্রের জন্ম হয়। তাঁহারা কৈকয়রূপে পরিচিত ।৩৮

রাজা জয়সেন রাজাধিদেবীর গর্ভে বিন্দ ও অনুবিন্দ নামক দুই পুত্রের জন্মদান করেন। চেদিরাজ দমঘোষ শ্রুতশ্রবাকে বিবাহ করিয়াছিলেন ।৩৯

শ্রুতশ্রবার পুত্র শিশুপাল। তাহার জন্মবৃত্তান্ত পূর্ব্বে বলা হইয়াছে। কংসার গর্ভে দেবভাগ হইতে চিত্রকেতু ও বৃহদ্বল নামক দুই পুত্রের জন্ম হয় ।৪০

দেবশ্রবা হইতে কংসাবতীর গর্ভে সুবীর ও

সঞ্জয়ো রাষ্ট্রপাল্যাং চ বৃষদুর্মর্ষণাদিকান্।
হরিকেশহিরণ্যাক্ষৌ শূরভূম্যাং চ শ্যামকঃ ॥৪২
মিশ্রকেশ্যামপ্সরসি বৃকাদীন্ বৎসকস্তথা।
তক্ষপুষ্করশালাদীন্ দুর্বাক্ষ্যাং বৃক আদধে ॥৪৩
সুমিত্রার্জুনপালাদীন্ শমীকাত্তু সুতাবনী।
কঙ্কশ্চ কর্ণিকায়াং বৈ কম্বগ্রাময়জাবপি ॥৪৪
পৌরবী রোহিণী ভদ্রা মদিরা রোচনা ইলা।
দেবকীপ্রমুখা আসন্ পত্ন্য আনকদুন্দুভেঃ ॥৪৫

সঞ্জয়ঃ রাষ্ট্রপাল্যাং বৃষদুর্মর্ষণাদিকান্ উৎপাদয়ামাস। শ্যামকঃ শূরভূম্যাং হরিকেশ-হিরণ্যাক্ষৌ জনয়ামাস। বৎসকঃ তথা অপ্সরসি মিশ্রকেশ্যাং বৃকাদীন্ উৎপাদয়ামাস। বৃকঃ দুর্বাক্ষ্যাং তক্ষ-পুষ্কর-শালাদীন্ আদধে ॥৪২-৪৩

সমীকাৎ সুতাবনী-সুমিত্রার্জুন-পালাদীন্ অজনয়ামাস, তথা আনকঃ কর্ণিকায়াং ভার্য্যায়াং কঙ্কবাময়জৌ দ্বৌ সুতৌ। আনকদুন্দুভেঃ বসুদেবস্য পৌরবী, রোহিণী, ভদ্রা, মদিরা,

বলং গদং সারণং চ দুর্মদং বিপুলং ধ্রুবম্।
বসুদেবস্তু রোহিণ্যাং কৃতাদীনুদপাদয়ৎ ॥৪৬

সুভদ্রো ভদ্রবাহুশ্চ দুর্মদো ভদ্র এব চ।
পৌরব্যাস্তনয়া হ্যেতে কৃত্যাদ্যা দ্বাদশাঙ্গজাঃ ॥৪৭

নন্দোপনন্দকৃতকপূর্বাস্তা মদিরাত্মজাঃ।
কৌশল্যা কেশিনং ত্বেকমসূত কুলনন্দনম্ ॥৪৮

রোচনা, ইলা, দেবকীপ্রমুখাঃ পত্ন্যঃ আসন্ ॥৪৪-৪৫

বসুদেবঃ তু রোহিণ্যাং বলং, গদং, সারণং, দুর্মদং, বিপুলং, ধ্রুবং, কৃতাদীন্ চ জনয়ামাস ॥৪৬

বসুদেবস্য সুভদ্রঃ, ভদ্রবাহুঃ, দুর্মদঃ, ভদ্রঃ, দ্বাদশসন্তানাঃ পৌরব্যাঃ ভার্য্যায়াঃ অজন্ম ॥৪৭

তথা মদিরায়াঃ ভার্য্যায়াং নন্দোপনন্দ-কৃতক-পূর্বাঃ আত্মজাঃ অভবন্। কৌশল্যা বসুদেব-ভার্য্যা তু একং কুলনন্দনং কেশিনম্ অসূত ॥৪৮

ইত্যাদি জন্মগ্রহণ করেন। কঙ্ক হইতে নিজ পত্নী কঙ্কার গর্ভে সত্যজিৎ ও পুরুজিতের জন্ম হয় ॥৪১

সঞ্জয় রাষ্ট্রপালীর গর্ভে বৃষ ও দুর্মর্ষণ প্রভৃতি পুত্রগণের জন্মদান করেন এবং শ্যামক হইতে শূরভূমির গর্ভে হরিকেশ ও হিরণ্যাক্ষের জন্ম হয় ॥৪২

বৎসক অপ্সরা মিশ্রকেশীর গর্ভে বৃক প্রভৃতি পুত্রগণের জন্মদান করেন। বৃক দুর্বাক্ষীর গর্ভে তক্ষ, পুষ্কর ও শাল প্রভৃতি পুত্র উৎপাদন করিয়াছিলেন ॥৪৩

সুধামনী শমীকের ঔরসে সুমিত্র, অর্জুন ও পাল প্রভৃতি পুত্র প্রসব করেন। আনক নিজ ভার্যা কর্ণিকার গর্ভে কঙ্কবাস ও অজয় নামক পুত্রদ্বয়

উৎপাদন করিয়াছিলেন ॥৪৪

দেবকীপ্রভৃতি সাত ভার্য্যা এবং পৌরবী, রোহিণী, ভদ্রা, মদিরা, রোচনা ও ইলা ইঁহারা বসুদেবের ভার্য্যা ছিলেন ॥৪৫

বসুদেব রোহিণীর গর্ভে বলদেব, গদ, সারণ, দুর্মদ, বিপুল ও ধ্রুব এবং কৃতপ্রভৃতি পুত্রগণের জন্মদান করেন ॥৪৬

সুভদ্র, ভদ্রবাহু, দুর্মদ, ভদ্র ও কৃতপ্রভৃতি দ্বাদশ জন পৌরবীর গর্ভজাত পুত্র ॥৪৭

হে কুলনন্দন! নন্দ, উপনন্দ, কৃতক ও শূরপ্রভৃতি মদিরার পুত্র। কৌশল্যা কেশি নামক একটি পুত্র প্রসব করিয়াছিলেন ॥৪৮

রোচনায়ামতো ভ্রাতা হস্তহেমাঙ্গদাদয়ঃ।
ইলায়ামুরুবল্কাদীন্ বহূন্মুখ্যানজীজনৎ ॥৪৯

বিপৃষ্ঠো দুদুভেবীয়ামেক আনকদুন্দুভেঃ।
শান্তিদেবাত্মজা রাজন্ প্রশ্রুতিপ্রভৃতয়ঃ॥

রাজন্যঃ কল্পবর্ষাদ্যা উপদেবাসুতা দশ।
বসুহংসসুবংশাদ্যাঃ শ্রীদেবায়াস্তু ষট্ সুতাঃ ॥৫১

দেবরক্ষিতয়া লব্ধা নব চাত্র গদাদয়ঃ।
বসুদেবঃ সুতানষ্টাবাদধে সহদেবয়া ॥৫২

পুরুবিশ্রুতমুখ্যাংস্তু সাক্ষাদ্ ধর্ম্মো বসূনিব।
বসুদেবস্তু দেবক্যামষ্ট পুত্রানজীজনৎ ॥৫৩

কীর্তিমন্তং সুষেণং চ ভদ্রসেনমুদারধীঃ।
ঋজুং সম্মর্দনং ভদ্রং সংকর্ষণমহীশ্বরম্ ॥৫৪

অষ্টমস্তু হরেরাসীৎ স্বয়মেব হরিঃ কিল।
সুভদ্রা চ মহাভাগ তব রাজন্ পিতামহী ॥৫৫

যদা যদেহ ধর্ম্মস্য ক্ষয়ো বৃদ্ধিশ্চ পাপ্মনঃ।
তদা তু ভগবানীশ আত্মানং সৃজতে হরিঃ ॥৫৬

হস্তহেমাঙ্গদঃ রোচনায়াং ভ্রাতা, তথা ইলায়াম্ উরুবল্কাদীন্ বহূন্মুখ্যান্ অজীজনৎ। দুন্দুভেরাম বিপৃষ্ঠঃ এক পুত্রঃ আনক-দুন্দুভেঃ ভ্রাতঃ। শান্তিদেবায়াঃ প্রশ্রুত-প্রভৃতয়ঃ। উপদেবায়াঃ কল্পবর্ষাদ্যাঃ দশ তথা শ্রীদেবায়াঃ বসু-হংস-সুবংশাদ্যাঃ ষট্ ॥৪৯-৫১

দেবরক্ষিতায়াঃ গদাদয়ঃ নব। সাক্ষাৎ ধর্ম্মঃ যথা বসবঃ ইব বসুদেবঃ সহদেবয়া ভার্য্যয়া এবংরূপসুতান্ আধাৎ সুতান্ আধেব জনয়ামাস। দেবক্যামপি বসুদেবঃ কীর্ত্তিমতাদীন্ অষ্টসুতান্ অজীজনৎ। ক্রমেণ ষট্, পুত্রাঃ কীর্ত্তিমান্, সুষেণঃ, ভদ্রসেনঃ, ঋজুঃ, সম্মর্দনঃ, ভদ্রসেনইতি সর্বত্রত্য অধীনাম্ ঈশ্বরঃ সর্বথা ভগবান্ এব। তথাচ অষ্টমঃ হরিঃ যদ্বদেব অভূৎ, ন তু কর্ম্মাদিনা। হে রাজন্! তথাচ একা কন্যা চ আসীৎ, যা সুভদ্রা, তব পিতামহী এব ॥৫২-৫৫

যদা যদা কালে ধর্ম্মস্য ক্ষয়ঃ বিনাশঃ, পাপ্মনঃ চ বৃদ্ধিঃ ভবতি, তদা হি ভগবান্ ঈশঃ হরিঃ আত্মানং সৃজতে ॥৫৬

বসুদেবের ঔরসে রোচনার গর্ভে হস্ত, হেমাঙ্গদ-প্রভৃতি এবং ইলার গর্ভে বহুকুলশ্রেষ্ঠ উরুবল্কপ্রভৃতি পুত্রগণের উৎপত্তি হইয়াছিল ॥৪৯

হে মহারাজ! বসুদেব হইতে দুন্দুভেবার গর্ভে বিপৃষ্ঠনামক একটি পুত্রের জন্ম হয়। শান্তিদেবার গর্ভে প্রশম ও প্রতিভপ্রভৃতি জন্মগ্রহণ করেন ॥৫০

রাজন্য, কল্প ও বর্ষপ্রভৃতি দশজন উপদেবার পুত্র। শ্রীদেবার গর্ভে বসু, হংস ও সুবংশপ্রভৃতি ছয় জন পুত্র জন্মগ্রহণ করেন ॥৫১

দেবরক্ষিতা গদপ্রভৃতি নয় জন পুত্র লাভ করেন। ধর্ম্ম যেরূপ অষ্টবসুর জন্মদান করেন, সেরূপ বসুদেবও সহদেবার গর্ভে প্রবর, ক্রতুমুখ্যপ্রভৃতি আটটি পুত্রের উৎপাদন করিয়াছিলেন। এইরূপ দেবকীর গর্ভেও উদারমতি বসুদেব আটটি পুত্রের জন্মদান করেন ॥৫২-৫৩

তাঁহাদের নাম—কীর্তিমান্, সুষেণ, ভদ্রসেন, ঋজু, সম্মর্দন, ভদ্র এবং নগরাজ সঙ্কর্ষণ ॥৫৪

হে মহারাজ! ভগবান্ স্বয়ং শ্রীহরিই শ্রীকৃষ্ণরূপে তাঁহাদের অষ্টম পুত্র হইয়াছিলেন। আপনার পিতামহী মহাভাগা সুভদ্রাও তাঁহাদেরই কন্যা ॥৫৫

হে মহারাজ! যে যে সময়ে জগতে ধর্ম্মের ক্ষয় ও পাপের বৃদ্ধি ঘটে, সেই সেই সময়েই (উহার প্রতিকারের জন্য) জগদীশ্বর ভগবান্ শ্রীহরি অবতার-রূপে আত্মপ্রকাশ করিয়া থাকেন ॥৫৬

ন হ্যস্য স্বপ্নজো হেতুঃ কর্মণো বা মহীপতে।
আত্মমায়াবিনোদস্য পরস্য দ্রষ্টুরাত্মনঃ ॥৫৭

যন্মায়াচেষ্টিতং পুংসঃ স্থিত্যুৎপত্ত্যপ্যয়ায় হি।
অনুগ্রহশ্চিকীর্ষূণাং তদ্ধলায় চেষ্যতে ॥৫৮

অক্ষৌহিণীনাং পতিভিরসুরৈর্নৃপলাঞ্ছনৈঃ।
ভুব আক্রম্যমাণায়া অভারায় কৃতোদ্যমঃ ॥৫৯

কর্মাণ্যপরিমেয়াণি মনসাপি সুরেশ্বরৈঃ।
সহসংকর্ষণশ্চক্রে ভগবান্ মধুসূদনঃ ॥৬০

কলৌ জনিষ্যমাণানাং দুঃখশোকতমোনুদম্।
অনুগ্রহায় ভক্তানাং সুপুণ্যং ব্যতনোদ্ যশঃ ॥৬১

যস্মিন্ সৎকর্ষণীয়ূষে যশস্তীর্থবরে সকৃৎ।
শ্রোত্রাঞ্জলিভিরুপস্পৃশ্য ধুনুতে কর্মবাসনাম্ ॥৬২

যে মহীপতে। আত্মনঃ ঈশস্য পরস্য দ্রষ্টুঃ সর্বসাক্ষিণঃ অস্য ভগবতঃ আত্মমায়া বলীয়ান্ ঈক্ষাং বিনা জন্মনঃ কর্মণঃ বা হেতুঃ নাস্তি ॥৫৭

যস্য মায়াচেষ্টিতং পুংসঃ জীবস্য স্থিত্যুৎপত্ত্যপ্যয়ায় (স্থিত্যাদিহেতবো যা যাবি-শক্ত্যবিদ্যা-লক্ষণাস্তদর্থম্) অনুগ্রহঃ (ভোগ-মোক্ষ-রূপঃ) তস্য (জীবস্যৈব প্রয়োজনায়) তস্য বিদ্যায়াঃ বিমুক্তেঃ আত্মলাভায় চ ইষ্যতে, তস্য ভগবতোঽনুগ্রহকৃতং কৃতঃ কর্মাদি-পারতন্ত্র্যম্ অপ্যাস্তি ॥৫৮

অক্ষৌহিণীনাং পতিভিঃ নৃপলাঞ্ছনৈঃ (নৃপাণাং ক্ষত্রিয়াণাম্ ইব লাঞ্ছনানি চিহ্নানি যেষাং তৈঃ) অসুরৈঃ আক্রম্যমাণায়াঃ ভারায়মাণায়াঃ ভুবঃ অভারায় ভারাবতারায় কৃতঃ উদ্যমঃ যেন সঃ ॥৫৯

সহসংকর্ষণশ্চক্রে ভগবান্ মধুসূদনঃ সুরেশ্বরৈঃ ইত্যাদিভিঃ মনসা অপি অপরিমেয়াণি কর্মাণি চক্রে ॥৬০

কলৌ জনিষ্যমাণানাং ভক্তানাং অনুগ্রহায় দুঃখ শোকং তমঃ তৎকারণং অজ্ঞানং চ নুদতি অপনয়তি তদ্ব্যপদেশেন সুপুণ্যং যশঃ ব্যতনোৎ ॥৬১

সন্তঃ বিবেকাঃ কর্মবাসনাং কর্মণীয়ূষে অমৃতকূপে) যস্মিন্ যশোরূপে তীর্থবরে শ্রোত্রম্ এব অঞ্জলিঃ পাবনত্বাৎ তেন সঃ সুষ্ঠুঃ সকৃৎ যাবদেকম্ উপস্পৃশ্য আচম্য কর্মবাসনাং ধুনুতে ক্ষপয়তি ॥৬২

হে মহারাজ! ভগবান্ স্বয়ং মায়ার নিয়ন্তা, সর্বসঙ্গরহিত, সকলের সাক্ষী এবং সর্বব্যাপী। এ অবস্থায় একমাত্র মায়ার বিলাস ব্যতীত তাঁহার জন্ম বা কর্মের অন্য কোন কারণ থাকিতে পারে না ।৫৭

হে মহারাজ! ভগবানের মায়ার বিলাস জীবের প্রতি তাঁহার অনুগ্রহলাভেই সীকার্য হয়; যেহেতু প্রলয়ান্তে জীবের দেহাদি সৃষ্টিদ্বারা বর্ধাদির প্রবর্তন-হেতুই মায়িক সৃষ্টি, স্থিতি ও প্রলয় ঘটিয়া থাকে। আবার এই মায়ার বিলাস শ্রবণ করিলে জীবের দেহাদি সৃষ্টির চিরনিবৃত্তিহেতু আত্মলাভ অর্থাৎ মুক্তি সম্ভবপর বলিয়াও এই মায়িক বিলাস সংসারী জীবের প্রতি ভগবানের অনুগ্রহই বলিতে হয় ।৫৮

(ভগবানের মায়ার বিলাস পৃথিবীর প্রতিও তাঁহার অনুগ্রহস্বরূপ ইহাও বলিতেছেন) হে মহারাজ! অসংখ্য সেনাবৃন্দের অধিপতি রাজচিহ্ন-ধারী অসুরগণের ভারে আক্রান্তা পৃথিবীর ভার লাঘবের জন্যও তাঁহার মায়িক বিলাসের প্রয়োজন হয় ।৫৯

ভগবান্ শ্রীকৃষ্ণ বলদেবের সহিত এই ধরাতলে যে সকল কর্মের অনুষ্ঠান করিয়াছিলেন, তাহা ব্রহ্মাদিশ্রেষ্ঠ দেবতাগণের মনের দ্বারাও বিচারের অযোগ্য ।৬০

কলিযুগে যে সকল ভক্ত জন্ম গ্রহণ করিবেন, ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদের দুঃখ, শোক ও অজ্ঞান-নাশক বীয় পরম পবিত্র যশোরাশি বিস্তার করিয়া গিয়াছেন ।৬১

সজ্জনগণের কর্মবাসনার অমৃতস্বরূপ, সেই যশোরূপ পুণ্যতীর্থে কর্ণরূপ অঞ্জলির সাহায্যে একবার মাত্র আচমন করিয়াই মানব তাহার কর্ম বাসনা পরিত্যাগ করিতে সমর্থ হয় ।৬২

ভোজবৃষ্ণ্যন্ধকমধুশূরসেনদশার্হকৈঃ।
শ্লাঘনীয়েহিতঃ শশ্বৎ কুরুসৃঞ্জয়পাণ্ডুভিঃ ॥৬৩

স্নিগ্ধস্মিতেক্ষিতোদারৈর্বাক্যৈর্বিক্রমলীলয়া।
নৃলোকং রময়ন্নাস মূর্ত্যা সর্বাঙ্গরম্যয়া ॥৬৪

বন্ধানন্দং মকরকুণ্ডলচারুকর্ণ-
প্রাজৎকপোলসুভগং সবিলাসহাসম্।

নিত্যোৎসবং ন তৃপ্যন্তি পিবন্ত্যো
নার্যো নরাশ্চ মুদিতাঃ কুপিতা নিমেশ্চ ॥৬৫

জাতো গতঃ পিতৃগৃহাদ্ ব্রজমেধিতার্থো
হত্বা রিপূন্ সুতশতানি কৃতোরুদারঃ।

উৎপাদ্য তেষু পুরুষঃ ক্রতুভিঃ সমীডে
আত্মানমাত্মনিগমং প্রথয়ন্নজেষু ॥৬৬

ভোজাদিভিঃ ভূক-প্রভৃতিভিঃ চ শ্লাঘনীয়ম্ ঈহিতং লীলা যস্য সঃ শ্রীকৃষ্ণঃ স্নিগ্ধং স্নিগ্ধম্ যৎ তথাভূতং যৎ ঈক্ষিতম্ অবলোকনং তেন উদারৈঃ গাম্ভীর্যাদি বিশিষ্টঃ পরাক্রমঃ তৎপূর্ব্বিকয়া লীলয়া সর্বৈঃ অঙ্গৈঃ রম্যয়া মূর্ত্যা চ নৃলোকং ব্রজবাসিনং রময়ন্নাস ॥৬৩-৬৪

বন্ধ শ্রীকৃষ্ণস্য মকরকুণ্ডলাভ্যাং চারু কর্ণৌ শ্রাজন্তৌ কপোলৌ চ যৈঃ সুভগং সুন্দরং তথা সবিলাসং হাসো যস্মিন্ তৎ বিস্তায় উৎসবঃ শোভাতিশয়ঃ যস্মিন্ তৎ আনন্দং তৃপ্তিভিঃ নেত্রৈঃ পিবন্ত্যঃ অতিকৃতার্থা পশ্যন্ত্যঃ মুদিতাঃ নার্যঃ নরাঃ চ ন তৃপ্যুঃ তৃপ্তাঃ ন জাতাঃ, অপি তু নিমেঃ নিমেষযোগ্যকর্ত্তুঃ চ কুপিতাঃ বভূবুঃ ॥৬৫

পুনঃ পূর্ব্ববৎস্থানে জাতঃ সন্ পিতৃগৃহাৎ ব্রজং গতঃ; তত্র ব্রজবাসিনাম্ এধিতাঃ সাধিতাঃ অর্থাঃ যেন তাদৃশঃ সন্ রিপূন্ কংসাদীন্ হত্বা কৃতোদারঃ (ঃ উদয়ঃ বোকপদস্যৈকদত্তাইসংখ্যকাঃ দারাঃ কলত্রাণি যেন সঃ) তেষু দারেষু শতশতানি উৎপাদ্য আত্মনিগমং বেদমার্গং তন্মেষু প্রথয়ন্ প্রবর্ত্তয়ন্ ক্রতুভিঃ যাগাদিভিঃ যজ্ঞৈঃ আত্মানম্ এব সমীডে সম্যক্ যাজয়ামাস ॥৬৬

হে মহারাজ! ভোজ, বৃষ্ণি, অন্ধক, মধু, শূরসেন, দশার্হ, কুরু, সৃঞ্জয় ও পাণ্ডুর বংশধরগণ নিরন্তর তাঁহার চরিতাবলীর প্রশংসা করেন ॥৬৩

সেই ভগবান্ শ্রীকৃষ্ণ স্নিগ্ধ সহাস দৃষ্টিপাতযুক্ত উদার বাক্যালাপ, বিক্রমলীলা এবং সর্বাঙ্গসুন্দর নিজ বিগ্রহদ্বারা নরলোকে আনন্দ বিতরণ করিয়াছিলেন ॥৬৪

তাঁহার হাস্যবিলাসযুক্ত বদনমণ্ডল মকরাকৃতি কুণ্ডল-যুগলের শোভায় মনোহর কর্ণযুগল ও সমুজ্জ্বল গণ্ডযুগলের সমাবেশে অতিসুন্দর বলিয়া সর্বদাই উহা দর্শকমণ্ডলীর উৎসব বিস্তার করায় নর ও নারীগণ নয়নদ্বারা সানন্দে সেই বদনশোভা পান করিয়াও পরিতৃপ্ত হইতে পারেন নাই, পরন্তু নেত্রের নিমেষহেতু দর্শনের বিচ্ছেদ ঘটিত বলিয়া তাহারা নিমেষ-সৃষ্টিকর্ত্তা নিমির প্রতি ক্রুদ্ধ হইতেন ॥৬৫

(সংক্ষেপতঃ শ্রীকৃষ্ণ লীলা বলিতেছেন) হে মহারাজ! ভগবান্ শ্রীকৃষ্ণ প্রথমতঃ নিজ চতুর্ভুজরূপে আবির্ভূত হইয়া পশ্চাৎ মানবাকৃতি ধারণপূর্বক পিতৃগৃহ হইতে ব্রজে গমন করেন, পরে ব্রজবাসিগণের স্বার্থসম্পাদনপূর্বক শত্রুগণকে বধ করিয়া বহু রমণীকে বিবাহ করেন এবং তাঁহাদের গর্ভে অসংখ্য পুত্র উৎপাদনপূর্বক সেই পরমপুরুষ লোকসমাজে বীয় বেদমার্গ বিস্তারের জন্য যজ্ঞসমূহদ্বারা যজ্ঞেশ্বররূপী নিজেরই অর্চনা করিয়াছিলেন ॥৬৬

পৃথ্যাঃ স বৈ গুরুতরং ক্ষপয়ন্ কুরূণা-
মন্তঃসমুত্থকলিনা যুধি কূপচক্ষুঃ।
দৃষ্ট্যা বিধূয় বিজয়ে জয়মুদ্বিযোগ্য
প্রোচ্যোদ্ধবায় চ পরং সমগাৎ স্বধাম ॥৬৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমস্কন্ধে
চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥২৪
নবমস্কন্ধঃ সমাপ্তঃ।

তথা কুরূণাম্ অন্তঃসমুত্থ-কলিনা পৃথ্যাঃ পৃথিব্যাঃ গুরুম্ অধিকং ভারং ক্ষপয়ন্ যুধি সংগ্রামে কূপাবার চক্ষুঃ সেনাঃ যস্যাসৌ তথোক্তঃ স বৈ বিভুঃ, বিজয়ে অর্জুনে জয়ম্ উদ্বিযোগ্য উদ্বহায় পরং তদ্ভক্তং প্রোচ্য উপদিশ্য চ স্বধাম বৈকুণ্ঠং সমগাৎ ॥৬৭

ইতি শ্রীমদ্ভাগবতে নবম-স্কন্ধে শ্রীধরস্বামি-বিরচিতায়াং চতুর্বিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ। সমাপ্তশ্চায়ং নবমস্কন্ধঃ।

সেই ভগবান্ শ্রীকৃষ্ণই পৃথিবীর গুরুতর ভার হরণের জন্য কুরুবংশীয়গণের পরস্পর সঞ্জাত বিবাদমূলক যুদ্ধে কালরূপী নিজের দৃষ্টিমাত্রদ্বারাই পৃথিবীস্থিত রাজগণের সেনাসমূহের সংহার করিয়া অর্জুনের বিজয়-বার্তা ঘোষণা করেন এবং লীলাবসানে উদ্ধবের নিকট পরম তত্ত্ব উপদেশ করিয়া নিজ ধামে বিজয় যাত্রা করিয়াছিলেন ॥৬৭

শ্রীমদ্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের নবম-স্কন্ধে
শ্রীশচীন্দ্রচন্দ্রবর্হীর্থ-কৃত বঙ্গভাষানুবাদসহিত
চতুর্বিংশ অধ্যায় সমাপ্ত।
নবম স্কন্ধ সমাপ্ত

শ্রীশ্রীঠাকুর শ্রীমৎসীতারামদাসোঙ্কারনাথপ্রবর্ত্তিত-আর্য্যশাস্ত্রে

শ্রীমদ্ভাগবতব্যাস প্রণীত-শ্রীমদ্ভাগবতমহাপুরাণে

দশমস্কন্ধ

পণ্ডিতকুলতিলক-শ্রীযুক্তপ্রাণনাথবিদ্যারত্নভট্টাচার্য্যসম্পাদিতঃ।

শ্রীযুক্তনবদ্বীপচন্দ্রগোস্বামিভক্তিরত্ন-কৃতবঙ্গভাষানুবাদসহিতঃ।

দশমঃ স্কন্ধঃ

প্রথমঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণাবতারকথনম্, ব্রহ্মণা পৃথিব্যা আশ্বাসনম্, কংসস্য দেবকীবধোদ্যোগাদ্ বসুদেববচনেন নিবৃত্তিঃ, যদ্বাং দেবকীপুত্রাণাং কংসেন বধশ্চ।]

রাজোবাচ।

ঋষিভো যদুবিস্তারো ভবতা সোমসূর্য্যয়োঃ।
রাজ্ঞাং চোভয়বংশ্যানাং চরিতং পরমাদ্ভুতম্ ॥১

যদোশ্চ ধর্ম্মশীলস্য নিতরাং মুনিসত্তম।
তত্রাংশেনাবতীর্ণস্য বিষ্ণোর্বীর্য্যাণি শংস নঃ

অন্বয়ঃ

রাজা ইত্যাহ। ভবতা সোমসূর্য্যয়োঃ চন্দ্রস্য সূর্য্যস্য চ যদুবিস্তারঃ পুরূরবআদিকম্ ঋষিভ্যঃ তব উত্তরত্রাত্রেয়ঃ চন্দ্রসূর্য্যবংশোদ্ভবানাম্ রাজ্ঞাং পরমাদ্ভুতং চরিতং চ কথিতম্ ॥১

হে মুনিসত্তম মুনিশ্রেষ্ঠ। নিতরাং ধর্ম্মশীলস্য যদোঃ যদুবিস্তারঃ চ কথিতঃ। তস্য যদুবংশে অংশেন অবতীর্ণস্য বিষ্ণোঃ শ্রীকৃষ্ণস্য বীর্য্যাণি চরিতানি নঃ অস্মান্ শংস ভবান্ ॥২

অবতীর্য্য হলের্বংশে ভগবান্ কৃতভাবনঃ।
কৃতবান্ যানি বিশ্বাত্মা তানি নো বদ বিস্তরাৎ ॥৩
নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাদ্
ভবৌষধাচ্ছ্রোত্রমনোঽভিরামাৎ।
ক উত্তমশ্লোকগুণানুবাদাৎ
পুমান্ বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ ॥৪

অন্বয়ঃ

কৃতভাবনঃ জীবপ্রতিপালকঃ বিশ্বাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণঃ হলেঃ বলদেবস্য অবতীর্য্য যানি কর্ম্মাণি কৃতবান্, তানি কর্ম্মাণি নঃ অস্মান্ বিস্তরাৎ বদ ॥৩

অনন্তরাৎ আত্মাদিতঃ অথবা পশুঘ্নাৎ পশুঘাতিনঃ বিনা কঃ পুমান্ বিরজ্যেত বৈরাগ্যমাপ্নুয়াৎ। কীদৃশাৎ? উপগীয়মানাৎ ভবৌষধাৎ ভবরোগনাশকত্বাৎ শ্রোত্রমনোঽভিরামাৎ শ্রোত্রমনোরমত্বাৎ উত্তমশ্লোকগুণানুবাদাৎ শ্রীকৃষ্ণগুণকীর্ত্তনাৎ বিরজ্যেত বিরক্তঃ ভবেৎ ॥৪

প্রথম অধ্যায়।

[শ্রীকৃষ্ণাবতারকথন, ব্রহ্মাকর্ত্তৃক পৃথিবীকে আশ্বাস দান, বসুদেবের বাক্যে দেবকীর ক্রোধোদ্যোগ হইতে কংসের নিবৃত্তি এবং দেবকীর ছয় পুত্রের কংসকর্ত্তৃক বধ।]

(মহারাজ পরীক্ষিত্ যাবতীয় দেবর্ষি চরিত্রের মূল স্বরূপ শ্রীকৃষ্ণচরিত্র বিশদরূপে শ্রবণ করিবার নিমিত্ত বক্তা শ্রীশুকদেবে গোস্বামীর প্রীতি উৎপাদনের জন্য তৎকথিত বাক্যের অভিনন্দন পূর্ব্বক কহিতেছেন—) হে মুনিসত্তম! চন্দ্র ও সূর্য্যের বংশ বিস্তার অর্থাৎ (তত্তদ্বংশীয় প্রত্যেক নরপতিগণের পুত্রপৌত্রাদির জন্মকথা) পূর্ব্বাপর সন্নিবেশক্রমে প্রায় সমস্তই কীর্ত্তন করিয়াছেন এবং এই উভয় বংশে যে সকল নৃপতিগণ জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহাদিগের দিগ্‌বিজয়াদি পরমাদ্ভুত চরিত্রও বর্ণন করিয়াছেন। সুতরাং (চন্দ্রবংশান্তর্গতযদু ধর্ম্মশীল বহুর বংশাবলী ও তাঁহার বংশধরসকলের পরমাশ্চর্য্য চরিত্রও সম্যক্ প্রকারে বলিয়াছেন, অধুনা সেই যদুবংশে শ্রীবলদেবের সহিত অবতীর্ণ বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের মহাপ্রভাবময় লীলাসমূহ কৃপা করিয়া আমাদিগের নিকট কীর্ত্তন করিতে আজ্ঞা হয় ।১-২

হে মুনিবর! যদি বলেন,—"শ্রীভগবানের মহাপ্রভাবময় সমস্ত চরিত্রই পরমাশ্চর্য্য, তাহা হইলে তৎসমুদয়ই আমাদিগের নিকট কীর্ত্তন করুন" এই অভিপ্রায়ে কহিতেছেন—

যিনি সর্ব্বৈশ্বর্য্যে পরিপূর্ণ (ভগবান্) হইয়াও কৃতভাবন অর্থাৎ কৃপাবলম্বন পূর্ব্বক জীবগণকে প্রতিপালন করিয়া আসিতেছেন, কারণ তিনি বিশ্বস্ত প্রাণিমাত্রের চেতনাদিশক্তির প্রেরক হইয়া স্বভাবতই তাহাদিগের হিতকারী (বিশ্বাত্মা)

পিতামহা মে সমরেঽমরঞ্জয়ৈ-
র্দেবব্রতাদ্যাতিরথৈস্তিমিঙ্গিলৈঃ।
দুরত্যয়ং কৌরব-সৈন্যসাগরং
কৃত্বাতরন্ বৎসপদং স্ম যৎপ্লবাঃ ।৫

যে মম পিতামহাঃ ঋষিষ্ঠিরাদয়ঃ যদ্বয়ং যঃ শ্রীকৃষ্ণঃ সমাশ্রিতাঃ অবলম্বিতাঃ তিমিঙ্গিলৈঃ তিমিঙ্গিলবৎকবলনৈপুণ্যৈঃ দেবব্রতাদ্যাতিরথৈঃ ভীষ্মাদিভিঃ মহারথৈঃ দুরত্যয়ং দুস্তরং কুরুপাণ্ডবানাং সন্তানবীজং কৌরবসৈন্যসাগরং বৎসপদং ক্ষুদ্র জলাশয়ং তৎ কৃত্বা অতরন্ তৎ ।৫

স্ত্রৌণস্ত্রবিগ্নঋষিবাক্যমুরুক্রমস্য
সন্তানবীজধৃতিরাত্মবতাং সতীনাম্।
দুর্যোধনোঽতিবিষমীক্ষিতসূত্রমন্ত্র-
ব্রহ্মোদ্যমঃ ক্ষপিতকশ্মলকৃদ্বিভূয়াৎ ।৬

যঃ শ্রীকৃষ্ণঃ আত্মবতাং বুদ্ধিমতাং এব পরমং পন্থাঃ পরমপন্থানং যে মম মাতুঃ উত্তরায়াঃ কুক্ষিং গর্ভং গতঃ তং কুরুপাণ্ডবানাং সন্তানবীজং বংশস্য নিদানং স্ত্রৌণস্ত্রবিগ্নঃ স্ত্রীষু অশ্বত্থামাস্ত্রেণ দগ্ধম্ ইতি যদ্বয়ং দুর্যোধন ঋষিবাক্যম্ ।৬

অতএব সেই শ্রীকৃষ্ণ যদুবংশের অবতীর্ণ হইয়া যে সমস্ত কর্ম্ম করিয়াছেন, তৎসমুদয় কর্ম্মের প্রয়োজনাদি নির্দ্ধারণপূর্ব্বক আমাদিগের নিকট বর্ণন করুন অর্থাৎ যাহা ইতিপূর্ব্বে নবম স্কন্ধে দুই শ্লোক দ্বারা অতি সংক্ষেপে বলিয়াছেন, তাহাই আমাদিগের মন্দমতি সম্বন্ধে বোধের জন্য বহুশ্লোকে বিস্তার পূর্ব্বক কীর্ত্তন করুন।৩

হে ব্রহ্মন্! সবিস্তার শ্রীকৃষ্ণচরিত্রশ্রবণে আমাদিগের 'মলং বুদ্ধি' অর্থাৎ 'এই পর্য্যন্তই শ্রবণ করিব, আর অধিক শ্রবণ করিব না" এইরূপ বিরক্ত হইবার আশঙ্কা করিবেন না; কারণ, আমরা সংসার রোগগ্রস্ত হইয়া মহাসৌভাগ্যবশতঃ ভবাদৃশ সাধুত্ব প্রাপ্ত হইয়াছি, আপনি যে রোগীর রোগ বৃদ্ধিরূপ ভবরোগ নিবারক শ্রীকৃষ্ণলীলামৃত-মহৌষধ প্রদান করিতেছেন, তৎসেবনে ভবরোগাক্রান্তিকৃত আমরা কেনই বা বিরক্ত হইব? আত্মঘাতী অথবা পশুত অর্থাৎ ধর্ম্মঘাতিসাধী কর্ম্মী বা ব্যাধ বা গোঘাতক যবন ব্যতিরেকে ভবরোগাক্রান্ত কোন্ ব্যক্তি উত্তমঃশ্লোক ভগবানের গুণানুবাদশ্রবণে বিরত হইয়া থাকে? যেহেতু, ইহা ভবব্যাধির একমাত্র মহৌষধস্বরূপ অর্থাৎ ইহা সেবনে ভবব্যাধি সমূলে উপশমপ্রাপ্ত হইয়া থাকে; কারণ, যাঁহারা এই শ্রীকৃষ্ণলীলামৃত মহৌষধ সেবন করিয়া সংসারব্যাধি হইতে মুক্তিলাভ করিয়াছেন, সেই জীবন্মুক্ত মহাত্মগণ ভবরোগগ্রস্ত মানবের প্রতি উপদেশ করিয়া থাকেন যে,—হে ভবরোগাভিভূত মানবগণ! আমরা যেমন শ্রীকৃষ্ণচরিতামৃত মহৌষধ সেবন করিয়া ভবরোগ-মুক্ত হইয়াছি, তদ্রূপ তোমরাও ইহা সেবন করিয়া নিরাময় হও, কোনরূপ আশঙ্কা করিও না, আমরাই ইহার সাক্ষী বা প্রমাণ জানিবে। এতাদৃশ সপ্রমাণক মহৌষধের আশ্চর্য্য মহিমা এই,—সামান্য লৌকিক রোগাক্রান্ত হইয়া তদ্বৈদ্যদেশার্থ কটুক্তিকাদি নানাবিধ ঔষধ সেবন করিয়া থাক, কিন্তু এই ভব মহাব্যাধি-নিবারক শ্রীকৃষ্ণচরিতামৃত মহৌষধ অন্য ঔষধ-সদৃশ নহে, ইহা কটুক্তিকাদি দোষ বিবর্জ্জিত ও শ্রোত্র ও মনের দ্বারা সেবন করিতে হয়। অতএব আমরা ভবরোগাক্রান্ত হইয়া ভদ্বরোগ বিশেষতঃ সেবনে সুখকর এতাদৃশ অব্যর্থ ও দুর্লভ মহৌষধ সেবনে কেনই বা বিরত হইব?।৪

যদিও অন্যান্য দেবতাদির বিচিত্র লীলাসকল বিদ্যমান রহিয়াছে, তথাপি শ্রীকৃষ্ণই আমাদের কুলদেবতা অর্থাৎ মদীয় কুলের একমাত্র গতিস্বরূপ; অতএব তাঁহার লীলাকথা নিরন্তর শ্রবণ করাই আমার একান্ত কর্ত্তব্য। প্রসিদ্ধ আছে যে, আমার পিতামহ যুধিষ্ঠিরাদি পঞ্চ পাণ্ডবগণ যাঁহাকে ভবসাধন ভেলাস্বরূপে অবলম্বন পূর্ব্বক দুর্য্যোধনাদির সৈন্যরূপ সাগর বৎসপদতুল্য জলাশয় মনে করিয়া অর্থাৎ বৎসপদ সদৃশ জলময় স্থল পার হইতে যেমন

বীর্য্যাণি তস্যাখিলদেহভাজা-
মন্তর্বহিঃ পুরুষকালরূপৈঃ।
প্রযচ্ছতো মৃত্যুমৃতঞ্চ যত্র
মায়ামনুষ্যস্য বদস্ব বিদ্বন্ ॥৭

হে বিদ্বন্! অন্তর্বহিঃ অন্তর্বহিশ্চ অখিলদেহভাজাং সকলশরীরধারিণাং পুরুষকালরূপৈঃ পুরুষরূপৈঃ অন্তর্যামিভিঃ, কালরূপৈঃ পরমেশ্বরৈঃ চ মৃত্যুং সংসারং প্রযচ্ছতঃ দদতঃ তত্র শ্রীকৃষ্ণস্য বীর্য্যাণি বদস্ব ॥৭

সর্ব্বেষাং রামঃ বলরামঃ রোহিণ্যাঃ তনয়ঃ ইতি যথা

রৌহিণ্যাস্তনয়ঃ প্রোক্তো রামঃ সঙ্কর্ষণস্ত্বয়া।
দেবক্যা গর্ভসম্বন্ধঃ কুতো দেহান্তরং বিনা ॥৮
কস্মান্মুকুন্দো ভগবান্ পিতুর্গেহাদ্ ব্রজং গতঃ।
ক বাসং জ্ঞাতিভিঃ সার্দ্ধং কৃতবান্ সাত্বতাং পতিঃ ॥৯

পূর্ব্বং কথিতঃ। দেহান্তরং বিনা দেবক্যাঃ গর্ভসম্বন্ধঃ কুতঃ ঘটতে চ

ভগবান্ মুকুন্দঃ শ্রীকৃষ্ণঃ পিতুঃ বসুদেবস্য গেহাৎ কথং ব্রজং নন্দগোপবালয়ানাং গতঃ। সাত্বতাং যাদবানাং পতিঃ ক কুত্র জ্ঞাতিভিঃ সার্দ্ধং সহ বাসং কৃতবান্ ॥৯

কেহ দুঃখ বিবেচনা করে না, তদ্রূপ অনায়াসে উত্তীর্ণ হইয়াছিলেন। যদি বলেন প্রসিদ্ধ সাগর হাঙ্গর-কুম্ভীরাদি জলজন্তু দ্বারা সমাক্রান্ত বলিয়া দুস্পারণীয় হইয়া থাকে, তবে এই সৈন্যরূপ সাগর কি প্রকারে দুস্তর হইল? তদুত্তরে বলিতেছি যে, এই কুরুসৈন্য-সাগরেও ভিষ্মির্দ্রোণসদৃশ ও অমরবিজয়ী মহাসৌর্য্য-শালী ভীষ্ম প্রভৃতি অতিরথগণে অতিশয় দুস্তর হইয়াছিল। অতএব পিতামহগণ যে শ্রীকৃষ্ণের চরণাশ্রয় করিয়া এতাদৃশ অসাধ্যসাধন করিয়াছেন, তাহারই কার্য্যবল বর্ণন করুন।৫

দ্বিতীয়তঃ যিনি আমার জীবন রক্ষা করিয়াছেন, তাঁহার কথা শ্রবণই আমার অবশ্য কর্ত্তব্য। যখন দ্রোণপুত্র অশ্বত্থামা পাণ্ডববংশ সমূলে বিনাশ করিবার অভিপ্রায়ে কুরু-পাণ্ডবের সন্তান জীবন্মরূপ মাতৃগর্ভে অবস্থিত ব্রহ্মাস্ত্র নিক্ষেপ করিয়াছিলেন, তখন অস্ত্রের অনিবার্য্য প্রলয়াগ্নি-সদৃশ সেই ব্রহ্মাস্ত্র দ্বারা প্রত্যক্ষ আমার এই অঙ্গ দগ্ধ হইলেও মদীয় জননী উত্তরাদেবী গর্ভরক্ষার নিমিত্ত দেখিয়া "হে দেবদেব হে জগন্নাথ! রক্ষা কর, রক্ষা কর—এইবিপদে রক্ষা কর, আর কাহারও সাধ্য নাই, হে প্রভো! আমার জীবনান্ত হইলেও দুঃখ নাই, কিন্তু হে ভক্তবৎসল! তোমার ভক্তবংশ সমূলে বিনাশ হইল"। এইরূপ সকাতরে শ্রীকৃষ্ণের শরণাপন্ন হইলে ভক্তাধীন ভগবান্ ভক্তবৎসলো ব্যগ্র হইয়া ভক্তবংশের আমার রক্ষার নিমিত্ত সুদর্শন চক্র ধারণ পূর্ব্বক মাতৃগর্ভে প্রবেশানন্তর মদীয় অঙ্গ ও জননীর দেহ রক্ষা করিয়াছেন। অতএব এতাদৃশ দয়াময় বিশেষতঃ জীবনপ্রদ ভগবানের লীলাকথা শ্রবণ না করা কিংবা শ্রবণে শৈথিল্য বা বিরক্ত হওয়া অকৃতজ্ঞতা ভিন্ন আর কি বলা যাইতে পারে।৬

সেই ভগবান্ কেবল যে আমারই জীবনপ্রদ তাহাও নহে, পরন্তু সংসারস্থ জীবমাত্রের সর্ব্বপতি প্রদাতা অর্থাৎ ভক্ত-মিত্র উভয়েরই সদ্গতি প্রদান করিয়া থাকেন, যেহেতু অখিল দৈহধারিগণের মধ্যে অন্তররূপ বাসুদেব প্রভৃতি ভক্তপক্ষে চতুর্ভুজ রূপ বা দ্বিভুজ স্বরূপ প্রদর্শন করাইয়া পরমানন্দ প্রদান করিয়া থাকেন; এবং বহিরঙ্গ আপাতত শত্রুরূপী কংসাদি অসুরদিগকে কালরূপ দ্বারা নিধন ও মোক্ষ অর্পণ করেন, সেই মায়ামানুষ নরাকৃতি পরমপুরুষ শ্রীভগবানের অতি রহস্য লীলাসমূহ কীর্ত্তন করুন।৭

হে প্রভো! আপনি নবমস্কন্ধে শ্রীবলরামকে রোহিণীনন্দন বলিয়াছেন, পুনরায় তাঁহাকেই শ্রীদেবকীর গর্ভসম্ভূত বলিয়া বর্ণন করিলেন। এই বাক্যে আমাদের বড়ই আশঙ্কা হইল, সেইজন্য জিজ্ঞাসা করিতেছি যে, দেহান্তর ব্যতিরেকে অর্থাৎ এক দেহে রোহিণীতনয়ের আবার দেবকীগর্ভসম্বন্ধ

ব্রজে বসন্ কিমকরোন্মধুপুর্য্যাঞ্চ কেশবঃ।
ভ্রাতরঞ্চাবধীৎ কংসং মাতুর্বন্ধাদ্ভয়ার্ণবম্ ॥১০
দেহং মানুষমাশ্রিত্য কতি বর্ষাণি বৃষ্ণিভিঃ।
যদুপুর্য্যাং সহাবাৎসীৎ পত্ন্যাঃ কত্যভবন্ প্রভোঃ ॥১১

কেশবঃ ব্রজে মধুপুর্য্যাং মধুরায়াং চ বসন্ কিম্ অকরোৎ। অক্রূরস্থিতং সন্তং অবোধয়ন্, মাতুঃ শ্রুতবন্ মাতুলং কংসং চ অন্যে সাক্ষাৎ (ভবন্) অবধীৎ ॥১০

মানুষং দেহম্ আশ্রিত্য বৃষ্ণিভিঃ জ্ঞাতিভিঃ সহ যদুপুর্য্যাং দ্বারকায়াং কতি বর্ষাণি অবাৎসীৎ। প্রভোঃ শ্রীকৃষ্ণস্য কতি পত্ন্যঃ স্ত্রিয়ঃ অভবন্ ॥১১

কি প্রকারে সম্ভব হইতে পারে ?৮

ভগবান্ (ষড়ৈশ্বর্য্যশালী) ও মুকুন্দ (মুক্তিদাতা) হইয়াও কি কারণে পিতা বসুদেবের গৃহ হইতে ব্রজে গমন করিলেন ? যিনি ষড়ৈশ্বর্য্যশালী, তিনি যে কংসভয়ে ভীত হইয়া ব্রজে গিয়াছিলেন, ইহা কখন সম্ভব হইতে পারে না, আর যিনি মুকুন্দ অর্থাৎ সর্ব্ব-জীবের মুক্তি দাতা, তাঁহার যদি কংসকে মুক্তিপ্রদান করিবারই অভিপ্রায় থাকিত, তাহা হইলে মথুরায় পিতৃগৃহে অবস্থান করিয়াই কংসকে মুক্তি দিতে পারিতেন। অপর জিজ্ঞাস্য এই যে ভক্তজনপালক শ্রীকৃষ্ণ প্রকটাবস্থায় জ্ঞাতিগণের সহিত কিরূপে বৃন্দাবনে ও দ্বারকায় অবস্থান করিয়াছিলেন ? অর্থাৎ বৃন্দাবন ও দ্বারকার কথোচিত বৈশিষ্ট্য বর্ণন করুন ।৯

ভগবান্ কেশব প্রকটাবস্থায় ব্রজ, মধুপুরী ও দ্বারকাতে বাস করিয়া কি কার্য্য করিয়াছিলেন ? আর কেনই বা তিনি অবোধ্য জননীর ভ্রাতা (মাতুল) কংসকে বধ করিয়াছেন ?১০

অপর—সেই সচ্চিদানন্দময় ভগবান্ নরাকৃতি পরম মনোহর শ্রীবিগ্রহ প্রকট করিয়া বৃষ্ণিগণের সহিত মধুপুরীতে মনুষ্যপরিমাণে কত বৎসর বাস করিয়াছিলেন, আর প্রভুর অঙ্গীকৃত যে সকল

এতদন্তঞ্চ সর্ব্বং যে মুনে কৃষ্ণবিচেষ্টিতম্।
বক্তুমর্হসি সর্ব্বজ্ঞ শ্রদ্দধানায় বিস্তৃতম্ ॥১২
নৈবাতিদুঃসহা ক্ষুন্মাং ত্যক্তোন্মপি বাধতে।
পিবন্তং ত্বন্মুখাম্ভোজ-চ্যুতং হরিকথামৃতম্ ॥১৩

হে সর্ব্বজ্ঞ মুনে ! এতৎ অন্তং চ সর্ব্বং কৃষ্ণবিচেষ্টিতম্ শ্রীকৃষ্ণস্য কর্ম্ম শ্রদ্দধানায় শ্রদ্ধাবতে যে মহ্যং বিস্তৃতং বক্তুম্ অর্হসি ॥১২

অতিদুঃসহা এষা ক্ষুৎ ক্ষুধা ত্যক্তোন্মপি পরিত্যক্তজলম্ অপি ত্বন্মুখাম্ভোচ্যুতং ত্বৎ মুখপদ্মবিনিসৃতং হরিকথামৃতং পিবন্তং মাং ন বাধতে ॥১৩

পত্নী ছিলেন, তাহারই বা পরিমাণ কি ?১১

হে মুনিবর ! আপনি সকলই বিদিত আছেন। ভগবান্ যে লীলা সম্পাদন করিয়াছেন, আমি তাহাতে অনভিজ্ঞ, অতএব আপনি তৎসমুদয় বর্ণন করুন। আমি যাহা যাহা জিজ্ঞাসা করিলাম ও অন্যান্য যে যে কিছু শ্রীকৃষ্ণের বিচিত্র কর্ম্ম রহিয়াছে, তৎসমুদয় আমার নিকট বিস্তার পূর্ব্বক কীর্ত্তন করুন। ভগবল্লীলাশ্রবণে শ্রদ্ধাবিত হইয়াছি, অতএব আপনি তাহা বলিতে কোনরূপ আশঙ্কা করিবেন না ।১২

হে ভগবন্ ! আমি ইতিপূর্ব্বে মহাদুস্তর বিপ্রের নিকট যে অপরাধ করিয়াছিলাম, সেই দুঃখে অধিলম্বে প্রাণত্যাগ করিব বলিয়া জল পর্য্যন্ত পরিত্যাগ করিয়াছি ; কিন্তু এই কথামৃত পান তাবতই এখনও প্রাণ রক্ষিত হইয়াছে। অধুনা যদি কথামৃত পানে বিরত হই, তাহা হইলে এক্ষণেই আমার প্রাণ বহির্গত হইবে সন্দেহ নাই। যদি বলেন "ক্ষুধা তৃষ্ণায় ব্যাকুল হইয়াছ, ক্ষণকাল বিশ্রামাদি কর, নচেৎ কথাশ্রবণে চিত্তের চাঞ্চল্য হইতে পারে", হে প্রভো! এইরূপ বাক্য আমাকে বলিবেন না, কারণ সকল অর্থের মূল যে তৃষ্ণা, যাহার প্রভাবে আমি মুনিগণে মৃতদর্প প্রদান করিয়াছিলাম, তদ্তুল্য অতিদুঃসহা বিবেকহারিণী এই ক্ষুধা, জল পর্য্যন্ত পরিত্যাগ করিলেও আমাকে

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

সূত উবাচ।

এবং নিশম্য ভৃগুনন্দন সাধুবাদং
বৈয়াসকিঃ স ভগবানথ বিষ্ণুরাতম্।
প্রত্যর্চ্য কৃষ্ণচরিতং কলিকল্মষঘ্নং
ব্যাহর্তুমারভত ভাগবতপ্রধানঃ ॥১৪

শ্রীশুক উবাচ।

সম্যগ্ব্যবসিতা বুদ্ধিস্তব রাজর্ষিসত্তম।
বাসুদেবকথায়াং তে যজ্জাতা নৈষ্ঠিকী রতিঃ ॥১৫

যে ভৃগুনন্দন শৌনক! অথ ভগবান্ ভাগবতপ্রধানঃ ভগবদ্ভক্তানু শ্রেষ্ঠঃ বৈয়াসকিঃ শুকদেবঃ এবং সাধুবাদং সাধুশব্দং নিশম্য শ্রুত্বা বিষ্ণুরাতং পরীক্ষিতং প্রত্যর্চ্য সম্ভাষ্য, কলিকল্মষঘ্নং কলিনাশনাশকং কৃষ্ণ চরিতং বাসুদেবং বক্তুং আরভত ॥১৪

হে রাজর্ষিসত্তম নৃপাগ্রণী! তব বুদ্ধিঃ সম্যগ্ ব্যবসিতা নিশ্চয়বিদ্যুক্তা। যৎ যতঃ কুতঃ বাসুদেবকথায়াং শ্রীকৃষ্ণচরিতে তে তব নৈষ্ঠিকী আত্যন্তিকী রতিঃ অনুরাগঃ জাতঃ। তৎপাদসলিলং যথা শ্রীকৃষ্ণপাদনিঃসৃতা সলিলং (গঙ্গা) ত্রিভুবনম্ ইব

বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষাংস্ত্রীন্ পুনাতি হি।
বক্তারং প্রচ্ছকং শ্রোতৃংস্তৎপাদসলিলং যথা ॥১৬

ভূমির্দৃপ্তনৃপব্যাজ-দৈত্যানীকশতায়ুতৈঃ।
আক্রান্তা ভূরিভারেণ ব্রহ্মাণং শরণং যযৌ ॥১৭

গৌর্ভূত্বাশ্রুমুখী খিন্না ক্রন্দন্তী করুণং বিভোঃ।
উপস্থিতান্তিকে তস্মৈ ব্যসনং সমবোচত ॥১৮

বাসুদেবকথাপ্রশ্নঃ বক্তারং প্রচ্ছকং শ্রোতৃন্ ত্রীন্ পুনাতি হি ॥১৪-১৬

ভূমিঃ পৃথিবী দৃপ্তনৃপব্যাজদৈত্যানীকশতায়ুতৈঃ অযুতলক্ষসংখ্যকদৈত্যসৈন্যৈঃ ভূরিভারেণ আক্রান্তা সতী ব্রহ্মাণং শরণং যযৌ ॥১৭

খিন্নাঃ দুঃখিতা করুণং রুদন্তী অশ্রুমুখী গাভ-রূপা (ভূমিঃ) সৌঃ তস্মৈ বিভোঃ ব্রহ্মণঃ অন্তিকে সমীপে উপস্থিতা সতী তস্মৈ তং ব্যসনং দুঃখম্ অবোচত কথয়ামাস ॥১৮

আর পীড়া প্রদান করিতে পারিতেছে না। যেহেতু আমি ভবদীয় মুখপদ্মবিগলিত সর্ব্বদুঃখহারী শ্রীহরির কথামৃত পান করিতে প্রবৃত্ত হইয়াছি। আহা! হরি-কথামৃত পানে প্রবৃত্ত হইয়াই আমার ঐহিক ক্ষুৎপিপাসা দূর হইল, অপর যাঁহারা হরি কথামৃত পান করিয়াছেন, তাঁহাদিগের যে ভবতৃষ্ণা দূর হইয়াছে, ইহাতে আর সন্দেহ কি হইতে পারে?১৩

সূত বলিলেন,—হে ভৃগুনন্দন [শৌনক]! মহারাজ পরীক্ষিতের এতাদৃশ সমীচীন প্রশ্নসমূহ শ্রবণানন্তর সেই ভাগবতপ্রধান ভগবান্ শ্রীশুকদেবগোস্বামী মহারাজ পরীক্ষিৎকে বিবিধ প্রশংসাবচনে সম্মানিত করিয়া কলি-কল্মষনাশক শ্রীকৃষ্ণচরিত বর্ণন করিতে করিতে আরম্ভ করিলেন।১৪

শ্রীশুকদেব কহিলেন,—হে রাজর্ষিসত্তম! তোমার বুদ্ধি, সম্যক্ প্রকারে নিশ্চিন্ত হইয়াছে অর্থাৎ বুদ্ধি যাহাতে স্থিরতা লাভ করা উচিত, তাহাতেই সম্যক্ স্থিরতা লাভ করিয়াছে, কেননা এই বুদ্ধি হইতেই তোমার বাসুদেবকথায় নৈষ্ঠিকী (পরাকাষ্ঠা চরম-সীমায় উপনীত) রতির আবির্ভাব হইয়াছে।১৫

হে রাজন্! তুমি যে শ্রীকৃষ্ণকথার প্রশ্ন করিলে, তদ্দ্বারা তোমার, আমার ও অন্যান্য শ্রোতৃগণের জীবনও ধন্য হইল, কেননা ভগবান্ বাসুদেবের চরণামৃত সেক্তা (যিনি সেচন করেন), সিচ্যমান (যাঁহাকে সেচন করা যায়) ও এতদুভয় সঙ্গী এই ত্রিবিধজনকে পবিত্র করিয়া থাকেন, কিংবা বাসুদেবের পাদোদকা গঙ্গা যেমন ঊর্দ্ধলোক (স্বর্গ), মধ্যলোক (মর্ত্তলোক), অধোলোক (পাতাল) এই তিন লোক পবিত্র করিয়া থাকেন, তদ্রূপ বাসুদেব কথাপ্রশ্নও প্রশ্নকর্ত্তা, বক্তা ও শ্রোতৃবৃন্দ এই ত্রিবিধ জন-সকলকে পরম পবিত্র করিয়া থাকেন।১৬

সেই যাহা হউক এখন ভগবদবতারের প্রসিদ্ধ কারণ শ্রবণ কর, পরিক্ষিত নরপতিস্থলে দৈত্যসম

ব্রহ্মা তদুপধার্য্যাথ সহ দেবৈস্তয়া সহ।
জগাম স-ত্রিনয়নস্তীরং ক্ষীরপয়োনিধেঃ ॥১৯
তত্র গত্বা জগন্নাথং দেবদেবং বৃষাকপিম্।
পুরুষং পুরুষসূক্তেন উপতস্থে সমাহিতঃ ॥২০
গিরং সমাধৌ গগনে সমীরিতাং
নিশম্য বেধাস্ত্রিদশানুবাচ হ।
গাং পৌরুষীং মে শৃণুতামরাঃ পুন-
র্বিধীয়তামাশু তথৈব মা চিরম্ ॥২১

পুরৈব পুংসাবধৃতো ধরাজ্বরো
ভবদ্ভিরংশৈর্হৃতপূরুষাদ্যতাম্।
স যাবদুর্ব্ব্যা ভবমীশ্বরেশ্বরঃ
স্বকালশক্ত্যা ক্ষপয়ংশ্চরেদ্ ভুবি ॥২২

বসুদেবগৃহে সাক্ষাদ্ভগবান্ পুরুষঃ পরঃ।
জনিষ্যতে তৎপ্রিয়ার্থং সম্ভবন্তু সুরস্ত্রিয়ঃ ॥২৩

অথ সত্রিনয়নঃ মহাদেবসহিতঃ তং দুগ্ধম্ অবধার্য্য ভাষা দেবৈঃ সহ তয়া পৃথিব্যা চ সহ ক্ষীরপয়োনিধেঃ ক্ষীরপয়ুত্তর তীরং জগাম ।১৯

তত্র ক্ষীরপয়ুত্তীরে গত্বা সমাহিতঃ অমরবরঃ সন্ দেবদেবং বৃষাকপিং সর্ব্বকামপ্রদং সর্ব্বক্লেশাপহরং চ পুরুষং নারায়ণং পুরুষসূক্তেন সহস্রশীর্ষত্বাদিভিঃ বেদোক্তমন্ত্রৈঃ উপতস্থে ব ।২০

বেধাঃ ব্রহ্মা গগনে আকাশে সমীরিতাং উদ্ঘাষিতাং গিরং বাচং সমাধৌ যোগে নিশম্য শ্রুত্বা ত্রিদশান্ দেবান্ উবাচ হ। হে অমরাঃ দেবাঃ। যে মৎকথাপাং পৌরুষীং মহাপুরুষবিষয়াং গাং বাচম্ আশু শীঘ্র শৃণুত মা চিরম্ অবিলম্বিতং এব তথা বিধীয়তাম্। পুরা হরিণা ধরাজ্বরঃ কৃতাপহঃ পৃথা এব অবধৃতঃ ত্যক্তঃ। যঃ ঈশ্বরেশঃ যাবৎ স্বকালশক্ত্যা ঊর্দ্ধ্বঃ পৃথিব্যা তলং ক্ষপয়ন্ বিনাশয়ন্ ভুবি চরেৎ, তাবৎ তাবদ্ভিঃ আংশৈঃ বসু সুরসংঘেষু উপজন্তাম্। ভগবান্ পরঃ পুরুষঃ হরিঃ বাসুদেবগৃহে সাক্ষাৎ অবিষ্যতে। অমরস্ত্রিয়ঃ তৎ প্রিয়ার্থং ভূবি ভবন্তু ।২১-২৩

যখন পৃথিবী সবাক্সর করিয়া ফেলিল, তখন তাঁহাদিগের অসংখ্য সেনাসকলের ভূরিভারে আক্রান্ত ধরণী ব্রহ্মার শরণাপন্না হইলেন ।১৭

সেই পৃথিবী গাভীরূপ ধারণ করিয়া শোকাকুলিত মানসে করুণস্বরে রোদন করিতে করিতে সুমেরুস্থ ব্রহ্মার সমীপে উপস্থিত হইয়া স্বীয় দুঃখ নিবেদন করিলেন ।১৮

পৃথিবীর দুঃখবার্ত্তা শ্রবণ করিয়া ব্রহ্মা মনে মনে বিচার করিলেন যে, "বিশ্বের সৃষ্টি করাই যদীয় কার্য্য এবং বিশ্বপালন করা ভগবান্ বিষ্ণুর কার্য্য। সেই ভগবান্ বিষ্ণু ক্ষীরোদসমুদ্রে অবস্থান করিতেছেন, সেই স্থলে গমন পূর্ব্বক তাঁহাকে নিবেদন করাই সঙ্গত।" অনন্তর ব্রহ্মা পৃথিবী ও ইন্দ্রাদি দেবগণের সহিত ত্রিলোচনকে সঙ্গে লইয়া ক্ষীরোদ-সমুদ্র তীরে গমন করিলেন ।১৯

সেই স্থলে উপস্থিত হইয়া দেবদেব জগন্নাথ সর্ব্বকামনাপূর্ণকারী সর্ব্বদুঃখহারী ভগবান্‌কে বেদোক্ত মন্ত্রদ্বারা স্তব করিতে লাগিলেন ।২০

বিধাতা সমাধিকালে গগনমণ্ডলে সমুদ্ভাষিত বাক্য অর্থাৎ আকাশ-বাণী শ্রবণ করিয়া সহর্ষে দেবগণকে কহিলেন—হে অমরবৃন্দ! যদি অমরত্ব রক্ষা করিতে বাসনা থাকে, তাহা হইলে পরম-পুরুষ ভগবান্ যে কথা বলিলেন, তাহা শীঘ্র আমার নিকট শ্রবণ কর, আর অবিলম্বেই তদনুষ্ঠান কর ।২১

ব্রহ্মা সমাধিকালে আকাশ-বাণীরূপে শ্রীবিষ্ণুর আদেশ শ্রবণ করিয়া দেবগণের প্রতি বলিতেছেন—হে দেবগণ! ক্ষীরোদনাথ বলিলেন—স্বয়ং গোলোক-নাথ ভগবান্ শ্রীকৃষ্ণ আমাদিগের বিজ্ঞাপনের পূর্ব্বেই পৃথিবীর সন্তাপ বিদিত হইয়াছেন। সেই ঈশ্বরের মর্ত্যলোকে প্রকট হইয়া স্বীয় কালশক্তি দ্বারা ধরার ভার হরণ করিতে যতকাল

বাসুদেবকলানন্তঃ সহস্রবদনঃ স্বরাট্।
অগ্রতো ভবিতা দেবো হরেঃ প্রিয়চিকীর্ষয়া ॥২৪
বিষ্ণোর্মায়া ভগবতী যয়া সংমোহিতং জগৎ।
আদিষ্টা প্রভুণাংশেন কার্যার্থে সম্ভবিষ্যতি ॥২৫

শ্রীশুক উবাচ।

ইত্যাদিশ্যাত্মযোনীনাং প্রজাপতিপতির্বিভুঃ।
আশ্বাস্য চ মহীং গীর্ভিঃ স্বধাম পরমং যযৌ ॥২৬

শূরসেনো যদুপতির্মথুরামাবসন্ পুরীম্।
মাথুরান্ শূরসেনাংশ্চ বিষয়ান্ বুভুজে পুরা ॥২৭

রাজধানী ততঃ সাসীৎ সর্বযাদবভূভুজাম্।
মথুরা ভগবান্ যত্র নিত্যং সন্নিহিতো হরিঃ ॥২৮

তস্যাং তু কর্হিচিচ্ছৌরির্বসুদেবঃ কৃতোদ্বহঃ।
দেবক্যা সূর্যয়া সার্ধং প্রয়াণে রথমারুহৎ ॥২৯

বাসুদেবকলা হরেঃ অংশঃ সহস্রবদনঃ স্বরাট্ শেষঃ অনন্তঃ হরেঃ প্রিয়চিকীর্ষয়া অগ্রতঃ পূর্বতঃ ভবিতা ॥২৪

যয়া মায়য়া জগৎ সংমোহিতং, সা ভগবতী বিষ্ণোঃ মায়া প্রভুণা আদিষ্টা, নাশি অংশেন সম্ভবিষ্যতি ॥২৫

বিভুঃ প্রভুঃ প্রজাপতিভিঃ ব্রহ্মা ইতি অবয়বশান্ দেবগণান্ আশ্বিত্য ইতিঃ বাগ্‌ভিঃ মহীম্ আশ্বাস্য চ পরমম্ উত্তমং স্বধাম ব্রহ্মলোকং যযৌ ॥২৬

পুরা যদুপতিঃ শূরসেনঃ মথুরায় পুরীম্ আবসন্ বাসং কুর্বন্ মাথুরান্ শূরসেনান্ চ বিষয়ান্ দেশান্ বুভুজে পালয়ামাস। ততঃ (অনেকাঃ) সা মথুরা সর্বযাদবভূভুজাং সর্বযদুকুলোত্তমানাং রাজধানী অভূৎ। যত্র মথুরায়াং হরিঃ নিত্যং সন্নিহিতঃ (অস্তি) ॥২৭-২৮

শ্রীমদান্ধস্য ধনমদরোগগ্রস্তস্য অতঃ ছাত্রস্য দারিদ্র্যং এব পরং শ্রেষ্ঠং অঞ্জনং রোগনিবারকম্ ঔষধং, (যতঃ) দরিদ্রঃ পরং কেবলং ভূতানি আত্মৌপম্যেন আত্মতুল্যতয়া ঈক্ষতে পশ্যতি ॥১৩

যথা কণ্টকবিদ্ধাঙ্গঃ জনঃ লিঙ্গৈঃ মূর্ছাবাধিভিঃ জীবসাম্যং (বিজন্তুঃ গাঢ়ত্বেন তুল্যাবস্থঃ) গতঃ প্রাপ্তঃ সন্ তস্যাঃ পরস্য তাং কণ্টকবেধজনিতাং ব্যথাং ন ইচ্ছতি, তথা অবিদ্ধকণ্টকঃ জনঃ ন ।১৪

এবং নিরহংস্তম্ভঃ নিরহংকারঃ যৈ জন্তুভি এব সর্বমদৈঃ : দরিদ্রঃ পুমান্ যদৃচ্ছয়া কৃচ্ছ্রং ক্লেশং যৎ আপ্নোতি, তৎ হি তস্য পরং তপঃ ।১৫

নিত্যং অহরহঃ ক্ষুৎকামদেহস্য ক্ষুধা পীড়িতস্য দরিদ্রস্য ইন্দ্রিয়াণি সম্যক্ শুষ্যন্তি অতঃ হিংসাপি বিনিবর্ততে ।১৬

দরিদ্রস্য এব সমদর্শিনঃ সাধবঃ যুজ্যন্তে (সাধুসঙ্গো ভবতি), সদ্ভিঃ সাধুসংসর্গৈঃ তং অজ্ঞানতাবনিমিত্তং তর্ষং ক্ষুধাঃ (দরিদ্রস্য যস্য এব) ক্ষিণোতি ত্যজতি, ততঃ আরাৎ শীঘ্রম্ এব চ বিশুধ্যতি ।১৭

বা কুকুরের ? তাহা কিছুই স্থির করা যায় না ।১১

এই প্রকার সাধারণ সম্পত্তি এবং প্রকৃতি হইতে উৎপন্ন ও প্রকৃতিতে বিলয় দেহকে আত্মরূপে অঙ্গীকার করিয়া অজ্ঞানী বিনা কোন্ বিদ্বান্ ব্যক্তি প্রাণীদিগের হিংসা করে ?১২

অবলীকৃতেন্দ্রিয় ও ধনমদে অন্ধ ব্যক্তির পক্ষে দারিদ্র্য একমাত্র অঞ্জন, কারণ দরিদ্র ব্যক্তি সর্বদা নিজের দুঃখ তুলনায় অন্যের প্রতি অন্যায় আচরণ করিতে পারে না ।১৩

যাহার দেহে কণ্টক বিদ্ধ হইয়াছে, সে পরের মূর্ছাবাধি চিহ্ন দ্বারা নিজের দুঃখ অনুভব পূর্বক পরের প্রতি কণ্টকবেধ-জনিত দুঃখ দিতে ইচ্ছা করে না, কিন্তু যাহার অঙ্গে কখনও কণ্টক বিদ্ধ হয় নাই, সে পরের কণ্টকবেধ-জনিত দুঃখ কখনও বুঝিতে পারে না ।১৪

এই সংসারে দরিদ্র ব্যক্তিগণ সর্ব্ব অহংকার হইতে মুক্ত। তাহার অহঙ্কাররূপ পর্ব্বত থাকে না। আরও প্রারব্ধবশে সে সকল কষ্ট সহ্য করে, ইন্দ্রিয়-সংযমন বিষয়ে তাহাই তাহার পরম তপস্যা ।১৫

সর্ব্বদা অন্নাভাব ও ক্ষুধার দ্বারা জীর্ণদেহ দরিদ্রের ইন্দ্রিয়গণ অনায়াসেই শুষ্ক ও বাসনা-রহিত হয়, সুতরাং নরকাদির হেতুভূতা হিংসারও নিবৃত্তি হইয়া থাকে ।১৬

সমদর্শী সাধুপুরুষগণ দরিদ্রের সহিত সহজে মিলিত হইয়া থাকেন, এইরূপে সাধুসঙ্গ হইলে সাধুসঙ্গের গুণে সেই দরিদ্র ব্যক্তির বিষয়-তৃষ্ণা ক্ষয়প্রাপ্ত হইয়া থাকে, তৃষ্ণা ক্ষয়প্রাপ্ত হইলে শীঘ্র পরমানন্দ লাভ হয় ।১৭

সাধূনাং সমচিত্তানাং মুকুন্দচরণৈষিণাম্।
উপেক্ষ্যৈঃ কিং ধনস্তম্বৈরসদ্ভিরসকাশ্রয়ৈঃ ॥১৮

তদহং মত্তয়োর্মাধ্ব্যা বারুণ্যা শ্রীমদান্ধয়োঃ।
তমো মদং হরিষ্যামি স্ত্রৈণয়োরজিতাত্মনোঃ ॥১৯

ধনিনৌ লোকপালস্য পুত্রৌ ভূত্বা তমঃপ্লুতৌ।
ন বিবাসসমাত্মানং বিজানীতঃ সুদুর্মদৌ ॥২০

অতোঽর্হতঃ স্থাবরতাং স্যাতাং নৈবং যথা পুনঃ।
স্মৃতিঃ স্যান্মৎপ্রসাদেন তত্রাপি মদনুগ্রহাৎ ॥২১

বাসুদেবস্য সান্নিধ্যং লব্ধ্বা দিব্যশরচ্ছতে।
বৃত্তে স্বর্লোকতাং ভূয়ো লব্ধভক্তী ভবিষ্যতঃ

শ্রীশুক উবাচ।

এবমুক্ত্বা স দেবর্ষির্গতো নারায়ণাশ্রমম্।
নলকূবরমণিগ্রীবাবাসাদুর্বলার্জুনৌ ॥২৩

মুকুন্দচরণাভিলাষী প্রশান্তচিত্ত সাধুগণের ধন-পর্ব্বিত অসৎ-সঙ্গ-পরায়ণ অজিতেন্দ্রিয় উপেক্ষা-যোগ্য ধনবানের সহিত কি প্রয়োজন? অর্থাৎ যে সকল ব্যক্তি ভগবদ্ভাবে সুখী, তাহাদিগের আর ধনের মুখাপেক্ষী হইবার কোনই প্রয়োজন থাকে না।১৮

অতএব বারুণী নাম্নী সুরাপানে উন্মত্ত ধনমদ পর্ব্বিত ত্রৈণ অজিতেন্দ্রিয় এই গুহ্যকদ্বয়ের অজ্ঞান-কৃত গর্ব্ব নষ্ট করিব।১৯

যেহেতু এই গুহ্যকদ্বয় লোকপাল কুবেরের পুত্র হইয়াও অজ্ঞানান্ধ এবং অতীব উন্মত্ত হইয়াছে। ঐশ্বর্য্যগর্ব্ববশতঃ আপনাদিগের বিবস্ত্রাবস্থাও জানিতে পারিতেছে না।২০

অতএব পাপকরতায়ী অতিসম্পাতরূপ আমার অনুগ্রহে ইহারা বৃক্ষযোনি প্রাপ্ত হউক। ঐ স্থাবর শরীর লাভে ও আমার প্রসাদে ইহাদিগের পূর্ব্ব-স্মৃতি থাকিবে।২১

অনন্তর দেবপরিমিত শত বৎসর অতীত হইলে ভগবান্ বাসুদেবের সান্নিধ্য লাভ করিয়া পুনশ্চ দেবত্ব ও নলকূবর-মণিগ্রীব স্বরূপলাভ পূর্ব্বক শ্রীভগবানের ভক্তিযুক্ত হইয়া পুনর্ব্বার স্বর্গলোক প্রাপ্ত হইবে।২২

শ্রীশুকদেব কহিলেন,—দেবর্ষি নারদ এই প্রকার বলিয়া নারায়ণাশ্রম অর্থাৎ বদরিকাশ্রমে গমন করিলেন। ঐ নলকূবর ও মণিগ্রীব নারদের বাক্যানুসারে ব্রজমণ্ডলে যমলার্জুন বৃক্ষরূপে জন্ম গ্রহণ করিল।২৩

মুকুন্দচরণৈষিণাং সমচিত্তানাং সাধূনাং অসদ্ভ্রংশরহিতানাং ধনস্তম্বৈঃ ঐশ্বর্য্যগর্ব্বিতৈঃ অসদ্ভিঃ ধনমদিতৈঃ পুংভিঃ কিং ন কিমপি।১৮

তৎ তস্মাৎ অহং বারুণ্যা মাধ্ব্যা মদকরাঃ শ্রীমদান্ধয়োঃ শ্রৈণয়োঃ স্ত্রীসক্তয়োঃ অজিতাত্মনোঃ অসংযতিত্বমদনয়োঃ, (অনয়োঃ) তয়োরেবম্ অজ্ঞানতঃ মদং হরিষ্যামি।১৯

যদি হ্যেনৌ লোকপালস্য পুত্রৌ সুদুর্মদৌ তমঃপ্লুতৌ নোহাচ্ছন্নৌ ভূত্বা আত্মানং বিবাসসং বিবস্ত্রং (অপি) ন বিজানীতঃ।২০

অতঃ স্থাবরতাং বৃক্ষযোনিং অর্হতঃ, যথা এবম্ ইদৃশৌ পুনঃ ন স্যাতাং, (অতঃ তত্রাপি) মৎপ্রসাদেন স্মৃতিঃ পূর্ব্বজন্মস্মরণং স্যাৎ। তত্রাপি মদনুগ্রহাৎ।২১

দিব্যশরচ্ছতে দেবপরিমিতশতসংবৎসরে বৃত্তে অতীতে সতি বাসুদেবস্য সান্নিধ্যং লব্ধ্বা লব্ধভক্তী সন্তৌ ভূয়ঃ স্বর্লোকতাং ভবিষ্যতঃ দেবত্বং প্রাপ্স্যতঃ।২২

শ্রীশুকঃ উবাচ। সঃ দেবর্ষিঃ নারদঃ এবম্ উক্ত্বা নারায়ণাশ্রমং গতঃ, নলকূবরমণিগ্রীবৌ যমলার্জুনৌ সহজাতৌ অর্জ্জুনবৃক্ষৌ আস্তাম্।২৩

ঋষের্ভাগবতমুখ্যস্য সত্যং কর্তুং বচো হরিঃ।
জগাম সনকৈস্তত্র যত্রাস্তাং যমলার্জুনৌ ॥২৪
দেবর্ষির্মে প্রিয়তমো যদিমৌ ধনদাত্মজৌ।
তস্মাদস্যানুভাবস্য যদ্গীতং তন্মহাত্মনা ॥২৫
ইত্যন্তরেণার্জুনয়োঃ কৃষ্ণস্য যমবোর্যবৌ।
আত্মনির্বেশমাত্রেণ তির্য্যগ্গতমুদূখলম্ ।২৬
বালেন নির্কর্ষয়তা তদুদূখলং তদ্
দামোদরেণ তরসোৎকলিতাঙ্ঘ্রিবন্ধৌ ॥

নিষ্পেতুঃ পরমবিক্রমিতাতিবেপ-
স্কন্ধপ্রবালবটপৌ কৃতচণ্ডশব্দৌ ।২৭
তত্র শ্রিয়া পরময়া ককুভঃ স্ফুরন্তৌ
সিদ্ধাবুপেত্য কৃতয়োরিব তাততেজাঃ।
ং প্রণম্য শিখরাখিললোকনাথং
বদ্ধাঞ্জলী বিরজসাবিদমূচতুঃ স্ম ।২৮
কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিংস্ত্বমাদ্যঃ পুরুষঃ পরঃ।
ব্যক্তাব্যক্তমিদং বিশ্বং রূপং তে ব্রাহ্মণা বিদুঃ ॥২৯

ঋষিঃ শ্রীকৃষ্ণ ভাগবতমুখ্যস্য ভক্তশ্রেষ্ঠস্য ঋষেঃ নারদস্য বচঃ সত্যং কর্তুং সনকৈঃ ভব জগাম, যত্র যমলার্জুনৌ সহলভতয়ৌ স্তঃ আস্তাম্ ।২৪

দেবর্ষিঃ যে মম প্রিয়তমঃ, তৎ কস্মাৎ হেতোঃ মহাত্মনা (মহাভক্তেন) যৎ যস্মাৎ কারণাৎ যৎ যতঃ ইমৌ ধনদাত্মজৌ তৎ তস্মাৎ তস্য নারদস্য (ভাববশোবঃ ১৯৩) পুনঃ স্মর্তব্যা পরমভক্তিমত্তেন করিষ্যামি ।২৫

ইতি (বিধুবা) কৃষ্ণঃ তু যমবোঃ অর্জুনয়োঃ অন্তরেণ মধ্যে, আত্মনির্বেশমাত্রেণ (কৃষ্ণস্য উদরস্য প্রবেশমাত্রেণ) উদূখলং ভিত্ত্বা, সন্ ।২৬

তদানোয়তরেণ বালেন কৃষ্ণেন অথবা ভিন্নকীয়েন উদূখলং তত্তল যেগেন নির্কর্ষতা সতা উৎকলিতাঙ্ঘ্রিবন্ধৌ উৎপাটিত-মূলবন্ধৌ যৌ অর্জুনৌ পরমবিক্রমাতিবেগযুক্ত-প্রবালবিটপৌ কৃতচণ্ডশব্দৌ কৃত্বা নিষ্পেতুঃ ।২৭

তত্র পরময়া শ্রিয়া ককুভঃ দিশঃ স্ফুরন্তৌ বিরজসৌ বিরংকার্যৌ সন্তৌ সহলভৌ সিদ্ধৌ গুহ্যকৌ (পরস্পরবিলিত-ত্বাৎ একীভূত অবিবিৎ) কৃতয়োঃ কৃষ্ণয়োঃ সকাশাৎ উপেত্য বিধায়, বদ্ধাঞ্জলী সন্তৌ অখিললোকনাথং কৃষ্ণং নিজয়া প্রণম্য ইদম্ উচতুঃ স্ম ।২৮

হে কৃষ্ণ কৃষ্ণ! মহাযোগিন্ অচিন্ত্যপ্রভাব! ত্বং (প্রকৃতেঃ) পরঃ আদ্যঃ কারণভূতঃ পুমান্। ব্যক্তাব্যক্তং স্থূলসূক্ষ্মং ইদং বিশ্বং ব্রাহ্মণাঃ যে ত্বাং তথা বিদুঃ ।২৯

ভাগবত-প্রধান দেবর্ষি নারদের বাক্য সত্য করিবার জন্য ভগবান্ শ্রীকৃষ্ণ যে স্থানে সেই যমলার্জুন বৃক্ষ অবস্থান করিতেছিল, ধীরে ধীরে সেই স্থানে গমন করিলেন ।২৪

যেহেতু ভগবান্ চিন্তা করিতে লাগিলেন—'দেবর্ষি নারদ আমার অতীব প্রিয়তম এবং কুবের-তনয়দ্বয়ও স্থাবরাবস্থায় অবস্থানের অযোগ্য, অতএব মহাত্মা নারদ ইহাদের সম্বন্ধে যাহা বলিয়াছেন, এই কুবের-তনয়দ্বয়ের প্রতি সেইরূপে কৃপা করিয়া বৃক্ষযোনি হইতে ইহাদিগকে উদ্ধার করিব ।২৫

এইরূপ মনে চিন্তা করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জুন-বৃক্ষদ্বয়ের মধ্যে গমন করিলেন। শ্রীকৃষ্ণের উদরে প্রবেশমাত্র উদূখলটী বক্রভাবে পতিত হইল ।২৬

নিখিল ব্রহ্মাণ্ডভাণ্ডোদর বালকরূপী শ্রীকৃষ্ণ নিজের কটিদেশে বদ্ধ পশ্চাদ্ভাগে স্থিত উদূখল অতি বেগে আকর্ষণ করায় উক্ত বৃক্ষদ্বয়ের মূল উৎপাটিত হইল। শ্রীকৃষ্ণের পরম বিক্রমে উহাদের স্কন্ধ, প্রবাল ও শাখা সকল কাঁপিতে কাঁপিতে প্রচণ্ড শব্দ সহকারে ভূমিতলে নিপতিত হইল ।২৭

সেইস্থানে বৃক্ষদ্বয়ের অত্যন্তরস্থ মূর্ত্তিমান্ অগ্নির ন্যায় উজ্জ্বল ও মহতী কান্তি দ্বারা চতুর্দ্দিক্-প্রকাশ-কারী পূর্ব্বস্বরূপ প্রাপ্ত কুবের-তনয়দ্বয় অখিল লোকনাথ শ্রীকৃষ্ণের সমীপবর্ত্তী হইয়া অবনত মস্তকে প্রণামপূর্ব্বক কৃতাঞ্জলিপুটে বক্ষ্যমাণ বিষয় বলিতে লাগিলেন ।২৮

ঐ দিব্য পুরুষদ্বয় বলিতে লাগিল,—হে কৃষ্ণ! হে মহাযোগিন্! আপনি প্রকৃতির পার, গুণাতীত,

ত্বমেকঃ সর্বভূতানাং দেহাস্বাত্বেন্দ্রিয়েশ্বরঃ।
ত্বমেব কালো ভগবান্ বিষ্ণুরব্যয় ঈশ্বরঃ ।৩০

ত্বং মহান্ প্রকৃতিঃ সূক্ষ্মা রজঃসত্ত্বতমোময়ী।
ত্বমেব পুরুষোঽধ্যক্ষঃ সর্বক্ষেত্রবিকারবিৎ ।৩১

গৃহ্যমাণৈস্ত্বমগ্রাহ্যো বিকারৈঃ প্রাকৃতৈর্গুণৈঃ।
কো নিহার্হতি বিজ্ঞাতুং প্রাক্‌সিদ্ধং গুণসংবৃতঃ ।৩২

তস্মৈ তুভ্যং ভগবতে বাসুদেবায় বেধসে।
আত্মদ্যোতগুণৈশ্ছন্নমহিম্নে ব্রহ্মণে নমঃ ।৩৩

যন্নাভবতারা জ্ঞায়ন্তে শরীরেষশরীরিণঃ।
তৈস্তৈরতুল্যাতিশয়ৈর্বীর্যৈর্দেহিষ্বসংগতৈঃ ।৩৪

স ভবান্ সর্বলোকস্য ভবায় বিভবায় চ।
অবতীর্ণোঽংশভাগেন সাম্প্রতং পতিরাশিষাম্ ।৩৫

নমঃ পরমকল্যাণ নমঃ পরমমঙ্গল।
বাসুদেবায় শান্তায় যদূনাং পতয়ে নমঃ ।৩৬

একঃ ত্বম্ এব সর্বভূতানাং দেহাত্মত্বেন্দ্রিয়েশ্বরঃ দেহপ্রাণাদয়স্তাত্মানঃ তেষাম্ ঈশ্বরঃ। ত্বম্ এব ভগবান্ কালঃ প্রকৃতিঃকালতঃ অন্যতঃ সনাতনঃ, ঈশ্বরঃ সর্বজ্ঞঃ, বিষ্ণুঃ সর্বব্যাপী, ত্বং মহান্ মহত্তত্ত্বং। (ত্বম্ এব) রজঃসত্ত্বতমোময়ী ত্রিগুণাত্মিকা সূক্ষ্মা উপাদানরূপা প্রকৃতিঃ। ত্বম্ এব সর্বক্ষেত্রবিকারাণাং ভক্তানাঞ্চ অধ্যক্ষঃ অবভাসকঃ বিদ্বান্ পুরুষঃ ।৩০-৩১

গ্রাহ্যৈঃ গ্রহণযোগ্যৈঃ গৃহ্যমাণৈঃ বুদ্ধ্যাদিভির্বা বর্তমানৈঃ বিকারৈঃ গুণৈঃ বুদ্ধ্যাদীন্দ্রিয়াদিভিঃ ত্বং নির্বিকারঃ দ্রষ্টা অগ্রাহ্যঃ। গুণসংবৃতঃ দেহাদিভিঃ ত্বং ন্নঃ (জীবৈঃ প্রাক্ নিজং স্বপ্রকাশত্বং। কঃ জনঃ ন্নাং বিজ্ঞাতুম্ ইহ সংসারে অর্হতি ।৩২

(অতঃ) তস্মৈ (ন্নাং) ভগবতে সর্বৈশ্বর্যসম্পন্নায় (যন্নাভবতারা) বাসুদেবায় চতুর্ব্যূহপ্রথমায় বেধসে প্রকৃতঃসর্জকায় আত্মদ্যোতৈঃ স্বপ্রকাশৈঃ গুণৈঃ ছন্নমহিম্নে আবৃতস্বরূপায় ব্রহ্মণে পরমবৃহত্তত্ত্বায় তুভ্যং নমঃ ।৩৩

যস্য ত্বম্ বৈঃ অবিদ্যাকলনৈঃ অনাবারণৈঃ দেহেষু জীবেষু অনন্তৈঃ অবভাসৈঃ বীর্যৈঃ প্রভাবৈঃ শরীরেষু মৎস্যাদিষ্বিব বর্তমানাঃ অপি অশরীরিণঃ তদ্বর্তয়িতারঃ অবতারাঃ জ্ঞায়ন্তে ।৩৪

আশিষাং (ভক্তকামিতানাং সর্বাসাম্ এব) পতিঃ পতিপূরকঃ সঃ ভবান্ সর্বলোকস্য ভবায় বিভবায় ঐহিকাদুষ্টিকাশেষসম্পত্ত্যর্থং সাম্প্রতম্ (মোক্ষপ্রকাশময়ে) অংশভাগেন বলরামাদিতনৈশ্বর্যাদিভিরেব অবতীর্ণঃ অসি। হে পরমকল্যাণ। হে কৃষ্ণ নমঃ, হে বিশ্বমঙ্গল। হে নমঃ; যদূনাং পতয়ে শান্তায় বাসুদেবায় হে নমঃ ।৩৫-৩৬

আপনি আদিপুরুষ। মূল সূক্ষ্মাত্মক এই বিশ্ব প্রপঞ্চকে পণ্ডিত সকল ব্রহ্মস্বরূপ তোমার রূপ বলিয়া নির্দ্দেশ করেন ।২৯

হে ভগবন্! আপনি একমাত্র সর্বভূতের দেহ, প্রাণ, ইন্দ্রিয় ও অহঙ্কারের ঈশ্বর। আপনি গুণক্ষোভক শক্তিশালী কালরূপী, আপনি সনাতন, সর্বব্যাপী অব্যয় ভগবান বিষ্ণু ।৩০

আপনি মহত্তত্ত্ব, আপনিই সত্ত্ব, রজঃ, তমোময়ী ত্রিগুণাত্মিকা সূক্ষ্ম কারণস্বরূপা প্রকৃতি। আপনিই সর্ব-জীবাত্মাধ্যায়ী সর্বনিয়ন্তা আদি পুরুষ ।৩১

হে ভগবন্! আপনি প্রকৃতি-সম্ভূত বিষয়-গ্রাহ্য বুদ্ধি-অহঙ্কার ও ইন্দ্রিয়াদির দ্বারা বুদ্ধি প্রভৃতির আদি কারণ স্বরূপ হইলেও জীবের জ্ঞানের বিষয়ীভূত নন। এই সংসারে দেহাদি গুণাশ্রিত দ্বারা আবৃত কোন্ জীব সকলের আদি স্বয়ং-প্রকাশস্বরূপে বর্তমান পরম পুরুষের সত্তা অবধারণে সমর্থ হয় ।৩২

অতএব সর্বৈশ্বর্যপূর্ণ আত্মা প্রকাশ গুণসমূহ অর্থাৎ নিজ মায়া দ্বারা সমাবৃত প্রভাববিশিষ্ট অদ্ভুত লীলাকারী বাসুদেব সর্বকারণ-কারণ সেই পরব্রহ্ম যে আপনি, আপনাকে নমস্কার ।৩৩

হে ভগবন্! আপনার শরীর নাই বটে, কিন্তু যে সকল অতুল আতিশয্য-সম্পন্ন বীর্য দেহীর পক্ষে অসম্ভব, সেই সকল বীর্য দর্শন করিয়া দেহীদিগের মধ্যে আপনার অবতার জ্ঞানিগণ জানিতে পারেন ।৩৪

অনুজানীহি নৌ ভূমংস্তবানুচরকিঙ্করৌ।
দর্শনং নৌ ভগবত ঋষেরাসীদনুগ্রহাৎ ॥৩৭

বাণী গুণানুকথনে শ্রবণৌ কথায়াং
হস্তৌ চ কর্মসু মনস্তব পাদয়োর্নঃ।
স্মৃত্যাং শিরস্তব নিবাসজগৎপ্রণামে
দৃষ্টিঃ সতাং দর্শনেঽস্তু ভবত্তনূনাম্ ॥৩৮

শ্রীশুক উবাচ।

ইত্থং সংকীর্তিতস্তাভ্যাং ভগবান্ গোকুলেশ্বরঃ।
লম্বা চোলূখলে বদ্ধঃ প্রহসন্নাহ গুহ্যকৌ ॥৩৯

শ্রীভগবানুবাচ।

জ্ঞাতং মম পুরৈবৈতদ্দৃষ্টিনা করুণাত্মনা।
যচ্ছ্রীমদান্ধয়োর্বাগ্ভির্বিভ্রংশোঽনুগ্রহঃ কৃতঃ
সাধূনাং সমচিত্তানাং সুতরাং মৎকৃতাত্মনাম্।
দর্শনান্নৌ ভবেদ্ বন্ধঃ পুংসোঽক্ষ্ণোঃ সবিতুর্যথা ॥৪১

যে কৃষ্ণ, পরমেশ্বর! তব অনুচরকিঙ্করৌ নৌ আবাং (প্রতি) অনুজানীহি আজ্ঞাং বিতরি। নৌ আবাভ্যাং ( ) দর্শনং ভগবতঃ পরমেশ্বরস্য তবেঃ মাহাত্ম্য অনুগ্রহাৎ (এব) আসীৎ ॥৩৭

যে হরে। যঃ অস্মাকম্ ইহ বাণী তব গুণানুকথনে অস্তু, শ্রবণৌ কথায়াং, হস্তৌ কর্মসু, মনঃ তব পাদয়োঃ ন্যস্তাং, তব নিবাসজগৎপ্রণামে শিরঃ অস্তু, তবদ্ভক্তনাং অর্চ্চাস্থাপনায়াং বা বিশেষেণায়াং সত্যাং দর্শনে অস্তু ॥৩৮

ধর্ম্মাদি পুরুষার্থ চতুষ্টয়ের অধিপতি সকলের বাঞ্ছাপূর্ণকারী সেই সর্ব্বশক্তিমান্ আপনি জীবের ইহ পরকালের প্রকৃত মঙ্গল বিধানার্থ সম্প্রতি পরিপূর্ণরূপে অবতীর্ণ হইয়াছেন ।৩৫

হে পরম কল্যাণ! হে বিশ্বমঙ্গল! আপনাকে নমস্কার। আপনি সর্ব্বব্যাপী বাসুদেব শান্ত ও যদুপতি আপনাকে নমস্কার ।৩৬

হে কৃষ্ণ সর্ব্বব্যাপিন্! আমরা দুইজন আপনার ভক্ত শ্রীশুকদেবের কিংবা শ্রীনারদের কিঙ্কর অথবা কুবেরের দাস, আজ্ঞা করুন কি করিতে হইবে, আমরা যে আপনার দর্শন পাইলাম ইহা শ্রীব্যাসদেব নারদের অনুগ্রহেই জানিবেন ।৩৭

আমাদিগের বাণী আপনার ভক্ত-বাৎসল্যাদি গুণে, কর্ণদ্বয়—কথাশ্রবণে, করদ্বয়—মন্দির মার্জ্জনাদি কর্ম্মে, মন—চরণযুগলের স্মরণে, মস্তক ভবদীয় নিবাসভূত শ্রীবৈষ্ণবগণের প্রণামে, নয়ন—আপনার

শ্রীশুক উবাচ। ইত্থং সংকীর্তিতস্তাভ্যাং ভগবান্ শ্রীকৃষ্ণঃ তাভ্যাম্ ইত্থং সংকীর্তিতঃ সন্ শ্রীকৃষ্ণঃ গুহ্যকৌ আহ ॥৩৯

শ্রীভগবান্ উবাচ। শ্রীভগবান্ উবাচ: যুবয়োঃ বাণ্ডিঃ বিভ্রংশঃ অস্তিসম্পাত: এব অনুগ্রহঃ করুণাত্মনা ঋষিণা কৃতঃ, এতৎ মম (বয়ং) পুরা এব জ্ঞাতম্ ।৪০

সবিতুঃ পুরতঃ উদয়ে অন্ধায়াঃ অন্ধকারস্যাবঃ যথা, তথা সমচিত্তানাং সুতরাং মৎকৃতাত্মনাং ঈশ্বরার্পিতচিত্তবতাম্ সাধূনাং দর্শনাৎ পুনঃ অস্তু বন্ধঃ ন ভবেৎ ।৪১

দেহস্বরূপ শ্রীনারদাদি ভক্তজনের শ্রীমূর্ত্তি দর্শনে রত হউক ।৩৮

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন,—এইরূপে সেই নলকুবর ও মণিগ্রীবকর্তৃক সংস্তুত হইয়া মা যশোদার প্রেমবন্ধে রজ্জুদ্বারা উদূখলে বদ্ধ ভগবান্ শ্রীগোকুলেশ্বর হাসিতে হাসিতে তাহাদিগকে বলিতে লাগিলেন ।৩৯

শ্রীভগবান্ কহিলেন—ঐশ্বর্য্যমদে অতি গর্ব্বিত তোমাদিগের দুইজনের প্রতি কৃপালু শ্রীনারদ ঋষি অতিসম্পাত করিয়াছিলেন, তাহা তোমাদের প্রতি তিনি অত্যন্ত অনুগ্রহই করিয়াছেন; ইহা আমি তোমাদিগের বিজ্ঞাপনের পূর্ব্বেই অবগত হইয়াছি ।৪০

রবির উদয়ে যেমন চক্ষুর নিকট কোন বস্তুর অদৃশ্যতাব থাকে না, তদ্রূপ সর্ব্বত্র সমচিত্ত আত্মজ্ঞ ও মদর্পিতচিত্ত ব্যক্তিগণের দর্শনেও পুরুষের বন্ধন থাকে না ।৪১

তদ্গচ্ছতং মৎপরমৌ নলকূবর সাদনম্।
সঞ্জাতো ময়ি ভাবো বামীপ্সিতঃ পরমোঽভবঃ ॥৪২

শ্রীশুক উবাচ।

ইত্যুক্তৌ তৌ পরিক্রম্য প্রণম্য চ পুনঃ পুনঃ।
বদ্ধোলূখলমাত্মেশ জগ্মতুর্দিশমুত্তরাম্ ॥৪৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
দশমোঽধ্যায়ঃ ॥১০

হে নলকূবর। যদি বাং বৃণীয়াঃ পরমঃ উৎকৃষ্টঃ অতঃ সংসারবিরোধী ভাবঃ প্রেম ভাবঃ, তৎ তস্মাৎ মৎপরমৌ সন্তৌ সাদনং স্বস্থানং গচ্ছতম্ ॥৪২

শ্রীশুকঃ উবাচ। শ্রীকৃষ্ণেন ইতি উক্তৌ কথিতৌ তৌ নলকূবরমণিগ্রীবৌ বদ্ধোলূখলঃ তং কৃষ্ণং পরিক্রম্য প্রণম্য আত্মেশং অভিবাদ্য চ উত্তরাং দিশং জগ্মতুঃ ॥৪৩

ইতি শ্রীধরস্বামিকৃতায়াং দশমে বঙ্গে দশমোঽধ্যায়ঃ।

অতএব হে নলকূবর। তোমরা শ্রীনারদানুগ্রহে কৃতার্থ হইয়াছ, সুতরাং মচ্চিন্তাপরায়ণ হইয়া স্বগৃহে গমন কর। তোমাদিগের সংসারবিরোধী অভিলষিত পরম প্রেম জন্মিয়াছে ॥৪২

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন,—শ্রীকৃষ্ণকর্তৃক

এই প্রকারে কথিত হইয়া নলকূবর ও মণিগ্রীব উদূখলবদ্ধ সেই শ্রীকৃষ্ণকে পুনঃ পুনঃ প্রণাম, প্রদক্ষিণ ও অনুজ্ঞা লইয়া উত্তরাভিমুখে গমন করিলেন ॥৪৩

শ্রীমদ্দ্বৈপায়নব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরঞ্জন কৃত দশম
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একাদশঃ অধ্যায়ঃ।

[গোপানাং গোকুলং পরিত্যজ্য বৃন্দাবনে আগমনম্, তত্র শ্রীকৃষ্ণেন বৎসাসুরবকাসুরয়োর্বধশ্চ।]

শ্রীশুক উবাচ।

গোপা নন্দাদয়ঃ শ্রুত্বা দ্রুময়োঃ পততো রবম্।
তত্রাজগ্মুঃ কুরুশ্রেষ্ঠ নির্ঘাতত্রস্তচেতসঃ ॥১

ভূম্যাং নিপতিতৌ তত্র দদৃশুর্যমলার্জ্জুনৌ।
বভ্রন্যুত্খবিজ্ঞায় লক্ষ্যে পতনকারণম্ ॥২

উলূখলং বিকর্ষন্তং লগ্না বদ্ধং চ বালকম্।
কস্তেদং কুত আশ্চর্য্যমুৎপাত ইতি কাতরাঃ ॥৩

বালা উচুরনেনেতি তির্য্যগ্গতমুলূখলম্।
বিকর্ষতা মধ্যগেন পুরুষাবপ্যচক্ষ্মহি ॥৪

ন তে তদুক্তং জগৃহুর্ঘটেতেতি তস্য তৎ।
বালস্যোৎপাটনং তর্কোঃ কেচিৎ সংদিগ্ধচেতসঃ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। হে কুরুশ্রেষ্ঠ! নন্দাদয়ঃ গোপাঃ দ্রুময়োঃ (বৃক্ষয়োঃ) রবং (শব্দং) শ্রুত্বা (তথা) নির্ঘাতত্রস্তচেতসঃ (বজ্রপাতভয়বিহ্বলচিত্তাঃ সন্তঃ) তত্রম্ (উপপ্লবস্থানে) আজগ্মুঃ (আগতবন্তঃ)।

তত্র (তস্মিন্ স্থানে) যমলয়োর্জ্জুনয়োঃ বিনিপতিতৌ ভূম্যাম্ (ভূতলে) তৌ (বৃক্ষৌ) দদৃশুঃ (দৃষ্টবন্তঃ)। তৎ (বৃক্ষয়োঃ পতনম্) অপি (তথা) পতনকারণম্ (উৎপাতনিমিত্তম্) অবিজ্ঞায় (কেন নিমিত্তেন বৃক্ষয়োঃ পতনমভূদিতি অজ্ঞাত্বা) যত্রন্যুঃ (যত্র তৌ বৃক্ষৌ তত্র) সাশঙ্কিতাঃ ॥২

যত্র (যস্মিন্ স্থানে) বদ্ধা (বন্ধনরজ্জুনা) বদ্ধম্ উলূখলং (দামোদরম্) বিকর্ষন্তং (আকর্ষন্তং) তং (তথাভূতং) বালম্ (শ্রীকৃষ্ণম্) লগ্নাঃ (সম্বদ্ধাঃ) অপি তত্র (তেন) ইদম্ আশ্চর্য্যম্ (কৃত্যম্), (আহো) কস্য কৃতঃ উৎপাতঃ জাতঃ ইতি কাতরাঃ (ব্যাকুলাঃ বভূবুঃ ॥৩

(কৃষ্ণকাঃ) বয়ং যেন মধ্যগতেন তির্য্যগ্ভাবং তির্য্যগ্গতম্ উলূখলং বিকর্ষতা তেন শ্রীকৃষ্ণেন (কৃষ্ণবদ্ধম্ উৎপাটিতম্) (অনেন কৃষ্ণাত্মনা বিনির্গতৌ) পুরুষৌ অপি বয়ম্ অচক্ষ্মহি দৃষ্টবন্তঃ ইতি বালাঃ ঊচুঃ ॥৪

তস্য বালস্য (বালেন শ্রীকৃষ্ণেন) তৎ তর্কোঃ কৃষ্ণকৃতঃ উৎপাটনং ন ঘটেত সম্ভবেৎ ইতি সংদিগ্ধচেতসঃ কেচিৎ তদুক্তং বালভাষিতং ন জগৃহুঃ ন সত্যম্ ইতি মন্যন্তে ॥৫

একাদশ অধ্যায়।

[গোপগণের গোকুল পরিত্যাগ করিয়া বৃন্দাবনে আগমন এবং সেখানে শ্রীকৃষ্ণ কর্তৃক বৎসাসুর ও বকাসুর বধ।]

হে কুরুশ্রেষ্ঠ! শ্রীনন্দাদি গোপগণ সেই যমলার্জ্জুন বৃক্ষদ্বয়ের পতনশব্দ শ্রবণপূর্ব্বক বিনা মেঘে বজ্রাঘাত রূপ উৎপাত বিশেষে বা দৈত্যাদি কর্তৃক কোনরূপ উপদ্রবে শঙ্কিত হইয়া সেই স্থানে আগমনের জন্য দ্রুতপদে প্রস্থান করিলেন।১

সেই নন্দাদি গোপগণ দূর হইতে ভূমিতলে নিপতিত যমলার্জ্জুন বৃক্ষদ্বয় দর্শন করিলেন। রজ্জু দ্বারা বদ্ধ উদূখল আকর্ষণকারী ও বৃক্ষদ্বয় পতনের কারণীভূত দুরন্ত প্রযুক্ত সন্ত্রাসবশতঃ বা পতিত সেই বৃক্ষদ্বয়ের শাখাদিদ্বারা ব্যবহিত থাকায় তাহা অনুভব করিতে না পারিয়া সন্দেহ করিতে লাগিলেন। ক্রমে নিকটবর্ত্তী হইয়াও শাখাদি দ্বারা ব্যবহিত বালককে না দেখিয়া বলিতে লাগিলেন—ইহা কাহার কর্ম? অর্থাৎ কোন্ ব্যক্তি এই বিস্ময়াবহ অকার্য্য করিল? অথবা কোথা হইতে এই উৎপাত উপস্থিত হইল, এইরূপ বলিতে বলিতে অতিশয় ব্যাকুল হইয়া পড়িলেন।২-৩

তদনন্তর শ্রীযশোদা কর্তৃক কৃষ্ণসংরক্ষণে নিযুক্ত তত্রস্থ কতিপয় বালক শ্রীনন্দাদি গোপগণকে শাখাদি দ্বারা ব্যবহিত বৃক্ষকে দর্শন করাইয়া বলিতে লাগিলেন। এই কৃষ্ণ বৃক্ষদ্বয়ের মধ্যে প্রবেশ করিয়া বক্রভাবে আপতিত উদূখল আকর্ষণ করিতে করিতে বৃক্ষদ্বয় উৎপাটিত করিয়াছে, ইহা আমরা স্বচক্ষে দেখিয়াছি। (এতদ্বচনে

ঊলূখলং বিকর্ষন্তং দাম্না বদ্ধ্বা যশোদয়া।
বিলোক্য নন্দঃ প্রহসন্‌বন্ধনে বিমুমোচ হ ॥৬
গোপীভিঃ স্তোভিতোঽনৃত্যদ্ ভগবান্ বালবৎ ক্বচিৎ।
উদ্গায়তি ক্বচিন্মুগ্ধবদ্‌বংশ্যা কারুস্বরং হরিঃ ॥৭
বিভর্তি ক্বচিদাজ্ঞপ্তঃ পীঠকোন্মানপাদুকম্।
বাহুক্ষেপং চ কুরুতে স্বানাং চ প্রীতিমাবহন্ ॥৮

দাম্না বদ্ধ্বা ঊলূখলং বিকর্ষন্তং যশোদয়া বিলোক্য প্রহসন্‌বদনঃ নন্দঃ (তং) বিমুমোচ হ ।৬

গোপীভিঃ স্তোভিতঃ (প্রোৎসাহিতঃ) ভগবান্ শ্রীকৃষ্ণঃ বালবৎ ক্বচিৎ অনৃত্যৎ। লালয়ন্নৎ (পুনঃপুনঃ পুত্তলিকেব) ভগবন্তং গোপীবর্গঃ মুদং ইব ক্বচিৎ উদ্গায়তি (চ)।৭

ক্বচিৎ (ঐশ্বর্য্যবীর্য্যজ্ঞানবার্য্য) আজ্ঞপ্তঃ সন্ পীঠকোন্মান-

পাদুকং বিভর্তি ভবিতা স্বানাং জাতীনাং গোপজাতীনাং লোকে কৃত্যবত্তয়া তত্তাতীনাং দর্শয়ন্ যৌবন্ শ্রীতিম্ আবহন্ আনন্দং বর্দ্ধয়ন্ বাহুক্ষেপং তত্রত্যানাং চ কুরুতে। ইথং ভগবান্ শ্রীকৃষ্ণঃ বালচেষ্টাভিঃ ব্রজস্থ ব্রজধানিনঃ হর্ষং বৈ তনোৎ। (ইত্যন্বয়শেষ) স্তোঃ ফলাদি ক্রীণীহি ইতি শব্দং শ্রুত্বা সর্ব্বফলপ্রদঃ অচ্যুতঃ ফলার্থী সন্ বাল্যং আদায় (ফলবিক্রয়িণ্যাঃ গোপীনম্) সন্নয়ং যযৌ ৯০-৯১০

গোপগণ তাহা বিশ্বাস না করায় পুনর্ব্বার তাঁহাদিগকে বলিলেন) কেবল বৃক্ষদ্বয়ের পতন দর্শন করিয়া এরূপ নহে; অপিচ এই পতিত বৃক্ষদ্বয়ের মধ্য হইতে দুইটি দিব্য অর্থাৎ অসীম মহাপুরুষকেও আমরা দর্শন করিয়াছি।৫

সেই বালকের প্রতাড়ন বৃক্ষের উৎপাটন কখনও সম্ভবপর নহে এই বলিয়া কৃষ্ণে মনস্তাবিষ্ট ও তৎপ্রভাব অনুসন্ধানে বিরত শ্রীনন্দাদি গোপগণ ঐ বালকের বাক্য সত্য বলিয়া বিশ্বাস করিলেন না। কিন্তু "নারায়ণের সমান গুণ" এই গর্গ-বাক্য স্মরণ করিয়া ও স্বাভাবিক স্নেহোদয়বশতঃ কেহ কেহ বা ঐ কথায় সন্দিগ্ধচিত্ত হইলেন।৫

শ্রীনন্দ মহারাজ রজ্জু দ্বারা বদ্ধ ঊলূখল আকর্ষণকারী নিজ পুত্রকে বিলোকন অর্থাৎ তাঁহার অঙ্গপ্রত্যঙ্গ প্রভৃতি বিশেষরূপে দর্শন করিয়া বদ্ধ ও ভীত বালকের উন্নার্থ সহর্ষে ও হাস্যমুখে তাঁহার বন্ধন বিশেষরূপে মোচন করিয়া দিলেন।৬

[এই প্রকারে শ্রীকৃষ্ণ কেবল পরম বাৎসল্যময় জনকজননীরই যে প্রেমে বশতাপন্ন হইয়াছেন, তাহা নহে; পরন্তু ব্রজস্থিত অন্যান্য গোপগোপী প্রভৃতির প্রেমাধীনও হইয়াছেন তাহাই দেখাইবার নিমিত্ত প্রাকৃত বাল্যচরিত্র বলিতেছেন]

ভগবান্ অখিল ঐশ্বর্য্যসম্পন্ন হইলেও অন্য প্রাকৃত বালকের ন্যায় গোপীগণের বাৎসল্যপ্রেমের অধীন বাল্যলীলায় অভিনিবেশবশতঃ স্বীয় ঐশ্বর্য্য বিস্মৃত হইয়া গোপীগণ কর্ত্তৃক স্তোভিত অর্থাৎ "রে কৃষ্ণ! যদি নৃত্য কর, তবে তোমাকে এই খণ্ড-লড্ডুক প্রদান করিব" এই প্রকারে প্রোৎসাহিত হইয়া কিংবা করতালাদি দ্বারা উত্তেজিত হইয়া এবং তাহাদিগের প্রেমমুগ্ধ ও সূত্র-প্রথিত নৃত্যাদিপরা পুত্তলিকার ন্যায় গোপীদিগের বশবর্ত্তী হইয়া কখন কখন নৃত্য করিতেন, কখন কখন বা গান করিতেন।৭

কৃষ্ণের কি পরিমিত বল হইয়াছে—ইহা জানিবার নিমিত্ত গোপীগণ প্রথমে কৃষ্ণকে বলিলেন—কৃষ্ণ! পাদুকা আনয়ন কর, [অনন্তর তাহা হইতে অধিক ভার] বাস্তাদি পরিমাণ পাত্র আনয়ন কর, [তৎপরে তাহা হইতেও প্রচুর ভার] পীঠ আনয়ন কর, ইত্যাদি প্রকারে আদেশ করিলে শ্রীকৃষ্ণ পাদুকা বাস্তাদি, পরিমাণ পাত্র ও পীঠ আনয়নপূর্ব্বক স্বীয়

ফলবিক্রয়িণী তত্র চ্যুতধান্যং করদ্বয়ম্।
ফলৈরপূরয়দ্ রত্নৈঃ ফলভাণ্ডমপূর্যি চ ॥১১
সরিদ্ভীরগতং কৃষ্ণং তগার্ভ্ অনযাচয়ৎ।
রামং চ রোহিণী দেবী ক্রীড়ন্তং বালকৈর্বৃতম্ ॥১২

মোপেয়াতাং বলাযুতৌ ক্রীড়াসঙ্গেন পুত্রকৌ।
যশোদা প্রেষয়ামাস রোহিণী পুত্রবৎসলা ॥১৩
ক্রীড়ন্তৌ সা সুতং বীক্ষ্য বালৈরতিবলৌ মহাব্রজম্।
যশোদাহোহোহৈঃ কৃষ্ণং পুত্রস্নেহম্ অমূমুচৎ ॥১৪

ফলবিক্রয়িণী তত্র চ্যুতধান্যকরদ্বয়ম্ চ্যুতানি ধান্যানি তস্যাং তানি করদ্বয়ঃ হস্তৌ যস্যাঃ তাদৃশী সতী ফলৈঃ অপূরয়ৎ ফলবিনিময়েন ফলভাণ্ডম্ অপি চকারার্থকত্বেন অপূরি চ ॥১১

দেবী রোহিণী অথ সরিদ্ভীরগতং তগার্ভ্ অনযাচয়ৎ তত্রো অর্ভ্ অনৌ বেদ তং কৃষ্ণং রামং চ বালকৈঃ সহ ক্রীড়ন্তং আহ্বয়ৎ।

যদা রামকৃষ্ণৌ ন আয়াতৌ পুরতো মমাপ্তাম্, তদা পুত্রবৎসলা রোহিণী যশোদাং প্রেষয়ামাস ॥১৩-১৩

পুত্রাভ্যাং বৃতত্বেন সা যশোদা মহাব্রজং বলরামসহিতং কৃষ্ণং বালৈঃ সহ অতিবেলং বেলাতিক্রম্য ক্রীড়ন্তং বীক্ষ্য আজোহোহৈঃ পুনঃ পুনঃ আজুহাব ॥১৪

মৃদুল জঠরোপরি ধারণ করিলেন এবং তাঁর পরাক্রম-দর্শনে আত্মীয়গণের প্রীতি-সম্পাদনার্থ তদ্রূপ কর্মে মুহুর্মুহুঃ বাহুদ্বয় ক্ষেপণ করিতে লাগিলেন ॥৮

এই লীলার আনুষঙ্গিক প্রয়োজন এই যে, ইহ-লোকে কৃত্যবশ্যতা-অনভিজ্ঞ অথচ কেবল ঈশ্বরৈশ্বর্যাভিজ্ঞ ব্রহ্মাদি দেবগণকে নিজের কৃত্যাধীনতা সাক্ষাৎ সম্বন্ধে জানাইবার নিমিত্ত ভগবান্ শ্রীকৃষ্ণ বাল্যলীলাসমূহের দ্বারা ব্রজবাসি-সকলের আনন্দবিধান করিতেন, ইহাই প্রসিদ্ধ আছে ॥৯

[হে রাজন্, শ্রীকৃষ্ণ যাঁর আত্মীয়গণের প্রীতি প্রদান করিয়াছিলেন—এই বিষয় আর অধিক কি বর্ণনা করিব; আহা! ব্রজের অসুরবর্তী পুলিন্দ (ম্লেচ্ছজাতিবিশেষ) জাতিদিগেরও অপার আনন্দ-বিধান করিয়াছিলেন, তাহাই বলিতেছেন।]

হে ব্রজবাসিন্! কেহ কি ফল ক্রয় করিবে? ফল-বিক্রয়িণীর এই বাক্য শ্রবণ করিয়া অচ্যুত সর্বার্থ-পরিপূর্ণ হইয়াও অল্পরিক্ত ধান্যমাত্র গ্রহণ করিয়া সত্বর গমন করিলেন, কিন্তু ক্ষুদ্রতর হস্তদ্বয় অল্পমাত্র এই ধান্য তাহা বিচার করিলেন না ॥১০

কৃষ্ণ গৃহাভ্যন্তর হইতে ধান্য লইয়া দ্রুতপদে বহির্গমন করিলেন বটে, কিন্তু পথিমধ্যেই তাঁহার করদ্বয় ধান্যসকল প্রায় পতিত হইল, পরন্তু কেবল দুটি কি তিনটি ধান্যযুক্ত অঙ্গুলিকেই তিনি "লও লও" বলিয়া ফলপাত্রে হস্ত করিলে তদ্দর্শনে সমুৎপন্ন নবানন্দেচ্ছাযুক্তা ফলবিক্রয়িণী রত্নাকর পীলু প্রভৃতি পাত্রস্থ সমস্ত ফলের দ্বারা বিগলিত ধান্য তাঁহার করদ্বয় পূর্ণ করিয়াছিল, এবং বিগলিত ধান্যযুক্ত কর হইলেও ভগবানের ধান্যাবিক সর্বফলপ্রদ শক্তি দ্বারা স্বয়ং আবির্ভূত নানাবিধ রত্ন কর্তৃক তাহার ফলভাণ্ড পরিপূর্ণ হইয়াছিল বটে, কিন্তু ভগবানের মাধুর্যবশে বিবশেন্দ্রিয়তা-প্রযুক্ত সেই ফল বিক্রয়িণী তাহা জানিতে না পারিয়া স্বগৃহে প্রবেশকাল পর্য্যন্ত লাভালাভাদি বিদ্ধস্ত হইয়া গৃহেই গমন করিল ॥১১

(সখি রোহিণী! তুমি যমুনা-তীরগত রাম-কৃষ্ণকে আনয়ন কর। এইরূপ শ্রীযশোদা কর্তৃক প্রেরিতা হইয়া) শ্রীরোহিণী দেবী তথায় গমনান্তে যমলার্জুন-ভঞ্জনকারী শ্রীকৃষ্ণকে "কৃষ্ণ, কানাই, গোপাল, লালোরে, অধোক্ষজ" ইত্যাদি নামে ও বলরামকে বলাই, রাম ইত্যাদি নামে আহ্বান করিতে লাগিলেন।

এইরূপে আহূত হইয়াও পুত্রদ্বয় বালকগণের সহিত ক্রীড়াতে অত্যন্ত আসক্তিবশতঃ যখন আগমন করিলেন না, তখন যমুনাতীরে নানা উপদ্রব আশঙ্কায় ও পুত্রদ্বয়ের স্নান-ভোজনাভিলাষে পুত্রবৎসলা রোহিণী-দেবী প্রত্যাবর্তন পূর্বক বাৎসল্যাধিক্যপ্রযুক্ত শ্রীয়

কৃষ্ণ কৃষ্ণারবিন্দাক্ষ তাত এহি স্তনং পিব।
অলং বিহারৈঃ ক্ষুৎক্ষান্তঃ ক্রীড়াশ্রান্তোঽসি পুত্রক ॥১৫
হে রামাগচ্ছ তাতাগু সানুজঃ কুলনন্দন।
প্রাতরেব কৃতাহারস্তবান্ ভোক্তুমর্হতি ॥১৬

প্রতীক্ষতে ত্বাং দাশার্হ ভোক্ষ্যমাণো ব্রজাধিপঃ।
এহ্যাবয়োঃ প্রিয়ং যেহি স্বগৃহান্ যাত বালকাঃ ॥১৭
ধূলিধূসরিতাঙ্গস্ত্বং পুত্র মজ্জনমাবহ।
জন্মর্ক্ষং তেঽদ্য ভবতো বিপ্রেভ্যো দেহি গাঃ শুচিঃ ॥১৮

হে অরবিন্দাক্ষ কৃষ্ণ! হে তাত কৃষ্ণ! স্তন এহি, স্তনং পিব, বিহারৈঃ অলং, (অলম্) ক্ষুৎক্ষান্তঃ ভবান্ ভোক্তুম্ অর্হতি। হে কুলনন্দন তাত রাম! সানুজঃ ভ্রাতৃ আগচ্ছ। হে পুত্রক! প্রাতঃ এব কৃতাহারঃ, অতঃ অধুনা ক্রীড়াশ্রান্তঃ অসি ॥১৫-১৬

হে দাশার্হ! ভোক্ষ্যমাণঃ ব্রজাধিপঃ ত্বাং প্রতীক্ষতে, (অত্র) এহি আগচ্ছ, আবয়োঃ প্রিয়ং যেহি কুরু সাধয়। হে বালকাঃ! স্বগৃহান্ যাত ॥১৭

হে তাত! ধূলিধূসরিতাঙ্গঃ ত্বং মজ্জনং স্নানম্ আবহ বিধিবৎ কুরু। অদ্য তে তব জন্মর্ক্ষং ভবতি, শুচিঃ সন্ বিপ্রেভ্যো গাঃ দেহি ॥১৮

পুত্রস্নেহে অধিরোহণে সমর্থা শ্রীব্রজেশ্বরীকে তথায় প্রেরণ করিলেন।১২-১৩

পুত্রস্নেহে অধিরোহণে সমর্থা যশোমতী বহুক্ষণ ব্যাপিয়া অর্থাৎ অনেক সময় পর্য্যন্ত বালকদিগের সহিত ক্রীড়ারত অগ্রজের (বলরামের) সহিত পুত্রকে (কৃষ্ণকে) দেখিয়া "হঠাৎ নিকটে গমন করিলে পলায়ন করিতে পারে" এই আশঙ্কায় দূর হইতেই আহ্বান করিতে লাগিলেন।১৪

হে কৃষ্ণ! তোঃ কৃষ্ণ! হে অরবিন্দাক্ষ! হে তাত। আগমন কর, স্তন পান কর, তুমি ক্ষুধায় কাতর হইয়াছ, অতএব ভোজন কর, এক্ষণে আর ক্রীড়ার প্রয়োজন নাই।১৫

নানারূপ আহ্বানেও পুত্রকে অনাগত দেখিয়া শ্রীযশোমতী ভাবিলেন—অগ্রজ বলরাম আমার বাক্য প্রতিপালক, সে অবশ্য বলপূর্ব্বক কৃষ্ণকে ধরিয়া আনিবে; এই আশায় শ্রীরামকে ডাকিতে লাগিলেন—হে কুলনন্দন তাত রাম! কনিষ্ঠ ভ্রাতার সহিত সত্বর আমার কাছে আগমন কর। হে পুত্র! তুমি প্রাতঃকালে আহার করিয়া আসিয়াছ এবং বহুক্ষণ যাবৎ খেলা করিয়া অত্যন্ত পরিশ্রান্ত হইয়াছ।১৬

ব্রজেশ্বর ভোজন করিতে গিয়া তোমার অপেক্ষায় বসিয়া আছেন, হে দাশার্হ! নিজ-পুত্র হেতু পরম অপেক্ষণীয় তোমা ব্যতিরেকে তাঁহার কখনই ভোজন হইতে পারে না। অতএব তোমা ভিন্ন ভোজনে অসমর্থ পিতাকে কি ক্ষুধায় কষ্ট প্রদান করিবে? (ইত্যাদি বাক্যেও অনাগত দেখিয়া আবার বলিলেন) এস আমাদিগের অর্থাৎ তোমার ছোট মা ও আমার অথবা ব্রজেশ্বর মহোদয়ের প্রিয়াচরণ কর। (ক্রীড়াসক্ত শ্রীকৃষ্ণের প্রেমে আসক্তি-বশতঃ বলরামকেও ক্রীড়াভিনিবিষ্ট দেখিয়া খেলা হইতে বালকসকলকে নিবারণ করিতে লাগিলেন) হে বালকগণ! তোমরাও নিজগৃহে গমন কর। তোমাদের মাতাপিতাও আমাদিগের ন্যায় স্নেহাপ্লুত হইয়াছেন, অতএব গৃহে গমন পূর্ব্বক তাঁহাদিগের সুখবিধান কর।১৭

বালকদিগকেও কৃষ্ণপ্রণয়াসক্তহেতু খেলা হইতে অনিবৃত্ত দেখিয়া মিথ্যা প্রয়োজন বিশেষ প্রদর্শন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে আহ্বান করিতেছেন—হে বৎস! তুমি ধূলিদ্বারা ধূসরিতাঙ্গ হইয়াছ, সুতরাং বিধিবৎ স্নান কর, অদ্য তোমার জন্ম-নক্ষত্র উপস্থিত, অতএব পবিত্র হইয়া ব্রাহ্মণদিগকে গাভী-সকল প্রদান কর।১৮

পশ্য পশ্য বয়স্যাংস্তে মাতৃন্নস্টান্ বলচ্যুতান্।
ঋ চ স্নাতঃ কৃতাহারো বিহরস্ব বলচ্যুতঃ ॥১৯

ইত্থং যশোদা তমশেষশেখরং
মত্বা সুতং স্নেহনিবদ্ধধীর্নৃপ।
হস্তে গৃহীত্বা সহরামমচ্যুতং
নীত্বা স্বাঙ্কং কৃতবত্যথোস্নয়ন্ ॥২০

গোপবৃদ্ধা মহোৎপাতানমুকূল্য বৃন্দাবনে।
নন্দাদয়ঃ সমাগম্য ব্রজকার্য্যমমন্ত্রয়ন্ ॥২১

তত্রোপনন্দনামাহ গোপো জ্ঞানবয়োঽধিকঃ।
দেশকালার্থতত্ত্বজ্ঞঃ প্রিয়কৃদ্ রামকৃষ্ণয়োঃ ॥২২

উৎপাত্যমিতোঽস্মাভির্গোকুলস্য হিতৈষিভিঃ।
আয়াত্যত্র মহোৎপাতো বালানাং নাশহেতবঃ ॥২৩

মুঞ্চ কথঞ্চিদ্ রাক্ষস্যা বাল্যয়া বালকো হ্যসৌ।
হরেরনুগ্রহাদ্ যন্মন্নাপোচ্চপরি নাপতৎ ॥২৪

মাতৃন্নস্টান্ বলচ্যুতান্ ত্বামাহুরিতি শেষঃ। নষ্টাংস্তান্ তে তব বয়স্যান্ পশ্য পশ্য; ঋ চ স্নাতঃ কৃতাহারঃ বলচ্যুতঃ সন্ বিহরস্ব ॥১৯

হে নৃপ! স্নেহনিবদ্ধধীঃ স্নেহবিষণ্ণান্তঃকরণা যশোদা ইত্থং আগমনপ্রকারম্ অমন্যপূর্ব্বমিতি শ্রীধরঃ সুতং তনয়ং মত্বা সহরামং রামেণ সহ অচ্যুতং হস্তে গৃহীত্বা করে ধৃত্বা স্বাঙ্কং নিজমঙ্কিকা নীত্বা অথ ঔদরং জনমনভোজনালঙ্কারাদি-মঙ্গলং কৃতবতী ॥২০

নন্দাদয়ঃ গোপবৃদ্ধাঃ মুকুন্দবনে মহোৎপাতান্ অনুকূল সমাগম্য সর্ব্বে মিলিত্বা ব্রজকার্য্যং ব্রজহিতম্ অমন্ত্রয়ন্ পরামর্শতঃ ॥২১

তত্র উপনন্দঃ নাম রামকৃষ্ণয়োঃ প্রিয়কৃৎ হিতকারী দেশকালার্থতত্ত্বজ্ঞঃ (দেশাদীনাং ত্রয়াণাম্ একৈকেন বা মিলিত্বানাং চ যত্তত্ত্বং জানাতি সঃ) জ্ঞানবয়োঽধিকঃ (জ্ঞানেন বয়সা চ অধিকঃ) কশ্চিৎ গোপঃ আহ ॥২২

গোকুলস্য গোকুলবাসিনঃ হিতৈষিভিঃ অস্মাভিঃ ইতঃ স্থানাৎ উৎপাত্যমাণ অত্রত্য সন্নয়ন্ বয়ং অত্র বালানাং নাশহেতবঃ মহোৎপাতাঃ আয়াতি ॥২৩

যতঃ অসৌ বালকঃ রাক্ষস্যাঃ বাল্যায়াঃ পূতনায়াঃ সকাশাৎ কথঞ্চিৎ (কেনাপ্যনির্ব্বচনীয়েনৈব কারণেন ইত্যর্থঃ) বি মুক্তঃ, ততঃ অত্র উপরি অন্যঃ পক্ষীঃ বা ন আপতৎ, এবং হরেঃ অনুগ্রহাদেব ॥২৪

ইতিমধ্যে খেলা করিতে সমাগত অন্যান্য বালকদিগকে দেখাইয়া মাৎসর্য্য উৎপাদন পূর্ব্বক প্রেমজন্য কোপ বা ক্রোধের সহিত বলিতেছেন,—দেখ, দেখ, তোমার এই বয়স্যগণ নিজ নিজ জননীকর্ত্তৃক প্রথমে স্নানাদির দ্বারা নির্ম্মলীকৃত হইয়া পশ্চাৎ সুন্দর সুন্দর অলঙ্কারে ভূষিত হইয়াছে, তুমিও স্নান আহার ও অলঙ্কার পরিধান করিয়া ক্রীড়া কর।১৯

হে রাজন্! এইরূপ সলালন বাক্য বলিতে বলিতে ধীরে ধীরে নিকটে যাইয়া বাৎসল্যপূর্ণ-হৃদয়া শ্রীযশোমতী সকলের চূড়ামণির ন্যায় শিরো-ধার্য্য শ্রীকৃষ্ণকে "আমার এই পুত্র" এইরূপ মনে জানিয়া অথবা পুত্রকে স্বীয় কুলের চূড়ামণি মনে করিয়া রামের সহিত কৃষ্ণকে হস্তে ধারণ করত নিজক্রোড়ে লইয়া গিয়া তৎক্ষণাৎ স্নান, ভোজন ও অলঙ্কারাদি মঙ্গলকর্ম্ম সম্পাদন করিলেন।২০

স্নান-স্নিগ্ধ শ্রীনন্দাদি গোপগণ সভাবনে পূতনাগমনাদি নানাবিধ মহোৎপাতসমূহ অনুভব করিয়া যমলার্জ্জুন-ভঙ্গ ও উদ্ধরজ্জু সমাপনান্তে সকলে সভামধ্যে মিলিত হইয়া ব্রজের হিতার্থ মন্ত্রণা করিতে লাগিলেন।২১

সম্মিলিত গোপবৃন্দের মধ্যে জ্ঞানে ও বয়সে সকলের প্রধান, দেশ, কাল ও অর্থ বিচার পূর্ব্বক কার্য্য বিচারে নিপুণ ও শ্রীরাম-কৃষ্ণের প্রিয়কারী উপনন্দনামক গোপমহাশয় মহোৎপাতাদি অনুভব করিয়া রাম-কৃষ্ণের ভাবী অনিষ্ট আশঙ্কায় বলিতে লাগিলেন।২২

গোকুলবাসিমিত্রের হিতাভিলাষী আমাদের (সকলই) এই স্থান পরিত্যাগ করিয়া অন্যত্র গমন

চক্রবাতেন নীতোঽসৌ দৈত্যেন বিপদং বিহঃ।
শিলায়াং পতিতস্তত্র পরিত্রাতঃ সুরেশ্বরৈঃ ॥২৫
যদ্বা ত্রিয়েত ক্রমশোঽবস্তরং প্রাপ্য বালকঃ।
অনাবস্তমো বাপি তদপ্যচ্যুতরক্ষণম্ ॥২৬

অথবা বালকঃ চক্রবাতেন তৃণাবর্তেন দৈত্যেন বিপদং বিনাশপ্রাপ্তং যথা স্যাৎ তথা বিহঃ আকাশং নীতঃ, তথাপি তত্রঃ শিলায়াঃ পতিতঃ তত্র শিলাপৃষ্ঠে সুরেশ্বরৈঃ (অদৃশ্যপার্ষদৈঃ) এব পরিত্রাতঃ রক্ষিতঃ ॥২৫

ক্রমশঃ অর্থাৎ ক্রমেণ অবস্তরং ময়ং প্রাপ্য অথো বক্ষঃ অন্তরতঃ বালকঃ অপি বা যদি ত্রিয়েত, তত্র অচ্যুতরক্ষণম্ অচ্যুতেন বিষ্ণুনা রক্ষণম্ অপি কারণম্ আহুঃ ॥২৬

করা কর্ত্তব্য; কারণ, এই স্থানে বালকদিগের বিনাশক মহা উৎপাতসকল উপস্থিত হইতেছে ।২৩

(তখন উপনন্দ সমস্ত বালকদিগকে উপলক্ষ্য করিয়াই যেন মহা উৎপাত জন্য অনুতাপ প্রকাশ পূর্ব্বক ও কৌতুক-বশতঃ স্বয়ং সভায় সমাগত শ্রীকৃষ্ণকে ক্রোড়ে লইয়া স্নেহ সহকারে দৃষ্টান্ত দেখাইয়া বলিতেছেন) সকলেই দেখিয়াছ—এই বালক সেই বালঘাতিনী রাক্ষসী পূতনা হইতে কোনও অনির্ব্বচনীয় কারণে মুক্ত হইয়াছে। আর নিশ্চয় বোধহয় শ্রীনারায়ণের অনুগ্রহেই ইহার উপরে শকটও পতিত হয় নাই ।২৪

এই বালক, তৃণাবর্ত্ত দৈত্যকর্ত্তৃক পক্ষিকুলের বিহারস্থান আকাশমার্গে নীত হয়, পরে আকাশ হইতে শিলাপৃষ্ঠে পতিত হইয়াও অচ্যুত-প্রেরিত তৎপার্শ্বস্থিত সুরেশ্বরগণ কর্ত্তৃক সংরক্ষিত হইয়াছিল ।২৫

(মৃত্যুশব্দ প্রয়োগ করা অবশ্যকর্ত্তব্য হইলেও স্নেহের সহিত সজল নয়নে গদগদ স্বরে বলিতেছেন) যমলার্জ্জুন বৃক্ষদ্বয়ের মধ্যে থাকিয়াও যে এই শ্রীকৃষ্ণ অথবা অন্য কোন বালক মৃত্যু [illegible] হয় নাই, তাহাও অচ্যুত কর্ত্তৃক রক্ষা বলিতে হইবে ।২৬

[হে গোপগণ। পূর্ব্বে এই নগরে ভগবান্

যাবদ্যৌৎপাতিকোঽরিষ্টো ব্রজং নাভিবিনেষ্যতি।
তাবদ্ বালানুপাদায় যাস্যামোঽন্যত্র সানুগাঃ ॥২৭
বনং বৃন্দাবনং নাম পশব্যং নবকাননম্।
গোপগোপীগবাং সেব্যং পুণ্যাদ্রিতৃণবীরুধম্ ॥২৮

ঔৎপাতিকঃ উৎপাতজঃ অরিষ্টঃ অসুরঃ ব্রজং যাবৎ ন অভিতঃবং নয়তে, তাবৎকালেন সানুগাঃ বয়ং বালান্ উপাদায় ইতঃ স্থানাৎ অন্যত্র যাস্যামঃ ॥২৭

কিঞ্চ বৃন্দাবনং নাম গোপগোপীগবাং সেব্যং সম্ভোগার্হং, অতঃ পুণ্যাদ্রিতৃণবীরুধং পুণ্যাঃ প্রশস্তাঃ এবাদ্রয়স্তৃণা বীরুধশ্চ যত্র তৎ নবকাননং পশব্যং পশুভ্যো হিতং সর্ব্বোপজীব্যত্বাদ্ধিতং বনং অস্তি।

শ্রীবিষ্ণুর কথা কীর্ত্তন, দর্শন ও পরিচর্য্যাদি বহুতর হইত, যেদিন হইতে নন্দের এই বালক ভূমিষ্ঠ হইয়াছে; সেইদিন হইতে হাটে মাঠে ঘাটে গোষ্ঠে গৃহে কিংবা সভাস্থলে সর্ব্বত্রই এই বালকের কথা কীর্ত্তন ও তদ্দর্শনাদি নিরন্তর হইতেছে। অতএব যে পরমেশ্বর অখিলত রক্ষাবিধান করিতেছেন; তাদৃশ ভগবানের ভজন, আমাদিগের কোথা হইতে হইবে? যেহেতু তিনি সর্ব্বদা আমাদিগকে রক্ষা করিবেন। আমাদিগের সে পরমেশ্বরের ভজন করা অসম্ভব বিধায় তৎকর্ত্তৃক আদিষ্ট নীতিশাস্ত্রানুসারে এই উৎপাতস্থান সত্বর পরিত্যাগ করাই ন্যায়সঙ্গত, অতএব যে পর্য্যন্ত উৎপাতজনিত অনর্থ এই ব্রজভূমিকে নষ্ট না করে, তাহার পূর্ব্বেই গোধন-কৃত্যাদি সমভিব্যাহারে বালকদিগকে লইয়া আমরা এই স্থান হইতে অন্য কোথাও গমন করিব ।২৭

যদি বল আমাদিগের প্রাচীন রাজধানী নন্দীশ্বরে গমন করা কর্ত্তব্য; তাহাও হইতে পারে না, কারণ যেই অরিষ্টাসুরের ভয়ে নন্দীশ্বর হইতে পলায়ন করিয়া এই মহাবনে আসিয়া আবাসভূমি করিয়াছিলাম সেই অরিষ্ট অদ্যুনাও সেই নন্দীশ্বরেই রহিয়াছে, অতএব তথায় যাওয়া হইবে না এবং ব্রজভূমি পরিত্যাগ করিয়াও অন্য যাইবার বাসনা

তত্তত্রাত্মৈব গাস্তাম: শকটান্ যুঙ্ক্ত মা চিরম্।
গোধনাঙ্গ্রতো যান্তু ভবতাং যদি রোচতে ।২৯

তচ্ছ্রুত্বৈকধিয়ো গোপাঃ সাধু সাধ্বিতি বাদিন:।
ব্রজান্ ঘান্ ঘান্ সমাযুজ্য যযু রুঢ়পরিচ্ছদাঃ ।৩০

কৃষ্ণান্ বালান্ স্ত্রিয়ো রাজন্ সর্বোপকরণানি চ।
অনঃস্বারোপ্য গোপালা ঘন্তা আত্তপরাসনাঃ ।৩১

গোধনানি পুরস্কৃত্য শৃঙ্গাণ্যাপূর্য্য সর্ব্বতঃ।
তূর্য্যঘোষেণ মহতা যযুঃ সহপুরোহিতাঃ ।৩২

গোপ্যো রুচরথা মুক্তকুচকুঙ্কুমকান্তয়ঃ।
কৃষ্ণলীলা জগুঃ প্রীতা নিষ্কণ্ঠ্য সুবাসসঃ

তথা যশোদারোহিণ্যাবেকং শকটমাস্থিতে।
রেজতুঃ কৃষ্ণরামাভ্যাং তৎকথাশ্রবণোৎসুকে ।৩৪

যদি তত্রত্যাঃ রোচতে, তৎ তদা অত্রৈব তত্র যাতায়াঃ, চিরং মা বিলম্বেথাঃ অস্ম, শকটান্ যুঙ্ক্ত, গোধনানি অগ্রতঃ যান্তু ।২৯

তৎ শ্রুত্বা সাধু সাধু ইতি বাদিনঃ একধিয়ঃ আপত্তিশূন্যাঃ গোপাঃ ঘান্ ঘান্ ব্রজান্ ব্রজবর্ত্তিসকলান্ সমাযুজ্য যোজয়িত্বা রূঢ়পরিচ্ছদাঃ রূঢ়াঃ পরিহিতাঃ পরিচ্ছদাঃ যৈঃ তে ।৩০

হে রাজন্! গোপালাঃ ঘন্তাঃ রুজপ্রবরাঃ, আত্তপরাসনাঃ আত্ত গৃহীতঃ পরাসনং যৈঃ গৃহীতাস্ত্রাঃ তে কৃষ্ণান্ বালান্ স্ত্রিয়ঃ সর্বোপকরণানি চ অনঃসু শকটেষু আরোপ্য ।৩১

গোধনানি পুরস্কৃত্য সর্বতঃ মহতা তূর্য্যঘোষেণ পূর্ণাণি চ আপূর্য্য সহপুরোহিতাঃ পুরোহিতৈঃ সহ যযুঃ। নিষ্কণ্ঠাঃ পরব্যবাদিন্যঃ সুবাসসঃ সুরুচিরুচিরবস্ত্রাঃ কৃষ্ণলীলা কৃষ্ণস্য লীলাঃ কৃষ্ণলীলাস্তাঃ জগুঃ গীতবত্যঃ ।৩২-৩৩

তথা কৃষ্ণরামাভ্যাং সহ তৎকথাশ্রবণোৎসুকে যশোরোহিণ্যৌ একং শকটম্ আস্থিতে সত্যৌ রেজতুঃ ।৩৪

নাই; যেহেতু অন্তঃস্থল আমাদের প্রীতিকর নহে। অতএব নন্দীশ্বর ও মহাবনের মধ্যবর্ত্তী স্থানটিই বালের উপযুক্ত) তথায় পবিত্র পর্ব্বত, তৃণ ও লতাদ্বারা পরিপূর্ণ, নবকাননাদিতে আরোগ্যাদিপ্রদ জল ও তৃণাদিপ্রযুক্ত পশুগণের হিতকর এবং গোপ, গোপী, গোসকলের বাসোপযোগী বৃন্দাবন নামে একটি বন আছে ।২৮

অতএব অদ্যই তথায় আমরা সকলে গমন করি। যদি তোমাদিগের অভিমত হয়, তবে অনতিবিলম্বেই শকটসমূহ যোজনা কর আর গাভীগুলি অগ্রেই গমন করুক অর্থাৎ গাভীসকল অগ্রেই প্রেরণ কর ।২৯

উপনন্দের উক্তবাক্য শ্রবণ করিয়া কৃষ্ণগতচিত্ত বা একমতাবলম্বি গোপগণ সাধুবাদ প্রদানপূর্ব্বক ইতস্ততঃ স্থিত ব্রজবর্ত্তি গাভী প্রভৃতি একত্র করিয়া নিজ নিজ শকটগুলি যোজনান্তর তদুপরি নানাবিধ উপকরণ সকল সাজাইয়া গমন করিতে লাগিলেন।৩০

হে রাজন্! গোপগণ অভিমতে বৃদ্ধ, বালক ও স্ত্রীসকলকে এবং অন্যান্য গুরুোপকরণসমূহ শকটোপরি আরোহণ করাইয়া গোধনাদি অগ্রে লইয়া তাঁহাদিগের রক্ষাবিধানার্থ শরাসন ধারণপূর্ব্বক চতুর্দ্দিকে মহান্ তূর্য্যধ্বনি ও কৃষ্ণধ্বনি করিতে করিতে পুরোহিতবর্গের সহিত গমন করিতে লাগিলেন।৩১-৩২

রথারূঢ় গোপীগণ পরমাত্মকে কৃষ্ণ-চরিত্র গান করিতে লাগিলেন। তাঁহাদিগের পয়োধর-যুগলে অভিনব কুঙ্কুম বিলেপিত থাকায় কমনীয় কান্তি ধারণ করিয়াছিল। তাঁহারা কণ্ঠদেশে কণ্ঠভূষণ ও নানারূপ চিত্র বিচিত্র সুন্দর বসন পরিধান করিয়াছিলেন।৩৩

অন্যান্য গোপীগণের ন্যায় শ্রীযশোদা ও রোহিণী পরস্পর পুত্রদ্বয়ের বিরহসহনে অসমর্থা হইয়া একখানি শকটে আরোহণপূর্ব্বক রাম-কৃষ্ণের লীলাকথা অথবা রামকৃষ্ণের মুখোচ্চারিত কথা শ্রবণে সমুৎসুকা হইয়া রামকৃষ্ণের সহিত গোষ্ঠে যাইতে লাগিলেন।৩৪

বৃন্দাবনং সম্প্রবিশ্য সর্বকালসুখাবহম্।
তত্র চক্রুর্ব্রজাবাসং শকটৈরর্দ্ধচন্দ্রবৎ ॥৩৫

বৃন্দাবনং গোবর্দ্ধনং যমুনাপুলিনানি চ।
বীক্ষ্যাসীত্তুতমা প্রীতী রামমাধবয়োর্নৃপ ॥৩৬

এবং ব্রজৌকসাং প্রীতিং যচ্ছন্তৌ বালচেষ্টিতৈঃ।
কলবাক্যৈঃ স্বকালেন বৎসপালৌ বভূবতুঃ ॥৩৭

অবিদূরে ব্রজভুবঃ সহ গোপালদারকৈঃ।
চারয়ামাসতুর্বৎসান্ নানাক্রীড়াপরিচ্ছদৌ ॥৩৮

কচিদ্ বাদয়তো বেণুং ক্ষেপণৈঃ ক্ষিপতঃ কচিৎ।
কচিৎ পাদৈঃ কি[illegible]ভিঃ কচিৎ কৃত্রিমগোরুবৈঃ ॥৩৯

রুবদ্ভামাণৌ নর্দন্তৌ যুযুধাতে পরস্পরম্।
অনুকৃত্য রুতৈর্জন্তূংশ্চেরতুঃ প্রাকৃতৌ যথা ॥৪০

কদাচিদ্ যমুনাতীরে বৎসাংশ্চারয়তোঃ স্বকৈঃ।
বয়স্যৈঃ কৃষ্ণবলয়োর্জিঘাংসুর্দৈত্য আগমৎ ॥৪১

(তে সর্ব্বে) সর্ব্বকালসুখাবহং সর্ব্বেষু কালেষু সুখম্ আবহতি যৎ সর্ব্বঋতুসুখপ্রদং বৃন্দাবনং সংপ্রবিশ্য শকটৈঃ অর্দ্ধচন্দ্রবৎ ব্রজাবাসং গোকুলধামং চক্রুঃ ॥৩৫

হে নৃপ! বৃন্দাবনং, গোবর্দ্ধনং গিরিং, যমুনাপুলিনানি চ বীক্ষ্য রামমাধবয়োঃ বলকৃষ্ণয়োঃ উত্তমা প্রীতিঃ আসীৎ ॥৩৬

এবং বালচেষ্টাভিঃ, বাল্যলীলাভিঃ কলবাক্যৈঃ মধুরবাক্যৈশ্চ, ব্রজৌকসাং ব্রজবাসিনাং প্রীতিং আনন্দং যচ্ছন্তৌ দৌ স্বকালেন উপযুক্তবয়সা বৎসপালৌ বভূবতুঃ ॥৩৭

নানাক্রীড়াপরিচ্ছদৌ নানাবিধাঃ বেণুদলশৃঙ্গবীণাকন্দুকাদয়ঃ ক্রীড়াঃ পরিচ্ছদাঃ সাধনানি যয়োঃ তৌ রামকৃষ্ণৌ গোপাল-বালকৈঃ সহ ব্রজভুবঃ অবিদূরে সমীপে আহ্বানপ্রত্যাহ্বয়েন

এইরূপে তাঁহারা সকলে সর্বকাল-সুখাবহ শ্রীবৃন্দাবনে প্রবেশ করিয়া শকটসমূহের দ্বারা অর্দ্ধচন্দ্রের ন্যায় ব্রজবাসীর বসতি-স্থান নির্মাণ করিলেন ॥৩৫

হে রাজন্! বৃন্দাবন, গোবর্দ্ধন ও যমুনাপুলিন-সকল দর্শন করিয়া শ্রীরাম-কৃষ্ণের অতিশয় প্রীতি হইতে লাগিল ॥৩৬

উক্তপ্রকার বাল্যলীলা ও মনোহর বচনসমূহ দ্বারা ব্রজবাসিদিগের প্রীতিবিধানপূর্বক রাম ও কৃষ্ণ কৌমারের মধ্যাবস্থায়ই বৎসপালক হইয়া উঠিলেন ॥৩৭

শ্রীকৃষ্ণ ও বলরাম বেণু, বেত্র, শৃঙ্গ, বীণা ও কন্দুকাদি বিবিধ ক্রীড়াসামগ্রী গ্রহণ করিয়া গোপ বালকদিগের সহিত ব্রজভূমির অনতিদূরে

বৎসান্ চারয়ামাসতুঃ ॥৩৮

কচিৎ কস্মিংশ্চিৎ কালে বেণুং (ত্বৌ) বেণু বাদয়তঃ, কচিৎ ক্ষেপণৈঃ ক্ষেপণীভিঃ লোষ্ট্রাদিকং ক্ষিপতঃ, কচিৎ কিঙ্কিণীভিঃ কিঙ্কিণীযুক্তৈঃ পাদৈঃ (নৃত্যতঃ), কচিৎ কৃত্রিম-গোরুবৈঃ (ধবধ্বনিকৈঃ বালকৈঃ সহ ধবধ্বং ধ্বনিং) যুযুধাতে তদনুকরণরতৌ নর্দন্তৌ পরস্পরং যুযুধাতে প্রাকৃতৌ লৌকিকবালকৌ যথা, তথা তদ্বৎ পরস্পরং যুযুধাতে প্রাকৃতৌ লৌকিকবালকৌ যথা, তথা তদ্বৎ শব্দৈঃ জন্তূন্ মৃগশৃগালাদীন্ অনুকৃত্য তদনুকরণরতৌ চেরতুঃ বিজহ্রতুঃ। কদাচিৎ স্বকৈঃ প্রিয়তমৈঃ বয়স্যৈঃ সহ যমুনাতীরে বৎসান্ চারয়তোঃ কৃষ্ণবলয়োঃ কৃষ্ণ বলরাম জিঘাংসুঃ হন্তুং ইচ্ছুঃ (কংসিতঃ) দৈত্যঃ (অসুর) আগমৎ ॥৩৯-৪০-৪১

বৎসচারণ করিতে লাগিলেন ॥৩৮

কোথাও বেণু-বাদন করিতে লাগিলেন, কখন রজ্জুনির্ম্মিত বস্তুবিশেষ দ্বারা ফলাদিবস্তুন করিয়া ক্ষেপণ করিতে লাগিলেন, কখনও কিঙ্কিণীযুক্ত চরণে নৃত্য করিতে লাগিলেন, কখন বা কখনাদি দ্বারা আহ্বানাদিত কৃত্রিম বৃষের আকারধারী বালকগণের সহিত বৃষাকার ধারণপূর্ব্বক তদনুকারী শব্দ করিতে করিতে পরস্পর যুদ্ধে প্রবৃত্ত হইলেন। কখন বা হনু, মৃগ ও বানরাদির শব্দ অনুকরণ করিয়া প্রাকৃত বালকের ন্যায় ভ্রমণ করিতে লাগিলেন ॥৩৯-৪০

একদা রামকৃষ্ণ যমুনাতীরে সমবয়স্ক প্রিয়তম বয়স্যগণের সহিত বৎসচারণ করিতেছেন, এমন সময়ে রাম-কৃষ্ণের নিধনকামনায় এক দৈত্য আসিয়া

তং বৎসরূপিণং বীক্ষ্য বৎসযূথগতং হরিঃ।
দর্শয়ন্ বলদেবায় সনৈর্মুগ্ধ ইবাসদৎ ॥৪২
গৃহীত্বাপরপাণ্যাস্যং সহলাঙ্গূলমচ্যুতঃ।
ভ্রাময়িত্বা কপিত্থাগ্রে প্রাহিণোদ্ লঙ্গুড়ীবিতম্।
স কপিত্থৈর্মহাকায়ঃ পাত্যমানৈঃ পপাত হ ॥৪৩
তং বীক্ষ্য বিস্মিতা বালাঃ শশংসুঃ সাধু সাধ্বিতি।
দেবাশ্চ পরিসন্তুষ্টা বভূবুঃ পুষ্পবর্ষিণঃ ॥৪৪

তৌ বৎসপালকৌ কৃত্বা সর্বলোকৈকপালকৌ।
সপ্রাতরাশৌ গোবৎসাংশ্চারয়ন্তৌ বিচেরতুঃ ॥৪৫
বৎ বৎ বৎসকুলং সর্বে পায়য়িত্বাথ একদা।
গত্বা জলাশয়ায়াস্যং পায়য়িত্বা পপুর্জলম্ ॥৪৬
তে তত্র দদৃশুর্বালা মহাসত্ত্ববপুর্বিতম্।
তত্রসুর্বজ্রনির্ভিন্নং গিরেঃ শৃঙ্গমিব চ্যুতম্ ॥৪৭

বৎসযূথগতং বৎসরূপিণং তং দৈত্যং বীক্ষ্য দৃষ্ট্বা (দৃষ্টোবাং প্রাণহরণাং শিষ্টোবাং চ যথাবহরণাং) হরিঃ শ্রীকৃষ্ণঃ বলদেবায় দর্শয়ন্ সঙ্কেতেন জ্ঞাপয়ন্ স্বয়ং মুগ্ধঃ অজ্ঞান্ ইব সনৈঃ আসদৎ সমীপং জগাম ॥৪২

তথা অচ্যুতঃ অচ্ছ্যুতস্বভাবঃ শ্রীকৃষ্ণঃ (তত্র) অপর-পাণ্যাস্যং পশ্চাৎপাণ্যাস্যং সহলাঙ্গূলং যথা তথবতি তথা গৃহীত্বা প্রাময়িত্বা চ লঙ্গুড়ীবিতং মুক্তং তং কপিত্থাগ্রে প্রাহিণোৎ প্রাক্ষিপৎ। পাত্যমানৈঃ কপিত্থৈঃ ফলৈঃ সহ সঃ মহাকায়ঃ দৈত্যঃ হ পপাত, বালাঃ তং বীক্ষ্য বিস্মিতাঃ সন্তঃ সাধু সাধু ইতি (কৃত্বঃ) শশংসুঃ প্রশংসাং চক্রুঃ, দেবাঃ চ পরিসন্তুষ্টাঃ সন্তঃ পুষ্পবর্ষণং বভূবুঃ ॥৪০-৪৪

সর্বলোকৈকপালকৌ সর্ববাং লোকানাং মুখ্যপালকৌ (ইদানীম্) বৎসপালকৌ তৌ রামকৃষ্ণৌ সপ্রাতরাশৌ প্রাতর্ভোজনকারিণৌ সন্তৌ (প্রাত-র্ভোজনমন্ত্র তৎসহিতৌ তৎপৃথগবস্থার্থং) গোবৎসান্ চারয়ন্তৌ বিচেরতুঃ ॥৪৫

বং বং বৎসকুলং পায়য়িত্বাঽ সর্বে শ্রীকৃষ্ণাদয়ঃ একদা জলপরাত্যাসং জলাশয়ং (নদীতীরাদিরূপং পূর্বতঃ স্থিতম্) অত্যাসং সমীপং গত্বা (বৎসান্) জলং পায়য়িত্বা স্বয়ং জলং পপুঃ ॥৪৬

তে বালাঃ তত্র বজ্রনির্ভিন্নং বজ্রেণ বিভিন্নং ছিন্নং চ্যুতং পতিতং গিরেঃ পর্বতস্য শৃঙ্গং চূড়াম্ ইব অবস্থিতং তং মহাসত্ত্ব বপুষঃ, তত্রসুঃ ভীতাঃ চ বভূবুঃ ॥৪৭

উপস্থিত হইল ॥৪১

দুষ্টের প্রাণহারী ও শিষ্টের মনোহারী শ্রীকৃষ্ণ বৎসযূথমধ্যে বৎসরূপে প্রবিষ্ট সেই অসুরকে দর্শন-পূর্বক ইঙ্গিত দ্বারা বলদেবকে জানাইয়া স্বয়ং মুগ্ধের ন্যায় ধীরে ধীরে তাহার সমীপে গমন করিলেন ॥৪২

তদনন্তর শ্রীকৃষ্ণ উহার পশ্চাৎ পক্ষদ্বয়ের সহিত লাঙ্গুলটি ধারণ করিয়া ঘুরাইতে ঘুরাইতে প্রাণবায়ু বহির্গত হইলে ক্রীড়োপযোগী কপিত্থফল (কদবেল) পাতনার্থ কপিত্থবৃক্ষের উপরিভাগে নিক্ষেপ করিলেন ॥৪৩

সেই মহাকায় বৎসাসুর পতনশীল কপিত্থবৃক্ষ-সকলের সহিত পতিত হইল, তাহাকে দেখিয়া বালকগণ বিস্মিত হইয়া সাধু সাধু বলিয়া শ্রীকৃষ্ণকে প্রশংসা করিতে লাগিলেন এবং দেবতারাও পরমসন্তুষ্ট হইয়া শ্রীকৃষ্ণের প্রতি পুষ্পবর্ষণ করিতে লাগিলেন ॥৪৪

সেই রাম-কৃষ্ণ সর্বলোকের মুখ্যপালক হইলেও তত্তদ্বাৎসল্যহেতু বৎসপালক হইয়া [কিংবা স্বভাবত বৎসপালক হইয়াও বৎসাসুরাদি বধদ্বারা দেব-লোকাদি পালনহেতু সর্বলোকের একমাত্র পালক হইয়া] প্রাতঃকালীন ভোজন সমাধানান্তে [অথবা প্রাতঃকালের ভোজন সঙ্গে লইয়া] গোবৎস চারণ করিতে করিতে পূর্বাপেক্ষা কিঞ্চিৎ দূরদেশে গমনাদি দ্বারা সমগ্র দিবসই ভ্রমণ করিতে লাগিলেন ॥৪৫

একদা শ্রীকৃষ্ণ প্রভৃতি গোপবালকগণ আপন আপন বৎসগুলিকে জলপান করাইবার ইচ্ছায়

স বৈ বকো নাম মহানসুরো বকরূপধৃক্।
আগত্য সহসা কৃষ্ণং তীক্ষ্ণতুণ্ডোঽগ্রসদ্ বলী ॥৪৮

কৃষ্ণং মহাবকগ্রস্তং দৃষ্ট্বা রামাদয়োঽর্ভকাঃ।
বভূবুরিন্দ্রিয়াণীব বিনা প্রাণং বিচেতসঃ ॥৪৯

তং তালুমূলং প্রদহন্তমগ্নিবদ্-
গোপালসূনুঃ পিতরং জগদ্গুরোঃ।

ঈষদ্বৃতঃ বকরূপধৃক্ বলী নাম মহান্ বলী সঃ বৈ অসুরঃ তরসা বেগেন আগত্য কৃষ্ণং অগ্রসীৎ ॥৪৮

কৃষ্ণং মহাবকেন গ্রস্তং দৃষ্ট্বা রামাদয়ঃ (রামং বিনা তে) অর্ভকাঃ বালকাঃ প্রাণং বিনা ইন্দ্রিয়াণি ইব বিচেতসঃ বিমূঢ়াঃ বভূবুঃ ॥৪৯

তালুমূলং অগ্নিবৎ প্রদহন্তং জগদ্গুরোঃ ব্রহ্মণঃ পিতরং অবতং গোপালসূনুঃ গোপ-তনয়ঃ তং শ্রীকৃষ্ণং অক্ষতং অক্ষতবিগ্রহং

চচ্ছর্দ সদ্যোঽতিরুষাক্ষতং বক-
স্তুণ্ডেন হন্তুং পুনরভ্যপাদত ॥৫০

তমাপতন্তং স নিগৃহ্য তুণ্ডয়ো-
র্দোর্ভ্যাং বকং কংসসখং সতাং পতিঃ।

পশ্যৎসু বালেষু দদার লীলয়া
মৃদাবহো বীরণবদ্ দিবৌকসাম্ ॥৫১

সদ্যঃ তৎক্ষণম্ এব (সঃ) বকঃ চচ্ছর্দ বিজুগুপ্সাং বহিঃ বমনং, পুনঃ অপি তং কৃষ্ণং হন্তুং অভ্যপতত উদ্যতোঽভূৎ ॥৫০

দিবৌকসাং দেবানাং মৃদাবহঃ আনন্দপ্রদঃ, সতাং সাধূনাং গতিঃ আশ্রয়ঃ সঃ কৃষ্ণঃ দোর্ভ্যাং হস্তাভ্যাং তুণ্ডয়োঃ চঞ্চ্বোঃ নিগৃহ্য নিজয়া পুরীষা আপ্লুতম্ অতিবাবদ্ভং তং বকং বীরণবৎ শরস্তম্ববৎ লীলয়া অনায়াসেন বালেষু পশ্যৎসু বধার বিদারয়াম্বাস ॥৫১

নদীবর গিরির পূর্বদিকে প্রসিদ্ধ বকফল নামক স্থানের নিকটবর্তী জলাশয়ের সমীপে গমনকরত বৎসসকলকে জল পান করাইয়া আপনারাও জলপান করিলেন ॥৪৬

সেই গোপনন্দনগণ ঐ জলাশয়ের নিকট ব্রজদ্বারা নির্ভিন্ন হইয়া ভূমিতে পতিত পর্বত শৃঙ্গের ন্যায় অবস্থিত অতি স্থূল প্রাণী বিশেষ দর্শন করিলেন এবং তদ্দর্শনে অতিশয় ভীত হইলেন ॥৪৭

বৃহৎ বকরূপধারী তীক্ষ্ণচঞ্চুবিশিষ্ট মহাবলশালী ঐ বকনামক অসুর, অতিবেগে নিকটে আসিয়া শ্রীকৃষ্ণকে গ্রাস করিল মাত্র, কিন্তু অন্য কোন অনিষ্ট করিতে সমর্থ হইল না ॥৪৮

রাম ভিন্ন বালকগণ কিংবা রামাদি বালক সকল শ্রীকৃষ্ণকে মহাবক কর্তৃক গ্রস্ত দর্শন করিয়া তৎক্ষণাৎ বকাসুরবিনাশে সমর্থ হইলেও এবং শ্রীকৃষ্ণের কোনরূপ অনিষ্ট হইবে না, ইহা অবগত থাকিলেও অতুল সখ্যরসনিষ্ঠ স্নেহবশে আকুলতা-প্রযুক্ত সর্বজ্ঞান, ক্রিয়া ও শক্তিরহিত হইয়া প্রাণাভাবে ইন্দ্রিয়গণ যেমন নিষ্ক্রিয় হয়, সেইরূপ চেতনাশূন্য হইলেন ॥৪৯

কোনও অংশে অর্থাৎ প্রহ্লাদরূপে জগদ্গুরু ব্রহ্মার জনক সেই শ্রীনন্দনন্দন ভগবান্ কৌতুকবশতঃ তাঁহার মুখমধ্যে প্রবিষ্ট হইলেও দগ্ধাঙ্গ না হইয়া তালুমূলেই অবস্থান করিতেছিলেন এবং স্বীয় সংহারিকা শক্তির প্রভাবে বকাসুরের তালুমূল অগ্নির ন্যায় দহন করিতে লাগিলেন। অতএব সেই অসুর তাঁহাকে অবিলম্বেই বমন করিয়া ফেলিয়া পরে শ্রীকৃষ্ণকে অক্ষতবিগ্রহ দেখিয়া পুনর্ব্বার মহাক্রোধে হিতাহিতবিচারশূন্য হইয়া চঞ্চুদ্বারা আহত করিবার নিমিত্ত তাঁহার সম্মুখে আগমন করিল ॥৫০

সাধুগণের গতি ও দেবগণের আনন্দপ্রদ ভগবান্ শ্রীকৃষ্ণ দুই হস্তে সমাগত কপট-প্রিয় বকাসুরের দুই চঞ্চু নিষ্পীড়ন পূর্বক দর্শনকারী বালকদিগের

তদা বকাদ্রিঃ সুরলোকবাসিনঃ
সমাকিরন্ নন্দনমল্লিকাদিভিঃ।
সমীড়িরে চানকশঙ্খতূর্যৈ-
স্তদ্বীক্ষ্য গোপালসুতা বিনিস্মিরে ॥৫২

মুক্তং বকাস্যাদুপলভ্য বালকা
রামাদয়ঃ প্রাণমিবেন্দ্রিয়ো গণঃ।

স্বানাগতং তং পরিরভ্য নির্বৃতাঃ
প্রেম্ণা বহিস্তীকৃতগোপ্যশ্রুতিপ্রিয়াদৃতাঃ ॥৫৩

প্রেত্যাগতমিবৌৎসুক্যাদৈক্ষন্ত তৃষিতেক্ষণাঃ ॥৫৪

অহো বতাস্ত বালস্য বহবো মৃত্যবোঽভবন্।
অপ্যাসীদ্বিপ্রিয়ং তেষাং কৃতং পূর্বং যতো ভয়ম্ ॥৫৫

তদা সুরলোকবাসিনঃ দেবা বকাদ্রিং ইন্দ্রং নন্দনমল্লিকাদিভিঃ মন্দারকাদিবন্ধ পুষ্পৈঃ সমাকিরন্ ব্যাপুঃ চক্রুঃ, আনকশঙ্খতূর্যৈঃ আনকৈঃ পণবৈঃ ঘণ্টৈঃ সাঙ্কেতৈঃ চ সমীড়িরে তুষ্টুবুঃ, গোপালসুতাঃ তং বীক্ষ্য বিনিস্মিরে বিস্ময়াপন্নচেতসোঽবন্ বিস্ময়ং প্রাপুঃ ॥৫২

রামাদয়ঃ বালকাঃ বালাঃ বকাস্যাৎ বকমুখাৎ মুক্তং উপলভ্য দৃষ্ট্বা ইন্দ্রিয়াণাং গণঃ স্বানামন্তঃ স্বকাশপ্রাপ্তঃ প্রাণম্ ইব ইন্দ্রম্ উপলভ্য পরিরভ্য সমাশ্লিষ্য নির্বৃতাঃ সন্তঃ বৎসান্ প্রেম্ণা (নিরন্তরং কালক্ষয়মপেক্ষ্য সর্দ্ধানং পরাবৃত্তা ইতস্ততো

সঙ্গে বীরনায়ক গ্রন্থিযুক্ত তৃণবিশেষের পত্রের ন্যায় অবলীলাক্রমে বিদারণ করিয়া ফেলিলেন ॥৫১

সেই সময় দেবগণ পরমপ্রিয় নন্দনকাননস্থিত মল্লিকা পারিজাত প্রভৃতি পুষ্প-সমূহের দ্বারা বকারি শ্রীকৃষ্ণকে আচ্ছাদন করিলেন অর্থাৎ শ্রীকৃষ্ণের উপর পুষ্পবর্ষণ করিতে লাগিলেন এবং ঢক্কা, ভেরী, মৃদঙ্গ ও শঙ্খাদি বাদ্য-সহকারে পুরুষসূক্তাদি প্রাচীন মন্ত্রসমূহ দ্বারা স্তব করিতে লাগিলেন।

গোপনন্দনসকল ইন্দ্রাদি দেবগণকৃত সেই ব্যাপার সন্দর্শন পূর্ব্বক শ্রীকৃষ্ণের অদ্ভুতবল জন্য পরমানন্দময় বিস্ময় প্রাপ্ত হইলেন ॥৫২

প্রাণকে স্বস্থানে প্রাপ্ত হইলে যেমন আনন্দ হইয়া থাকে, তদ্রূপ বকাসুরের মুখ হইতে বিমুক্ত ও স্বস্থানে আগত প্রাণের ন্যায় শ্রীকৃষ্ণকে সমীপে প্রাপ্ত হইয়া বালকগণ স্নেহোদ্রেক বশতঃ দৃঢ়ালিঙ্গন-

পূর্ব্বক পরম সন্তুষ্ট মনে বিনাস্তরবৎ কালক্ষেপ না করিয়া ইতস্ততঃগত বৎসগুলিকে একত্র সম্মিলন পূর্ব্বক স্ব স্ব গৃহে গমনান্তর সেই বৎস বক-বধাদি নিখিল বৃত্তান্ত বর্ণন করিলেন ॥৫৩

অতিপ্রিয় শ্রীকৃষ্ণ কর্ত্তৃক স্বীয় দর্শন দান দ্বারা আপ্যায়িত গোপ ও গোপীগণ ঐ বৃত্তান্ত শ্রবণ পূর্ব্বক অতিশয় বিস্মিত হইয়া তৃষিত নয়নে ও পরমৌৎসুক্য-সহকারে লোকান্তর (যমভবন) হইতে আগত প্রিয়তমের ন্যায় শ্রীকৃষ্ণকে দেখিতে লাগিলেন ॥৫৪

হায় হায়! কি আশ্চর্য্যের বিষয়। এই বালক কৃষ্ণের বহু বহু মৃত্যুর কারণ উপস্থিত হইলেও, যাহারা ইহার হননেচ্ছু তাহাদিগেরই অনিষ্ট হইল। যেহেতু, ঐ অনিষ্টকারীরা পূর্ব্বে অন্যের অপ্রিয়োৎপাদন করিয়াছিল, সেই হেতু এই জন্মে ইহাদিগের দ্বারা ইহার ভয় হইতেছে ॥৫৫

অথাপ্যভিভবন্ত্যেনং নৈব তে ঘোরদর্শনাঃ।
জিঘাংসয়েনমাসাদ্য নশ্যন্ত্যগ্নৌ পতঙ্গবৎ ॥৫৬

অহো ব্রহ্মবিদাং বাচো নাসত্যাঃ সন্তি কর্হিচিৎ।
গর্গো বদাহ ভগবানযদাত্মানং তথৈব তৎ ॥৫৭

ইতি নন্দাদয়ো গোপাঃ কৃষ্ণরামকথাং মুদা।
কুর্বন্তো রময়াণাশ্চ নাবিদন্নাগতং ভবম্ ॥৫৮

এবং বিহারৈঃ কৌমারৈঃ কৌমারং জহতুর্ব্রজে।
নিলায়নৈঃ সেতুবন্ধৈর্মর্কটোৎপ্লবনাদিভিঃ ॥৫৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

ঘোরদর্শনাঃ বিকটমূর্ত্তয়ঃ এতে এবং বালকং ন অভিভবন্তি অপি তু জিঘাংসয়া এনম্ আসাদ্য প্রাপ্য অগ্নৌ পতঙ্গবৎ নশ্যন্তি ক্ষিপ্রম্ ॥৫৬

অহো ব্রহ্মবিদাং ব্রহ্মজ্ঞানিনাং বাচঃ কর্হিচিৎ অপ্যর্থাঃ মিথ্যা ন সন্তি ভবন্তি। যতঃ ভগবান্ গর্গঃ যৎ আহ, তৎ তথৈব অস্য পশ্চাৎ অভবৎ ॥৫৭

ইতি মুদা হর্ষেণ কৃষ্ণরামকথাং কুর্বন্তঃ পরস্পরং কীর্ত্তয়ন্তঃ

ততশ্চ তত্রাগতং ভবং ন অবিদন্ ॥৫৮

এবং ঈদৃশপ্রকারেণ নিলায়নৈঃ পরস্পরেষু ইতি ক্রীড়াভিঃ, সেতুবন্ধৈঃ — বধ্নন্তীতিবৃক্ষিকাভিধা-জলাবারকবন্ধক্রীড়াভিঃ, মর্কটপ্লবনাদিভিঃ কৌমারৈঃ কৌমারমুচিতৈর্বিহারৈঃ ক্রীড়াভিঃ (৭ রাজকঃ) ব্রজে কৌমারং বাল্যবয়ঃ জহতুঃ অতিবাহিতবন্তৌ ॥৫৯

ইতি শ্রীবংশীধরাদ্রি-কৃতায়াং ভগবতঃ একাদশোঽধ্যায়ঃ

মুহুর্ত্ত ভেতুকৃত ঐ অসুরাদি যদিও ঘোরদর্শন, তথাপি শ্রীকৃষ্ণকে অভিভব করিতে সমর্থ হয় নাই; পরন্তু বিনাশ-বাসনায় উহার নিকটে আসিয়া অগ্নিতে পতঙ্গ-রাশির ন্যায় স্বয়ংই বিনষ্ট হইয়াছে ॥৫৬

অহো! বেদার্থ-তত্ত্বজ্ঞ ভক্তি-নিষ্ঠগণের বাক্য কখনও মিথ্যা হয় না। তত্ত্বজ্ঞ গর্গ মহাশয় এই বালক ইত্যাদি যাহা যাহা বলিয়া গিয়াছেন, আমরা ঠিক তথ্যাত্মরূপই অনুভব করিতেছি ॥৫৭

এইরূপে শ্রীনন্দাদি গোপগণ সভামধ্যে উপবেশন করিয়া আনন্দ সহকারে রাম কৃষ্ণের বাল্য-চাপল্য ও বংসবকাদি-বধবিষয়ক ভূত বা ভাবিনী কথা পুনঃ পুনঃ আলোচনা করিতেন এবং কখন বা শ্রীকৃষ্ণের সহিত ক্রীড়া করিতেন বলিয়া তত্ত্ববেত্তা অর্থাৎ সাংসারিক দুঃখ যথাকথঞ্চিৎ উপস্থিত হইলেও জানিতে পারিতেন না ॥৫৮

শ্রীকৃষ্ণ ও শ্রীবলরাম ব্রজধামে অবস্থান পূর্ব্বক উক্ত প্রকারে লুকোচুরি, চক্র ও শরীর কিংবা বৃত্তিকা দ্বারা জলনিবারণরূপ সেতুবন্ধ এবং বানরের ন্যায় লম্ফ-ঝম্ফ প্রভৃতি বালকোচিত লীলায় খেলায় কাল অতিবাহিত করিলেন ॥৫৯

শ্রীমদ্ভগবদ্বিদ্বেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশঠানন্দনসোদরি-ভক্তিরসকৃত একাদশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাদশঃ অধ্যায়ঃ।

[ভগবতা শ্রীকৃষ্ণেন অঘাসুরস্য বধঃ।]

শ্রীশুক উবাচ

কচিদ্ বনাশায় মনো দধদ্ ব্রজাৎ
প্রাতঃ সমুত্থায় বয়স্যবৎসপান্।
প্রবোধয়ন্ শৃঙ্গরবেণ চারুণা
বিনির্গতো বৎসপুরঃসরো হরিঃ ॥১

তেনৈব সাকং পৃথুকাঃ সহস্রশঃ
শ্রিগ্ধাঃ সুশিগ্বেত্রবিষাণবেণবঃ।
স্বান্ স্বান্ সহস্রোপরিসংখ্যয়ান্বিতান্
বৎসান্ পুরস্কৃত্য বিনির্যযুর্মুদা ॥২

কৃষ্ণবৎসৈরসংখ্যাতৈর্যূথীকৃত্য স্ববৎসকান্।
চারয়ন্তোঽর্ভলীলাভির্বিজহ্রুস্তত্র তত্র হ ॥৩

ফলপ্রবালস্তবকসুমনঃ-পিচ্ছধাতুভিঃ।
কাচগুঞ্জামণিস্বর্ণভূষিতা অপ্যভূষয়ন্ ॥৪

অন্বয়কঃ

শ্রীশুকঃ উবাচ। কচিৎ বনাশায় বনে ভোজনং কর্ত্তুং মনো দধৎ পুরুষঃ দুর্দ্দন্ হরিঃ প্রাতঃ সমুত্থায় চারুণা মনোহরেণ শৃঙ্গরবেণ শৃঙ্গনিনাদেন বয়স্যবৎসপান্ প্রবোধয়ন্ বৎসপুরঃসরঃ সন্ বিনির্যযৌ ॥১

(ততঃ) তেন কৃষ্ণেন এব সাকং সহস্রশঃ স্নিগ্ধাঃ স্নেহযুক্তাঃ সুশিগ্বেত্রবিষাণ-বেণবঃ সুষ্ঠুবেত্র নির্ম্মিত বেত্র বিষাণ বেণু (বাদ্যবিশেষঃ) যেষাং তাদৃশাঃ পৃথুকাঃ বালকাঃ স্বান্ স্বান্ সহস্রোপরিসংখ্যয়ান্বিতান্ সহস্রাধিক-সংখ্যাযুক্তান বৎসান্ পুরস্কৃত্য পুরতঃ কৃত্বা মুদা হর্ষেণ বিনির্যযুঃ ॥২

অসংখ্যাতৈঃ কৃষ্ণবৎসৈঃ স্বকান্ স্বকান্ বৎসান্ যূথীকৃত্য একীকৃত্য চারয়ন্তঃ, অর্ভলীলাভিঃ বাল্যলীলাভিঃ তত্র তত্র বিজহ্রুঃ ॥৩

(ধাতুভিঃ) কাচগুঞ্জামণিস্বর্ণভূষিতাঃ স্বর্ণাদিভিঃ ভূষিতা অপি (তে বালকাঃ) ফলপ্রবালস্তবকসুমনঃ-পিচ্ছধাতুভিঃ (ফলম্ আমলকাদি-ধাতুভিরিতং প্রবালস্তবকাঃ পুষ্পগুচ্ছাঃ সুমনসঃ পুষ্পাণি, জাতিঃ) আত্মনঃ অভূষয়ন্ ভূষয়াঞ্চক্রুঃ ॥৪

দ্বাদশ অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক অঘাসুর বধ।]

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন হে রাজন্! একদিন শ্রীকৃষ্ণ বনমধ্যে প্রাতঃকালীন ভোজন করিবার অভিলাষে প্রত্যূষে গাত্রোত্থান করিয়া রাত্রিবাস-বস্ত্র পরিত্যাগপূর্ব্বক শ্রীমুখাদি প্রক্ষালন করিলেন। পরে মনোহর বসন ভূষণ পরিধান করিয়া গৃহ হইতে বাহির হইবার সময় সুখে নিদ্রিত জনের নিদ্রাভঙ্গকারী মনোহর শৃঙ্গধ্বনি দ্বারা বৎসপালক বয়স্যদিগকে জাগরিত করিয়া এবং বৎস সকল অগ্রে লইয়া ব্রজ হইতে বহির্গত হইলেন।১

শৃঙ্গরব শুনিবামাত্র সেই শৃঙ্গরবের সহিত কিংবা শ্রীকৃষ্ণের সহিত স্নেহান্বিত সহস্র সহস্র বালকগণ সুন্দর শিক্যবেত্র (ভোজ্য দ্রব্যের পাত্রবাচক শিকা), বিষাণ [শৃঙ্গ] ও বেণু ধারণ-পূর্ব্বক সহস্রাধিক আপন আপন বৎসগুলি অগ্রে লইয়া পরমানন্দে বিনির্গত হইতে লাগিলেন।২

অসংখ্য কৃষ্ণ-বৎসের সহিত আপন আপন পরার্দ্ধ-সংখ্যক বৎসগুলি পৃথক্ পৃথক্ যূথবদ্ধ করিয়া চরাইতে চরাইতে বৎসচারণযোগ্য তত্তৎ প্রদেশে বিবিধ বাল্যলীলা দ্বারা পরমানন্দে বিহার করিতে আরম্ভ করিলেন।৩

তাঁহারা স্ব স্ব জননী কর্ত্তৃক কাচ, গুঞ্জা, মণি ও স্বর্ণ দ্বারা ভূষিত হইলেও বনে আসিয়া বনজাত ফল, প্রবাল, স্তবক [পুষ্পগুচ্ছ] পুষ্প, ময়ূরপুচ্ছ ও

মুঞ্চন্তোঽংশোত্তরীয়াণীন্ জাতানারাচ্চ চিক্ষিপুঃ।
তত্রত্যাশ্চ পুনর্দূরাদ্যতস্তশ্চ পুনর্দদুঃ ॥৫

যদি দূরং গতঃ কৃষ্ণো বনশোভেক্ষণায় তম্।
অহং পূর্বমহং পূর্বমিতি সংস্পৃশ্য রেমিরে ॥৬

কেচিদ্ বেণূন্ বাদয়ন্তো গ্রাম্যঃ শৃঙ্গাণি কেচন।
কেচিদ্ কৃষ্ণৈঃ প্রগায়ন্তঃ কূজন্তঃ কোকিলৈঃ পরে ॥৭
বিচ্ছায়াভিঃ প্রধাবন্তো গচ্ছন্তঃ সাধু হংসকৈঃ।
বকৈরুপবিশন্তশ্চ নৃত্যন্তশ্চ কলাপিভিঃ ॥৮
বিকর্ষন্তঃ কীশবালানারোহন্তশ্চ তৈর্দ্রুমান্।
বিকুর্বন্তশ্চ তৈঃ সাকং প্লবন্তশ্চ কলাপিষু ॥৯

জাতান্ অন্যোঽন্যশিক্যাদীন্ মুঞ্চন্তঃ মোচয়ন্তঃ বালান্ আরাৎ দূরাদেব চিক্ষিপুঃ, তত্রত্যাঃ (নিক্ষিপ্তস্থানস্থিতাঃ বালাঃ) চ পতিতশিক্যাদীন্ তত্তঃ দ্বারাৎ দূরাৎ দূরে (বিক্ষিপ্য) দদন্তঃ চ পুনঃ অধিকারি-বালকেভ্যঃ দদুঃ ॥৫

কিঞ্চ কৃষ্ণঃ বনশোভেক্ষণায় বনশোভায়াঃ ঈক্ষণায় দর্শনায় যদি দূরং গতঃ ভবেৎ, তর্হি অহং পূর্বম্ ইতি উক্ত্বা) অং সংস্পৃশ্য রেমিরে ॥৬

কেচিৎ বেণূন্ বাদয়ন্তঃ, কেচন গ্রাম্যাণি গ্রাম্যাণি বাদয়ন্তঃ, কেচিৎ কৃষ্ণৈঃ সহ প্রগায়ন্তঃ, পরে কোকিলৈঃ সহ কূজন্তঃ ॥৭

কেচিৎ বিচ্ছায়াভিঃ বীথীঃ পক্ষিণাং ছায়াভিঃ প্রধাবন্তঃ, কেচন হংসকৈঃ সরসাং সাধু গচ্ছন্তঃ, অপরে বকসদৃশৈঃ উপবিশন্তঃ চ কলাপিভিঃ ময়ূরৈঃ চ নৃত্যন্তঃ ॥৮

(কিং) কীশবালান্ বানরশিশূন্ বিকর্ষন্তঃ, কে চ তৈঃ কৃষ্ণৈঃ (লাঙ্গূলং ধৃত্বা) দ্রুমান্ আরোহন্তঃ, কে চ তৈঃ সর্কটৈঃ সহ বিকুর্বন্তঃ (নক্তদর্শনাদিভিঃ), পলাশিষু বৃক্ষেষু পাখাদ্যাঃ শাখাতরং প্লবন্তঃ উল্লম্ফন্তঃ ॥৯

দৈহিকাদি ধাতু দ্বারা আপন আপন অঙ্গ বিভূষিত করিতে লাগিলেন ॥৪

বালকগণ পরস্পর বেত্র শৃঙ্গ বেণু প্রভৃতি অপহরণ করিলে যাঁহাদের বস্তু তাঁহারা অবগত হইয়া বলপূর্ব্বক তাহা লইতে আসিতেছে দেখিয়া ঐ অপহরণকারিগণ সেই বস্তু নিকটবর্ত্তী অন্য বালকদিগের নিকট নিক্ষেপ করিতে লাগিলেন, আবার তাঁহারা ঐ বস্তু লইতে আসিলে যাঁহাদের সমীপে ঐ বস্তু রহিয়াছে, তাঁহারা তাহা হইতে দূরবর্ত্তি-স্থানে নিক্ষেপ করিলেন। পরে যাহাদের বস্তু অপহৃত হইয়াছে, তাহাদিগের মধ্যে কেহ আপন বস্তুর প্রাপ্তিবিষয়ে নিরাশ হইয়া রোদন করিতে আরম্ভ করিলে হাসিতে হাসিতে তাহাদিগের বস্তু তাঁহারা অর্পণ করিলেন ॥৫

শ্রীকৃষ্ণ যদি কখনও দুই একটি বয়স্যের সহিত বন শোভা সন্দর্শনের নিমিত্ত দূরবর্ত্তি-বনে গমন করিতেন; এখন অন্যান্য বয়স্যেরা পরস্পর বলিতেন "কে অগ্রে কৃষ্ণকে স্পর্শ করিতে পারে" এই বলিয়া "আমি অগ্রে স্পর্শ করিব, আমি অগ্রে স্পর্শ করিব" এই কথা বলিতে বলিতে দ্রুতপদে গমন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে আলিঙ্গনাদি দ্বারা স্পর্শ করিয়া ক্রীড়া করিতে লাগিলেন [অথবা আমি আগে কৃষ্ণ স্পর্শ করিয়াছি, তুমি নও, তুমি নও] ইত্যাদি কোলাহল করিতে লাগিলেন ॥৬

কোন কোন বালকগণ বেণুবাদন করিতে করিতে, কেহ কেহ শৃঙ্গ বাদন করিতে করিতে, কতিপয় বালক কৃষ্ণগণের সহিত গান করিতে করিতে, কতকগুলি বালক ময়ূরগণের সহিত তাহাদিগের রব করিতে করিতে বিহার করিতে লাগিলেন ॥৭

আবার কতিপয় বালক গগনে উড্ডীয়মান পক্ষি-সকলের ভূমিগত মণ্ডলাকার ছায়ার সহিত দ্রুত গমন, হংসের সহিত তদনুরূপ সুন্দর গমন, জলসমীপে বকের সহিত তদাকারে উপবেশন এবং ময়ূরগণের সহিত নৃত্য করিতে লাগিলেন ॥৮

কোন কোন বালক বৃক্ষশাখাবস্থিত বানরশিশুগণের লম্বমান লাঙ্গুল আকর্ষণ করিয়া দৃঢ়ভাবে ধারণ করিলে ঐ বানর-শিশুগণও শাখা ছাড়িয়া

সাকং ভেকৈর্বিলজ্বন্তঃ সরিৎপ্রস্রবসংপ্লুতাঃ।
বিহসন্তঃ প্রতিচ্ছায়াঃ শপন্তশ্চ প্রতিস্বনান্ ॥১০

ইত্থং সতাং ব্রহ্মসুখানুভূত্যা
দাস্যং গতানাং পরদৈবতেন।
মায়াশ্রিতানাং নরদারকেণ
সঙ্গতাঃ অধিতঃ (সঙ্গমেন অধিতঃ সহিতঃ কৃষ্ণঃ) সন্তোষজনকৈঃ সহভোজনযোগ্যৈঃ সধিতিঃ গোপৈঃ সহ সলিলান্তিকে

শ্রীকৃষ্ণ ও শ্রীবলদেবের সহিত গো ও গোপগণে পরিবেষ্টিত হইয়া উক্ত প্রকারে সমৃদ্ধ পক্ক খর্জুর ও জম্বু বিশিষ্ট প্রসিদ্ধ সেই বৃন্দাবনে প্রবেশ করিলেন ।২৫

বৃহৎ স্তনভারে মন্থরগামিনী ধেনুগণ ভগবান্ শ্রীকৃষ্ণ কর্তৃক প্রীতিপূর্বক আহূত হইয়া দ্রুত গমন করিতে করিতে প্রীতমনে দ্রুত গমন করিতে লাগিলেন ।২৬

শ্রীকৃষ্ণ আনন্দিত পুলিন্দাদি ব্রজবাসিগণ, মধুক্ষরণশীল বনশ্রেণী, গিরিনিঃসৃত বারিধারা দূরবর্ত্তিনী হইলেও তৎধ্বনিপ্রযুক্ত নিকটবর্ত্তিনী বারিধারা ও গুহাসমূহ দর্শন করিতে লাগিলেন ।২৭

কোন সময়ে দেবরাজ বর্ষণ করিতে থাকিলে,

(সলিলস্য অন্তিকে সমীপে) সলিলান্তিকে (তত্র) সধাসীনং যথোদ্যমং বুভুজে ॥২৯

শাদ্বলোপরি হরিততৃণাস্তরণেন সংবিশ্য চর্বতঃ (আস্বাদয়তঃ মুখেন) মীলিতেক্ষণান্ (মুদিতনেত্রান্) তৃপ্তান্ বৃষান্ বৎসতরান্ রোধোভরব্রজাঃ গাঃ চ ॥৩০

তথা সর্বকালসুখাবহাম্ আত্মশক্ত্যুপবৃংহিতাং (স্বশীলাযোগ্যতানাধার্থং আত্মকৃত্যা স্বাভিলাষিতয়া উপকৃতিভাং সংবর্ধিতাং) তাং প্রাবৃট্‌শ্রিয়ং চ বীক্ষ্য পূজয়াঞ্চক্রে (বহু অমন্যত ইতি। অত্র সর্বভূতমনোহরাম্ ইত্যপি পাঠে সর্বপ্রাণিনাং পরমানন্দবিধায়িনীমিতি) ॥৩১

শ্রীকৃষ্ণ কখনও বৃক্ষমূলে, কখনও গৃহাভ্যন্তরে প্রবেশ করিয়া ক্রীড়া করিতে লাগিলেন। কখনও কন্দ, মূল ও ফল ভক্ষণ করিতে লাগিলেন ।২৮

শ্রীবলরামের সহিত শ্রীকৃষ্ণ ভোজনীয় দ্রব্যাদিত সখাগণের সহিত জলসমীপে উপবেশনপূর্বক শিলাপাত্রে দ্রব্যোদন স্থাপন করিয়া ভোজন করিতে লাগিলেন ।২৯

শ্রীকৃষ্ণ হরিবর্ণ তৃণাকীর্ণ প্রদেশে উপবেশনপূর্বক তৃণচর্বণকারী মুদ্রিতরাং পরিবৃত্ত মীলিতনেত্র বৃষ ও বৎস সকলকে, স্তন-ভারাক্রান্তা নিজ গাভীগণকে, সর্বপ্রাণীর হর্ষপ্রদ নিজ-শক্তিপ্রভাবে প্রবর্দ্ধিত বর্ষাশোভা সন্দর্শন করিয়া তাহাকে অভিনন্দন করিতে লাগিলেন ।৩০-৩১

এবং নিশম্যতোদ্ধবস্য রামকেশবয়োর্ব্রজে।
শরৎ সমভবদ্ ব্যভ্রা স্বচ্ছাম্বুপঙ্কজনিলা ॥৩২

শরদা নীরজোৎপত্ত্যা নীরাণি প্রকৃতিং যযুঃ।
ভ্রষ্টানামিব চেতাংসি পুনর্যোগনিষেবয়া ॥৩৩

ব্যোম্নোঽভ্রং ভূতশাবল্যং ভুবঃ পঙ্কমপাং মলম্।
শরজ্জহারাশ্রমিণাং কৃষ্ণে ভক্তির্যথাশুভম্ ॥৩৪

এবং শ্রীবাদরায়ণের বিশ্বাসাতঃ রামকৃষ্ণয়োঃ তস্মিন্ বৃন্দাবনে ব্যবভ্রা (বিগতানি অবভ্রাণি যস্যাং) স্বচ্ছাম্বু (স্বচ্ছানি অম্বুনি যস্যাং সা) অম্বুজবাসিনা (অম্বুজঃ পাদ্মঃ,অবিদ্যতে যস্যাং সা) শরদ সমভবৎ ॥৩২

(যথা দুঃসঙ্গেন যোগাৎ) ভ্রষ্টানাং চেতাংসি পুনঃ যোগনিষেবয়া (যোগস্য যমাদ্যষ্টাঙ্গস্য নিষেবয়া ঐব যথা স্বচ্ছতাং যান্তি, তদ্বা) নীরজোৎপত্ত্যা (নীরেষাং কুমুদাদীনাং উৎপত্তিঃ যয়া তয়া) শরদা নীরাণি প্রকৃতিং স্বচ্ছতাং যযুঃ ॥৩৩

আশ্রমিণাং (চতুর্ণাং) কৃষ্ণে (ভাক্তে) ভক্তিঃ যথা অশুভং (হরতি, তদ্বা) শরৎ ব্যোম্নঃ আকাশস্য অভ্রং, ভূতশাবল্যং (ভূতানাং পাবল্যস্য সাচ্ছর্য্যং) ভুবঃ পঙ্কম্ অপাং মলং জহার ॥৩৪

যথা মুক্তকিবিষাঃ (মুক্তং কিবিষং কল্মষমেষাম্তে যেষাং সর্ব্বং জলদা হিত্বা বিরেজুঃ শুভ্রবর্চসঃ।
যথা ত্যক্তৈষণাঃ শান্তা মুনয়ো মুক্তকিল্বিষাঃ ॥৩৫

শিবয়ো মুমুচুস্তোয়ং ক্বচিন্ন মুমুচুঃ শিবম্।
যথা জ্ঞানামৃতং কালে জ্ঞানিনো দদতে ন বা ॥৩৬

নৈবাবিদন্ ক্ষীরনাশং জলং গাবজলেচরাঃ।
যথাত্মবাদ্বয়ং ক্ষয্যং নরা মূঢ়াঃ কুটুম্বিনঃ ॥৩৭

তে) মুক্তং মরনমেষাং তে মুক্তকিবিষাঃ (শুদ্ধ) : পুরবিক্লেদাকৈষণাঃ যৈঃ তে) অতএব শান্তাঃ অনুদ্বিগ্নচিত্তাঃ (যথা রাজন্তে, তদ্বা) জলদাঃ যেষাং সর্ব্বম্ জলং হিত্বা শুভ্রবর্চসঃ শুভ্র শুভ্র বর্চঃ কান্তিঃ যেষাং তে তদ্বা) বিরেজুঃ ॥৩৫

শিবয়ঃ শিবং নির্ম্মলং তোয়ং জলং ক্বচিৎ (কুত্রচিৎ এব) ন (সর্ব্বত্র) মুমুচুঃ, যথা জ্ঞানিনঃ জ্ঞানামৃতং যোগসাধনত্বজ্ঞানং (কস্মৈচিদেব) কালে (কস্যৈচিদ্ যোগ্যে) বা দদতে ন (সর্ব্বস্মৈ সর্ব্বত্র) ॥৩৬

কুটুম্বিনঃ মূঢ়াঃ নরাঃ (কুটুম্বরক্ষণাদিকর্ম্মণাং) অন্বয়ং অবেদয়ঃ ক্ষয্যং ক্ষীরনাশং আয়ুঃ যথা (ন জানন্তি), তদ্বা গাবঃজলেচরাঃ ক্ষুদ্রজলে বর্ত্তমানাঃ (মৎস্যাদয়ঃ) জলং (অন্বয়ং ক্ষীরনাশং এব) ন অবিদন্ জানন্তি ॥৩৭

উক্ত বর্ষাক্রীড়া বিশেষদ্বারা সেই বৃন্দাবনে শ্রীরাম ও শ্রীকৃষ্ণ অবস্থান করিতেছেন। ইত্যবসরে মেঘশূন্য স্বচ্ছ-সলিল শান্ত পরমবিশিষ্ট শরৎকাল সমাগত হইল ॥৩২

যোগভ্রষ্ট ব্যক্তির চিত্ত যেমন পুনর্ব্বার যোগাভ্যাসে প্রকৃতস্থ হইয়া থাকে, তদ্রূপ শরৎকাল দ্বারা জলগুলি কমলোৎপত্তিহেতু পূর্ব্বস্বভাব প্রাপ্ত হইল ॥৩৩

কৃষ্ণভক্তি যেমন আশ্রমিদিগের অশুভ অর্থাৎ মহাকল্মষ তত্তদ্ধর্ম্মানুষ্ঠান নাশ করিয়া থাকেন, তদ্রূপ শরৎ আকাশগত মেঘ প্রাণিসকলের সাচ্ছর্য্য, পৃথিবীর কর্দ্দম ও জলের মল নাশ করিল ॥৩৪

স্ত্রী-পুত্র ধনাদি বাসনারহিত নিষ্পাপ শান্তস্বভাবলম্বী মুনিগণ যেরূপ শোভা পাইয়া থাকেন, তদ্রূপ মেঘসকল আপন সর্ব্বস্ব বারিরাশি পরিত্যাগ পূর্ব্বক শুভ্রকান্তি ধারণ করিয়া শোভা পাইতে লাগিল ॥৩৫

জ্ঞানিগণ যেরূপে যথাসময়ে জ্ঞানামৃত উপদেশ করিয়া থাকেন, নারদ ভরত ও প্রহ্লাদাদি ভক্তগণ যেরূপে যথাকালে ব্যাধ, রহূগণ ও দৈত্য-বালক-প্রভৃতির প্রতি ভগবদ্ভক্তির উপদেশ প্রদান করিয়াছিলেন, অন্য কাহাকেও প্রদান করেন না, তদ্রূপ পর্ব্বতসমূহ কোনস্থানে নির্ম্মল সলিল বর্ষণ করিতে লাগিল, কোথাও বা কিছুই বর্ষণ করিল না ॥৩৬

স্ত্রী-পুত্রাদি কুটুম্বভরণে আসক্তচিত্ত মূঢ় নরগণ যেরূপ দিনে দিনে ক্ষীয়মাণ পরমায়ু জানিতে পারে না, তদ্রূপ অল্প জলসঞ্চারী মৎস্যসকল দিন দিন ক্ষীয়মাণ সলিল বিদিত হইল না ॥৩৭

গাঘবারিচরাস্তাপমবিন্দদ্দুরর্কজম্ ।
যথা দরিদ্রঃ কৃপণঃ কুটুম্ব্যবিজিতেন্দ্রিয়ঃ ॥৩৮

শনৈঃ শনৈর্জহুঃ পঙ্কং স্থলান্যাময়ং চ বীরুধঃ ।
যথাহং মমতাং ধীরাঃ শরীরাদিষনাত্মসু ॥৩৯

নিশ্চলাম্বুরভূত্তূষ্ণীং সমুদ্রঃ শরদাগমে ।
আত্মন্যুপরতে সম্যঙ্মুনির্ব্যুপরতাগমঃ ॥৪০

কেদারেভ্যস্তুপোঽগৃহ্ণন্ কর্ষকাঃ দৃঢ়সেতুভিঃ ।
যথা প্রাণৈঃ স্রবজ্ জ্ঞানং তন্নিরোধেন যোগিনঃ ॥৪১

শরদর্কাংশুতাংস্তাপান্ ভূতানামুদবহরৎ ।
দেহাভিমানজো রোষো মুকুন্দো ব্রজযোষিতাম্ ॥৪২

খমশোভত নির্মলং শরদ্বিমলতারকম্ ।
সত্ত্বযুক্তং যথা চিত্তং শব্দব্রহ্মার্থদর্শনম্ ॥৪৩

যথা অবিবিক্তেন্দ্রিয়ঃ কুটুম্বী পরিবেদনাবহীতঃ কৃপণঃ দরিদ্রঃ অয়ং (সংসারতাপং লভতে), তথা গাঘবারিচরাঃ শরদর্কজং তাপম্ অবিন্দন্ লেভিরে ॥৩৮

যথা বীরাঃ স্থলেষু অনাসক্তা পঙ্কাদিষু অয়ং (অহংতা) শনৈঃ শনৈঃ জহতি, তথা স্থলানি পঙ্কঃ, বীরুধশ্চ আময়ং অপহরন্তি স্ম ॥৩৯

আত্মনি যদনি সম্যক্ উপরতে বিরক্তে সতি মুনিঃ যথা । মুনিরত্যন্তাগমঃ নিবৃত্তবেদবোধঃ ভবতি (তত্ত্বঃ পরম্ অধ্যয়নতাগাৎ, তথা) পরদাগমে সতি নিশ্চলাম্বুঃ সমুদ্রঃ তূষ্ণীম্ অভূৎ ॥৪০

যথা প্রাণৈঃ (ইন্দ্রিয়ৈঃ যাবদ্ভূতৈঃ বেদ্যৈঃ) স্রবং জ্ঞানং তন্নিরোধেন ইন্দ্রিয়প্রত্যাহারেণ (যোগিনঃ রক্ষতি, তথা) কেদারেভ্যঃ (আলিক্ষেত্রেভ্যঃ ক্ষরন্তী অপঃ (তন্নির্গমমার্গনিরোধেন) কর্ষকাঃ অরুন্ধন্ অরক্ষন্

যথা দেহাভিমানজং (আধ্যাত্মিকাৎ দুঃখং) রোষঃ আত্মযাথার্থ্যজ্ঞানং হরতি, ব্রজযোষিতাং (ব্রবিরহজং তাপং) মুকুন্দঃ (হরতি), তথা উডুপঃ চন্দ্রঃ ভূতানাং শরদর্কাংশুতাপান্ ভাপান্ অহরৎ ॥৪২

শব্দব্রহ্মার্থদর্শনং (শব্দব্রহ্মণো বেদস্য অর্থান্ বীজাংলাবিশেষান্ দর্শয়তি যৎ তৎ,) সত্ত্বযুক্তং চিত্তং যথা (শোভতে), তথা শরদ্বিমলতারকং শরদা বিমলাঃ তারকাঃ যস্মিন্ তৎ) নির্মলং (নির্গতাঃ যস্মাৎ তৎ) খম্ আকাশম্ অশোভত ॥৪৩

ইন্দ্রিয়-পরতন্ত্র কুটুম্বাসক্ত দীন দরিদ্র যেরূপ সংসার তাপ বিদিত হয়, তদ্রূপ অল্প জলচর মৎস্যাদি জন্তুগণ শরৎকালীন সূর্য্যতাপ জন্য সন্তাপ প্রাপ্ত হইতে লাগিল ॥৩৮

জ্ঞানিগণ যেরূপ আধ্যাত্মিক দেহেন্দ্রিয়াদিএবং মমতা পরিত্যাগ করিয়া থাকেন, তদ্রূপ স্থলভূমিসকল কর্দ্দম ও লতাগুলি অপকর্ষভাব অল্পে অল্পে পরিত্যাগ করিতে লাগিল ॥৩৯

আত্মা সম্যক্রূপে নিষ্ক্রিয় হইলে মুনি ব্যক্তি যেরূপ বেদপাঠে নিরত হইয়া থাকেন, তদ্রূপ শরদাগমে নিশ্চল সমুদ্র নীরব হইল ॥৪০

যোগিগণ যেমন সাধনীভূত ইন্দ্রিয়সমূহ দ্বারা আপন হইতে বিগলিত ধর্ম্মভূত জ্ঞানকে ইন্দ্রিয়-নিচয়ের নিরোধ বা প্রত্যাহার দ্বারা আত্মস্বরূপ-গোচর করিয়া থাকেন, তদ্রূপ কৃষকগণ দৃঢ় সেতু দ্বারা জলসকলকে আলিক্ষেত্র হইতে তন্নির্গম পথ নিরোধ করিয়া রক্ষা করিতে লাগিল ॥৪১

আত্মজ্ঞান যেরূপ দেহাভিমানজাত তাপ হরণ করিয়া থাকে এবং শ্রীকৃষ্ণ যেরূপ ব্রজ-সুন্দরীগণের বিরহতাপ হরণ করিয়া থাকেন, তদ্রূপ চন্দ্র প্রাণিগণের শরৎকালগত রবি-কিরণ জন্য সন্তাপ অপহরণ করিতে লাগিল ॥৪২

পূর্ব্বমীমাংসা ও উত্তরমীমাংসা দ্বারা নির্ণীত বেদার্থের দর্শক অর্থাৎ কর্ম্ম ও জ্ঞানযুক্ত ভক্তিযোগের জ্ঞাপক সত্ত্বগুণযুক্ত চিত্ত যেরূপ শোভা পাইয়া থাকে, তদ্রূপ মেঘবিহীন বিমল তারকান্বিত আকাশ প্রকাশ পাইতে লাগিল ॥৪৩

অথওষধয়ো ব্যোম্নি বরাজোডুগণৈঃ শশী।
যথা যদুপতিঃ কৃষ্ণো বৃষ্ণিচক্রাবৃতো ভুবি ॥৪৪

আশ্লিষ্য সমশীতোষ্ণং প্রসূনবনবায়ুকম্।
জনাস্তাপং জহুর্গোপ্যো ন কৃষ্ণহৃতচেতসঃ ॥৪৫

গাবো মৃগাঃ খগা নার্য্যঃ পুষ্পিণ্যঃ শরদাভবন্।
অম্বুরুহানাঃ স্বরূপৈঃ ফলৈরোষধিভিরিব ॥৪৬

উদ্বহন্ বারিভানি সূর্য্যোত্থানে কুমুদ্ বিনা।
রাজ্ঞা তু নির্ভয়া লোকা যথা দস্যূন্ বিনা নৃপ ॥৪৭

পুরগ্রামেষা প্রয়ৈরৈন্দ্রিয়ৈশ্চ মহোৎসবৈঃ।
যুতৌ ভুঃ পক্বশস্যাঢ্যা কলাভ্যাং নিতরাং হরেঃ

বৃষ্ণিচক্রাবৃতঃ (বৃষ্ণিচক্রেণ যাদব-সমূহেন আবৃতঃ) যদুপতিঃ কৃষ্ণঃ ভুবি (দ্বারকায়াং সভায়াং যথা বভাজ) তথা অথওষধয়ঃ পূর্ণঃ শশী উডুগণৈঃ বৃতঃ (সন্) ব্যোম্নি বভাজ ॥৪৪

সমশীতোষ্ণং (সমঃ অনুদ্বাবিতঃ শীতঃ উষ্ণশ্চ যত্র তৎ) প্রসূন-বন-বায়ুকং (প্রসূনপরিপূরিতং বনস্থ বায়ুকং) আশ্লিষ্য জনাঃ (বর্ষর্তৌ) তাপং জহুঃ, হৃতচেতসঃ (হৃতেন হৃতানি চেতাংসি যাসাং তাঃ) গোপ্যঃ তু ন জহুঃ ॥৪৫

শরদা (বিশিষ্টেন) গাবঃ মৃগাঃ (বৃষাঃ) খগাঃ (খগাঃ) নার্য্যঃ চ স্বরূপৈঃ (স্বগতিভিঃ) অম্বুরুহানাঃ উপক্রিয়াঃ ফলৈঃ

যদুপতি শ্রীকৃষ্ণ যাদবগণে পরিবৃত হইয়া যেরূপ পৃথিবীতে শোভা পাইয়া থাকেন, তদ্রূপ পূর্ণ শশী (চন্দ্র) নক্ষত্রসমূহ পরিবেষ্টিত হইয়া আকাশমণ্ডলে শোভা পাইতে লাগিলেন ॥৪৪

জলসকল সমশীতোষ্ণ কুসুমকাননসংস্পর্শী বায়ু সেবন করিয়া রবিজনিত তাপ দূর করিতে লাগিলেন; কৃষ্ণ কর্তৃক হৃতচিত্ত গোপীগণ মলয়জন্ত তাপ দূর করিতে পারিলেন না ॥৪৫

শ্রীহরিধারাধনা-লক্ষণ ক্রিয়া যেমন বলপূর্ব্বক ফলবিশেষের সম্পাদন দ্বারা সমস্ত লোকপ্রাণ হইয়া থাকে, তদ্রূপ শরদাগমে গাভী, বৃষী ও

(বলাহকসমাকারাঃ) ইব পুষ্পিণ্যঃ নদ্যঃ অভবন্ ॥৪৬

বারিভানি (কমলানি) সূর্য্যোত্থানে (সূর্য্যে উদিতে সতি) উদ্বহন্ (প্রফুল্লানি ভবন্তি, (সত্ত) কুমুদ্ বিনা (কুমুদং বিনা) হে নৃপ! যথা (বর্ষাস্বা) রাজ্ঞা দস্যূন্ বিনা তু লোকাঃ নির্ভয়াঃ ভবন্তি ॥৪৭

পুরগ্রামেষু আপ্রয়ৈঃ (মহাপ্রাশস্ত্যার্থৈঃ বৈদিকৈঃ মন্ত্রৈঃ) ঐন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়ার্থৈঃ লৌকিকৈঃ মহোৎসবৈঃ) চ হরেঃ কলাভ্যাং যাবৎকলাভ্যাং পক্বশস্যাঢ্যা (পক্বশস্যৈঃ আঢ্যা সম্পন্না) ভূঃ নিতরাং অভিঃ) অশোভত ॥৪৮

নারীসকল অনিচ্ছাসত্ত্বেও স্ব-স্ব পতিগণ কর্তৃক বলপূর্ব্বক অনুগম্যমানা হইয়া গর্ভবতী হইতে লাগিল ॥৪৬

হে রাজন্! চৌরাদি দস্যুগণ ভিন্ন অন্যান্য সমস্ত লোক যেরূপ রাজপ্রভাবে নির্ভয় হইয়া থাকে, তদ্রূপ সূর্য্যোদয়ে কুমুদ ব্যতিরেকে যাবতীয় জলজ পুষ্পসকল প্রফুল্ল হইতে লাগিল ॥৪৭

পুর ও গ্রামসকলে ভোজনার্থ বৈদিক মন্ত্রদ্বারা ও ইন্দ্রিয়ার্থ লৌকিক মহোৎসব দ্বারা এবং শ্রীহরির কলাস্বরূপ শ্রীরাম-কৃষ্ণ দ্বারা পক্বশস্যসম্পন্না পৃথিবী অতিশয় শোভা ধারণ করিল ॥৪৮

যদিষুনিরূপস্নাতা নির্গম্যার্থান্ প্রপেদিরে।
বর্ষকৃত্যা যথা সিদ্ধাঃ ঋষিণ্যান্ কাল আগতে ॥৪৯॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
বিংশোঽধ্যায়ঃ ॥২০॥

যথা (যোগাদিভিঃ) সিদ্ধাঃ (প্রারব্ধৈঃ কৃতশরীরাঃ সন্তঃ) কালে (প্রারব্ধভোগাবসানকালে) আগতে সতি ঋষিণ্যান্ (যথাযথান্ পার্থবাদিদেহান্ প্রাপ্নুবন্তি তথা) ঋষিভিন্নিরূপস্নাতা (ঋষিভিঃ মুনিভিঃ বৃণাঃ ব্রাহ্মণাঃ ব্রহ্মচারিণশ্চ) বর্ষকৃত্যা (বর্ষেণ নৃত্বা কৃত্যাঃ প্রাক্তনী প্রতিবিদ্যাঃ সন্তঃ) কালে নবমি আগতে বিদ্যয়া অর্থান্ (ক্রমেণ ধান্যিস্যাজ্যাদিবিদ্যা-বিদ্যালীন্) প্রপেদিরে ॥৪৯॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে বিংশোঽধ্যায়ঃ ॥

ভক্তিসিদ্ধ জনগণ যেরূপ অনুসময় উপস্থিত হইলে প্রাপ্য পার্ষদদেহ লাভ করিয়া থাকেন, তদ্রূপ যথাপ্রযুক্ত স্বকার্য্যে অক্ষম ঋষিবৃন্দগণ, যতিগণ, রাজসকল ও সমস্ত ব্রহ্মচারী স্ব-স্ব স্থান হইতে নির্গত হইয়া বাণিজ্য, স্বাচ্ছন্দ্য, দ্বিজত্ব ও বিদ্যাদি লাভ করিতে লাগিলেন ॥৪৯॥

শ্রীমদ্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীসচ্চিদানন্দগোস্বামি-ভক্তিরঞ্জনকৃত বিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একবিংশঃ অধ্যায়ঃ।

[শ্রীভগবতঃ শ্রীকৃষ্ণস্য বংশীবাদনম্, তদীয়-মধুরবংশীধ্বনিশ্রবণেন গোপীভিস্তদ্গুণগানঞ্চ।]

শ্রীশুক উবাচ।

ইত্থং শরৎস্বচ্ছজলং পদ্মাকরসুগন্ধিনা।
ন্যবিশদ্ বায়ুনা বাতং সগোগোপালকোঽচ্যুতঃ ॥১॥

কুসুমিতবনরাজিগুল্মিভৃঙ্গ-
দ্বিজকুলঘুষ্টসরঃসরিন্মহীভ্রম্।
মধুপতিরবগাহ্য চারয়ন্ গাঃ
সহপশুপালবলশ্চ কূজ বেণূন্ ॥২॥

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। ইত্থং শরৎ-স্বচ্ছজলং (শরদা স্বচ্ছানি জলানি যত্র তৎ) পদ্মাকরসুগন্ধিনা (পদ্মসমূহ-সম্পর্কাৎ সুরভিনা) বায়ুনা ব্যাপ্তং বনং সগোগোপালকঃ হরিঃ ন্যবিশৎ ॥১॥

সহপশুপালবলঃ (পশুপালৈঃ বলেন চ সহিতঃ) মধুপতিঃ

অন্বয়ঃ

কুসুমিতবনরাজি-গুল্মিভৃঙ্গদ্বিজকুলঘুষ্টসরঃসরিন্মহীভ্রং (কুসুমিতাঃ বনরাজিষু গুল্মিনঃ বল্লাঃ তৃণানি বিদ্যাঃ পক্ষিণঃ চ তৈর্যথা ক্রুষ্টানি ঘুষ্টানি নাদিতানি সরাংসি সরিতঃ মহীভ্রাঃ পর্ব্বতাঃ যস্মিন্ তৎ) বনং অবগাহ্য প্রবিশ্য গাঃ চারয়ন্ বেণূং কূজ বাদয়ংশ্চ ॥২॥

একবিংশ অধ্যায়।

[ভগবান্ শ্রীকৃষ্ণের বংশীবাদন এবং তাঁহার মধুর বংশীধ্বনি শ্রবণ করত গোপীগণ কর্ত্তৃক তাঁহার গুণগান।]

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—গাভীগণ ও গোপগণের সহিত শ্রীকৃষ্ণ এবম্ভূত শরদ্ঋতুর সুনির্ম্মল সলিল ও পদ্মাকর দ্বারা সংস্পৃষ্ট সুগন্ধ পবন প্রবাহিত শ্রীবৃন্দাবন মধ্যে প্রবেশ করিলেন।১।

গোপগণ ও শ্রীবলরামের সহিত মধুপতি শ্রীকৃষ্ণ গাভীসকল চারণ করাইতে করাইতে

তদ্ ব্রজস্ত্রিয় আশ্রুত্য বেণুগীতং স্মরোদয়ম্।
কাশ্চিৎ পরোক্ষং কৃষ্ণস্য স্বসখীভ্যোঽন্ববর্ণয়ন্ ॥৩

তদ্‌বর্ণয়িষ্যমাণাস্তাঃ স্মরন্ত্যঃ কৃষ্ণচেষ্টিতম্।
নাশকন্ স্মরবেগেন বিক্ষিপ্তমনসো নৃপ ॥৪

বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্বাসঃ কনককপিশং বৈজয়ন্তীং চ মালাম্।
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাবিশদ্ গীতকীর্তিঃ ॥৫

ইতি বেণুরবং রাজন্ সর্বভূতমনোহরম্।
শ্রুত্বা ব্রজস্ত্রিয়ঃ সর্বা বর্ণয়ন্ত্যোঽভিরেভিরে ॥৬

গোপ্য ঊচুঃ।

অক্ষণ্বতাং ফলমিদং ন পরং বিদামঃ
সখ্যঃ পশূননুবিবেশয়তোর্বয়স্যৈঃ।
বক্ত্রং ব্রজেশসুতয়োরনুবেণুজুষ্টং
যৈর্বা নিপীতমনুরক্তকটাক্ষমোক্ষম্ ॥৭

স্মরোদয়ঃ (স্মরস্য উদয়ঃ যস্মাৎ) তং বেণুগীতম্ আশ্রুত্য কাশ্চিৎ ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণস্য পরোক্ষং স্বসখীভ্যঃ অন্ববর্ণয়ন্ ॥৩

হে নৃপ। স্মরবেগেন (স্মরস্য কামস্য বেগেন) বিক্ষিপ্তমনসঃ (বিক্ষিপ্তং মনো যাসাং তাঃ ব্রজস্ত্রিয়ঃ) তৎকৃষ্ণচেষ্টিতং স্মরন্ত্যঃ বর্ণয়িষ্যমাণাঃ আসন্নবত্যঃ (অপি) ন অশকন্ (সমর্থাঃ ন জাতাঃ) ॥৪

বর্হাপীড়ং (বর্হাণাং ময়ূরপিচ্ছানাম্ আপীড়ঃ শিরোভূষণং যস্য তথাভূতং) নটবরবপুঃ (তথা) কর্ণয়োঃ কর্ণিকারং পুষ্পং কনক-কপিশং (কনকবৎ কপিশং পীতং) বাসঃ, বৈজয়ন্তীং পঞ্চবর্ণপুষ্পগ্রথিতাং মালাং চ বিভ্রৎ, অধর-সুধয়া মুখ-লাল্যা বেণোঃ রন্ধ্রান্ পূরয়ন্ (বেণুং বাদয়ন্ ইত্যর্থঃ) গোপবৃন্দৈঃ (গোপানাং বৃন্দৈঃ সমূহৈঃ) গীতকীর্তিঃ (গীতা কীর্তিঃ যশঃ যস্য সঃ কৃষ্ণঃ) স্বপদরমণং (স্বপদৈঃ পাদচিহ্নৈঃ রমণং রতিজনকং) বৃন্দারণ্যং প্রাবিশৎ ॥৫

হে রাজন্! সর্বভূতমনোহরং (সর্বেষাং ভূতানাং মনোহরং) বেণুরবং শ্রুত্বা সর্বাঃ ব্রজস্ত্রিয়ঃ (ব্রজবরযুবত্যঃ ব্রজবিলাসিকাঃ) বর্ণয়ন্ত্যঃ (সত্যঃ পদে পদে কৃষ্ণং) অভিরেভিরে (পদে পদে পরমানন্দমূর্ছিতাঃ তং পরিবরবত্যঃ আসন্নিত্যর্থঃ) ॥৬

গোপ্যঃ ঊচুঃ। হে সখ্যঃ! বয়ঞ্চৈঃ সখিভিঃ সহ পশূন্ অনুবিবেশয়তোঃ (বনায় বনান্তরং প্রবেশয়তোঃ) ব্রজেশসুতয়োঃ (ব্রজেশস্য নন্দস্য সুতয়োঃ রামকৃষ্ণয়োঃ অন্বয়েন, (বেণুবাদন-তৎপরয়োঃ তয়ৎ অবগম্যতে) অক্ষণ্বতাঞ্চ অক্ষিমতাঞ্চ লোকানাং ফলমিদং বক্ত্রং মুখং যৈঃ নিপীতম্ (অক্ষিভিরেতন্মাধুর্যং অনুভূতম্) অনবরতং চক্ষুষাং দৃষ্টেঃ সেবিতম্ ইত্যেব ফলম্, অতঃ পরম্ অন্যৎ উৎকৃষ্টং ফলং বয়ং ন বিদ্মঃ বিদ্মঃ ॥৭

কুসুমিত বেণুসমূহ মধ্যে মত্ত ভ্রমর ও পক্ষিকুল কর্তৃক শব্দিত সরোবর, নদী ও পর্বতবিশিষ্ট সেই শ্রীবৃন্দাবনাভ্যন্তরে প্রবেশ করিয়া বেণুধ্বনি করিতে লাগিলেন ।২

শ্রীকৃষ্ণভাবে বিভাবিতমতি শ্রীরাধাপ্রভৃতি ব্রজযুবতীগণ মদনোদ্দীপকারী শ্রীকৃষ্ণের সেই বেণু-গীত শ্রবণ করিয়া পরোক্ষভাবে আপন আপন সখী ললিতাদির নিকট নিরন্তর বর্ণন করিতে লাগিলেন ।৩

হে নৃপ! সেই বেণুগীত বর্ণন করিতে প্রবৃত্ত হইলে সর্বচিত্তাকর্ষক শ্রীকৃষ্ণের উক্তবেণুগীতময়-চেষ্টিত অনুসন্ধান পূর্বক কন্দর্পবেগে ব্যাকুলিতচিত্ত হইয়া তাহা বর্ণন করিতে অসমর্থ হইলেন ।৪

শিখিপুচ্ছরচিত শিরোভূষণযুক্ত নটবরসদৃশ বপু, কর্ণযুগলে পীতবর্ণ উৎপলাকার পুষ্প; কনককান্তি পীতবর্ণ বসন ও বৈজয়ন্তী মালাধারী গোপবৃন্দ কর্তৃক গীতকীর্তি শ্রীকৃষ্ণ অধরসুধাদ্বারা বেণুর রন্ধ্রসমূহ পূর্ণ করিতে করিতে স্বীয় অসাধারণ পদে সর্বত্র অঙ্কিত থাকায় রতিজনক শ্রীবৃন্দাবনে প্রবেশ করিলেন ।৫

হে রাজন্! উক্ত প্রকারে সর্বপ্রাণীর মনোহর বেণুধ্বনি শ্রবণ করিয়া ব্রজসুন্দরীগণ সেই কৃষ্ণ

চূতপ্রবালবর্হস্তবকোৎপলাব্জ-
মালানুপৃক্তপরিধানবিচিত্রবেষৌ।
মধ্যে বিরেজতুরলং পশুপালগোষ্ঠ্যাং
রঙ্গে যথা নটবরৌ ক্ব চ গায়মানৌ ॥৮

গোপ্যঃ কিমাচরদয়ং কুশলং স্ম বেণু
র্দামোদরাধরসুধামপি গোপিকানাম্।
ভুঙ্‌ক্তে স্বয়ং যদবশিষ্টরসং হ্রদিন্যো
হৃষ্যত্বচোঽশ্রু মুমুচুস্তরবো যথার্য্যাঃ ॥৯

চূতপ্রবালবর্হস্তবকোৎপলাব্জমালানুপৃক্তপরিধানবিচিত্রবেষৌ (চূতস্য আম্রস্য প্রবালাঃ, বর্হস্তবকাঃ ময়ূরপুচ্ছগুচ্ছানি (শিরসি), উৎপলাব্জমালাঃ মালা কণ্ঠে, তৈঃ অনুপৃক্তে মিশ্রিতে পরিধানে নীল-পীতাম্বরে, তাভ্যাং বিচিত্রঃ বেশো যয়োঃ তৌ রামকৃষ্ণৌ) ক্ব চ কদাচিৎ পশুপালগোষ্ঠ্যাং (পশুপালানাং গোষ্ঠ্যাং সভায়াং) রঙ্গে রাসমাবৌ নটবরৌ যথা তথা মধ্যে অলং অত্যর্থং বিরেজতুঃ ॥৮

হে গোপ্যঃ! অয়ং বেণুঃ কিং কুশলং পুণ্যং স্ম (আশ্চর্য্যে) আচরৎ কৃতবান্, যৎ যস্মাৎ গোপিকানাম্ অপি দামোদরাধরসুধাং (দামোদরস্য অধর-সুধাং) স্বয়ং স্বাতন্ত্র্যেণ অবশিষ্ট-রসং কেবলং রসয়ন্নং যথা তথা তথা যথেষ্টং ভুঙ্‌ক্তে। অত আর্য্যাঃ কুলস্ত্রিয়ঃ যথা (তথা অত্র যোগঃ যাবুকুল্যাঃ) হ্রদিন্যঃ হ্রদবত্যঃ তথা তরবঃ অশ্রু মুমুচুঃ ॥৯

চেষ্টিত বিষয় বর্ণন করিতে করিতে ভাববিশেষোদ্দীপ্ত-স্বভাবহেতু পরস্পর আলিঙ্গন করিতে লাগিলেন কিংবা হৃদয়ে আক্রান্ত শ্রীকৃষ্ণকে ভাবনা দ্বারা আলিঙ্গন করিতে লাগিলেন ।৬

গোপীগণ বলিতে লাগিলেন—হে সখীগণ! বয়স্যগণ সমভিব্যাহারে গাভী প্রভৃতি পশুসকলকে বনান্তরে প্রবেশনকারী ব্রজরাজতনয় রামকৃষ্ণের বেণুবাদনরত স্নিগ্ধ-কটাক্ষনিক্ষেপাধিত বদনমণ্ডল যাহারা সম্যক্‌রূপে দর্শন করিয়াছে, তাহাদিগেরই নেত্রাদির সাফল্য, অপর কাহার নেত্রাদির সাফল্য আছে কিনা আমরা জানি না ।৭

অন্যান্য ব্রজসুন্দরীগণ কহিলেন—হে গোপীগণ! রঙ্গস্থলে নটবরযুগল যেরূপ শোভা পাইয়া থাকে, তদ্রূপ শ্রীকৃষ্ণ ও বলরাম কোন সময়ে গোপগণের সভামধ্যে মস্তকস্থিত চূড়াপরি আম্রানুকূল, কর্ণযুগলে উৎপলের বর্ণাঙ্কিত কোষদ্বয়, বক্ষিদেশে নীলকমল, গলদেশে মালা, শোভানুরূপ গাত্র-সংলগ্ন পরিধান-যোগ্য নাট্যোচিত রক্ত, পীত ও নীল বসন দ্বারা বিচিত্র বেশ ধারণ করিয়া বিবিধ প্রকারে অভিনয় শোভা পাইতে লাগিলেন ।৮

হে গোপীগণ! শ্রীকৃষ্ণের এই নীরস কাষ্ঠময় বেণু এই জন্মে কিংবা পূর্ব্বজন্মে কি আশ্চর্য্য বা অনির্ব্বচনীয় পুণ্যাচরণ করিয়াছে বলিতে পারি না, তাহা জানিতে পারিলে আমরাও সেই পুণ্যাচরণে যত্ন করিতাম। যেহেতু ঐ বেণু আমাদিগের ভোগযোগ্য শ্রীকৃষ্ণের অধরসুধা স্বয়ং যথেষ্টভাবে নিঃশেষরূপে পান করিতেছে, তাহাতে কিছুমাত্রও রস অবশিষ্ট রাখে নাই। এই বেণুর আরও সৌভাগ্য দেখ—যাহাদের জলে উহা পুষ্ট হইয়াছিল, সেই মাতৃতুল্য হ্রদিনীসকলও বিকসিত কমলদলে রোমাঞ্চিত লক্ষিত হইতেছে এবং যাহাদের বংশে ঐ বেণু উৎপন্ন হইয়াছে সেই সকল তরুগণও মধু-ধারাচ্ছলে যেরূপ পিতৃগণ যথাবৎ ভগবৎ-সেবক দর্শন করিয়া রোমাঞ্চিত হয়েন, সেইরূপ আনন্দাশ্রুপাত করিতেছে ।৯

বৃন্দাবনং সখি ভুবো বিতনোতি কীর্তিং
যদ্দেবকীসুতপদাম্বুজলব্ধলক্ষ্মি।
গোবিন্দবেণুমনু মত্তময়ূরনৃত্যং
প্রেক্ষ্যাদ্রিসান্বপরতান্যসমস্তসত্ত্বম্ ॥১০

ধন্যাঃ স্ম মূঢ়গতয়োঽপি হরিণ্য এতা
যা নন্দনন্দনমুপাত্তবিচিত্রবেষম্।
আকর্ণ্য বেণুরণিতং সহকৃষ্ণসারাঃ
পূজাং দধুর্বিরচিতাং প্রণয়াবলোকৈঃ
কৃষ্ণং নিরীক্ষ্য বনিতোৎসবরূপশীলং
শ্রুত্বা চ তৎকণিতবেণুবিচিত্রগীতম্।
দেব্যো বিমানগতয়ঃ স্মরনুন্নসারা
ভ্রশ্যৎপ্রসূনকবরা মুমুহুর্বিনীব্যঃ ॥১২

হে সখি! বৃন্দাবন বৈকুণ্ঠ অপেক্ষাও পৃথিবীর কীর্তি বিশেষরূপে বিস্তার করিতেছে, যেহেতু শ্রীযশোদা-নন্দনের পাদপদ্ম দ্বারা সর্ব্বশোভা ও সর্ব্বসম্পত্তি লাভ করিয়াছে। তাহাছাড়া গোবিন্দের বেণুধ্বনি শ্রবণান্তর মন্দ মন্দ গর্জ্জনরোধে ঐ স্থানে নীলবোধ মনে করিয়া যে-সকল ময়ূর মত্ত হইল, তাহাদিগের নৃত্য দেখিয়া গিরিগুহাপ্রবিষ্ট অপরাপর প্রাণিসকল ক্রিয়াশূন্য হইয়াছে। এই ব্যাপার অন্য কোথাও নাই, সুতরাং পৃথিবীর কীর্তি বিস্তার করিতেছে।১০

হে সখি! কৃষ্ণপ্রিয় সর্ব্বজীবাশ্রয় শ্রীবৃন্দাবনের মাহাত্ম্যবার্ত্তা দূরে থাকুক, বৃন্দাবনাশ্রিত পশুজাতিদিগেরও ভাগ্যমহিমা কি বর্ণন করিব? যে হেতু, এই বনচারিণী হরিণীগণ বিবেকহীনমতি হইলেও ইহারা ধন্য; আহা! আমাদিগের ঈদৃশ ভাগ্য হইল না। কারণ, যে হরিণী বেণু-নাদ শ্রবণ করিয়া আপন আপন পতিগণের সহিত মিলিতা হইয়া বনমালা, ময়ূরপুচ্ছ, গুঞ্জাবতংসাদি বিচিত্র বেশধারী শ্রীনন্দ-নন্দনের প্রণয়াবলোকন দ্বারা পূজা সম্পাদন করিতেছে।১১

আহা! শ্রীকৃষ্ণসমীপে বিচরণশীলা বৃন্দাবনবর্ত্তিনী হরিণীদিগের মাহাত্ম্যবর্ণন দূরে থাকুক, গগনচারিণী দেবীগণের ভাগ্যমহিমা কি বর্ণন করিব? তাহা বর্ণন করা অসম্ভব; কারণ, কৃষ্ণানুরাগযোগ্যা স্ত্রীজাতিদিগের পরমানন্দপ্রদ রূপ-ও গুণ-স্বভাবযুক্ত শ্রীকৃষ্ণকে নিরীক্ষণ করিয়াও শ্রীকৃষ্ণকর্ত্তৃক বাদিত বেণুর অসদৃশ বা বিলক্ষণ স্বর শ্রবণ করিয়া বিমানচারিণী দেবীগণ স্ব-স্ব পতি-ক্রোড়ে অবস্থিতা হইয়াও কামদ্বারা ধৈর্য্যচ্যুতা হওয়ায় মোহপ্রাপ্ত হইলেন। এমনভাবে মুগ্ধ হইলেন যে তাঁহাদিগের কবরীস্থ কুসুমগুলি ভ্রষ্ট এবং কটি-বসন স্খলিত হইয়া পড়িতে লাগিল; তথাপি তাঁহাদিগের

যে সখি! যং বন্যাং গোবিন্দবেণুং (গোবিন্দস্য বেণুং) অনু বেণুনিনাদং শ্রুত্বা মন্দমন্দিতং নীলবোধং মত্বা মত্তময়ূর-নৃত্যং (মত্তাশ্চাসৌ ময়ূরাশ্চেতি মত্তময়ূরাঃ তেষাং নৃত্যং) প্রেক্ষ্য অদ্রিসানব-পরতান্যসমস্তসত্ত্বানি (অদ্রিসানূনু অপরতানি উপরত-ব্যাপারাণি অন্যানি সমস্তানি সত্ত্বানি প্রাণিনঃ যস্মিন্ তৎ) তথা দেবকীসুত-পদাম্বুজ-লব্ধলক্ষ্মি (দেবকীসুতস্য পদাম্বুজৈঃ তত্র ভক্তাদিভিঃ লব্ধা লক্ষ্মীঃ শোভা যেন তৎ) বৃন্দাবনং ভুবঃ কীর্তিং বিতনোতি বিস্তারয়তি ।১০

(হে সখি!) (মূঢ়গতয়ঃ ইত্যপি পাঠঃ) বিবেকহীনাঃ অপি এতাঃ হরিণ্যঃ ধন্যাঃ কৃতার্থাঃ স্ম এব, যাঃ বেণুরবিতম্ (বেণুরিক্তিং ইত্যপি পাঠঃ) বেণুরবম্ আকর্ণ্য শ্রুত্বা চ (উপাত্ত-বিচিত্র-বেশং (উপাত্তঃ বিচিত্রঃ বেশো যেন তৎ) নন্দনন্দনং প্রতি প্রণয়াবলোকৈঃ সহকৃষ্ণসারাঃ স্বপতিসহিতাঃ এব বিরচিতাং পূজাং সম্মানং দধুঃ কৃতবত্যঃ ।১১

(হে সখাঃ!) বনিতোৎসব-রূপশীলং (বনিতাভ্যঃ স্ত্রীভ্যো হিতং তদাত্মকং রূপশীলং যস্য তং) কৃষ্ণং নিরীক্ষ্য তৎ কণিত-বেণুগীতং (বেণ কণিতস্য বাদিতস্য বেণোঃ বিচিত্রং গীতং) চ শ্রুত্বা বিমানগতয়ঃ (বিমানৈঃ গচ্ছন্ত্যঃ) দেব্যঃ দেবাঙ্গনাঃ স্মরোন্নসারাঃ (স্মরেণ ন্নঃ পরিক্ষিপ্তঃ সারঃ যাসাং তাঃ) তথা ভ্রশ্যৎপ্রসূনকবরাঃ (ভ্রশ্যন্তঃ চ্যুতাঃ যাসাং তাঃ তথাভূতাঃ) বিনীব্যঃ (বিগতাঃ অজিতাঃ নীব্যঃ বাসাংসি যাসাং তাঃ) মুমুহুঃ ।১২

গাবশ্চ কৃষ্ণমুখনির্গতবেণুগীত-
পীযূষমুত্তভিতকর্ণপুটৈঃ পিবন্ত্যঃ।
শাবাঃ সুতস্তনপয়ঃকবলাঃ স্ম তস্থু-
র্গোবিন্দমাত্মনি দৃশাশ্রুকলাঃ স্পৃশন্ত্যঃ ॥১৩

প্রায়ো বতাম্ব বিহগা মুনয়ো বনেঽস্মিন্
কৃষ্ণেক্ষিতং তদুদিতং কলবেণুগীতম্।
আরুহ্য যে দ্রুমভুজান্ রুচিরপ্রবালান্
শৃণ্বন্ত্যমীলিতদৃশো বিগতান্যবাচঃ ॥১৪

গোবিন্দে দৃশা নেত্রদ্বারেণ আত্মনি হৃদয়ে স্পৃশন্ত্যঃ আলিঙ্গন্ত্যঃ, (অতএব) অশ্রুকলাঃ (অশ্রবঃ কলাঃ লেশাঃ যাসাং তাঃ) লেশাঃ দোঽনয়োঃ যাসাং তাঃ) গাবঃ কৃষ্ণমুখনির্গতঃবেণু-ফীতনীযূষং (কৃষ্ণমুখাৎ নির্গতঃ বেণুফীতম্ এব নীযূষং অমৃতং তদবলম্বন্ত্যা) উত্তভিত-কর্ণপুটৈঃ উত্তম্ভিতশ্রবণবিবরৈঃ পিবন্ত্যঃ তথা শাবাঃ বৎসাঃ সুতস্তনপয়ঃকবলাঃ (সুতস্য স্তনস্য ক্ষরিতং স্তনপয়ঃ স্তন্যং তদেব কবলো গ্রাসো যেষাং তে তথাভূতাঃ এব) তস্থুঃ স্ম ॥১৩

(অম্বাঃ আয়ঃ) হে অম্ব মাতঃ! অস্মিন্ বনে যে বিহগাঃ পক্ষিণঃ তে প্রায়ঃ প্রায়েণ নূনং এব, যে (বিহগাঃ) রুচিরপ্রবালান্ (রুচিরাঃ প্রবালাঃ পল্লবাঃ যেষাং তান্) দ্রুমভুজান্ তরুশাখাঃ আরুহ্য কৃষ্ণেক্ষিতং যথা, তথৈব তথা মীলিতদৃশঃ বিগতান্যবাচঃ সন্তঃ তদুদিতং (কৃষ্ণেন উদিতং প্রকটিতং) কলবেণুগীতং শৃণ্বন্তি ॥১৪

বাহ্যদৃষ্টি নাই। আহা! পরমমূঢ়া হরিণীদিগের ও পরমবিবশ ধেনুবর্গদিগের পর্য্যন্ত এবম্ভূত মোহন হইয়া থাকে, আর আমরা এমন অভাগিনী যে, সর্ব্বসৌভাগ্যসিন্ধু শ্রীকৃষ্ণের দর্শন পর্য্যন্ত প্রাপ্ত হইতে পারি না। অতএব আমাদিগকে ধিক্ কিম্বা শ্রীবৃন্দাবনবিহারী শ্রীকৃষ্ণের তাদৃশ দর্শনাদি অভাবে আমরা অকৃতার্থ, কিন্তু উহারা ধন্যা হইতেছেন। অথবা তাহার্থ এই—পরমবিদগ্ধা মুগ্ধাঙ্গী ধেনুগণ তাহা অবগত হইয়াও আপন আপন স্ত্রীদিগের দ্বেষ করেন না, পরন্তু আপন আপন সৌভাগ্য মনে করিয়া প্রতিদিন তাহাদিগকে শ্রীকৃষ্ণ দেখাইবার নিমিত্ত বিমানে আরোহণ করাইয়া আনয়ন করেন, কিন্তু আমাদিগের পতিগণ কৃষ্ণ দেখাইতে আনা দূরে থাকুক, বরঞ্চ সর্ব্বদা দ্বেষ করিয়া থাকেন, অতএব নিকৃষ্টা মূর্খা ও উৎকৃষ্টা দেবী সকলই ধন্যা; মধ্যমা মানবী আমরাই কেবল হতভাগ্যবতী হইয়াছি।১২

গাভীগণ উদ্গলিত কর্ণরূপ পানপাত্র দ্বারা কৃষ্ণমুখ নির্গত বেণু-ফীত রূপ অমৃত পান করিতে করিতে এবং বৎসসকল স্তন-পানে প্রবৃত্ত হইয়া বেণুফীত শ্রবণপূর্ব্বক ঐ ফীতামৃত, উদ্গমিত কর্ণপাত্রে পান করিতে করিতে কেবল স্তন-ক্ষরিত ক্ষীর-গ্রাস মুখমধ্যে ধারণ করিয়া স্তনপান-বিষয়ে বিস্মৃত হইয়া অবস্থান করিতে লাগিল, কারণ উহারা দৃষ্টি দ্বারা মনোমধ্যে শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিতেছে, অতএব উহাদিগের নয়নে অশ্রুকলা দৃষ্ট হইতেছে।১৩

আহা! শ্রীকৃষ্ণ কর্ত্তৃক পালযমান গাভীগণের কৃতার্থতার বিষয় বর্ণন করা দূরে থাকুক, বন্য পক্ষিগণেরও ভাগ্য কি প্রকারে বর্ণন করিব, তাহাও বর্ণনাতীত; কারণ হে মাতঃ! এই বনের পক্ষিকুল প্রায়ই মুনিগণ, যেহেতু তাহারা শ্রীকৃষ্ণদর্শন-যোগ্য মনোহর প্রবালশালী বৃক্ষশাখায় আরোহণপূর্ব্বক অর্দ্ধনিমীলিত নয়নে নিশ্চেষ্টে শ্রীকৃষ্ণকর্ত্তৃক বাদিত সুমধুর বেণুগীত শ্রবণ করিতেছে।১৪

নস্তন্বতা তদুপধার্য্য মুকুন্দগীত-
মাবর্তলক্ষিতমনোভবভগ্নবেগাঃ।
আলিঙ্গনস্থগিতমূর্দ্ধভিরুর্ম্মিবাহৈ-
র্মূর্দ্ধ্নন্তি পাদযুগলং কমলোপহারাঃ ॥১৫

দৃষ্ট্বাঽঽতপে ব্রজপশূন্ সহ রামগোপৈঃ
সঞ্চারয়ন্তমনুবেণুমুদীরয়ন্তম্।
প্রেমপ্রবৃদ্ধ উদিতঃ কুসুমাবলীভিঃ
সখ্যুর্ব্যধাৎ স্বপুষ্যোঃ আতপত্রম্ ॥১৬

পূর্ণাঃ পুলিন্দ্য উরুগায়পদাব্জরাগ-
শ্রীকুঙ্কুমেন দয়িতাস্তনমণ্ডিতেন।
তদ্দর্শনস্মররুজস্তৃণরূষিতেন
লিম্পন্ত্য আননকুচেষু জহুস্তদাধিম্ ॥১৭

তদা (বেণুবাদনসময়ে) তং মুকুন্দগীতম্ উপধার্য্য শ্রুত্বা আবর্তলক্ষিতমনোভব-ভগ্নবেগাঃ (আবর্তৈঃ পরিভ্রমৈঃ লক্ষিতেন দৃষ্টিতেন মনোভবেন কামেন ভগ্নো বেগো যাসাং তাঃ) নদ্যঃ উর্ম্মিভূতৈঃ (উর্ম্ময় এব ভূজাঃ তৈঃ) তদুপহারাঃ (তস্মাদপি উপহৃতিং যাঃ তাঃ সত্যঃ) মুরারেঃ আলিঙ্গনস্থগিতং (তৈরেব উর্ম্মিভিঃ আলিঙ্গনেন স্থগিতম্ আবৃতং যৎ) পাদযুগলং মূর্দ্ধ্নি ।১৫

আতপে ঘর্ম্ম ব্যাপ্তবোধৈঃ (রামেণ গোপৈঃ চ) সহ ব্রজপশূন্ সঞ্চারয়ন্তং অত্র (বনে পশ্চাদ্ভাগে) বেণুং উদীরয়ন্তং (শ্রীকৃষ্ণং) দৃষ্ট্বা (প্রথমং) উদিতঃ (পুনঃ) প্রেমপ্রবৃদ্ধঃ (প্রেম্না প্রবৃদ্ধঃ চ) অতএব দেবঃ কুসুমাবলীভিঃ পুষ্পবৃষ্টিভিঃ সহ সখ্যুঃ (লোকপিতৃদেবর্ষিভূতাত্মস্বরূপায় যেষাং কৃতমখিলং যেনাহং) স্বপুষ্যোঃ কৃতং আতপত্রং ছত্রং ব্যধাৎ বিহিতবান্ ।১৬

পুলিন্দ্যঃ পরবাচনাঃ পূর্ণাঃ কৃতার্থাঃ (এব যতঃ) হরিতাত্তবন্দিতেন (হরিতাবাং শ্রিয়াণাং তস্মৈ হরিতেন অত্যন্তিকেন সুন্দরেণ ভাতি শোভাসময়ে) উরুগায়পদাব্জরাগশ্রীকুঙ্কুমেন (উরুগায়স্য উরুণা গীয়তে ইতি উরুগায়ঃ শ্রীকৃষ্ণঃ তস্য পদাব্জয়োঃ রাগেণ আরুণ্যেন শ্রীঃ কান্তি যত্ত তেন কুঙ্কুমেন) তদ্দর্শনস্মররুজঃ (তস্য কৃষ্ণস্য কুঙ্কুম দর্শনেন স্মরস্য কন্দর্পস্য রুজা পীড়া তাদৃশা যাসাং তাঃ) তৃণরূষিতেন কুঙ্কুমেন আননকুচেষু চ লিম্পন্ত্যঃ তদাধিং কামব্যথাং জহুঃ ।১৭

হে সখি! সচেতনের কথা কি বলিব? অচেতন নদীগুলিও সময়ে সর্ব্বানন্দ-শিরোমণি নিজ সঙ্গম দ্বারা সর্ব্ববিধ দুঃখ হইতে মুক্তি-প্রদানকারী শ্রীকৃষ্ণের পরমানন্দজনিত রাগময় বেণুগীত শ্রবণ করিয়া আলিঙ্গন দ্বারা যেরূপে আচ্ছাদিত হয়, তদ্রূপ তরঙ্গরূপ হস্ত দিয়া শ্রীকৃষ্ণের পাদ-কমলে কমল উপহার ধারণ করিতেছে। হে সখিগণ! ঐ নদী-সকলের পরিভ্রমণ দ্বারা সূচিত বা লক্ষিত হইতেছে যে, তাহারা বোধ হয় কন্দর্পে পীড়িত হইয়া তদ্বেগবতী হইয়াছে ।১৫

হে সখি! আমাদিগের জন্য পাষাণতুল্য, যেহেতু বনে গোচারণরত সুতরাং আতপ-তাপিত শ্রীকৃষ্ণকে স্মরণ করিয়াও বিদীর্ণ হইতেছে না, আহা! আমরা তাঁহার অনুকূল সেবা করিতে সমর্থা হইতেছি না, কিন্তু মেঘগণের সহিত তাঁহার কি স্নেহানুবন্ধত্বে, তাহারা তৎকালোচিত সেবা করিতেছে; পরন্তু আমরা মন্দভাগ্যা বলিয়া কৃষ্ণ-সেবায় বঞ্চিতা হইতেছি। (তাহাই বলিতেছে)—জলধর স্বয়ং যেরূপ লোকের ক্লেশনাশ করিয়া থাকে, তদ্রূপ শ্রীকৃষ্ণও লোকোপকারী হইয়াছেন, অতএব শ্রীকৃষ্ণ জলধরের বন্ধু; কারণ মেঘ নিজস্বরূপ শ্যামকে রাম ও গোপগণ সহিত গৌরে গৌরে পশুচারণ করিতে এবং গাভীগণের পশ্চাদ্বর্ত্তী হইয়া বেণুবাদনরত বর্ণন করিয়া তদুপরি উদিত হইয়া পুনর্ব্বার প্রেমাধিক্যবশতঃ যে প্রকারে গো-গোপ-সহিত শ্রীকৃষ্ণের আতপ-নিবারণ হয়, তদ্রূপ বৃষ্টি প্রদান করিয়া যেখানে যেখানে তিনি গমন করেন ও তদ্বৎস্থলে গমনপূর্ব্বক কুসুমসমূহ-তুল্য দুষার সহ আপন শরীর দ্বারা সখা শ্রীকৃষ্ণের সম্বন্ধে পুত্রের কার্য্য সম্পাদন করিতেছে ।১৬

হন্তারমদ্রিবলা হরিদাসবর্য্যো
যদ্ রামকৃষ্ণচরণস্পর্শপ্রমোদঃ।
মানং তনোতি সহগোগণয়োস্তয়োর্যৎ
পানীয়সূয়বসকন্দরকন্দমূলৈঃ ॥১৮

গা গোপকৈরনুবনং নয়তোরুদার-
বেণ্বস্বনৈঃ কলপদৈস্তনুভৃৎসু সখ্যঃ।
অস্পন্দনং গতিমতাং পুলকস্তরূণাং
নির্যোগপাশকৃতলক্ষণয়োর্বিচিত্রম্ ॥১৯

হে অবলা:। হন্ত ইতি হর্ষে। অয়ম্ অদ্রি: (গোবর্দ্ধন: ক্রম:) হরিদাসবর্য্য: (হরিদাসেষু শ্রেষ্ঠ:), যত: রাম-কৃষ্ণচরণস্পর্শপ্রমোদ: (রামকৃষ্ণয়ো: চরণস্পর্শেন প্রমোদো যস্য স:) গোপবর্য্য: (গোভি: সহিত সখিসমূহের সহবর্ত্ত-মানয়ো:) তয়ো: (রামকৃষ্ণয়ো:) পানীয়সূয়বসকন্দরকন্দমূলৈ: (পানীয়ৈ: জলৈ:, সূয়বসৈ: গোভক্ষ্যতৃণৈ:, কন্দরৈ: জলৈ: স্থলৈশ্চ) মানং সংকারং তনোতি ॥১৮

হে অবলা:। হন্ত ইতি হর্ষে। অয়ম্ অদ্রি: (গোবর্দ্ধন: ক্রম:) হরিদাসবর্য্য: (হরিদাসেষু শ্রেষ্ঠ:), যত: রাম-কৃষ্ণচরণস্পর্শপ্রমোদ: (রামকৃষ্ণয়ো: চরণস্পর্শেন প্রমোদো যস্য স:) গোপবর্য্য: (গোভি: সহিত সখিসমূহের সহবর্ত্ত-মানয়ো:) তয়ো: (রামকৃষ্ণয়ো:) পানীয়সূয়বসকন্দরকন্দমূলৈ: (পানীয়ৈ: জলৈ:, সূয়বসৈ: গোভক্ষ্যতৃণৈ:, কন্দরৈ: জলৈ: স্থলৈশ্চ) মানং সংকারং তনোতি ॥১৮

হে সখিগণ! কৃষ্ণসখা মেঘের ভাগ্য-মহিমা বর্ণন করা দূরে থাকুক, অন্যান্য-জাতীয় স্ত্রীসকলের সৌভাগ্য কি বর্ণন করিব! আহা! তাহারাই ধন্য। কারণ, প্রিয়তমার স্তনযুগলে অনুলিপ্ত যে কুঙ্কুম দিবস-গত বিলাস-সময়ে শ্রীকৃষ্ণের পাদপদ্মের অরুণিমায় কান্তিবিশিষ্ট এবং বনপরিভ্রমণকেতু তৃণসমূহে লিপ্ত হইয়াছিল, সেই কুঙ্কুমদ্বারা আপন আপন বদন ও কুচমণ্ডলে লেপন করিয়া সেই কুঙ্কুম-দর্শনে তাহাদিগের যে কন্দর্প তাপ জন্মিয়াছিল, তাহা উপশম করিতে লাগিল; অতএব তাহারাই পূর্ণা; পরন্তু আমরা অপূর্ণা ॥১৭

হে সখিগণ! এই শ্রীগোবর্দ্ধন নিশ্চয়ই হরিদাস-গণের মধ্যে জ্যেষ্ঠ, যেহেতু এই গিরি শ্রীরামকৃষ্ণের চরণস্পর্শে রোমাঞ্চ, ঘর্ম্ম ও আনন্দাশ্রুরূপ তৃণাদির উদ্গম, আর্দ্রতা ও জলবিন্দু-প্রভৃতি লক্ষণযুক্ত হইয়া পানীয়, শোভন তৃণ, কন্দর, কন্দ ও মূল দ্বারা গো ও গোপগণের সহিত শ্রীরামকৃষ্ণের পূজা বিস্তার করিতেছে ॥১৮

হরিদাস-শ্রেষ্ঠত্বেতু সার্থকনামা এই গিরিরাজের মহিমা অধিক আর কি বলিব, এই গিরিরাজস্থিত নিখিল চরাচর সকলপ্রাণীই পরমবন্ধু। তাহাই বলিতেছি—হে সখিগণ! গোপসকলের সহিত বনে বনে গোচারণকারী এবং দোহনকালীন গো-সমূহের পাদ-বন্ধন রজ্জু ও দুই গোগণের বন্ধন রজ্জু চিহ্নিত অর্থাৎ মস্তকে তাহাদিগের পাদবন্ধন রজ্জু ও স্কন্ধে পাশ স্থাপন করিয়া গোপাধিপতির শোভায় বিরাজমান শ্রীরামকৃষ্ণের সুমধুর পঞ্চ-সম্বলিত শ্রবণানন্দদায়ক বেণুরব শ্রবণে দেহধারি-দিগের মধ্যে যাহারা গমনশীল, তাহাদিগের স্থাবর-ধর্ম্ম ও বৃক্ষাদি স্থিতিশীল দেহিদিগের পুলকরূপ জঙ্গমধর্ম্ম প্রতিভাত হইতে লাগিল, তাহা অতীব বিচিত্র ॥১৯

এবংবিধা ভগবতো যা বৃন্দাবনচারিণঃ।
বর্ণয়ন্ত্যো মিথো গোপ্যঃ ক্রীড়াস্তন্ময়তাং যযুঃ ॥২০

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
একবিংশোঽধ্যায়ঃ ॥২১॥

বৃন্দাবনচারিণঃ ভগবতঃ শ্রীকৃষ্ণস্য এবংবিধাঃ যাঃ ক্রীড়াঃ, তাঃ মিথঃ পরস্পরং বর্ণয়ন্ত্যঃ গোপ্যঃ তন্ময়তাং তচ্চৈকপরতাং যযুঃ ॥২০

ইতি শ্রীবোপদেবনাথপাদিরচিতায়াং হরিলীলায়াং দশমস্কন্ধে একবিংশোঽধ্যায়ঃ।

তন্ময়তা অর্থাৎ ক্রীড়াপরতা বা কৃষ্ণৈকানুসন্ধানপরতা লাভ করিলেন।২০

শ্রীবৃন্দাবনচারী নিজ অশেষ মাধুর্য্য প্রকটনশীল ভগবান্ শ্রীকৃষ্ণের এবংবিধ অন্যান্য যে ক্রীড়া, গোপীগণ সেই সকল পরস্পর বর্ণন করিতে করিতে

শ্রীমদ্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত একবিংশাধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

দ্বাবিংশঃ অধ্যায়ঃ।

[বস্ত্রহরণলীলাবর্ণনম্।]

শ্রীশুক উবাচ।
হেমন্তে প্রথমে মাসি নন্দব্রজকুমারিকাঃ।
চেরুর্হবিষ্যং ভুঞ্জানাঃ কাত্যায়ন্যর্চনব্রতম্ ॥১

আপ্লুত্যাম্ভসি কালিন্দ্যা জলান্তে চোত্তিতেঽরুণে।
কৃত্বা প্রতিকৃতিং দেবীমানর্চুর্নৃপ সৈকতীম্ ॥২

অন্বয়কঃ

শ্রীশুকঃ উবাচ। হেমন্তে প্রথমে মাসি (মার্গশীর্ষে) নন্দব্রজকুমারিকাঃ (নন্দস্য ব্রজবাসিন্যঃ যে বধূবর্গিনঃ গোপাঃ তেষাং কুমারিকাঃ) হবিষ্যং ভুঞ্জানাঃ নক্তাং কাত্যায়নব্রতং (কাত্যায়ন্যাঃ অর্চনং ব্রতং) চেরুঃ চক্রুঃ ॥১

অন্বয়কঃ

হে নৃপ! অরুণে উত্তিতে (অরুণোদয়বেলায়াং) কালিন্দ্যাঃ যমুনায়াঃ অম্ভসি জলে আপ্লুত্য স্নাত্বা জলান্তে জলস্য তীরে সৈকতীং বালুকাময়ীং প্রতিকৃতিং কাত্যায়নীপ্রতিমাং কৃত্বা (তাং) দেবীং গন্ধপুষ্পাদিভিঃ

দ্বাবিংশ অধ্যায়।

[বস্ত্রহরণলীলা বর্ণন।]

শ্রীশুকদেব গোস্বামী শরৎকাল-বর্ণনপ্রসঙ্গে যমুনা গোপীগণের পূর্ব্বানুরাগ বর্ণন করিয়া হেমন্ত ঋতু বর্ণন উপলক্ষে কুমারীদিগের পূর্ব্বানুরাগ-

প্রক্রিয়া বলিতে লাগিলেন—

শ্রীশুকদেব বলিলেন—(হে রাজন্!) হেমন্তের প্রথম অগ্রহায়ণ মাসে শ্রীনন্দমহারাজের ব্রজস্থিত কুমারীসকল হবিষ্য-ভোজনপরায়ণা হইয়া কাত্যায়নী-দেবীর অর্চ্চনারূপ ব্রত আরম্ভ করিলেন।১

গন্ধৈর্মাল্যৈঃ সুরভিভির্বলিভির্ধূপদীপকৈঃ।
উচ্চাবচৈশ্চোপহারৈঃ প্রবালফলতণ্ডুলৈঃ ॥৩
কাত্যায়নি মহামায়ে মহাযোগিন্যধীশ্বরি।
নন্দগোপসুতং দেবি পতিং মে কুরু তে নমঃ।
ইতি মন্ত্রং জপন্ত্যস্তাঃ পূজাং চক্রুঃ কুমারিকাঃ ॥৪
এবং মাসং ব্রতং চেরুঃ কুমার্যঃ কৃষ্ণচেতসঃ।
তত্রকালীং সমানর্চুর্বাল্লব্যসুতঃ পতিঃ ॥৫

আনর্চুঃ পূজয়ামাসুঃ। গন্ধৈঃ চন্দনাদিভিঃ সুরভিভিঃ সারভিভিঃ বলিভিঃ ইক্ষ্বাদিভিঃ উপহারৈঃ চ উপচারৈঃ প্রবালফলতণ্ডুলৈঃ পূজয়ামাসুঃ ॥৩-৫

হে মহামায়ে (ভগবদ্যোগনিদ্রা-কার্য্যসম্পাদন-শক্তিরূপে) মহাযোগিনি অধীশ্বরি দেবি কাত্যায়নি। নন্দগোপসুতং মে মম পতিং কুরু; যে তুভ্যং নমঃ। ইতি মন্ত্রং জপন্ত্যঃ তাঃ কুমারিকাঃ পূজাং চক্রুঃ ॥৪

এবং উক্তপ্রকারেণ মাসং (মার্গশী) ব্রতং আচরন্তি-স্মেতি শেষঃ। নন্দসুতঃ পতিঃ কুমার্যঃ (ইতি মনসি সংপ্রার্থ্য) কৃষ্ণচেতসঃ কৃষ্ণার্থং তত্রকালীং সমানর্চুঃ পূজয়ামাসুঃ ॥৫

হে নৃপ! অরুণোদয়কালে তাঁহারা স্নান করিয়া যমুনার জলসমীপে বালুকাময়ী প্রতিমা স্থাপনপূর্ব্বক সুগন্ধি চন্দন, মাল্য, ধূপ, দীপ, বস্ত্র, ভূষণ ও নৈবেদ্যাদি নানাবিধ উপহার এবং ফল, প্রবাল, তণ্ডুলদ্বারা কাত্যায়নী দেবীর পূজা করিতে লাগিলেন ।২-৩

পরে প্রার্থনাপূর্ব্বক কুমারীগণ প্রত্যেকে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া পূজা করিতে লাগিলেন—"হে কাত্যায়নি! হে মহামায়ে! হে মহাযোগিনি! হে অধিশ্বরি! হে দেবি! শ্রীনন্দগোপের পুত্রকে আমার পতি করুন, আপনাকে নমস্কার করিতেছি" এই মন্ত্র জপ করিয়া পূজা করিতে লাগিলেন ।৪

শ্রীকৃষ্ণসমর্পিত কুমারীগণ এই প্রকারে একমাস কাল ব্রতাচরণ করিয়াছিলেন এবং নন্দসুত আমাদিগের পতি হউন, এইরূপ সঙ্কল্প করিয়া তত্রকালী দেবীর অর্চনা করিয়াছিলেন ।৫

উষস্যুত্থায় গোত্রৈঃ স্বৈরন্যোন্যাবদ্ধবাহবঃ।
কৃষ্ণমুচ্চৈর্জগুর্গাথাস্তাঃ কালিন্দ্যাং স্নাতুমন্বহম্ ॥৬

নদ্যাং কদাচিদাগত্য তীরে নিক্ষিপ্য পূর্ব্ববৎ।
বাসাংসি কৃষ্ণং গায়ন্ত্যো বিজহ্রুঃ সলিলে মুদা ॥৭

ভগবাংস্তদভিপ্রেত্য কৃষ্ণো যোগেশ্বরেশ্বরঃ।
বয়স্যৈরাবৃতস্তত্র গতস্তৎকর্মসিদ্ধয়ে ॥৮

অন্বহং প্রতিদিনম্ ইতি প্রাতঃকালে উচ্চৈঃ স্বৈঃ গোত্রৈঃ নামভিঃ সহ আত্মভাঃ বহুবাধঃ পরস্পরং পৃথগ্ভবন্তাঃ কালিন্দ্যাঃ তাঃ যাস্যাঃ গচ্ছন্ত্যাঃ তাঃ উচ্চৈঃ কৃষ্ণং জগুঃ ॥৬

কদাচিৎ ... এবং নদ্যাং আগত্য তীরে বাসাংসি নিক্ষিপ্য পূর্ব্ববৎ ... হর্ষেণ কৃষ্ণং গায়ন্ত্যঃ সলিলে বিজহ্রুঃ বিহারং চক্রুঃ ॥৭

যোগেশ্বরেশ্বরঃ [যোগেশ্বরাণাম্ অপি ঈশ্বরঃ] ভগবান্ কৃষ্ণঃ তৎ [যথোক্তার্থং ব্রতাচরণপূর্ব্বকং দেব্যারাধনম্] অভিপ্রেত্য জ্ঞাত্বা তৎ কর্মসিদ্ধয়ে (তাসাং কর্মণাং বরদাত্রে কৃষ্ণায় সমর্পণায়) বয়স্যৈঃ সখিভিঃ আবৃতঃ গতঃ ॥৮

তত্রকালী দেবীর অর্চনা করিয়াছিলেন ।৫

তাঁহারা ব্রাহ্মমুহূর্ত্তে গাত্রোত্থান করিয়া 'অরি কৃষ্ণে! কোথায় আছ, কেন বিলম্ব করিতেছ?' ইত্যাদি প্রকারে পরস্পর স্ব স্ব নাম দ্বারা আহূত হইয়া প্রত্যেকে প্রত্যেকের হস্তধারণপূর্ব্বক যমুনায় স্নান করিতে যাইবার সময় উচ্চৈঃস্বরে শ্রীকৃষ্ণের গুণাদি গান করিতেন ।৬

সেই অগ্রহায়ণী পূর্ণিমার ব্রতপূর্ণ দিবসে যমুনাতীরে আগমন করিয়া অন্যান্য দিবসের ন্যায় তীরে বসন স্থাপনপূর্ব্বক শ্রীকৃষ্ণের গুণগান করিতে করিতে পরমানন্দসহকারে জলক্রীড়া করিয়াছিলেন ।৭

লব্ধ-সার্ব্বজ্ঞাদি-সিদ্ধি যোগেশ্বরদিগের আরাধ্য নিত্য স্বাভাবিক-সর্ব্বজ্ঞাদি-শক্তি ভগবান্ শ্রীকৃষ্ণ সেই ব্রতের অভিপ্রায়ে অর্থাৎ আপনার প্রাপ্তির

তাসাং বাসাংস্যুপাদায় নীপমারুহ সত্বরঃ।
হসদ্ভিঃ প্রহসন্ বালৈঃ পরিহাসমুবাচ হ ॥৯

অত্রাগত্যাবলাঃ কামং স্বং স্বং বাসঃ প্রগৃহ্যতাম্।
সত্যং ব্রবাণি নো নর্ম যদ্ যূয়ং ব্রতকর্শিতাঃ ॥১০

ন ময়োদিতপূর্বং বা অন্যথৈতদ্ধি বিদ্ধি।
একৈকশঃ প্রতীচ্ছধ্বং সহৈবোত সুমধ্যমাঃ ॥১১
তস্য তৎ ক্ষ্বেলিতং দৃষ্ট্বা গোপ্যঃ প্রেমপরিপ্লুতাঃ।
ব্রীড়িতাঃ প্রেক্ষ্য চান্যোন্যং জাহসুর্ন বিমুহ্যুঃ ॥১২
এবং ব্রুবতি গোবিন্দে নর্মণাক্ষিপ্তচেতসঃ।
আকণ্ঠমগ্নাঃ শীতোদে বেপমানাস্তমব্রুবন্ ॥১৩

(অন্বয়ঃ) তাসাং বাসাংসি উপাদায় গৃহীত্বা সত্বরঃ ত্বরাযুক্তঃ সন্ নীপম্ আরুহ হসদ্ভিঃ হাস্যং কুর্বদ্ভিঃ বালৈঃ সহ প্রহসন্ পরিহসন্ উবাচ হ ॥৯

হে অবলাঃ! অত্র আগত্য কামং (স্বেচ্ছয়ৈব) স্বং স্বং বাসঃ প্রগৃহ্যতাম্, ইহ সত্যম্ এব ব্রবাণি, নো মম পরিহাসঃ, যৎ যস্মাৎ যূয়ং ব্রতকর্শিতাঃ ব্রতেন কর্শিতাঃ প্রাপ্তাঃ, এবম্ভূতাঃ নগ্নতাদ্যং যোষিৎধর্ম্যাণাং ॥১০

হে সুমধ্যমাঃ! ময়া অনূক্তং ন উদিতপূর্বং বা (পূর্বং কদাপি অনুক্তং ন উক্তম্) এবং তৎ ইদং গোপ্যঃ বিদ্ধি জানীহি, (অতঃ) একৈকশঃ (অত্রাগত্য) উত অথবা সহৈব

আগত্য বাসাংসি প্রগৃহ্যতাম্ ॥১১

তস্য তৎ বস্ত্র-হরণাদিরূপং ক্ষেলিতং পরিহাসোক্তিং দৃষ্ট্বা জ্ঞাত্বা প্রেমপরিপ্লুতাঃ প্রেমব্যাপ্তাঃ তথা অত্রাগত্য প্রেক্ষ্য ব্রীড়িতাঃ লজ্জিতাঃ ভাবহাসাঃ (অন্তঃ হাসঃ যাসাং তাঃ) গোপ্যঃ (জলাৎ বহিঃ) ন বিমুহ্যুঃ ॥১২

(অতিরিক্ত) গোবিন্দে এবং ব্রুবতি সতি নগ্নতা পরিহাস-বাক্যেন আক্ষিপ্তচেতসঃ (আক্ষিপ্তম্ আকৃষ্টং চেতো যাসাং তাঃ) নৈতাদৃশে নৈজলদেশে আকণ্ঠমগ্নাঃ (অতএব) বেপমানাঃ সন্ত্রাসকম্পাঃ (গোপ্যঃ) তং কৃষ্ণম্ অব্রুবন ॥১৩

নিষিদ্ধ ব্রত করিতেছে, ব-বিষয়ক তদীয় পানাদি-রীতি বিশেষ দ্বারা অনুমান করিয়া তাঁহাদিগের কর্মফল প্রদান করিবার নিমিত্ত সাম, সুদাম, বসুদাম ও কিঙ্কিণি এই চারিটি বয়স্য পরিবৃত হইয়া সেই যমুনাতীরে আগমন করিলেন ।৮

বালকদিগের সহিত তীরের ন্যায় ত্বরাযুক্ত হইয়া পরস্পর মুখাবলোকন অবলম্বনপূর্বক তাঁহাদিগের বসনগুলি উপায়েরূপে গ্রহণ করিয়া কদম্ববৃক্ষোপরি আরোহণ করিলেন। তদ্দর্শনে হাস্যকারী বালক-গণের সহিত স্বয়ং হাস্য করিতে করিতে কুমারীদিগের প্রতি 'চিরকাল কি প্রকারে এই শীতল সলিলে কম্পমানা হইয়া অবস্থান করিবে? জল হইতে উত্থিত হইয়া আর্দ্র বসন পরিত্যাগপূর্বক শুষ্ক বস্ত্র পরিধান কর' ইত্যাদি পরিহাস বাক্য পরিস্ফুট রূপে বলিতে লাগিলেন ।৯

হে অবলাগণ! তোমরা সকলে এখানে আগমন করিয়া যথেচ্ছারূপে আপন আপন বসন গ্রহণ কর। আমি সত্য বলিতেছি—পরিহাস নহে; যেহেতু তোমরা ব্রতক্লান্তা হইয়াছ ।১০

যদি বল—পরিহাসোক্তির অসত্যতাই বোধ হইতেছে, তদুত্তরে বলিতেছি—আমার পূর্ব্ব পূর্ব্ব বাক্য কখনও মিথ্যা হয় নাই কিংবা আমি কখনও পূর্ব্বে মিথ্যা বলি নাই অর্থাৎ এই জন্মে এতাবৎ বয়স পর্য্যন্ত মিথ্যা কি তাহা জানি না, এই বালকগণ তাহা অবগত আছে। অতএব হে সুমধ্যমাগণ! তোমরা একে একে কিংবা সকলে একত্রে মিলিয়া আগমনপূর্বক বসন গ্রহণ কর ।১১

শ্রীকৃষ্ণের এই প্রকার রহস্য-পরিহাস অবগত হইয়া কুমারীগণ যদ্যপিও প্রেমবিশেষবতী হইলেও সম্প্রতি সম্বিক প্রেমরসে নিমগ্ন হইলেন এবং পরস্পর পরস্পরকে অবলোকনপূর্বক লজ্জিতা হইয়া "অয়ি কমলমুখে! তোমাকেই উনি আহ্বান করিতেছেন"—তদুত্তরে "অয়ি সুধামুখি! তুমিই গমন কর ও সুধাপান কর" ইত্যাদি বাক্যে কেবল

মাঽনয়ং ভোঃ কৃথাস্ত্বান্ত নন্দগোপসুতং প্রিয়ম্।
জানীমোঽঙ্গ ব্রজশ্লাঘ্যং দেহি বাসাংসি বেপিতাঃ ॥১৪

শ্যামসুন্দর তে দাস্তঃ করবাম তবোদিতম্।
দেহি বাসাংসি ধর্ম্মজ্ঞ নো চেদ্ রাজ্ঞে ব্রুবাম হে ॥১৫

শ্রীভগবানুবাচ।

ভবত্যো যদি মে দাস্তো ময়োক্তং বা করিষ্যথ।
তত্রাগত্য স্ববাসাংসি প্রতীচ্ছন্তু শুচিস্মিতাঃ।
নোচেদ্ধাহং প্রদাস্যে কিং রুষ্টো রাজা করিষ্যতি ॥১৬

ততো জলাশয়াৎ সর্ব্বা দারিকাঃ শীতবেপিতাঃ।
পাণিভ্যাং যোনিমাচ্ছাদ্য প্রোক্তেরুঃ শীতকর্শিতাঃ ॥১৭

ভোঃ অব্য। অবশ্যং অন্যায্যং বা ন ঃ ঘাং ব্রজশ্লাঘ্যং নন্দগোপসুতং প্রিয়ং (কৃষ্ণং) জানীমঃ; (যঃ) বাসাংসি দেহি. (ঃ বয়ং) বেপি ঃ।১৪

হে শ্যামসুন্দর। (বয়ং চ তব) দাস্তঃ (অতঃ) তব উদিতং যদুক্তং করবাম. হে ধর্ম্মজ্ঞ! বাসাংসি দেহি. নোচেৎ যে (রুক্ষ)। রাজ্ঞে নন্দরাজায় (ইদং রুক্ষং) ব্রুবাম হে

কথয়িষ্যামঃ। শ্রীভগবান্ উবাচ। শুচিস্মিতাঃ শুদ্ধাঃ যদি যে দাস্তঃ যদা উক্তং বা যদি করিষ্যথ, তর্হি অত্র আগত্য স্ব-বাসাংসি প্রতীচ্ছন্ত প্রতীচ্ছন্ত গৃহ্নত। নোচেৎ অহং (বাসাংসি) ন প্রদাস্যে. রাজা ক্রুদ্ধঃ সন্ কিং করিষ্যতি। বৈবেপিতাঃ (বহিঃ নৈত্তেন বেপিতাঃ কম্পিতাঃ) শৈবকর্শিতাঃ (অন্তঃ শৈত্তেন কর্শিতাঃ ক্লিষ্টাঃ) সর্ব্বাঃ দারিকাঃ পাণিভ্যাং যোনিং আচ্ছাদ্য ততঃ জলাশয়াৎ প্রোক্তেরুঃ নির্যযুঃ ॥১৪-১৭

হাস্যিতেই লাগিলেন, পরন্তু বসনানয়নে কেহই গমন করিলেন না।১২

শ্রীকৃষ্ণ উক্ত প্রকারে পুনঃ পুনঃ নানাবিধ পরিহাস-বাক্য বলিতে থাকিলে পরিহাসে আকিঞ্চিতা কুমারীগণ শীত সলিলে কণ্ঠ পর্য্যন্ত নিমগ্ন করিয়া শীত-প্রযুক্ত কম্পান্বিত শরীরে শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন।১৩

যুবতীগণ বলিলেন—হে কৃষ্ণ! অন্যায্য কার্য্য করিও না, আমরা তোমাকে শ্রীনন্দগোপের পুত্র ব্রজবাসি-মাত্রের শ্লাঘ্য ও তাঁহাদিগের প্রিয় বলিয়া জানি, অতএব তুমি গোপকুমার, আমরাও গোপ-কুমারী; সুতরাং আমাদিগের প্রতি এতাদৃশ অন্যায্য কার্য্য করা তোমার উপযুক্ত হয় না। আমাদিগের বস্ত্রগুলি প্রদান কর, আমরা শীতে কাঁপিতেছি।১৪

প্রৌঢ়াগণ বলিলেন—হে সুন্দর! আমরা তোমার দাসী; অতএব যাহা বলিবে, তাহাই করিব। হে ধর্ম্মজ্ঞ! বস্ত্রাহরণে ও পরিধেয়বস্ত্রাদি দ্বারা ধর্ম্ম নষ্ট করিও না, আমাদিগের বসনগুলি প্রদান কর। যদি প্রদান না কর, তাহা হইলে রাজার নিকট

আমরা বলিয়া দিব।১৫

শ্রীভগবান্ বলিলেন—হে শুচিস্মিতা অবলাগণ, (ঈদৃশ বিমলহাস্য দ্বারা স্পষ্টই বোধ হইতেছে, তোমাদিগের শীতাদি দুঃখ নাই এবং কপটতা দ্বারাই কম্পন ভাব দেখাইতেছ) যদি তোমরা আমার দাসী হইলে (আমি বলিতেছি) এইস্থলে আগমন পূর্ব্বক স্ব স্ব বসন গ্রহণ কর, তাহা না হইলে আমি প্রদান করিব না। গোপরাজ ক্রুদ্ধ হইয়াও আমাকে কি করিবেন, পরন্তু আমাতে গোপাধিকারপ্রযুক্ত কিছুই করিবেন না। (এই বলিয়া তাঁহাদিগের কতকগুলি বসনে নিজের আসন, কতকগুলি বসনে শয্যারচনা, কতকগুলি বসন বস্ত্র, পতাকা ও বিতানাদি রূপে কদম্বশাখা ও উপ-শাখাদিতে আবদ্ধ, কতকগুলি বসন দ্বারা দোলা রচনা করিয়া দেখিতে লাগিলেন এবং কতকগুলি বসন বৃক্ষোপরি ইতস্ততঃ ক্ষেপণ করিতে লাগিলেন)।১৬

তদনন্তর তাঁহারা আপন আপন সখীদিগকে বলিলেন, হে সখীগণ! আমরা আপন বাক্যেই পরাভূতা হইলাম। এখন যদি বিলম্ব করি, তাহা হইলে

ভগবানাহৃতো বীক্ষ্য তদ্ভাবপ্রসাদিতঃ।
স্কন্ধে নিধায় বাসাংসি প্রীতঃ প্রোবাচ সস্মিতম্ ॥১৮

মূঢ়াঃ বিবস্ত্রা যদপো ধৃতব্রতা
ব্যগাহতৈতত্তদু হেবহেলনম্।

(অন্বয়ঃ) তদ্ভাবেন প্রসাদিতঃ প্রীতিযুক্তঃ ভগবান্ আহূতঃ (কৃষ্ণাহিতাঃ) বীক্ষ্য বাসাংসি স্কন্ধে নিধায় সস্মিতং যথা স্যাৎ তথা প্রীতঃ প্রোবাচ ॥১৮

মূঢ়াঃ অপি মূঢ়া বিবস্ত্রাঃ সত্যঃ যৎ যস্মাৎ যাসাং ব্রতস্য বিশেষেণ আলোড়িতত্বাৎ, তৎ এতৎ হেবহেলনং (ব্রতদৈবত্য-সম্পাদকঃ অপরাধঃ এব) কৃতম্, অতঃ অংহসঃ পাপাৎ

ইতিমধ্যেই যদি অন্য কোনও পুরুষ আগমন করে, তবে নিশ্চয় জানিও—ইহা হইতেও মহাবিপ্লবনাগরে পতিত হইব, বিশেষতঃ ইহার অঙ্গস্পর্শপ্রাপ্তির আশা মহাবলবতী হইয়াছে, যে আশা আমাদিগকে এই যমুনাজলে নিমজ্জিতা হইয়া মরিতেও দিতেছে না, অতএব বিধাতা আমাদিগের কপালে ইহাই লিখিয়াছেন; তাহা না হইলে এইরূপ হইত না। সুতরাং এই প্রিয়তমের হস্তই অগ্রে করিয়া আপন হস্ত রসাতলে পাঠাইয়া লজ্জায় জলাঞ্জলি দিয়া নেত্র মুদ্রিত করিলে প্রাপ্ত অন্ধকার দ্বারা স্ব স্ব দেহ আচ্ছাদন পূর্বক এই জল হইতে তটে গমন করি। সকলে এই মন্ত্রণা দৃঢ় করিয়া শ্রীকৃষ্ণ-সমীপে গমন করিয়াছিলেন, তাহাই বলিতেছি—অনন্তর শ্রীকৃষ্ণের এইরূপ আগ্রহ দেখিয়া শীতকম্পিতকলেবরা সেই সমস্ত বালাগণ শীতদ্বারা হীনবলা হইয়াও আপন আপন হস্তযুগল দ্বারা যোনি আচ্ছাদন করিয়া যমুনা হইতে উত্থিত হইলেন।১৭

তাঁহাদিগের বিশুদ্ধ প্রেমে প্রসাদিত ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে আহূতা অর্থাৎ আগতা কিংবা

বদ্ধাঞ্জলিং মূর্ধ্ন্যপনুত্তয়েঽংসঃ
কৃত্বা নমোঽধো বসনং প্রগৃহ্যতাম্ ॥১৯

ইত্যচ্যুতেনাভিহিতং ব্রজবালা
ময়া বিবস্ত্রাপ্লবনং ব্রতচ্যুতি।
তৎপূর্তিকামাস্তদশেষকর্মণাং
সাক্ষাৎকৃতং নেমুরবস্যমুষ্ যতঃ ॥২০

অপনুত্তয়ে বিনৃত্তয়ে মূর্ধ্নি অঞ্জলিং বদ্ধা অধঃ : কৃত্বা বসনং প্রগৃহ্যতাম্ ॥১৯

ইতি এবম্ অচ্যুতেন শ্রীকৃষ্ণেন অভিহিতং কথিতং (প্রযা) বিবস্ত্রাপ্লবনং বস্ত্রত্যাগে ময়া ব্রতচ্যুতি ব্রতভঙ্গে তৎপূর্তিকামাঃ (তস্য ব্রতস্য পূর্তিকামাঃ) তদশেষকর্মণাং সাক্ষাৎকৃতং তৎ কৃষ্ণং নেমুঃ, যতঃ যস্মাৎ সঃ এব অবস্যমুষ্ পাপবিমর্ত্তনঃ ॥২০

শীতপীড়িতা অথবা সম্যক্ প্রকারে মৃতার ন্যায় অবলোকন পূর্বক প্রীত হইয়া বস্ত্রগুলি কৃষ্ণ স্কন্ধে কিংবা স্বীয় স্কন্ধে রাখিয়া হাস্য করিতে করিতে বলিতে লাগিলেন।১৮

হে বালাগণ! তোমরা ব্রতপরায়ণা হইয়া বিবসনাবস্থায় যেহেতু জলে অবগাহন করিয়াছ, তাহাতেই তোমাদিগের জলাধিষ্ঠাতা বরুণ কিংবা নারায়ণের অবহেলন বা অপরাধ হইয়াছে, সেই পাপের অপনোদন করিবার নিমিত্ত মস্তকোপরি অঞ্জলি বদ্ধ করিয়া অবোভাগে প্রণামপুরঃসর বসন গ্রহণ কর কিংবা প্রণাম করত পরিধান-বস্ত্রই গ্রহণ কর; পরন্তু তাহা করিলেও উত্তরীয় বসন পাইবে না।১৯

ব্রজবালাগণ এই প্রকারে ঘোষরূপে অচ্যুত কর্তৃক কথিত বিবস্ত্র-স্নানকে ব্রতভঙ্গের কারণ মনে করিয়া সেই ব্রতের পূর্তি-কামনায় সেই ব্রতের ও অন্যান্য অশেষ কর্মের সাক্ষাৎ সাধু ফলস্বরূপ শ্রীকৃষ্ণকে প্রণাম করিলেন, যেহেতু তাহা হইতেই সর্বদোষ নিবৃত্তি হইয়া থাকে।২০

ত্যক্তথাবনতা দৃষ্টি ভগবান্ দেবকীসুতঃ।
বাসাংসি ভাষ্যঃ প্রাযচ্ছৎ করপল্লবেন তোষিতঃ ॥২১
দৃক্ প্রলোভ্যাত্মপণা চ ধ্রাপিতাঃ
প্রস্তোভিতাঃ ক্রীড়নবচ্চ কারিতাঃ।
বহ্বাদি চৈবাপহৃতান্যথাপুমু
স্তা নাত্যসূয়ন্ প্রিয়সঙ্গনির্বৃতাঃ ॥২২

ওষা যোক্তপ্রকারেণ অবনতাঃ তাঃ কুমারিতাঃ দৃষ্টা যেন প্রকারেণ তোষিতঃ ভগবান্ দেবকীসুতঃ তাভ্যঃ বাসাংসি প্রাযচ্ছৎ প্রদদৌ ॥১

দৃক্ অক্ষাণি, প্রলোভাঃ অধিক্ষিপ্তাঃ, ত্রপয়া লজ্জয়া অবধানিতাঃ, ত্যাজিতাঃ (অন্যথাভূতা) বস্ত্রাণি প্রকীর্ণকং ইতি) প্রস্তোভিতাঃ উপহাসিতাঃ ক্রীড়নবৎ চ কারিতাঃ (বন্ধাঞ্জলিবিধিত্যাদিনা) বস্ত্রাণি বাসাংসি চ তাসাম্ অপহৃতানি এব তথাপি প্রিয়সঙ্গনির্বৃতাঃ (প্রিয়স্য শ্রীকৃষ্ণস্য সঙ্গেন নির্বৃতাঃ পরমানন্দযুক্তাঃ) তাঃ কুমারিতাঃ অনু পশ্চাৎ ন অত্যসূয়ন্ ঈর্ষ্যাবতীর্ন বভূবুঃ ॥২২

ততঃ বস্ত্রাণাদি পরিধায় তস্মিন্ লজ্জান্বিতেক্ষণাঃ (লজ্জান্বিতে ঈক্ষণং যাসাং তথাভূতাঃ) পৃথীভূতচিত্তাঃ (পৃথীভূতং বশীকৃতং চিত্তং যাসাং তাঃ) প্রেষ্ঠসঙ্গমলজ্জিতাঃ (প্রেষ্ঠস্য অভিপ্রেতপাত্রস্য কৃষ্ণস্য সঙ্গমেন লজ্জিতাঃ বশীভূতাঃ) সন্ত্যঃ ততঃ স্থানাৎ নো চেলুঃ ॥৩

স্বপাদস্পর্শকাম্যয়া কৃতব্রতানাং (কৃষ্ণ ব্রতং যাভিঃ তাসাং) সংকল্পম্ অভিপ্রায়ং বিজ্ঞায় ভগবান্ যাদোবরঃ অবলাঃ প্রতি আহ ॥৪

যে সাধ্ব্যঃ (যৎপ্রাপ্ত্যর্থং কাত্যায়ন্যর্চনং তথা) ভবতীনাং সংকল্পঃ (পতিত্বেন যদা সহ যমনং) ময়া বিদিতঃ (অবধিতোঽপি) অনুমোদিতঃ অঙ্গীকৃতঃ চ ; অথ সঃ অসৌ সংকল্পঃ সত্যঃ যথার্থঃ সকলঃ ভবিতুম্ অর্হতি ॥৫

শ্রীযমুনাবনে ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে স্বীয় কথিত বাক্যানুসারে অবনত দর্শন করিয়া এবং সেই প্রণাম দ্বারা তোষিত ও করপল্লবাদি হইয়া বস্ত্রবৃক্ষের অধোভাগ হইতে কিঞ্চিৎ অবতরণ পূর্বক সপ্রেম সস্নেহবাক্যাদি দ্বারা কুমারীদিগকে সমস্ত বসন অর্পণ করিলেন ।২১

সেই কুমারীগণ শ্রীকৃষ্ণ কর্তৃক "তোমরা বিবস্ত্রা হইয়া জলাবগাহনে অপরাধিনী হইয়াছ" ইত্যাদি বাক্যে অত্যন্ত বঞ্চিতা, "এখানে আসিয়া আপন আপন বসন গ্রহণ কর" ইত্যাদি আদেশে লজ্জা বিসর্জন, "আমি সত্য বলিতেছি মিথ্যা কথা নহে" ইত্যাদি বাক্যে উপহসিতা "মস্তকে অঞ্জলি বন্ধন করিয়া প্রণাম করত" "ইত্যাদি প্রায়শ্চিত্তচ্ছলে ক্রীড়নকবৎ বা পুত্তলিকার ন্যায় কৃত হইয়া ও অপহৃত-বসনা হইয়াও তাঁহাকে দোষদৃষ্টিতে দর্শন করিলেন না, যেহেতু প্রিয়তমের সঙ্গ দ্বারা তাঁহারা পরম নিবৃতা হইয়াছিলেন অর্থাৎ প্রিয়তমেতে প্রিয়কৃত দুঃখ-প্রধানকেও সুখস্বরূপে অনুভব করিয়াছিলেন ।২২

অনন্তর ব্রজসুন্দরীগণ নিজ নিজ বসন, শ্রীকৃষ্ণ কর্তৃক পরিবর্তনপূর্বক প্রদত্ত হইলেও পরিচয়ান্তর পরস্পর আপন আপন বস্ত্রই পরিধান করিয়া প্রিয়-সঙ্গমে বশীভূত সুতরাং গৃহীতচিত্ত হইয়া সেইস্থান হইতে বিচলিতা হইলেন না, গৃহীতচিত্তা হইবার কারণ এই যে, শ্রীকৃষ্ণের প্রতি তাঁহাদিগের লজ্জা-বিলসিত দৃষ্টি হইয়াছিল ।২৩

শ্রীভগবান্ যাদোবর স্বপাদস্পর্শ কামনায় দৃঢ়ব্রতা কুমারীগণের সঙ্কল্প অবগত হইয়া সেই অবলাদিগের প্রতি বলিতে লাগিলেন ।২৪

হে সাধ্বীগণ! তোমাদিগের মদীয় সুখোৎপাদক মদ্বিষয়ক আরাধনারূপ সঙ্কল্প কিংবা মদ্বিষয়ক পতিত্বরূপ প্রেমরূপ সঙ্কল্প তোমরা লজ্জাবশতঃ বিজ্ঞাপন করিলেও আমি তাহা অবগত হইয়াছি।

ন ময্যাবেশিতধিয়াং কাম: কামায় কল্পতে।
ভর্জিতা ক্বথিতা ধানা প্রায়ো বীজায় নেষ্যতে ॥২৬
যাতাবলা ব্রজং সিদ্ধা ময়েমা রংস্যথ ক্ষপাঃ।
যদুদ্দিশ্য ব্রতমিদং চেরুরার্যার্চনং সতীঃ ২৭

শ্রীশুক উবাচ।

ইত্যাদিষ্টা ভগবতা লব্ধকামাঃ কুমারিকাঃ।
ধ্যায়ন্ত্যস্তৎপদাম্ভোজং কৃচ্ছ্রান্নির্বিবিশুর্ব্রজম্ ॥২৮

অথ গোপৈঃ পরিবৃতো ভগবান্ দেবকীসুতঃ।
বৃন্দাবনাদ্গতো দূরং চারয়ন্ গাঃ সহাগ্রজঃ ॥২৯

নিদাঘার্কাতপে তিগ্মে ছায়াভিঃ স্বাভিরাত্মনঃ।
আতপত্রায়িতান্ বীক্ষ্য দ্রুমানাহ ব্রজৌকসঃ ॥৩০

যথা ভর্জিতাঃ যবাঃ ক্বথিতাঃ বর্দ্ধিতাঃ বা ধানা যবাদিবিশেষাঃ বীজায় প্রায়ঃ বীজায় পুনরঙ্কুরোৎপাদনায় ন ঈষন্তে (সমর্থাঃ ভবন্তি তথা) যদি আবেশিতধিয়াং ময্যাবেশিতচিত্তানাং কামঃ বিষয়ভোগসংকল্পঃ কামায় পুনঃ সংবিষয়ভোগায় ন কল্পতে ॥২৬

হে অবলাঃ যূয়ং ব্রজং যাত গচ্ছত, যতঃ সিদ্ধাঃ পূর্ণমনোরথাঃ। হে সতীঃ সত্যঃ! যং যস্মা সহ যমনং ঈহিতুং সংকল্পা ইমম্ আর্যার্চনং (আর্য্যায়াঃ কাত্যায়ন্যাঃ অর্চনং) চেরুঃ কৃতবত্যঃ তস্য ইমাঃ আমন্বিনীঃ ক্ষপাঃ অবলাবীঃ যস্মা সহ রংস্যথ রমধ্বং

প্রাপ্তবান্ ॥২৭

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং ভগবতা আদিষ্টাঃ আজ্ঞপ্তাঃ, লব্ধকামাঃ প্রাপ্তমনোরথাঃ কুমারিকাঃ তৎপদাম্ভোজং ধ্যায়ন্ত্যঃ কৃচ্ছ্রাৎ অতিকষ্টেন ব্রজং নির্বিবিশুঃ ॥২৮

অথ সগ্রাগ্রজঃ সবলঃ ভগবান্ দেবকীসুতঃ গোপৈঃ বৃতঃ সন্ গাঃ চারয়ন্ বৃন্দাবনাৎ দূরং গতঃ ॥২৯

নিদাঘে নিদাঘার্কতাপে তিগ্মে তীব্রে ছায়াভিঃ স্বাভিঃ স্বস্য যত আতপত্রায়িতান্ ছত্রাকারেণ স্থিতান্ দ্রুমান্ বীক্ষ্য ভগবান্ ব্রজৌকসঃ গোপান্ প্রতি আহ ॥৩০

তোমাদিগের সেই সঙ্কল্প আমি অনুমোদন করিলাম এবং মদনুমোদিত হেতু তাহা সত্য হইবার যোগ্য ।২৬

আমাতে আবেশিত চিত্ত অর্থাৎ কেবল মন দ্বারা আমার সেবাপরায়ণ ব্যক্তি মাত্রের যে রাজ্যাদি কামনা তাহা কামভোগার্থ কল্পিত হয় না, যেহেতু যবসমূহ ভর্জিত (ভাজা) ও কথিত (সিদ্ধ) হইলে তাহা প্রায়ই অঙ্কুর উৎপাদনে সমর্থ হয় না ।২৬

হে অবলাগণ! তোমরা সিদ্ধ হইয়াছ অতএব এখন ব্রজে গমন কর; আগামিনী শারদীয়া রজনী-সমূহে আমার সহিত ক্রীড়া করিতে পাইবে। হে সতীগণ! যেহেতু আরাধনা কখনও মিথ্যা হইতে পারে না; যেহেতু আমার সহিত ক্রীড়া করিবার উদ্দেশ করিয়া তোমরা কাত্যায়নী অর্চ্চনরূপ এই ব্রতাচরণ করিয়াছ ।২৭

শ্রীশুকদেব কহিলেন,—(হে রাজন্!) শ্রীভগবান্ কর্তৃক "ব্রজে গমন কর" এই প্রকারে আদিষ্ট হইয়া লব্ধকামা কুমারীগণ শ্রীকৃষ্ণের পাদপদ্ম ধ্যান করত অতিকষ্টে ব্রজে গমন করিলেন ।২৮

(অধুনা গোপকন্যাদিগের প্রসাদ বর্ণন করিয়া তৎপ্রস্তাবসমাপ্ত হেতু পত্নীগণের প্রতি প্রসাদ বলিতে আরম্ভ করিলেন।)

অনন্তর নিদাঘসময়ে দেবকীনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ অগ্রজ বলরামের সহিত গোপগণে পরিবৃত হইয়া গোচারণ করিতে করিতে শ্রীবৃন্দাবন হইতে দূরবর্ত্তি-স্থানে গমন করিলেন ।২৯

গ্রীষ্মকালীন সূর্য্যের প্রখর আতপে আপন আপন ছায়া দ্বারা আতপত্রতুল্য বৃক্ষসমূহ দর্শন করিয়া শ্রীকৃষ্ণ বয়স্য গোপগণকে বলিলেন ।৩০

হে স্তোককৃচ্ছ হে অংশো শ্রীদাম্ন্ সুবলার্জ্জুন।
বিশালর্ষভ তেজস্বিন্ দেবপ্রস্থ বরূথপ ॥ ৩১
পশ্যতৈতান্ মহাভাগান্ পরার্থৈকান্তজীবিতান্।
বাতবর্ষাতপহিমান্ সহন্তো বারয়ন্তি নঃ ॥৩২
অহো এষাং বরং জন্ম সর্ব্বপ্রাণ্যুপজীবনম্।
সুজনস্যেব যেষাং বৈ বিমুখা যান্তি নার্থিনঃ ॥৩৩

পত্র-পুষ্প-ফলচ্ছায়া-মূল-বল্কল-দারুভিঃ।
গন্ধ-নির্য্যাস-ভস্মাস্থি-তোয়ৈঃ কামান্ বিতন্বতে ॥৩৪
এতাবজ্জন্মসাফল্যং দেহিনামিহ দেহিষু।
প্রাণৈরর্থৈর্ধিয়া বাচা শ্রেয় এবাচরেৎ সদা ॥৩৫
ইতি প্রবালস্তবক-ফলপুষ্পদলোৎকরৈঃ।
তরূণাং নম্রশাখানাং মধ্যেন যমুনাং গতঃ ॥৩৬

(তত্র স্তোকঃ ত্বরায়া সম্বোধয়তি) হে স্তোককৃচ্ছ, হে অংশো শ্রীদাম্ন, সুবল, অর্জ্জুন, বিশাল, ঋষভ, তেজস্বিন্ বরূথপ ॥৩১

পরার্থৈকান্তজীবিতান্ (পরার্থম্ এব একান্তেন নিশ্চয়েন জীবিতং যেষাং তান্) এতান্ মহাভাগান্ বৃক্ষান্ পশ্যত (যতঃ খলু বাতবর্ষাহিমাতপান্ সহন্তঃ সহমানাঃ অপি ন অস্মাকং বারয়ন্তি ॥৩২

যেষাম্ অর্থিনঃ জনাঃ বিমুখাঃ নিষ্ফলাঃ বৈ ন যান্তি তাদৃশানাম্ এষাং বৃক্ষাণাং (পরোপকারিণাং) সর্ব্বপ্রাণ্যুপজীবনং (সর্ব্বেষাং প্রাণিনাং ঔপজীব্যং জীবিকাধারং) জন্ম সুজনস্য কৃপালোঃ ইব অহো বরং শ্রেষ্ঠম্ এব ॥৩৩

এষাং পত্রপুষ্পফলচ্ছায়ামূলবল্কলাকৃতিঃ গন্ধনির্য্যাস-ভস্মাস্থিতোয়ৈঃ (নির্য্যাসঃ খদিরসঃ অস্থি সারাংশঃ তোয়াঃ পল্বলাম্বুনাঃ তৈঃ) (জনাধারং) কামান্ মনোরথান্ বিতন্বতে পূরয়ন্তি ॥৩৪

যৎ প্রাণৈঃ (প্রাণিনাং আয়ুরংশকর্ত্তাদিঃ) অর্থৈঃ (ধনাদিভিঃ) ধিয়া (বিদ্যাদিনেত্রেন) বাচা (হিতোপদেশেন) দেহিষু সদা শ্রেয়ঃ) আচরণং শ্রেয়সঃ আচরণম্ (এতাবৎ দেহিনাম্ ইহ দেহেষু জন্মসাফল্যম্ (জন্মনঃ সাফল্যম্) এব ॥৩৫

ইতি (এবং বৃক্ষান্ অভিনন্দ্য তদ্বৎম্) প্রবালস্তবকফল-পুষ্পসদোৎকরৈঃ (ফলপুষ্পালীনাম্ উৎকরৈঃ সমূহৈঃ) নম্রশাখানাং (নম্রাঃ শাখাঃ যেষাং) তেষাং তরূণাং মধ্যেন মধ্যবর্ত্তিমার্গেণ যমুনাং গতঃ ॥৩৬

হে স্তোককৃষ্ণ! হে অংশো! হে শ্রীদাম! হে সুবল! হে অর্জ্জুন! হে বিশাল! হে বৃষভ! হে ওজস্বিন্! হে দেবপ্রস্থ! হে বরূথপ! হে পরোপকারার্থেই একমাত্র জীবনধারী এই মহাভাগ্যশালী বৃক্ষসমূহ দর্শন কর, ইহারা বরং বাত, বর্ষা আতপ ও হিম সহ্য করিয়া বাত্যাদি-জন্য আমাদের ক্লেশ নিবারণ করিতেছে ।৩১-৩২

(কেবল যে বাত্যাদি দুঃখ হইতে রক্ষা করিতেছে তাহা নহে, পরন্তু সর্ব্বার্থও সম্পাদন করিতেছে তাহাই বলিতেছি)

আহা! কি আশ্চর্য্য! ইহাদিগের জন্ম, মানুষ জন্ম হইতেও শ্রেষ্ঠ, কারণ ইহাদিগের জন্ম—সর্ব্ব প্রাণীর জীবিকা হেতুভূত হইয়াছে। কৃপালু ব্যক্তির নিকট যাচকদের ন্যায় অর্থাৎ দয়ালুর নিকট প্রার্থিজন যেমন বিমুখী হয় না, তদ্রূপ ইহাদিগের নিকট হইতে প্রার্থিগণ কখনও বিমুখ হয় না পরন্তু ছায়া ও ফলাদি দ্বারা সংকৃত হইয়া থাকে—ইহা প্রসিদ্ধ আছে ।৩৩

তাহাই বলিতেছি ইহারা পত্র, পুষ্প, ফল, ছায়া, মূল, বল্কল, কাষ্ঠ, গন্ধ, নির্য্যাস (খদিরসঃ) ভস্ম, অস্থি (সারাংশ) ও পল্বলাদি অম্বুর দ্বারা প্রার্থিগণের কামনা বিস্তাররূপে প্রদান করিয়া থাকে ।৩৪

এই সংসারে দেহিদিগের প্রাণ, ধন, বুদ্ধি (সদুপায়চিন্তা) উপদেশাদিবাক্য দ্বারা দেহিগণের প্রতি যে নিরন্তর হিতাচরণ করা, তাহাই জন্মের ফল ।৩৫

বৃক্ষসমূহকে এই প্রকারে অভিনন্দন করিতে প্রবাল (কোমলপত্র) স্তবক, ফল, পুষ্প ও পত্রসমূহে নতশাখা বৃক্ষগণের মধ্যবর্ত্তি-পথে যমুনায় গমন করিতে লাগিলেন ।৩৬

তত্র গাঃ পায়য়িত্বাপঃ সুষ্ঠাঃ শীতলাঃ শিবাঃ।
ততো নৃপ স্বয়ং গোপাঃ কামং স্বাদু পপুর্জলম্ ॥৩৭
তস্যা উপবনে কামং চারয়ন্তঃ পশূন্ নৃপ।
কৃষ্ণরামাবুপাগম্য ক্ষুধার্তা ইদমব্রুবন্ ॥৩৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥২২॥

হে নৃপ! তত্র যমুনায়াং গোপাঃ গাঃ সুষ্ঠুঃ স্বস্থাঃ শিবাঃ আরোগ্যকরাঃ শীতলাঃ আপঃ পায়য়িত্বা ততঃ তদনন্তরং স্বয়ম্ অপি স্বাদু জলং কামং যথেষ্টং পপুঃ ॥৩৭
ততস্তাঃ যমুনায়াঃ উপবনে কামং যথেষ্টং পশূন্ চারয়ন্তঃ ক্ষুধার্তাঃ গোপাঃ কৃষ্ণরামৌ অব্রুবন্ ॥৩৮
শ্রীধরস্বামিপাদঃ

হে নৃপ! সেই যমুনাতে গাভী-সকলকে শীতল, আরোগ্যকর ও স্বচ্ছ জল পান করাইয়া তদনন্তর শ্রীকৃষ্ণাদি গোপগণ স্বয়ং সেই সুমিষ্টাদি-গুণযুক্ত জল যথেষ্ট প্রকারে পান করিতে লাগিলেন ৩৭

হে নৃপ! সেই যমুনার উপবনে গোপগণ পশুসকলের ইচ্ছানুসারে পশুচারণ করিতে করিতে ক্ষুধার্ত্ত হইয়া শ্রীরামকৃষ্ণের সমীপে আগমনপূর্ব্বক বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন ৩৮

শ্রীমদ্ভগবদ্বিদ্বেষব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীমচ্চীনকনমোবাদি-ভক্তিরত্নকৃত দ্বাবিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রয়োবিংশঃ অধ্যায়ঃ।

[অন্বয়াচ্ ঞ্রাহ্মণৈঃ শ্রীকৃষ্ণস্য বিজ্ঞপ্তীনামনুগ্রহঃ।]

গোপা ঊচুঃ।

রাম রাম মহাবীর্য্য কৃষ্ণ দুষ্টনিবর্হণ।
এষা বৈ বাধতে ভূমন্তুক্তান্তিং কর্ত্তুমর্হথঃ ॥১

শ্রীশুক উবাচ।

ইতি বিজ্ঞাপিতো গোপৈর্ভগবান্ দেবকীসুতঃ।
ভক্তায়া বিপ্রভার্য্যায়াঃ প্রসীদন্নিদমব্রবীৎ ॥২

প্রয়াত দেবযজনং ব্রাহ্মণা ব্রহ্মবাদিনঃ।
সত্রমাঙ্গিরসং নাম হ্যাসতে স্বর্গকাম্যয়া ॥৩

তত্র গত্বৌদনং গোপা যাচতাস্মদ্বিসর্জ্জিতাঃ।
কীর্ত্তয়ন্তো ভগবত আর্য্যস্য মম চাভিধাম্ ॥৪

অন্বয়ঃ

গোপাঃ ঊচুঃ। হে রাম মহাবাহো রাম! হে দুষ্টনিবর্হণ কৃষ্ণ! এষা খলু নঃ অস্মান্ বাধতে পীড়য়তি, ভুজান্তিং (অতঃ ভক্তাঃ শান্তিং নিবৃত্তিং কর্ত্তুং যুবাং) অর্হথঃ ॥১

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং গোপৈঃ বিজ্ঞাপিতঃ কৃপয়া কর্ত্তুং প্রার্থিতঃ ভগবান্ দেবকীসুতঃ কৃষ্ণঃ ভক্তায়াঃ বিপ্রভার্য্যায়াঃ প্রসীদন্ ইদম্ অব্রবীৎ ॥২

অন্বয়ঃ

(হে গোপাঃ!) ব্রহ্মবাদিনঃ বেদার্থোপদেষ্টারঃ ব্রাহ্মণাঃ স্বর্গকাম্যয়া স্বর্গপ্রাপ্তীচ্ছয়া আঙ্গিরসং নাম সত্রং যাগং হি আসতে অনুতিষ্ঠন্তি, তত্র দেবযজনং যজ্ঞবাটং প্রয়াত গচ্ছত ॥৩

হে গোপাঃ! তত্র গত্বা অস্মদ্বিসর্জ্জিতাঃ আগত্যাং প্রেরিতাঃ যূয়ং ভগবতঃ আর্য্যস্য মম চ অভিধাং নাম কীর্ত্তয়ন্তঃ ওদনম্ অন্নং যাচধ্বং যাচঞাং কুরুধ্বম্ ॥৪

ত্রয়োবিংশ অধ্যায়।

[অন্বয়াচ্ ঞ্রাহ্মণদের উপর শ্রীভগবানের অনুগ্রহ]

গোপগণ বলিলেন,—হে রাম! হে রাম মহাবীর্য্যশালিন্! হে কৃষ্ণ দুষ্টদমনকারিন্! এই ক্ষুধা আমাদিগকে পীড়া দিতেছে, অতএব ক্ষুধার শান্তি করিতে যোগ্য হও।১

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন,—(হে রাজন্!) গোপগণ কর্ত্তৃক উক্ত প্রকারে বিজ্ঞাপিত হইয়া জগদীশ্বর শ্রীকৃষ্ণ সর্ব্বশক্তিসম্পন্ন হইলেও নিজ ভক্তা বিপ্র-ভার্য্যা-সকলের প্রতি অনুগ্রহ করিবার নিমিত্ত বক্ষ্যমাণ বাক্য বলিতে লাগিলেন।২

(তপস্যা, বিদ্যা ও ধর্ম্মান্বিত বিপ্র হইলেও ভক্তির অভাব প্রযুক্ত তাহারা মদীয় অনুগ্রহের ভাজন হইতে পারে না। তপস্যাদিরহিত তৎপত্নীগণে ভক্তির সদ্ভাবহেতু তাহারা আমার কৃপাপাত্রী—এই অর্থদ্বয় এক ব্রাহ্মণ জাতিতেই ক্রমে জ্ঞাপন করিবার নিমিত্ত প্রথমতঃ গোপদিগকে ব্রাহ্মণদিগের নিকটে প্রস্থাপন-পূর্ব্বক বলিতে লাগিলেন)—হে গোপগণ! ব্রহ্মবাদি-ব্রাহ্মণসকল স্বর্গভাবনা করিয়া আঙ্গিরস নামে এক যজ্ঞানুষ্ঠান করিতেছেন, সেই যজ্ঞবাটে গমন কর।৩

সেই স্থানে গমনপূর্ব্বক "আমাদিগের প্রেরিত হইয়াছ" এই কথা বলিয়া অন্ন প্রার্থনা করিয়া আনয়ন কর, তোমাদের তাহাতে লজ্জা কি? যদি বল অপাত্র মনে করিয়া আমাদিগকে অন্ন দিবেন না, তদুত্তরে বলিতেছি—ভগবান্ আর্য্য বলরামের ও আমার নাম কীর্ত্তন করিও, তাহা হইলে নিশ্চয়ই অন্ন পাইবে।৪

ইত্যাদিষ্টা ভগবতা গন্ধর্বাশ্চস্ত তে তথা।
কৃতাঞ্জলিপুটা বিপ্রান্ দণ্ডবৎ পতিতা ভুবি ॥৫

হে কৃষ্ণিদেবাঃ শৃণুত কৃষ্ণস্যাদেশকারিণঃ।
প্রাপ্তান্নানীত ভদ্রং বো গোপান্ রামচোদিতান্॥৬

পাপ্চারয়ন্তাবিদূরে গুরুং
রামাচ্যুতৌ বো লসতো বৃত্তুক্ষিতৌ।
তস্মৈদ্বিজা গুরুমর্থিনোর্যদি
শ্রদ্ধা চ বো যচ্ছত ধর্মবিত্তমাঃ ॥৭

দীক্ষায়াঃ পশুসংস্থায়াঃ সৌত্রামণ্যাশ্চ সত্তমাঃ।
অন্যত্র দীক্ষিতস্যাপি নান্নমশ্নন্ হি দুষ্যতি ॥৮

ইতি এবং ভগবতা আদিষ্টাঃ আজ্ঞপ্তাঃ তে গোপাঃ তত্র গত্বা কৃতাঞ্জলিপুটাঃ ভূত্বা (প্রথমং) দণ্ডবৎ ভুবি পতিতাঃ (ততঃ) তথা ভগবদুক্তস্মরণেন বিপ্রান্ অযাচন্ত ॥৫

হে কৃষ্ণিদেবাঃ বিপ্রাঃ! শৃণুত যং কৃষ্ণঃ তস্য কর্মাণং (ভবিষ্যতি)। কৃষ্ণস্য আদেশকারিণঃ রামচোদিতান্ (কৃষ্ণসন্নিধৌ) প্রাপ্তান্ নঃ অস্মান্ গোপান্ জানীত ॥৬

ইতঃ অবিদূরে নিকটে এব গাঃ চারয়ন্তৌ বৃত্তুক্ষিতৌ ক্ষুধার্তৌ যং কৃষ্ণরামৌ গুরুং লসতঃ অতিশয়েন বর্তমানৌ। অতঃ হে ধর্মবিত্তমাঃ দ্বিজাঃ! যং কৃষ্ণং যদি শ্রদ্ধা চ অস্তি, তর্হি অন্নার্থিনোঃ তয়োঃ গুরবং অন্নং যচ্ছত ॥৭

হে সত্তমাঃ! সৌত্রামণ্যাঃ অন্যত্র দীক্ষায়াঃ দীক্ষানন্তরং পশুসংস্থায়াঃ পশুসংজ্ঞাযাগস্য চ দীক্ষিতস্যাপি অন্নম্ অন্নং হি ন দুষ্যতি ॥৮

ভগবান্ শ্রীকৃষ্ণকর্তৃক এই প্রকার আদিষ্ট হইয়া গোপগণ যজ্ঞস্থলে গমনপূর্ব্বক যাজ্ঞিক ব্রাহ্মণদিগকে (স্বীয় ব্রজস্থ ব্রাহ্মণ অপেক্ষা অতি তেজস্বী মনে করত) ভূতলে দণ্ডবৎ পতিত হইয়া কৃতাঞ্জলিপুটে ভিক্ষাপ্রাপ্তির নিমিত্ত বিপ্রগণের নিকট প্রার্থনা করিতে লাগিলেন।৫

হে ভূদেবগণ! শ্রবণ করুন, শ্রীকৃষ্ণের আদেশকারী ও বলরামকর্তৃক প্রেরিত গোপসকল আপনাদের নিকট সমাগত হইয়াছি বলিয়া আমাদিগকে জানিবেন। আপনাদের মঙ্গল হউক।৬

হে ধর্মবিত্তম দ্বিজগণ! এই স্থানের অদূরে গোচারণকারী রাম ও কৃষ্ণ বুভুক্ষিত হইয়া আপনাদের নিকট অন্ন প্রার্থনা করিতেছেন; অতএব অন্ন-প্রার্থী তাঁহাদিগের প্রতি যদি আপনাদের শ্রদ্ধা থাকে, তাহা হইলে অন্নপ্রদান করুন, নচেৎ বলুন আমরা ফিরিয়া যাই।৭

যদি বলেন "দীক্ষিত ব্যক্তির অন্ন ভক্ষণ করিবে না" এই বাক্যানুসারে দীক্ষিত আমাদিগের অন্ন অভোজ্য, তদুত্তরে বলিতেছি—হে সত্তমসকল! যজ্ঞীয় দীক্ষানন্তর আগ্নীষোমীয় পশুনারণের পূর্ব্বেই দীক্ষিত ব্যক্তির অন্নগ্রহণে দোষ হইয়া থাকে; পরন্তু আগ্নীষোমীয় পশুমারণের পর দীক্ষিত ব্যক্তির অন্ন-ভক্ষণে দোষ নাই; অতএব আপনাদের যজ্ঞে পশুমারণ কার্য্যও শেষ হইয়াছে; সুতরাং আপনাদিগের অন্ন-ভক্ষণে দোষ হইতে পারে না এবং সৌত্রামণি হইতে অন্য দীক্ষিত ব্যক্তির অন্ন ভোজন করিলে দোষ হয় না, কিন্তু সৌত্রামণিতেই দোষ হইয়া থাকে; অতএব অন্যান্য সময় ও অসময়াদি বিচার জানিয়াই আমরা প্রার্থনা করিতেছি।৮

ইতি তে ভগবদ্যাচ্ঞাং শৃণ্বন্তোঽপি ন শুশ্রুবুঃ।
ক্ষুদ্রাশা ভূরিকর্ম্মাণো বালিশা বৃদ্ধমানিনঃ ॥৯
দেশঃ কালঃ পৃথগ্দ্রব্যং মন্ত্রতন্ত্রর্ত্বিজোঽগ্নয়ঃ।
দেবতা যজমানশ্চ ক্রতুর্ধর্ম্মশ্চ যন্ময়ঃ ॥১০
তং ব্রহ্ম পরমং সাক্ষাদ্ ভগবন্তমধোক্ষজম্।
মনুষ্যদৃষ্ট্যা দুষ্প্রজ্ঞা মর্ত্যাত্মানো ন মেনিরে ॥১১

ন তে যদোমিতি প্রোচুর্নেতি চ পরন্তপ।
গোপা নিরাশাঃ প্রত্যেত্য তথোচুঃ কৃষ্ণরাময়োঃ ॥১

তদুপাকর্ণ্য ভগবান্ প্রহস্য জগদীশ্বরঃ।
ব্যাজহার পুনর্গোপান্ দর্শয়ন্ লৌকিকীং গতিম্ ॥১৩

ইতি (এবং গোপবচনেন) তথেতি-যাচ্ঞাং (ভগবতঃ যাচ্ঞাং প্রার্থনাং) শুশ্রুবুঃ অপি কৃষ্ণায়াঃ (কৃষ্ণে বর্ত্তিকা আশা যেষাং তে) ভূরিকর্ম্মাণঃ (ভূরীণি কর্ম্মাণি যেষাং তে মহৎস্থ তপস্সু এব প্রবৃত্তকাঃ সন্তঃ) বালিশাঃ অজ্ঞাঃ বৃদ্ধমানিনঃ (জ্ঞাতারঃ ইতি অভিমানবন্তঃ) তে ব্রাহ্মণাঃ ন শুশ্রুবুঃ (স্বীকৃতবন্তঃ ন লাভাঃ) ॥৯

(কিং তে ন শ্রুতবন্তঃ ?) দেশঃ কালঃ, পৃথগ্দ্রব্যং (চরুপুরোডাশাদিদ্রব্যং) মন্ত্রতন্ত্রর্ত্বিজঃ (ত্বয়ঃ প্রয়োগঃ) অগ্নয়ঃ, দেবতাঃ যজমানঃ চ ক্রতুঃ অপূর্ব্বং চ যন্ময়ঃ যদ্বিভূতিত্বেন পরমং ব্রহ্ম অধোক্ষজং ইন্দ্রিয়জ্ঞানাগোচরং, সাক্ষাৎ

সেই ব্রাহ্মণসকল এই প্রকারে শ্রীভগবানের যাচ্ঞা শ্রবণ করিয়াও শ্রবণ করিল না। (যদি বল—তাঁহারা শাস্ত্রজ্ঞ হইয়াও কেন ভগবদ্‌যাচ্ঞা শ্রবণ করিলেন না? তদুত্তরে বলিতেছি, তাঁহারা বস্তুতঃ শাস্ত্রজ্ঞ নহেন, পরন্তু শাস্ত্র অধ্যয়ন ও অধ্যাপনা করিয়া মুখেই বলিয়াছেন) কারণ ক্ষুদ্র দর্শাদিতে তাহাদিগের আশামাত্র থাকিলেও তাহারা ক্লেশাধিক কর্ম্মই করিত, যেহেতু অল্পবুদ্ধিশালী হইয়াও আপনাদিগকে বৃথা জ্ঞানবৃদ্ধ বলিয়া মনে করিত ॥৯

(যদি বল—শাস্ত্রবিহিত দেশ, কাল ও পাত্রাদির ক্রম উল্লঙ্ঘন করিয়া অপরের নিমিত্ত কল্পিত অন্য অঙ্গকে কি প্রকারে প্রদান করিবে, তদুত্তরে বলিতেছি—) দেশ, কাল, চরুপুরোডাশাদি বহুবিধ দ্রব্য, মন্ত্র, তন্ত্র (প্রয়োগ) ঋত্বিক্, অগ্নি, দেবতা, যজমান, যজ্ঞ ও ধর্ম্ম (অপূর্ব্ব) এই সকল যাঁহার অংশাংশবিভূতি-রূপ হইয়াছে ॥১০

বিচারহীন সেই ব্রাহ্মণগণ সেই সাক্ষাৎ পর-

ব্রহ্মভূত ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবান্ অধোক্ষজ অর্থাৎ ইন্দ্রিয়ের অগোচর হইলেও কৃপাপূর্ব্বক প্রত্যক্ষীভূত শ্রীকৃষ্ণকে মনুষ্য দৃষ্টি করিয়া মানিল না বা গ্রাহ্য করিল না, কারণ তাহারা দেহাভিমানী, অর্থাৎ আমরা ব্রাহ্মণ আমরা মহৎ এই অভিমানে উন্মত্ত ছিল, সুতরাং কেবল প্রকৃত মনুষ্য বলিয়াই মনে করিল ॥১১

হে পরন্তপ! ব্রাহ্মণগণ যখন তাঁহাদের বাক্য শ্রবণ করিয়া হাঁ না কিছুই বলিল না, তখন গোপগণ নিরাশ হইয়া প্রত্যাগমনপূর্ব্বক শ্রীরাম-কৃষ্ণের সমীপে নিজ উদ্যমাদি ও বিপ্রগণের চেষ্টিত বিষয় বর্ণন করিলেন ॥১২

ভগবান্ জগদীশ্বর শ্রীকৃষ্ণ সেই বাক্য শ্রবণ-পূর্ব্বক হাস্য করিয়া লৌকিকী গতি অর্থাৎ কার্য্যার্থী লোক ক্ষুব্ধ হইবে না এবং কোন যাচক পরাভূত না হয় ইত্যাদি লোকরীতি দেখাইয়া পুনর্ব্বার গোপগণকে বলিতে লাগিলেন ॥১৩

(কৃপয়া আবির্ভূতঃ) ভগবন্তম্ ঐশ্বর্য্যাদিভগপূর্ব্বং তং কৃষ্ণং দুষ্প্রজ্ঞাঃ দুর্ধিয়ঃ মর্ত্যাত্মানঃ (মর্ত্যে দেহে আত্মাভিমানিনঃ) মনুষ্যদৃষ্ট্যা (মনুষ্যং দৃষ্টিঃ যস্য তদ্‌ভাবেন) ইতি দৃষ্ট্যা ন মেনিরে ন আদৃতবন্তঃ। হে পরন্তপ! যদা তে ব্রাহ্মণাঃ ওম্ লাভায় ইতি নাপি ন ইতি (ন লাভায় ইতি) ন ব্রোচুঃ, তদা নিরাশাঃ গোপাঃ প্রত্যেত্য প্রত্যাগত্য রামকৃষ্ণয়োঃ রামকৃষ্ণৌ তথা উচুঃ ॥১০-১২

তৎ (গোপৈঃ বর্ণিতং ব্রাহ্মণচেষ্টিতং) উপাকর্ণ্য শ্রুত্বা ভগবান্ (শ্রীকৃষ্ণঃ) লৌকিকীং গতিং লোকবিধিং দর্শয়ন্ প্রহস্য গোপান্ পুনঃ ব্যাজহার উক্তবান্ ॥১৩

মাং জ্ঞাপয়ত পত্নীভ্যঃ সসঙ্কর্ষণমাগতম্।
দাস্যন্তি কামমন্নং বঃ স্নিগ্ধা ময্যুষিতা দ্বিয়া ॥১৪

গত্বাথ পত্নীশালায়াঃ দৃষ্ট্বা দীক্ষাঃ সুমলঙ্কৃতাঃ।
নত্বা দ্বিজসতীর্গোপাঃ প্রশ্রিতা ইদমব্রুবন্ ॥১৫

নমো বো বিপ্রপত্নীভ্যো নিবোধত বচাংসি নঃ।
ইতোঽবিদূরে চরতা কৃষ্ণেনেষেষিতা বয়ম্ ॥১৬

গাশ্চারয়ন্ স গোপালৈঃ সরামো দূরমাগতঃ।
বুভুক্ষিতস্য তস্যান্নং সানুগস্য প্রদীয়তাম্ ॥১৭

শ্রুত্বাচ্যুতমুপায়াতং নিত্যং তদ্দর্শনোৎসুকাঃ।
তৎকথাক্ষিপ্তমনসো বভূবুর্জাতসম্ভ্রমাঃ ॥১৮

(ভন্ন) আগতঃ সসঙ্কর্ষণঃ মাং (কৃষ্ণিতং) পত্নীভ্যঃ জ্ঞাপয়ত, যদি এব দ্বিয়া স্নিগ্ধেন ইষিতাঃ আসক্তচিত্তাঃ স্থিতাঃ (ময়োষিতাঃ তাঃ ব্রাহ্মণস্ত্রিয়ঃ বঃ যুষ্মভ্যং তাদৃশং যথেষ্টম্ অন্নং দাস্যন্তি ।১৪

অথ তদনন্তরাজ্ঞানন্তরং (তে গোপাঃ যজ্ঞশালাং গত্বা তত্র) পত্নীশালায়াম্ আসীনাঃ ইপস্থিতাঃ দৃষ্টবন্তঃ বিভক্তশঃ ব্রাহ্মণ-পত্নীঃ নত্বা লব্ধপ্রিয়াঃ সন্তঃ ইদং বাক্যম্ অব্রুবন্ ।১৫

বিপ্রপত্নীভ্যঃ বঃ যুষ্মভ্যং নমঃ, বঃ অস্মাকং বচাংসি নিবোধত শৃণুত, ইতঃ অবিদূরে সমীপে চরতা বিহরতা কৃষ্ণেন বয়ং ইষ দূরং-সমীপে ইষিতাঃ প্রেরিতাঃ স্ম ।১৬

গোপালৈঃ সহ সরামঃ সঃ কৃষ্ণঃ গাঃ চারয়ন্ (কৃষ্যাং) দূরম্ (অত্র) আগতঃ, (অতঃ) সানুগস্য (অস্মাভিস্তস্যৈব সহিতস্য) বুভুক্ষিতস্য তস্য অন্নং প্রদীয়তাম্ ।১৭

অচ্যুতং কৃষ্ণম্ উপায়াতং সমীপমাগতং শ্রুত্বা নিত্যং তদ্দর্শনোৎসুকাঃ (তস্য দর্শনে ঔৎসুক্যাঃ) তাঃ স্ত্রিয়ঃ তৎ-কথাক্ষিপ্তমনসঃ (তস্য কথায়াম্ আক্ষিপ্তম্ আকৃষ্টং মনো যাসাং তাঃ) জাতসম্ভ্রমাঃ অবধৃতচিত্তাঃ বভূবুঃ ।১৮

হে বরস্তপ! শ্রীবলরাম সহিত আমি আগমন করিয়াছি—ইহা দ্বিজপত্নীদিগের নিকট গিয়া বিজ্ঞাপন কর, ভোজনেচ্ছা কিংবা অন্য যাচ্ঞাদি করিও না; বুভুক্ষালক্ষণ মন্ত্রশ্রবণে তৎক্ষণাৎ অতিশয় সন্তুষ্ট হইবে যদি বল ভোজনেচ্ছা না করিলে তাহারা অন্ন প্রদান করিবে কেন, তদুত্তরে বলিতেছি—তাহারা কেবল দেহ দ্বারাই গৃহে বাস করিতেছে; পরন্তু মনঃদ্বারা আমাকেই চিন্তা করিতেছে) যেহেতু আমাতে অতিশয় স্নেহবতী অতএব তোমাদিগকে যথেষ্টরূপ অন্ন প্রদান করিবে।১৪

শ্রীভগবদ্বচনানন্তর গোপগণ পত্নীশালায় গমন করিয়া সর্ব্বদা যোগ্য ব্যবহারে অলঙ্কৃতা বিশেষতঃ শ্রীভগবৎপ্রেমাবেশময় পুলকাদি দ্বারা সুন্দররূপে অলঙ্কৃতা হইয়া পতি-পারবশ্যহেতু আবশ্যকীয় পাকাদি-কার্য্যাবসানে স্নানাদি সম্পাদনপূর্ব্বক পরস্পর ভগবৎ-কথাবেশে নিশ্চলভাবে উপবিষ্টা দ্বিজ-পত্নীদিগকে প্রণাম করিয়া বিনীত মস্তকে বলিতে লাগিলেন।১৫

হে বিপ্রপত্নীগণ! আপনাদিগকে প্রণাম করি আমাদিগের বাক্য শ্রবণ করুন, এস্থানে অনতিদূরে বিচরণকারী শ্রীকৃষ্ণকর্ত্তৃক আমরা প্রেরিত হইয়াছি।১৬

সেই শ্রীকৃষ্ণ বলরাম ও গোপগণের সহিত গোচারণ করিতে করিতে ব্রজ হইতে দূরে আসিয়া পড়িয়াছেন; অধুনা অনুচরবর্গের সহিত তাঁহার ক্ষুধা হইয়াছে, অতএব অন্ন প্রদান করুন।১৭

হে রাজন্! পূর্ব্ব হইতেই বিপ্রপত্নীগণের চিত্ত শ্রীকৃষ্ণের লীলাদি কথায় আকৃষ্ট বা আসক্ত হইয়াছে; অতএব নিত্যই শ্রীকৃষ্ণদর্শনে তাঁহারা সমুৎসুকা থাকিতেন, এখন "শ্রীকৃষ্ণ নিকটে আসিয়াছেন" এই কথা শ্রবণ করিয়া তাঁহারা অত্যন্ত আনন্দিত হইলেন।১৮

চতুর্ব্বিধং বহুগুণমন্নমাদায় ভাজনৈঃ।
অভিসস্রুঃ প্রিয়ং সর্ব্বাঃ সমুদ্রমিব নিম্নগাঃ ॥ ১৯
নিষিধ্যমানাঃ পতিভির্ভ্রাতৃভির্বন্ধুভিঃ সুতৈঃ।
ভগবত্যুত্তমঃশ্লোকে দীর্ঘশ্রুতধৃতাশয়াঃ ॥২০
যমুনোপবনেঽশোক-নবপল্লবমণ্ডিতে।
বিচরন্তং বৃতং গোপৈঃ সাগ্রজং কৃষ্ণমীয়ুষঃ ॥২১

বহুগুণং চতুর্ব্বিধম্ অন্নং ভাজনৈঃ পৃথুকপাত্রৈঃ অন্যৈর্বা নিম্নগাঃ নদ্যঃ সমুদ্রম্ ইব (প্রতিবধ্নাতি ঈপ্সিতম্) উত্তমঃশ্লোকে ভগবতি দীর্ঘশ্রুতয়ঃ শ্রুতয় (দীর্ঘং বহুকালং শ্রুতম্ যাসাং তাঃ) সর্ব্বাঃ পতিভিঃ ভ্রাতৃভির্বন্ধুভিঃ নিষিধ্যমানাঃ বার্য্যমাণাঃ অপি প্রিয়ং কৃষ্ণং অভিসস্রুঃ। অশোকবনপল্লবমণ্ডিতে (অশোকবৃক্ষাণাং নব পল্লবৈঃ মণ্ডিতে) গোষ্ঠিতে যমুনোপবনে (যমুনায়াঃ উপবনে) গোপৈঃ বৃতং পরিবেষ্টিতং, বিচরন্তং সাগ্রজং কৃষ্ণং তাং স্ত্রিয়ঃ ঈয়ুষঃ ॥১৯-২১

[কথমূচুঃ তদ্] শ্লাঘ্যং (মেঘবৎশ্যামবর্ণম্) হিরণ্যপরিধিং (হিরণ্যবৎ পরিধিঃ পরিধানং যস্য তং পীতাম্বরম্) বনমাল্যবর্হধাতুপ্রবালনটবেষমনুব্রতাংসে (বনমালাঃ বর্হৈঃ শিরসি ধাতুভিঃ গৈরিকাদিভিঃ প্রবালৈঃ নবকিসলয়ৈঃ নটবৎ বেষঃ যস্য তং তস্মিন্) বিন্যস্তহস্তমিতরেণ ধুনানমব্জং (বিন্যস্তঃ হস্তঃ যেন তং) ইতরেণ হস্তেন (লীলয়া) অব্জং ধুনানং ভ্রাময়ন্তং কর্ণোৎপলালককপোলমুখাব্জহাসম্ (কর্ণয়োঃ উৎপলে যস্য অলকাঃ কপোলয়োশ্চ মুখাব্জে হাসো যস্য তং) বৃণ্বতঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥২২

হে নরেন্দ্র! প্রায়ঃ বহ্বঃ শ্রুতপ্রিয়তমোদয়কর্ণপূরৈঃ (শ্রুতাঃ যে প্রিয়তমস্য কৃষ্ণস্য ঈষাঃ উৎকর্ষাঃ তে এব কর্ণপূরাঃ কর্ণভূষণবিশেষাঃ তৈঃ) যদ্বিষ্ণু শ্রীকৃষ্ণবিরহরুষঃ আবিষ্টচিত্তাঃ বিপ্রলব্ধাধ্যঃ অথ কর্ণাবন্তরম্ অক্ষিবর্ত্মভিঃ (ধারকূপৈর্লোচনছিদ্রৈঃ) তং কৃষ্ণম্ অন্তঃ অন্তঃকরণে প্রবেশ্য সুচিরং পরিরভ্য তাপম্ অভিতঃ অহংকৃতঃ প্রাজ্ঞং যুক্তিসাক্ষিণা (পরিরভ্য ত্যজিন্ন ত্যজ প্রাপ্য) যথা (তাপং ত্যজতি তথা) তাপং সংসারদুঃখং যথা ত্যজেত্তথা ॥২৩

সেই দ্বিজপত্নীসকল বহু বহু ভোজন পাত্রে কিংবা পাকপাত্রে সংস্কার বিশেষ দ্বারা রস-সৌরভ্যাদি বহুগুণযুক্ত চর্ব্ব্য, চূষ্য, পেয় ও লেহ্য ভেদে চতুর্ব্বিধ অন্ন গ্রহণ করিয়া নদীসকল যেরূপ অপ্রতিবন্ধভাবে সমুদ্রের প্রতি গমন করে, তদ্রূপ পতি, পিতা, ভ্রাতা ও বন্ধুগণ কর্ত্তৃক "কৃষ্ণকে যদি অন্ন দিতে হয়, তাহা হইতে গোপবালকদিগের দ্বারা পাঠাও, পরন্তু স্বয়ং যাইও না" ইত্যাদি বলিয়া নিবারিত হইয়াও শ্রীকৃষ্ণের অভিমুখে গমন করিতে লাগিলেন; কারণ বহুকাল অবধি তদ্‌গুণাদি শ্রবণে উত্তমঃশ্লোক ভগবানে স্ব স্ব চিত্ত ধারণ করিয়াছিলেন।১৯-২০

দ্বিজপত্নীসকল অশোকের নবপল্লবমণ্ডিত যমুনা-সমীপবর্ত্তি-বনে শ্রীরামের সহিত গোপগণে পরিবৃত হইয়া ক্রীড়াপরায়ণ তাঁহাকে দেখিতে পাইলেন—তাঁহার শ্যামবর্ণ বিপ্রহ, পরিধানে পীতবসন, বদনমালা, ময়ূরপুচ্ছ, গৈরিকাদি ধাতু ও প্রবালসমূহে নটবৎ বেষ, তিনি পার্শ্বস্থ কোন বয়স্যের স্কন্ধে হস্ত বিন্যস্ত করিয়া দক্ষিণ হস্তে লীলাকমল ঘুরাইতেছেন, এবং তাঁহার কর্ণযুগে উৎপল, কপোলযুগলে অলকাবলী ও বদন-কমলে মৃদুমধুর হাস্য।২১-২২

হে নরেন্দ্র! বহুদিন যাবৎ প্রিয়তম শ্রীকৃষ্ণের উৎকর্ষ-শ্রবণে কর্ণযুগল কৃতার্থ হওয়ায় তদ্দ্বারা

ত্যক্তথা ত্যক্তসর্ব্বাশাঃ প্রাপ্তা আত্মদিদৃক্ষয়া।
বিজ্ঞায়াখিলদৃগ্‌দ্রষ্টা প্রাহ প্রহসিতাননঃ ॥২৪

শ্রীভগবানুবাচ।

স্বাগতং বো মহাভাগা আস্যতাং করবাম কিম্।
যন্নো দিদৃক্ষয়া প্রাপ্তা উপপন্নমিদং হি বঃ ॥২৫

নন্বদ্ধা ময়ি কুর্ব্বন্তি কুশলাঃ স্বার্থদর্শনাঃ।
অহৈতুক্যব্যবহিতাং ভক্তিমাত্মপ্রিয়ে যথা ॥২৬
প্রাণবুদ্ধিমনঃস্বাত্মদারাপত্যধনাদয়ঃ।
যৎসম্পর্কাৎ প্রিয়া আসংস্ততঃ কো ন্বপরঃ প্রিয়ঃ ॥২৭
তদ্‌ যাত দেববজনং পতয়ো বো দ্বিজাতয়ঃ।
স্বসত্রং পারয়িষ্যন্তি যুষ্মাভির্ন্যর্হণেহরিঃ ॥২৮

অখিলদৃগ্‌দ্রষ্টা সর্ব্বদৃগ্‌বিদাঞ্চৌ প্রহসিতাননঃ (হৃষ্টঃ) আত্মদিদৃক্ষয়া (আত্মনঃ স্বস্য দিদৃক্ষয়া দর্শনেচ্ছয়া এব) প্রাপ্তাঃ আগতাঃ তাঃ ত্যক্তসর্ব্বাশাঃ (ত্যক্তাঃ সর্ব্বাঃ গৃহাপত্যাদ্যাদি বিষয়াঃ আশাঃ যাভিঃ তাঃ) স্ত্রিয়ঃ বিজ্ঞায় প্রাহ ॥২৪

শ্রীভগবান্ উবাচ। হে মহাভাগাঃ! যঃ যুষ্মাকং স্বাগতং শুভাগমনম্, আস্যতাং (অত্র ক্ষণং বিশ্রাম্যতাং, যুষ্মাকং কার্য্যং) কিং করবাণি (শুশ্রূষাম্যহম্), হি যস্মাৎ নঃ অস্মাকং দিদৃক্ষয়া যৎপ্রাপ্তাঃ, ( ) ইতঃ যঃ যুষ্মাকম্ উপপন্নং যুক্তম্ (এব) ॥২৫

নন্বদ্ধা নিশ্চিতং স্বার্থদর্শিনঃ (স্বস্য আত্মনঃ অর্থং ফলং পশ্যন্তি

যে তে) কুশলাঃ বিপশ্চিতঃ আত্মপ্রিয়ে (আত্মনি প্রিয়ে চ) ময়ি যথা যথাবৎ (যা আত্মপ্রিয়ে স্নেহস্তাবো যথা তথা) অদ্ধা সাক্ষাৎ ময়ি অহৈতুক্যব্যবহিতাং (অহৈতুকীং ফলাভিসন্ধিরহিতাম্ অব্যবহিতাং নিরন্তরাম্) ভক্তিং প্রীতিং কুর্ব্বন্তি ॥২৬

প্রাণবুদ্ধিমনঃস্বাত্মদারাপত্যধনাদয়ঃ যৎসম্পর্কাৎ সম্বন্ধাৎ প্রিয়াঃ আসন্, ততঃ (সকাশাৎ অপরঃ) কো নু প্রিয়ঃ স্যাৎ ॥২৭

তৎ তস্মাৎ যূয়ং দেববজনং যজ্ঞস্থানং যাত গচ্ছত। যং যুষ্মাকং পূর্ব্বদেবিনঃ পূরয়াঃ দ্বিজাতয়ঃ পতয়ঃ তং পত্নীভিঃ যুষ্মাভিঃ সবনং পারয়িষ্যন্তি সমাপয়িষ্যন্তি ॥২৮

(ঊর্দ্ধং শ্রবণ দ্বারা) তাঁহাতে বিপ্র-পত্নীদিগের চিত্ত আবিষ্ট করিয়া মনঃদ্বারা যোগাত্মকরূপে সুদৃঢ় আলিঙ্গনপূর্ব্বক তাঁহাতে লয়প্রাপ্ত হইয়া যেরূপ তাপ দূর করিয়া থাকেন, তদ্রূপ দ্বিজপত্নীগণ শ্রীকৃষ্ণাঙ্গ-স্পর্শতাবজনিত ক্লেশ পরিত্যাগ করিলেন ।২৩

তখন সর্ব্বান্তর্য্যামী শ্রীকৃষ্ণ কেবল আপনার দর্শনেচ্ছায় সর্ব্বাভিলাষ পরিত্যাগপূর্ব্বক দ্বিজ-পত্নীগণ সমাগত হইয়াছে, ইহা অবগত হইয়া হাস্য করিতে করিতে বলিতে লাগিলেন ।২৪

শ্রীভগবান্ কৃষ্ণ বলিলেন,—হে ভাগ্যবতীগণ! তোমাদিগের শুভাগমন হইয়াছে; যেহেতু তর্ত্তাদি প্রতিবন্ধসমূহ অতিক্রম করিয়া আমাদিগকে দেখিবার নিমিত্ত আগমন করিয়াছ, ইহা তোমাদিগের সমুচিত কার্য্যই হইয়াছে বটে, পরন্তু আমাকর্ত্তৃক তোমাদিগের কার্য্যের প্রত্যুপকারে অসমর্থ হেতু কিছুই উপপন্ন হইবে না। অতএব তোমাদিগের কি উপকার করিব, সম্ভবতঃ কোন উপকারেই সমর্থ হইব না, কেবল তোমাদিগের নিকট ঋণীই রহিলাম, সে যাহা হউক ক্ষণকাল মধ্যদর্শনার্থ এই স্থলে উপবেশন কর ।২৫

যে বিপ্রপত্নীগণ! স্বপ্রয়োজনাভিজ্ঞ আত্মদর্শী বিবেকিসকল আত্মপ্রিয় আমাতে সাক্ষাৎ ফলানুসন্ধান রহিত অহৈতুকী ভক্তি যথোচিত ভাবে করিয়া থাকে। কিংবা সাধারণ ব্যক্তিসকল যেরূপ দেহে ও পুত্রাদিতে মমতা করিয়া থাকে, তদ্রূপ স্বার্থদর্শক বিবেকিগণ আমাতে নিষ্কপট ভক্তি করিয়া থাকে। অথবা বিবেকিগণ যেমন আমাতে মহানুভাবময়ী ভক্তি করিয়া থাকে, তেমন তোমরাও করিয়াছ ।২৬

হে দ্বিজপত্নীগণ! পরমাত্মাই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, কারণ যাঁহার সম্পর্কে প্রাণ, বুদ্ধি, মনঃ, দেহ কিংবা জ্ঞাতি, জীব, স্ত্রী এবং ধনাদি প্রিয় হইয়া থাকে, সেই পরমাত্মা হইতে জীবের আর কে প্রিয়তম হইতে পারে ।২৭

পত্ন্য ঊচুঃ।

নৈবং বিভোঽর্হতি ভবান্ গদিতুং নৃশংসং
সত্যং কুরুষ্ব নিগমং তব পাদমূলম্।
প্রাপ্তা বয়ং তুলসিদাম পদাবসৃষ্টং
কেশৈর্নিবোঢ়ুমতিলঙ্ঘ্য সমস্তবন্ধূন্ ॥২৯

পত্ন্যঃ ঊচুঃ। হে বিভোঃ! এবং কৃপণং পরুষং গদিতুং বক্তুং ভবান্ ন অর্হতি যোগ্যো ভবতি। নিগমং (বাক্যালঙ্কারে "ন স স্মরাধর্ষণে" ইতি "ন যে ভক্তঃ প্রণশ্যতি" ইতি বা বাক্যং) সত্যং কুরুষ্ব। সমস্তবন্ধূন্ পতিপুত্রাদীন্ অতিলঙ্ঘ্য ত্বিয়ত্যস্য পদা অবসৃষ্টং অবজ্ঞাতং তব তুলসীদাম বয়ং কেশৈঃ নিবোঢ়ুং (লালীতবিতুং) তব পাদমূলং প্রাপ্তাঃ আগতাঃ ॥২৯

(সেই পরমাত্মা আমিই, সন্তপ্তঃ তোমরা গর্হণ করিয়া মুখে ইহা ব্যক্ত হইয়া থাকিবে। আমিই তোমাদিগের সর্ব্বাত্ম আলিঙ্গনপূর্ব্বক সর্ব্বদাই অবস্থিত আছি, অতএব তোমরা এক্ষণে স্বস্থলে গমন কর। যদি বল—তাহা হইলেও পরমাত্মার সাক্ষাৎ মূর্ত্তি আপনাকে ত্যাগ করিয়া গৃহে যাইব কেন? তদুত্তরে বলিতেছি যে) তোমাদিগের পতি ব্রাহ্মণগণ গার্হস্থ্য-ধর্ম্মপরায়ণ হইয়াছে; সুতরাং তাঁহারা তোমাদিগের সহিত একত্র হইয়া অর্থাৎ সস্ত্রীক হইয়া স্ব স্ব যজ্ঞ সমাপন করিবেন।২৮

বিপ্রপত্নীগণ বলিলেন, হে বিভো! আপনি বহির্য্যাপক ও অন্তর্য্যাপক, সুতরাং আমাদিগের বাহ্যিক ও আভ্যন্তরিক সমস্তই আপনি বিদিত আছেন; অতএব আপনি এইরূপ নৃশংস (ক্রূর) বাক্য বলিতে যোগ্য নহেন। "যে, যে ভাবে

গৃহন্তি নো ন পতয়ঃ পিতরৌ সুতা বা
ন ভ্রাতৃবন্ধুসুহৃদঃ কুত এব চান্যে।
তস্মাদ্ভবৎপ্রপদয়োঃ পতিতাত্মনাং নো
নান্যা ভবেদ্ গতিরলম্ভ তদ্বিধেহি ॥৩০

যঃ অস্মান্ পতয়ঃ পিতরৌ সুতাঃ বা ন গৃহন্তি প্রতিহরন্তি, অতঃ ভ্রাতৃবন্ধুসুহৃদঃ অন্যে চ অপরিচিতাঃ জনাঃ এব কুতঃ অস্মান্ গৃহ্নীয়ুঃ। তস্মাৎ ভবৎপ্রপদয়োঃ ভবতঃ পাদাগ্রয়োঃ পতিতাত্মনাং পতিতদেহানাম্ অস্মাকং ত্বয়া অন্যা গতিঃ ন ভবেৎ, অতঃ হে অলম্ভ! তৎ বিধেহি এব বিধেহি সম্পাদয় ॥৩০

আমাকে ভজে, আমি তাহাকে সেইভাবে ভজি" এই যে ভবদীয় বাক্য তাহা সত্য করুন; আমরা পতিপুত্রাদি সমস্ত বন্ধু-বান্ধব পরিত্যাগপূর্ব্বক আপনাকর্ত্তৃক অবজ্ঞাত হইয়াও আপনার প্রদত্ত চরণ-তুলসী-দাম স্ব স্ব মস্তকে বহু সম্মান-পুরঃসর বহন করিবার নিমিত্ত সমাগতা হইয়াছি।২

হে অলম্ভ! (হে কাম-লোভ-পাপাদি-দমন!) নিজনিষেধবাক্য উল্লঙ্ঘনহেতু পতি, পিতা, মাতা, পুত্র, কন্যা, ভ্রাতা, বন্ধু ও সুহৃদ্‌গণ—আমাদিগকে গৃহে গমন করিলেও গ্রহণ করিবে না; অন্যান্য প্রতিবাসিগণ গ্রহণ করিবে না, তাহা আর কি বলিব; তাহারা আমাদিগের সহিত বাক্যাদি দ্বারাও সম্ভাষণ করিবে না; অতএব আপনার পাদাগ্রসরূপে পতিতা কিংবা অনন্যগতিহেতু ভবদাশ্রিতাদিগের আমাদিগের যদ্রূপ গতিও যেভাবে হয়, তাহা বিধান অর্থাৎ আপনার ইচ্ছা প্রদান করুন।৩০

শ্রীভগবানুবাচ।

পতয়ো নাভ্যসূয়েরন্ পিতৃভ্রাতৃসুতাদয়ঃ।
লোকাশ্চ বো ময়োপেতা দেবা অপ্যনুমন্বতে ॥৩১
ন প্রীতয়েঽনুরাগায় হ্রসঙ্গো নৃণামিহ।
তন্মনো ময়ি যুঞ্জানা অচিরান্মামবাপ্স্যথ ॥৩২
[শ্রবণাদ্দর্শনাদ্ধ্যানান্ময়ি ভাবোঽনুকীর্তনাৎ।
ন তথা সন্নিকর্ষেণ প্রতিযাত ততো গৃহান্ ॥]

শ্রীশুক উবাচ।

ইত্যুক্তা মুনিপত্ন্যস্তা যজ্ঞবাটং পুনর্যযুঃ।
তে চানসূয়বঃ স্বাভিঃ স্ত্রীভিঃ সত্রমপারয়ন্ ॥৩৩
তত্রৈকা বিধৃতা ভর্ত্রা ভগবন্তং যথাশ্রুতম্।
হৃদোপগুহ্য বিজহৌ দেহং কর্মানুবন্ধনম্ ॥৩৪

শ্রীভগবান্ উবাচ। যদ্যা উপেতাঃ ভক্তত্বমাপন্নাস্তাঃ যং মুহ্যন্ পত্যয়ঃ পিতৃভ্রাতৃপুত্রাদয়ঃ ।কাঃ তথা চ ন অভ্যসূয়েরন্ দোষারোপেণ পতেয়ুঃ, (অপি তু যজন্তাদিবঃ) দেবাঃ অনুমন্বতে নির্দোষবুদ্ধ্যা অঙ্গীকুর্বন্তি ॥৩১

হি যস্মাৎ ইহ সংসারে অসঙ্গতঃ দেহাদাবনিষ্টাসক্তঃ নৃণাং প্রীতয়ে সুখায়, অনুরাগায় দেহসুহৃদে ন ভবতি ; তৎ তস্মাৎ যদি মনঃ যূয়ং ধারয়থ তদা অচিরাৎ মাম্ অবাপ্স্যথ ॥৩২

[শ্রবণাৎ দর্শনাৎ ধ্যানাৎ তথা অনুকীর্তনাৎ যদি যথা তাদৃগ্ ভবতি, সন্নিকর্ষেণ তথা ন ভবতি ; ততঃ গৃহান্ প্রতিযাত।]

শ্রীশুক উবাচ। ইতি এবং প্রকারেণ উক্তাঃ কথিতাঃ তাঃ দ্বিজপত্ন্যঃ পুনঃ যজ্ঞবাটং যজ্ঞাঃ, যে চ ব্রাহ্মণাঃ তাসু অবসরঃ যাজ্ঞেয়জনকাদিভোবদুইরিতিঃ এব তাভিঃ স্ত্রীভিঃ (সহ) সত্রম্ অপারয়েন্ সম্পাদয়ামাসুঃ ॥৩৩

তত্র যজ্ঞবাটে (পূর্বদর্শনসময়ে এব) একা ব্রাহ্মণী ভর্ত্রা বিধৃতা পুষ্টিতা সতী যথাশ্রুতম্ তদবধৃতং তদা যদবা উক্তং কর্মানুবন্ধনং, কর্ম অনুবন্ধনং যত্র তৎ) দেহং বিজহৌ (বিজহৌ

শ্রীভগবান্ বলিলেন—হে বিপ্রপত্নীগণ! তোমরা আমাতে প্রেমবতী, সুতরাং মৎসুখপরা হইয়াছ। অতএব আমার অনভিপ্রেত কার্য্য করিতে যোগ্যা নও, নিজ ইচ্ছাকারিতা পরিত্যাগপূর্ব্বক গৃহে গমন কর। তদ্শ্রবণে বিপ্রপত্নীগণ কহিলেন—হে অতিশয় নিরোষমণি! অসূর্য্যম্পশ্যা কুলবতী পতিপ্রভৃতির বাক্যোল্লঙ্ঘন-হেতু যাহাদিগকে তৃণতুল্য জ্ঞান করিয়া পুর হইতে বহির্গতা হইয়া এতাবৎ দূর-প্রদেশস্থিত ব্রজে লম্পটবরূপে বিখ্যাত আপনার সমীপে আগমন করিয়াছি; এখন যদি সেই পুরীতে গমন করি, তাহা হইলে সেই পতিপ্রভৃতি বন্ধুগণ আমাদিগকে পুরীতে প্রবেশ করিতে দেওয়া দূরে থাকুক, পরন্তু তাহারা ক্রোধাবিষ্ট হওয়ায় অদ্য আমাদিগকে নিশ্চয় নিধন করিবে; তদুত্তরে শ্রীকৃষ্ণ বলিলেন—তোমরা তোমাদের পতি এবং পিতা, ভ্রাতা ও পুত্রাদি সকলও তোমাদিগের প্রতি দোষদৃষ্টিও করিবে না, কেন বৃথা অনিষ্টাশঙ্কা করিতেছ; কারণ মৎকর্ত্তৃক তোমরা অনুজ্ঞাতা কিংবা আমার সমীপে সঙ্গত হইয়াছ; অতএব "আমি ঈশ্বর" ইহা তাহারা জ্ঞাত আছে; বিশেষতঃ ঐ দেখ যজ্ঞোপলক্ষে সমাগত প্রত্যক্ষীকৃত দেবগণও তোমাদিগকে অনুমোদন করিতেছেন ॥৩১

যদি বল—আমাদিগের প্রার্থিত বিষয়ের সম্বন্ধে কি বলিলেন? —তদুত্তরে বলিতেছি—এই ব্রাহ্মণগণের সহিত মদীয় অসঙ্গ অর্থাৎ তোমাদিগের অভিপ্রেত লাভমাত্র সাধিয়া জীববর্গের প্রীতি কিংবা অনুরাগের নিমিত্ত হইবে না। অতএব বাহ্যবৃত্তিতে লোকবিদ্বেষ নিবারণ হেতু আমাতে নিজভাবে মনোনিবেশ করিতে থাক, অচিরাৎ দেহান্তে আমাকে প্রাপ্ত হইবে ॥৩২

[শ্রবণ, দর্শন, ধ্যান বা নিরন্তর কীর্তনে আমাতে যেমন ভক্তি জন্মিয়া থাকে, নিকটে থাকিলে তেমন হয় না; অতএব তোমরা গৃহে গমন কর।]

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! এই সকল দ্বিজপত্নী শ্রীভগবান্ কর্ত্তৃক এই প্রকারে কথিতা হইয়া পুনর্ব্বার যজ্ঞস্থলে গমন করিলেন।

ভগবানপি গোবিন্দস্তেনৈবান্নেন গোপকান্।
চতুর্ব্বিধেনাপরিহ্য স্বয়ঞ্চ বুভুজে প্রভুঃ ॥৩৫
এবং লীলানরবপুর্নৃলোকমনুশীলয়ন্।
রেমে গোগোপগোপীনাং রময়ন্ রূপবাক্ কৃতৈঃ ॥৩৬

ভগবদ্বচনেন ভগবন্তং প্রাপ্তাইতি ভেদঃ) ॥৩৪

ভগবান্ প্রভুঃ গোবিন্দঃ তেষৈব চতুর্ব্বিধেন অন্নেন গোপকান্ আপরিহ্য ভোজয়িত্বা স্বয়ং চ বুভুজে ॥৩৫

লীলানরবপুঃ (লীলার্থং কৃতনরবপুঃ) শ্রীকৃষ্ণঃ এবং নৃলোকম্ অনুশীলয়ন্ গোগোপগোপীনাং তৎস্বাভূতৈঃ (তাসাং বাচা চরিতৈঃ) রময়ন্ রময়িতুং রেমে ॥৩৬

অথানুস্মৃত্য বিপ্রাস্তে অন্বতপ্যন্ কৃতাগসঃ।
যদ্বিশ্বেশ্বরয়োর্যাচ্ঞামহন্ম নৃবিড়ম্বয়োঃ ॥৩৭
দৃষ্ট্বা স্ত্রীণাং ভগবতি কৃষ্ণে ভক্তিমলৌকিকীম্।
আত্মানঞ্চ তয়া হীনমনুতপ্তা ব্যগর্হয়ন্ ॥৩৮

অথ অনন্তরং যৎ যস্মাৎ নৃবিড়ম্বয়োঃ নরানুকরণবতোঃ বিশ্বেশ্বরয়োঃ যাচ্ঞাম্ অহন্ম হতবন্তঃ, অতঃ কৃতাগসঃ (বয়ম ইতি) অনুস্মৃত্য তে বিপ্রাঃ অন্বতপ্যন্ ॥৩৭

স্ত্রীণাং ভগবতি কৃষ্ণে অলৌকিকীং ভক্তিং দৃষ্ট্বা তয়া ভক্ত্যা হীনম্ আত্মানং চ (দৃষ্ট্বা) অনুতপ্তাঃ সন্তঃ (আত্মানং) ব্যগর্হয়ন্ অনিন্দন্ ॥৩৮

সেই বিপ্রগণও তাঁহাদিগের প্রতি দোষদৃষ্টি না করিয়া নিজ নিজ স্ত্রীর সহিত একত্রিত হইয়া যজ্ঞকার্য্য সমাপন করিলেন ॥৩৩

সেখানে ব্রাহ্মণপত্নীগণ যখন শ্রীকৃষ্ণাদিবর্ণনে গমন করেন, তখন তাঁহাদিগের সকলের পশ্চাদ্‌গামিনী এক বিপ্রপত্নী তাঁহার পতিকর্ত্তৃক বলপূর্ব্বক ধৃতা হইয়াছিলেন। তিনি শ্রীকৃষ্ণের রূপাদির কথা যেমন শুনিয়াছিলেন, সেইরূপে শ্রীকৃষ্ণকে প্রেমময় বলিয়া সত্যসিদ্ধরূপে মনোময় দেহান্তর দ্বারা "ভর্ত্তাদিহেতু সঙ্কোচ পরিত্যাগপূর্ব্বক শরণাগতা আমাকে রক্ষা কর" এই বলিয়া গ্রহণ করিয়া অথবা মনে মনে শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিয়া কর্ম্মান্ত দেহ পরিত্যাগ করিলেন। অতএব পতিসম্বন্ধি-দেহ পতিকে প্রদান করিয়া শ্রীভগবৎ-প্রেমসিদ্ধ দেহে গোলোক নামে প্রসিদ্ধ গোকুলের স্থানান্তরবিশেষে শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইলেন ॥৩৪

(এই প্রকারে দ্বিজপত্নীগণের ভক্তিবিশেষ প্রকাশ হইল এবং তাঁহাদিগের প্রতি শ্রীকৃষ্ণের যে অনুগ্রহবিশেষ, তাহাই বলিতেছি।)

সর্ব্বশক্তিমান্ ভগবান্ শ্রীগোবিন্দও সেই চতুর্ব্বিধ অন্নদ্বারাই গোপগণকে ভোজন করাইয়া ভোজনের অনিচ্ছাসত্ত্বেও স্বয়ং ভোজন করিলেন ॥৩৫

লীলার্থ নরবিগ্রহধারী শ্রীকৃষ্ণ এই প্রকারে নানাবিধ লীলাদ্বারা মনুষ্যলোকে নিজভক্তি প্রবর্ত্তিত করিবার নিমিত্ত নিজস্থ রূপ, মধুর সম্ভাষণ ও অলৌকিক চরিত্রদ্বারা গো, গোপ ও গোপীদিগকে ক্রীড়া করাইবার নিমিত্ত স্বয়ং ক্রীড়া করিতে লাগিলেন ॥৩৬

("পতিগণ তোমাদিগের প্রতি দোষ দৃষ্টি করিবেন না" ইত্যাদি ভগবদ্বাক্যে লব্ধানুগ্রহবতী পত্নীগণের সঙ্গপ্রভাবে তাঁহাদিগের পতিগণেরও সদ্‌বুদ্ধি হইয়াছিল; সুতরাং বিপ্রপত্নীদিগের মাহাত্ম্য দেখাইবার নিমিত্ত বলিতেছেন-) অনন্তর বিপ্রগণের বোধ হইলে এই যে,—আমরা লৌকিক লীলা-বিস্তারকারী বিশ্বেশ্বর শ্রীরামকৃষ্ণের প্রার্থনা অগ্রাহ্য করিয়াছি বলিয়া কৃতাপরাধ হইয়াছি। ইহা স্মরণ করিয়া সেই বিপ্রগণ দুরতিমানগ্রস্ত হইলেও অত্যন্ত অনুতাপ করিতে লাগিলেন ॥৩৭

নিজ অশেষৈশ্বর্য্যপ্রকটনশীল সর্ব্বচিন্তাতীত সাক্ষাৎ পরমেশ্বরের প্রতি স্ত্রীগণের অলৌকিক ভক্তি এবং নিজেরা সেই ভক্তিবিহীন দর্শন করিয়া অনুতাপে তপ্ত হইয়া আত্মনিন্দা করিতে লাগিলেন ॥৩৮

ধিগ্ জন্ম নস্ত্রিবৃদ্ বিদ্যাং ধিগ্ ব্রতং ধিগ্ বহুজ্ঞতাম্।
ধিক্কুলং ধিক্ ক্রিয়াদাক্ষ্যং বিমুখা যে ত্বধোক্ষজে ॥৩৯
নূনং ভগবতো মায়া যোগিনামপি মোহিনী।
যদ্বয়ং গুরবো নৃণাং স্বার্থে মুহ্যামহে দ্বিজাঃ ॥৪০
অহো পশ্যত নারীণামপি কৃষ্ণে জগদ্গুরৌ।
দুরন্তভাবং যোঽবিধ্যন্মৃত্যুপাশান্ গৃহাভিধান্ ॥৪১

নাসাং দ্বিজাতিসংস্কারো ন নিবাসো গুরাবপি।
ন তপো নাত্মমীমাংসা ন শৌচং ন ক্রিয়াঃ শুভাঃ ॥৪২
অথাপি হ্যুত্তমঃশ্লোকে কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে।
ভক্তির্দৃঢ়া ন চাস্মাকং সংস্কারাদিমতামপি ॥৪৩
নমু স্বার্থবিমূঢ়ানাং প্রমত্তানাং গৃহেহয়া।
অহো নঃ স্মারয়ামাস গোপবাক্যৈঃ সতাং গতিঃ ॥৪৪

অধোক্ষজে (অধঃ অক্ষজং জ্ঞানং যস্মাৎ তস্মিন্) অতীন্দ্রিয়ে শ্রীকৃষ্ণে যে বিমুখাঃ, (যেষাং) নঃ অস্মাকং যৎ ত্রিবৃৎ (সৌত্রং সাবিত্রং বৈষ্ণবং ইতি ত্রিগুণিতং) তস্য তৎ বিদ্ ধিক্ অস্তি কিংকরবৎ। যৎ ব্রহ্মং প্রবর্ত্যং তৎ বিদ্ বহুজ্ঞতাং বিদ্, কুলং বিদ্, ক্রিয়াদাক্ষ্যং বিদ্ ॥৩৯

নূনং বিশ্বিন্মু এতৎ ভগবতঃ মায়া যোগিনাম্ অপি মোহিনী, যৎ যস্মাৎ দ্বিজাঃ বয়ং নৃণাং গুরবঃ অপি স্বার্থে মুহ্যামহে মুহ্যামঃ ॥৪০

অহো! আশ্চর্যমেতৎ মায়ায়াঃ অপি জগদ্গুরৌ ব্রহ্মাদি-সর্বপূজ্যে কৃষ্ণে দুরন্তভাবং (অসাধ্যতি: হৃদিস্থোঽপি কৃষ্ণেঽপি অশ্রদ্ধেয়ত্বং) তাম্ অস্মত্, যঃ তাম্ মৃত্যুপাশান্ মৃত্যুসংসার-বন্ধনান্ অবিধ্যৎ অছিনৎ ॥৪১

কিঞ্চ আমাং দ্বিজাতিসংস্কারঃ উপনয়নাদি ন, গুরৌ গুরুকুলে বিবাসঃ ব্রহ্মচার্যবৎসঃ ন, তপো বনস্থধর্মঃ ন, আত্মমীমাংসা আত্মবিচারঃ বর্ত্তিধর্মঃ বা, শৌচং শুদ্ধতা ন, শুভাঃ ক্রিয়াঃ সন্ধ্যোপাসনযজ্ঞাদিরূপাঃ যত্রাপি ন সন্তি ॥৪২

তথাপি তাসাং যোগেশ্বরেশ্বরে (যোগেশ্বরাণামপীশ্বরে) উত্তমঃশ্লোকে অপি বিষয়কলুষিতে কৃষ্ণে দৃঢ়া ভক্তিঃ অস্তি, সংস্কারাদিমত্যাম্ অপি নঃ অস্মাকং ন সা ভক্তিঃ বর্ত্ততি ইত্যাশ্চর্যম্ ॥৪৩

অহো নূনং বিশ্বিন্মু স্বার্থবিমূঢ়ানাং (যত্র অর্থে প্রয়োজনে বিমূঢ়ানাং অজ্ঞানাম্ অতএব) গৃহেহয়া (গৃহে ঈহা ব্যাপারঃ) প্রমত্তানাং বিক্ষিপ্তচেতসাং বা নঃ অস্মাকং সতাং গতিঃ কৃপালুঃ কৃষ্ণঃ গোপবাক্যৈঃ এতৎ স্মারয়ামাস ॥৪৪

বিপ্রগণ বলিলেন—যে আমরা অধোক্ষজ পরমাত্মাতে বিমুখ হইয়াছি, সেই আমাদের যে জন্ম ধিক্ অর্থাৎ শুষ্ক, সাবিত্রী ও দীক্ষা এই তিন প্রকারে আমাদের যে জন্ম হইয়াছে, সেই ত্রিবিধ জন্মে ধিক্, আমাদের ব্রহ্মচর্য্যব্রতে ধিক্, আমাদের বহুজ্ঞতায় ধিক্, আমাদের বংশপরম্পরা কুলে ধিক্, আমাদের কর্ম্মে ধিক্ ও আমাদের দক্ষতায় ধিক্ ॥৩৯

(শ্রীভগবদ্ভক্তিই ভগবানের মায়াতরণের মুখ্য কারণ, উক্ত জন্মাদি নহে,—এই অভিপ্রায়ে বলিতেছেন) ভগবানের মায়া নিশ্চয়ই আত্মযোগকারী যোগি-গণেরও মোহিনী হইয়াছে, কর্ম্মশীল আমাদিগের কথা কি বলিব? যেহেতু আমরা উক্ত জন্মাদি-বিশিষ্ট দ্বিজ হইয়াও এবং মনুষ্যসকলের গুরু হইয়াও আপন হিতবিষয়ে কেবল মূঢ় হইয়াছি ॥৪০

(হায়! আমরা পতি ও গুরুরূপিণী যাহাদিগের গুরু হইয়াছি, সেই এই স্ত্রীগণ কৃতার্থ হইয়াছে; আর আমরা অকূলপরূল্য সংসারে পতিই রহিলাম, তাহাই বলিতেছি।)

যে প্রেমভগবন্মায়াপ্রযুক্ত গৃহসংজ্ঞক মৃত্যুপাশ ছেদন করিয়া থাকে, কি আশ্চর্য্য! জগদ্গুরু শ্রীকৃষ্ণে নারীগণের সেই সর্ব্বাধিক প্রেম দর্শন কর ॥৪১

আশ্চর্য্য এই—এই স্ত্রীসকলের উপনয়নাদি সংস্কার নাই, গুরুকুলে বাসাদিরূপ ব্রহ্মচর্য্য নাই, বানপ্রস্থধর্ম্ম তপস্যার অনুষ্ঠান নাই, যতিধর্ম্ম আত্মবিচার নাই, শৌচ (শুদ্ধতা) নাই এবং গার্হস্থ-ধর্ম্ম সন্ধ্যোপাসনাদি নাই; তথাপি যোগেশ্বরের উত্তমশ্লোক শ্রীকৃষ্ণে ইহাদিগের অচলা ভক্তি হইয়াছে, আর উপনয়নাদি সর্ব্ব ক্রিয়ান্বিত আমা-দিগের সেই ভগবৎ-ভক্তি হইল না ॥৪২-৪৩

আহা! নিশ্চয়ই বোধ হইতেছে যে স্ব স্ব অধিকার

অন্যথা পূর্বকামস্য কৈবল্যান্নাপিযাচ্যতেঃ।
ঈহিতব্যৈঃ কিমুত্তান্তৈরীশস্যৈতদ্ বিড়ম্বনম্ ॥৪৫
ত্বিষ্যাজ্ঞান্ জ্ঞতয়ে যঃ শ্রীঃ পাদস্পর্শাশয়াসকৃৎ।
আত্মদোষাপবর্গেণ তদ্দাচ্যৈকা জনমোহিনী ॥৪৬
দেশঃ কালঃ পৃথগ্দ্রব্যং মন্ত্রতন্ত্রবিতোঽগ্নয়ঃ।
দেবতা যজমানশ্চ ক্রতুর্ধর্মশ্চ যন্ময়ঃ ॥৪৭

স এষ ভগবান্ সাক্ষাৎ বিষ্ণুর্যোগেশ্বরেশ্বরঃ।
জাতো যদুষ্বিত্যপুশ্ন ত্বপি মূঢ়া ন বিদ্মহে ॥৪৮
অহো বয়ং যদ্বন্ততমা যেষাং নস্ত্রাদৃশীঃ স্ত্রিয়ঃ।
ভক্ত্যা যাসাং মতির্জাতা অস্মাকং নিষ্ফলা হরৌ ॥৪৯
নমস্যন্ত্যভ্য ভগবতে কৃষ্ণায়াকুণ্ঠমেধসে।
যন্ময়ায়োহিতধিয়ো ভ্রমাম: কর্মবর্ত্মসু ॥৫০

অন্যথা (অন্যপ্রেরণব্যতীত বিনা) কৈবল্যান্নাপিযাচ্যতেঃ মোক্ষাদি-চতুর্বিধ-পুরুষার্থানাং পতেঃ ঈশস্য পূর্বকামস্য ভগবতঃ ঈহিতব্যৈঃ (তৎসম্বন্ধেন অবশ্যমেব পাদস্পর্শৈঃ অন্যাদিভিঃ এবং বিধৈরপি) অন্যথাভূতা কিং প্রয়োজনম্ ॥৪৫

অন্যান্ ব্রহ্মাদীন্ ত্বিষা বাহুল্যেনাপবর্গেণ (বাহুল্যং যে দোষাঃ ঢাক্যন্যবাদাস্তেষাং অপবর্গেণ ত্যাগেন) শ্রীঃ লক্ষ্মীঃ পাদস্পর্শাশয়া চরণসম্বাহনাদেরপেক্ষয়া যঃ শ্রীরিহ অস্মন্ত্র নিত্যেঃ ভগবান্, তস্যাপ্যেকা তত্ত্ব যা অন্যপ্রার্থনা সা জনমোহিনী বিজ্ঞতমানাম্ অপি মোহিনী ॥৪৬

দেশঃ কালঃ পৃথক্ দ্রব্যং মন্ত্রতন্ত্রবিদোঽগ্নয়ঃ দেবতা যজমানঃ ক্রতুঃ যজ্ঞঃ ধর্মঃ অপূর্বাদি প্রত্যবায়পর্যন্তঃ যন্ময়ঃ যত্র বিকৃষ্টিতপরঃ ॥৪৭

সঃ এষ যোগেশ্বরেশ্বরঃ সাক্ষাৎ ভগবান্ বিষ্ণুঃ যদ্ যস্মাৎ ভোজ অন্ধক সঞ্জয় প্রভৃতয়ঃ অপি বয়ং মূঢ়াঃ মূর্খাঃ ন বিদ্মহে অবগচ্ছামঃ ন কৃতবন্তঃ ॥৪৮

যাসাং ভক্ত্যা যৎকৃতভক্ত্যা হেতুভূতা অস্মাকং নিষ্ফলা মতিঃ বুদ্ধী জাতা, তে বয়ং অস্মাকং তাদৃশাঃ তাদৃক্ স্ত্রিয়ঃ, তে বয়ং বন্দ্যতমাঃ ॥৪৯

তস্মৈ অকুণ্ঠমেধসে (অকুণ্ঠা সর্বত্র প্রেরণা যেষা বুদ্ধিস্তস্মৈ) ভগবতে কৃষ্ণায় নমঃ, যন্ময়ায়োহিতধিয়ঃ (যত্ত মায়য়া মোহিতা বিবেকরহিতা ধীর্যেষাং তে বয়ং) কর্মবর্ত্মসু কর্মমার্গেষু ভ্রাম্যামঃ ॥৫০

প্রাপ্ত বেদোক্ত কার্য্যে তৎপর সাধুজনের গতি শ্রীকৃষ্ণ গোপজনোচিত বাক্য দ্বারা নিজ প্রয়োজন বোধে অত্যন্ত অজ্ঞ ও গৃহকার্য্যে অনবহিত আমাদিগের প্রতি আপনাকে স্মরণ করাইয়াছিলেন।৪৪

(যদি বল—গোপবাক্যদ্বারা আমাদিগের নিকট আত্ম প্রার্থনা করিয়াছিলেন বটে, পরন্তু স্মরণ করান নাই ; তাহাতে বলিতেছি)

অন্যথা (অন্যপ্রেরণয় আত্মস্মরণ ব্যতিরেকে) পূর্বকাম, মোক্ষ বা প্রেমাদি ফলপ্রদ, ও তত্তৎ প্রদানেতে সমর্থ শ্রীকৃষ্ণের কোনও কার্য্যসাধনে অন্যক আমাদিগের দ্বারা কিছুই প্রয়োজন নাই, তথাপি এই অন্য-প্রার্থনা তাঁহার বিড়ম্বনা মাত্র।৪৫

শ্রীলক্ষ্মীদেবী যে শ্রীভগবানের পাদস্পর্শ প্রত্যাশায় ব্রহ্মাদি দেবগণকে পরিত্যাগপূর্বক বীত ঢাক্যতা ও গর্ব্বাদি পরিহার করিয়া নিরন্তর যাঁকে ভজনা করিতেছেন, সেই শ্রীভগবানের যাচ্ঞা করা কোন প্রকারেও সম্ভব হয় না ; তথাপি তাঁহার যে যাচ্ঞা, তাহা অন্যবিধ নিখিল জীবের মোহকারিণী অর্থাৎ "ইনি ঈশ্বর নহেন" এই প্রকারে মোহোৎপাদনকারিণী হইয়াছে ; অতএব আমরা মুগ্ধ হইয়াই তাহা স্মরণ করি নাই।৪৬

মুগ্ধ হওয়ার কারণ এই যে—দেশ, কাল, চরু-পুরোডাশাদি বহুবিধ দ্রব্য, মন্ত্র, তন্ত্র (প্রয়োগ), ঋত্বিক্, অগ্নি, দেবতা, যজমান, যজ্ঞ ও ধর্ম এই সকল যাঁহার অংশাংশবিকৃতিস্বরূপ সেই যোগেশ্বরগণের ঈশ্বর সর্ব্বব্যাপক সাক্ষাৎ ভগবান্ যদুকুলে অবতীর্ণ হইয়াছেন, ইহা শ্রুত হইলেও আমরা এমন মূঢ় যে তাঁহাকে জানিতে পারি নাই।৪৭-৪৮

যাঁহাদিগের ভক্তিপ্রভাবে শ্রীকৃষ্ণে আমাদিগের ও নিষ্ফলা ভক্তি জন্মিল, সেই স্ত্রীগণ আমাদিগের ভাগ্যে, আমরা আমরা অতিশয় ধন্য হইলাম।৪৯

স বৈ ন আদ্যঃ পুরুষঃ স্বমায়ামোহিতাত্মনাম্।
অবিজ্ঞতানুভাবানাং ক্ষন্তুমর্হত্যতিক্রমম্ ॥৫১
ইতি স্বাঘমনুস্মৃত্য কৃষ্ণে তে কৃতহেলনাঃ।
দিদৃক্ষবোঽপ্যুচ্যুতয়ঃ কংসাদ্ভীতা ন চাচলন্ ॥৫২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥২৩॥

সঃ বৈ সর্বপাদ্যপ্রসিদ্ধঃ আদ্যঃ সর্বকারণভূতঃ পুরুষঃ সর্বব্যাপী (শ্রীকৃষ্ণঃ) স্বমায়ামোহিতবিষয়ং (স্বমায়য়া মোহিতা বীর্যবয়ং তদ্ভূতানাং) অবিজ্ঞাতানুভাবানাং (অবিজ্ঞাতঃ অনুভাবঃ যৈঃ তেষাং) নঃ অস্মাকম্ অতিক্রমং যাজ্ঞেয়জনবাসাদিরূপং ক্ষন্তুম্ অর্হতি ॥৫১

কৃতে কৃতহেলনাঃ (কৃতঃ হেলনম্ অবজ্ঞানং যৈস্তে) তাদৃশাঃ ইতি এবং স্বাঘং স্বস্য অপরাধম্ অনুস্মৃত্য অনুস্মরন্তঃ (রামকৃষ্ণৌ) দিদৃক্ষবঃ দ্রষ্টুমিচ্ছবোঽপি কংসাদ্ভীতাঃ সন্তঃ ন অচলন্ দর্শনার্থং নৈব জগ্মুঃ ॥৫২

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥২৩॥

যাঁহার মায়ায় বিমোহিত হইয়া আমরা কর্মপথে পুনঃ পুনঃ পরিভ্রমণ করিয়া তাহাতেই অতিনিবেশ প্রাপ্ত হইতেছি, পরন্তু জলাধর্তে পতিত তৃণাদির ন্যায় কখনও তাহা হইতে নির্গমন করিতে সমর্থ হইতেছি না, সেই অনুপ্রমান অচিন্ত্য অনন্তৈশ্বর্য্য ভগবান্ শ্রীকৃষ্ণকে নমস্কার করিতেছি ॥৫০

সেই শ্রীকৃষ্ণই নিত্য আদি (সর্বশ্রেষ্ঠ) পুরুষ; অতএব তাঁহার নিজমায়ায় মোহিত-চিত্ত আমাদিগের অপরাধ ক্ষমা করুন। এইরূপে কৃষ্ণবিষয়ে অবজ্ঞাকারী তাঁহারা নিজ অপরাধ স্মরণ করিয়া রামকৃষ্ণকে দর্শন করিতে ইচ্ছুক হইলেও কংসভয়ে ভীত হওয়ায় স্থান হইতে কেহই গমন করিলেন না, কিন্তু তদ্যানপরায়ণ হইয়া স্থানেই বিরাজ করিতে লাগিলেন ॥৫১-৫২

শ্রীমদ্বর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরক্ষক ত্রয়োবিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

চতুর্বিংশঃ অধ্যায়ঃ।

[শ্রীভগবতা ইন্দ্রযাগস্য ভঙ্গঃ।]

শ্রীশুক উবাচ।

ভগবানপি তদ্রাত্র বলদেবেন সংযুতঃ।
অপশ্যন্ নিবসন্ গোপানিন্দ্রযাগকৃতোদ্যমান্ ॥১
তদভিজ্ঞোঽপি ভগবান্ সর্ব্বাত্মা সর্বদর্শনঃ।
প্রশ্রয়াবনতোঽপৃচ্ছদ্ বৃদ্ধান্ নন্দপুরোগমান্ ॥২

কথ্যতাং মে পিতঃ কোঽয়ং সম্ভ্রমো ব উপাগতঃ।
কিং ফলং কস্য চোদ্দেশঃ কেন বা সাধ্যতে মখঃ ॥৩

এতদ্ ব্রূহি মহান্ কামো মহ্যং শুশ্রূষবে পিতঃ।
ন হি গোপ্যং হি সাধূনাং কৃত্যং সর্ব্বাত্মনামিহ ॥৪

অন্বয়মুখঃ

শ্রীশুকঃ উবাচ। বলদেবেন সংযুতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ অপি অত্র গোকুলে এব নিবসন্ ইন্দ্রযাগকৃতোদ্যমান্ (ইন্দ্রযাগায় কৃতঃ উদ্যমঃ যৈঃ তান্) গোপান্ অপশ্যৎ ॥১

সর্ব্বাত্মা সর্বদর্শনঃ ভগবান্ (কৃষ্ণঃ) অভিজ্ঞঃ অপি উত্তোপকারণং জ্ঞাত্বা অপি প্রশ্রয়াবনতঃ (প্রশ্রয়েণ বিনয়েন অবনতঃ নম্রঃ সন্) নন্দপুরোগমান্ নন্দপ্রমুখান্ বৃদ্ধান্ অপৃচ্ছৎ ॥২

অন্বয়ঃ

হে পিতঃ! যঃ মুহ্যমান্ অয়ং কঃ সম্ভ্রমঃ (সম্যক্ ভ্রমঃ যস্মাৎ সঃ সম্ভ্রমঃ) ঐন্দ্রবিশেষঃ ঔপাগতঃ, সঃ কথ্যতাম্; অত্র কিং ফলং, কস্য চ দেব-বিশেষস্য ঔদ্দেশঃ (কং দেববিশেষম্ উদ্দিশ্য এতৎ কর্ম প্রবৃত্তম্), কেন বা সাধনেন অধিকারিণা অয়ং মখঃ যাগঃ সাধ্যতে ॥৩

হে পিতঃ! মহান্ কামঃ (শ্রবণে মহতী ইচ্ছা বর্ত্ততে অতঃ) শুশ্রূষবে মহ্যম্ এতৎ ব্রূহি। হি যস্মাৎ ইহ ব্যবহার-কুশলা

চতুর্বিংশ অধ্যায়।

[শ্রীভগবান্ কর্তৃক ইন্দ্রযাগ ভঙ্গ।]

শ্রীশুকদেব গোস্বামী কহিলেন—(হে রাজন্!) গোপগণ যাগযোগ্য গোষ্টনিকটবর্ত্তিস্থানবিশেষে একত্র মিলিত হইয়া অবস্থানপূর্ব্বক যজ্ঞানুষ্ঠানে উদ্যমযুক্ত হইয়াছিলেন, তথায় শ্রীভগবান্ ও শ্রীবলদেবের সহিত অবস্থানপূর্ব্বক গোপদিগকে ইন্দ্র-যাগার্থ উদ্যোগযুক্ত দেখিতে পাইলেন।১

নিখিলজীবের পরমাত্মা ও স্ব স্ব কার্য্যে প্রবর্ত্তনকারী শ্রীভগবান্ গোপগণের উদ্যোগের কারণ সমস্ত অবগত হইলেও বিনয়াবনত হইয়া শ্রীনন্দ প্রভৃতি বৃদ্ধ গোপগণকে জিজ্ঞাসা করিলেন।২

হে পিতঃ! আপনাদিগের সকলের কোন্ বিষয়ে এই সম্ভ্রম উপস্থিত হইয়াছে—আমাকে বলুন, বৃথা সম্ভ্রম সম্ভব হইতে পারে না। যদি বলেন—যজ্ঞার্থ এই সম্ভ্রম উপস্থিত হইয়াছে, তদ্বিষয়ে জিজ্ঞাসা করি যে ইহাতে কি ফল হইবে এবং কোন্ দেবতার উদ্দেশে অর্থাৎ এই যজ্ঞে কোন্ কোন্ দেবতা পূজ্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছে? আর কি প্রকার ব্যক্তিই বা এই যজ্ঞের অধিকারী কিম্বা কি প্রকার সাধনপ্রণালীতেই বা এই যজ্ঞ সাধিত হইয়া থাকে ?৩

আপনারা যদি বলেন—তুমি বালক, অতএব তোমার এই সমস্ত প্রশ্নদ্বারা প্রয়োজন কি? তদুত্তরে বলিতেছি—হে পিতঃ! এই বিষয়ে আমার অত্যন্ত অভিলাষ হইয়াছে, সুতরাং শ্রবণাভিলাষী আমার শ্রীমুখোপদেশার্থ তাহা বর্ণন করুন। (পিতাকে তূষ্ণীম্ভূত থাকিতে দর্শন করিয়া পুনর্ব্বার বলিলেন —পিতঃ!) যে হেতু এই জগতে সর্ব্বত্র আত্মদর্শী ইনি আপন—ইনি পর—এই প্রকার ভেদজ্ঞানরহিত মিত্র উদাসীন ও শত্রুবিহীন সাধুদিগের কোন কার্য্যও গোপনীয় থাকে না, ইহা নিশ্চয় বলিতে হইবে। (যদি বলেন—আমরা গৃহস্থ, সুতরাং

অন্যত্বপরদৃষ্টানামমিত্রোদাসবিধিষাম্।
উদাসীনোঽবিদন্ বর্ষ্ম আত্মবৎ দুরুদুচ্যতে ॥৫

জ্ঞাত্বাঽজ্ঞাত্বা চ কর্ম্মাণি জনোঽয়মনুতিষ্ঠতি।
বিদুষঃ কর্ম্মসিদ্ধিঃ স্যাৎতথা নাবিদুষো ভবেৎ ॥৬

তত্র তাবৎ ক্রিয়াযোগো ভবতাং কিং বিচারিতঃ।
অথবা লৌকিকস্ত্বেষ পৃষ্টতঃ সাধু তুষ্যতাম্ ॥৭

নন্দ উবাচ।

পর্জন্যো ভগবানিন্দ্রো মেঘাস্তস্যাত্মযোনয়ঃ।
তেঽভিবর্ষন্তি ভূতানাং প্রীণনং জীবনং পয়ঃ ॥৮

তং তাত বয়মন্যে চ বার্ম্মুচাং পতিমীশ্বরম্।
দ্রব্যৈস্তদ্রেতসা সিদ্ধৈর্যজন্তে ক্রতুভির্নরাঃ ॥৯

সর্ব্বাত্মনঃ সর্ব্বহেতুত্বাদুপাস্যানাং অতঃপরদৃষ্টানাং (অথবা নিরতং স্ব-পর-ইতি বুদ্ধিঃ যেষাং) অতএব অমিত্রোদাসবিধিষাং (ন বিদ্যতে মিত্রম্ উদাসঃ উদাসীনঃ বিধিষ্টি চ যেষাং) সাধূনাং কৃতঃ কথং বি বিশিষ্যতে ন গোপ্যং ভবেৎ। (শত্রবে বিষমাবে সাধু) উদাসীনঃ (মধ্যস্থতয়াং) অবিদন্ বর্ষ্মঃ, মুহুর্ং ি কু আত্মবৎ সুহৃদো এব উচ্যতে ॥৪-৫

অয়ং জনঃ জ্ঞাত্বা (বুদ্ধিঃ সহ বিচার্য্য তথা) অজ্ঞাত্বা অবিচার্য্যেব চ কর্ম্মাণি অনুতিষ্ঠতি; (কিন্তু) বিদুষঃ তত্র যথা কর্ম্মসিদ্ধিঃ তাৎ; অবিদুষঃ তথা (ফলং) ন ভবেৎ ॥৬

তত্র তাবৎ ভবতাং ক্রিয়াযোগঃ ি (বুদ্ধিঃ সহ শাস্ত্রতঃ) বিচারিতঃ, অথবা লৌকিকঃ আচারপ্রাপ্তঃ বা তৎ পৃষ্টতঃ যে মম সাধু সত্যং তথাস্তাং কথ্যতাম্ ॥৭

নন্দঃ উবাচ। ভগবান্ ইন্দ্রঃ পর্জন্যঃ বর্ষাধিপতিঃ, যতঃ মেঘাঃ তস্য ইন্দ্রস্য আত্মযোনয়ঃ (আত্মবৎ প্রিয়স্বরূপাঃ), যে মেঘাঃ ভূতানাং প্রাণিনাং প্রীণনং জীবনং প্রাণদং পয়ঃ জলং অভিবর্ষন্তি ॥৮

হে তাত! বয়ং বৈশ্যাঃ অন্যে চ ব্রাহ্মণাদয়ঃ বয়ং তং বার্ম্মুচাং মেঘানাং পতিম্ ঈশ্বরম্ ইন্দ্রং তদ্রেতসা তস্য রেতসা) সিদ্ধৈঃ সম্পাদিতৈঃ ক্রতুভিঃ যজ্ঞৈঃ আরাধয়ন্তি ॥৯

সাধুসঙ্গের ন্যায় হইতে পারি নাই; তথাপি আমার প্রতি ইহা গোপন করা সঙ্গত নহে; কারণ সুহৃদ্‌জনের সম্ভাবনা থাকায়) উদাসীন ব্যক্তিই শত্রুর ন্যায় পরিত্যাজ্য হয়, আর সুহৃদ্‌জনকে আপনার আত্মার তুল্য মনে করাই কর্ত্তব্য, আমি পুত্র, সুতরাং সুহৃৎ হইতেও অন্তরঙ্গ; অতএব উক্ত সাধুলক্ষণাক্রান্ত আপনাদিগের আমার নিকট কোন বিষয় গোপন করা সঙ্গত নহে ॥৪-৫

এই সংসারস্থ জনসকলের মধ্যে কেহ কেহ সুহৃদ্‌গণসহ পরাবর্শপূর্ব্বক জানিয়া এবং কেহবা অবিচারপূর্ব্বক দৃষ্টপরম্পরায় কর্ম্মসমূহের অনুষ্ঠান করিয়া থাকেন সত্য; কিন্তু তন্মধ্যে বিজ্ঞজনের যেরূপ কার্য্যসিদ্ধি হয়, তদ্রূপ অজ্ঞ ব্যক্তির কার্য্যসিদ্ধি হয় না ॥৬

অতএব জিজ্ঞাসা করি, সেই সমূহের মধ্যে আপনাদের যে ক্রিয়াযোগ (কর্ম্মানুষ্ঠান প্রকার) তাহা কি শাস্ত্রীয় প্রমাণানুসারে বিচারপূর্ব্বক প্রবর্ত্তিত হইয়াছে, না লৌকিক আচার অনুসারে লোক-পরম্পরায় প্রাপ্ত হইয়াছে? এতদ্‌বিষয়ে আমার নিকট যুক্তিপূর্ব্বক বর্ণন করুন ॥৭

শ্রীনন্দ মহারাজ বলিলেন—ভগবান্ ইন্দ্র বর্ষাধিদেবতা, মেঘসকল ইন্দ্রের স্বশরীরতুল্য প্রিয়-মূর্ত্তি, সেই মেঘ সমস্ত প্রাণিগণের সঞ্জীবক বা জীবিতজনক এবং তৃণপ্রায়তৃণাদির প্রাণপ্রদ বারি বর্ষণ করিয়া থাকেন ॥৮

হে তাত! গোপালনার্থ কেবল আমরা নহে, অন্যান্য ব্রাহ্মণাদি সকলেই মেঘসকলের অধীশ্বর দেবরাজ ইন্দ্রকে তাঁহারই বর্ষণজন্য বারিসমূহে সুসম্পন্ন নানাবিধ দ্রব্যসাধক যজ্ঞ দ্বারা অর্চ্চনা করিয়া থাকে ॥৯

তচ্ছ্রদ্ধয়োপজীবন্তি ত্রিবর্গফলহেতবে।
পুংসাং পুরুষকারাণাং পর্জন্যঃ ফলভাবনঃ ॥১০

য এষ বিস্রম্ভেদ্ধর্মং পারম্পর্য্যাগতং নরঃ।
কামাদ্লোভাদ্ভয়াদ্দ্বেষাৎ স বৈ নাপ্নোতি শোভনম্॥১১

শ্রীশুক উবাচ।
বচো নিশম্য নন্দস্য তথান্যে ব্রজৌকসাম্।
ইন্দ্রায় মন্যুভ্যজনয়ন্ পিতরঃ প্রাহ কেশবঃ ॥১২

শ্রীভগবানুবাচ।
কর্ম্মণা জায়তে জন্তুঃ কর্ম্মণৈব বিলীয়তে।
সুখং দুঃখং ভয়ং ক্ষেমং কর্ম্মণৈবাভিপদ্যতে ॥১৩

(ষড়ঃ) পর্জন্যঃ (এব) পুংসাং পুরুষকারাণাং ধর্ম্মাদি-ব্যাপারাণাং ফলভাবনঃ ফলপ্রদঃ, অতঃ ত্রিবর্গফলহেতবে ধর্ম্মার্থং যদিত্যর্থঃ, তচ্ছ্রদ্ধয়েব ইন্দ্রযাগাবশিষ্টেন (অন্নাদিনা নরাঃ) উপজীবন্তি জীবিকাং কুর্ব্বন্তি ॥১০

যঃ নরঃ কামাৎ লোভাৎ ভয়াৎ দ্বেষাৎ বা পারম্পর্য্যাগতম্ এষম্ ধর্ম্মং বিস্রম্ভেৎ ত্যজেৎ, সঃ বৈ শোভনং সুখং ন আপ্নোতি ॥১১

শ্রীশুকঃ উবাচ। নন্দস্য তথা অন্যেষাং ব্রজৌকসাং বচঃ নিশম্য শ্রুত্বা কেশবঃ (কঃ ব্রহ্মা ঈশঃ রুদ্রঃ তয়োঃ যং সুখং যস্মাৎ সঃ কেশবঃ) ইন্দ্রায় (ইন্দ্রস্য) মন্যুম্ অজনয়ন্ পিতরং নন্দং প্রাহ ॥১২

শ্রীভগবান্ উবাচ। অয়ং জন্তুঃ কর্ম্মণা এব জায়তে, কর্ম্মণা এব প্রলীয়তে, সুখং দুঃখং ভয়ং ক্ষেমং বা কর্ম্মণা এব অভিপদ্যতে প্রাপ্নোতি ॥১৩

যদি বল—তাহা হইলে ওদ্ধারা আমাদিগের কি উপকার? তাহাতেই বলিতেছি—ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গ-প্রাপক দেবগণের মধ্যে ইন্দ্রই যাবতীয় লোকের মধ্যে ত্রিবর্গার্থ উদ্যমশীল ব্যক্তিগিগের ফলোৎপাদক; অতএব মানবগণ ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গরূপ ফলসিদ্ধির নিমিত্ত তদীয় যজ্ঞাবশিষ্ট অন্ন দ্বারা জীবিকা কল্পনা করিয়া থাকে অর্থাৎ পর্জন্য হইতে বৃষ্টি, বৃষ্টি হইতে অন্ন, অন্ন হইতে জীবিকা, জীবিকা হইতে ধর্ম্ম এবং ধর্ম্ম হইতে উত্তম; সুতরাং পর্জন্যই ত্রিবর্গের মূলহেতু, তাহাকেই অর্চ্চনা করিবে।১০

অন্যথা যে ব্যক্তি কাম, (অদৃষ্টবিষয় কিংবা স্বেচ্ছাক্রমে) দ্বেষ (দেবতাবিষয়ক কিংবা তদুপাসনাবিষয়ক দ্বেষ), ভয় (বিরোধিজনহেতুকভয়) ও লোভ অর্থাৎ দৃষ্টবিষয় কিংবা অন্যব্যয়াভাববিষয়ক লোভহেতু বৃদ্ধগণের পারম্পর্য্যাগত ধর্ম্ম পরিত্যাগ করিয়া থাকে, তাহার ইহকালে ও পরকালে কখনই কল্যাণ হয় না।১১

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—কেশব অর্থাৎ যিনি ব্রহ্মা ও রুদ্রকে স্বীয় মহিমা দ্বারা সনাচ্ছন্ন করিয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণ শ্রীনন্দের ও অন্যান্য ব্রজবাসিগণের তাদৃশ বাক্য শ্রবণ পূর্ব্বক দেবরাজ ইন্দ্রের কোপজনন দ্বারা তাঁহাকে গর্ব্বরূপ পর্ব্বত হইতে অবতরণ করাইবার নিমিত্ত পিতা শ্রীনন্দ মহারাজকে বলিতে লাগিলেন।১২

(আমার পিতা শ্রীনন্দ প্রভৃতি নিত্যপরিকরগণের পূজাগ্রহণে ইন্দ্র কি প্রকার সমর্থ হইবে? তাহার মদ হরণ করা যদিও আমার মনে রহিয়াছে, যথাপি নরলীলা পালনার্থ তাহা উদ্ঘাটন না করিয়া সর্ব্বত্র অতি প্রসিদ্ধ কর্ম্মবাদের মতাবলম্বন পূর্ব্বক প্রথমতঃ জনকোক্ত বাক্যের খণ্ডন করিতেছেন—)

শ্রীভগবান্ কহিলেন—হে পিতঃ! জীব কর্ম্মদ্বারাই উৎপন্ন হয় এবং কর্ম্ম দ্বারাই বিলয় প্রাপ্ত হইয়া থাকে। সুখ, দুঃখ, ভয় ও মঙ্গল কর্ম্মদ্বারাই প্রাপ্ত হইয়া থাকে।১৩

অস্তি চেশ্বরঃ কশ্চিৎ ফলরূপ্যন্যকর্মণাম্।
কর্তারং ভজতে সোঽপি ন হ্যকর্তুঃ প্রভুর্হি সঃ ॥১৪
কিমিন্দ্রেণেহ বৃত্তানাং স্ব-স্বকর্মানুবর্তিনাম্।
অনীশেনান্যথা কর্তুং স্বভাববিহিতং নৃণাম্ ॥১৫
স্বভাবতন্ত্রো হি জনঃ স্বভাবমনুবর্ততে।
স্বভাবস্থমিদং সর্বং সদেবাসুরমানুষম্ ॥১৬

দেহানুচ্চাবচান্ জন্তুঃ প্রাপ্যোৎসৃজতি কর্মণা।
শত্রুর্মিত্রমুদাসীনঃ কর্মৈব গুরুরীশ্বরঃ ॥১৭
তস্মাৎ সম্পূজয়েৎ কর্ম স্বভাবস্থঃ স্বকর্মকৃৎ।
অঞ্জসা যেন বর্তেত তদেবাস্য হি দৈবতম্ ॥১৮
আজীব্যৈকতরং ভাবং যস্ত্বন্যমুপজীবতি।
ন তস্মাদ্ বিন্দতে ক্ষেমং জারং নার্যসতী যথা ॥১৯

অন্বয়কর্তৃণাং (অন্যেষাং কর্তৃণাং) ফলরূপী (ফলং প্রযচ্ছতি ফলয়তি বদতি বা সঃ) কশ্চিৎ ঈশ্বরঃ অস্তি চেৎ, কর্তৃ সঃ অপি কর্তারম্ এব ভজতে, হি যতঃ সঃ অকর্তৃঃ কর্তাঽকর্তৃঃ হি প্রভুঃ ফলদাতা ন (ভবতি) ॥১৪

নৃণাং স্বভাববিহিতম্ (স্বভাবেন পূর্বসংস্কারেণ বিহিতং তাদৃশং কর্ম, তদবীনাং পুরুষাণামিতি চ) অন্যথাকর্তুং বিপরিবর্তয়িতুম্ অনীশেন অসমর্থেন ইন্দ্রেণ ন স্ব স্বকর্মানুবর্তিনাং বৃত্তানাম্ ইহলোকে কিং প্রয়োজনম্ ॥১৫

জনঃ প্রাণিমাত্রঃ স্বভাবতন্ত্রঃ স্বভাবাধীনঃ, হি যতঃ স্বভাবম্ এব অনুবর্ততে। সদেবাসুরমানুষং সর্বং ইদং জগৎ স্বভাবস্থম্ এব ॥১৬

জন্তুঃ জীবঃ কর্মণা ঈশ্বরেণ তাদৃশানুরূপান্ দেহান্ প্রাপ্য (কর্মফলমাপ্তো) উৎসৃজতি পরিত্যজতি, তথা শত্রুঃ মিত্রম্ উদাসীনঃ গুরুঃ ঈশ্বরঃ চ সর্বং কর্ম এব ॥১৭

তস্মাৎ (তস্মাদেতৎ কর্মাধীনত্বাৎ) স্বভাবস্থঃ সন্ স্বকর্মকৃৎ জনঃ কর্ম এব সম্পূজয়েৎ, হি যতঃ যেন কর্মণা অঞ্জসা সুখেন বর্তেত জীবেৎ তৎ এব অস্য তস্য দৈবতং দেবাদ্ বৃ (পূজ্যা) একতরং ভাবং দেবতাবিশেষম্ আজীব্য জীবনোপায়েন উপদেবা (তত্র অপরিজ্ঞাতাৎ) অন্য উপজীবতি সেবতে (সঃ বৃ) অসতী পুংশ্চলী নারী যথা জারং ন সুখং প্রাপ্নোতি (পতিপরিত্যাগপূর্বকং বিনাশমাপ্নোতি) তথা তথাবং সেবিত্বাৎ অন্যাৎ ক্ষেমং সুখং ন বিন্দতে (তত্র যদ্বিন্ বিনাশাভাবাৎ ॥১৮-১৯

অন্যজনকৃত কর্মের ফলদাতা যদি কোন ঈশ্বর থাকেন, তাহা হইলে তিনিও কর্মকর্তার অনুসরণ করেন অর্থাৎ জীব যেমন কর্ম করিবে, সেই কর্মানুসারেই ফল দান করিবেন ; যেহেতু সেই ঈশ্বর যে কর্ম না করে, তাহার তিনি প্রভু হইতে পারেন না ; কারণ তাহার সম্বন্ধে কর্মফলদানে তিনি অসমর্থ ।১৪

এই সংসারে প্রাক্তন কর্মানুসারে সুখ-দুঃখ-ভোগশীল প্রাণিগণের পক্ষে ইন্দ্রের দ্বারা কিছুই ফল হয় না। কর্মান্তর-উপার্জক জীবসকলের নিজ নিজ স্বভাব বিহিত কর্মের অন্যথা করিতে সেই ইন্দ্র বা অন্য কোন দেবতারই ক্ষমতা নাই, ফল কথা—প্রাক্তন সংস্কার দ্বারা বিহিত কর্তব্যরূপে উপস্থাপিত যে কর্ম, তাহা করিতেই অন্তর্যামী জীবকে প্রেরণ করেন ; কিন্তু তাহার অন্যথা করিতে অসমর্থ ইন্দ্রের পূজা দ্বারা কি হইবে ? বস্তুতঃ কোনই ফল নাই ।১৫

জীবমাত্রই স্বভাবের অধীন (প্রাক্তন সংস্কারাধীন), যেহেতু স্বভাবেরই অনুবর্ত্তী হয় ; সুতরাং দেব অসুর মনুষ্য সহ এই চরাচর বিশ্ব স্বভাবে অবস্থিত অর্থাৎ সাত্ত্বিক দেবগণ, রাজসিক অসুরগণ, তামসিক মনুষ্যগণ এই ত্রিবিধ জীবের সহিত এই জগৎ স্বভাবে অবস্থিত রহিয়াছে। জীবমাত্রের প্রবৃত্তি সংস্কারাধীন হইয়া থাকে, অতএব অন্তর্যামী দ্বারা কি হইবে ? যাহার যেমন স্বভাব, সে তেমনই করিবে ; তাহা কিছুতেই অন্যথা হইবার নহে ।১৬

জীবগণ কর্মদ্বারাই উত্তম অধম নানাবিধ কর্মানুরূপ দেহ লাভ করিয়া থাকে আবার কর্ম-দ্বারাই তাহা ত্যাগ করে। কর্মই জীবের শত্রু,

বর্ত্তেত ব্রহ্মণা বিপ্রো রাজন্যো রক্ষয়া ভুবঃ।
বৈশ্যস্তু বার্ত্তয়া জীবেচ্ছূদ্রস্তু দ্বিজসেবয়া ॥২০
কৃষিবাণিজ্যগোরক্ষাকুসীদং তুর্য্যমুচ্যতে।
বার্ত্তা চতুর্ব্বিধা তত্র বয়ং গোবৃত্তয়োঽনিশম্ ॥২১

সত্ত্বং রজস্তম ইতি স্থিত্যুৎপত্ত্যন্তহেতবঃ।
রজসোৎপদ্যতে বিশ্বমন্যোন্যং বিবিধং জগৎ ॥২২
রজসা চোদিতা মেঘা বর্ষন্ত্যম্বূনি সর্ব্বতঃ।
প্রজাস্তৈরেব সিধ্যন্তি মঘোনঃ কিং করিষ্যতি ॥২৩

বিপ্রঃ ব্রহ্মণা বেদাধ্যয়নাদিনা বর্ত্তেত জীবিকাং সম্পাদয়েৎ, রাজন্যঃ ভুবঃ রক্ষয়া, বৈশ্যস্তু বার্ত্তয়া কৃষ্যাদিনা, শূদ্রঃ তু দ্বিজসেবয়া জীবেৎ ॥২০

কৃষিবাণিজ্যগোরক্ষাকুসীদম্ (কুসীদং বৃদ্ধিজীবনম্) এবং তুর্য্যং চতুর্ব্বিধা বার্ত্তা উচ্যতে। তত্র তাসু অনিশং সর্ব্বদৈব বয়ং গোবৃত্তয়ঃ (গোপালনম্ এব ... বেষাং তে) ॥২১

সত্ত্বং রজঃ তমঃ ইতি (ত্রয়ঃ গুণাঃ এব) স্থিত্যুৎপত্ত্যন্তহেতবঃ, তত্র রজসা জগৎ আত্মোন্নতি পরস্পরসম্বন্ধেন বিবিধং বিধং জগৎ উৎপদ্যতে ॥২২

রজসা চোদিতা মেঘাঃ সর্ব্বতঃ সর্ব্বত্র নদীপর্ব্বতাদিষু অম্বূনি বর্ষন্তি, তৈঃ অন্নাদিভিঃ এব প্রজাঃ সিধ্যন্তি (আপ্যায়িতাঃ সম্পদ্যন্তে ভবন্তি); এবং সতি মঘোনঃ ইন্দ্রস্য কিং করিষ্যতি ॥২৩

মিত্র ও উদাসীন (মধ্যস্থ); যেহেতু এক জীবেরই কখন শত্রু, কখন মিত্র ও কখন উদাসীনতার দর্শন হইয়া থাকে। কর্ম্মই সকলের গুরু, কারণ শুভাশুভ ভিন্ন গুরুসেবা প্রাপ্ত হইতে পারে না, অতএব উপদেশ প্রাপ্ত হইলেই তৎফলাদি সিদ্ধি হয়। কর্ম্মই ঈশ্বর অর্থাৎ ঈশ্বরেরও কর্ম্মাধীনত্বহেতু কর্ম্মেরই তাদৃশ শক্তি স্বীকার করিতে হইবে।১৭

যেহেতু কর্ম্মই গুরু, কর্ম্মই ঈশ্বর; সুতরাং স্বভাবতঃ (ব্রাহ্মণাদিবর্ণত্ব) হইয়া স্ব স্ব বিহিত কর্ম্মকারী ব্যক্তি কর্ম্মকেই সম্মান না করিলে বলিবার অন্য দেবতার সম্মানে প্রয়োজন নাই; যেহেতু যে যাহার দ্বারা সুখে জীবিত থাকে, সেই তাহার দেবতা অর্থাৎ মান্য।১৮

যে ব্যক্তি এক প্রকার ভাব অবলম্বনপূর্ব্বক অসতী নারীর উপপতিসেবার ন্যায় অন্য ভাব সেবা করে, তাহার ঐভাব হইতে কখনই মঙ্গল হয় না অর্থাৎ যে ব্যক্তি জীবিকা-সাধনার্থ এক দেবতার আরাধনা করিয়া অতৃপ্তিবশতঃ অন্য দেব অবতার সেবা করে, সে ব্যক্তি অসতী নারী যেরূপ পতিপরিত্যাগ করিয়া উপপতির প্রতি আসক্তা হইয়াও সুখ পায় না, তদ্রূপ অন্য দেবতাসেবীও সেই দেবতা হইতে সুখ পায় না। ফলতঃ তাহার উত্তর মিলে বিনষ্ট হয়।১৯

অতএব ব্রাহ্মণগণ বেদ অধ্যয়ন ও অধ্যাপনা দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবে, সুতরাং বেদশাস্ত্রই ইহার দেবতা। ক্ষত্রিয়সকল প্রজাপালনরূপ পৃথিবী রক্ষা দ্বারা, বৈশ্যগণ (কৃষিবাণিজ্যাদি দ্বারা) দ্বিজ অর্থাৎ ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য—এই তিন বর্ণের সেবা দ্বারা সুদ্রগণ জীবিকা নির্ব্বাহ করিবে।২০

বৈশ্যগণের কৃষি, বাণিজ্য, গোরক্ষা ও কুসীদ (সুদ গ্রহণে অর্থ বৃদ্ধি করা) এই চারিপ্রকার বৃত্তি কথিত হইয়াছে; তন্মধ্যে আমাদিগের সর্ব্বদাই গোপালন বৃত্তি; কখনও কোনও আপৎকালেও কৃষি-বাণিজ্যাদি আমরা করি না; অতএব গোধনই আমাদিগের দেবতাহেতু পূজ্য।২১

সত্ত্ব রজঃ তমঃ এই ত্রিবিধ গুণই—এই জগতের সৃষ্টি, স্থিতি, প্রলয়ের ত্রিবিধ হেতু। তন্মধ্যে রজোগুণ দ্বারাই স্ত্রী-পুরুষাদি যোগে পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মানুসারে বিবিধ জগৎ উৎপন্ন হইতেছে।২২

রজোগুণ দ্বারা মেঘসমূহ চালিত হইয়া সমুদ্র, পর্ব্বত, শিলা উষরাদি সর্ব্বত্র স্থলে বারিবর্ষণ করিয়া থাকে। প্রজাগণ ঐ মেঘ দ্বারাই জীবিত থাকে অর্থাৎ মেঘবর্ষণ-জলে শস্যাদি পুষ্ট হয়, তাহাতে জীবগণ জীবন রক্ষা করে, সুতরাং রজো-

ন নঃ পুরো জনপদা ন গ্রামা ন গৃহা বয়ম্।
বনৌকসস্তাত নিত্যং বনশৈলনিবাসিনঃ ॥২৪

তস্মাদ্ গবাং ব্রাহ্মণানামস্মদ্রেশ্চারভ্যতাং মখঃ।
য ইন্দ্রযাগসম্ভারৈস্তেন্দ্রঃ প্রীয়তাং মখঃ ॥২৫

পচ্যন্তাং বিবিধাঃ পাকাঃ সূপান্তাঃ পায়সাদয়ঃ।
সংযাবাপূপশষ্কুল্যঃ সর্ব্বদোহশ্চ গৃহ্যতাম্ ॥২৬

হূয়ন্তামগ্নয়ঃ সম্যগ্ ব্রাহ্মণৈর্ব্রহ্মবাদিভিঃ।
অন্নং বহুগুণং তেভ্যো দেয়ং বো বেণুদক্ষিণাঃ ॥২৭
অন্ধেভ্যশ্চাবচাণ্ডাল-পতিতেভ্যো যথার্হতঃ।
যবসঞ্চ গবাং দত্বা গিরয়ে দীয়তাং বলিঃ ॥২৮
স্বলঙ্কৃতা ভুক্তবন্তঃ সুমনস্যুপিতাঃ সুখাসনঃ।
প্রদক্ষিণঞ্চ কুরুত গোবিপ্রানলপর্ব্বতান্ ॥২৯
এতন্মম মতং তাত ক্রিয়তাং যদি রোচতে।
অয়ং গোব্রাহ্মণাত্মানাং মহ্যঞ্চ দয়িতো মখঃ ॥৩০

তথা হে তাত বয়ং। নঃ অস্মাকং পুরঃ জনপদাঃ গ্রামাঃ গৃহাঃ ন সন্তি, বয়ং বনৌকসঃ নিত্যং বনশৈলনিবাসিনঃ এব ॥২৪

(বয়ং ইন্দ্রেণ ন ভীতাঃ) তস্মাৎ (জীবনহেতুনা) গবাং (প্রত্যক্ষকৃতজ্ঞানাং) ব্রাহ্মণানাম্ (কল্পবৃক্ষকল্পত্বেনাভিমতানাং) অস্মদ্রেঃ গোবর্দ্ধনস্য মখঃ আরভ্যতাম্, যে ইন্দ্রযজনসম্ভারাঃ তৈঃ এব মখঃ সাধ্যতাম্ ॥২৫

সূপান্তাঃ পায়সাদয়ঃ বিবিধাঃ পাকাঃ পচ্যন্তাং, সংযাবাঃ অপূপশষ্কুল্যঃ সর্ব্বদোহশ্চ ঘৃতবর্ষাদিঃ চ গৃহ্যতাম্ ॥২৬

ব্রহ্মবাদিভিঃ বেদজ্ঞৈঃ ব্রাহ্মণৈঃ অগ্নয়ঃ (আহবনীয়াদয়ঃ) সম্যক্ হূয়ন্তাং, যং দৃষ্টাভিঃ তেভ্যঃ ব্রাহ্মণেভ্যঃ বহুগুণং যজ্ঞ-ফলোপেতম্ অন্নং দেয়ং, বেণুদক্ষিণাঃ চ দেয়াঃ, অন্যেভ্যশ্চ আবচাণ্ডালপতিতেভ্যঃ (যাচ্যাচণ্ডালপতিতান্ অভিব্যাপ্য সর্ব্বেভ্যঃ) যথার্হতঃ যথাযোগ্যম্ অন্নং দেয়ং, তথা গবাং যবসং তৃণং দত্বা গিরয়ে গোবর্দ্ধনায় বলিঃ নৈবেদ্যং পক্কান্নাদিকং দীয়তাম্ তথা যূয়ং স্বলঙ্কৃতাঃ কৃতবেষাঃ সুমনস্যুপিতাঃ সুখাসনঃ সন্তঃ গোবিপ্রানলপর্ব্বতান্ প্রদক্ষিণং চ কুরুত। হে তাত! মম এতৎ মতং যদি তবতাং রোচতে, তর্হি ক্রিয়তাম্, গোব্রাহ্মণাত্মনাং অয়ং মখঃ মম চ দয়িতঃ প্রিয়ঃ ॥২৭-৩০

ওরই এবিষয়ে কর্তা। দেবরাজ ইন্দ্র কি করিবে? সেই ইন্দ্র কোন উপকার বা কোন অপকার করিতে পারিবে না।২৩

হে পিতঃ! আমাদিগের পুর, দেশ, গ্রাম ও গৃহ পর্য্যন্ত নাই, আমরা বনবাসী, বনে ও পর্ব্বতাদিতেই বাস করিয়া থাকি; অতএব বন ও পর্ব্বতাদি মাত্র আমাদিগের যোগক্ষেম-হেতু।২৪

অতএব আমাদিগের জীবিকার প্রধান উপায় স্বরূপ গাভীগণ, ব্রাহ্মণগণ ও তৃণ-জলাদি দ্বারা পরোপকারী শ্রীগোবর্দ্ধন পর্ব্বত; সুতরাং তাঁহাদিগের পূজা বা যাগ আরম্ভ করুন। ইন্দ্র-যজ্ঞার্থ যে সমস্ত দ্রব্য সংগৃহীত হইয়াছে, তদ্দ্বারাই এই যজ্ঞ সম্পন্ন হউক।২৫

পায়সাদি সূপান্ত (ব্যঞ্জনান্ত) অন্ন, জলপক্ক, তৈল, ঘৃত, দুগ্ধ ও দধি প্রভৃতি দ্বারা বিবিধ প্রকার পাক হউক এবং গোধূমাদির বিকার সংযাব, পিষ্টক ও শষ্কুলী প্রস্তুত হউক; আর সমস্ত ব্রজবাসীদিগের গাভীপ্রভৃতির দুগ্ধ-দধিসমূহ গ্রহণ করা হউক।২৬

বেদাভ্যাসরত ব্রাহ্মণগণ অগ্নিতে সম্যক্ প্রকারে হোম করুন, আপনারা তাঁহাদিগকে বহুগুণসহিত অন্ন এবং বেণুসহিত দক্ষিণা কিংবা বেণুই দক্ষিণা প্রদান করুন।২৭

বিপ্র, বৈতন্ত, হীন ও যাচক, এমন কি কুকুর চণ্ডাল ও পতিত প্রভৃতি প্রাণিসকলকে যথাযোগ্য অন্নাদি প্রদান করা হউক এবং গোসকলকে তৃণ প্রদান করিয়া শ্রীগোবর্দ্ধনকে গন্ধ-পুষ্পাদি বিবিধ উপচার সমর্পণ করুন।২৮

শ্রীশুক উবাচ।

কালাত্মনা ভগবতা শক্রদর্পং জিঘাংসতা।
প্রোক্তং নিশম্য নন্দাদ্যাঃ সাধ্বগৃহ্নন্ত তদ্বচঃ ॥৩১
তথা চ ব্যদধুঃ সর্ব্বং যথাহ মধুসূদনঃ।
বাচয়িত্বা স্বস্ত্যয়নং তদ্ভেণ্যো গিরিবিজান্ ॥৩২
উপহৃত্য বলীন্ সর্ব্বানাদৃতা যবসং গবাম্।
গোধনানি পুরস্কৃত্য গিরিং চক্রুঃ প্রদক্ষিণম্ ॥৩৩
অনাঃস্বনড়ুদ্যুক্তানি তে চারুহ্য স্বলঙ্কৃতাঃ।
গোপাশ্চ কৃষ্ণবীর্য্যাণি গায়ন্ত্যঃ সদ্বিজাশিষঃ ॥৩৪

কৃষ্ণস্তুতত্বং রূপং গোপবিস্ময়কৃদ্ গতঃ।
শৈলোঽস্মীতি ব্রুবন্ ভূরিবিলাসাদ্ দুরুহাত্মপুঃ ॥৩৫

তস্মৈ নমো ব্রজজনৈঃ সহ চক্রেঽন্নাদ্যবে।
অহো পশ্যত শৈলোঽসৌ রূপী নোঽনুগ্রহং
ব্যধাৎ ॥৩৬
এষোঽবজানতো মর্ত্ত্যান্ কামরূপী বনৌকসঃ।
হন্তি হ্যস্মৈ নমস্যামঃ শর্ম্মণে আত্মনো গবাম্ ॥৩৭

শ্রীশুকঃ উবাচ। শক্রদর্পজিঘাংসতা ঈশ্বরেণ প্রেরিতস্য কালাত্মনা ভগবতা কৃষ্ণেন প্রোক্তং ব্রহ্মণ নিশম্য শ্রুত্বা নন্দাদ্যাঃ সাধু (সাদরং যথা ভবতি তথা) তদ্বচঃ অগৃহ্নন্ত অঙ্গীকৃতবন্তঃ, তথা মধুসূদনঃ যৎ আহ, তৎ সর্ব্বং তথা ব্যদধুঃ কৃতবন্তঃ। ব্রাহ্মণৈঃ স্বস্তয়নং (পুণ্যাহং) বাচয়িত্বা তদ্ভণ্যেভ্য ঈশ্বরার্থনিষ্পাদিত-পদার্থেভ্যো গিরিবিদ্ভ্যঃ (গ্রন্থি) ঘদ্যপি নৈবেদ্যাদি তথা তথাপি যবসং চ উপহৃত্য সমর্প্য সম্যক্ আদৃতাঃ আদরযুক্তাঃ সন্বিজাশিষঃ সদ্ব্রাহ্মণাশীর্ব্বাদাঃ যে বলাস্তান্ গোপাঃ কৃষ্ণ-বীর্য্যাণি গায়ন্তঃ স্বলঙ্কৃতাঃ গোপ্যঃ চ গোধনানি পুরস্কৃত্য অগ্রে কৃত্বা অবস্থিতাঃ অনাঃসু শকটেষু আরুহ্য গিরিং প্রদক্ষিণং চক্রুঃ ॥৩১-৩৪

কৃষ্ণঃ তু গোপবিস্ময়কৃদ্ (গোপানাং বিস্ময়করং গোবর্দ্ধনং শৈলস্বরূপধারণাৎ) অত্যদ্ভুতং রূপান্তরং গতঃ প্রাপ্তঃ, (অতএব) দুরুহাত্মপুঃ সন্ (গিরেঃ মূর্দ্ধি স্থিতঃ) বৈপুঃ (শৈলাভিমানী সেবঃ) অস্মি ইতি ব্রুবন্ (গোপাঃ শৃণিতঃ) বলিং ভূরি প্রভূতং অন্নাদ্যং অভক্ষয়ৎ ॥৩৫

অন্বয়। (আনন্দাদ্য) পশ্যত; অসৌ শৈলঃ রূপী প্রত্যক্ষ-রূপঃ সন্ নঃ অস্মান্ প্রতি অনুগ্রহং ব্যধাৎ। এষঃ গিরিঃ কামরূপী যথেষ্টরূপগ্রহণসমর্থঃ অবজানতঃ অবজ্ঞাং কুর্ব্বাণান্ বনৌকসঃ মর্ত্ত্যান্ মনুষ্যান্ (গিরি-ব্যাঘ্র-সর্পাদিভক্ষণেন) হন্তি; যি (যস্মাদেবং তস্মাৎ) আত্মনঃ গবাং চ শর্ম্মণে ক্ষেমায় অস্মৈ গোবর্দ্ধনদেবায় নমস্যামঃ (ইতি যদ্বৎ) ব্রজজনৈঃ সহ (শ্রীকৃষ্ণঃ) আত্মনা স্বয়মেব তস্মৈ গৃহীতাভিনবরূপায় আত্মনে নমস্কৃতে ইতি যদ্বোক্তবান্। আত্মনে ইত্যাত্মবাদোপ আর্ষঃ ॥৩৬-৩৭

আপনারা ভোজন-কার্য্য সমাধানান্তে উত্তমরূপে অলঙ্কৃত ও শোভন বসনে বিভূষিত এবং চন্দনাদি দ্বারা অনুলিপ্ত হইয়া গো, ব্রাহ্মণ, অগ্নি, পর্ব্বত এই সকলকে প্রদক্ষিণ করুন ।২৯

যে পিতঃ! আমার এই অভিমত যদি আপনাদের ইচ্ছা হয়, তাহা হইলে এই প্রকার সমাধান করুন। এই মহৎ যজ্ঞ গো, বিপ্র, গোবর্দ্ধনও আমার প্রিয় কিংবা এই গো, ব্রাহ্মণ ও পর্ব্বতের পূজাই আমার প্রিয় জানিবেন ।৩০

শ্রীশুকদেব গোপালী বলিলেন—হে রাজন্! ইন্দ্রের দর্প চূর্ণ করিবার বাসনায় কাল-প্রবর্ত্তক শ্রীভগবান্ শ্রীকৃষ্ণ যাহা বলিলেন, তাহা শ্রবণ করিয়া শ্রীনন্দপ্রভৃতি গোপগণ সেই শ্রীকৃষ্ণের বাক্য উত্তম বলিয়া অঙ্গীকার করিলেন ।৩১

মধুসূদন শ্রীকৃষ্ণ যাহা যাহা বলিলেন, শ্রীনন্দ প্রভৃতি গোপগণ তদনুসারে সেই সমস্ত বিধান পূর্ব্বক সমাধান করিলেন এবং ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিবাচন করাইয়া সেই ইন্দ্রযাগ জন্য যে সকল দ্রব্য আয়োজন হইয়াছিল, তদ্দ্বারা গোবর্দ্ধন ও ব্রাহ্মণ-দিগকে নৈবেদ্যাদি প্রদান এবং গাভী-সকলকে যব তৃণ প্রদান করিয়া পরমাদরে গাভীগণকে অগ্রে লইয়া শ্রীগোবর্দ্ধন প্রদক্ষিণ করিতে লাগিলেন ।৩২-৩৩

তখন শ্রীনন্দপ্রভৃতি গোপগণ বৃষযুক্ত শকট-সমূহে আরোহণ করিয়া এবং নানাবিধ অলঙ্কারে

ইত্যাদ্রিগোদ্বিজমখং বাসুদেবপ্রণোদিতাঃ।
যযা বিধায় তে গোপাঃ সহকৃষ্ণা ব্রজং যযুঃ ॥৩৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥২৪॥

ইতি এবং বাসুদেবপ্রোদিতাঃ (কৃষ্ণেন প্রেরিতাঃ)
তে গোপাঃ অদ্রিগোদ্বিজমখং যথা যথান্যং বিধায় সহকৃষ্ণাঃ

কৃষ্ণেন সহিতাঃ ব্রজং যযুঃ গতাঃ ॥৩৮
ইতি শ্রীমদ্ভাগবতব্যাখ্যায়াং কৃষ্ণানন্দে দশমে ষষ্ঠে চতুর্বিংশোঽধ্যায়ঃ॥

সুশোভিত গোপীগণ ও ব্রাহ্মণদিগের আশীর্ব্বাদ লাভ করিয়া শকটসমূহে আরোহণপূর্ব্বক শ্রীকৃষ্ণের গোবর্দ্ধন যজ্ঞ-প্রবর্ত্তকপ্রকৃতি লীলা গান করিতে করিতে গোবর্দ্ধন পর্ব্বত অতিক্রম করিতে লাগিলেন।৩৪

"অচেতন পর্ব্বত কি প্রকারে পূজোপকরণ গ্রহণ করিবে আর সেই পর্ব্বত আমাদিগকে কি প্রকারে অনুগ্রহ করিবে" নন্দাদির এই আশঙ্কা অপনোদন-পূর্ব্বক শ্রীকৃষ্ণ গোপদিগের বিশ্বাসজনক অদ্ভুতরূপ অর্থাৎ গোবর্দ্ধনপর্ব্বতোপরি দ্বিতীয় পর্ব্বতের ন্যায় বৃহদ্বপু ধারণপূর্ব্বক "আমি পর্ব্বত, আমিই এতদ্ভক্ষণাদিপতি হইয়াছি, তোমাদিগের ভক্তি দ্বারা প্রসন্ন হইয়া অদ্য প্রাদুর্ভূত হইলাম, অতএব তোমরা স্ব স্ব অভিমত বর গ্রহণ কর" এই বলিতে বলিতে দূরস্থ, নিকটস্থ কিংবা ধ্যান দ্বারা অর্পামাণ নৈবেদ্যগুলি সহস্রকোটি হস্তে তত্তৎ-স্থল হইতে অতি দীর্ঘ ও ক্ষুদ্র হস্তসমূহ দ্বারা গ্রহণপূর্ব্বক আনন্দসহকারে ভোজন করিতে লাগিলেন।৩৫

কি আশ্চর্য্য! দেখ, এই পর্ব্বত সাক্ষাৎ প্রত্যক্ষ হইয়া আমাদিগকে অনুগ্রহ করিয়াছেন। এই কামরূপী স্বেচ্ছানুসারে যথেপ্সিত সর্ব্বাদিরূপ ধারণে সমর্থ গিরিরাজ আপনাকে অবজ্ঞাকারী বনবাসী মনুষ্যসকলকে সিংহ-ব্যাঘ্রাদিরূপে বিনাশ করিয়া থাকেন; অতএব আমরা আমাদিগের ও গাভীগণের মঙ্গলার্থ এই শ্রীগিরিরাজ গোবর্দ্ধনকে প্রণাম করি, এই বলিয়া ব্রজবাসিদিগের সহিত মিলিত হইয়া শ্রীকৃষ্ণ স্বয়ংই দেহ দ্বারা সেই অদ্ভুতম নিজ রূপকেই প্রণাম করিলেন।৩৬-৩৭

যাঁহাতে লোকসৃষ্টি (অর্থাৎ দেবতা মনুষ্য-প্রভৃতির বিষয়ে নানাবিধ কল্পনাকারিণী মায়া) ব্রহ্মণে (প্রতিনিয়তনিদ্যায়) পরমাত্মনে (বৃত্তিনিদ্যায়) তুভ্যং (প্রত্যক্ষপ্রমাণনিদ্যায়) নমঃ ॥৬

মূঢ়েন মূর্খেন, অকার্য্যবেদিনা কর্ত্তব্যজ্ঞানরহিতেন অজানতা (স্বপ্রজ্ঞাবাবহিতেন) মামকেন মদ্ভৃত্যেন অয়ং তব পিতা আনীতঃ, তৎ তস্মাৎ হে প্রভো! ময়পরাধং ক্ষন্তুম্ অর্হসি ॥৭

হে পিতৃবৎসল! গোবিন্দ এষ তে পিতা; ত্বয়া নীয়তাম্। হে আপন্নযুক্! সর্ব্বসাক্ষিন্ কৃষ্ণ। ময়াপি অনুগ্রহং কর্ত্তুম্ অর্হসি ॥৮

অবস্থান করিতে পারে না, সেই ব্রহ্ম (পরিপূর্ণ) পরমাত্মা (সর্ব্বজীবনিয়ন্তা) ভগবান্ আপনাকে নমস্কার ॥৬

(অতএব আমার মহাপরাধ হইলেও আপনি তাহা ক্ষমা করিতে যোগ্যই হইয়াছেন) হে প্রভো! কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনাশূন্য মূর্খ (ভগবদ্ভক্তিহীন) আমার ভৃত্য, "আপনার পিতা" ইহা না জানিয়া (কিংবা যাদৃশী অজ্ঞের অজ্ঞপোদ্যের পূর্ব্বেই জলে প্রবেশ করিবে" এই ভক্তিশাস্ত্র না জানিয়া এই আপনার পিতাকে আনয়ন করিয়াছে অতএব আপনার পিতার হরণ করায় যে অপরাধ হইয়াছে তাহা ক্ষমা করিতে আজ্ঞা হয় ॥৭

অনন্তর তখনই সেই পুত্রে আনয়নপূর্ব্বক শ্রীনন্দ মহারাজকে দেখাইয়া বলিলেন—হে পিতৃ-বৎসল! গোবিন্দ! হে সর্ব্বসাক্ষিন্ কৃষ্ণ! এই আপনার পিতাকে গ্রহণ করুন ॥৮

শ্রীশুক উবাচ।

এবং প্রসাদিতঃ কৃষ্ণো ভগবানীশ্বরেশ্বরঃ।
আদায়াগাৎ স্বপিতরৌ বন্ধূনামাবহন্ মুদম্ ॥৯
নন্দস্তু তীন্দ্রিয়ং দৃষ্ট্বা লোকপালমহোদয়ম্।
কৃষ্ণে চ সন্নতিং তেষাং
জ্ঞাতিভ্যো বিস্মিতোঽব্রবীৎ ॥১০
তে বৌৎসুক্যধিয়ো রাজন্ শ্রুত্বা গোপাস্তমীশ্বরম্।
অপি নঃ স্বগতিং সূক্ষ্মামুপাধাস্যদধীশ্বরঃ ॥১১

শ্রীশুকঃ উবাচ। এবং বসুদেবেন প্রসাদিতঃ প্রসাদিতবান্ অখিলেশ্বরঃ ভগবান্ কৃষ্ণঃ স্বপিতরম্ আবাস বন্ধূনাং মুদং চ আবহন্ (ব্রজম্) অগাৎ ॥৯

নন্দঃ তু অতীন্দ্রিয়ম্ অদৃষ্টপূর্বং লোকপালমহোদয়ং (লোকপালস্য বরুণস্য মহোদয়ম্ ঐশ্বর্যং) দৃষ্ট্বা তথা তেষাং বসুদেবাদীনাং কৃষ্ণে সন্নতিং কৃতজ্ঞতাং চ দৃষ্ট্বা বিস্মিতঃ সন্ জ্ঞাতিভ্যঃ উপনন্দাদিভ্যঃ অব্রবীৎ ॥১০

অতঃ হে রাজন্! তে তু গোপাঃ ঈশ্বরং তম্ব (ভগবদ্বসুদেবাদ্যাঃ ঔৎসুক্যাধিয়ঃ সন্তঃ শ্রুত্বা অধীশ্বরঃ অপি কিং নঃ স্বাম্ অদৃষ্টপূর্বাং স্বগতিং পরিবৃঢ়ির্ বঃ অস্মান্ উপাধাস্যৎ দর্শয়িষ্যতি ইতি মনোরথা কৃতবন্তঃ ॥১১

ইতি স্বানাং স ভগবান্ বিজ্ঞায়াখিলদৃক্ স্বয়ম্।
সঙ্কল্পসিদ্ধয়ে তেষাং কৃপয়ৈতদচিন্তয়ৎ ॥১২
জনো বৈ লোক এতস্মিন্নবিদ্যাকামকর্মভিঃ।
উচ্চাবচাসু গতিষু ন বেদ স্বাং গতিং ভ্রমন্ ॥১৩
ইতি সঞ্চিন্ত্য ভগবান্ মহাকারুণিকো হরিঃ।
দর্শয়ামাস লোকং স্বং গোপানাং তমসঃ পরম্ ॥১৪
সত্যং জ্ঞানমনন্তং যদ্ ব্রহ্ম জ্যোতিঃ সনাতনম্।

ইতি এবং স্বানাং স্বজনানাম্ (অভিপ্রায়ং) বরং বিজ্ঞায় সঃ অখিলদৃক্ সর্বসাক্ষী ভগবান্ তেষাং সংকল্পসিদ্ধয়ে মনোরথপূরণায় কৃপয়া এবং এতৎ বক্ষ্যমাণম্ অচিন্তয়ৎ ॥১২

এতস্মিন্ লোকে সংসারে, জনঃ অবিদ্যাকামকর্মভিঃ (অবিদ্যা বস্তুপাজ্ঞানং, তত্তঃ কামঃ পশ্বাদিবিষয়ভোগাভিলাষঃ তত্তঃ প্রাপ্তস্য কর্মণো বৈঃ) বৈ নিশ্চয়ে, উচ্চাবচাসু উৎকৃষ্টাপকৃষ্টাসু, গতিষু দেব-তির্যক্-মনুষ্যাদিযোনিষু ভ্রমন্ সন্ স্বাং গতিং স্বস্বরূপার্থকৃতং মংস্বরূপং ন বেদ জানাতি ॥১৩

ইতি এবং সঞ্চিন্ত্য মহাকারুণিকঃ ভগবান্ বিষ্ণুঃ সর্বসর্বগঃ হরিঃ আত্রিজনস্বরূপমবলোকনীয়ঃ (শ্রীকৃষ্ণঃ) গোপানাং তমসঃ পরং প্রাকৃতপ্রাকৃতজাতীতং স্বং স্বরূপং লোকং বৈকুণ্ঠাখ্যং দর্শয়ামাস ॥১৪

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! এই প্রকার ব্যবহার, বাক্য ও ব্যবসায় দ্বারা বসুদেব কর্তৃক প্রসাদিত হইয়া অখিলেশ্বর (জীবমাত্রের প্রবর্ত্তক) ভগবান্ শ্রীকৃষ্ণ স্ব-পিতা শ্রীনন্দকে লইয়া ব্রজবাসীদিগের সন্তোষোৎপাদন পূর্ব্বক সূর্য্যোদয়ের পূর্ব্বেই ব্রজে উপস্থিত হইলেন ॥৯

শ্রীনন্দ মহারাজ ইন্দ্রিয়াতিচরের চমৎকারকারী কিংবা অদৃষ্টপূর্ব্ব শ্রীবরুণদেবের ঐশ্বর্য্য এবং বরুণাদি লোকবাসিগণের শ্রীকৃষ্ণের প্রতি নম্রতা অবলোকন পূর্ব্বক বিস্মিত হইয়া সেই সমস্ত বৃত্তান্ত উপনন্দাদি জ্ঞাতিসকলের সমীপে বলিলেন ॥১০

সেই গোপগণ জ্ঞানশূন্য নিত্য পবিত্র হইলেও বাৎসল্য প্রেমাধিক্যবশতঃ আমরা শ্রীকৃষ্ণের বান্ধব গোপজাতি বলিয়া মনে অভিমান করিয়া থাকেন, সুতরাং এক্ষণে তাঁহারা শ্রীকৃষ্ণকে ঈশ্বর মনে করিয়া ঔৎসুক্যচিত্তে "অর্থাৎ লোকপালসকলের তাদৃশ লোকাদি বৈভব রহিয়াছে, আর আমাদিগেরও অধীশ্বর এই শ্রীকৃষ্ণের না জানি কীদৃশ বৈভব রহিয়াছে" ইত্যাদি বিষয়ে উৎকণ্ঠিত চিত্ত হইয়া এই অধীশ্বর শ্রীকৃষ্ণ আমাদিগকে যাবতীয় ব্রহ্মানন্দস্বরূপ কিংবা বৈকুণ্ঠপ্রাপ্তিরূপ স্বধাম দেখাইবে কি? কিংবা প্রাপ্ত করাইবে কি? এইরূপ সঙ্কল্প করিতে লাগিলেন ॥১১

অখিলদর্শী সেই শ্রীভগবান্ জ্ঞাতিগণের এবম্ভূত সকল সঙ্কল্প দ্বারাই অবগত হইয়া সেই জ্ঞাতিবর্গের

যদ্ভি পশ্যন্তি মুনয়ো গুণাপায়ে সমাহিতাঃ ॥১৫
তে তু ব্রহ্মহ্রদং নীতা যথাঃ কৃষ্ণেন চোদ্ধৃতাঃ।
দদৃশুর্ব্রহ্মণো লোকং যত্রাক্রূরোঽথ্যগাৎ পুরা ॥১৬
নন্দাদয়স্তু তং দৃষ্ট্বা পরমানন্দনির্বৃতাঃ।
কৃষ্ণঞ্চ তত্র চন্দ্রোক্তি স্তূয়মানং সুবিস্মিতাঃ ॥১৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥১৮॥

(তং যত্তমাৎ হি) সন্তঃ পরমার্থভূতাঃ, জ্ঞানং চৈতন্যস্বরূপম্, অবস্তু দেশকালপরিচ্ছেদ-রহিতং, সনাতনং পরংনিত্যং, জ্যোতিঃ স্বপ্রকাশং, যৎ (যেনপ্রকাশং) ব্রহ্ম তথাপায়ে (তথাভাবম্ অপায়ে নিবারণে সতি) সমাহিতাঃ সাধনাদ্বারা যমনিয়মাদ্যাভিঃ যৎ ব্রহ্মস্বরূপং হি পশ্যন্তি (ৎ স্বরূপং দর্শনদ্বারা ইতি পূর্ব্বান্বয়ঃ) ॥১৫

তে গোপাঃ যত্র যদুনন্দনঃ অক্রূরঃ অথাগাৎ বৈষ্ণবাখ্যিকং পুনঃ দৃষ্টবান্, তং ব্রহ্মহ্রদং নীতাঃ প্রাপিতাঃ, তস্মিন্ যত্রাঃ চ (পুনঃ) কৃষ্ণেন উদ্ধৃতাঃ সন্তঃ ব্রহ্মণঃ তথা তস্যৈব লোকং বৈষ্ণবাখ্যং দদৃশুঃ ॥১৬

নন্দাদয়ঃ গোপাঃ তু লোকং (তথা) লোকে চন্দ্রোক্তিঃ মূর্ত্তিমদ্ভির্বেদৈঃ কৃষ্ণং চ দৃষ্ট্বা পরমানন্দনির্বৃতাঃ (পরমানন্দেন নির্বৃতাঃ সন্তুষ্টাঃ) পুনঃ সুবিস্মিতাঃ চ বভূবুঃ ॥১৭

ইতি শ্রীবংশীধরনাথবাদ্যি-চক্রবর্ত্তিবিরচিতায়াং দশমস্য ষষ্ঠে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥

সঙ্কল্পসিদ্ধির নিমিত্ত কৃপাবলম্বনপূর্ব্বক বক্ষ্যমাণ বিষয় চিন্তা করিতে লাগিলেন ॥১২

মৎপিত্রাদি ব্রজবাসিগণ সম্প্রতি এই প্রাপঞ্চিক লোকে স্বীয় অবতার অঙ্গীকার করিয়া অবিদ্যা (আমার লীলাবৈশাতিরিক্ত অন্য বিষয় অনুসন্ধান) কাম (নববিষয়ক বিচিত্র মনোরথ) ও কর্ম্ম (মদীয় আনুকূল্যের ক্রিয়া) দ্বারা নানাবিধ প্রেমপ্রবাহবেগে অনাদিসিদ্ধ পরম গোলোকাদি বৈভবরূপা স্বীয় পতি বিষ্ণুর হইয়া তাহা জানিতে পারিতেছেন না ॥১৩

মহাকারুণিক বিভু ভগবান্ এই প্রকার চিন্তা করিয়া "অর্ব্বাগ্ ব্রজবাসীদিগকে ব্রহ্মসুখ ও বৈকুণ্ঠ-সুখ অনুভব করাইয়া নিত্যাস্পদ শ্রীকৃষ্ণাবণের যে সর্ব্বোৎকর্ষ তাহা জানাইব" এইরূপ বিচারপূর্ব্বক গোপদিগকে প্রকৃতির পর যে ব্রহ্মস্বরূপ এবং বৈকুণ্ঠলোক তাহা দর্শন করাইলেন ॥১৪

যদি বল প্রকৃতির পর অপর কি বস্তু আছে? এই আশঙ্কায় প্রকৃতির পর যে বস্তু আছে, তাহা সামান্যরূপে নিরূপণপূর্ব্বক বলিতেছি—

সমাধিনিষ্ঠ মুনিগণ—ত্রিগুণাত্মক প্রকৃতির সম্বন্ধ নিবৃত্তির পরে যাহা দর্শন করিয়া থাকেন সেই নিত্য (নির্বিকার), জ্ঞান (জড়ত্ব), অনন্ত (অপরিচ্ছিন্ন), জ্যোতিঃ (স্বপ্রকাশ), সনাতন যে ব্রহ্ম রহিয়াছেন, শ্রীকৃষ্ণ কৃপাবলম্বন পূর্ব্বক গোপদিগকে সেই প্রকৃতির অতীত ব্রহ্ম দেখাইলেন ॥১৫

শ্রীকৃষ্ণকর্ত্তৃক সেই ব্রজবাসিগণ ব্রহ্মরূপ হ্রদে নীত (স্বশক্তি প্রভাবে তত্তদনুসন্ধানপ্রাপ্তি) হইয়া তাহাতে মগ্ন হইলেন এবং পুনর্ব্বার তাঁহারা শ্রীকৃষ্ণ কর্ত্তৃক তদীয় অন্তর্য্যা-শক্তি প্রভাবে সেই ব্রহ্ম-সাযুজ্য হইতে উত্থাপিত হইয়া ব্রহ্মলোক-বৈকুণ্ঠ দর্শন করিয়াছিলেন (যদি বলা যায় ব্রহ্মে মগ্ন হইয়া পুনর্ব্বার তাহাদিগের ইহলোক দর্শন করা কিরূপে সম্ভব হইতে পারে? তদুত্তরে বলিতেছি) নিমিত্তস্বরূপ শ্রীকৃষ্ণের অনুগ্রহে অক্রূরও পূর্ব্বে ব্রহ্মলোক দর্শন করিয়াছিলেন সুতরাং শ্রীকৃষ্ণের ইচ্ছায় অসম্ভব কিছুই হইতে পারে না ॥১৬

শ্রীনন্দাদি গোপগণ সেই শ্রীকৃষ্ণলোক সম্যগ্দর্শন পূর্ব্বক অতীবসিদ্ধ পরমানন্দই লাভ করিলেন এবং তত্রস্থ মূর্ত্তিমান্ বেদসকল কর্ত্তৃক স্তূয়মান শ্রীকৃষ্ণকে দেখিয়া সুবিস্মিত হইলেন ॥১৭

শ্রীমন্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরক্ষকৃত অষ্টাবিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনত্রিংশঃ অধ্যায়ঃ।

[বংশীধ্বনি শ্রবণ করিয়া সমাগতা গোপীদিগের শ্রীকৃষ্ণের সহিত কথোপকথন, রাসলীলারম্ভ, তাঁহাদিগের মান অপনোদনের জন্য শ্রীভগবানের অন্তর্ধান।]

শ্রীশুক উবাচ।

ভগবানপি তা রাত্রীঃ শরদোৎফুল্লমল্লিকাঃ।
বীক্ষ্য রন্তুং মনশ্চক্রে যোগমায়ামুপাশ্রিতঃ ॥১

তদোডুরাজঃ ককুভঃ করৈর্মুখং
প্রাচ্যা বিলিম্পন্নরুণেন শন্তুভিঃ।
স চর্ষণীনামুদগাচ্ছুচো মৃজন্
প্রিয়ঃ প্রিয়ায়া ইব দীর্ঘদর্শনঃ ॥২

দৃষ্ট্বা কুমুদ্বন্তমখণ্ডমণ্ডলং
রমাননাভং নবকুঙ্কুমারুণম্।
বনঞ্চ তৎ কোমলগোভিরঞ্জিতং
জগৌ কলং বামদৃশাং মনোহরম্ ॥৩

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। (শুক ইত্যাদিবর্ণনপ্রসঙ্গেন রসবর্ণনস্য অত্যাশ্চর্য্যকরত্বং বক্তুং তাবৎ পূর্ব্বরাত্রীশরনমাহ ভগবানিতি) যোগমায়াং (কৃষ্ণস্য কার্য্যার্থং বিভাব্যে সা যোগা এবম্ভূতা যা মায়া অঘটনঘটনাপটীয়সী ঘটিতাপি শক্তিঃ তাম) উপাশ্রিতঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ অপি শরদোৎফুল্লমল্লিকাঃ (শরদা হেতুনা উৎফুল্লাঃ মল্লিকাঃ যাসু তাঃ) তাঃ রাত্রীঃ বীক্ষ্য রন্তুং মনশ্চক্রে ॥১

তদা তস্মিন্ এব কালে উডুরাজঃ নক্ষত্রাধিপতিঃ চন্দ্রঃ অরুণেন উদয়-রাগেণ প্রাচ্যাঃ ককুভঃ দিশঃ মুখং বিলিম্পন্ দীর্ঘদর্শনঃ (দীর্ঘেন কালেন দর্শনং যস্য তথোক্তাপতঃ) প্রিয়ঃ ভর্ত্তা যথা প্রিয়ায়াঃ (মুখং অরুণেন রাগান্বিতেন বিলিম্পন্) ইব

একোনত্রিংশ অধ্যায়।

[বংশীধ্বনি শ্রবণ করিয়া সমাগতা গোপীদিগের শ্রীকৃষ্ণের সহিত কথোপকথন, রাসলীলারম্ভ এবং তাঁহাদিগের মান অপনোদনের জন্য শ্রীভগবানের অন্তর্ধান।]

শ্রীশুকদেব বলিলেন—হে রাজন্! অনন্তর ব্রহ্মা, ইন্দ্র, অগ্নি ও বরুণপ্রভৃতির অহঙ্কার উপশমিত করিয়া, সর্ব্বজীবজয়ী কন্দর্পের নিদারুণ দর্প খর্ব্ব করিবার নিমিত্ত একত্রিংশ শতকোটি পূর্ণযৌবনা ও ভুবনমোহিনী রমণীগণের সহিত মিলিত হইয়া রাসাখ্য লাস্য (নৃত্য-গীতাদি) করিবার বাসনায় শ্রীকৃষ্ণ একদা স্বীয় অচিন্ত্য যোগবৈভব বিস্তার করিয়াছিলেন, তাহাই বলিতেছি-শ্রবণ কর—

অন্বয়ঃ

শরদোৎফুল্লমল্লিকাঃ (শরদা হেতুনা উৎফুল্লাঃ মল্লিকাঃ যাসু তাঃ) বীক্ষ্য (বিলোক্য) রন্তুং (রমণং কর্ত্তুং) মনশ্চক্রে (মনো দধার) যোগমায়াম্ (যোগমায়াং) উপাশ্রিতঃ (আশ্রিতবান্) ভগবান্ অপি তাঃ রাত্রীঃ (তাসু রাত্রিষু) রন্তুং মনশ্চক্রে ॥১

তদা (তস্মিন্ কালে) উডুরাজঃ (নক্ষত্রাধিপতিঃ) চন্দ্রঃ অরুণেন (রক্তবর্ণেন) প্রাচ্যাঃ ককুভঃ (দিশঃ) মুখং বিলিম্পন্ (রঞ্জয়ন্) প্রিয়ঃ (ভর্ত্তা) প্রিয়ায়াঃ (ভার্য্যায়াঃ) ইব দীর্ঘদর্শনঃ (দীর্ঘেন কালেন দর্শনং যস্য তথোক্তঃ) সঃ চর্ষণীনাং (মনুষ্যাণাং) শুচঃ (শোকান্) মৃজন্ (অপনয়ন্) উদগাৎ (উদিতো বভূব) ॥২

কুমুদ্বন্তম্ (কুমুদ্ বিকসনবীজং বিদ্যতে যস্য তৎ) অখণ্ডমণ্ডলং (অখণ্ডং সম্পূর্ণং মণ্ডলং যস্য তৎ) রমাননাভম্ (রমায়াঃ লক্ষ্ম্যাঃ আননবৎ ইব আভা যস্য তৎ) নবকুঙ্কুমারুণম্ (নবং-কুঙ্কুমবৎ অরুণা রক্তা যস্য) তৎ কোমলগোভিঃ রশ্মিভিঃ (তস্য কোমলৈঃ রশ্মিকাণৈঃ জ্যোতিঃ অভিঃ) রঞ্জিতং রঞ্জনীকৃতং) বনং চ দৃষ্ট্বা বামদৃশাং (বামা মনোহরা দৃক্ দৃষ্টিঃ যাসাং তাসাং) মনোহরম্ (মনসঃ আকর্ষণং যথা ভবতি তথা) কলং মধুরং জগৌ বেণুমাদং কৃতবান্ ॥৩

শ্রীব্রজসুন্দরীগণ—অনুরাগে চঞ্চলচিত্তা প্রযুক্ত পূর্ব্ব হইতেই এতাবৎ কাল পর্য্যন্ত শ্রীকৃষ্ণের সহিত বিহার করিবার নিমিত্ত বাসনা করিয়াছিলেন; কিন্তু শ্রীভগবান্ তাঁহাদিগের অনুরাগ হইলেও ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক সময় বিশেষ প্রতীক্ষা করিয়া এতদিন তাঁহাদিগের সহিত বিহার করেন নাই, সম্প্রতি শ্রীভগবান্ও সেই রাত্রিসকলকে শরৎহেতু বিকসিত মল্লিকাবিশিষ্ট সন্দর্শন পূর্ব্বক যোগমায়াকে উপাশ্রয় (সমীপে অবলম্বন পূর্ব্বক) ক্রীড়া করিবার নিমিত্ত বাসনা করিলেন অর্থাৎ এইক্ষণে এই লীলা সম্পাদন করিব বলিয়া নিশ্চয় করিলেন।১

যখন শ্রীকৃষ্ণ ক্রীড়া করিতে বাসনা করিলেন ঠিক সেই সময়েই নাথবান নক্ষত্রপতি চন্দ্র বহুকালগতে প্রবাসাগত প্রিয়ব্যক্তি যেমন স্বকরস্থিত অরুণ বর্ণ

নিশম্য গীতং তদনঙ্গবর্দ্ধনং
ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণগৃহীতমানসাঃ।
আজগ্মুরন্যোন্যমলক্ষিতোদ্যমাঃ
স যত্র কান্তো জবলোলকুণ্ডলাঃ ॥৪

দুহন্ত্যোঽভিযযুঃ কাশ্চিদ্দোহং হিত্বা সমুৎসুকাঃ।
পয়োঽধিশ্রিত্য সংযাবমনুদ্বাস্যাপরা যযুঃ ॥৫

অবনয়বর্দ্ধনং (অবনস্য ভাবস্য বর্দ্ধনম ইতীপসঃ) তৎপীড়ন বিনষ্যা ভ্রুত্বা কৃষ্ণগৃহীতমানসাঃ (কৃষ্ণেন গৃহীতানি আকৃষ্টানি মানসানি যেষাং স্ত্রিয়াস্তাভিত্রবর্দ্ধকানি মনাংসি যাসাং তাঃ অনিত্য অনাদরায়) অন্যোন্যমলক্ষিতোদ্যমাঃ (অন্যোন্যম্ অলক্ষিতঃ ন জ্ঞাতিতঃ উদ্যমঃ গমনোদ্যোগো যাভিঃ তাঃ) (ত্বরান্বিতত্বাৎ) জবলোলকুণ্ডলাঃ (জবেন বেগেন লোলানি চঞ্চলানি কুণ্ডলানি যাসাং তাঃ) স্ত্রিয়ঃ যত্র বনে সঃ কান্তঃ কমনীয়তয়া পতিদেব বাঞ্ছিতঃ কৃষ্ণঃ অভি তত্র আজগ্মুঃ ॥৪

কাশ্চিৎ সমুৎসুকাঃ দোগ্ধ্যঃ গাঃ দুহন্ত্যঃ দোহং হিত্বা অর্দ্ধদুগ্ধপূর্ণাঃ হিত্বা অভিযযুঃ কৃষ্ণাভিমুখং যযুঃ, তথা অন্যাঃ (দুহ্যাঃ পয়ঃ অধিশ্রিত্য (তাবৎ অগ্রতোক্ষমাণাঃ) যযুঃ,

পরিবেষয়ন্ত্যস্তদ্ধিত্বা পায়য়ন্ত্যঃ শিশূন্ পয়ঃ।
শুশ্রূষন্ত্যঃ পতীন্ কাশ্চিদশ্নন্ত্যোঽপাস্য ভোজনম্ ॥
৬
লিম্পন্ত্যঃ প্রমৃজন্ত্যোঽন্যা অঞ্জন্ত্যঃ কাশ্চ লোচনে।
ব্যত্যস্তবস্ত্রাভরণাঃ কাশ্চিৎ কৃষ্ণান্তিকং যযুঃ ॥৭

অন্যাঃ সংযাবম্ অনুদ্বাস্য যযুঃ ॥৪

কাশ্চিৎ তু পরিবেষয়ন্তঃ (পত্যাদীন্ ভোজনার্থম্ অন্নাদিন্ পাময়ন্ত্যঃ) তং পরিবেষনং হিত্বা তথা কাশ্চিৎ শিশূন্ পয়ঃ পায়য়ন্ত্যঃ ত্যক্ত্বা, তথা কাশ্চিৎ পতীন্ শুশ্রূষন্ত্যঃ সেবমানাঃ তাঃ শুশ্রূষাঃ হিত্বা, কাশ্চিৎ অশ্নন্ত্যঃ ভোজনং অপাস্য ত্যক্ত্বা অভিযযুঃ ॥৬

অন্যাস্তু লিম্পন্ত্যঃ (শরীরং ঽঙ্গরাগাদিনা লিম্পন্ত্যঃ হিত্বা), প্রমৃজন্ত্যঃ (অঙ্গোদ্বর্ত্তনাদিনা মৃজন্ত্যঃ ত্যক্ত্বা) কাশ্চ লোচনে অঞ্জন্ত্যঃ অঞ্জনং হিত্বা, ব্যত্যস্তবস্ত্রাভরণাঃ (ব্যত্যস্তানি ধারণতঃ পরণতঃ চ ঊর্দ্ধাধো ধারণেন বিপর্য্যস্তানি শ্রোণ্যাদি যস্মাদি আভরণানি যাসাং তাঃ) কাশ্চিৎ কৃষ্ণস্য অন্তিকং যযুঃ ॥৭

কুঙ্কুম দ্বারা স্ব-প্রিয়ার মুখমণ্ডল বিলিপ্ত করিয়া থাকে; উত্তপ্ত স্বীয় মুখমণ্ডল করদ্বয় (কিরণদ্বয়) অরুণোদয়রাগে পূর্ব্বদিকের মুখমণ্ডল বিলিপ্ত বা অলঙ্কৃত করিয়া লোকসকলের; এমন কি ওষধি-সমূহের পর্য্যন্ত রবিতাপ জন্য গ্লানি অথবা মনোদুঃখ নিবারণ পূর্ব্বক উদিত হইলেন ।২

নব কুঙ্কুম-পিণ্ডসদৃশ অরুণবর্ণ, রমাবদনের আভার ন্যায় আভাযুক্ত, ষোড়শ কলায় পরিপূর্ণ সেই কুমুদবান্ (কুমুদ বিকাসনশীল, কিংবা পৃথিবীর হর্ষোৎপাদনকারী) চন্দ্রকেও তদীয় কোমল কিরণে (প্রথমোদয়বশতঃ অল্পরাগ প্রকাশকারী কিরণ দ্বারা) সমস্ত বস্তু (রক্তিমকৃত কিংবা অনুরাগ বিষয়ীকৃত) অবলোকন করিয়া, শ্রীকৃষ্ণ (বংশীদ্বারা) মনোহরনয়না ভাববতী শ্রীব্রজসুন্দরীগণের মনোহর (মনোমুগ্ধকর) মধুর সঙ্গীত করিতে লাগিলেন ।৩

পূর্ব্ব হইতেই পরমাকর্ষক শ্রীকৃষ্ণ কর্তৃক আকৃষ্ট-হৃদয় কিংবা সন্তাবতঃ শ্রীকৃষ্ণে আবিষ্টচিত্ত ব্রজ-যুবতীগণ আনন্দবর্দ্ধন (শ্রীকৃষ্ণসংসক্তি-মন্দখোদীপক) সেই বেণুরব শ্রবণপূর্ব্বক পরস্পরের গমনোদ্যম বিজ্ঞাপিত না করিয়াই যেখানে সেই পরমযৌবন বেণু গায়ক কান্ত (স্বামী কিংবা নিজ মনোহর বা রমণ) বিরাজ করিতেছেন; দ্রুতগমনে মার্গে সেই পরম সুখময়স্থানে আগমন করিতে লাগিলেন। গমনের বেগবশতঃ কুণ্ডলসমূহ দোলিত হইতে লাগিল ।৪

কোন কোন ব্রজাঙ্গনাগণ ভ্রাতাপ্রভৃতি দ্বারা গাভি দোহন করাইতেছিলেন (তখন বেণুধ্বনি শ্রবণ মাত্রে) উৎকট উৎকণ্ঠাবতী বা গোদোহনের কাল বিলম্বসহনে অসমর্থা হইয়া সেই দোহন কিংবা দুগ্ধ পরিত্যাগ পূর্ব্বক গোদোহন স্থান হইতে (গৃহে-পুনর্ব্বার না আসিয়া তথা হইতে যথাবস্থিত বেশেই)

তা বার্য্যমাণাঃ পতিভিঃ পিতৃভির্ভ্রাতৃবন্ধুভিঃ।
গোবিন্দাপহৃতাত্মানো ন ন্যবর্ত্তন্ত মোহিতাঃ ॥৮

অন্তর্গৃহগতাঃ কাশ্চিদ্ গোপ্যোঽলব্ধবিনির্গমাঃ।
কৃষ্ণং তদ্ভাবনাযুক্তা দধ্যুর্মীলিতলোচনাঃ ॥৯

গোবিন্দাপহৃতাত্মানঃ (নাঃ ইন্দ্রিয়াণি নিয়ময়িতা বিদ্ধতি ইতি গোবিন্দঃ তেন অপহৃতঃ আত্মা অন্তঃকরণং যাসাং তাঃ) অতএব মোহিতাঃ বাহ্যজ্ঞানশূন্যাঃ তাঃ স্ত্রিয়ঃ পতিভিঃ পিতৃভিঃ ভ্রাতৃবন্ধুভিঃ বার্য্যমাণাঃ অপি ন ন্যবর্ত্তন্ত কিন্তু গতাভিসর ন্যুঃ ॥৮

কাশ্চিৎ গোপ্যঃ অন্তর্গৃহগতাঃ গৃহমধ্য এব স্থিতাঃ (অতঃ পত্ন্যাদিভির্নিরোধাভাবিনা) অলব্ধবিনির্গমাঃ (ন লব্ধঃ বিপথয় নির্গমঃ যাভিঃ তাঃ) তদ্ভাবনাযুক্তাঃ (অতএব হৃদয়েন) মীলিত লোচনে যাভিঃ তাঃ) কৃষ্ণং দধ্যুঃ ॥৯

সেই বেণুগীতাভিমুখে গমন করিলেন।

কোন কোন ব্রজদেবীগণ—স্তালীস্থ দুগ্ধ, চুল্লীর উপরিভাগে স্থাপন পূর্ব্বক তাহা উত্তাপের জ্ঞানের প্রতীক্ষা না করিয়াই সেই বেণুগীতাভিমুখে গমন করিলেন।

কোন কোন কৃষ্ণ-প্রিয়াগণ চুল্লীর উপরিভাগে দুগ্ধ অধ্যারোহণ করিয়া তাহা পক্ক হইলেও অবতরণ না করিয়া এবং গোধূমকণাগ্র চুল্লীর উপরে রাখিয়া পক্ক হইলেও তাহা না নামাইয়া সেই বেণুগীতাভিমুখে গমন করিলেন।৫

কোন কোন গোপী, বন্ধু ও ভৃত্যপ্রভৃতির প্রতি অন্নাদি বিতরণ করিয়া অর্পণ করিতেছিলেন সেই কর্ম্ম পরিত্যাগ করিয়া গমন করিলেন।

কেহ কেহ বা শিশু অর্থাৎ ভর্ত্তা-পুত্র ও যাহ পুত্রগণকে গোদুগ্ধ পান করাইতেছিলেন; কিন্তু বেণুগীত শ্রবণমাত্রে সেই শিশুদিগের দুগ্ধপান করান পরিত্যাগ করিয়া গমন করিলেন।

কোন কোন গোপী, পতিগণকে স্নানাদির নিমিত্ত উষ্ণজল প্রদানাদি দ্বারা সেবা করিতেছিলেন সেই পতিসেবা পরিত্যাগ পূর্ব্বক গমন করিলেন। কোন কোন ব্রজযুবতী ভোজন করিতেছিলেন বেণুগীত শ্রবণমাত্রেই সেই ভোজন ত্যাগ করিয়া তদ্ভাবমাত্রেই বেণুগীতাভিমুখে ধাবিত হইলেন।৬

কোন কোন ব্রজসুন্দরীগণ, চন্দনাদি দ্বারা স্ব স্ব দেহ অনুলেপন করিতেছিলেন, কেহ কেহ বা নয়ন উন্মার্জ্জন, কিংবা গৃহাদি সম্মার্জ্জন অথবা ভাণ্ডসমূহ মার্জ্জন করিতেছিলেন। কোন কোন গোপী—বংশীদ্বারা নয়নে অঞ্জন প্রদান করিতেছিলেন, তাহা পরিত্যাগ করিয়া কৃষ্ণাভিমুখে গমন করিলেন।

কোন কোন গোপী বসন ও ভূষণ বিপর্য্যস্তভাবে ধারণপূর্ব্বক (অর্থাৎ পরিধেয় বসন—উত্তরীয় করিয়াছেন, উত্তরীয় বসন দ্বারা পরিধান করিয়াছেন, কর্ণের অলঙ্কার নাসিকার অলঙ্কার কর্ণে এবং যে অলঙ্কারের মুখ উর্দ্ধদিকে থাকিবে, তাহার মুখ নিম্নদিকে ধারণ করিয়া) পরমাকর্ষক শ্যামসুন্দর শ্রীব্রজেন্দ্রনন্দনের সমীপে গমন করিলেন (পরন্তু লজ্জাদি দ্বারা কিংবা বিঘ্নাদি দ্বারা দূরে অবস্থিতা হন নাই; যেহেতু তাঁহারা বংশীগীত শ্রবণ করিয়া মোহিত হইয়াছিলেন)।৭

পতি পিতা ভ্রাতা ও বন্ধুগণ—ব্রজসুন্দরীদিগকে "রাত্রিতে কোথায় বহির্গত হইতেছে" ইত্যাদি বলিয়া আগ্রহসহকারে বারংবার নিবারণ করিলেও কিংবা বস্ত্রপ্রদর্শনাদি দ্বারা ও হস্ত ধারণাদি গমন বিষয়ে নিরোধ করিলেও তাঁহারা প্রত্যাবৃত্ত হইলেন না কিন্তু গমন করিতেই লাগিলেন; যেহেতু তাঁহারা মোহিতা অর্থাৎ হতবিবেকা হইয়াছিলেন, কারণ গোকুলেন্দ্র (কিংবা ঈশ্বরপ্রযুক্ত নিখিল ইন্দ্রিয়গ্রাহী শ্রীকৃষ্ণ) তাঁহাদিগের চিত্ত আকর্ষণ করিয়াছিলেন।৮

কোন কোন গোপীগণ পতিশুশ্রূষার্থ গৃহাভ্যন্তরস্থিতা হইয়াই পত্ন্যাদিকর্ত্তৃক আগ্রহসহকারে বারণাদি নিরোধহেতু, কিংবা পিতা প্রভৃতির দ্বারদেশে উপবেশন হেতু কোন প্রকারেই গৃহ হইতে বহির্গমনের পথ না পাইয়া শ্রীকৃষ্ণ-চিন্তায় নিমগ্ন

দুঃসহপ্রেষ্ঠবিরহ-তীব্রতাপধুতাশুভাঃ

ধ্যানপ্রাপ্তাচ্যুতাশ্লেষ-নির্বৃত্যা ক্ষীণমঙ্গলাঃ ॥১০

তমেব পরমাত্মানং জারবুদ্ধ্যাপি সঙ্গতাঃ।

জহুর্গুণময়ং দেহং সদ্যঃ প্রক্ষীণবন্ধনাঃ ॥১১

দুঃসহপ্রেষ্ঠবিরহতীব্রতাপধুতাশুভাঃ (দুঃখেনাপি সোঢ়ুমশক্যঃ দুঃসহঃ যঃ প্রেষ্ঠঃ কৃষ্ণস্য বিরহঃ অরিষ্টবধাৎ তস্য তীব্রতাপঃ যেন ধুতানি বিনষ্টানি অশুভানি পাপানি যাসাং তাঃ) ধ্যানপ্রাপ্তাচ্যুতাশ্লেষনির্বৃত্যা (ধ্যানেন প্রাপ্তঃ যঃ অচ্যুতস্য আশ্লেষঃ তেন যা নির্বৃতিঃ আনন্দঃ তয়া) ক্ষীণমঙ্গলাঃ (ক্ষীণানি মঙ্গলানি পুণ্যানি যাসাং তাঃ) ইতি পরেণান্বয়ঃ ॥১০

জারবুদ্ধ্যা অপি তমু এব পরমাত্মানং সঙ্গতাঃ সাক্ষাৎ প্রাপ্তাঃ (অতএব) সদ্যঃ প্রক্ষীণবন্ধনাঃ (প্রকর্ষেণ সহসাগতঃ ক্ষীণঃ বন্ধনঃ যাসাং তাঃ) গুণময়ং দেহং জহুঃ ॥১১

রাজোবাচ।

কৃষ্ণং বিদুঃ পরং কান্তং ন তু ব্রহ্মতয়া মুনে।
গুণপ্রবাহোপরমস্তাসাং গুণধিয়াং কথম্ ॥১২

শ্রীশুক উবাচ।

উক্তং পুরস্তাদেতৎ তে চৈদ্যঃ সিদ্ধিং যথা গতঃ।
দ্বিষন্নপি হৃষীকেশং কিমুতাধোক্ষজপ্রিয়াঃ ॥১৩

রাজা পরীক্ষিৎ উবাচ। হে মুনে। (এতাঃ স্ত্রিয়ঃ) কৃষ্ণং পরং কেবলং কান্তম্ (জারবুদ্ধ্যা তমনীয়ং) এব বিদুঃ ব্রহ্মতয়া তু ন; অতঃ তাসাং গুণধিয়াং গুণপ্রবাহোপরমঃ (গুণপ্রবাহস্য সংসারস্য উপরমঃ নিবৃত্তিঃ কথং ঘটতে) ॥১২

শ্রীশুকঃ উবাচ। (যৎ অত্র উত্তরং বক্তব্যং) তৎ এতৎ তে তুভ্যং পুরস্তাৎ সম্বন্ধে উক্তং; যদি হৃষীকেশম্ ইন্দ্রিয়াণিবিহরন্তং কৃষ্ণং দ্বিষন্ অপি চৈদ্যঃ শিশুপালঃ, যথা স্মরণং, সিদ্ধিং ভগবৎসাযুজ্যং গতঃ প্রাপ্তঃ, তদা অধোক্ষজপ্রিয়াঃ (অধোক্ষজস্য অতীন্দ্রিয়স্য প্রিয়াঃ প্রীতিঃ যাসাং তাঃ গোপ্যঃ সাযুজ্যং কথং প্রাপ্তাঃ তত্র কিম্ উত বক্তব্যম্ ॥১৩

দুঃসহ প্রিয়-বিরহ জন্য তীব্রতাপে সেই গোপীগণের যাবতীয় অশুভ কর্ম ক্ষয় ও ধ্যানযোগে অচ্যুতের আলিঙ্গনে অপার আনন্দ লাভ হওয়ায় তাঁহাদিগের সমস্ত অশুভকর্ম-ক্ষয় হইল, অতএব সংসারবন্ধনের কারণীভূত শুভাশুভ কর্মাত্মক বন্ধন কিংবা 'বর্তমান দেহেই রাসাদি কেলি প্রাপ্ত হইব' এই আশাবন্ধন নষ্ট হওয়ায় সেই গোপীসকল পরমাত্মা শ্রীকৃষ্ণকে উপপতি বুদ্ধি দ্বারা আসক্তি প্রাপ্ত হইয়া গুণময় দেহ ত্যাগ করিলেন, কিন্তু গুণাতীত নিত্য ভগবৎপ্রেম-সম্পত্তিযোগ্য দেহ প্রাপ্ত হইলেন। কিংবা গুণময় (সর্বসদ্‌গুণময়) দেহ সদ্যই ত্যাগ করিলেন, অর্থাৎ পতিপ্রভৃতি কর্তৃক পৃথগাত্মতয়ে অবরুদ্ধ দেহে শ্রীকৃষ্ণকে প্রাপ্তি হইতে না পারিয়া কৃষ্ণ-প্রাপ্তি যোগ্য অন্য দেহদ্বারা পরমাত্মা পরমপ্রিয় সেই শ্রীব্রজেন্দ্র কিশোরকেই উপপতিরূপে প্রাপ্ত হইলেন।১০-১১

শ্রীপরীক্ষিৎ করিলেন,—হে মুনে (সর্বজ্ঞ)! এই গোপীগণ শ্রীকৃষ্ণকে কেবল কান্ত (সর্বশ্রেষ্ঠ গুণ ও মনোহররূপে পরমশ্রেষ্ঠ) বলিয়া জানিতেন, পরন্তু নির্গুণ ভগবানের আবির্ভাব বিশেষ বলিয়া জানিতেন না, সুতরাং ব্রহ্ম-নিষ্ঠার ত্যাজ্যরূপে প্রসিদ্ধ তাদৃশ গুণসমূহে অভিভূত অন্তঃকরণ গোপীদিগের (কিংবা স্ব-দুঃখাদিতে বুদ্ধিবিশিষ্টা তাঁহাদিগের সাধন নিবৃত্তি কি প্রকারে হইল? অর্থাৎ সর্ব পুরুষার্থশিরোমণি মোক্ষ কি প্রকারে সংঘটিত হইল।১২

শ্রীশুকদেব বলিলেন—শিশুপাল যখন শ্রীকৃষ্ণকে দ্বেষ করিয়াও সিদ্ধি (নিজাতীষ্ট পার্ষদগতি) লাভ করিয়াছে, তখন অধোক্ষজ-প্রিয়া-গোপীগণ যে সিদ্ধিলাভ করিবেন ইহাতে আর বক্তব্য কি আছে?১৩

মৃণাং নিঃশ্রেয়সার্থায় ব্যক্তির্ভগবতো নৃপ।
অব্যয়স্যাপ্রমেয়স্য নির্গুণস্য গুণাত্মনঃ ॥১৪

কামং ক্রোধং ভয়ং স্নেহমৈক্যং সৌহৃদমেব চ।
নিত্যং হরৌ বিদধতো যান্তি তন্ময়তাং হি তে ॥১৫

ন চৈবং বিস্ময়ঃ কার্য্যো ভবতা ভগবত্যজে।
যোগেশ্বরেশ্বরে কৃষ্ণে যত এতদ্ বিমুচ্যতে ॥১৬

তা দৃষ্ট্বাস্ত্রিকমায়াতা ভগবান্ ব্রজযোষিতঃ।
অবদদ্ বদতাং শ্রেষ্ঠো বাচঃ পেশৈর্বিমোহয়ন্ ॥১৭

হে নৃপ! কৃষ্ণঃ নিঃশ্রেয়সার্থায় মোক্ষার্থং এবম্ অব্যয়স্য বিকারশূন্যস্য, নির্গুণস্য গুণপ্রাকৃতত্রয়রহিতস্য, অপ্রমেয়স্য মুনিযোগিনঃ, গুণাত্মকস্য সত্ত্বাদিগুণনিয়ন্তুরূপস্য, ভগবতঃ ব্যক্তিঃ প্রাকট্যং (স্বেচ্ছয়ৈব, ন তু কর্মাধীনা ইতি)।১৪

কামং, ক্রোধং, ভয়ং, স্নেহম্, ঐক্যং, সৌহৃদম্ এবং চ হরৌ নিত্যং বিদধতঃ কুর্বতঃ (পুনাসঃ যে), তে হি তন্ময়তাং তৎস্বরূপতাং যান্তি প্রাপ্নুবন্তি।১৫

এবম্ভূতে অস্মিন্ বিগ্রহে যোগেশ্বরেশ্বরে (যোগেশ্বরাণাম্

অপি ঈশ্বরে) ভগবতি কৃষ্ণে ভবতা চ এবং (মোক্ষধামে অনন্তাদিরূপে) বিস্ময়ঃ ন কার্য্যঃ, যতঃ কৃষ্ণাৎ এতৎ (কৃপণাদ্ধ্যাবরজন্মপ্রাপিবাত্মন) বিমুচ্যতে ।১৬

তাঃ (বেণুনাদশ্রবণেন আকৃষ্টনঃ) অস্মিকং নরীণম্ আয়াতাঃ ব্রজযোষিতঃ দৃষ্ট্বা বহুধা কথীনাং শ্রেষ্ঠঃ ভগবান্ কৃষ্ণঃ বাচঃ পেশৈঃ বাগ্‌বিলাসৈঃ বিমোহয়ন্ (ধর্মবিরুদ্ধং ভাবং দূরীকর্তুং) অবদৎ ।১৭

হে নৃপ! জীবমাত্রের নিঃশ্রেয়সার্থই অব্যয়, অপ্রমেয় (অপরিচ্ছিন্ন), নির্গুণ (মায়াগুণাতীত), গুণাত্মা (মায়াগুণসমূহের প্রবর্তক) শ্রীভগবানের অভিব্যক্তি হইয়া থাকে; (তাহা না হইলে ব্রহ্মাণ্ডমাত্রে কোটি কোটি ব্রহ্মাণ্ডসংহারে সমর্থ শ্রীভগবানের কেবল ভূতারহরণার্থ আবির্ভাব—ইহার উপপত্তি হয় না; সুতরাং যিনি জীবমাত্রের মঙ্গলার্থ অবতীর্ণ হন, তিনি যে অনায়াসে শিশুপাল ও অরিষ্টাদিগের সাহায্য করিবেন, তাহাতে অধিক আর কি বক্তব্য আছে)।১৪

যাঁহারা নিত্য যথাকথঞ্চিৎ সম্বন্ধমাত্রেও যদি সর্ব্বচিত্তাকর্ষক বা সর্ব্বমোহহারী শ্রীহরিতে কাম, ক্রোধ, ভয়, স্নেহ, ঐক্য অথবা সৌহার্দ্দ বিধান করেন, তাঁহারা নিশ্চয়ই তন্ময়তা অর্থাৎ তত্তদ্ভাব-সমুচিত আবির্ভাব ও তদেকস্ফূর্ত্তি কিংবা তদ্সারূপ্য

প্রাপ্ত হইয়া থাকেন।১৫

যে শ্রীকৃষ্ণ হইতে স্থাবর-জঙ্গমাদি পর্য্যন্ত বিমুক্ত হইয়া থাকে, সেই ভগবান্ (অশেষ ঐশ্বর্য্য-যুক্ত) অজ (অর্থাৎ জীববৎ জন্মশূন্য হইয়া স্বেচ্ছা-নুসারেই ভক্তবাৎসল্যাদি দ্বারা স্বয়ং আবির্ভাবশীল) যোগেশ্বরেশ্বর শ্রীকৃষ্ণের প্রতি আপনি পুনর্ব্বার ঈদৃশ বিস্ময়—সন্দেহ কিংবা আশ্চর্য্য বুদ্ধি করিবেন না।১৬

নিখিল বাক্য ও বৈদগ্ধ্যবেত্তাদিগের শ্রেষ্ঠ ভগবান্ শ্রীকৃষ্ণ সেই বেণু-গীতে আকৃষ্টা পরমবিহ্বলা ব্রজনারীদিগকে নিকটে সমাগত সন্দর্শনপূর্ব্বক বাগ্‌বিলাস দ্বারা বিমোহিত করিয়া (অর্থাৎ বিশেষরূপে চিত্ত হরণ করিয়া বা বিবেক হরণ করিয়া) স্ব-বিষয়ক ভাব বর্দ্ধন করিবার নিমিত্ত বলিতে লাগিলেন।১৭

শ্রীভগবানুবাচ।

স্বাগতং বো মহাভাগাঃ প্রিয়ং কিং করবাণি বঃ।
ব্রজস্যানাময়ং কচ্চিদ্ ব্রূতাগমনকারণম্ ॥১৮

রজন্যেষা ঘোররূপা ঘোরসত্ত্বনিষেবিতা।
প্রতিযাত ব্রজং নেহ স্থেয়ং স্ত্রীভিঃ সুমধ্যমাঃ ॥১৯

মাতরঃ পিতরঃ পুত্রা ভ্রাতরঃ পতয়শ্চ বঃ।
বিচিন্বন্তি হ্যপশ্যন্তো মা কৃঢ্বন্ বন্ধুসাধ্বসম্ ॥২০

দৃষ্টং বনং কুসুমিতং রাকেশকররঞ্জিতম্।
যমুনানিললীলৈজত্তরুপল্লবশোভিতম্ ॥২১

তদ্ যাত মা চিরং গোষ্ঠং শুশ্রূষধ্বং পতীন্ সতীঃ।
ক্রন্দন্তি বৎসা বালাশ্চ তান্ পায়য়ত দুহ্যত ॥২২

শ্রীভগবান্ উবাচ। হে মহাভাগাঃ! বঃ যুষ্মাকং স্বাগতম্ আগমনং শোভনং, বঃ যুষ্মাকং প্রিয়ং কিং করবাণি, কচ্চিৎ ব্রজস্য অনাময়ং মঙ্গলম্ অস্তি চেৎ, তর্হি আগমনকারণং (আগমনস্য কারণম্) ব্রূত ।১৮

হে সুমধ্যমাঃ শুভ্রমধ্যাঃ! এষা রজনী রাত্রিঃ ঘোররূপা ঘোরসত্ত্বনিষেবিতা (ঘোরশ্চাসৌ তামসত্বাদ্ভূতাদিত্বাচ্চ ঘোরসত্ত্বঃ প্রাণিগণস্তেন নিষেবিতা), ইহ বনে স্ত্রীভিঃ ন স্থেয়ং, অতঃ ব্রজং প্রতিযাত ।১৯

কিঞ্চ বঃ যুষ্মাকং ভ্রাতরঃ, পিতরঃ, পুত্রাঃ, ভ্রাতরঃ, পতয়শ্চ বঃ যুষ্মান্ অপশ্যন্তঃ বিচিন্বন্তি মৃগয়ন্তে, (অতঃ) বন্ধুসাধ্বসং (বন্ধূনাং সাধ্বসম্ অশ্বস্তনজন ভয়ং) মা কৃঢ্বং ন কার্ষ্ট। ইদং বনং কুসুমিতং রাকেশকররঞ্জিতং (রাকেশস্য পূর্ণচন্দ্রস্য করৈঃ কিরণৈঃ রঞ্জিতং প্রকাশিতং) যমুনানিললীলৈজত্তরুপল্লবশোভিতং (যমুনানিলস্য অনিলস্য লীলা মন্দগতি তয়া এজন্তঃ কম্পমানাঃ তরবঃ পল্লবাঃ চৈঃ শোভিতং) কুসুমিতং বায়ুবিধূতপুষ্পিতবৃক্ষযুক্তং বনং দৃষ্টমিতি শেষঃ এব ।২১

তৎ তস্মাৎ গোষ্ঠং ব্রজং যাত, মা চিরং বিলম্বং মা কার্ষ্ট। তত্র পতীন্ শুশ্রূষধ্বম্। হে সতীঃ সত্যঃ! বৎসাঃ বালাঃ চ ক্ষুধার্তাঃ ক্রন্দন্তি, তান্ (দুহ্যং) পায়য়ত গাঃ চ দুহ্যত ।২২

শ্রীভগবান্ বলিলেন—হে মহাভাগাগণ! তোমাদের ত শুভে আগমন হইল? আমি তোমাদিগের কি প্রিয় করিব? (সকলে সসম্ভ্রমে আগমন জিজ্ঞাসিতেছে দেখিয়া যেন ভয় সহকারে বলিতেছেন) ব্রজের কুশল ত? আগমনের কারণ বল ।১৮

হে সুমধ্যমাগণ! এই প্রত্যক্ষা রজনী ঘোররূপা (তামস স্বভাবের অভিব্যক্তিবিশিষ্টা) ও ঘোরসত্ত্বনিষেবিতা (ঘোরতর প্রাণিগণ কর্তৃক ব্যাপ্তা); অতএব ব্রজে ফিরিয়া যাও। এই বনে স্ত্রীলোকের অবস্থিতি উচিত নয় ।১৯

আমার বোধহয় তোমাদের মাতা, পিতা, পুত্র, ও পতিগণ তোমাদিগকে গৃহে কিংবা বনমধ্যে দর্শন না করিতে পাইয়া ইতস্ততঃ অন্বেষণ করিতেছেন; যদি তাঁহারা কখনও এখানে আগমনপূর্ব্বক সন্নিধানে তোমাদিগকে দেখিতে পান, তাহা হইলে তোমাদিগের ও আমার লজ্জা ও ভয় সঞ্চারিত হইবে; সুতরাং এস্থলে অবস্থিতি করিয়া স্ব স্ব বন্ধুগণ হইতে আমার ও আপনাদের ভয়োৎপাদন করিও না ।২০

বিবিধকুসুমসমাকীর্ণ এবং পূর্ণচন্দ্রের কিরণনিকরে রঞ্জিত ও যমুনাসংস্পর্শী পবনের মৃদু সঞ্চারণে কম্পমান তরুপল্লবে সুশোভিত এই বন দর্শন-যোগ্যই বটে; যাই হউক, তোমাদের সেই বন দর্শন হইল; অতএব শীঘ্র ব্রজে ফিরিয়া যাও ।২১

বনশোভাসন্দর্শনে স্ব স্ব মনোরথ পূর্ণ হইয়াছে, অতএব অবিলম্বে ঘোষে বা গোষ্ঠে গমন কর। (সেই স্থানেই তোমাদের সর্ব্ববিধ সামগ্রী রহিয়াছে; সুতরাং সেই স্থানেই গমন করা তোমাদের সঙ্গত।) হে সতীগণ! তথায় গমন করিয়া পতিগণের সেবা কর, অন্যথা সতীত্বধর্ম্ম ভঙ্গ হইবে; অতএব পরপুরুষ আমার পার্শ্বে তোমাদের অবস্থান করা যুক্তিযুক্ত

অথবা মদভিস্নেহাদ্ভবত্যো যন্ত্রিতাশয়াঃ।
আগতা হ্যপপন্নাঃ বঃ শ্রীয়স্তে মনি ভক্তয়ঃ ॥২৩

ভর্তুঃ শুশ্রূষণং স্ত্রীণাং পরো ধর্ম্মো হ্যমায়য়া।
তদ্বন্ধূনাঞ্চ কল্যাণ্যঃ প্রজানাঞ্চানুপোষণম্ ॥২৪

অথবা মদভিস্নেহাৎ (যদি বঃ অভিতঃ স্নেহঃ তস্মাৎ) যন্ত্রিতাশয়াঃ (যন্ত্রিতঃ সঙ্কুচিতঃ আশয়ঃ অন্তঃকরণং যাসাং তাঃ) তথা ভবত্যঃ আগতাঃ, তর্হি তৎ এতৎ যুষ্মাকম্ উপপন্নং যুক্তমেব ; হি যস্মাৎ মম মনি ভক্তয়ঃ প্রাপ্তিঃ শ্রীয়ন্তে ॥২৩

হে কল্যাণ্যঃ ! অমায়য়া কাপট্যরহিতত্বেন শুশ্রূষণং ভর্তৃবন্ধূনাং ভর্তৃঃ বন্ধূনাং পিত্রাদীনাঞ্চ চ শুশ্রূষণং (তেষাং) প্রজানাং পুত্রদুহিত্রাদীনাম্ অনুপোষণং হি এব স্ত্রীণাং পরঃ উৎকৃষ্টঃ ধর্ম্মঃ ॥২৪

দুঃশীলঃ (দুষ্টঃ শীলং যস্য সঃ দুশ্চরিত্রাদিদোষবান্), দুর্ভগঃ বিরূপো রোগ্যধনোঽপি বা।
পতিঃ স্ত্রীভির্ন হাতব্যো লোকেপ্সুভিরপাতকী ॥২৫

অস্বর্গ্যমযশস্যঞ্চ ফল্গু কৃচ্ছ্রং ভয়াবহম্।
জুগুপ্সিতঞ্চ সর্ব্বত্র ঔপপত্যং কুলস্ত্রিয়াঃ ॥২৬

নহে) । (যদি বল—হে পরমসেব্য ! সংসারে তুমিই একমাত্র সকলের সেবনীয় । যে পতিগণ অসদ্ব্যবহার তোমার সেবা সহ্য করিতে অসমর্থ হইয়া সর্ব্বদা অসূয়া প্রকাশ করিয়া থাকে, সেই দুষ্টের পতি-সকলকে আমরা পরিত্যাগ করিয়াছি এবং পাতিব্রত্য ধর্ম্মকেও তোমার পাদপদ্মের নির্ম্মল্য করিয়া সুদূরে প্রক্ষিপ্ত করিয়াছি, তদুত্তরে বলিতেছি)—বৎস ও বালকগণ ক্রন্দন করিতেছে ; অতএব বৎসগণকে দুগ্ধপান করাও ও বালকদিগের জন্য দুগ্ধদোহন করাও ।২২

আপনারা যদি আমার প্রতি অতিস্নেহবশতঃ বশীকৃতচিত্তা হইয়া আগমন করিয়া থাকেন, তাহা হইলে সেই আগমন উপযুক্তই হইয়াছে ; যেহেতু আমার প্রতি প্রাণিমাত্রই প্রীত হইয়া থাকে, কিংবা প্রীতি করিয়া থাকে ; ইহা আমার স্বাভাবিক সৌভাগ্য, পরন্তু ঔপাধিক নহে । সুতরাং আপনারা আমার প্রতি প্রীতিসামান্য যুক্তই হইয়াছেন, কিন্তু কামোপাধিক প্রীতিবিশেষ সম্পন্ন নহেন ।২৩

হে কল্যাণীগণ ! অমায়ায়—অকাপট্য অর্থাৎ

দুঃশীলো দুর্ভগো বৃদ্ধো জড়ো রোগ্যধনোঽপি বা।
পতিঃ স্ত্রীভির্ন হাতব্যো লোকেপ্সুভিরপাতকী ॥২৫

অস্বর্গ্যমযশস্যঞ্চ ফল্গু কৃচ্ছ্রং ভয়াবহম্।
জুগুপ্সিতঞ্চ সর্ব্বত্র ঔপপত্যং কুলস্ত্রিয়াঃ ॥২৬

বিগতলোভঃ, বৃদ্ধঃ বিকলেন্দ্রিয়ঃ, জড়ঃ মূর্খঃ, রোগী মহারোগ-গ্রস্তঃ, অধনঃ দরিদ্রঃ, (এবম্ভূতোঽপি) অপাতকী পাপঃ লোকেপ্সুভিঃ পুণ্যলোকাভিজ্ঞাতিভিঃ স্ত্রীভিঃ ন হাতব্যঃ ত্যক্তব্যঃ ॥২৫

কুলস্ত্রিয়াঃ ঔপপত্যম্ (পরপুরুষসম্বন্ধঃ ঔপপতিঃ তস্যেদং পুমান ঔপপত্যম্) অস্বর্গ্যং স্বর্গবিরোধকং, অযশস্যং যশোনাশকং সর্ব্বত্র লোকে গার্হ্যে চ জুগুপ্সিতং নিন্দিতং ফল্গু তুচ্ছং ক্ষণভঙ্গুরং, (তথাপি ভোগকালে অপি) ভয়াবহম্ ভয়মেব আবহতি যি এব ॥২৬

শুশ্রূষাকরণে কিংবা একমাত্র ধর্ম্মাপেক্ষায় ভর্ত্তা এবং শ্বশ্রূ ও শ্বশুরাদির শুশ্রূষা, তথা পুত্র ও দুহিতা প্রভৃতির অনুপোষণ করা স্ত্রীসকলের উৎকৃষ্ট ধর্ম্ম-নিশ্চয়, পরন্তু তদ্ভিন্ন আমাদিগের শুশ্রূষা করা কখনও শ্রেষ্ঠ নহে, সুতরাং ভর্ত্তা প্রভৃতির সেবা অন্য ধর্ম্ম অপেক্ষা শ্রেষ্ঠ ।২৪

পতি যদি অপাতকী হন, তাহা হইলে ইহলোক ও পরলোকাভিলাষিণী স্ত্রীগণ দুঃশীল (চৌর্য্যাদিরত), দুর্ভগ (ভাগ্যাধিহীন, নিষ্ফলোদ্যম বা কুরূপী), বৃদ্ধ (জরাগ্রস্ত), জড় (কর্ম্মাধিকরণে সামর্থ্যহীন), রোগী (মহারোগগ্রস্ত), অধন (অতি দরিদ্র, এমনকি নিজের উদরভরণে অসমর্থ হইলেও সেই) পতিকে ত্যাগ করিবে না ।২৫

কুলস্ত্রীগণের ঔপপত্য (ঔপপতি-সংক্রান্ত যে সুখ তাহা) অস্বর্গ্য (স্বর্গপ্রাপ্তির প্রতিকূল কিংবা পূর্ব্ব-পুণ্যার্জ্জিত স্বর্গনাশক), অযশস্য (পূর্ব্বসঞ্চিত যশোনাশক), অচিরস্থায়িত্বহেতু অতি তুচ্ছ, দুঃখসাধ্য, পতি প্রভৃতি কিংবা নরকাদি হইতে ভয়প্রাপক এবং ঔদ্ধদেশে বা পরদেশে কিংবা ব্যবহারে বা

শ্রবণাদর্শনাদ্ধ্যানান্ময়ি ভাবোঽনুকীর্ত্তনাৎ।
ন তথা সন্নিকর্ষেণ প্রতিযাত ততো গৃহান্ ॥২৭

শ্রীশুক উবাচ।

ইতি বিপ্রিয়মাকর্ণ্য গোপ্যো গোবিন্দভাবিতম্।
বিষণ্ণা ভয়সন্তপ্তাশ্চিন্তামাপুর্দুরত্যয়াম্ ॥২৮

কৃষ্ণা মুখান্তব শুচঃ শ্বসনেন শুষ্যদ্-
বিম্বাধরাণি চরণেন ভুবং লিখন্ত্যঃ।
অশ্রেরুপাত্তমষিভিঃ কুচকুঙ্কুমানি
তস্থুর্মুজন্ত্য উরুদুঃখভরাঃ স্ম তূষ্ণীম্ ॥২৯

প্রেষ্ঠং প্রিয়েতরমিব প্রতিভাষমাণং
কৃষ্ণং তদর্থবিনিবর্ত্তিতসর্ব্বকামাঃ।
নেত্রে বিমৃজ্য রুদিতোপহতে স্ম কিঞ্চিৎ-
সংরম্ভগদ্গদগিরোঽব্রুবতানুরক্তাঃ ॥৩০

শ্রবণাৎ, দর্শনাৎ, ধ্যানাৎ, অনুকীর্ত্তনাৎ চ যথা ভাবঃ যেতাদৃশঃ (যথা ভবতি), তথা তাদৃশঃ সন্নিকর্ষেণ অঙ্গসঙ্গেন ন ভবতি। ততঃ তস্মাৎ হেতোঃ গৃহান্ গৃহান্ প্রতিযাত ॥২৭

শ্রীশুকঃ উবাচ। ইতি এবম্ভূতং বিপ্রিয়ং গৃহগমনবিষয়কং গোবিন্দভাষিতম্ (গোবিন্দেন ভাষিতং) আকর্ণ্য শ্রুত্বা বিষণ্ণাঃ বিষাদং প্রাপ্তাঃ, ভয়সন্তপ্তাঃ (ভয়ং ভবন্ত্যা সহ বসনবিষয়কং সংজ্ঞঃ যন্নাবয়বঃ যাসাং তাঃ) গোপ্যঃ দুরত্যয়াং (দুরত্যয়ং বিনা অনিবর্ত্যাং) চিন্তাম্ আপুঃ ॥২৮

শুচঃ শোকাৎ (ঔষ্ণ্যেন) শ্বসনেন ঊষ্মণাত্মেন শুষ্যদ্বিম্বাধরাণি (শুষ্যন্তঃ বিম্বফলসদৃশাঃ অধরাঃ যেষু তানি) মুখানি অব অবাপি কৃষ্ণা, তথা চরণেন পাদাগ্রভূতেন ভুবং লিখন্ত্যঃ (বিবরং

পরমার্থ প্রভৃতি বিষয়ে নিশ্চিত, ইহা নিশ্চয় ।২৬

আমার কথা প্রভৃতির শ্রবণ, আমার শ্রীমূর্ত্যাদির দর্শন কিংবা দূর হইতে সাক্ষাৎ আমার দর্শন এবং আমার ধ্যান ও নিরন্তর মন্ত্রাম-প্রধান কীর্তন দ্বারা আমাতে যেমন ভাবোদয় হয়, তেমন সন্নিকর্ষ অর্থাৎ অঙ্গসঙ্গ দ্বারা হয় না (যেহেতু বিরহাবস্থায় সদাই উৎকণ্ঠাবিশতঃ অতি সত্বর ভাববৃদ্ধি দেখা যায়, আর সংযোগে উৎকণ্ঠার শৈথিল্য হইয়া থাকে); সুতরাং বলিতেছি যে তোমরা গৃহে গমন কর।২৭

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—(হে রাজন্!) গোপীগণ শ্রীগোবিন্দের বিপ্রিয়-ভাষিত শ্রবণপূর্ব্বক ভয়সন্তপ্ত ও বিষণ্ণ হইয়া দুরত্যয় চিন্তা প্রাপ্ত হইলেন।২৮

অতিশয় দুঃখভারে আক্রান্তচিত্ত গোপীসকলের

প্রাপ্তাঃ ইব) উপাত্তবদিতি: গৃহীতবস্ত্রকৈঃ অক্ষৈঃ অশ্রুভিঃ কুচকুঙ্কুমানি মৃজন্ত্যঃ ক্ষালয়ন্ত্যঃ উরুদুঃখভরাঃ (উরুঃ দুঃখভরঃ যাসাং তাঃ) তূষ্ণীম্ এব তস্থুঃ স্তব্ধাঃ বভূবুঃ ।২৯

কিঞ্চ তদর্থবিনিবর্ত্তিতসর্ব্বকামাঃ (তস্য প্রাণ্যর্থং এব বিশেষেণ নিশ্চয়েন নিবর্ত্তিতাঃ ত্যক্তাঃ সর্ব্বে কামাঃ বিষয়াঃ যাভিঃ তাঃ) অনুরক্তাঃ গোপ্যঃ রুদিতোপহতে (রুদিতেন রোদনেন উপহতে গোকারণপূর্ব্বতয়া দূষিতদর্শনে) নেত্রে প্রেষ্ঠং প্রেয়িতরমিব প্রতিভাষমাণং (সংরম্ভেণ কোপাবেশেন গদ্গদাঃ স্খলিতাক্ষরাঃ গিরঃ যাসাং তাঃ) সত্যঃ প্রিয়তরং প্রতিকূলাচারিণম্ ইব প্রতিভাষমাণং (বচনেন প্রত্যাখ্যানং কুর্ব্বন্তং বভাষিরে) স্ম অকৃত্য প্রিয়ং কৃষ্ণম্ অব্রুবত উচুঃ ।৩০

শোক জন্য সুদীর্ঘ উষ্ণশ্বাসে বিম্বাধর শুষ্ক হইয়া গিয়াছে, তাই তাহারা বদন অবনত করিয়া বামপদাঙ্গুষ্ঠে ভূমি খনন ও কজ্জলাক্ত নেত্র-সলিলের ধারা-সমূহে স্তনগত কুঙ্কুম প্রক্ষালন করিতে করিতে নির্ব্বাক্ হইয়া দাঁড়াইয়া রহিলেন।২৯

গোপীগণ শ্রীকৃষ্ণের প্রাপ্তির নিমিত্ত কিংবা অনির্ব্বচনীয় সুগোপ্য ক্রীড়া বিশেষের নিমিত্ত সর্ব্ববিধ বিষয়ভোগ অথবা তদতিরিক্ত অন্যের অভিলাষ পরিত্যাগ করিয়াছিলেন; যেহেতু শ্রীকৃষ্ণকেই তাঁহারা অনুরাগযুক্ত; সুতরাং তাদৃশ বাক্যজনিত মহাদুঃখে অক্ষসলিলপরিপ্লুত লোচনযুগল মার্জ্জনা করিয়া কিঞ্চিৎ কোপাবেশবশতঃ গদ্গদ-বচনে অপ্রিয়বৎ প্রত্যাখ্যানকারী প্রিয়তম শ্রীকৃষ্ণকে বলিতে আরম্ভ করিলেন।৩০

গোপ্য ঊচুঃ।

নৈবং বিভোঽর্হতি ভবান্ গদিতুং নৃশংসং
সন্ত্যজ্য সর্ব্ববিষয়াংস্তব পাদমূলম্।
ভক্তা ভজস্ব দুরবগ্রহ মা ত্যজাস্মান্
দেবো যথাদিপুরুষো ভজতে মুমুক্ষূন্ ॥৩১

যৎ পত্যপত্যসুহৃদামনুবৃত্তিরঙ্গ
স্ত্রীণাং স্বধর্ম্ম ইতি ধর্ম্মবিদা ত্বয়োক্তম্।
অস্বেবমেতদুপদেশপদে ত্বয়ীশে
প্রেষ্ঠো ভবাংস্তনুভৃতাং কিল বন্ধুরাত্মা ॥৩২

কুর্ব্বন্তি হি ত্বয়ি রতিং কুশলাঃ স্ব আত্মন্
নিত্যপ্রিয়ে পতিসুতাদিভিরার্তিদৈঃ কিম্।
তন্নঃ প্রসীদ পরমেশ্বর মাস্ম ছিন্ধ্যা
আশাং ধৃতাং ত্বয়ি চিরাদরবিন্দনেত্র ॥৩৩

গোপ্য ঊচুঃ। হে বিভো, হে ভুবঞ্জয়! এবম্ উক্তপ্রকারকপ্রত্যাখ্যানাত্মকং নৃশংসং ক্রূরং বাক্যং যৎনং গদিতুং ব্যক্তভয়া বক্তুং ভবান্ ন বা অর্হতি। (যতঃ) সর্ব্ববিষয়ান্ সংত্যজ্য তব পাদমূলং ভক্তাঃ সেবিতবত্যীঃ অস্মান্ ন ত্যজ, কিন্তু আদিপুরুষঃ পুরুষাত্মনঃ দেবঃ সর্ব্বজ্ঞঃ ভগবান্ যথা মুমুক্ষূন্ ভজতে (ভগবিদ্বিষঃ মুক্তিং সম্পাদয়তি চ তথা অস্মান্) ভজস্ব, অস্মদ্বিদ্বিষো সংহার ॥৩১

হে অঙ্গ! পত্যপত্যসুহৃদাম্ (পতিঃ অপত্যানি সুহৃদঃ বান্ধবাঃ ভ্রেষাং) অনুবৃত্তিঃ (শুশ্রূষণম্ এব) স্ত্রীণাম্ স্বধর্ম্ম ইতি ধর্ম্মবিদা ত্বয়া যৎ উক্তং, তৎ উপদেশপদে (শুশ্রূষণীয়ত্বেন উপদিষ্টবাদাত্মাঃ পত্যাদীনাং পদে) ত্বয়ি ঈশে এব যে যৎ (অনুবৃত্তিঃ) অত, (যতঃ) তনুভৃতাং দেহধারিণাং কিল ভবান্ প্রেষ্ঠঃ প্রিয়তমঃ বন্ধুঃ হিতকর্ত্তা আত্মা চ ॥৩২

কুশলাঃ শাস্ত্রকুশলাঃ হি যে স্বকীয়ে, আত্মন্ আত্মনি, অতিপ্রিয়ে ত্বয়ি এব রতিং প্রীতিং কুর্ব্বন্তি, আর্ত্তিদৈঃ দুঃখদৈঃ পতিসুতাদিভিঃ কিম্। তস্মাৎ হে বরদ শ্রেষ্ঠ! ঈশ্বর গোপ্তৃস্বামিন্! নঃ প্রসীদ প্রসন্নঃ ভব। চিরাৎ বহুকালম্ আরভ্য ধৃতাং ত্বয়া বিদ্বদ্ভাম্ আশাং যে অবস্থিতবয়ং। বান্ধব বন্ধু (সর্ব্বাভিলষিত হিতকারী); অতএব আত্মা অর্থাৎ তুমি পরমাত্মরূপে হৃদয়ে অধিষ্ঠিত কিংবা তৎপ্রেরক হইয়াছ, সুতরাং আমাদের কোনও দোষ নাই, পরন্তু তোমারই দোষ, তোমাকেই তাদৃশ দোষ পরিহারের নিমিত্ত উপদেশ দেওয়া কর্ত্তব্য ।৩২

শ্রীগোপীগণ কহিলেন, হে বিভো! (হে অন্তর-প্রাণনাথ)! হে দুরবগ্রহ! (দৈরন্তিরোমথে!) আমাদিগের প্রতি এতাদৃশ নৃশংস (বজ্রসারতুল্য কাঠিন্যহেতু হৃদয়বিদারক কিংবা সাক্ষাৎ জীবন-বিনাশক) বচন ব্যক্তরূপে প্রয়োগ করা তোমার পক্ষে যোগ্য হয় না; কারণ, আমরা পত্যাদিরূপ যাবতীয় বিষয় সমস্ত সম্যক্‌রূপে ত্যাগ করিয়া তোমার পাদমূল ভজনা করিয়াছি; অতএব আমাদিগকে পরিত্যাগ করিও না; পরন্তু আদি-পুরুষ যেরূপ মুমুক্ষুদিগের প্রতি ভবাদিতাপ মুক্তি সম্পাদন করিয়া থাকেন, তদ্রূপ তুমিও আমাদিগের মনোরথ পরিপূরণ কর।৩১

হে অঙ্গ! হে কৃষ্ণ! তুমি ধর্ম্মবেত্তা হইয়া পতি পুত্র বন্ধু বান্ধবাদিগের অনুবৃত্তি করা স্ত্রীলোকের স্বধর্ম্ম বলিয়া যে উপদেশ বাক্য উপদেশাস্পদ ও ঈশ্বর তোমাতেই থাকুক। তুমি নিশ্চয়ই প্রাণিমাত্রের ((চিত্তাকর্ষক) ও

চিত্তং সুখেন ভবতাপহৃতং গৃহেষু
যন্নির্বিশত্যুত করাবপি গৃহ্যকৃত্যে।
পাদৌ পদং ন চলতস্তব পাদমূলাদ্-
যামঃ কথং ব্রজমথো করবাম কিংবা ॥৩৪

সিঞ্চাঙ্গ নস্ত্বদধরামৃতপূরকেণ
হাসাবলোককলগীতজহৃচ্ছয়াগ্নিম্।
নো চেদ্ বয়ং বিরহজাগ্ন্যুপযুক্তদেহা
ধ্যানেন যাম পদয়োঃ পদবীং সখে তে ॥৩৫

যর্হ্যম্বুজাক্ষ তব পাদতলং রমায়া
দত্তক্ষণং ক্বচিদরণ্যজনপ্রিয়স্য।
অস্প্রাক্ষ তৎ প্রভৃতি নান্যসমক্ষমঙ্গ
স্থাতুং ত্বয়াভিরমিতা বত পারয়ামঃ ॥৩৬

দ্বিত্যা: ন দ্বিতি ॥৩৩

যৎ অস্মাকং চিত্তং গৃহেষু নিবিশতি, তৎ ভবতা সুখেন অপহৃতং গৃহকৃত্যে নিবিষ্টো কৃতৌ অপি (ভবতা হৃতৌ), তব পাদমূলাৎ অস্মাকং পাদৌ অপি পদং পদমাত্রং ন চলতঃ, অথ ব্রজং কথং যামঃ কিংবা করবাম ॥৩৪

হে অজ! হে সখে! হৃৎপরামৃতপূরকেণ নঃ অস্মাকং তব হাসাবলোককলগীতজহৃচ্ছয়াগ্নিং (হাসপূর্বকঃ অবলোকঃ কলগীতং মধুরবেণুগানঞ্চ তাভ্যাং জাতঃ যঃ হৃচ্ছয়ঃ কামঃ স এব অগ্নিঃ তং) সিঞ্চ প্রশময়, নো চেৎ বিরহজাগ্ন্যুপযুক্তদেহাঃ

(বিরহেণ জাতঃ যোঽগ্নিঃ তেন উপযুক্তদেহাঃ ভস্মশরীরাঃ সত্যঃ) বয়ং ধ্যানেন তে তব পদয়োঃ চরণয়োঃ পদবীং সন্নিধানং যাম প্রাপ্নুয়াম ॥৩৫

হে অম্বুজাক্ষ! কৃপাদৃষ্ট্যৈব সমর্দয়িতুমিত্যর্থঃ! হে অঙ্গ প্রিয়তম! যর্হি যদা ক্বচিৎ অরণ্যজনপ্রিয়স্য (অরণ্যবাসা ব্রজবাসিনঃ প্রিয়াঃ যত্র তত্র তব) রমায়া দত্তক্ষণং লব্ধোৎসবং পাদতলং অস্প্রাক্ষ স্পৃষ্টবত্যাঃ স্মঃ অভিরমিতাঃ আনন্দিতাঃ সত্যঃ তৎ প্রভৃতি তদানীং অন্যত্র পত্যাদৌ সমক্ষং অপি স্থাতুং হে অঙ্গ! বত ন পারয়ামঃ ॥৩৬

আমাদিগের যে চিত্ত এতকাল পরমসুখে গৃহকার্য্যে নিবিষ্ট ছিল, তাহা তুমি অপহরণ করিয়াছ (কিংবা যে চিত্ত গৃহে "গৃহকার্য্যে ব্যাপৃত ছিল, তাহা সুখস্বরূপ তুমি হরণ করিয়াছ); যে করযুগল গৃহকার্য্যে লিপ্ত ছিল, তাহাও তুমি অপহরণ করিয়াছ। আবার যে পাদদ্বয় গৃহকার্য্যে কিংবা গমনকার্য্যে ব্যাপৃত ছিল, সেই পাদযুগলও তোমার চরণমূল হইতে একপদও চলিতে পারিতেছে না; অতএব কিরূপে ব্রজে যাইব, ব্রজে যাইয়াই বা কি করিব ?৩৪

হে কৃষ্ণ! তোমার অধরামৃতধারায় তোমার সহাস্য অবলোকন এবং মোহন গীত প্রভৃতি দ্বারা আমাদিগের উদ্দীপিত কামাগ্নিকে নির্ব্বাপিত কর। যদি এই অগ্নি নির্ব্বাপিত না কর, তাহা হইলে হে সখে!

আমরা তোমার বিরহাগ্নিতে দেহ সমর্পণপূর্ব্বক যোগীর ন্যায় ধ্যান-যোগে তোমার পদ লাভ করিবার পন্থায় আরোহণ করিব ।৩৫

হে অম্বুজাক্ষ! আমাদিগের কোন অনির্ব্বচনীয় পুণ্যোদয়ের সময়ে কোন দুর্লভ প্রদেশে তোমা কর্ত্তৃক নিজভাব ব্যঞ্জনা দ্বারা অতিরমিত হইয়া অরণ্যজনপ্রিয় তোমার চরণতল যাহা লক্ষ্মীরও উৎসবস্থল, তাহা স্পর্শ করিয়াছিলাম, সেই অবধি আমরা অন্যসমক্ষে অনায়াসে অবস্থান করিতে পারি না অর্থাৎ পত্যাদি পুরুষান্তরের সমক্ষে অবস্থানও করিতে পারিতেছি না; তাহারা অতিতুচ্ছ, সুতরাং তাহারা আমাদের লক্ষ্যস্থল নহে, পরন্তু বলপূর্ব্বকই তাহাদিগের সমীপে বাস করিয়া থাকি ।৩৬

শ্রীর্যৎ পদাম্বুজরজশ্চকমে তুলস্তা
লব্ধাপি বক্ষসি পদং কিল ভৃত্যজুষ্টম্।
যস্যাঃ স্ববীক্ষণকৃতেঽন্যসুরপ্রয়াস-
স্তদ্বদ্ বয়ঞ্চ তব পাদরজঃ প্রপন্নাঃ ॥৩৭

তন্নঃ প্রসীদ বৃজিনার্দন তেঽঙ্ঘ্রিমূলং
প্রাপ্তা বিসৃজ্য বসতীস্ত্বদুপাসনাশাঃ।
ত্বৎসুন্দরস্মিতনিরীক্ষণতীব্রকাম-
তপ্তাত্মনাং পুরুষভূষণ দেহি দাস্যম্ ॥৩৮

বীক্ষ্যালকাবৃতমুখং তব কুণ্ডলশ্রী-
গণ্ডস্থলাধরসুধং হসিতাবলোকম্।
দত্তাভয়ঞ্চ ভুজদণ্ডযুগং বিলোক্য
বক্ষঃ শ্রিয়ৈকরমণঞ্চ ভবাম দাস্যঃ ॥৩৯

যস্যাঃ শ্রিয়ঃ স্বীক্ষণে (শ্রীঃ অন্যান্ বিলোকয়তু ইত্যেতদর্থং) উক্ত অন্যসুরপ্রয়াসঃ (অন্যেষাং সুরাণাং ব্রহ্মাদীনাং প্রয়াসঃ যত্নঃ তথাস্তি), সা শ্রীঃ (ত্বং) বক্ষসি পদম্ একান্তভাবং কিল লব্ধা অপি তুলস্যা সহ কৃষ্ণাঃ (কৃষ্ণৈঃ তুল্যৈঃ দুষ্টৈঃ দেবিতঃ) পাদরজসঃ চকমে, তদ্বৎ বয়ং চ তব পাদরজঃ প্রাপ্তুং বয়ং প্রপন্নাঃ আশ্রয়ঃ ॥৩৭

তস্মাৎ তন্নঃ প্রসীদ নঃ (অস্মাসু কৃপাং কুরু ইত্যর্থঃ) এব আশা অভিলাষো যাসাং তাঃ ত্বদুপাসনাশাঃ সত্যঃ বয়ং) বসতীঃ পতিসুতাদিসহিতান্ গৃহান্ বিসৃজ্য ত্যক্ত্বা তে তব অঙ্ঘ্রি-মূলং প্রাপ্তাঃ) তব তস্মাৎ হে বৃজিনার্দন দুঃখনাশন! হে পুরুষভূষণ সৌন্দর্যাধিক্যে। ত্বৎসুন্দরস্মিতনিরীক্ষণতীব্রকাম-তপ্তাত্মনাং (তব পুরুষস্মিতং তৎনিরীক্ষণং তত্রৈব তীব্রঃ যঃ তীব্রঃ দুঃসহবেগঃ কামঃ তেন তপ্তঃ আত্মা অন্তঃকরণং যাসাং তাসাং) যঃ অত্যন্তং প্রণীত প্রকাশঃ তব ; তাসাং দাস্যপূর্বকং রমণং দেহি সম্পাদয় ॥৩৮

অলকাবৃতমুখং (অলকৈঃ কেশৈঃ আবৃতং মুখং) কুণ্ডলশ্রী-গণ্ডস্থলাধরসুধং (কুণ্ডলয়োঃ শ্রীঃ শোভা যয়োঃ যে গণ্ডস্থলে যস্মিন্ অধরে সুধা যস্মিন্ তৎ) হসিতাবলোকং (হাসস্য অবলোকঃ যত্র তৎ মুখং) বীক্ষ্য দৃষ্ট্বা তব (কৃষ্ণস্য সলোলাপত্বং যেন তথাভূতং চ) ভুজদণ্ডযুগং ভবাভিরৈ-করমণং (শ্রিয়ঃ লক্ষ্মাঃ একং মুখ্যং রমণং যত্রাসৌ তথাভূতং) তব বক্ষঃ চ বিলোক্য বয়ং তবাম ॥৩৯

যে লক্ষ্মীর নিজাবলোকনে স্বর্গাতিরিক্ত বিষ্ণুসেন, শঙ্কর ও ব্রহ্মাদি যাবতীয় দেবগণেরই প্রয়াস, সেই লক্ষ্মী শ্রীনারায়ণের বক্ষঃস্থলে স্থান লাভ করিয়াও তুলসীর সহিত তোমার পাদপদ্মের ভৃত্যগণ-সেবিত রজঃকণা কামনা করিয়া থাকেন—(প্রেয়সী সমুচিত সেবাভিলাষ বিশেষ পরিত্যাগ পূর্ব্বক দাসোচিত সেবার অভিলাষ করিয়া থাকেন)। আমরাও তৎ তোমার পাদরজের শরণাপন্ন হইয়াছি ॥৩৭

হে দুঃখহরণ! আমরা তোমার ভজনেই আশা ধারণপূর্ব্বক সমস্ত বন্ধু, বান্ধব ও সপরিগ্রহ গৃহ পরিত্যাগ করিয়া তোমার চরণ-মূল প্রাপ্ত হইয়াছি। হে পুরুষভূষণ! (হে পুরুষরত্ন!) তোমার সুন্দর হাস্যসমন্বিত অবলোকন দ্বারা তীব্র স্মর-তাপে আমাদিগের মন কিংবা দেহ অভিতপ্ত হইয়াছে অতএব আমাদিগকে অনুগ্রহ কর এবং দাস্য প্রদান কর ॥৩৮

তোমার কুণ্ডলযুগলের শোভাসম্পন্ন গণ্ডস্থল, সুধামিশ্রিত অধর এবং সহাস অবলোকন-বিশিষ্ট বদন ও অভয়প্রদ ভুজদণ্ডযুগল, অপিচ লক্ষ্মীর সর্ব্বথা রমণস্থল বক্ষঃস্থল দর্শন করিয়া আমরা দাসী হইব—এই প্রকার অভিলাষ হইতেছে ॥৩৯

কা স্ত্রাঙ্গ তে কলপদায়তবেণুগীত-
সম্মোহিতার্যচরিতান্ন চলেৎ ত্রিলোক্যাম্।
ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং
যদ্গোদ্বিজদ্রুমমৃগাঃ পুলকান্যবিভ্রন্ ॥৪০

ব্যক্তং ভবান্ ব্রজভয়ার্তিহরোঽভিজাতো
দেবো যথাদিপুরুষঃ সুরলোকগোপ্তা।
তন্নো নিধেহি করপঙ্কজমার্তবন্ধো
তপ্তস্তনেষু চ শিরঃসু চ কিঙ্করীণাম্ ॥৪১

শ্রীশুক উবাচ।

ইত্তি বিক্লবিতং তাসাং শ্রুত্বা যোগেশ্বরেশ্বরঃ।
প্রহস্য সদয়ং গোপীরাত্মারামোঽপ্যরীরমৎ ॥৪২

তাভিঃ সমেতাভিরুদারচেষ্টিতঃ
প্রিয়েক্ষণোৎফুল্লমুখীভিরচ্যুতঃ।
উদারহাসদ্বিজকুন্দদীধিতি-
র্ব্যরোচতৈণাঙ্ক ইবোড়ুভির্বৃতঃ ॥৪৩

হে অজ শ্রীকৃষ্ণ! যে তব কলপলায়তবেণুগীতসম্মোহিতা (কলানি মধুরাণি পলানি বর্দ্ধিষ্ণু যস্য তাদৃশং দীর্ঘং মূর্চ্ছিতং চ যৎ বেণুগীতং তেন সম্মোহিতা আকৃষ্টচিত্তা সতী) ত্রৈলোক্য-সৌভগম্ (ত্রৈলোক্যস্য সৌভগং সৌন্দর্য্যাতিশয়মূক্তং) ইদং রূপং নিরীক্ষ্য ত্রিলোক্যাং কা সা স্ত্রী যা আর্য্যচরিতাৎ সদাচারাৎ স্বধর্ম্মাৎ ন চলেৎ, যৎ যস্যাং বেণুগীতশ্রবণ-দর্শনাভ্যাং গোদ্বিজদ্রুমমৃগাঃ পুলকানি অবিভ্রন্ অবিভরুঃ ॥০॥

হে আর্ত্তবন্ধো! আদিপুরুষঃ দেবঃ ভবান্ যথা সুর-লোকগোপ্তা (যথাধর্ম্ম ইন্দ্রাদিরূপেণ অবতরতি তথা) ভবান্ অপি ব্রজত্রাতিহরঃ (ব্রজস্য সর্ব্বস্য ত্রাতিহরঃ) সন্ অভিজাতঃ ইতি ব্যক্তং বিস্পষ্টং এব; ভবান্ ( ) কিঙ্করীণাং নঃ অস্মাকং তপ্তস্তনেষু শিরঃসু চ করপঙ্কজং নিধেহি সংস্থাপয় ॥১॥

শ্রীশুক উবাচ। ইতি এবং তাসাং বিক্লবিতং পরমস্ত-প্রমন্থিতং শ্রুত্বা আত্মারামঃ নিজানন্দনিমগ্নোঽপি যোগেশ্বরে-শ্বরঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ সদয়ং যথা ভবতি তথা প্রহস্য গোপীঃ অরীরমৎ রময়ামাস ॥২॥

প্রিয়েক্ষণোৎফুল্লমুখীভি (প্রিয়স্য ঈক্ষণেন দর্শনেন উৎফুল্লানি মুখানি যাসাং তাভিঃ) সমেতাভিঃ সঙ্গতাভিঃ তাভিঃ (গোপীভিঃ সহ) উদ্ভূতিঃ তারাভিঃ বৃতঃ এণাঙ্কঃ চন্দ্রঃ ইব উদারহাসদ্বিজকুন্দদীধিতিঃ (উদারেণ মহতা সুবদ্ধেন হাসেন দ্বিজস্য দন্তস্য কুন্দস্যেব দীধিতিঃ প্রভাপংক্তি যস্য সঃ) উদারচেষ্টিতঃ (উদারা মনোরমাঃ পুলকাঃ চেষ্টাঃ লীলা যস্য সঃ) অচ্যুতঃ ত্রুটিরহিতঃ শ্রীকৃষ্ণঃ ব্যরোচত অশোভত ॥৩॥

হে অজ কৃষ্ণ! এই ত্রিলোকমধ্যে বর্ত্তমান কোন্ স্ত্রী তোমার কলপদ-সমন্বিত দীর্ঘমূর্চ্ছিত (মধুরালাপ)-যুক্ত বেণুগানে বিমোহিতা হইয়া এবং ত্রৈলোক্য-সৌভাগ্য এই রূপ সন্দর্শন করিয়া আর্য্যচরিত (স্বধর্ম্ম) হইতে বিচলিত না হয়? পরন্তু সকল নারীই বিচলিত হয়। যে গীত ও রূপ শ্রবণ ও দর্শন দ্বারা গো, বৃক্ষ, পক্ষী ও বৃক্ষগণ পুলকিতভাব ধারণ করিয়া থাকে, অতএব তাহার ভোক্তৃ সব শ্রবণমাত্রেই তির্য্যক্‌জাতিসকলেরও নিজ নিজ ধর্ম্মত্যাগ দেখা যায়, সুতরাং আমাদের কথা কি বলিব? ॥০॥

আদিপুরুষ যেব নারায়ণ যেমন আপন ইচ্ছা-নুসারে সুর লোকবাসিমাত্রের রক্ষিতা হইয়া অবিতি প্রভৃতিতে আবির্ভূত হন, তদ্রূপ তুমিও ব্রজের ভয়ার্ত্তিহারী হইয়া নিশ্চয়ই সংকুলে আবির্ভূত হইয়াছ; অতএব হে আর্ত্তবন্ধো (হে কাতরদুঃখ-ভঞ্জন)! স্বাভাবিক সুশীতল সন্তাপহারী ও আনন্দ-রসপ্রদায়ী তাদৃশ তোমার করপঙ্কজ প্রথমতঃ কিঙ্করী আমাদিগের তপ্ত স্তনমণ্ডলে (স্মরজ্বরাক্রান্ত স্তনমণ্ডলে) এবং পশ্চাৎ মস্তকে সংস্থাপন কর ॥১॥

শ্রীশুকদেব বলিলেন—যোগেশ্বরেশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ গোপাঙ্গনাগণের প্রার্থনা ও উপেক্ষাব্যঞ্জক প্রেমবৈক্লব্যময় রোষ ও দৈন্যোক্ত বাক্য শ্রবণ করিয়া আত্মারাম হইলেও (স্বকীয় বচনানুরূপ প্রতিবচন-শ্রবণে চিত্তের বিকাশ হওয়ায়

উপগীয়মান উদ্গায়ন্ বনিতাশতযূথপঃ।
মালাং বিভ্রদ্ বৈজয়ন্তীং ব্যচরন্মণ্ডয়ন্ বনম্ ॥৪৪
নদ্যাঃ পুলিনমাবিশ্য গোপীভির্হিমবালুকম্।
রেমে তত্তরলানন্দিকুমুদামোদবায়ুনা ॥৪৫
বাহুপ্রসারপরিরম্ভকরালকোরু-
নীবীস্তনালভননর্মনখাগ্রপাতৈঃ।

ক্ষেল্যাবলোকহসিতৈর্ব্রজসুন্দরীণা-
মুত্তম্ভয়ন্ রতিপতিং রময়াঞ্চকার ॥৪৬
এবং ভগবতঃ কৃষ্ণাল্লব্ধমানা মহাত্মনঃ।
আত্মানং বেনিরে স্ত্রীণাং মানিন্যোঽভ্যধিকং ভুবি ॥৪৭

বনিতাশতযূথপঃ (বনিতাশতযূথানি পাতীতি সঃ শ্রীধরঃ) স্ত্রীণাং ঈশ্বরীণাম্ (বহুত্ব চ ঈশ্বরাণাং বৈজয়ন্ত্যাঃ পাক্ষবর্ণ্যেন-প্রধিত্বাৎ মালাং বিভ্রৎ বনং মণ্ডয়ন্ অলংকুর্বন্ ব্যচরৎ ॥৪৪

তত্তরলানন্দিকুমুদামোদবায়ুনা (তত্রাঃ যমুনায়াঃ তরলৈঃ তরঙ্গৈঃ আনন্দী সুখবিধায়ী চ অথো কুমুদানাম্ আমোকে বন্ধিম চ ছেদে) বায়ুনা ভূতে সেবিতঃ (রিরাঃ শৈত্যসুরভিত্বাদিগুণযুক্তঃ) নদ্যাঃ যমুনায়াঃ পুলিনম্ আবিশ্য গোপীভিঃ সহ রেমে ইত্যন্বয়ঃ ॥৪৫

বাহুপ্রসারপরিরম্ভকরালকোরুনীবীস্তনালভননর্মনখাগ্রপাতৈঃ (বাহুপ্রসারণং, পরিরম্ভঃ বলাদাকর্ষণালিঙ্গনং, করাভ্যাং অলকাদীনাং আলম্ভনং স্পর্শঃ, নর্মঃ পরিহাসঃ, নখাগ্রপাতশ্চ তৈঃ) ক্ষেল্যাবলোকহসিতৈঃ (ক্ষেল্যা ক্রীড়য়া অবলোকাঃ ললিতাদি চ তৈঃ) ব্রজসুন্দরীণাং রতিপতিং কামম্ উত্তম্ভয়ন্ উদ্দীপয়ন্ রময়াঞ্চকার তাঃ রময়ামাস ॥৪৬

এবং মহাত্মনঃ অবাঙ্মনসগোচরস্য ভগবতঃ কৃষ্ণাৎ লব্ধমানাঃ গোপাঃ ভুবি বর্তমানাসাং স্ত্রীণাং মধ্যে আত্মানম্ অত্যধিক-

---

রসশাস্ত্র-প্রসিদ্ধ ভাববিশেষ লাভ করিয়া) হাস্য করিতে করিতে আহ্লাদের সহিত সমরভাবে গোপসুন্দরীদিগকে বিহারে প্রবর্তিত করিলেন অর্থাৎ স্বয়ং অধিক আগ্রহ প্রকাশ করিলেন ।৪২

পূর্ণচন্দ্র যেরূপ তারকাগণে পরিবৃত হইয়া অধিক শোভাধারণ করেন, সেরূপ প্রিয়তমের দর্শনে প্রফুল্লাননা সমাবেতা গোপাঙ্গনাগণে পরিবেষ্টিত উদারচেষ্টিত (ভক্তগণের অভীষ্টদায়ক ভগবান্) অচ্যুত উদার-হাস্যে বিকসিত মল্লিকাসদৃশ দন্ত-পঙ্‌ক্তির কিরণ দ্বারা সমধিক শোভিত হইতে লাগিলেন ।৪৩

শত শত রমণীগণের নায়ক ভগবান্ শ্রীকৃষ্ণ (শ্রীবৃন্দাবনের শোভা সম্পাদন পূর্ব্বক) উচ্চৈঃস্বরে (সহর্ষে ভাবের উদ্বোধক চন্দ্রাদিকে) গান করিতে করিতে গোপাঙ্গনা কর্তৃক উপগীত হইয়া বৈজয়ন্তী মালা ধারণ পূর্ব্বক বনরাজি অলঙ্কৃত করিয়া ভ্রমণ করিতে লাগিলেন ।৪৪

অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ তরঙ্গসঙ্গে সুখবিধায়ী (শ্রমাপনোদক অথচ মনোরম) বিকসিতকমল-পরিমলবাহী সমীরণে (পরিবেষ্টিত) শীতল বালুকাময় রতিযোগ্য যমুনাপুলিনে গোপাঙ্গনাদিগকে লইয়া (বৈজয়ন্তীবিশেষ দ্বারা) রমণে প্রবৃত্ত হইলেন ।৪৫

শ্রীভগবান্ বাহু প্রসারণ, পরিরম্ভ (আলিঙ্গন) কর-গ্রহণ, অলক, উরু, নীবী (বস্ত্রগ্রন্থি) ও স্তন ইত্যাদির স্পর্শ এবং পরিহাস, নখাগ্রপাত, নানাবিধ ক্রীড়া অবলোকন ও হাস্য দ্বারা ব্রজসুন্দরীদিগের রতিপতি অর্থাৎ কাম বর্দ্ধিত করাইয়া রমণে প্রবৃত্ত করাইলেন ।৪৬

এইরূপে শ্রীব্রজসুন্দরীগণ মহাত্মা (অনাসক্তচিত্ত) স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের নিকট সম্মানলাভে এবং প্রণয়লাভে অভিমানিনী হইয়া এই ভূমণ্ডলে বর্ত্তমান যাবতীয় স্ত্রীগণের মধ্যে এবং যমুনা-পুলিনস্থ রমণীগণের মধ্যে আপনাকে অধিক বলিয়া মনে করিতে লাগিলেন; সুতরাং শ্রীকৃষ্ণের প্রতি মানিনী

তাসাং তৎ সৌভগমদং বীক্ষ্য মানঞ্চ কেশবঃ।
প্রশমায় প্রসাদায় তত্রৈবান্তরধীয়ত ॥৪৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥২৯

মান্যিনঃ অভিমানিন্যঃ যেষাং তে ॥৭

তাসাং গোপীনাং তৎ সৌভাগ্যমদং মানং সৌভাগ্যাভিমানং চ বীক্ষ্য কেশবঃ (কঃ ব্রহ্মা ঈশঃ রুদ্রঃ যতঃ যস্মাৎ যঃ সঃ কেশবঃ শ্রীকৃষ্ণঃ) প্রসাদায় (পরমানন্দস্বরূপতাপত্তিরূপ) প্রশমায় হইলেন এবং যাবতীয় স্ত্রীগণের প্রতি গর্ব্বিতচিত্তা হইলেন ॥৭

কেশব সেই ব্রজসুন্দরীদিগের ও শ্রীবৃষভানুকুমারীর সৌভাগ্যমদ ও মান অর্থাৎ শ্রীব্রজসুন্দরীগণের সেই সৌভাগ্যহেতুক গর্ব্ব এবং শ্রীবৃষভানুনন্দিনীর মান, ইহা বিশেষরূপে দর্শনপূর্ব্বক গর্ব্বপ্রশমনে যুক্তযুক্ত অসাধ্য মনে করিয়া এবং মানপক্ষে অনুনয়াদি করিয়াও তাঁহার প্রসন্নতা সম্পাদনে অসাধ্য দেখিয়া ব্রজসুন্দরীদিগের সেই সৌভগমদ প্রশমন করিবার নিমিত্ত (এবং মানিনী বৃষভানুনন্দিনীর প্রসন্নতাসম্পাদন করিবার নিমিত্ত) সেই স্থলেই অন্তর্হিত হইলেন ॥৪৮

শ্রীমদ্দ্বৈপায়নবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবত মহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত একোনত্রিংশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ত্রিংশঃ অধ্যায়ঃ।

[গোপীভিঃ শ্রীভগবতোঽনুসন্ধানম্, যমুনাপুলিনে তদাগমনপ্রতীক্ষণঞ্চ।]

শ্রীশুক উবাচ।

অন্তর্হিতে ভগবতি সহসৈব ব্রজাঙ্গনাঃ।
অতপ্যংস্তমচক্ষাণাঃ করিণ্য ইব যূথপম্ ॥১

গত্যানুরাগস্মিতবিভ্রমেক্ষিতৈ-
র্মনোরমালাপবিহারবিভ্রমৈঃ।
আক্ষিপ্তচিত্তাঃ প্রমদা রমাপতে-
স্তাস্তা বিচেষ্টা জগৃহুস্তদাত্মিকাঃ ॥২

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। এবং সহসা এব অকস্মাৎ ভগবতি কৃষ্ণে অন্তর্হিতে সতি তম্ অচক্ষাণাঃ অপশ্যন্ত্যঃ ব্রজাঙ্গনাঃ যূথপং গজরাজম্ অপশ্যন্ত্যঃ করিণ্যঃ ইব অতপ্যন্ পরিতাপম্ চক্রুঃ ॥১

গত্যা অনুরাগস্মিতবিভ্রমেক্ষিতৈঃ (অনুরাগঃ স্বিতং চ তাভ্যাং বিভ্রমেক্ষিতানি দর্শিলালসনীক্ষণানি তৈঃ) মনোরমালাপ-বিহার-বিভ্রমৈঃ (মনোরমাঃ আলাপাঃ বিহারাঃ

ত্রিংশ অধ্যায়।

[গোপীগণকর্ত্তৃক শ্রীভগবানের অনুসন্ধান এবং যমুনাপুলিনে তাঁহার আগমনের জন্য প্রতীক্ষা।]

শ্রীশুকদেব বলিলেন—শ্রীভগবান্ সহসা অন্তর্হিত হইলে শ্রীব্রজাঙ্গনাগণ তাঁহাকে দর্শন করিতে না পাইয়া যূথপতি মত্ত গজেন্দ্রের অদর্শনে করিণীগণের ন্যায় সন্তাপ করিতে লাগিলেন।১

প্রমদাগণ রমাপতি শ্রীকৃষ্ণের সাধারণ গতি এবং অনুরাগ (স্ব-বিষয়ক কান্ত যোগ্য ভাব) ও হাস্য

গতিস্মিতপ্রেক্ষণভাষণাদিষু
প্রিয়াঃ প্রিয়স্য প্রতিরূঢ়মূর্তয়ঃ।
অসাবহম্বিত্যবলাস্তদাত্মিকা
ন্যবেদিষুঃ কৃষ্ণবিহারবিভ্রমাঃ ॥৩

গায়ন্ত্য উচ্চৈরমুমেব সংহতা
বিচিক্যুরুন্মত্তকবদ্ বনাদ্ বনম্।
পপ্রচ্ছুরাকাশবদন্তরং বহি-
র্ভূতেষু সন্তং পুরুষং বনস্পতীন্ ॥৪

দৃষ্টো বঃ কচ্চিন্নশথ প্লক্ষ ন্যগ্রোধ নো মনঃ।
নন্দসূনুর্গতো হৃত্বা প্রেমহাসাবলোকনৈঃ ॥৫

কচ্চিৎ কুরবকাশোক-নাগপুন্নাগচম্পকাঃ।
রামানুজো মানিনীনামিতো দর্পহরস্মিতঃ ॥৬

ক্রীড়াঃ. বিভ্রমাঃ ভ্রোক্রিয়াশ্চেষ্টাঃ হৈঃ) আকিঞ্চিত্যাঃ (আকিঞ্চন্যানি আকল্পাদীনি চিত্তানি যাসাং তাঃ) তদাত্মিকাঃ প্রাপ্ত-তদ্ভাবভাবিতাঃ প্রমদাঃ গোপাঃ হরণশীলঃ কৃষ্ণ তাঃ তাঃ বিচেষ্টাঃ পূতনা-পয়ঃপানাদি-লীলাঃ তদ্বতঃ কৃষ্ণবত্তাঃ ॥২

প্রিয়স্য কৃষ্ণস্য গতিস্মিত:প্রেক্ষণভাষণাদিষু প্রতিরূঢ়-মূর্তয়ঃ (প্রতিরূঢ়াঃ আবিষ্টাঃ মূর্তয়ঃ যেষাংগাদি যাসাং তাঃ) তদাত্মিকাঃ প্রিয়াঃ অবলাঃ গোপাঃ তু কৃষ্ণবিহারবিভ্রমাঃ (কৃষ্ণস্য এব বিহার-বিভ্রমাঃ ক্রীড়াবিলাসাঃ যাসাং তাঃ) অহম্ অসৌ কৃষ্ণঃ ইতি (পরস্পরং) ন্যবেদিষুঃ নিবেদিতবত্যঃ ॥৩

কিঞ্চ সংহতাঃ মিলিতাঃ সত্যঃ উচ্চৈঃ গায়ন্ত্যঃ বনাৎ বনাতরং গচ্ছন্ত্যঃ অমুং শ্রীকৃষ্ণং এব উন্মত্তকবৎ বিচিন্ত্যুঃ অন্বেষয়ন্। (যতঃ) আকাশবৎ কৃষ্ণেষু চরাচরেষু বহিঃ অন্তরং ব্যাপ্য সন্তং বর্তমানং পুরুষং পূর্ণং (অপি শ্রীকৃষ্ণং) বনস্পতীন্ পপ্রচ্ছুঃ জিজ্ঞাসয়াঞ্চক্রুঃ ॥৪

হে অশথ প্লক্ষ ন্যগ্রোধ ! যঃ ত্বয়াতিঃ কচিৎ নন্দসূনুঃ দৃষ্টঃ, (যঃ) প্রেমহাসাবলোকনৈঃ মনঃ অস্মাকং বনঃ হৃত্বা (চৌরঃ) গতঃ ॥৫

হে কুরবকাশোক-নাগ-পুন্নাগ-চম্পকাঃ! মানিনীনাং গর্ব-হরৌস্মিতঃ অস্মাকং দর্পহরস্মিতঃ (দর্পহরং স্মিতং যস্য সঃ) রামানুজঃ কৃষ্ণঃ ইতঃ (অস্মিন মার্গেণ) কচিৎ গতঃ (বঃ দৃষ্টঃ) ॥৬

দ্বারা বিভ্রমেঙ্গিত এবং মনোরম আলাপ, বিহার (শৃঙ্গারচেষ্টা) ও বিভ্রম (শৃঙ্গারভাব-বিশেষ) দ্বারা আকৃষ্ট চিত্তা ও কৃষ্ণময়ী হইয়া পূর্বোক্ত তত্তৎ বিবিধ চেষ্টা গ্রহণ করিলেন।২

শ্রীকৃষ্ণাত্মিকা শ্রীকৃষ্ণপ্রিয়া অবলাগণ প্রিয়তমের যে গতি, মধুর-হাস্য, মনোহর-দর্শন, মধুর-সম্ভাষণ, বিহার ও বিভ্রমতাহাতে প্রতিরূঢ়মূর্ত্তি (আবিষ্টচিত্তা) ও শ্রীকৃষ্ণবিহারবিভ্রমা হইয়া "আমিই সেই কৃষ্ণ, কিংবা সেই কৃষ্ণই আমি" এই প্রকারে পরস্পর নিবেদন করিতে লাগিলেন।৩

ব্রজাঙ্গনাগণ শ্রীকৃষ্ণকে উন্মত্তবৎ অন্বেষণ করিবার নিমিত্ত পরস্পর মিলিত হইয়া শ্রীকৃষ্ণকেই উচ্চৈঃস্বরে গান করিতে করিতে উন্মত্তের ন্যায় বন হইতে বনান্তরে অন্বেষণ করিতে লাগিলেন, এবং আকাশবৎ অর্থাৎ আকাশ যেমন অন্তরে বাহিরে ব্যাপিয়া থাকে, তদ্রূপ সর্বজীবের অন্তরে বাহিরে অবস্থিত পরম পুরুষ শ্রীকৃষ্ণের কথা বনস্পতিগণকে জিজ্ঞাসা করিতে লাগিলেন।৪

হে অশথ! হে প্লক্ষ! (হে পাকুড় বৃক্ষ!) হে ন্যগ্রোধ! (হে বট!) নন্দ-নন্দন শ্রীগোবিন্দ প্রেম হাস্যাবলোকন দ্বারা আমাদিগের মনোহরণ করিয়া গিয়াছেন। তোমরা কি তাঁহাকে দেখিয়াছ?৫

হে কুরবক! হে অশোক! হে নাগ! হে পুন্নাগ! হে চম্পক! যাঁহার সুমধুর হাস্যে মানিনী-দিগের দর্প চূর্ণ হয়, সেই রামানুজ শ্রীকৃষ্ণ কি এই পথে গমন করিয়াছেন? তোমরা কি তাঁহাকে দেখিয়াছ? কিংবা এখানেই কি কোন স্থানে লুক্কায়িত হইয়া রহিয়াছেন?৬

কচ্চিৎ তুলসি কল্যাণি গোবিন্দচরণপ্রিয়ে।
সহ ত্বালিকুলৈর্বিভ্রৎ দৃষ্টস্তেঽতিপ্রিয়োঽচ্যুতঃ ॥৭

মালত্যদর্শি বঃ কচ্চিন্মল্লিকে জাতি যূথিকে।
প্রীতিং বো জনয়ন্ যাতঃ করস্পর্শেন মাধবঃ ॥৮

চূতপ্রিয়ালপনসাসনকোবিদার-
জম্বর্কবিল্ববকুলাম্রকদম্বনীপাঃ।
যেঽন্যে পরার্থভবকা যমুনোপকূলাঃ
শংসন্তু কৃষ্ণপদবীং রহিতাত্মনাং নঃ ॥৯

কিং তে কৃতং ক্ষিতি তপো বত কেশবাঙ্ঘ্রি-
স্পর্শোৎসবোৎপুলকিতাঙ্গরুহৈর্বিভাসি।
অপ্যঙ্ঘ্রিসম্ভব উরুক্রমবিক্রমাদ্ বা
আহো বরাহবপুষঃ পরিরম্ভণেন ॥১০

হে গোবিন্দ-চরণ-প্রিয়ে তুলসি! অলিকুলৈঃ সহ বা ত্বাং বিভ্রৎ অতিপ্রিয়ঃ অচ্যুতঃ কৃষ্ণঃ তে দৃষ্টা দৃষ্টঃ ॥৭

হে মালতি মল্লিকে জাতি যূথিকে! করস্পর্শেন বঃ যুষ্মাকং প্রীতিং জনয়ন্ মাধবঃ কৃষ্ণঃ কচ্চিৎ যাতঃ, যুষ্মাভিঃ অদর্শি দৃষ্টঃ ॥৮

হে চূত-প্রিয়াল-পনসাসন-কোবিদার জম্বু-র্ক-বিল্ব-বকুলাম্র-কদম্ব-নীপাঃ! যে অন্যে পরার্থভবকাঃ (পরার্থ এব ভবঃ জন্ম যেষাং তে) যমুনোপকূলাঃ যমুনাকূলবর্তীনঃ বৃক্ষাঃ ঊর্ধ্ববাসিনঃ রহিতাত্মনাং (কৃষ্ণাশ্লেষেণ শূন্যাত্মনাং শূন্যচেতসাং) নঃ অস্মাকং কৃষ্ণপদবীং কৃষ্ণপ্রাপ্তিমার্গং শংসন্তু কথয়ন্তু ॥৯

হে ক্ষিতি ক্ষিতে! তে ত্বয়া কিং তপঃ কৃতং, বত (খেদে) কেশবাঙ্ঘ্রিস্পর্শোৎসবঃ (কেশবস্য কৃষ্ণস্য অঙ্ঘ্রিস্পর্শেন উৎসবঃ তস্যাঃ তথাভূতা সতী) বিভাসি, তথা অঙ্গলৈঃ হর্ষিত-তনুভিঃ উৎপুলকিতা রোমাঞ্চিতা বিভাসি শোভসে। (অহং উৎসবঃ কিম্) অঙ্ঘ্রিসম্ভবঃ (ইত্যাদৌ তব এবারোপ-তস্যাঙ্ঘ্রিস্পর্শসম্ভূতঃ অপি উরুক্রমবিক্রমাৎ (পূর্ব্বমেব ত্রিবিক্রমত পদা সর্ব্বাক্রমণাৎ) বা আহো অথবা (উতোঽপি পূর্ব্বং বরাহাবতারস্য তব বপুষঃ) পরিরম্ভণেন ॥১০

হে কল্যাণি! (হে মঙ্গলকারিণি কিংবা হে পরম সৌভাগ্যবতি!) হে গোবিন্দচরণপ্রিয়ে তুলসি! যিনি অলিকুলের সহিত বর্ত্তমান তোমাকে ইতিপূর্ব্বে বৈজয়ন্তীমালার অন্তর্গতরূপে কিংবা অধুনাই চয়ন করিয়া মালাদিরূপে ধারণ করিয়াছেন, সেই তোমার অতিপ্রিয় অচ্যুতকে কি দর্শন করিয়াছ?৭

হে মালতি! হে মল্লিকে! হে জাতি! হে যূথিকে! শ্রীমাধব করস্পর্শ দ্বারা তোমাদিগের প্রীতি-উৎপাদন করিয়া এই দিক্ দিয়া গমন করিয়াছেন কি? তোমরা তাঁহাকে দেখিয়াছ কি?৮

হে চূত! হে প্রিয়াল! হে পনস! হে অসন! হে কোবিদার! হে জম্বো! হে অর্ক! হে বিল্ব! হে বকুল! হে আম্র! হে কদম্ব! হে নীপ! হে নারিকেল! হে ওষধিজাতি অন্যান্য তরুগণ! তোমরা পরের উপকার সাধন করিবার নিমিত্ত বৃক্ষজন্ম গ্রহণ করিয়া যমুনার উপকূলে আশ্রয় লইয়া ঊর্ধ্ববাসী হইয়াছ। আমরা কৃষ্ণ-বিরহে আত্মহারা হইয়াছি, সুতরাং শ্রীকৃষ্ণ কোন্ পথে গমন করিয়াছেন, তাহা আমাদিগের নিকট বর্ণন কর।৯

হে ধরিত্রি! হায়! তুমি কি তপস্যা করিয়াছ যে স্নিগ্ধ দূর্ব্বাদূরস্থলে পুলকধারণপূর্ব্বক শ্রীভগবানের পাদপদ্ম স্পর্শজাত আনন্দে আনন্দিতা হইয়া শোভিতা হইতেছ। এই আনন্দ কি তোমার অঙ্গে শ্রীভগবানের চরণতলস্পর্শজাত? কিংবা ক্ষতি-বর্দ্ধিত ত্রিবিক্রমের চরণনিক্ষেপ দ্বারা সর্ব্বক্রম-সম্ভূত, অথবা-বরাহ-অবতারে বরাহবপুঃ আলিঙ্গন দ্বারা হইয়াছে? তাহা বর্ণন কর।১০

অপ্যেণপত্নুপগতঃ প্রিয়রেহ গাত্রৈ-
স্তন্বন্ দৃশাং সখি সুনির্বৃতিমচ্যুতো বঃ।
কান্তাঙ্গসঙ্গকুচকুঙ্কুমরঞ্জিতায়াঃ
কুন্দস্রজঃ কুলপতেরিহ বাতি গন্ধঃ ॥১১

বাহুং প্রিয়াংস উপধায় গৃহীতপদ্মো
রামানুজস্তুলসিকালিকুলৈর্মদান্ধৈঃ।
অন্বীয়মান ইহ বস্তরবঃ প্রণামং
কিং বাভিনন্দতি চরন্ প্রণয়াবলোকৈঃ ॥১২

পৃচ্ছতেমা লতা বাহূনপ্যাশ্লিষ্টা বনস্পতেঃ।
নূনং তৎকরজস্পৃষ্টা বিভ্রত্যুৎপুলকান্তহো ॥১৩

ইত্যুন্মত্তবচো গোপ্যঃ কৃষ্ণান্বেষণকাতরাঃ।
লীলা ভগবতস্তাস্তা হ্যনুচক্রুস্তদাত্মিকাঃ ॥১৪

কস্যাশ্চিৎ পূতনায়ন্ত্যাঃ কৃষ্ণায়ৈবং স্তনং দদৌ।
তোকায়িত্বা রুদত্যন্যা পদাহন্ শকটায়তীম্ ॥১৫

দৈত্যায়িত্বা জহারান্যামেকো কৃষ্ণার্ভকীভবন্।
বিস্মর্যমাণ কাপ্যাহ্বৌ কর্ষন্তী ঘোষনিঃস্বনৈঃ ॥১৬

অথ দর্শনানন্তরং সপদি ঝটিতি রথাৎ আরুঢ়ঃ অবতীর্ণঃ অহং যোগিভিঃ অপি বিধা ধৃতং চিন্তিতং, ন তু সাক্ষাৎ দৃষ্টং প্রধানপুংসোঃ মূলবস্তুময়োঃ ঈশয়োঃ রাম-কৃষ্ণয়োঃ চরণং স্বলব্ধয়ে অন্যান্যচিন্তারাজ্যাদিত-স্বপ্রযোজ্যবর্গণ-প্রকাশায়, তথা আত্মানং অন্যয়োঃ, সখীন্ বনৌকসঃ ব্রহ্মবয়াদিনঃ চ ধ্রুবং নিশ্চিতম্ (যথা) নমস্যে নমস্করিষ্যামি ॥১৫

কর্ম্ম, জন্মদ্বারা যুক্ত ভগবানের বাক্যসকল নিশ্চয়ই এই জগৎকে উজ্জীবিত, শোভিত এবং পবিত্রিত করে; পক্ষান্তরে যে সকল বাক্য গুণ ও অহঙ্কারাদি বিশিষ্ট হইলেও সেই গুণ কর্ম্ম এবং জন্মবিহীন সেই সকল বাক্য পদসৌন্দর্য্য ও অর্থ-সৌন্দর্য্যসম্পন্ন হইলেও বস্ত্রাদি ভূষাদ্বারা অলঙ্কৃত শবের ন্যায় অকিঞ্চিৎকর ॥১২

যিনি স্বরচিত বর্ণাশ্রম ধর্ম্মের রক্ষাকারী দেবগণের সুখদাতা সেই ঈশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ যদুবংশে অবতীর্ণ হইয়া যশোরাশি বিস্তারপূর্ব্বক ব্রজে বাস করিতেছেন এবং যাঁহার অশেষ মঙ্গলকর যশঃসকল দেবগণ গান করিয়া থাকেন ॥১৩

যদি বল—এইরূপ সাধারণ হইলেও তাহাতে তোমার বিশেষ বৈশিষ্ট্য কি? তাই বলিতেছেন—

যেহেতু আজ আমার প্রভাতসময় সুদর্শন (সুখ-প্রভাত), অতএব আজ সাধুদিগের একমাত্র গতি, হিতকারী, ত্রৈলোক্যসুন্দর চক্ষুষ্মান্দিগের পরম উৎসব ও লক্ষ্মীর বাঞ্ছিতবিগ্রহ সেই শ্রীকৃষ্ণকে নিশ্চয়ই দর্শন করিব ॥১৪

শ্রীঅক্রূর মহাশয় পরমভক্ত, সুতরাং কেবল দর্শন মাত্রে তৃপ্তি না হওয়ায় অন্যরূপ অভিলাষ করিতেছেন—

অনন্তর তাঁহার দর্শনানন্তর রথ হইতে অবতীর্ণ হইয়া অবরোহণ সময়ে আমি (ভগবৎপ্রাপ্তির নিমিত্ত ভক্তিনিষ্ঠ যোগিগণের কথা কি?) আত্মারাম যোগিগণ কর্ত্তৃক বিচারপূর্ব্বক দৃঢ়তাসহকারে চিন্তিত প্রধানপুরুষ শ্রীকৃষ্ণের চরণ আর ইহাদিগের সহিত রামকৃষ্ণের সখা গোপদিগকে এবং সমস্ত ব্রজবাসিদিগকে নমস্কার করিব ॥১৫

অপ্যঙ্ঘ্রিমূলে পতিতস্য মে বিভুঃ
শিরস্যধাস্যব্জিজহস্তপঙ্কজম্।
দত্তোভয়ং কালভুজঙ্গরংহসা
প্রোদ্বেজিতানাং শরণৈষিণাং নৃণাম্ ॥১৬

সর্বাশিষং যত্র নিধায় কৌশিক-
স্তথা বলিশ্চাপ জগত্রয়েশ্বরাম্।
বধূ বিহারে ব্রজযোষিতাং ক্রম-
স্পর্শেন সৌগন্ধিকগন্ধ্যপাসুদৎ ॥১৭

ন যস্যাপৈত্যন্যবৃদ্ধিব্যুচ্যুতঃ
কংসস্য সূতঃ প্রহিতোঽপি বিদ্বদৃক্।
যোঽন্তর্বহির্হিশ্চেতস এতদীহিতং
ক্ষেত্রজ্ঞ ঈক্ষত্যমলেন চক্ষুষা ॥১৮

অপ্যঙ্ঘ্রিমূলেঽবহিতঃ কৃতাঞ্জলিঃ
সায়ীক্ষিতা সস্মিতমার্দ্রয়া দৃশা।
সপদ্যপধ্বস্তসমস্তকিল্বিষো
যোঢ়া মুদং বীতবিশঙ্ক উজ্জিতাম্ ॥১৯

অন্বয়ঃ। অঙ্ঘ্রিমূলে পতিতস্য মে যম শিরসি বিভুঃ কৃষ্ণঃ কাল-ভুজঙ্গরংহসা (কালঃ এব ভুজঙ্গঃ তস্য রংহসা বেগেন) প্রোদ্বেজিতানাং অত্যন্তভীতানাং অতএব শরণৈষিণাং স্ব-রক্ষকত্বেন অন্বীক্ষমাণানাং নৃণাং দত্তাভয়ং (দত্তম্ অভয়ং যেন তৎ) বিজয়ত্বপঙ্কজম্ অব্যাদ্যং আধাত্তে অপি (কিং ভেবাহং কৃতার্থো ভবামি) ॥১৬

কৌশিকঃ (কৌশিকগোত্রোৎপন্নঃ ইন্দ্রঃ কল্পে পূর্ব-জন্মনি) তথা বলিঃ (বৈরোচনিঃ পঞ্চত্রং-পরিমিত-বৃত্তল-দান-সময়ে) যত্র যস্মিন্ হরি-কমলে সর্বাশিষং জগন্মাত্রং বিধায় (সমর্প্য) জগত্রয়েশ্বরাম্ অবাপ, যা অহো! বিহারে রাসক্রীড়ায়াং ব্রজযোষিতাং বিহারজ সৌগন্ধিকগন্ধি (সৌগন্ধিকস্য কমল-বিশেষস্য গন্ধ ইব গন্ধো যস্য তথাভূতস্য) যৎ প্রেম স্পর্শেন

সম্প্রতি ভক্তিবিশেষের উদয় হওয়ায় নমস্কারেও তৃপ্তি না হওয়ায় করস্পর্শদ্বারা মনোরথ পূর্ণ করিতেছেন—

আমি পদতলে পতিত হইলে বিভু ভগবান্ শ্রীকৃষ্ণ কালসর্পের বেগে উদ্বেজিত সংসার ভয়ে ভীত শরণাগত জনগণের অভয়দ যাঁর করকমল আমার মস্তকে স্থাপন করিবেন।।১৬

পুনর্ব্বারও সেই করকমলের বর্ণন করিয়া যাঁর মনোরথের প্রবলতা বলিতেছেন—

সেই করপদ্মে পূজোপকরণ প্রদান করিয়া ইন্দ্র ও বলি ত্রিজগতের ঈশ্বর লাভ করিয়াছিলেন, যাবনসরোবরস্থ কমলপতি সেই করপদ্ম রাস-ক্রীড়ামন্ডল সম্প্রয়োগসময়ে ব্রজরমণীগণের বিহার-

---

অপাস্যদ্বং দুরীচকার ॥১৭

যদ্যপি অহম্ কংসেন প্রেরিতঃ প্রেরিতঃ, তথাপি বিদ্বদৃক্ সর্ব্বসাক্ষী অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ কংসস্য সূতঃ অহম্ ইতি যদি অবিবুদ্ধি ন ঔপেক্ষতি ন করিষ্যতি, যঃ ক্ষেত্রজ্ঞঃ সাক্ষী অমলেন যথার্থপ্রত্যয়েন সমর্থেন চক্ষুষা চিজ্জড়া চেতসঃ অন্তর্বহিঃ (বিষয়ত প্রাণিজাতস্য) ঈহিতং চেষ্টিতম্ ঈক্ষতে ॥১৮

অপি অঙ্ঘ্রিমূলে চরণোপান্তে অবহিতঃ সংযতঃ পতিতঃ, কৃতাঞ্জলিঃ যাং সস্মিতং যথা তথাস্যাৎ তথা কৃপামৃদুল অর্দ্রয়া দৃশা দৃষ্ট্যা ঈক্ষিতা ভক্ত্যাতি, তর্হি সপদি-তৎক্ষণ এব অপগত-সমস্ত-কিল্বিষঃ (অপগতঃ বিনষ্টঃ সমস্তঃ কিল্বিষঃ দুরিতং যস্য সঃ) বীতবিশঙ্কঃ (বীতা বিগতা পুনর্জ্জন্মাদিশঙ্কা যস্য তথাভূতঃ সন্) অহম্ উজ্জিতাং প্রকৃষ্টাং মুদং যোঢ়া প্রাপ্তবান্ ভবিষ্যামি ॥১৯

জনিত হর্ষজল স্পর্শদ্বারা মার্জ্জনা করিয়াছিল ॥১৭

এইরূপে পরম অনুগ্রহ সম্ভাবনা করিয়া পুনরায় তাহা অসম্ভব মনে করিয়া বলিতেছেন ;—

যদিও আমি কংসপ্রেরিত, সুতরাং কংসের সুত, তথাপি বিশ্বদর্শী অনুপ-জ্ঞানৈশ্বর্য্য শ্রীকৃষ্ণ আমার প্রতি শত্রুভাবনা করিবেন না, যিনি ক্ষেত্রজ্ঞ সুতরাং অমল চক্ষুদ্বারা আমার হৃদয়ের বহির্ভাগে ও অন্তর্ভাগে এবং এই সকল জাতের কার্য্যকলাপ দর্শন করেন অর্থাৎ এক সময়ে সমস্ত সাক্ষাৎ করিয়া থাকেন ॥১৮

আমি কৃতাঞ্জলিপুটে চরণোপান্তে প্রণত হইলে শ্রীকৃষ্ণ তখন যদি সহাস্যে কৃপার্দ্রলোচনে আমাকে দর্শন করেন, তাহা হইলে তৎক্ষণাৎ আমি কংসের

সুহৃত্তমং জ্ঞাতিমনস্তদৈবতং
দোর্ভ্যাং বৃহদ্ভ্যাং পরিরভ্যতেঽথ মাম্।
আত্মা হি তীর্থীক্রিয়তে তদৈব মে
বন্ধশ্চ কর্মাত্মক উচ্ছ্বসত্যতঃ ॥২০

লজ্জাসহস্রং প্রণতং কৃতাঞ্জলিং
মাং বক্ষ্যতেঽকৃত্রুব ততোত্যুরুশ্রবাঃ।
তদা বরং জন্মকৃতো মহীয়সা
নৈবাদৃতো যো দ্বিগমুষ্য জন্ম তৎ ॥২১

ন তস্য কশ্চিদ্ দয়িতঃ সুহৃত্তমো
ন চাপ্রিয়ো দ্বেষ্য উপেক্ষ্য এব বা।
তথাপি ভক্তান্ ভজতে যথা তথা
সুরদ্রুমো যদ্বদুপাশ্রিতোঽর্থদঃ ॥২২

ত্রিজো মাবনতং বদূত্তমঃ
স্মরন্ পরিষ্বজ্য গৃহীতমঞ্জলৌ।
গৃহং প্রবেশ্যাপ্তসমস্তসৎকৃতং
সম্প্রক্ষ্যতে কংসকৃতং স্মরন্নৃণ ॥২৩

অথ কর্মবন্ধতঃ, সঃ যদি সুহৃত্তমঃ জ্ঞাতিঃ পিতৃব্যাদ্, অনন্তদৈবতঃ (ন বিদ্যতে দ্বয়াৎ অন্যঃ দৈবতং যস্য সঃ) মাং বৃহদ্ভ্যাং দোর্ভ্যাং হস্তাভ্যাং পরিরভ্যতে আলিঙ্গতি, তদৈব মে আত্মা অন্তঃকরণবিশিষ্টো জীবঃ হি তীর্থীক্রিয়তে পবিত্রো ভবিষ্যতি, অতঃ অস্মাৎ আলিঙ্গনাৎ মে কর্মাত্মকঃ বন্ধঃ চ উচ্ছ্বসতি শিথিলো ভবিষ্যতি ॥২০

তথা তদা উরুশ্রবাঃ বহুযশাঃ শ্রীকৃষ্ণঃ লজ্জাসহস্রং (লজ্জা-সহস্রং পরিত্যজ্য যেন তং) প্রণতং হস্তাঞ্জলিং মাং হে অক্রূর! হে তাত! ইতি চ বক্ষ্যতে সম্বোধয়িষ্যতি, তদা বরং জন্মকৃতঃ সফলজন্মনঃ ভবিষ্যামঃ; যঃ তু পুনান্ মহীয়সা সর্বপূজ্যেন ভগবতা বৈব আদৃতঃ বহুসৌভাগ্যেন কৃতীতঃ, অমুষ্য পুনঃ তজ্জন্ম দ্বিঃ বিজন্মবৎ ॥২১

তস্য এবম্ভূতস্য হরেঃ কশ্চিৎ দয়িতঃ প্রিয়ঃ, অপ্রিয়ঃ, সুহৃত্তমঃ হিতকারী, দ্বেষ্যঃ বা উপেক্ষ্যঃ এব ন, তথাপি সুহৃত্তমঃ কল্পতরুঃ যথা উপাশ্রিতঃ (উপাশ্রিতাবাং তজ্জনাবেশ) অর্থদঃ ফলপ্রদো ভবতি, তথা ভক্তান্ আশ যথা-যথা ভজতে তথা ॥২২

কিঞ্চ সুহৃত্তমঃ অগ্রজঃ বলরামঃ স্মরন্ ঘনং অবনতং কৃত-প্রণামং মাং পরিষ্বজ্য আলিঙ্গ্য অঞ্জলৌ গৃহীতং মাং গৃহং প্রবেশ্য তত্র আপ্ত-সমস্ত-সৎকৃতং (আপ্তানি প্রাপ্তানি সমস্ত সৎকৃতানি অর্ঘ্যাদীনি যেন তং) মাং প্রতি স্বকৃতং কংসকৃতম্ (অপ-কারাদিকং) সংপ্রক্ষ্যতে ॥২৩

সেবাবিরূপ সমস্ত পাপ বিনষ্ট ও সর্ববিধ সদ্ভাবযুক্ত হইয়া নিরভিশয় আনন্দ লাভ করিব ॥১৯

তাহাতেও তৃপ্তি না হওয়ায় অক্রূর অভিলাষ প্রকাশ করিতেছেন—

অনন্তর তিনি যদি পরম মিত্র, জ্ঞাতি ও অনন্য দৈবত আমাকে বৃহৎ বাহুদ্বারা আলিঙ্গন করেন, তবে তখনই আমার আত্মা পবিত্রীকৃত হইবে, কারণ সেই আলিঙ্গনহেতু কর্মাত্মক বন্ধ শিথিল হইবে—সন্দেহ নাই ॥২০

পুনরায় অক্রূর মনোরথ প্রকাশ করিতেছেন—

উরুশ্রবা শ্রীকৃষ্ণ—যখন অঞ্জলি প্রাপ্ত সুতরাং প্রণত হস্তাঞ্জলিযুক্ত আমাকে "হে অক্রূর! হে তাত!" ইত্যাদি সম্বোধন করিবেন, তখন আমি সফলজন্মা হইব, যে ব্যক্তি শ্রীভগবান্ কর্তৃক সম্ভাষণাদিদ্বারা আদৃত হয় না, তাহার সেই জন্ম দ্বিজ ॥২১

সুহৃত্তমত্ব ও জ্ঞাতিত্বাদি প্রযুক্ত আলিঙ্গন আলাপনপ্রভৃতি যে জীব ধর্ম, তাহা মাত্র সুহৃদ্-ধর্মের প্রতি প্রযুক্ত হয়, সুতরাং তাহা কিরূপে ঈশ্বরের প্রতি প্রযুক্ত হইতে পারে তাহাই বলিতেছেন—

যদিও সকলের প্রতি মদনী সেই শ্রীকৃষ্ণের কেহ প্রিয় বা সুহৃত্তম নাই এবং কোন অপ্রিয় দ্বেষ্য বা উপেক্ষ্য নাই, তথাপি যেরূপ কল্পতরু আরাধিত হইলে বাঞ্ছিতার্থ প্রদান করিয়া থাকে, তদ্রূপ, তদ্রূপ তাঁহাকে যেমন ভজন করেন তিনিও

শ্রীশুক উবাচ।

ইতি সঞ্চিন্তয়ন্ কৃষ্ণং ভক্তকৃতনয়োঽধ্বনি।
রথেন গোকুলং প্রাপ্তঃ সূর্য্যশ্চাস্তগিরিং নৃপ ॥২৪
পদানি তস্যাখিললোকপাল-
কিরীটজুষ্টামলপাদরেণোঃ।
দদর্শ গোষ্ঠে ক্ষিতিকৌতুকানি
বিলক্ষিতান্যব্জযবাঙ্কুশাদ্যৈঃ ॥২৫

তদ্দর্শনাহ্লাদবিবৃদ্ধসম্ভ্রমঃ
প্রেমোর্দ্ধরোমাশ্রুকলাকুলেক্ষণঃ।
রথাদবস্কন্দ্য স তেষ্বচেষ্টত
প্রভোরমূন্যঙ্ঘ্রিরজাংস্যহো ইতি ॥২৬
দেহং কৃতামিত্যনয়ৎ ধিয়া হরে-
র্যো দুস্ত্যজান্ দারসুতাপ্তবন্ধূন্।
সন্মেপাত্ যো হরেলিঙ্গদর্শনশ্রবণাদিভিঃ ॥২৭

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং পক্ষকতনয়ঃ অক্রূরঃ অধ্বনি মার্গে কৃষ্ণং এবং সঞ্চিন্তয়ন্ রথেন গোকুলং প্রাপ্তঃ। হে নৃপ! তদা সূর্য্যশ্চ অস্তগিরিং অস্তং প্রাপ্তঃ ॥২৪

তস্য চ ক্ষিতি-কৌতুকানি (ক্ষিতেঃ কৌতুকানি অলঙ্কারস্বরূপাণি) অব্জ-যবাঙ্কুশাদ্যৈঃ রেখাভিঃ বিলক্ষিতানি অঙ্কিতানি, অখিল-লোকপাল-কিরীট-জুষ্টামল-পাদরেণোঃ অখিলৈঃ লোকপালৈঃ কিরীটৈঃ জুষ্টাঃ সেবিতাঃ অমলাঃ অবিদ্যাদি-সকল-মল-বিবর্জ্জিতাঃ পাদরেণবঃ যস্য) তস্য তস্যচ্চ পদানি দদর্শ ॥২৫

তদ্দর্শনাহ্লাদবিবৃদ্ধসম্ভ্রমঃ (তেষাং পদচিহ্নানাং দর্শনেন যঃ আহ্লাদঃ তেন বিবৃদ্ধঃ সম্ভ্রমঃ ব্যাকুলত্বং যস্য সঃ) প্রেম্না উদ্ভূতরোমাশ্রুকলাকুলেক্ষণঃ (উদ্গতানি উৎকিতানি রোমাণি যস্য সঃ তথা অশ্রুণাং হর্ষজানাং কলাভিঃ লেশৈঃ আকুলে ঈক্ষণে যস্য সঃ) সঃ অক্রূরঃ অহো! অদ্যহি প্রভোঃ কৃষ্ণস্য অঙ্ঘ্রি-রজাংসি ইতি (বিভক্তিলুপ্) রথাৎ অবরহ্য অবতীর্য্য তেষু পাদচিহ্নেষু অচেষ্টত ব্যলুঠৎ ॥২৬

দেহেনাৎ তত্তদপেক্ষণাৎ হরেঃ, ধিয়া তথা, তৎ শোকং চ ক্ষিপ্ত্বা হরেঃ নিজদর্শনশ্রবণাদিভিঃ (নিজানাং মূর্দ্ধীনাং দর্শনং শ্রবণং চ আদি যেষাং তৈঃ) যঃ সঃ দেহং কৃতার্থং প্রাপিতবান্ ইত্যনুবাদোঽয়ং এবং অর্থঃ পরমপুরুষার্থঃ ॥২৭

তদ্রূপদিগকে সেইরূপ ভজনা করিয়া থাকেন।২২

এইরূপে কায়, বাক্য ও মনের ভগবদ্বিষয়ক অভিলাষ প্রকাশ করিয়া শ্রীবলরামবিষয়ক অভিলাষ প্রকাশ করিতেছেন ;—যদুত্তম অগ্রজ শ্রীবলদেব হাসিতে হাসিতে অবনত আমাকে আলিঙ্গনপূর্ব্বক আপন দক্ষিণ হস্তে মৎকৃত অঞ্জলি গ্রহণ করিয়া আমাকে গ্রহে প্রবেশ করাইয়া আসনাদি দ্বারা আমার যথোপযুক্ত সৎকার বিধানানন্তর "কংস স্বজনগণের প্রতি কিরূপ ব্যবহার করিতেছে" তাহা আমার নিকট জিজ্ঞাসা করিবেন কি ?২৩

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! এইরূপে পক্ষকনন্দন অক্রূর মহাশয় পথিমধ্যে ভগবান্ শ্রীকৃষ্ণকে সম্যক্রূপে চিন্তা করিতে করিতে গমনসাধনভূত রথে গোকুলে আগমন করিলেন,

(এই সময়ে) দিবাকরও অস্তগিরি হইলেন।২৪

অক্রূরের উক্তির অতিসত্যার্থ কারিক ব্যাপারও বলা উচিত এবং লোকপ্রসিদ্ধির জন্য নিরূপণ করিতেছেন—

সেই সময় তিনি গোষ্ঠে পৃথিবীর অলঙ্কারস্বরূপ পদ্ম, অঙ্কুশাদি চিহ্নে চিহ্নিত এবং লোকপালসকল যত্ন, যাঁহার অমল চরণরেণু স্ব স্ব কিরীটে ধারণ করিয়া থাকেন ; ঈদৃশ ভগবান্ শ্রীকৃষ্ণের চরণচিহ্ন-সমূহ দেখিতে পাইলেন।২৫

ভক্তের দর্শনে যেরূপ করা উচিত শ্রীঅক্রূর মহাশয় সেইরূপই করিতে লাগিলেন, তাহাই বলিতেছেন ;—

সেই শ্রীচরণের চিহ্নসমূহ সন্দর্শন করিয়া অতিশয় আনন্দে সম্ভ্রমযুক্ত, প্রেমপুলকিত গাত্র এবং নয়ন-সলিলে আকুল-নেত্র সেই অক্রূর "অহো! ব্রহ্মাদি দেবগণের ও দুর্লভ এই পরমরেণুসমূহ প্রভু শ্রীকৃষ্ণের"

দদর্শ কৃষ্ণং রামঞ্চ ব্রজে গোদোহনং গতৌ।
পীত-নীলাম্বরধরৌ শরদম্বুরুহেক্ষণৌ ॥২৮
কিশোরৌ শ্যাম-শ্বেতৌ শ্রীনিকেতৌ বৃহদ্ভুজৌ।
সুমুখৌ সুন্দরবরৌ বালদ্বিরদবিক্রমৌ ॥২৯
ধ্বজ-বজ্রাম্বুশাম্ভোজৈশ্চিহ্নিতৈরঙ্ঘ্রিভির্ব্রজম্।
শোভয়ন্তৌ মহাত্মানৌ সানুক্রোশস্মিতেক্ষণৌ ॥৩০

ঊদারুরুচিরক্রীড়ৌ শ্রবিণৌ বনমালিনৌ।
পুণ্যগন্ধানুলিপ্তাঙ্গৌ স্নাতৌ বিরজবাসসৌ ॥৩১
প্রধানপুরুষাবাদ্যৌ জগদ্বীজে জগৎপতী।
অবতীর্ণৌ জগত্যর্থে স্বাংশেন বল-কেশবৌ ॥৩২

তত্তঃ সঃ ব্রজে কৃষ্ণং রামঞ্চ দদর্শ। তৌ বর্ণয়তি। গোদোহনং (গাবো দুহ্যন্তে যস্মিন্ তৎ গোদোহনস্থানং) গতৌ, পীতনীলাম্বরধরৌ (পীতাম্বরধরঃ কৃষ্ণঃ নীলাম্বরধরঃ রামঃ) শরদম্বুরুহেক্ষণৌ (শরৎকালীনাম্বুরুহবৎ ঈক্ষণে যয়োঃ তৌ) ॥২৮

কিশোরৌ সুন্দরবরৌ, শ্যাম-শ্বেতৌ (শ্যামঃ কৃষ্ণঃ, শ্বেতঃ রামঃ) শ্রীনিকেতৌ (শ্রিয়াঃ লক্ষ্ম্যাঃ শোভায়াঃ নিকেতৌ আশ্রয়ভূতৌ,) বৃহদ্ভুজৌ, সুমুখৌ, সুন্দর-বরৌ, বালদ্বিরদবিক্রমৌ (বালঃ দ্বিরদঃ গজঃ তদ্বৎ বিক্রমো পরিমাণং যয়োঃ তৌ) ॥২৯

ধ্বজ-বজ্রাম্বুশাম্ভোজৈঃ চিহ্নিতৈঃ অঙ্ঘ্রিভিঃ ব্রজং শোভয়ন্তৌ, মহাত্মানৌ সানুক্রোশস্মিতেক্ষণৌ (অনুকম্পা ভরিতস্মিত-স্নিগ্ধযুক্ত ঈক্ষণং যয়োঃ তৌ) ॥৩০

উদার-রুচির-ক্রীড়ৌ (উদারাঃ মনোজ্ঞাঃ রুচিরাঃ মনোহরাঃ ক্রীড়াঃ যয়োঃ তৌ) শ্রবিণৌ (বন্যমালাধারৌ বনমালিনৌ পুণ্যগন্ধানুলিপ্তাঙ্গৌ (পুণ্যঃ পবিত্রঃ গন্ধঃ যত্র তেন চন্দনাদিনা অনুলিপ্তানি অঙ্গানি যয়োঃ তৌ) স্নাতৌ, বিরজ-বাসসৌ (বিরজে নির্মলে বাসসী যয়োঃ তৌ) ॥৩১

প্রধান-পুরুষৌ পুরুষরাজৌ জগদ্বীজে জগৎকারণভূতৌ,

—এইরূপ চিন্তা করিতে করিতে রথ হইতে অবতরণ করিয়া "আহা আমার কি ভাগ্য। যেহেতু অদ্য আমার দুষ্প্রাপ্য বস্তুর লাভ হইয়াছে" ইত্যাদি গদ্‌গদ-স্বরে বলিতে বলিতে উক্ত পাদরেণুতে লোটন সহকারে পুনঃ পুনঃ লুণ্ঠন করিতে লাগিলেন ।২৬

এইরূপে অক্রূরের কার্য্য বলিয়া কার্য্যের ফল বলিতেছেন ;—

ভয়, ভয় ও শোক পরিত্যাগ করত কংসের আদেশ হইতে আরম্ভ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণের বিগ্রহ ও চিহ্নের দর্শন ও শ্রবণপ্রভৃতির দ্বারা অক্রূরের যে অবস্থাবিশেষ বর্ণিত হইয়াছে, দেহিগণেরও এই পর্য্যন্তই পুরুষার্থ অর্থাৎ ভয়, ভয়, শোক পরিত্যাগপূর্ব্বক দেহিগণেরও ভগবানের মূর্ত্তি দর্শন ও শ্রবণাদি দ্বারা এই পর্য্যন্তই পুরুষার্থ লাভ হইয়া থাকে ।২৭

অনন্তর অক্রূর যোগ্য শরীর প্রাপ্ত হইয়া ভগবান্‌কে দর্শন করিয়াছিলেন তাহাই বলিতেছেন—

অতঃপর অক্রূর, গো-দোহনস্থানগত (গোষ্ঠ-গত) পীত ও নীলবসনধারী শরৎকালের পদ্মসদৃশ-নেত্রবিশিষ্ট শ্রীকৃষ্ণকে ও বলরামকে ব্রজে দর্শন করিলেন ।২৮

কিশোর বয়স্ক শ্যামবর্ণ ও শ্বেতবর্ণযুক্ত, লক্ষ্মীর আশ্রয়ভূত, স্থূল বর্ত্তুল দীর্ঘ বাহুবিশিষ্ট, প্রসন্ন-মুখ, সুন্দর শ্রেষ্ঠ, বাল-গজেন্দ্রের ন্যায় বিক্রমশালী শ্রীকৃষ্ণ ও শ্রীবলরামকে (অক্রূর দেখিয়াছিলেন) ।২৯

ধ্বজ, বজ্র, অঙ্কুশ এবং পদ্ম চিহ্নে চিহ্নিত চরণদ্বয় দ্বারা ব্রজভূমি অলঙ্কৃত করত দয়াব্যঞ্জক হাস্যসম্পন্ন লোচনবিশিষ্ট মহাত্মা (রাম-কৃষ্ণকে দেখিলেন) ।৩০

মনোহর ক্রীড়াশীল, স্থূল-মধ্যমাদি মালাধারী এবং দীর্ঘ-বনমালাবিশিষ্ট, পবিত্র গন্ধ-চন্দন দ্বারা সর্ব্বাঙ্গ অনুলিপ্ত, স্নাত এবং নির্ম্মল-বস্ত্র পরিহিত (রাম-কৃষ্ণকে দেখিলেন) ।৩১

প্রধানপুরুষ সৃষ্টির আদিতে বর্ত্তমান সুতরাং

দিশো বিতিমিরা রাজন্ কুর্বাণৌ প্রভয়া স্বয়া।
যথা মারকতঃ শৈলো রৌপ্যশ্চ ঘনকাচিতৌ ॥
রথাৎ কূর্দমবপ্লুত্য লোহজ্রুঃ স্নেহবিহ্বলঃ।
পপাত চরণোপান্তে দণ্ডবদ্ রাম-কৃষ্ণয়োঃ ॥৩৪
তদবষ্টভ্যনাহ্লাদবাষ্পপর্য্যাকুলেক্ষণঃ।
পুলকাচিতাঙ্গ ঔৎকণ্ঠ্যাৎ স্বাখ্যানে নাশকন্নৃপ ॥৩৫

তদবাংস্তজ্ঞিপ্রেত্য রথাঙ্গাঙ্কিতপাণিনা।
পরিষ্বজেঽত্যুপাকৃষ্ণ প্রীতঃ প্রণতবৎসলঃ ॥৩৬
সংকর্ষণশ্চ প্রণতমুপগুহ্য মহামনাঃ।
গৃহীত্বা পাণিনা পাণী অনয়ৎ সানুজো গৃহম্ ॥৩৭
পৃষ্ট্বাথ স্বাগতং তস্মৈ নিবেদ্য চ বরাসনম্।
প্রক্ষাল্য বিধিবৎ পাদৌ মধুপর্কাহণমাহরৎ ॥৩৮

আহো (সহঃ পূর্বমনি বিভ্রাণৌ) জগৎপত্তৌ পালকৌ, জগদ্রক্ষার্থং জগৎ পালনার্থং স্বাংশেন মূর্ত্যবতীর্ণৌ ব্রজ-কেশবৌ (বলাদিত্যাৎ-বলঃ কেশৌ ব্রজ-ব্রজৌ যাভি পালয়তি উৎপাদয়তীতি কেশবঃ) ॥৩২

হে রাজন্। যথা প্রভয়া দিশঃ বিতিমিরাঃ কুর্বাণৌ যথা কনকাচিতৌ (কনকেন আচিতৌ ব্যাপ্তৌ) মারকতঃ শৈলঃ ইন্দ্র-নীলপর্বতঃ তথা রৌপ্যঃ পর্বতঃ চ রাজন্ ॥৩৩

স্নেহবিহ্বলঃ (স্নেহেন বিহ্বলঃ) সঃ অক্রূরঃ কূর্দং ঝম্পমেব, রথাৎ অবপ্লুত্য রাম-কৃষ্ণয়োঃ চরণোপান্তে দণ্ডবৎ পপাত ॥৩৪

তদবষ্টম্ভনাহ্লাদ-বাষ্পপর্য্যাকুলেক্ষণঃ (তদবষ্টম্ভঃ তদ্দর্শনেন যঃ আহ্লাদঃ তেন যৎ বাষ্পং তেন পর্য্যাকুলে ঈক্ষণে যস্য সঃ) পুলকাচিতাঙ্গঃ (পুলকৈঃ ঔদ্গিত-রোমভিঃ আচিতাঃ ব্যাপ্তাঃ অঙ্গাঃ যস্য সঃ) অক্রূরঃ ঔৎকণ্ঠ্যাৎ স্বাখ্যানে (অক্রূরোঽহং নমস্করোমি ইতি স্বকীয়ে নি ন আখ্যানে ন নামধেয়ে) অপি হি ন অশকৎ ন শশাকেত্যর্থঃ ॥৩৫

প্রণতবৎসলঃ ভগবান্ কৃষ্ণঃ তৎ (অক্রূরোঽস্মাভিরবধার্য আগত ইতি) অভিপ্রেত্য জ্ঞাত্বা প্রীতঃ সন্ যথারাঙ্কিতপাণিনা (যথাবৎ চক্রেণ অঙ্কিতঃ যুক্তঃ পাণিঃ যেন) তম অক্রূরাখ্যং সন্তুষ্টম্ আকৃষ্ট পরিষ্বজে আলিঙ্গিতবান্ ॥৩৬

মহাত্মনঃ হরেবাঃ সর্ববশক্তি প্রণতম্ অক্রূরম্ উপগুহ্য আশ্লিষ্য পাণিনা তস্য পাণী (অঞ্জলিরূপেণ সংবদ্ধৌ হস্তৌ) গৃহীত্বা সাদুরঃ কৃষ্ণেন সহ গৃহম্ আনয়ৎ ॥৩৭

অথ ততঃ স্বাগতং পৃষ্ট্বা তস্মৈ অক্রূরায় বরাসনং শ্রেষ্ঠাসনং নিবেদ্য সমর্প্য বিধিবৎ যথাবিধি পাদৌ প্রক্ষাল্য মধুপর্কাহণং প্রাহরৎ আনীয় সমর্পিতবান্ ॥৩৮

জগৎকারণভূত জগৎপালক অতএব জগৎ পালনার্থ স্বীয় অংশে বল এবং কেশবরূপে অবতীর্ণ।৩২

যদি বল—দূর হইতে তিনি কিরূপে রাম কৃষ্ণের রূপাদি বিশেষভাবে দেখিলেন, তাহাই বলিতেছেন, মহাতেজস্বী সুতরাং বিশেষরূপে তাঁহাদিগের রূপাদি দেখিতে পাইলেন, যেহেতু রাত্রি ক্রমশঃ অধিক হইতে লাগিলেও তাঁহারা বিশেষরূপে দীপ্তি পাইতে লাগিলেন ইহাই বলিতেছেন—

হে রাজন্! যেরূপ সুবর্ণখচিত মারকত শৈল (ইন্দ্রনীল পর্বত) এবং রৌপ্য (রূপাময় পর্বত) দিক্‌সকল প্রকাশিত করিয়া শোভা পায়, সেইরূপ তাঁহারা স্বীয় অসাধারণ প্রভাদ্বারা দিক্‌সকল নিরন্তকার করিতে লাগিলেন।৩৩

অক্রূর অতি শীঘ্র রথ হইতে অবতরণকরত স্নেহে বিহ্বল হইয়া বলরাম ও শ্রীকৃষ্ণের পাদপদ্মসমীপে দণ্ডের ন্যায় পতিত হইলেন।৩৪

স্নেহবিহ্বলত্বই হেতু-সমভিব্যাহারে প্রকাশ করিতেছেন— হে রাজন্! ভগবান্ শ্রীকৃষ্ণের দর্শন-জনিত আহ্লাদে সমুৎপন্ন বাষ্প দ্বারা পর্য্যাকুলনেত্র ও পুলকিতকলেবর অক্রূরমহাশয় ঔৎকণ্ঠ্যবশতঃ (বাষ্প দ্বারা কণ্ঠরোধ হওয়ায়) স্বীয় আখ্যানে অর্থাৎ "আমি অক্রূর, আপনাকে নমস্কার করিতেছি" এইরূপ বলিতে সমর্থ হইলেন না।৩৫

অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ অক্রূরের পরিচয় বাক্য-শ্রবণাধিব্যক্তিরেকেই "ইনি অক্রূর" ইহা অবগত হইয়া তদ্বিষয়ে যাহা করা উচিত, তাহাই করিলেন;—

প্রণতবৎসল ভগবান্ শ্রীকৃষ্ণ প্রীতমনে "এই অক্রূর, এজন্য আসিয়াছে" ইহা জানিতে পারিয়া চক্রাঙ্কিত হস্তদ্বারা অক্রূরকে নিকটে আকর্ষণকরত আলিঙ্গন করিলেন।৩৬

নিবেদ্য গাঙ্গাতিথয়ে সংবাহ্য স্নাতমাদৃতঃ।
অন্নং বহুগুণং মেধ্যং ভক্ত্বোপাহরদ্ বিভুঃ ॥৩৯
তস্মৈ ভুক্তবতে প্রীত্যা রামঃ পরমধর্ম্মবিৎ।
মুখবাসৈর্গন্ধমাল্যৈঃ পরাং প্রীতিং ব্যধাৎ পুনঃ ॥৪০
পপ্রচ্ছ সৎকৃতং নন্দঃ কথং স্ব নিরনুগ্রহে।
কংসে জীবতি দাশার্হ সৌনপাল ইবাবয়ঃ ॥৪১

যোঽবধীৎ স্বয়মুত্তোকান্ ক্রোশন্ত্যা অনুতৃপ্ খলঃ।
কিমু স্বিৎ তৎপ্রজানাং বঃ কুশলং বিমৃশামহে ॥৪২
ইথং সুনৃতয়া বাচা নন্দেন সুসভাজিতঃ।
অক্রূরঃ পরিপৃষ্টেন জহাবধ্বপরিশ্রমম্ ॥৪৩

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥

উদ্ধবঃ আদৃতঃ আদর-পূর্ব্বকঃ বিভুঃ রামঃ অতিথয়ে অক্রূরায় গাং নিবেদ্য সমর্প্য, প্রাতঃ তং সংবাহ্য (পাদসংবাহনাদিভিঃ) সেব্যং বিভুং, বহুগুণং বহুসংস্কৃতম্ অন্নং প্রভুরা উপাহরদ সমর্পয়ামাস ॥৩৯

ভুক্তবতে তস্মৈ অক্রূরায় পরম-ধর্ম্মবিৎ (অতিথিপূজনরূপ পরমধর্ম্মজ্ঞঃ) রামঃ প্রীত্যা মুখবাসৈঃ কর্পূরতাম্বূলাদিভিঃ, গন্ধমাল্যৈশ্চ পুনঃ পরাং প্রীতিং ব্যধাৎ উৎপাদয়ৎ ॥৪০

উদ্ধবঃ ৩ সংকৃতম্ অক্রূরং নন্দঃ পপ্রচ্ছ হে রাজার্হ ! নিরনুগ্রহে অতিনিষ্ঠুরে কংসে জীবিতে সতি যূয়ং সৌনপালাঃ (পশুবাহী রাজপিণ্ডস্য সৌনঃ পশুবাহী রাজপিণ্ডবিক্রয়ী স এব পালকঃ) মেষাঃ তে) আবয়ঃ মেষাঃ ইব কথং কেন প্রকারেণ স্ব জীবথ ইতি ॥৪১

অনুকূল (অনুগ্রহ প্রাপ্তাঃ এব তদর্পতীতি তথা) যঃ খলঃ পশ্বোঘেভ্যঃ কংসঃ ক্রোশন্ত্যাঃ রুদন্ত্যাঃ স্বয়ং স্বয়ং অধিষ্ঠাতাঃ ভোক্তান্ অপত্যানি অবধীৎ, তৎপ্রজানাং (তস্য প্রজানাং) বঃ যুষ্মাকং কুশলং সুখং কু কিং স্বিৎ কিমুনাময়ং বিচারয়াম ॥৪২

(কুশলং) পরিপৃষ্টেন নন্দেন ইথং সুনৃতয়া মধুরয়া বাচা (পৃষ্টঃ) সুসভাজিতঃ সংকৃতঃ অক্রূরঃ অধ্বপরিশ্রমং জহৌ ॥৪৩

ইতি দশমে অষ্টত্রিংশোঽধ্যায়ঃ ॥

মহানন্দ: শ্রীবলরামও প্রণত অক্রূরকে আলিঙ্গন-করত করদ্বয় গ্রহণ করিয়া অনুজ শ্রীকৃষ্ণের সহিত অক্রূরকে গৃহে আনয়ন করিলেন।৩৭

অনন্তর লৌকিক ও বৈদিকোক্ত প্রকারে অক্রূরকে পূজা করিলেন তাহাই বলিতেছেন ;—

অনন্তর অক্রূরকে সুখাসনে উপবেশন জিজ্ঞাসা করিয়া তাঁহাকে রত্নাদির উৎকৃষ্ট আসন প্রদানপূর্ব্বক যথাবিধি চরণদ্বয় প্রক্ষালনানন্তর মধুপর্ক রূপ পূজোপকরণ আনয়ন করিয়া সমর্পণ করিলেন।৩৮

অনন্তর অতিথি অক্রূরকে গো দান করিয়া স্নাত সেই অতিথির পরিচর্য্যাকরত আতিথ্য-নিপুণ শ্রীভগবান্ তাঁহাকে শ্রদ্ধাসহকারে বিশুদ্ধ অথচ বহুগুণ যুক্ত অন্ন সমর্পণ করিলেন।৩৯

পরম ধর্ম্মবিৎ বলরাম কৃতাহার সেই অক্রূরের মুখবাস (তাম্বূল) গন্ধ-মাল্যপ্রভৃতিদ্বারা পুনরায় উত্তম প্রীতিবিধান করিয়াছিলেন।৪০

অক্রূর, জ্যেষ্ঠ পুত্র কর্ত্তৃক সম্মানিত হইলে শ্রীব্রজরাজ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—হে দাশার্হ অক্রূর! ক্রূর কংস জীবিত থাকিতে—পশুবাহী যাহাদিগের পালক সেই মেষের ন্যায় কংসের সর্ব্বনাশে —তোমরা কিরূপে জীবিত থাকিবে ?।৪১

তাহার নিরনুগ্রহতা (ক্রূরতা) বলিতেছেন –

যে ব্যক্তি কেবলমাত্র স্বীয় প্রাণের তৃপ্তি-সাধনে তৎপর তাদৃশ খল কংস রোরুদ্যমানা স্বীয় ভগিনী দেবকীর অপত্যগণকে বিনাশ করিয়াছে, অতএব হে অক্রূর! সেই কংসের প্রজা বা তদধীন তোমাদিগের কুশল কি বিচার করিব ? ইহাই চিন্তার বিষয়।৪২

শ্রীনন্দরাজ এইরূপে মধুর বাক্যে প্রশ্নসকল জিজ্ঞাসা করিয়া সম্মানিত করিলে শ্রীঅক্রূরমহাশয় পথ পরিশ্রম বা সংসার পরিশ্রম কিংবা কায়িক, বাচিক ও মানসিক পরিশ্রম ত্যাগ করিলেন বা ভুলিয়া যাইলেন।৪৩

শ্রীমদ্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
শ্রীশচীনন্দনগোস্বামি-ভক্তিরত্নকৃত অক্ষরিণে
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনচত্বারিংশঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণ-বলরামযোর্মথুরাং প্রতি প্রস্থানম্, গোপীনাং শ্রীকৃষ্ণবিরহতাপবর্ণনম্, যমুনায়াম্অক্রূরেণ শ্রীভগবদ্ধামদর্শনঞ্চ।]

শ্রীশুক উবাচ।

সুখোপবিষ্টঃ পর্য্যঙ্কে রাম-কৃষ্ণোরুমানিতঃ।
লেভে মনোরথান্ সর্ব্বান্ পথি যান্ স চকার হ ॥১
কিমলভ্যং ভগবতি প্রসন্নে শ্রীনিকেতনে।
তথাপি তৎপরা রাজন্ নহি বাঞ্ছন্তি কিঞ্চন ॥২
সায়ন্তনাশনং কৃত্বা ভগবান্ দেবকীসুতঃ।
সুহৃৎসু বৃত্তং কংসস্য পপ্রচ্ছাভাষ্য চিকীর্ষিতম্ ॥৩

শ্রীভগবানুবাচ।

তাত সৌম্যাগতঃ কচ্চিৎ স্বাগতং ভদ্রমস্তু বঃ।
অপি স্বজাতিবন্ধূনামনমীবমনাময়ম্ ॥৪
কিন্নু নঃ কুশলং পৃচ্ছে এধমানে কুলাময়ে।
কংসে মাতুলনাম্নাঙ্গ স্বানামংস্তদ্ প্রজাস্তু চ ॥৫
অহো অস্মদ্কৃচ্ছ্রে ত্বয়ি পিত্রোর্ভিনমার্য্যয়োঃ।
যদ্ধেতোঃ পুত্রমরণং যদ্ধেতোর্বন্ধনং তয়োঃ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। রামকৃষ্ণোরুমানিতঃ (রামকৃষ্ণাভ্যাং উরু অধিকং মানিতঃ) সঃ (অক্রূরঃ) সুখোপবিষ্টঃ সন্ পথি যান্ মনোরথান্ চকার তান্ সর্ব্বান্ লেভে ॥১

শ্রীনিকেতনে লক্ষ্মীপতৌ ভগবতি প্রসন্নে সতি কিম্ অলভ্যং (ভবেৎ ন কিমপি ইতি)। তথাপি হে রাজন্! তৎপরাঃ ভক্তাঃ কিঞ্চন ন বাঞ্ছন্তি ॥২

ততঃ দেবকীসুতঃ ভগবান্ কৃষ্ণঃ সায়ন্তনাশনং সায়ংকালোচিতম্ অশনং ভোজনং কৃত্বা সুহৃদাং বন্ধুবর্গাণাম্ কংসস্য বৃত্তং বৃত্তান্তং কর্ত্তব্য-প্রকারম্, অভ্যুক্ত্য তং চিকীর্ষিতং, তং পপ্রচ্ছ ॥৩

অন্বয়ঃ

শ্রীভগবান্ উবাচ। হে তাত সৌম্য! কচ্চিৎ স্বাগতং নির্বিঘ্নং যথা স্যাৎ তথা ত্বয় আগতঃ, বঃ যুষ্মাকং ভদ্রং অস্তু স্বজাতিবন্ধূনাং মম অপি কিং অনমীবং পীড়াভাবঃ বা অনাময়ং আরোগ্যম্ অস্তি ॥৪

হে অঙ্গ! মাতুলনাম্নি (মাতুলাত্মকে মাতুলে বসুদেবে) নঃ অস্মাকং কুশলময়ে (কুশলং আময়ে যেষাং তস্মিন্) কংসে এধমানে বর্দ্ধমানে সতি নঃ অস্মাকং, স্বানাং জ্ঞাতীনাং, তৎপ্রজাসু চ (বঃ যুষ্মাকম্ ইতি চ পাঠঃ) কিং নু কুশলং পৃচ্ছে ॥৫

একোনচত্বারিংশ অধ্যায়।

[শ্রীকৃষ্ণ ও বলরামের মথুরার দিকে প্রস্থান, গোপীদিগের শ্রীকৃষ্ণবিরহতাপবর্ণন এবং যমুনার মধ্যে অক্রূরকর্ত্তৃক শ্রীভগবদ্ধামদর্শন।]

শ্রীশুকদেব বলিতেছেন,— (অনন্তর শ্রীনন্দ রাত্রিচর্য্যা সম্পাদনার্থ নিজের অন্তর্গৃহে প্রবৃষ্ট হইলে পর) অক্রূরমহাশয় শ্রীরাম এবং শ্রীকৃষ্ণকর্ত্তৃক অধিকরূপে সম্মানিত হইয়া (রাম-কৃষ্ণের আদেশে সেবকরত্ন) পর্য্যঙ্কে সুখে উপবেশন করত পথে (আগমন সময়ে) যে অভিলাষ করিয়াছিলেন, সেই সমস্ত অভিলাষই প্রাপ্ত হইলেন।১

যদি বল—অক্রূরমহাশয় অন্য ধর্ম্মার্থাদি মনোরথ কেন করেন নাই তাহাই বলিতেছেন—

হে রাজন্! শ্রীনিকেতন শ্রীভগবান্ প্রসন্ন হইলে কি অলভ্য থাকে? তথাপি ভগবৎপরায়ণ ব্যক্তিগণ কোনরূপ পদার্থই অভিলাষ করেন না।২

দেবকীসুত ভগবান্ শ্রীকৃষ্ণ সান্ধ্যভোজন সমাপনানন্তর সুহৃদ্বর্গের প্রতি কালের আচার এবং অন্যান্য তাঁহার মারণের উপায় ও স্বীয় কর্ত্তব্য বিষয়সকল জিজ্ঞাসা করিতে লাগিলেন।৩

শ্রীভগবান্ বলিলেন;— হে তাত! হে সৌম্য! আপনি সুখে অর্থাৎ নির্বিঘ্নে আগমন করিয়াছেন ত? আপনার মঙ্গল হউক্, স্বীয় জ্ঞাতি, বন্ধিগণ, অসপিণ্ডগণ, অন্যান্যসহিত অনাময়ে (নীরোগে) আছেন ত?৪

এইরূপ কুশল প্রশ্ন করাও আমার সঙ্গত হয় না ইহাই বলিতেছেন;—

অঙ্গ! (হে তাত!) নামে মাত্র আমাদিগের

দিষ্ট্যান্ত দর্শনং স্বানাং মহং বঃ সৌম্য কাঙ্ক্ষিতম্।
সঞ্জাতং বর্ণ্যতাং তাত তবাগমনকারণম্ ॥৭

শ্রীশুক উবাচ।

পৃষ্টো ভগবতা সর্ব্বং বর্ণয়ামাস মাধবঃ।
বৈরানুবন্ধং যদুনা বসুদেবচিকীর্ষিতম্ ॥৮

যৎসন্দেশো যদর্থং বা দূতঃ সম্প্রেষিতঃ স্বয়ম্।
যদুক্তং নারদেনাস্য স্বজন্মানকদুন্দুভেঃ ॥৯
শ্রুত্বাক্রূরবচঃ কৃষ্ণো বলশ্চ পরবীরহা।
প্রহস্য নন্দং পিতরং রাজ্ঞা দিষ্টং বিজজ্ঞতুঃ ॥১০
গোপান্ সমাদিশৎ সোঽপি গৃহ্যতাং সর্ব্বগোরসঃ।
উপায়নানি গৃহ্ণীধ্বং যুজ্যন্তাং শকটানি চ ॥১১

অন্বয়। অয়ং অস্মত্তঃ নিমিত্তাৎ আত্মানঃ পুত্রস্য নিত্যং মাতাপিতৃঃ ধৃতি বৃত্তিং ক্ষয়ম্ অক্ষয়ং ; যং বধাৎ অস্মত্তঃ জাতাঃ পুত্র-বধজং ত্রাসম্, তস্মাৎ তাতাঃ বন্ধনং প্রাপ্তম্ ।৬

কিং নু হে সৌম্য! প্রিয়ং! মহং মম, স্বানাং স্বকীয়ানাং, বঃ যুষ্মাকং কাঙ্ক্ষিতং দর্শনম্ অত্র ইতি এবং ইষ্টা সৌত্রাগ্যং-রৈব সঞ্জাতম্, অতঃ হে তাত! তব আগমন-কারণং (আগমনস্য কারণং) বর্ণ্যতাম্ ।৭

শ্রীশুকঃ উবাচ। এবং ভগবতা পৃষ্টঃ মাধবঃ যদুগণপ্রভুঃ অক্রূরং (কংসস্য) সখা যদুনা বৈরানুবন্ধং তথা বসুদেব-যদর্থম্ ইতি সর্ব্বং বর্ণয়ামাস ॥৮

যৎসন্দেশঃ (যঃ যদুর্থং তস্য সন্দেশঃ) যদর্থং চারুবাদিভি-র্যাদবার্থং গোপায়বালনার্থং বা যস্মাৎ দূতঃ দূতীরূপঃ (কংসেন) সংপ্রেষিতঃ যং চ আনকদুন্দুভেঃ সকাশাৎ যত্ত্ব দুষ্কৃতং তস্য নারদেন ঈক্ষিতং (তৎ সর্ব্বং বর্ণয়ামাস) ।৯

পরবীরহা (পরান্ শত্রুবৃন্দান্ বীরান্ হন্তীতি) কৃষ্ণঃ রামশ্চ ইতি অক্রূরঃ বচঃ শ্রুত্বা প্রহস্য রাজ্ঞা কংসেন আদিষ্টং (যদুবাসনিরীক্ষণার্থং যমম্ আহুতাঃ ইতি) নন্দং বিজজ্ঞতুঃ বিশেষেণ জ্ঞাপয়ামাসতুঃ ।১০

সঃ নন্দঃ অপি সর্ব্বগোরসঃ ক্ষীরাদিঃ গৃহ্যতাম্, উপায়নানি গ্রাহ্যং লাভু যোগ্যানি গৃহ্যন্তাং, শকটানি চ যুজ্যন্তাম্ ইতি গোপান্ সমাদিশৎ ।১১

মাতুল, পরন্তু আমাদিগের কুলের রোগ-তুল্য কংস বর্ত্তমান থাকিতে (জীবিত থাকিতে) আমাদিগের জ্ঞাতিগণের ও তাহার প্রজাগণের মঙ্গলের কথা আর কি জিজ্ঞাসা করিব? (অর্থাৎ মঙ্গলে না থাকিবারই কথা) ।৫

অহো (হায় হায়) আমাদিগের জন্যই নিরপরাধী পূজ্য মাতা-পিতার বন্ধনক্লেশ হইতেছে এবং আমাদিগের নিমিত্তই মাতাপিতার পুত্রগুলির (আমাদিগের অগ্রজসকলের) মরণ ও মাতা-পিতার বন্ধন হইয়াছে ।৬

এইরূপ অনুতাপ বলিয়া অক্রূরের আগমন পূর্ব্বক আগমনের কারণ জিজ্ঞাসা করিতেছেন ;—

হে সৌম্য! হে তাত! জ্ঞাতি আপনাদিগের দর্শন আমার বহুকাল হইতে বাঞ্ছিত, অদ্য সেই দর্শন হইল। ইহা আমার আনন্দজনক, আপনার আগমনের কারণ বর্ণন করুন ।৭

তখন অক্রূর আমূল বৃত্তান্তসকল ভগবান্‌কে বলিলেন ;—

ভগবান্ শ্রীকৃষ্ণকর্ত্তৃক মধুবনের অক্রূর পৃষ্ট হইয়া যদুবংশের প্রতি বৈরানুবন্ধ এবং বসুদেবের যজ্ঞের নিমিত্ত উদ্যম এই সকল ভগবান্ শ্রীকৃষ্ণকে জানাইবার জন্য বর্ণন করিতে লাগিলেন ।৮

যদুবন্ধু স্থলে মধুরায় আনন্দের আদেশ, চারণ ও মুষ্টিকাদি দ্বারা রাম-কৃষ্ণকে নিধন করিবার নিমিত্ত, দূত রূপে কংসকর্ত্তৃক যে স্বয়ং প্রেরিত হইয়াছেন তাহা এবং শ্রীদেবর্ষি নারদকর্ত্তৃক বসুদেব হইতে শ্রীকৃষ্ণের জন্মবৃত্তান্ত-কথনপ্রভৃতি যাহা কিছু পূর্ব্ববৃত্তান্ত তৎ-সমস্তই বর্ণন করিলেন ।৯

এইরূপ অক্রূরের বাক্য শ্রবণ করিয়া শত্রুবীরনাশী শ্রীকৃষ্ণ এবং বলরাম হাসিয়া কংসের আদেশ পিতা নন্দরাজকে জানাইলেন ।১০

যাস্যামঃ শো মধুপুরীং দাস্যামো নৃপতের্বসান্।
দ্রক্ষ্যামঃ সুমহৎ পর্ব যান্তি জানপদাঃ কিল।
এবমাঘোষয়ৎ কংস্রা নন্দগোপঃ স্বগোকুলে ॥১২
গোপ্যস্তাস্তদুপশ্রুত্য বভূবুর্ব্যথিতা ভৃশম্।
রাম-কৃষ্ণৌ পুরীং নেতুমক্রূরং ব্রজমাগতম্ ॥১৩
কাশ্চিৎ তৎকৃতহৃত্তাপশ্বাসম্লানমুখশ্রিয়ঃ।
ভ্রংসদ্দুকূলবলয়-কেশগ্রন্থ্যশ্চ কাশ্চন ॥১৪

শ্রীনন্দ শকট বৃষের সহিত জুড়িয়া তাহাতে ঘৃত-দুগ্ধপ্রভৃতি এবং উত্তম বস্ত্রসকল তুলিয়া দেও, গোপ-গণের প্রতি এইরূপ আদেশ দিলেন ।১১

আগামী কল্য মধুপুরী যাইব, নৃপতি কংসকে দুগ্ধ, ঘৃতপ্রভৃতি দান করিব। আর সেই মধু-পুরীতে বৃহৎ পর্ব্ব (ধনুর্যজ্ঞ) দর্শন করিব। দেশ-বাসী সকলেই সেই স্থানে যাইতেছে (সুতরাং তাহাদিগকেও দেখিব) নন্দরাজ এইরূপে প্রতিহারী দ্বারা স্বীয় গোকুলে ঘোষণা করিয়া দিলেন ।১২

তখন গোপ-রমণীগণ রাম ও কৃষ্ণকে লইয়া যাইবার জন্য অক্রূর ব্রজে আগমন করিয়াছেন শুনিয়া নিরতিশয় ব্যথিত হইলেন ।১৩

সেই ব্রজ রমণীগণের মধ্যে রাগবর্দ্ধিত প্রেমের

অন্যাশ্চ তত্ত্বদ্ব্যাননিবৃতাশেষবৃত্তয়ঃ।
নাত্মানমন্নিমং লোকমাত্মলোকং গতা ইব ॥১৫
স্মরন্ত্যশ্চাপরাঃ পৌরৈরনুরাগস্মিতেরিতাঃ।
হৃদিস্পৃশশ্চিত্রপদা গিরঃ সংমুমুহুঃ স্ত্রিয়ঃ ॥১৬
গতিং ললিতাং চেষ্টা স্নিগ্ধহাসাবলোকনম্।
শোকাপহানি নর্ম্মাণি প্রোদ্দাম্নচরিতানি চ ॥১৭

অন্যাশ্চ গোপ্যঃ তত্ত্বদ্ব্যাননিবৃতাশেষবৃত্তয়ঃ (তত্ত্ব তত্তদ্বয়ঃ অনুধ্যানেন নিবৃতাঃ অশেষাঃ বৃত্তয়ঃ যাসাং তাঃ) আত্মলোকং গতাঃ ইব (মধ্যবিদ্যাঃ সন্তাঃ) ইমং লোকং স্বদেহমপি ন অন্যতাবন্ ।১৫

অপরাঃ স্ত্রিয়ঃ অনুরাগস্মিতেরিতাঃ (অনুরাগেণ মধ্যস্থিতং যেন তেন ঈরিতাঃ) হৃদিস্পৃশঃ (হৃদিস্পৃশ্যঃ হৃদয়ঙ্গমাঃ) চিত্রপদাঃ (চিত্রাণি পদানি যাসু তাঃ) গৌরঃ কৃতস্য স্মিরঃ স্মরন্ত্যঃ সংমুমুহুঃ ।১৬

মৃদুকৃত স্মিতাঃ সুন্দরতয়া গতিং চেষ্টাং (রাস-ক্রীড়াস্থিতাঃ) স্নিগ্ধহাসাবলোকনং (স্নিগ্ধঃ যঃ হাসঃ তস্যুক্তং অবলোকনং) চ শোকাপহানি (শোকং অপহরতীতি) নর্ম্মাণি পরিহাস বাক্যানি, প্রোদ্দাম-চরিতানি চ (প্রোদ্দামানি অত্যদ্ভুতানি) গোবর্দ্ধনোদ্ধরণাদীনি চ ।১৭

তারতম্যে উত্তরোত্তর তাহাদিগের অবস্থার বৈশিষ্ট্য বলিতেছেন—

কোন কোন গোপরমণীগণের শ্রীকৃষ্ণের মথুরায় গমন শ্রবণ করিয়া তজ্জনিত হুতাপে উষ্ণ দীর্ঘশ্বাসে মুখশ্রী পরিম্লান হইয়া যাইল। আর কোন রমণী-গণের বসন, বল এবং কবরীবন্ধ শিথিল হইয়া পড়িল ।১৪

অনন্তর চন্দ্রাবলীপ্রভৃতি কোন কোন গোপ-রমণীগণের বিচ্ছেদ-ভয়ে তাহার আবেশানন্তর প্রণয় বলিতেছেন—

শ্রীকৃষ্ণের অনুধ্যানে চক্ষুরাদি ইন্দ্রিয় ব্যাপার-রহিত অন্য কোন গোপ-রমণী—আত্মলোক প্রাপ্তের (জীবন্মুক্তের) ন্যায় সাক্ষাৎ বর্ত্তমান ইহলোক সম্বন্ধে

চিন্তয়ন্ত্যো মুকুন্দস্য ভীতা বিরহকাতরাঃ।
সঙ্কেতাঃ সন্নধঃ প্রোচুরুদ্যুখ্যেঽচ্যুতাশয়াঃ ॥১৮

গোপ্য ঊচুঃ

অহো বিধাতস্তব ন ক্বচিদ্দয়া
সংযোজ্য মৈত্র্যা প্রণয়েন দেহিনঃ।
তাংশ্চাকৃতার্থান্ বিযুনঙ্ক্ষ্যপার্থকং
বিক্রীড়িতং তেঽর্ভকচেষ্টিতং যথা ॥১৯

যদ্বক্ত্র প্রস্পর্শাদিতকুণ্ডলাযুতং
মুকুন্দবক্ত্রং সুকপোলসুন্দরম্।
শোকাপনোদস্মিতলেশসুন্দরং
করোষি পরোক্ষ্যমসাধু তে কৃতম্ ॥২০
ক্রূরস্তক্রূরমসাধ্যয়া স্ম ন-
শ্চক্ষুর্হি তন্ত্বং হরসে বতাজবৎ।
যেনৈকদেশেঽখিলসর্গসৌষ্ঠবং
ত্বদীয়মদ্রাক্ষ্ম বয়ং মধুদ্বিষঃ ॥২১

চিন্তয়ন্ত্যঃ মুকুন্দস্য-বিরহকাতরাঃ (জানিবা বিরহের কাতরাঃ বিহ্বলাঃ) অচ্যুতাশয়াঃ (অচ্যুতে শ্রীকৃষ্ণে এব আশয়ঃ যাসাং তাঃ) ভীতাঃ অন্তর্মুখাঃ (অন্তরি মুখম্ যাসাং তাঃ) গোপ্যঃ সঙ্কেতাঃ মুখ্যঃ সঙ্কেতাঃ মিলিতাঃ সত্যঃ প্রোচুঃ (ইতি তন্ত্রোয়ন্বয়ঃ) ॥১৮

গোপ্যঃ ঊচুঃ। হে বিধাতঃ। তব কুত্রিং কাপ্যংশে দয়া ন অস্তি; যতঃ মৈত্র্যা হিতাচরণেন, প্রণয়েন স্নেহেন, দেহিনঃ জনান্ সংযোজ্য অন্তর্ভাবম্ অপূর্ণমনোরথান এব তান্ বিযুনক্ষি বিয়োজয়সি; অতো। অর্ভকবিংচেষ্টিতম্ (অর্ভকস্য বালকস্য সংকল্পবিরোধনা চেষ্টিতং) যথা তথা তে তব বিংচেষ্টিতম্ অপার্থকং প্রয়োজনশূন্যম্ এব ॥১৯

যৎ যস্মাৎ অস্মিন্ কৃষ্ণনায়কে (অস্মিন্ কৃষ্ণে নায়কে আশ্রয়ঃ) মুকপোলম্ (শোভনৌ কপোলৌ যস্মিন্ তৎ) ঈষৎ (ঈষত্ত্ব নাসিকা যস্মিন তৎ) শোকাপনোদস্মিতলেশ-সুন্দরং (শোকস্য অপনুত্তিভি শোকাপনোঃ স্মিতলেশঃ গুঢ়হাসঃ তেন সুন্দরং) মুকুন্দবক্ত্রং শ্রেষ্ঠা পুত্রা তস্য পরোক্ষ্যম্ অদৃশ্যতা করোষি, তত্ত তে তব কৃতা কর্ম অসাধু বিরুদ্ধমেব ॥২০

কিঞ্চ হে ব্রহ্মন্। ক্রূরঃ ইতি সম্বোধনা বাক্যা তং ক্রূরঃ এব অসি, যতঃ যেন চক্ষুষা মধুদ্বিষঃ শ্রীকৃষ্ণস্য একদেশে স্নেহ-বক্ত্রালো ত্বদীয় অখিলসর্গ-[illegible] সমস্তশ্রীসৌন্দর্যবয়ব অদ্রাক্ষ, যত দেখে, অজবৎ পশুবুদ্ধিবৎ তথা হরসে হরসি অপহরে তৎ চক্ষুঃ হি পুনঃ ঘমেব হরসে ॥২১

কিছুই জানিতে পারিলেন না।১৫

অনন্তর শ্রীরাধাদির প্রণয়াতিশয় বলিতেছেন;—

অপর রমণীগণ শ্রীকৃষ্ণের অনুরাগযুক্ত হাস্যের সহিত উচ্চারিত হৃদয়স্পর্শী মনোজ্ঞ বিচিত্র পদযুক্ত বাক্যসমূহ স্মরণ করিয়া মোহিত হইয়াছিলেন।১৬

অপরা গোপীসকল দলবদ্ধা হইয়া জীবনের জন্য বিরহ-বাক্যসমূহ বলিয়াছিল; তাহাই বলিতেছেন;—

ভগবান্ শ্রীমুকুন্দের মুললিত গমন, রাসক্রীড়াদি চেষ্টা, স্নিগ্ধ হাস্যযুক্ত অবলোকন, শোকনাশন পরিহাস-বাক্যসমূহ এবং শয়ন, আসন, ভোজনাদি অতিশয় উত্তম চরিত্রসকল চিন্তা করিয়া ভীতা, বিরহে ব্যাকুলা, অশ্রুমুখী, কৃষ্ণচিত্তা গোপীগণ স্ব-স্ব গৃহ হইতে দলে দলে মিলিতা হইয়া বলিতে লাগিলেন।১৭-১৮

শ্রীকৃষ্ণের সহিত মিলনের ন্যায় বিচ্ছেদেও অন্য কোনও হেতু আলোচনা না করিয়া একমাত্র বিধাতাকেই তাহাতে হেতু মনে করিয়া তাঁহার প্রতিই আক্রোশকরত ব্রজ-রমণীগণ বলিলেন;—

হা বিধাতঃ! তোমার কোনও অংশে দয়া নাই, তুমি হিতাচরণ এবং প্রণয়ে দ্বারা দেহিগণকে পরস্পর মিলিত করিয়া ভোগপ্রাপ্তি না হইতেই আবার তাহাদিগকে বিযুক্ত করিয়া দাও, অতএব বালকের আচরণের ন্যায় তোমার আচরণসকল নিষ্ফল।১৯

ন নন্দসূনুঃ ক্ষণভঙ্গসৌহৃদঃ
সবীক্ষতে নঃ স্বকৃতাতুরা বত।
বিহায় গেহান্ স্বজনান্ সুতান্ পতীং-
স্তদ্দাস্যমদ্ধোপগতা নবপ্রিয়ঃ ॥২২

যত্ত যোষ, অহা নন্দসূনুঃ শ্রীকৃষ্ণঃ অপি ক্ষণভঙ্গসৌহৃদঃ (ক্ষণভঙ্গব অস্থিবং সৌহৃদং প্রেম যস্য সঃ) বঃ নবপ্রিয়ঃ (নবা নবঃ স্ত্রীজনঃ প্রিয়ো যস্য সঃ) বঃ গেহান্ স্বজনান্ সুতান্ পতীন্ চ বিহায় অহা সাক্ষাৎ তদ্দাস্যম্ (ভবৈব দাস্যম্) উপগতাঃ অধুনা স্বকৃতাতুরাঃ অবিবেকেনৈব ব্যাকুলাঃ নঃ অস্মান্ ন সবীক্ষতে পশ্যতি ॥২২

সাধারণতঃ তোমার তাদৃশ চরিত্র হউক, কিন্তু এই কার্য্যটি তোমার বিশেষ গর্হিত, তাই বলিতেছেন—

হে ধাতঃ! যে তুমি কৃষ্ণবর্ণ কুটিল কুন্তলদ্বারা আবৃত, সুন্দর গণ্ডস্থলে শোভমান, উন্নত নাসিকাদ্বারা সুন্দর, শোকাপনোদক হাস্যলেশ দ্বারা নিরতিশয় সুন্দর মুকুন্দের বদন দর্শন করাইয়া আবার তাহাকে অদৃশ্য কর, অতএব তোমার এই আচরণ অত্যন্ত নিন্দনীয় ॥২০

যদি বল—অক্রূরমহাশয় ভগবান্ শ্রীকৃষ্ণকে লইয়া যাইতেছেন, এ কারণে তোমরা আমাকে তিরস্কার করিতেছ কেন? তাহাতেই বলিতেছেন;—

হে বিধাতঃ! তুমিই ক্রূর; যেহেতু, তুমি আমাদিগের সেই চক্ষুর্দান করিয়াছিলে, আমাদিগের সেই চক্ষু আবার তুমিই অক্রূর নাম ধারণ করিয়া অন্যের ন্যায় হরণ করিতেছ, ইহাই আমাদিগের খেদের বিষয় যে চক্ষুর্দ্বারা আমরা শ্রীকৃষ্ণের একদেশে অর্থাৎ বদনাদিতে স্বীয় নিখিল সৃষ্টি-নৈপুণ্য দেখিতে ছিলাম ॥২১

উদাসীন বিধাতাকেই বা নিন্দা করিয়া ফল

সুখং প্রভাতা রজনীয়মাশিষঃ
সত্যা বভূবুঃ পুরযোষিতাং ধ্রুবম্।
যাঃ সম্প্রবিষ্টস্য মুখং ব্রজস্পতেঃ
পাস্যন্ত্যপাঙ্গোৎকলিতস্মিতাসবম্ ॥২৩

পুরযোষিতাং মধুরাপুরস্ত্রীণাম্ ইয়ং রজনী রাত্রিঃ সুখং প্রভাতা সতী তাসাম্ আশিষঃ মনোরথাঃ চ ধ্রুবং সত্যাঃ বভূবুঃ। যাঃ পুরযোষিতঃ (পুর্যাঃ) সম্প্রবিষ্টস্য ব্রজস্পতেঃ শ্রীকৃষ্ণস্য অপাঙ্গোৎকলিত-স্মিতাসবং (অপাঙ্গেন নেত্রপ্রান্তেন উৎকলিতম্ ঈষদ্বিকসিতং স্মিতম্ এব আসবঃ মদকিণ্বঃ যস্মিন্ তৎ) মুখং পাস্যন্তি ॥২৩

কি? পরনারীর আমাদের জীবনের একমাত্র কারণ —শ্রীকৃষ্ণই তাদৃশ, তাহাই বলিতেছেন;—

ক্ষণমাত্রস্থায়ী সৌহার্দ্দ, নূতনপ্রিয় নন্দসূনু শ্রীকৃষ্ণ নিজকৃত পরিত্যাগে অন্তিমদশাপ্রাপ্তা, গৃহ, আত্মীয়জন, পুত্র, পতি পরিত্যাগ করিয়া সাক্ষাৎ তদ্দাসীত্বপ্রাপ্তা আমাদিগকে দেখিতেছেন না। হায়! হায়!! ইহাই মহাকষ্ট ॥২২

অতএব ঈর্ষাসহকারে বলিতেছেন, কিংবা হায়! হায়! আমাদের কি অত্যন্ত দুরদৃষ্ট আর মথুরাঙ্গনাদিগণের শুভাদৃষ্ট একল বলিতেছেন—

পুরনারীগণের পক্ষে এই প্রভাতা রমণী সুখময়ী (কিন্তু ব্রজবাসিগণের দুঃপ্রভাতা) এবং তাহাদিগের পক্ষে বিপ্রাদির আশীর্ব্বচনসকল কিংবা নীর্ঘ-মনোরথসমূহ সত্য বা সফল হইয়াছে (আমাদিগের পক্ষে বিপ্রাদির আশীর্ব্বাদসমূহ নষ্ট হইয়াছে)।

(কিংবা এই রজনী পুরনারীগণের পক্ষে সুখ-প্রভাতা হইয়াছে, আর ব্রাহ্মণপ্রভৃতি মহাপুরুষ যত আশীর্ব্বাদসকল তাহাদিগের পক্ষেই সত্য হইয়াছে) কারণ যে পুরসুন্দরীগণ—পুরপ্রবিষ্ট অথবা যথা-সময়ে অলক্ষিতের অলক্ষিতে প্রবিষ্ট ব্রজপতি শ্রীকৃষ্ণের

তাসাং মুকুন্দো মধুবল্গুজল্পিতৈ-
র্গৃহীতচিত্তঃ পরবান্ মনস্যপি।
কথং পুনর্নঃ প্রতিযাস্যতেঽবলা
ঞ্চায্যাঃ সলজ্জস্মিতবিভ্রমৈর্মনম্ ॥২৪

অস্য শ্রবং তত্র বৃণো ভবিষ্যতে
দাশার্হ-ভোজান্ধক-বৃষ্ণি-সাত্বতাম্।
মহোৎসবঃ শ্রীরমণং গুণাস্পদং
দ্রক্ষ্যন্তি যে চাধনি দেবকীসুতম্ ॥২৫

নৈতদ্বিধস্যাকরুণস্য নাম ভূ-
দক্রূর ইত্যেতদতীব দারুণঃ।
যোঽস্মাবনাশ্বাস্য মুহুঃখিতং জনং
প্রিয়াৎ প্রিয়ং নেষ্যতি পারমধ্বনঃ ॥২৬

কিঞ্চ তাসাং মৃদু-মঞ্জু-ভাষিতৈঃ মধুল্লাপবাহৈঃ কৃষ্ণাকৃষ্টচিত্তঃ পরবশঃ তথা সলজ্জস্মিতবিভ্রমৈঃ ব্রজম্ মুকুন্দঃ পরবান্ (নিরাকৃতি-পরবশঃ) মনস্বী ধীরঃ অপি যে অবলা। আর্য্যাঃ অবিদ্বাঃ নঃ অস্মান্ প্রতি পুনঃ কথং যাস্যতে ॥২৪

কিঞ্চ অস্য তত্র পুনঃ দাশার্হ-ভোজান্ধক-বৃষ্ণি-সাত্বতাং পুনঃ মহোৎসবঃ শ্রবং ভবিষ্যতে (ইতি আত্মনং-সন্দধাতি) যতঃ যে শ্রীরমণং লক্ষ্মীকান্তং, গুণাস্পদং সৌন্দর্য্যমাধুর্য্যাদি-গুণাধারং আত্মনম্ আত্মভূতং, দেবকীসুতম্ অজনি যার্থে গচ্ছতি দ্রক্ষ্যন্তি ॥২৫

এতদ্বিধস্য (এবা দৃষ্টা বিং বিধাতং যস্য তস্য তস্য) অকরুণস্য কৃপারহিতস্য অক্রূরঃ ইতি এতৎ নাম ন অক্রূরঃ যতঃ অতীব দারুণঃ যঃ অসৌ অক্রূরঃ ব্রজঃখিতং জনম্ অস্মৎ-সমুদায়াত্মকম্ অনাথাত্ম অপাধারিতা প্রিয়ং প্রাণাদপি প্রিয়ং কৃষ্ণম্ অজনঃ পারম্ (অস্মদ্গণ-মোচনম্ অভিপ্রায়েণ) নেষ্যতি ॥২৬

ছটাকবিলাসী মধুর চাক্ষুষরূপ মাধুকরস সম্পন্ন শ্রীমুখ পান করিবে কিংবা স্বীয় অপাঙ্গরূপ রসনা দ্বারা আস্বাদন করিবে—অর্থাৎ কুল-ধর্ম্ম লজ্জা ও ভয়াদি অকস্মাৎ ত্যাগ করিয়া ইহার ইঙ্গিত অঙ্গীকার করিবে।২৩

যদি বল—দুই তিন দিন তাহা হয় হইল, উৎকণ্ঠা হওয়া সম্ভবও বটে; কিন্তু তথাপি আমাদিগের স্নেহে আকৃষ্ট হইয়া এবং পিতাপ্রভৃতি গুরুজনের অনুরোধে সম্ভবতঃ আবার আগমন করিতে পারেন—এই আশঙ্কায় অন্যের প্রতি বলিতেছেন—ওহে মুগ্ধা রমণীগণ! প্রকৃত-তত্ত্ব কিছুই বুঝিতে পার নাই, সুতরাং শ্রবণ কর—

যে অবলাগণ! সেই সকল মধুরাস্থ পুরনারীগণের মধু হইতেও মধুরতর মনোহর বাক্যাবলিতে আকৃষ্টচিত্তহয়, অতএব তাহাদের অধীন হইয়া শ্রীকৃষ্ণ মনস্বী (ধীর) হইলেও তাহাদিগের লজ্জামিশ্র হাস্য বিলাসে শ্রান্ত হইয়া প্রায় আমাদিগের নিকট কিরূপে আগমন করিবেন? (কখনই আগমন করিবেন না) ।২৪

অপিচ এতদিন ব্রজবাসিগণ যেরূপ আনন্দলাভ করিত, মথুরাপুরবাসিগণও এখন সেইরূপ আনন্দ লাভ করিবে; তাই বলিতেছেন—

আজ সেই মথুরাতে দাশার্হ, ভোজ, অন্ধক, বৃষ্ণি এবং সাত্বতগণের নয়নের মহান্ উৎসব হইবে সন্দেহ নাই, আর পরিশেষে বর্ত্তমান সাধারণ মথুরাবাসী লোকসকলও শ্রীরমণ, গুণাস্পদ, দেবকীতনয় শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া তাহাদিগেরও নয়নের মহোৎসব হইবে।২৫

অক্রূরের প্রতি অভিশাপ প্রদানকরত বলিতে লাগিলেন;—

পরন্তু ক্রূর এই অক্রূর (প্রত্যক্ষ বর্ত্তমান) নিরতিশয় দুঃখিত আমাদিগকে আশ্বাসিত না করিয়া প্রাণ হইতেও প্রিয়তম শ্রীকৃষ্ণকে অতি দূরদেশে লইয়া যাইতেছে; এইরূপ অকরুণ এই ব্যক্তির নাম "অক্রূর" হওয়া কোনরূপেই ন্যায় নহে।২৬

অনার্দ্রধীর্যেন সমাত্মিতো কথং
ভবন্নখী চ ত্বরতি দুর্মদাঃ।
গোপা অনোভিঃ স্ববিরূপস্পিতং
দৈবঞ্চ নোঽন্য প্রতিকূলমীহতে ॥২৭

নিবারয়ঃ সম্ভূপেত্য মাধবং
কিং নোঽকরিষ্যন্ কুলবৃদ্ধবান্ধবাঃ।
মুকুন্দসঙ্গান্নিমিষার্দ্ধদুস্ত্যজাদ্
দৈবেন বিধ্বংসিতধীনচেতসাম্ ॥২৮

সন্ত্যস্য রাগললিতস্মিতবল্গুমন্ত্র-
লীলাবলোকপরিরম্ভণরাসগোষ্ঠ্যাম্।
নীতাঃ স্ম নঃ ক্ষপমিব ক্ষণদা বিনা তং
গোপ্যঃ কথং ধৃতিভরেয় তমো দুরন্তম্ ॥২৯

অনার্দ্রধীঃ (অনার্দ্রা স্নেহরহিতা ধীঃ যস্য সঃ) এবং শ্রীকৃষ্ণঃ যথা সমাত্মিতঃ গৃহম্ অধিরূঢ়ঃ, ভবন্যাঃ উৎসাহিতচিত্তাঃ অথো গোপাঃ চ অনোভিঃ শকটৈঃ ত্বরন্তি (শীঘ্রং গচ্ছন্ত্যস্মিন্তি ত্বরতি) স্ববিরৈঃ উপস্কৃতাদিভিঃ চ উপস্কিতং (গমনবিষয়ং ন কৃতম্) দৈবঞ্চ অস্য নঃ অস্মাকং প্রতিকূলং বিপরীতম্ ঈহতে চেষ্টতে (অতঃ গমনে বিঘ্নং ভাং) ।২৭

(হে) নিঃ (বয়ং) সম্ভূপেত্য নিত্যং মাধবং শ্রীকৃষ্ণং নিবারয়ামঃ। নিবিষার্দ্ধকালাৎ মুকুন্দসঙ্গাৎ দৈবেন বিধ্বংসিত-ধীনচেতসাং (বিধ্বংসিতানি বিনাশিতানি অতএব ধীনানি

হায় হায়! এই কাল বড় অতিশয় ক্রূর, আর পরম কোমল হৃদয় শ্রীনন্দনন্দনও আমাদিগের প্রতি অতিশয় কঠিন হইয়াছেন; তাহাই পরমার্থি সহকারে বলিতেছেন—

শ্রীকৃষ্ণ স্নেহশূন্য হইয়া রথে আরোহণ করিতেছেন, সেই রথের পশ্চাৎ দুর্মদ (উৎসাহান্বিত) শ্রীদামাদি গোপগণ শকট লইয়া গমন করিবার জন্য ত্বরা করিতেছে, বৃদ্ধসকল উপেক্ষা করিতেছেন (অর্থাৎ গমনে বাধাদান করিতেছেন না) দৈবও অদ্য আমাদের প্রতিকূলে (বিরুদ্ধে) চেষ্টা করিতেছে ।২৭

আমরা বাল্যকাল হইতে অনন্যমনে এই শ্রীকৃষ্ণকেই বরণ করিয়াছি শ্রীকৃষ্ণও ঐরূপ আমাদিগকে গ্রহণ করিয়াছেন, সুতরাং ইনিই আমাদিগের পতি, সম্প্রতি আমাদিগকে পরিত্যাগ করিয়া যাইতেছেন অতএব ইহাকে কেনইবা নিবারণ করিব না? এবং কাহারই বা সঙ্কোচ করিব এই অভিপ্রায়ে

মুকুন্দসঙ্গাৎ ভাসাং) নঃ অস্মাকং কুলবৃদ্ধবান্ধবাঃ কিং অকরিষ্যন্ করিষ্যন্তি ।২৮

হে গোপ্যঃ। বয়ং অনুরাগ-ললিত-স্মিতবল্গুমন্ত্র-লীলাবলোক-পরিরম্ভণ-রাসগোষ্ঠ্যাং (অনুরাগেণৈব ললিতং সুন্দরং স্মিতং বল্গুমন্ত্রঃ যাবান্তর-গর্ভসংলাপঃ, লীলাবলোকঃ কটাক্ষবিলোকনং চ পরিরম্ভণং চ এতানি যস্যাং তস্যাং রাসগোষ্ঠ্যাং রাসক্রীড়া-সভায়াং) নঃ বয়ং যাত্রায়াং ক্ষপং ইব নীতাঃ তৎ অমুং তমঃ বিনা দুরন্তং তমঃ দুঃসহং বিরহদুঃখং কথং বা অতিতরেম ।২৯

বলিতেছেন—

আমরা লজ্জাদি পরিত্যাগ পূর্বক সাহস অবলম্বন করত মাধবের নিকটে উপস্থিত হইয়া শ্রীহস্ত ধারণাদিদ্বারা গমন হইতে শীঘ্রই নিবৃত্ত করিব যেহেতু আমরা নিমিষার্দ্ধকালও যাহা পরিত্যাগ করিতে অসমর্থ, সেই মুকুন্দসঙ্গ হইতে দৈব আমাদিগকে বিযোজিত করিতেছে, সুতরাং দীনচিত্তা আমাদিগের কুলের বৃদ্ধ-গণ ও অন্যান্য বান্ধবগণ আর কি করিতে পারিবেন ।২৮

এক্ষণ হইতেই সাহসই আলম্বনীয় ইহাই বলিতেছেন—

হে গোপীগণ! যাঁহার অনুরাগ সহকারে মনোহরহাস্য, সুন্দরনির্ক্ষন আলাপ, লীলাসহিত অবলোকন এবং আলিঙ্গন সম্বলিত রাসক্রীড়া-সভায় আমরা রাত্রিসকল মুহূর্তের ন্যায় অতিবাহিত করিয়াছিলাম, সেই শ্রীকৃষ্ণ ব্যতিরেকে দুরন্ত বিরহদুঃখ কিরূপে অতিক্রম করিব? নিশ্চয় কোনরূপেই তাহা অতিক্রম করিতে পারিব না ।২৯

যোঽহ্নঃ ক্ষয়ে ব্রজমনন্তসখঃ পরীতো
গোপৈর্বিলম্বয়ন্ খুররজশ্ছুরিতালকস্রক্।
বেণুং ক্বণন্ স্মিতকটাক্ষনিরীক্ষণেন
চিত্তং ক্ষিণোত্যুষসৃতে স্ম কথং তবেম ॥৩০

শ্রীশুক উবাচ।

এবং ব্রুবাণা বিরহাতুরা ভৃশং
ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণবিষক্তমানসাঃ।

বিসৃজ্য লজ্জাং রুরুদুঃ স্ম সুস্বরং
গোবিন্দ দামোদর মাধবেতি ॥৩১

স্ত্রীণামেবং রুদন্তীনামমুতিঃ সবিতর্য্যগাৎ।
অক্রূরশ্চোদয়ামাস কৃতমৈত্রাহ্নিকো রথম্ ॥৩২

গোপান্তমন্বসজ্জন্ত নন্দাদ্যাঃ শকটৈস্তুতঃ।
আদায়োপায়নং ভূরি কুল্যান্ গোরস-সম্ভৃতান্ ॥৩৩

অনন্তসখঃ (অনন্তঃ শেষাবতারো বলঃ সখা সহচরঃ যস্য সঃ) গোপৈঃ চ পরীতঃ পরিবৃতঃ খুররজশ্ছুরিতালকস্রক্ (খুরাণাং খুররজোভিঃ ছুরিতাঃ ধূসরাঃ অলকাঃ স্রজশ্চ যস্য সঃ) বঃ শ্রীকৃষ্ণঃ অহ্নঃ ক্ষয়ে দিনাবসানে ব্রজং বিশন্ বেণুং ক্বণন্ বাদয়ন্ সন্ স্মিতকটাক্ষনিরীক্ষণেন বঃ চিত্তং ক্ষিণোতি অপহরতি তস্য অমুং কৃষ্ণং বাদ্য বিনা কথং বয়ং তবেম জীবেম ॥৩০

শ্রীশুকঃ উবাচ।—এবং পরম্পরং ব্রুবাণাঃ কৃষ্ণং অত্যন্তং কৃষ্ণবিষক্তমানসাঃ (কৃষ্ণে বিষক্তানি আসক্তানি মানসানি যাসাং তাঃ) অতঃ বিরহাতুরাঃ (তাসামিবহরুবেন আতুরাঃ বিবশাঃ)

অপিচ অহ্নই সায়ংকালে ফিরিয়া যাইব, ইহাই বলিতেছেন—

গোপগণে পরিবৃত অনন্তসখা শ্রীকৃষ্ণ গোখুর-ধূলিধূসরিত ও বনমালায় বিভূষিত হইয়া যখন দিবসাবসানে ব্রজধামে প্রবেশ করত বেণু বাজাইতে বাজাইতে সহাস্য কটাক্ষ নিরীক্ষণে আমাদিগের চিত্ত অপহরণ করেন (কিংবা প্রেমোদ্রেকে মোহিত করেন), সেই শ্রীকৃষ্ণ বিরহে আমরা কিরূপ জীবিত থাকিব? (কখনই জীবন ধারণে সমর্থ হইবনা) ।৩০

এইরূপে বিলাপ করিয়া ব্রজবধূগণ শ্রীকৃষ্ণকে রথ হইতে অবতরণ করাইবার জন্য মিলিয়া হইয়া যখন যাইতে প্রবৃত্ত হইলেন, তখন উৎসবাদি বিস্মরণতঃ গমনে অসমর্থা হওয়ায় কেবলমাত্র রোদন করিতেই লাগিলেন, তাহাই বলিতেছেন—

এইরূপ বলিতে বলিতে বিরহে অত্যন্ত বিবশ-

ব্রজস্ত্রিয়ঃ লজ্জাং বিসৃজ্য ত্যক্ত্বা, সুস্বরং উচ্চৈঃ, হে গোবিন্দ, হে দামোদর, হে মাধব ইতি (সাধারণত্যা) রুরুদুঃ স্ম ।৩১

এবং স্ত্রীণাং রুদতীনাং সতীনাং (তাঃ অনাদৃত্য) কৃষ্ণমৈত্রাহ্নিকঃ (কৃষ্ণং মিত্রমহরুক্তাকং সন্ধ্যোপাসনাদিকং কর্ম যেন সঃ) অক্রূরঃ সবিতরি সূর্য্যে উদিতে সতি অথ অনন্তরং রথং চোদয়ামাস প্রাতিষ্ঠয়ৎ ।৩২

ততঃ অনন্তরং ভূরি উপায়নং নেতৃ উত্তমং বস্তু তথা গোরস-সম্ভৃতান্ কুল্যান্ চ আধার নন্দাদ্যাঃ গোপাঃ শকটৈঃ রথং রুরুহুঃ অনন্তরং পশ্চাৎ যযুঃ ।৩৩

রসের ও স্বাভাবিকপ্রেমরসময়ত্বে প্রসিদ্ধ গোপীগণ প্রেমবশতঃ কৃষ্ণে সমধিক আসক্তচিত্তা হইয়া লজ্জা বিসর্জ্জনপূর্ব্বক উচ্চৈঃস্বরে হে গোবিন্দ, হে দামোদর, হে মাধব, এইরূপ বলিয়া রোদন করিতে লাগিলেন ।৩১

অনন্তর উক্তরূপে রোদনপরায়ণা রমণীদিগকে অনাদর করিয়া অক্রূরমহাশয় সন্ধ্যোপাসনাদি কার্য্য সমাপন পূর্ব্বক সূর্য্য উদিত হইলে কালাতিক্রম ঘটিবে জানিয়া রথ চালাইয়া দিলেন ।৩২

অনন্তর গমনের যে উৎসব হইয়াছিল, তাহাই বলিতেছেন ;—

অতঃপর নন্দাদি-গোপগণ প্রচুর উপায়ন (রাজাদি উত্তম দ্রব্য) এবং ঘৃত-দুগ্ধাদি পরিপূরিত কুম্ভসমূহ গ্রহণ করিয়া শকটের সহিত অর্থাৎ শকটে আরোহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণরথের পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিলেন ।৩৩

গোপ্যশ্চ দয়িতং কৃষ্ণমনুব্রজ্যানুবর্ত্তিতাঃ।
প্রত্যাদেশং ভগবতঃ কাঙ্ক্ষন্ত্যশ্চাবতস্থিরে ॥৩৪
তাংতথা তপ্যতীর্বীক্ষ্য স্বপ্রস্থানে যদূত্তমঃ।
সান্ত্বয়ামাস সপ্রেমৈরায়াস্য ইতি সৌহৃদৈঃ ॥৩৫
যাবদালক্ষ্যতে কেতুর্যাবদ্ রেণূ রথস্য চ।
অনুপ্রস্থাপিতাত্মানো লেখ্যানীবোপলক্ষিতাঃ ॥৩৬

তা নিরাশা নিবর্ত্তন্ত গোবিন্দবিনিবর্ত্তনে।
বিশোকা অহনী নিন্যুর্গায়ন্ত্যঃ প্রিয়চেষ্টিতম্ ॥৩৭
ভগবানপি সম্প্রাপ্তো রামাক্রূরযুতো নৃপ।
রথেন বায়ুবেগেন কালিন্দীহ্রদনাশিনীম্ ॥৩৮
তস্মিন্নপস্পৃশ্য পানীয়ং পীত্বা মৃষ্টিং মণিপ্রভম্।
কৃষ্ণশ্চক্রপথং ব্রজ্য সরামো রথমাবিশৎ ॥৩৯

তদা গোপ্যঃ চ দয়িতং কৃষ্ণমনুব্রজ্য তেন অনুবর্ত্তিতাঃ আনমিতাঃ ভগবতঃ প্রত্যাদেশস্য গমনপ্রত্যাগমস্য কাঙ্ক্ষন্ত্যঃ এবং অবতস্থিরে স্থিতাঃ ॥৩৪

তদা যদূত্তমঃ কৃষ্ণঃ স্বপ্রস্থানে নিমিত্তে তাঃ গোপীঃ তথা তপ্যন্তীঃ তপ্যমানাঃ বীক্ষ্য সপ্রেমৈঃ প্রেমসহিতৈঃ সৌহৃদৈঃ মৈত্রম্ আয়াস্যে ইতি সৌহৃদৈঃ সুহৃদাত্মৈঃ সান্ত্বয়ামাস ॥৩৫

অনুপ্রস্থাপিতাত্মানঃ (শ্রীকৃষ্ণস্য প্রস্থাপিতাঃ আত্মনঃ চিত্তানি যাভিঃ তাঃ) গোপ্যঃ যাবৎ রথস্য কেতুঃ আলক্ষ্যতে যাবচ্চ রেণুঃ আলক্ষ্যতে, তাবৎ কালং লেখ্যানীব [লিখিত-প্রতিমা ইব উপলক্ষিতাঃ তটস্থে উপস্থিতে ॥৩৬

ব্রজবনিতাগণও প্রিয়তম শ্রীকৃষ্ণের সহিত কিয়দ্দূর গমন করিয়া শ্রীকৃষ্ণের নিরীক্ষণের দ্বারা কিঞ্চিৎ আনন্দ লাভকরত তাঁহার প্রত্যুত্তরের আকাঙ্ক্ষায় অবস্থিতি করিতে লাগিলেন ।৩৪

অনন্তর শ্রীভগবান্ যাহা করিলেন তাহা বলিতেছেন—

তখন যদুপতি ভগবান্ শ্রীকৃষ্ণ নিজের প্রস্থানে সন্তপ্তা গোপীদিগকে প্রত্যুত্তরের আকাঙ্ক্ষিণী মনে করিয়া সপ্রেম অর্থাৎ বিবিধ শপথাদি পূর্ব্বক স্নেহময় "সত্বর আগমন করিতেছি" এই দূতবাক্যসমূহ দ্বারা সেই সন্তপ্যমান শ্রীব্রজসুন্দরীগণকে সান্ত্বনা করিলেন ।৩৫

তথাপিও তাঁহাদিগের তৎক্ষণাৎ প্রাণরক্ষাই মাত্র হইল, কিন্তু শান্তি হইল না, তাই বলিতেছেন—

শ্রীকৃষ্ণ যখন চলিয়া যাইতেছিলেন, তখন গোপীগণ স্ব-স্ব-চিত্ত তাঁহার অনুসরণে প্রেরিত করিতে লাগিলেন, সুতরাং তাঁহারা প্রথমে যাবৎ রথের পতাকা, যাবৎ রথের ধূলিরেণু পরিলক্ষিত হইল তাবৎ কাল পর্য্যন্ত চিত্রপুত্তলিকার ন্যায় পরিলক্ষিত হইতে লাগিলেন ।৩৬

অতএব গোবিন্দের বিনিবর্ত্তন বিষয়ে নিরাশ হইয়া গোপীগণ ফিরিয়া আসিলেন এবং প্রিয় শ্রীকৃষ্ণের ক্রীড়াকলাপ গাইতে গাইতে শোকরহিত হইয়া দিন-রাত্র অতিবাহিত করিতে লাগিলেন ।৩৭

যখন শ্রীব্রজসুন্দরীগণ শোক পরিত্যাগ করিয়াছিলেন তখন ভগবান্ গোকুলবৃত্তান্ত বিচার না করিয়া প্রথমেই গিয়াছিলেন তাহাতেই বলিতেছেন—

হে রাজন্! রাম ও অক্রূরের সহিত ভগবান্ শ্রীকৃষ্ণও সবীরণের ন্যায় বেগশালী রথে আরোহণ করিয়া হ্রদ ও ব্যসননাশিনী যমুনার সন্নিধবর্ত্তী হইলেন ।৩৮

তৎপর "প্রাতঃকালে ভোজন করিয়াছেন" এইরূপ

তদা গোবিন্দবিনিবর্ত্তনে নিরাশাঃ সত্যঃ তাঃ গোপ্যঃ নিবর্ত্তুঃ ন্যবর্ত্তন্ত। প্রিয়াচেষ্টিতং (প্রিয়স্য কৃষ্ণস্য চেষ্টিতং) গায়ন্ত্যঃ বিশোকাঃ বিগতশোকাঃ সত্যঃ অহনী অহোরাত্রৌ নিন্যুঃ অতিক্রমিতবত্যঃ ॥৩৭

হে নৃপ। রামাক্রূরযুতঃ রামাক্রূরাভ্যাং যুতো ভগবান্ কৃষ্ণঃ অপি বায়ুবেগেন (বায়োরিব বেগো যস্য তেন রথেন) অথবা নিবীর্য্য কালিন্দীং সংপ্রাপ্তঃ ॥৩৮

তত্র কালিন্দ্যাং হ্রদনিপ্রভম্ (হ্রদং নির্গতং মণিপ্রভম্ ইন্দ্রনীলমণিবৎ কান্তং) পানীয়ং সলিলম্ উপস্পৃশ্য কৃষ্ণবত্ম (কৃষ্ণাগার তঃ নদুহম্ উপব্রজ্য) সরামঃ কৃষ্ণঃ রথম্ আবিশৎ আরুরোহ ॥৩৯

অক্রূরস্তাবুপাদায় নিবেশ্য চ রথোপরি।
কালিন্দ্যা হ্রদমাগত্য স্নানং বিধিবদাচরৎ ॥৪০
নিমজ্য তস্মিন্ সলিলে জপন্ ব্রহ্ম সনাতনম্।
তাবেব দদৃশেঽক্রূরো রাম-কৃষ্ণৌ সমন্বিতৌ ॥৪১
তৌ রথস্থৌ কথমিহ সুতাবানকদুন্দুভেঃ।
তর্হি বিৎ স্বপনে ন-স্ত ইত্যুন্মজ্য ব্যচষ্ট সঃ ॥৪২

তত্রাপি চ যথাপূর্ব্বমাসীনৌ পুনরেব সঃ।
সমবজ্ঞদ্দর্শনং বন্মে মৃষা কিং সলিলে তয়োঃ ॥৪৩
ভূয়স্তত্রাপি সোঽত্রাক্ষীৎ ভূমযানমধীশ্বরম্।
সিদ্ধ-চারণ-গন্ধর্ব্বৈরনুবৈনক্তকন্ধরৈঃ ॥৪৪
সহস্রশিরসং দেবং সহস্রবদনৌদিনম্।
নীলাম্বরং বিসশ্বেতং শূলৈঃ শ্বেতমিব স্থিতম্ ॥৪৫

তত্রা অক্রূরঃ তৌ রামকৃষ্ণৌ ঈশাবহ্যা আহূয় রথোপরি নিবেশ্য চ যাবদ্বিধিবার্থং কালিন্দ্যাঃ হ্রদম্ আগত্য তত্র বিধিবদাচরৎ ॥৪০

তস্মিন্ সলিলে নিমজ্য সনাতনং ব্রহ্ম জপন্ অক্রূরঃ তৌ এব সমন্বিতৌ মিলিতৌ রামকৃষ্ণৌ এব তত্র সলিলমধ্যে দদৃশে ॥৪১

এবং দৃষ্ট্বা চ অক্রূরঃ তৌ রথস্থৌ আনকদুন্দুভেঃ বসুদেবস্য সুতৌ ইহ কথং স্তঃ (যদি রথাং অবরুদ্ধ অন্যত্রগতৌ), তর্হি তদনন্তর ম স্তঃ (ইতি বিতর্ক্য) সঃ ঈক্ষত্য তৌ বাচষ্টে দর্শনং ॥৪২

তত্রাপি রথে যথাপূর্ব্বম্ আসীনৌ দর্শনং ইতি পূর্ব্বোপাদ্যঃ। অতঃ সলিলে যে বয়া তায়াঃ দর্শনং কিং মৃষা মৃষা ইতি বিচিন্ত্য সঃ অক্রূরঃ ভূয়ঃ পুনরপি সত্তত্তরৈঃ (বয়াঃ কন্ধরাঃ গ্রীবাঃ যেষাং তৈঃ) সিদ্ধৈঃ, চারণৈঃ, গন্ধর্ব্বৈঃ, অনুচরৈঃ প্রজাপালাদিভিঃ চ ভূয়মানম্ অধীশ্বরং শেষম্ অদ্রাক্ষীৎ ॥৪৩-৪৪

সহস্রশিরসং (সহস্রং শিরাংসি ফণাঃ যস্য তং) তথা সহস্রবদনৌদিনং (সহস্রেষু ফণেষু যৌনম্ ক্ষিতৌচাসি যস্য তম্) নীলাম্বরং (নীলম্ অম্বরং যস্য তং) শূলৈঃ বিস্তৃতৈঃ শিতৈঃ বিসবৎ (বিসবৎ পদ্মকন্দবৎ শ্বেতম্) ইব স্থিতম্ ॥৪৫

বলা হইয়াছে, পরে সেই স্থানে আসিয়া যাহা করিয়াছিলেন তাহাই বলিতেছেন ;—

সূর্য্যাগ্নি দ্বারা নির্ম্মল ইন্দ্রনীল মণির ন্যায় প্রভাশালী সেই যমুনার সলিল পান ও তাহা দ্বারা আচমন করিয়া বৃক্ষশ্রেণীর সমীপে গমনপূর্ব্বক শ্রীবলদেব সহ পুনর্ব্বার রথে আরোহণ করিলেন।৩৯

অহো ব্রজরমণীগণের মনঃক্ষোভ-হেতু তখনও অক্রূরের তাঁহার স্বীয় পরমসখ্য বৈভবে অবগাহন হইয়াছিল, কিন্তু ব্রহ্মাপ্রভৃতি দেবগণের যেরূপ হইয়াছিল সেইরূপ হইল না ইহাই বলিতেছেন

অক্রূরমহাশয়,—রাম এবং কৃষ্ণকে রথোপরি সংস্থাপিতকরত রাম এবং কৃষ্ণের অনুজ্ঞানুসারে মাধ্যাহ্নিক সন্ধ্যাবন্দনাদি করিবার নিমিত্ত যমুনাহ্রদে উপস্থিত হইয়া তাহাতে অনুসারে স্নান করিলেন।৪০

শ্রীঅক্রূরমহাশয় সেই জলে নিমজ্জিতা হইয়া নিত্য ব্রহ্ম-স্বরূপবোধক প্রণব জপ করিতে করিতে (জলমধ্যে) একত্র সম্মিলিত শ্রীরাম-কৃষ্ণকেই দেখিতে পাইলেন।৪১

শ্রীরাম ও কৃষ্ণকে জলমধ্যে দর্শন করিয়া সন্দেহ হওয়ায় বিচার করিতেছেন—

বাসুদেবের পুত্র রাম-কৃষ্ণ রথে বর্ত্তমান আছেন কিন্তু এই জলমধ্যে তাঁহারা কিরূপে আসিলেন? তবে কি তাঁহারা রথে বর্ত্তমান নহেন? এইরূপ চিন্তাকরত জল হইতে উত্থিত হইয়া অক্রূর শ্রীরাম-কৃষ্ণকে রথেই দেখিতে পাইলেন।৪২

রথের উপরেও শ্রীরাম-কৃষ্ণকে পূর্ব্ববৎ সমাসীন দর্শন করিলেন, কিন্তু জলমধ্যে যে আমি তাঁহাদিগকে দর্শন করিলাম, তাহা কি মিথ্যা, না সত্য? যদি সত্য হয়, তাহলে পুনর্ব্বারও দর্শন করিব ইহা চিন্তা করিয়া সেই অক্রূরমহাশয় পুনর্ব্বারও যমুনাসলিলে নিমগ্ন হইলেন।৪৩

শ্রীভগবান্ও ভক্তীর পরম বশ্য বৈভবে অনবগাহমান অক্রূরের প্রতি নিজাশেষরূপ শ্রীবিষ্ণুকেই অনুভাবিত করাইয়াছিলেন তাই বলিতেছেন—

অক্রূর পুনরায় সেই হ্রদে অবনতকন্ধর সিদ্ধ, চারণ,

তস্যোৎসঙ্গে ঘনশ্যামং পীতকৌশেয়বাসসম্।
পুরুষং চতুর্ভুজং শান্তং পদ্মপত্রারুণেক্ষণম্ ॥৪৬
চারুপ্রসন্নবদনং চারুহাসনিরীক্ষণম্।
সুভ্রূনসং চারুকর্ণং সুকপোলারুণাধরম্ ॥৪৭
প্রলম্বপীবরভুজং তুঙ্গাংসোরঃস্থলশ্রিয়ম্।
কম্বুকণ্ঠং নিম্ননাভিং বলিমৎপল্লবোদরম্ ॥৪৮
বৃহৎকটিতটশ্রোণিকরভোরুযুগান্বিতম্।
চারুজানুযুগং চারুজঙ্ঘাযুগলসংযুতম্ ॥৪৯

তুঙ্গগুল্ফারুণনখব্রাতদীধিতিভির্যুতম্।
নবাঙ্গুল্যঙ্গুষ্ঠদলৈর্বিলসৎপাদপল্লবম্ ॥৫০
মুমুহার্হমণিব্রাতকিরীট-কটকাঙ্গদৈঃ।
কটিসূত্র-ব্রহ্মসূত্র-হার-নূপুর-কুণ্ডলৈঃ ॥৫১
ভ্রাজমানং পদ্মকরং শঙ্খ-চক্র-গদাধরম্।
শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভং বনমালিনম্ ॥৫২
সুনন্দ-নন্দপ্রমুখৈঃ পার্ষদৈঃ সনকাদিভিঃ।
সুরেশৈর্ব্রহ্ম-রুদ্রাদ্যৈর্নবভিশ্চ দ্বিজোত্তমৈঃ ॥৫৩

তত্র অহীশ্বরস্য উৎসঙ্গে কৃতনীলত্বফোর্ণে (নু : বিলোক্য ইতি পাঠান্তরম্। তং দর্শয়তি) ঘনশ্যামং মৌলিবেষং শ্যামং, পীতকৌশেয়বাসসং (পীতে কৌশেয়ে ক্ষৌমে চ বাসসী যস্য তং), চতুর্ভুজং (চতুরো ভুজা যস্য তং), শান্তং প্রসন্নং, পদ্মপত্রারুণেক্ষণং (পদ্মপত্রে ইব অরুণে ঈক্ষণে যস্য তম্) ॥৪৬

চারুপ্রসন্নবদনং (চারু সুন্দরং প্রসন্নং চ বদনং যস্য তং), চারুহাসনিরীক্ষণং, (চারুহাসেন সুন্দর নিরীক্ষণং যস্য তং), সুভ্রূ (শোভনে ভ্রুবৌ চ) উন্নসং (উন্নতা নাসিকা যস্য তং) চারুকর্ণং (চারু কর্ণে যস্য তং) সুকপোলারুণাধরং (শোভনৌ কপোলৌ তথা অরুণঃ অধরঃ যস্য তম্) ॥৪৭

প্রলম্বপীবরভুজং (প্রলম্বাঃ আজানুলম্বিনঃ পীবরাঃ চ ভুজাঃ যস্য তং) তুঙ্গাংসোরঃস্থলশ্রিয়ং (তুঙ্গৌ উন্নতৌ অংসৌ যস্য তং তথা উরসি শ্রীঃ যস্য তং), কম্বুগ্রীবং (কম্বুরিব গ্রীবা যস্য তং) নিম্ননাভিং (নিম্না নাভিঃ যস্য তং) বলিমৎপল্লবোদরং (বলয়ঃ ত্রিবলিরাজিঃ বিদ্যতে যস্য তৎ বলিমৎ তৎ চ পল্লবং অশ্বত্থপত্রম্ ইব উদরং যস্য তং) ॥৪৮

বৃহৎকটিতটশ্রোণি-করভোরুযুগান্বিতং (বৃহদ্ভ্যাং কটি-তটাভ্যাং শ্রোণিভ্যাং করভস্যেব উরুভ্যাং চ সমন্বিতং) চারুজানুযুগং চারুজঙ্ঘাযুগলসংযুতং ॥৪৯

তুঙ্গগুল্ফারুণ-নখ-ব্রাতদীধিতিভিঃ (তুঙ্গৌ উন্নতৌ গুল্ফৌ চ অরুণ-নখানাং ব্রাতঃ সমূহঃ যেষাং তৈঃ দীধিতিভিঃ) যুতং নবাঙ্গুল্যঙ্গুষ্ঠদলৈঃ (নবাঃ অঙ্গুল্যঃ অঙ্গুষ্ঠৌ চ তাসাং দলানি যৈঃ) বিলসৎ শোভমানং পাদপল্লবং যস্য তং বিলসৎ-পাদপল্লবম্ ॥৫০

মুমুহার্হমণিব্রাত-কিরীট-কটকাঙ্গদৈঃ (মুমুহার্হাঃ বহুমূল্যাঃ মণিব্রাতাঃ যে তৈ কিরীটাদিভিঃ) তথা কটিসূত্র-ব্রহ্মসূত্র-হার-নূপুর-কুণ্ডলৈঃ (ব্রহ্মসূত্রং যজ্ঞোপবীতং) ভ্রাজমানম্ ॥৫১

পদ্মকরং (পদ্মং করে দক্ষিণকরে যস্য তং) শঙ্খচক্র-গদাধরং শ্রীবৎসবক্ষসং (শ্রীবৎসো দক্ষিণাবর্তরোমাবর্তবিশেষো বক্ষসি যস্য তং) ভ্রাজৎ কৌস্তুভং বনমালিনম্ ॥৫২

গন্ধর্ব এবং প্রহ্লাদপ্রভৃতি অনুচরগণ কর্তৃক স্তূয়মান সহস্রশির, দেব (জগৎপূজ্য), সহস্র ফণার মৌলি-বিশিষ্ট, নীল বসন পরিহিত, মৃণালের ন্যায় শ্বেতবর্ণ, হৈমগৃহ দ্বারা কৈলাস পর্বতের ন্যায় স্থিত অহীশ্বরকে (শেষকে) দর্শন করিলেন, পরন্তু রাম-কৃষ্ণকে দেখিতে পাইলেন না ।৪৪-৪৫

সেই অহীশ্বরের উৎসঙ্গে (ক্রোড়ে) নীল মেঘের ন্যায় শ্যামবর্ণ, পীতবর্ণ কৌশেয়বসন পরিহিত, চতুর্ভুজ শান্ত, পদ্মপত্রের ন্যায় অরুণবর্ণ নয়ন, এক পুরুষ দর্শন করিলেন ।৪৬

তাঁহার মুখকমল—সুন্দর ও প্রসন্ন, অবলোকন মনোহর হাস্যযুক্ত, ভ্রূদ্বয়—শোভন, নাসিকা—উন্নত, সুন্দর কর্ণদ্বয়, গণ্ডদ্বয় চারুতর, অধর—অরুণবর্ণ ।৪৭

তাঁহার ভুজদ্বয় আজানুলম্বী ও পীবর, স্কন্ধ এবং বক্ষঃস্থল উন্নত, কম্বুর ন্যায় কণ্ঠ নাভি—গভীর অথচ নিম্ন, বলিত্রয় সম্বলিত উদর ।৪৮

বৃহৎ কটিতট, বৃহৎ নিতম্ব, করভসদৃশ উরুদ্বয় সমন্বিত, মনোজ্ঞ জানুযুগলবিশিষ্ট এবং মনোরম জঙ্ঘাদ্বয় যুক্ত ।৪৯

ঈষৎ উন্নত গুল্ফ এবং অরুণবর্ণ নখসমূহের

প্রহ্লাদ-নারদ-বসুপ্রমুখৈর্ভাগবতোত্তমৈঃ ।
নূয়মানঃ পৃথগ্ভাবৈর্বেদস্তুতিভিরন্বহম্ ॥৫৪
শ্রিয়া পুষ্ট্যা গিরা কান্ত্যা কীর্ত্ত্যা তুষ্ট্যেলয়োর্জয়া।
বিদ্যাবিদ্যাশক্ত্যা মায়য়া চ নিষেবিতম্ ॥৫৫
বিলোক্য হৃষ্টঃ শ্রীতো ভক্ত্যা পরময়া যুতঃ।
হৃত্তন্নুরুহো ভাবপরিক্লিন্নাত্মলোচনঃ ॥৫৬
গিরা গদগদয়াস্তোত্রীৎ সত্ত্বমালম্ব্য সাত্বতঃ।
প্রণম্য মূর্ধ্নাবহিতঃ কৃতাঞ্জলিপুটঃ শনৈঃ ॥৫৭

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
একোনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

নূয়মান-বন্দ্যমানঃ পৃথগ্ভাবৈঃ পৃথগ্ভাবেন সনকাদিভিঃ ঋষিভিঃ, ব্রহ্মভবাদ্যৈঃ সুরেশৈঃ, শর্ব্বাদ্যাদিভিঃ সর্বত্রিঃ বিদ্যাতত্ত্বৈঃ, প্রহ্লাদ-নারদবসুপ্রমুখৈঃ ভাগবতোত্তমৈঃ পৃথগ্ভূতাভিঃ অমলাত্মভিঃ ঋচোভিঃ স্তূয়মানম্ ॥৫৩-৫৪

শ্রিয়া পুষ্ট্যা গিরা কান্ত্যা কীর্ত্ত্যা তুষ্ট্যা ইলয়া, ঊর্জয়া বিদ্যা অবিদ্যা শক্ত্যা মায়য়া চ নিষেবিতম্ ॥৫৫

পুরুষং বিলোক্য পুরুষম্ অন্তর্যামিণং প্রাতঃ পরময়া ভক্ত্যা যুতঃ হৃত্তন্নুরুহঃ (হৃদয়ং উৎফিতা: তন্নুরুহাঃ লোমানি যস্য সঃ) ভাবপরিক্লিন্নাত্মলোচনঃ (ভাবেন পরিক্লিন্নঃ আর্দ্রঃ আত্মা চিত্তং লোচনে চ যস্য সঃ) ॥৫৬

সাত্বতঃ ভক্তঃ গিরা শব্দৈঃ সত্ত্বং ধৈর্যম্ আলম্ব্য মূর্দ্ধা ভগবতঃ প্রণম্য কৃতাঞ্জলিঃ অবহিতঃ সাবধানঃ সন্ গদগদয়া গিরা স্তুতিমারভতেতি শেষঃ ইতি ধরোদয়ঃ ॥৫৭

ইতি দশমে মূলে শ্রীমদ্ভাগবতব্যাখ্যায়াং
একোনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

কাঞ্চিযুক্ত, নূতন অঙ্গুলী ও অঙ্গুষ্ঠদ্বারা শোভিত পাদপদ্মযুগলযুক্ত পুরুষ ॥৫০

এই সর্ব্বাঙ্গের বর্ণন করিয়া অলঙ্কারসমূহের বর্ণন করিতেছেন ;—

মহামূল্য মণিসমূহ সংযুক্ত শিরোভূষণ, বলয়, বাহুভূষণ, কটিসূত্র, ব্রহ্মসূত্র, হার, নূপুর ও কুণ্ডলপ্রভৃতি দ্বারা শোভমান, দক্ষিণ করে কমলধারণ, অবশিষ্ট তিন করে শঙ্খ, চক্র, গদাধারণ করিয়াছেন এবং তিনি শ্রীবৎসবক্ষঃ কৌস্তুভালঙ্কৃত বনমালাধারী ॥৫১-৫২

এইরূপে লক্ষণসকল নিরূপণ করিয়া সেবক নিরূপণ করিতেছেন—

তদা ব্রজস্থিতিকালে, কুমুদ-কুন্দ-শশাঙ্ক-রম্যে (কুমুদৈঃ কুমৈঃ-শশাঙ্কেন চ রম্যে মনোরমে) বৃন্দাবনে কলধ্বনিপুরঃ-গোষ্ঠ্যাং (কলধ্বনিপুরাণি বভ্রুণি তদা রাসগোষ্ঠ্যাং তস্য-সভায়াম অস্মাভিঃ : প্রিয়াভিঃ সহ যাসু নিশাসু বেণোঃ, তাঃ নিশাঃ নঃ উদ্দিশ্যমনোজ্ঞকথঃ (ঈড়িতাঃ ব্রহ্মাদিভিঃ কথিতাঃ স্তুতাঃ মনোজ্ঞাঃ মনোহরাঃ কথাঃ যস্য সঃ) শ্রীকৃষ্ণঃ কিং কদাচিৎ স্মরতি ?৪৩

হে উদ্ধব! দেবরাজ ইন্দ্র যেরূপ মেঘসকল দ্বারা অরণ্যকে সঞ্জীবিত করেন, সেইরূপ দাশার্হ শ্রীকৃষ্ণ স্বকৃত শোকে সন্তপ্তা আমাদিগকে করস্পর্শাদি দ্বারা সঞ্জীবিত করিবার নিমিত্ত এই ব্রজে আগমন করিবেন কি ?৪৪

যদি বল—শ্রীকৃষ্ণ নিশ্চয়ই ব্রজে আসিবেন; স্মরতি ?৪৩

কিন্তু স্বকৃতয়া শুচা বর্ষিরিত্যশোকেন হেতুনা: নঃ অস্মান্ ইন্দ্রঃ যথা অম্বুদৈঃ মেঘৈঃ গুরুং বনং সঞ্জীবয়ন্ আয়াতি তথা গাত্রৈঃ সুখকরস্পর্শাদিভিঃ সঞ্জীবয়ন্ দাশার্হঃ কৃষ্ণঃ নু অপি কিম্ ইহ ব্রজে এষ্যতি আগমিষ্যতি ?৪৪

(ইতঃ উচুঃ) অয়ে! সন্তপ্তি কৃষ্ণঃ প্রাপ্তরাজ্যঃ (প্রাপ্তং রাজ্যং যেন সঃ), অতঃ হতাহিতঃ (হতাঃ অহিতাঃ শত্রবঃ কংসাদয়ঃ যেন সঃ), অথ নরেন্দ্রকন্যাঃ ঊর্জয়ন্তে সর্বসুহৃদ্বৃতঃ (সর্বৈঃ সুহৃদ্ভিঃ শিত্রাদিভিঃ বৃতঃ) প্রীতঃ আস্তে, অতঃ কস্মাৎ নঃ ইহ আয়াতি আগমিষ্যতি ?৪৫

সুষুপ্তি প্রভৃতিতেও আপনাদিগকে তিনি দর্শন করিয়া থাকেন। এই সকল দ্বারা তাঁহার সৌভাগ্য হ্রাস হইলেও পুনরায় প্রেমবিশেষ হেতু অশান্তি-বশতঃ জিজ্ঞাসা করিতেছেন,—

হে সাধো! গোবিন্দ পুর-নারীগণের সভায় (অন্তরঙ্গ-কথার মধ্যে (অর্থাৎ কথায় কথায়) কোন-রূপ প্রস্তাব উপস্থিত হইলে; তিনি গ্রাম্যা অবিদগ্ধা আমাদিগকে কখনও স্মরণ করিয়া থাকেন কি ?৪২

অহো! নাগরীগণকে প্রাপ্ত হইয়া আমাদিগকে স্মরণ নাইবা করিলেন; কিন্তু সেই রাসক্রীড়ার রজনীও কখন স্মরণ করেন কি? ইহাই জিজ্ঞাসা করিতেছেন,—

সেই সকল রাত্রি স্মরণ করেন কি? শ্রীকৃষ্ণের এইস্থানে অবস্থান কালে যে সকল রজনীতে কুমুদ, কুন্দ ও শশাঙ্ক দ্বারা রমণীয় বৃন্দাবনে তাঁহার এবং আমাদিগের চরণনূপুর শব্দে শব্দায়মান রাস-গোষ্ঠীতে প্রিয়া আমাদিগের সহিত স্বয়ং ক্রীড়া করিয়াছেন আর সে সময়ে ব্যোমপথে উপস্থিত দেবগণ কর্তৃক অথবা তাঁহার চিত্তাকর্ষক মনোজ্ঞ কথা (বিবিধ বৈদগ্ধ্যাদি বার্তা) কীর্তন করিতে-ছিলেন ।৪৩

যদি বল—তিনি তোমাদিগকে নিরন্তর স্মরণ করিয়া থাকেন; তদুত্তরে বলিতেছেন—তাহা হইলে তাঁহার আগমন বিষয়ে কি না; এই আশয়ে কিংবা রাসের স্মরণ-জনিত উৎকণ্ঠাবশতঃ তাঁহার আগমন বার্তা বিস্তৃত হইয়াই জিজ্ঞাসা করিতেছেন;—

(হে উদ্ধব!) দেবরাজ ইন্দ্র যেরূপ মেঘসকল দ্বারা অরণ্যকে সঞ্জীবিত করেন, সেইরূপ দাশার্হ শ্রীকৃষ্ণ স্বকৃত শোকে সন্তপ্তা আমাদিগকে করস্পর্শাদি দ্বারা সঞ্জীবিত করিবার নিমিত্ত এই ব্রজে আগমন করিবেন কি ?৪৪

যদি বল—শ্রীকৃষ্ণ নিশ্চয়ই ব্রজে আসিবেন;

কিমন্যাভির্বনৌকোভিস্ত্যক্তাভির্বা মহাত্মনঃ।
শ্রীপতেরাপ্তকামস্য ক্রিয়েরার্থাঃ কৃতাত্মনঃ ॥৪৬
পরং সৌখ্যং হি নৈরাশ্যং স্বৈরিণ্যপ্যাহ পিঙ্গলা।
তজ্জানন্ত্যাস্তু নঃ কৃষ্ণে তথাপ্যাশা দুরত্যয়া ॥৪৭

ক উৎসহেত সন্ত্যক্তুমুত্তমশ্লোকসংবিদম্।
অনিচ্ছতোঽপি যস্য শ্রীরঙ্গান্ন চ্যবতে ক্বচিৎ ॥৪৮
সরিচ্ছৈলবনোদ্দেশা গাবো বেণুরবা ইমে।
সঙ্কর্ষণসহায়েন কৃষ্ণেনাচরিতাঃ প্রভো ॥৪৯

(অন্বয়ঃ উচুঃ।) বয়ঞ্চোক্তাভিঃ বচনাভিঃ, অন্যাভিঃ কিমন্যাভিঃ, পুনরপি কিম্ভূতাভিঃ ? ত্যক্তাভিঃ পরিত্যক্তাভিঃ, কাভ্যামিব ? বনৌকোভ্যামিব (যথা আপ্তকামস্য পূর্ণকামস্যাপি মহাত্মনঃ মহাপুরুষস্য ক্রিয়েরার্থাঃ ক্রিয়মাণৈঃ বনৌকোভিঃ কৃতাত্মনঃ শ্রীপতেঃ কৃষ্ণস্য কিং ন ভবন্তি তথা অস্মাকং প্রেয়োভিঃ কিং ন ভবেৎ) ॥৪৬

নৈরাশ্যং আশারাহিত্যং হি নিশ্চিতং পরং সৌখ্যং সুখসাধনং, ইতি স্বৈরিণী কামচারিণী পিঙ্গলা অপি আহ ; তথা হং তাসামপি মধ্যে অপি নঃ অস্মাকং তু কৃষ্ণে আশা দুরত্যয়া দুরতিক্রমা ॥৪৭

উত্তমশ্লোকসংবিদং (উত্তমঃ শ্লোকঃ প্রশস্তিঃ শ্লোক্যতে স্তূয়তে যঃ সঃ উত্তমশ্লোকঃ তস্য সংবিদং একান্তরতিং) সন্ত্যক্তুং কঃ প্রাণী উৎসহেত ? অনিচ্ছতঃ যস্য অন্যান্যবরঃ অপি যস্য অন্যাং শ্রীঃ লক্ষ্মীঃ ক্বচিৎ কদাচিৎ অপি ন চ্যবতে ন প্রচ্যবতি ॥৪৮

হে প্রভো ঈশ্বর ! সঙ্কর্ষণসহায়েন রামসহিতেন কৃষ্ণেন আচরিতাঃ সেবিতাঃ ইমে সরিচ্ছৈলবনোদ্দেশাঃ বাঃ বেণুরবা বর্ত্তন্তে ॥৪৯

তাহার উত্তরে বলিতেছেন ;—তাহা ঘটিবে না ; ইহাই বলিতেছেন ;—

শত্রু বিনাশ করিয়া প্রাপ্তরাজ্য, রাজকন্যাগণকে বিবাহ করিয়া প্রীত ও সকল সুহৃদ্‌গণে পরিবৃত পরমানন্দপরিপূর্ণ শ্রীকৃষ্ণ এই স্থানে কেন আগমন করিবেন ॥৪৫

রাজকন্যা বিবাহের হেতু লক্ষ্য করিয়া তাহাদিগের প্রতিও করুণা দেখাইয়া যেন ঈর্ষ্যা সহকারে শ্রীকৃষ্ণের নিরপেক্ষতাই তাহার হেতুরূপে নির্দ্দেশ করিয়া বলিতেছেন ;—

মহাত্মা, শ্রীপতি, আপ্তকাম ও কৃতাত্মা শ্রীকৃষ্ণের বনবাসিনী আমাদিগের দ্বারা এবং অন্য রমণীগণ দ্বারাই বা কি প্রয়োজন সংসাধিত হইতে পারে ॥৪৬

তাহা হইলে তাঁহার প্রাপ্তির আশা পরিত্যাগ কর, ইহা বলিতে পার না ; কেন না আশা কোন ক্রমেই পরিত্যাগ করিতে পারিব না ; তাহাতেই বলিলেন ;—

কাম-চারিণী পিঙ্গলাও নৈরাশ্যেই (আকাঙ্ক্ষা রাহিত্য অর্থেই) পরম সৌখ্য এইরূপ বলিয়াছে, সেই নৈরাশ্যই সুখ ; ইহা অবগত হইলেও আমাদের চিত্তাকর্ষক শ্রীকৃষ্ণের প্রতি তাদৃশী আশা কিছুতেই আমরা পরিত্যাগ করিতে পারিব না ॥৪৭

তাহাই অতিব্যক্তি করিতেছেন ;—

কোন্ ব্যক্তি উত্তমশ্লোকের বাক্য সম্যগ্‌রূপে পরিত্যাগ করিতে চেষ্টা করে ? যে উত্তমশ্লোক শ্রীকৃষ্ণের অনিচ্ছা সত্ত্বেও শ্রীমতী লক্ষ্মী দেবী তাঁহার বক্ষ হইতে কখনও বিচ্যুতা হন না ॥৪৮

অহো ! তাঁহাকে বিস্মৃত হইলে আশাও নষ্ট হইয়া যাইবে তাহাও সম্ভবপর হইতে পারে না ; ইহাই বলিতেছেন ;—

হে প্রভো ! সঙ্কর্ষণসখা শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আচরিত যে "যমুনাদি নদী, গোবর্দ্ধনাদি পর্ব্বত, বৃন্দাবনীয় তত্তৎ প্রদেশ, বেণুগণ ও বেণুরব" ইহারা সকলে নন্দগোপব্রজনকে বারংবার স্মরণ করাইয়া দিতেছে। (অর্থাৎ যে নদী, পর্ব্বত ও বৃন্দাবনে তিনি ক্রীড়া করিতেন, তত্তৎ ক্রীড়াস্থল দর্শনে এবং তৎপালিত বেণুগণের অবস্থা দর্শনে, আর তৎকর্ত্তৃক প্রবর্ত্তিত বা শিক্ষিত গোপগণের বেণুরব শ্রবণে শ্রীকৃষ্ণ আমাদিগের স্মৃতিপথে জাগরূক হইতেছেন) এবং

পুনঃ পুনঃ স্মারয়ন্তি নন্দগোপসুতং বত।
শ্রীনিকেতৈস্তৎপদকৈর্বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ ॥৭০

গত্যা ললিতয়োদার-হাসলীলাবলোকনৈঃ।
মাধ্ব্যা গিরা হৃতধিয়ঃ কথং তং বিস্মরামহে ॥৭১

হে নাথ হে রমানাথ ব্রজনাথার্ত্তিনাশন।
মগ্নমুদ্ধর গোবিন্দ গোকুলং বৃজিনার্ণবে ॥৭২

শ্রীশুক উবাচ।

তত্তস্যাঃ কৃষ্ণসন্দেশৈর্ব্যপেতবিরহজ্বরাঃ।
উদ্ধবং পূজয়াঞ্চক্রুর্য্যদুসন্দর্শনোৎসবম্ ॥৭৩

ব্রযাঃ শ্রীনিকেতৈঃ (শ্রিয়ঃ সৌন্দর্য্যসম্পদঃ নিকেতৈঃ আশ্রয়ৈঃ) তত্ত পদকৈঃ (তত্তদ্যোগে চিহ্নভূতা আশ্রিতৈঃ) নন্দগোপসুতং পুনঃ পুনঃ স্মারয়ন্তি। অতঃ তং বিস্মর্ত্তুং নৈব শক্নুমঃ ॥৬৯-৭০

ব্রযাং তু উক্ত ললিতয়া মনোহরয়া গত্যা উদারহাস-লীলাবলোকনৈঃ (উদারেণ মনোহরপূর্ব্বকেণ হাসেন লীলয়া কটাক্ষেণ অবলোকনৈঃ চ) মাধ্ব্যা মধুরয়া গিরা বাণ্যা চ হৃতধিয়ঃ, অতঃ কথং তং বিস্মরামহে ॥৭১

শ্রীকৃষ্ণের ধ্বজাদি অসাধারণ চিহ্ন সম্পন্ন, কিংবা নিখিল লাবণ্যের কারণীভূত সম্পদ বাসস্থানস্বরূপ সর্ব্বত্র প্রকাশিত পদচিহ্নসমূহে তাঁহাকে বিস্মৃত হইতে পারিতেছি না। হায় হায়!! কি কষ্ট! যেহেতু তাঁহাকে পাইতেওছি না, ভুলিতেও পারিতেছি না (হায়! কি করিব? কোথায় যাইব)।৬৯-৭০

যদি বল—বস্ত্র দ্বারা স্ব স্ব নেত্রযুগল আবরণ করিয়া বুদ্ধি দ্বারা অপর বিষয়ে মনোনিবেশপূর্ব্বক শ্রীকৃষ্ণের সকল বিষয় ভুলিয়া তাঁহাকে বিস্মৃত হও; তাহাই বলিতেছেন;—

হে উদ্ধব! "মনোহর গমন, মনোজ্ঞ হাস্য-লীলা দ্বারা অবলোকন ও মধুর বাক্য" এই ত্রিবিধ চৌর দ্বারা শ্রীকৃষ্ণ আমাদের বুদ্ধি হরণ করিয়াছেন; সুতরাং সেই গমন প্রভৃতি অথবা শ্রীকৃষ্ণের সোহার্দ্দ্য কি উপায়ে ভুলিয়া যাইব (অর্থাৎ কোন মতেই ভুলিতে পারিব না; কারণ তত্তদ্বিষয় স্মরণ দ্বারা তাঁহারই স্মৃতি উৎপন্ন হইয়া থাকে, অথবা পুনর্ব্বার অন্য কোনও তদ্বিস্মরণোপায় উপদেশ প্রদান কর)।৭১

হে রাজন্! তাহার পর শ্রীব্রজদেবীগণ মনে মনে ভাবিলেন—হায়! আমাদের দুঃখ, ইহাতে উপদেশে নিবৃত্ত হইবে না; সুতরাং তাঁহারা উদ্ধব মহাশয়কেও অনাদরপূর্ব্বক গাঢ়োদ্বান করিয়া এবং মধুরাভিমুখী হইয়া উচ্চধ্বনি সহকারে স্বীয় কান্তকেই সম্বোধন করিয়া দৈন্যের সহিত রোদন করিতে লাগিলেন;—তাহাতেও তাঁহার গোকুলের প্রিয়তা-স্মরণ ও গোকুলের দুঃখ অসহিষ্ণুতাদ্বারা স্বীয় দুঃখকেও অনাদর করিয়া গোকুলের রক্ষাই প্রার্থনা করিতেছেন;—

হে কৃষ্ণ! হে রমা-নাথ! হে ব্রজ-নাথ! হে আর্ত্তিনাশন! হে গোবিন্দ! অধুনা দুঃখ-সাগরে নিমগ্ন এই গোকুলকে দুঃখ-সমুদ্র হইতে রক্ষা কর অর্থাৎ একবার নিজ দর্শন-দানে সকল দুঃখ দূরীভূত করিয়া পুনরায় জীবিত করিয়া সুখী কর।৭২

অনন্তর শ্রীব্রজাঙ্গনাগণ অতি কষ্টে শ্রীকৃষ্ণপ্রাপ্তির আশাও পরিত্যাগ করিয়া মরিতে উদ্যত হইলে, শ্রীউদ্ধবমহাশয় অতিশয় গোপ্য অন্যান্য সংবাদ বলিয়া তাঁহাদিগকে আনন্দিত করিয়াছিলেন; ইহাই—

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন—হে রাজন্! অনন্তর এইরূপে বিলাপাদির পরে শ্রীব্রজদেবীগণ কিছুকাল নিশ্চেষ্টভাবে পড়িয়া রহিলেন, পরে কিঞ্চিৎ

ঊষাস কতিচিন্মাসান্ গোপীনাং বিমুদন্ শুচঃ।
কৃষ্ণলীলাকথা গায়ন্ রময়ামাস গোকুলম্ ॥৫৪

যাবন্ত্যহানি নন্দস্য ব্রজেঽবাৎসীৎ স উদ্ধবঃ।
ব্রজৌকসাং ক্ষণপ্রায়াণ্যাসন্ কৃষ্ণস্য বার্ত্তয়া ॥৫৫

সরিদ্বনগিরিদ্রোণীরীক্ষন্ কুসুমিতান্ দ্রুমান্।
কৃষ্ণং সংস্মারয়ন্ রেমে হরিদাসো ব্রজৌকসাম্ ॥৫৬

দৃষ্ট্বৈবমাদি গোপীনাং কৃষ্ণাবেশাত্মবিপ্লবম্।
উদ্ধবঃ পরমপ্রীতস্তা নমস্যন্নিদমব্রবীৎ ॥৫৭

গোপীনাং শুচঃ শোকান্ বিমুদন্ অপনয়ন্ ঈক্ষন্ উদ্ধবঃ কতিচিৎ মাসান্ ব্রজে উবাস। তথা কৃষ্ণলীলকথাঃ গায়ন্ গোকুলং রময়ামাস সুখয়ামাস ॥৫৪

সঃ উদ্ধবঃ যাবন্তি অহানি নন্দস্য ব্রজে অবাৎসীৎ, তাবন্তি অহানি কৃষ্ণস্য বার্ত্তয়া ব্রজৌকসাং ব্রজবাসিজনানাং ক্ষণপ্রায়াণি আসন্ বভূবুঃ ॥৫৫

সরিদ্বনগিরিদ্রোণীঃ কুসুমিতান্ দ্রুমান্ চ ঈক্ষন্ ব্রজৌকসাং কৃষ্ণে সংস্মারয়ন্ হরিদাসঃ উদ্ধবঃ রেমে ॥৫৬

গোপীনাং এবমাদি (এবং প্রকারিণং ভাবং আদিঃ যস্য তৎ, কৃষ্ণাবেশাত্মবিপ্লবং (কৃষ্ণাবেশেন আত্মনঃ মনসঃ বিপ্লবং ব্যাকুলত্বং) দৃষ্ট্বা পরমপ্রীতঃ উদ্ধবঃ তাঃ গোপীঃ নমস্যন্ ইদং জগৌ উক্তবান্ ॥৫৭

ধৈর্য্য অবলম্বনে কিছু সুস্থতা লাভ করিলে শ্রীকৃষ্ণের সংবাদে তাঁহাদিগের শ্রীকৃষ্ণবিরহ জন্য মহাসন্তাপ অপগত হইল; পরন্তু তৎপ্রাপ্তি দ্বারা যেরূপ বিরহ অপগত হইবে তাহা হইল না। উদ্ধবকর্তৃক যে আত্মজ্ঞান সঞ্চিত হইল, সেই আত্মাকে তাঁহারা অধোক্ষজ শ্রীকৃষ্ণ মনে করিয়াই শ্রীউদ্ধব মহাশয়কে সম্মানাদি দ্বারা পূজা করিয়াছিলেন ॥৫৩

অনন্তর শ্রীগোপীগণের শ্রীকৃষ্ণ-স্ফূর্ত্তিতে সাক্ষাৎকারের প্রতীতি হওয়ায় তদ্বিত্তালীলাতে এবং মানসপ্রত্যক্ষময় প্রবেশ হেতু "শ্রীকৃষ্ণ যে আমি আমাতে মনঃনিবেশ করিয়া" এই তাঁহার আশ্বাসবাক্যেতে প্রায়ই শোক বিচ্ছিন্ন হইয়াছে; তাহাই বলিতেছেন—

উদ্ধব গোপীগণের দুঃখ অপনোদন করিয়া কয়েক মাস ব্রজ ধামে বাস করিয়াছিলেন এবং শ্রীকৃষ্ণের মধুরার ও গোকুলের লীলাকথা গান করিয়া গোকুলবাসি-জন সকলকে সুখী করিয়াছিলেন অর্থাৎ তত্তৎ লীলাসমূহের বর্ণন দ্বারা প্রত্যক্ষের ন্যায় পরিস্ফুরণ হেতু সন্তুষ্ট করিয়াছিলেন ॥৫৪

সেই উদ্ধব মহাশয় শ্রীনন্দের গোকুলে যত দিন পর্য্যন্ত বাস করিয়াছিলেন; সেই সকল দিন ব্রজবাসিগণের পক্ষে শ্রীকৃষ্ণ বার্ত্তা দ্বারা ক্ষণপ্রায় হইয়াছিল ॥৫৫

(শ্রীউদ্ধব মহাশয় ব্রজবাসীদিগের সঙ্গে শ্রীবৃন্দাবনে পরিভ্রমণ করিয়া পরম সুখী হইয়াছিলেন; উহাই বলিতেছেন;—)

সেই হরিদাস উদ্ধব নদী, বন, পর্ব্বত, পর্ব্বতগুহা ও কুসুমিত বৃক্ষসমূহ সাক্ষাৎ দর্শন করিয়া ব্রজবাসীদিগকে তত্তৎ প্রশ্ন ও শ্রীকৃষ্ণ সন্দেশ দ্বারা (কৃষ্ণের সংবাদ প্রদান দ্বারা) শ্রীকৃষ্ণকে স্মরণ করাইয়া ক্রীড়া করিতে লাগিলেন ॥৫৬

এই প্রকারে যদিও ব্রজবাসী সকলেরই শ্রীকৃষ্ণের প্রতি সর্ব্ববিলক্ষণ প্রেম রহিয়াছে; তথাপি শ্রীগোপীগণের প্রতি তাঁহার (উদ্ধবের) পরম চমৎকারময়ী ভক্তি হইয়াছিল; তাহাই দর্শন করাইতেছেন;—

শ্রীউদ্ধব শ্রীব্রজদেবীগণের উক্ত প্রকারাদি উক্তরূপ ও শ্রীকৃষ্ণাবেশবশতঃ স্ব স্ব দিব্যোন্মাদাদি অনন্যসুলভ বৈলক্ষণ্য দর্শন করিয়া পরমবিস্মিত অর্থাৎ তদ্দর্শনে স্বীয় ভাগ্যের কৃতি হওয়ায় তাঁহাদিগের গুণানুমোদন পূর্ব্বকই অত্যন্ত তুষ্ট হইয়া সেই গোপীদিগকে অগ্রে নমস্কার করিবার নিমিত্ত প্রথমে স্তোত্ররূপে কিংবা পরম ভক্তিবশতঃ সাক্ষাতেই প্রণাম করিয়া এই বক্ষ্যমাণ নীত উচ্চ অথচ সুমধুর স্বরে কীর্ত্তন করিয়াছিলেন ॥৫৭

এতাঃ পরং তনুভৃতো ভুবি গোপবধ্বো
গোবিন্দ এব নিখিলাত্মনি রূঢ়ভাবাঃ।
বাঞ্ছন্তি যদ্ভবভিয়ো মুনয়ো বয়ঞ্চ
কিং ব্রহ্মজন্মভিরনন্তকথারসস্য ॥৫৮

কেমাঃ স্ত্রিয়ো বনচরীর্ব্যভিচারদুষ্টাঃ
কৃষ্ণে ক চৈষ পরমাত্মনি রূঢ়ভাবঃ।
নন্বীশ্বরোঽনুভজতোঽবিদুষোঽপি সাক্ষা-
চ্ছ্রেয়স্তনোত্যগদরাজ ইবোপযুক্তঃ ॥৫৯

অধিলাত্মনি গোবিন্দে এব রূঢ়ভাবাঃ যদ্বদন্যত্র এতাঃ গোপবধ্বঃ পরং কেবলং ভুবি তনুভৃতঃ সকলজন্তবঃ এব। যৎ যা রূঢ়ভাবা ভবভিয়ঃ মুমুক্ষবঃ, মুনয়ঃ, যদ্বা ভক্তাঃ অপি বাঞ্ছন্তি। অতঃ অনন্তকথারসস্য (অনন্তস্য ভগবতঃ কথায়া যঃ রাগঃ যত্র তস্য) ব্রহ্ম-জন্মভিঃ বিপ্রজন্মভিঃ কিম্বা ভূয়োভিঃ যা চতুর্মুখজন্মভিঃ অপি ন প্রয়োজনম্ ॥৫৮

ইহাঃ ব্যভিচারে ন (ব্যভিচারেণ ভাবসংক্রমেণ দুষ্টাঃ) বনচরীঃ বনচর্যঃ সংসর্গদুষ্টাঃ. গোপ্যঃ কঃ ! ন্বর্থঃ অতিশয়েন পরমাত্মনি কৃষ্ণে রূঢ়ভাবঃ বিস্ময়োদ্রেকঃ কঃ ? ঈশ্বরঃ সন্ নহং কর্তুং সমর্থঃ ; অন্য বিবুধঃ ভজতঃ তস্য অবিদুষঃ স্বপ্রভাবম্ অজানতঃ অপি সাক্ষাৎ স্বয়মেব উপযুক্তঃ উপযুক্তঃ অগদরাজঃ ঔষধিশ্রেষ্ঠঃ অমৃতম্ ইব শ্রেয়ঃ ফলং তনোতি বিস্তরতঃ দদাতি এব ॥৫৯

যদি বল,—ক্ষত্রিয়-শরীরধারিণী আপনাদিগের কর্তৃক ব্রাহ্মণ শরীর নমস্য, এইরূপ নিশ্চয় হইলে "কেমাঃ স্ত্রিয়ো বনচরীর্ব্যভিচারদুষ্টাঃ" কোন ব্যক্তির এই দুর্বৃত্তি আশঙ্কা করিয়া তিন শ্লোকদ্বারা তাঁহাদিগের (গোপীগণের) সর্ব্বোত্তম শরীরধারিত্ব সংস্থাপন করিবার জন্য প্রথমে গোপীগণের ভগবানের মহাপ্রেম প্রকাশকারিত্ব স্থাপন করিতে যাইয়া বলিতেছেন ;—

এইরূপে সর্ব্বান্তর্য্যামী পরমেশ্বর গোবিন্দে রূঢ়ভাবা (ভাক্তপ্রেমবিশেষা) এই ভগবৎপ্রেয়সী ব্রজবাসিনী গোপবধূগণ এই পৃথিবীতলে একমাত্র উত্তমশরীরধারিণী ; কারণ, ভবভীত মুক্তি ইচ্ছুক মুনিগণ এই ভাবকে প্রার্থনা করিয়া থাকেন এবং সর্ব্বথা শ্রীকৃষ্ণের সঙ্গী আমরা ভক্ত হইয়াও কেবলমাত্র পাইতে বাঞ্ছা করিতেছি, কিন্তু প্রাপ্ত হইতেছি না। গোবিন্দের কথারসে অনুরাগী ব্যক্তির ব্রাহ্মণসম্বন্ধীয় "শৌক্র্য, সাবিত্র, যাজ্ঞিক" এই তিন জন্ম দ্বারা বিশেষ কি হইয়া থাকে ?৫৮

অহো ! আমি অযোগ্য হইলেও শ্রীভগবানের কৃপাবিশেষেই কেবল আমার সহিত শ্রীব্রজদেবীদিগের মিলন সংসিদ্ধ এই অভিপ্রায়ে বলিতেছেন ;

ব্যভিচার-দুষ্ট (অর্থাৎ সংকর্ম্ম পরাঙ্মুখ) এই শ্রীকৃষ্ণপ্রিয়া বনচরী রমণীগণ কোথায় ? আর পরমাত্মা শ্রীকৃষ্ণে অতিদুর্লভ নিশ্চল প্রেমই বা কোথায় ? (সুতরাং পরম বিস্ময়ে রোমাঞ্চ-শরীরে অতিশয়ের সহিত বলিতেছেন হায় হায় ॥ এই গোপীগণের পরমাত্মা শ্রীকৃষ্ণে এইরূপ সুদুর্লভমান মহাভাব সম্ভব হইল ? অথচ আমাদিগের তাহার লেশমাত্রও নাই।)

(গোপীগণেরই শ্রীকৃষ্ণের প্রতি এইরূপ সৌভাগ্য, কিন্তু শ্রীকৃষ্ণের গোপীদিগের প্রতি এইরূপ ভাব নাই ; ইহাও বলিতে পারা যায় না; কারণ, সেই পরমেশ্বরের পরম সদ্গুরুতা অসাধারণেও পরিলক্ষিত হইয়া থাকে ; গোপরমণীগণ সম্বন্ধে আর কি বক্তব্য আছে ? ইহাই বলিতেছেন—)

অগদরাজ অমৃত অজ্ঞানবশতঃ উপযুক্ত হইলেও যেমন আরোগ্য কিংবা অমরত্ব প্রদান করিয়া থাকে ; তদ্রূপ ঈশ্বর (পরমতত্ত্ব) শ্রীকৃষ্ণ ভজনের অনুকরণকারী ব্যক্তি অজ্ঞান হইলেও তাহাকে সাক্ষাৎ ভাবে শ্রেয়ঃ দান করিয়া থাকেন, ইহা নিশ্চিত ॥৫৯

নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদঃ
স্বর্যোষিতাং নলিনগন্ধরুচাং কুতোঽন্যাঃ।
রাসোৎসবেঽস্য ভুজদণ্ডগৃহীতকণ্ঠ-
লব্ধাশিষাং য উদগাদ্ ব্রজবল্লবীনাম্ ॥১০

আসামহো চরণরেণুজুষামহং স্যাং
বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধীনাম্।
যা দুস্ত্যজং স্বজনমার্য্যপথং হিত্বা
ভেজুর্মুকুন্দপদবীং শ্রুতিভির্বিমৃগ্যাম্ ॥১১

রাসোৎসবে ভগবান্ শ্রীকৃষ্ণের ভুজলতা দ্বারা কণ্ঠে গৃহীতা হইয়া মনোরথ পূর্ণকরত ব্রজ-রমণীগণ যে প্রসাদ প্রাপ্ত হইয়াছেন, এই প্রসাদ শ্রীকৃষ্ণের বাম বক্ষঃস্থলে নিয়ত বর্ত্তমানা পরমপ্রেমময়ী লক্ষ্মী-দেবীরও হয় নাই এবং পদ্মের সদৃশ গন্ধ ও কান্তিযুক্তা স্বর্গাঙ্গনা অপ্সরাগণেরও হয় নাই; সুতরাং অন্যান্য কামিনীগণের কথা আর কি বলিব? (অর্থাৎ কোন মতেই তাঁহারা প্রসাদের বিষয়ীভূতা হইতে পারেন না)।১০

কিংবা গোপললনাগণের শ্রেষ্ঠতা সর্ব্বতোভাবে পান করিয়া তাঁহাদিগের দাসত্ব লাভে অভিলাষ থাকিলেও তাহা সুদুর্লভ মনে হওয়ায় কেবল তাঁহাদের পাদপদ্ম সম্পর্কই প্রার্থনা করিতেছেন;—

হায় হায়!! আমি বৃন্দাবনস্থ এই ব্রজ-রমণীগণের চরণ-ধূলী সলেত গুল্ম, লতা ও ঔষধিগণের মধ্যে যে কোনও একটী হইতে পারিলে, কিংবা ব্রজদেবীগণের চরণরেণু-সম্পর্শ যোগ্য কোনও তৃণ কীটাদিরূপে হইতে পারিলে নিজকে ধন্যজ্ঞান করিব; তাহা পাইলে উত্তম হয় অর্থাৎ তাদৃশ জন্মই আমি প্রার্থনা করিতেছি, আমার ভাগ্যে তাহা হইবে কি? যে ব্রজদেবীগণ অন্যজনের অপরিহার্য্য পতি-পুত্রাদি পরিজনবর্গকে এবং আর্য্যপথ বা ধর্ম্ম পরিত্যাগ করিয়া শ্রুতিগণের অন্বেষণীয় মুকুন্দের পদবী শ্রুতিসহকারে ভজনা করিয়া থাকেন।১১

রাসোৎসবে রাসরূপীতায়াম্ অত্র হেতুঃ ভুজদণ্ডগৃহীতকণ্ঠ-লব্ধাশিষাং (ভুজদণ্ডাভ্যাং গৃহীতঃ আশিষিতঃ কণ্ঠঃ যেন তস্যাঃ আশিষঃ মনোরথাঃ যাভিঃ তাসাং) ব্রজবল্লবীনাং গোপীনাং যঃ যাদৃশ ভগবৎপ্রসাদঃ ঈদৃশায় আবির্ভূৎ, সঃ যাদৃশ প্রসাদঃ, নলিনগন্ধরুচাং (নলিনস্য ইব গন্ধঃ তদ্বৎ কান্তিঃ চ যাসাং তাসাং) স্বর্যোষিতাম্ যে আছো! অন্যে যেষাং নিতান্ত-রতেঃ একান্তভিমত্যাঃ শ্রিয়ঃ লক্ষ্যাঃ অপি ন অভূৎ, অন্যাঃ

(যদি বল—পরম-ব্যোমস্থ শ্রীনারায়ণ এবং শ্রীকৃষ্ণ অভেদ বলিয়া নিরূপিত হইয়াছেন; এই উভয়ের মধ্যে পূর্ব্বের অর্থাৎ পরম ব্যোমস্থ নারায়ণের বক্ষঃস্থলে সর্ব্বদা নিবাসিনী সকল ভক্তের শ্রেষ্ঠা শ্রীলক্ষ্মীদেবীতে যে ভাব আছে, সেই ভাবকে অতিক্রম করিতেছ না কেন? এবং "যথা দূরচরে শ্রেষ্ঠে" অর্থাৎ "প্রিয়তম জন যদি দূরে থাকে; তাহা হইলে তাহার প্রতি স্ত্রীর অধিক প্রীতি থাকে" এই রীতি অনুসারে বিরোগময় ভাবেরই সর্ব্বত্র উৎকর্ষ দেখা যায়, সুতরাং যদি মিলনেও এই গোপরমণীগণের দ্বারা আধিক্য হয়, তাহা হইলে তাহাই বর্ণন কর; মিলনে কিন্তু কেবল লক্ষ্মীরই ভাবের আধিক্য উপলব্ধি হয়; লক্ষ্মী—স্বরূপশক্তি; তদপেক্ষায় স্বরূপে এই গোপীগণ হেয়, সুতরাং তুমি কিরূপে এই গোপীদিগকে স্তুতির বিষয়ীভূত করিতেছ, (অর্থাৎ স্তব করিতেছ) তাহাতেই প্রৌঢ়ির (ঔদ্ধত্যের) সহিত বলিতেছেন;—

যাঃ গোপ্যঃ দুস্ত্যজং স্বজনং পতিপুত্রাদিকম্ আর্য্যপথং (আর্য্যাণাং পন্থানং) চ হিত্বা শ্রুতিভিঃ বিমৃগ্যাম্ অন্বেষণীয়াং মুকুন্দপদবীং (মুকুন্দস্য মুকুন্দাখ্যঃ শ্রীকৃষ্ণস্য পদবীং প্রাপ্তিমার্গং) ভেজুঃ ভজনং চক্রিরে তাসাং বৃন্দাবনে মধ্যে অহং কিমপি তৃণাদিরূপং স্যাম্ ভবেয়ম্। (এতেষাপি যদি স্যাম্ তদপি মম ভাগ্যম্) ।১১

---

† : কুতঃ এব প্রসাদবিষয়াঃ ভবেয়ুঃ ।১০

যাঃ গোপ্যঃ দুস্ত্যজং স্বজনং পতিপুত্রাদিকম্ আর্য্যপথং (আর্য্যাণাং পন্থানং) চ হিত্বা শ্রুতিভিঃ বিমৃগ্যাম্ অন্বেষণীয়াং মুকুন্দপদবীং (মুকুন্দস্য মুকুন্দাখ্যঃ শ্রীকৃষ্ণস্য পদবীং প্রাপ্তিমার্গং) ভেজুঃ ভজনং চক্রিরে তাসাং বৃন্দাবনে মধ্যে অহং কিমপি তৃণাদিরূপং স্যাম্ ভবেয়ম্। (এতেষাপি যদি স্যাম্ তদপি মম ভাগ্যম্) ।১১

যা বৈ শ্রিয়ার্চিতমজাদিভিরাপ্তকামৈ-
র্যোগেশ্বরৈরপি যদাত্মনি রাসগোষ্ঠ্যাম্।
কৃষ্ণস্য তদ্ভগবতশ্চরণারবিন্দং
ন্যস্তং স্তনেষু বিজহুঃ পরিরভ্য তাপম্ ॥৬২

যদ্গে নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুমভীক্ষ্ণশঃ।
যাসাং হরিকথোদ্গীতং পুনাতি ভুবনত্রয়ম্ ॥৬৩

শ্রীশুক উবাচ।

অথ গোপীরনুজ্ঞাপ্য যশোদাং নন্দমেব চ।
গোপানামন্ত্র্য দাশার্হো যাস্যন্নারুরুহে রথম্ ॥৬৪

তং নির্গতং সমাসাদ্য নানোপায়নপাণয়ঃ।
নন্দাদয়োঽনুরাগেণ প্রাবোচন্নশ্রুলোচনাঃ ॥৬৫

যাঃ গোপ্যঃ বৈ নিশ্চয়ে শ্রিয়া অর্চিতম্ পূজিতম্ আপ্তকামৈঃ প্রাপ্তেপ্সিতৈঃ অজাদিভিঃ ব্রহ্মাদিভিঃ পূজিতঃ তথা যোগেশ্বরৈঃ নিত্যৈঃ আত্মনি মনসি চিন্তিতং যৎ ভগবতঃ শ্রীকৃষ্ণস্য চরণারবিন্দং যং স্তনেষু কৃষ্ণস্য রাসগোষ্ঠ্যাং স্তনেষু ন্যস্তং পরিরভ্য আলিঙ্গ্য তাপং কামজন্যতাপং বিজহুঃ পরিত্যজুঃ ॥৬২

যদ্বা যাসাং হরিকথোদ্গীতং ভুবনত্রয়ং পুনাতি তাসাং নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুং অহং অভীক্ষ্ণশঃ পুনঃ পুনঃ বন্দে ॥৬৩

শ্রীশুকঃ উবাচ। অথ গোপীঃ বিরহতাপনিবৃত্তাবস্থা, দাশার্হঃ উদ্ধবঃ গোপীঃ যশোদাং নন্দং চ অনুজ্ঞাপ্য সংপ্রার্থ্য, গোপান্ আমন্ত্র্য অভিবাদ্য চ মথুরাং যাতুম্ উদ্যতঃ সন্ রথম্ আরুরুহে ॥৬৪

নানোপায়ন-পাণয়ঃ (নানাবিধানি উপায়নানি ক্ষৌমাণি পাণিষু যেষাং তে) অশ্রুলোচনাঃ (অশ্রূণি লোচনয়োঃ যেষাং তে) নন্দাদয়ঃ নির্গতং নিষ্ক্রান্তং তং উদ্ধবং সমাসাদ্য অনুরাগেণ প্রাবোচন্ ॥৬৫

কেবলমাত্র তাদৃশ তাঁহাদিগের লাভের সাধন তাদৃশ রাসের উৎকর্ষ দ্বারা তাঁহাদিগের মাহাত্ম্য নহে, কিন্তু ভগবানের লাভেরও মাহাত্ম্যও রহিয়াছে; ইহাই বলিতেছেন—

শ্রী (মহালক্ষ্মী), অজাদি (ব্রহ্মাদি), দেবগণ আপ্তকামগণ এবং যোগেশ্বরগণ কর্তৃক বিশুদ্ধ মাত্রায় অর্চিত ভগবান্ শ্রীকৃষ্ণের সেই পাদাগ্রভাগরূপ অরবিন্দকে যে গোপীগণ রাসগোষ্ঠিতে স্তনোপরি সংরক্ষণপূর্ব্বক আলিঙ্গন করিয়া বিরহতাপ বিদূরিত হইয়াছিলেন, তাঁহা সর্ব্বলোকের চমৎকারকারিরূপে প্রসিদ্ধই রহিয়াছে ॥৬২

অতএব হায়! অতিমুগ্ধ আমার শ্রীব্রজদেবী-দিগকে সাক্ষাৎ নমস্কারের সাহসে কোন প্রয়োজন নাই; কিন্তু ইঁহাদিগের সজাতীয়ত্ব বিধায় অন্যান্য রমণীগণেরও পাদরেণুকেই নমস্কার করিব; তাঁহা-দিগকেও সাক্ষাৎ নমস্কারের সাহস করিব না; ইহাই বলিতেছেন;—

ভগবৎপ্রিয়াদিগের বিষয়ে অধিক আর কি বক্তব্য আছে? নন্দব্রজের স্ত্রীগণের একমাত্র পাদরেণু আমি বারংবার বন্দনা করি। যে নন্দব্রজ-রমণীগণের হরিকথার উচ্চ-গান ত্রিভুবন পবিত্র করিয়া থাকে ॥৬৩

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন;—হে রাজন্! অনন্তর একদা সর্ব্বনীতিজ্ঞ উদ্ধবমহাশয় শ্রীভগবৎ-প্রিয়া গোপীগণ, শ্রীযশোদা ও শ্রীনন্দমহারাজ প্রভৃতির নিকট আজ্ঞা প্রার্থনা করিয়া অর্থাৎ তাঁহাদিগের চিত্তবিনোদন পূর্ব্বক আজ্ঞা লইয়া এবং অন্যান্য গোপগণ ও দাস দাসী প্রভৃতিকে যথাযথ সম্ভাষণ করিয়া মথুরায় যাইবার জন্য রথে আরোহণ করিলেন ৬৪

(রথারোহণের পরিপাটী বলিতেছেন,—) শ্রীব্রজরাজ প্রভৃতি গোপগণ রথারোহণের জন্য ব্রজ-দ্বারে উপস্থিত (কিংবা ব্রজ হইতে বহির্নির্গত) শ্রীউদ্ধব মহাশয়ের নিকটে আসিয়া নানাবিধ উপায়ন হাতে করিয়া অনুরাগে বাষ্পাকুল লোচনে গদ্‌গদ ভাবে বলিতে লাগিলেন ॥৬৫

মনসো বৃত্তয়ো নঃ স্যুঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ।
বাচোঽভিধায়িনীর্নাম্নাং কায়স্তৎ প্রহ্বণাদিষু ॥১১
কর্ম্মভির্ম্যমাণানাং যত্র কাপীশ্বরেচ্ছয়া।
মঙ্গলাচরিতৈর্দানৈ রতির্নঃ কৃষ্ণ ঈশ্বরে ॥১৭
এবং সঞ্জাতিতো গোপৈঃ কৃষ্ণভক্ত্যা নরাধিপ।
উদ্ধবঃ পুনরাগচ্ছন্মথুরাং কৃষ্ণপালিতাম্ ॥১৮

কৃষ্ণায় প্রণিপত্যাহ ভক্ত্যুদ্রেকং ব্রজৌকসাম্।
বাসুদেবায় রামায় রাজ্ঞে চোপায়নান্যদাৎ ॥১৯

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৭

(হে উদ্ধব!) নঃ অস্মাকং মনসঃ বৃত্তয়ঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ স্যুঃ, বাচঃ চ তস্য নাম্নাং অভিধায়িনীঃ অভিধায়িত্রীঃ স্যুঃ, কায়ঃ দেহশ্চ তং প্রহ্বণাদিষু নমস্কারাদিষু অস্তু ॥১১

কর্ম্মভিঃ (ভক্তজনৈঃ) ঈশ্বরেচ্ছয়া অত্র কাপি (দেবমনুষ্যাদিষু) ভাব্যমাণানাং নঃ অস্মাকং মঙ্গলাচরিতৈঃ চারুৈঃ পুণ্যাদিভিঃ ঈশ্বরে কৃষ্ণে রতিঃ অনুরাগঃ অস্তু এব ॥১৭

হে নরাধিপ! কৃষ্ণভক্ত্যা গোপৈঃ এবং সঞ্জাতিতঃ সংপূজিতঃ উদ্ধবঃ কৃষ্ণপালিতাং মথুরাং পুরঃ আগচ্ছৎ ॥১৮
কৃষ্ণায় বসুদেবায় রামায় রাজ্ঞে উগ্রসেনায় চ প্রণিপত্য ব্রজৌকসাং ভক্ত্যুদ্রেকং আহ উপায়নানি চ অদাৎ ॥১৯
ইতি দশমে স্কন্ধে শ্রীমদ্ভাগবতপারমহংস্যসংহিতায়াং
সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥

"অনুরাগ সহকারে বলিলেন" এই পূর্ব্ব শ্লোকোক্তি সামর্থ্যে এইস্থলে "আমাদিগের মনের বৃত্তি হউক" এই যে উক্তি, তাহা অনুরাগ কৃতই বলিতে হইবে; কিন্তু ঐশ্বর্য্য-জ্ঞান কৃত নহে, অতএব তাহার ঐশ্বর্য্যপ্রধান মত আলোচনা করিয়া নিজের অত্যন্ত দুঃখ-বাহুল্য চতুর তথীর অভীষ্টসূচক বাক্য দ্বারাই স্বীয় অভীষ্ট প্রার্থনা করিতেছেন;—

আমাদিগের মনের বৃত্তি শ্রীকৃষ্ণ-চরণারবিন্দাশ্রয়িনীই হউক অর্থাৎ যদি তোমরা শ্রীকৃষ্ণকে ঈশ্বর বলিয়াই মনে করিয়া থাক, আর যদিও আমাদিগের তৎপ্রাপ্তি সুদূর পরাহতও হয়, তথাপি তাঁহাতে আমাদিগের তদ্গতির বৃত্তিসমূহ থাকুক্, পরন্তু তাহা হইতে উদাসীন না হউক এবং আমাদিগের বাক্য কিংবা বাগেন্দ্রিয়ের বৃত্তিসকল তাঁহার শ্রীকৃষ্ণ, দামোদর ও গোবিন্দপ্রভৃতি নামসমূহের অভিধায়িনী (কীর্ত্তনশীলা) হউক। আর আমাদিগের দেহ ভক্তিপূর্ব্বক তাঁহার নমস্কারাদিতে নিযুক্ত হউক ॥১৬

(অপরিচ্ছিন্ন এই ভক্তি প্রকারের শুদ্ধকর্ম্ম দ্বারা শ্রীকৃষ্ণের প্রেমতির অন্য কিছু ইচ্ছা করিনা; ইহাই বলিতেছেন;—)

ঈশ্বরের ইচ্ছায় (কর্ম্মফলদাতা ঈশ্বরের ইচ্ছা)কর্ম্মানুসারে এই পৃথিবীতে কিংবা ঊর্দ্ধলোকে যে কোনস্থানে ভ্রমণশীল আমাদিগের মঙ্গলাচরণ ও পবিত্রিত দান দ্বারা ঈশ্বরে (ঈশ্বররূপ কৃষ্ণে) রতি (অনুরাগ) হউক ॥১৭

হে নরাধিপ পরীক্ষিৎ! এইরূপে শ্রীকৃষ্ণ প্রিয় গোপগণ কর্ত্তৃক প্রেমলক্ষণমহাভাবাত্মিকা কৃষ্ণভক্তি বা কৃষ্ণাসক্তি দ্বারাই সম্মানিত হইয়া শ্রীউদ্ধবমহাশয় পুনরায় শ্রীকৃষ্ণপালিতা মথুরা পুরীতে আসিয়া উপস্থিত হইলেন ॥১৮

প্রথমতঃ নিজের অন্তঃপুরস্থিত শ্রীকৃষ্ণকে প্রণাম পূর্ব্বক শ্রীকৃষ্ণকৃত আলিঙ্গন ও কুশল প্রশ্নাদি পূর্ব্বব্যাপারসকল নির্ব্বাহান্তে ক্রমে তৎকৃত প্রশ্নবিশেষ প্রার্থনা করিয়া ব্রজস্থ তাঁহার পিতা প্রভৃতির ভক্ত্যুদ্রেক অর্থাৎ তাঁহাদিগের সেই সেই বচন ও চেষ্টাদ্বারা প্রেমাতিশয় যথাযোগ্য অবসরক্রমে সমস্তই বলিলেন। অনন্তর যথাবসরে পূর্ব্বৎ যথাক্রমে বসুদেব, রাম ও রাজা উগ্রসেনকে প্রণাম করিয়া ব্রজবাসিগণের ভক্ত্যুদ্রেকের সকল বলিলেন। আর তাঁহারা যে সকল উপঢৌকন পাঠাইয়া দিলেন, সেই সমস্ত তাঁহাদিগকে প্রদান করিলেন ॥১৯

শ্রীমদ্ভাগবতবিবেচ্যব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে
শ্রীশচীনন্দনমোহান্বি-ভক্তিপ্রকৃত সপ্তচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

শ্রীবাদরায়ণিরুবাচ।

অথ বিজ্ঞায় ভগবান্ সর্বাত্মা সর্বদর্শনঃ।
সৈরন্ধ্র্যাঃ কামতপ্তায়াঃ প্রিয়মিচ্ছন্ গৃহং যযৌ ।১

মহার্হোপস্কৃতৈর্বাট্যাং কামোপায়োপকল্পিতম্।
মুক্তাদামপরিস্তোমবিতানশয়নাসনৈঃ ॥

ধূপৈঃ সুরভিভির্দীপৈঃ স্রগ্গন্ধৈরপি মণ্ডিতম্ ।২

শ্রীবাদরায়ণিঃ শ্রীশুকঃ উবাচ। অথ এবম্ভূতচরিতবৈভবসাত্বতানাং সর্বাত্মা সর্বদর্শনঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ কামতপ্তায়াঃ সৈরন্ধ্র্যাঃ কৃষ্ণায়াঃ কামসন্তাপং বিজ্ঞায় তস্যাঃ প্রিয়ং কৃষ্ণমিচ্ছন্ গৃহং যযৌ ।১

মহার্হোপস্কৃতৈঃ (মহার্হৈঃ মহাধনৈঃ উপস্কৃতৈঃ পারিপাট্যৈঃ) পাট্যাং অধিষ্ঠা. কামোপায়োপকল্পিতম্ (কামোপায়ৈঃ কামোদ্দীপকৈঃ সুরভিকরণাদিভিঃ উপকল্পিতং সম্পাদিতং মুক্তাদামভিঃ পতাকাভিঃ স্তবকৈঃ বিতানৈঃ চন্দ্রাতপৈঃ, শয়নৈঃ পর্যাঙ্কৈঃ, আসনৈঃ, সুরভিভিঃ ধূপৈঃ, দীপৈঃ, স্রগ্ গন্ধৈঃ

গৃহং তমায়ান্তমবেক্ষ্য সাসনাৎ
সদ্যঃ সমুত্থায় হি জাতসম্ভ্রমা।
যথোপসঙ্গম্য সখীভিরচ্যুতং
সভাজয়ন্তী সদসন্নমাদিভিঃ ।৩

তথোদ্ধবঃ সাধু তয়াভিপূজিতো
ন্যষীদদূর্ব্যামভিমৃশ্য চাসনম্।
কৃষ্ণোঽপি দূর্বং শয়নং মহাধনং
বিবেশ লোকাচরিতানুব্রতঃ

ক্তাদিভিঃ সহৈঃ) ভক্তজনৈঃ ভক্তিপূর্বমর্পিতম্ ভগবদ্ভক্তম্ ।২

গৃহং প্রতি আয়ান্তং তং কৃষ্ণং বীক্ষ্য সৈরন্ধ্র্যাঃ জাতসম্ভ্রমঃ (জাতঃ সম্ভ্রমঃ যস্যাঃ সা) কৃষ্ণা সা সহসা ব্যাকুলা এব আসনাৎ সমুত্থায় সখীভিঃ সহ যথা যথোচিতম্ উপসঙ্গম্য অভিমুখম্ আগত্য সদসন্নমাদিভিঃ অনুকূলৈঃ কৃষ্ণং সভাজয়ন্তী পূজয়ামাস ।৩

তথা উদ্ধবঃ চ সাধু যথা ভবতি তথা তয়া অভিপূজিতঃ সন্ আসনস্য অভিমৃশ্য স্পর্শং কৃত্বা দূর্বাং উপবিশ্য এব ন তু উপবিবেশ। কৃষ্ণঃ অপি লোকাচরিতানুব্রতঃ লৌকিকব্যবহারম্ অনুবর্তয়ন্ অনুকরণং মাচরন্ অনঘ হে পাপরহিত হে রাজন্ দূর্বং বিবেশ ।৪

শ্রীশুকদেব গোস্বামী বলিলেন ;—হে রাজন্! সকলের অন্তরাত্মা সর্বদর্শন ভগবান্ শ্রীকৃষ্ণ অনন্তর উদ্ধবের আগমনের কারণ বিশেষরূপে জানিতে পারিয়া অর্থাৎ মন্ত্রণা পর্যন্ত শ্রীউদ্ধবের মুখ হইতে ব্রজ-বাসি-পিত্রাদির প্রত্যেকের সান্ত্বনা বিশেষরূপে অনুভব করিয়া কোনদিন কামসন্তপ্তা কৃষ্ণা নামে প্রসিদ্ধা সৈরিন্ধ্রীর প্রিয় কার্য্য করিব এইরূপ অভিলাষ করিয়া তাঁহার গৃহে গমন করিলেন ।১

কিরূপ গৃহে শ্রীকৃষ্ণ গমন করিয়াছিলেন, তাহা বলিতেছেন,—

অমূল্য গৃহোপকরণে শোভিত এবং কামোদ্দীপক মধু ও তাম্বূলপ্রভৃতি যুক্ত, গৃহাভ্যন্তরস্থ মুক্তামালা, গৃহের উপরিস্থিত পতাকা ও চন্দ্রাতপ, শয্যা, আসন, সুগন্ধ ধূপ, দীপ, মালা ও গন্ধদ্রব্যদ্বারা অলঙ্কৃত (সেই গৃহে গমন করিয়াছিলেন) ।২

শ্রীউদ্ধব মহাশয়ও সৈরিন্ধ্রী কর্তৃক উত্তমরূপে পূজিত হইয়া অর্থাৎ সৈরিন্ধ্রী শ্রীউদ্ধব মহাশয়কে আসন প্রদান করিলে পর পরমভক্ত শ্রীউদ্ধব মহাশয় সেই আসনে উপবেশন না করিয়া ভক্তি-পূর্বক আসন স্পর্শ করিয়া অথবা সৈরিন্ধ্রীদেবীর

সা মজ্জনালেপনচূর্ণকুঙ্কুম-
স্রগ্গন্ধতাম্বূলসুধাসবাদিভিঃ।
প্রসাধিতাত্মোপসসার মাধবং
সব্রীড়লীলোৎস্মিতবিভ্রমেক্ষিতৈঃ ॥৫
আহূয় কান্তাং নবসঙ্গসত্রিয়া
বিশঙ্কিতাং কঙ্কণভূষিতে করে।
প্রগৃহ্য শয্যামবিবেশ্য রাময়া
রেমেঽনুলেপার্পণপুণ্যলেপয়া ॥৬

সানন্দতপ্তকুচয়োরুসঙ্গধাক্ষো-
র্নির্বৃত্যনন্তচরণে রুজো মৃজন্তী।
সৌর্ভ্যাং ননান্তরগতং পরিরভ্য কান্ত-
মানন্দমূর্তিমজহাদতিদীর্ঘতাপম্ ॥৭
সৈরং কৈবল্যনাথং তমাপ্যা দুষ্প্রাপমীশ্বরম্।
অঙ্গরাগার্পণেনাহো দুর্ভগেদমযাচত ॥৮
আহোস্তাস্মিন্ প্রেষ্ঠ নিনামি কতিচিন্নিশাঃ।
রমস্ব নোৎসহে ত্যক্তুং সঙ্গং তেঽঘমৃকুন্দেহন ॥৯

(অবতরণিকা) ত্রিংশী সা কৃষ্ণা (অনন্তের ভাবের ভাবনায় কৃষ্ণাদিগুণ ভজনকারী বিদগ্ধা গোপী) অনন্তভাবের অনন্তগুণকুঙ্কুমোদ্গমঃ তথা তাম্বূলাঃ ক্তঃ কাদম্বীভাঃ মৃগমদী অপনয়ন্তী সতী তদাত্মগন্ধতা কৃষ্ণব্যবস্তম আনন্দমূর্ত্তি ভাজ শ্রিয়তম কৃষ্ণ সৌর্ভ্যাং মুক্তাভ্যাং পরিরভ্য আলিঙ্গ্য অতিদীর্ঘতাপং বহুকাল-সঞ্চিতং তাপসন্তাপম্ অজহাৎ ত্যক্তবান্ ॥৭

সা সৈরিন্ত্রীঃ এবম্ অঙ্গরাগার্পণেন দুষ্প্রাপ্যং কৈবল্যনাথং তম্ ঈশ্বরং প্রাপ্য আহো! দুর্ভগা সা ইবম্ এব অযাচত ॥৮

হে অঘমৃকুন্দেতি প্রেষ্ঠ! হে তব নবম্ অহং ত্যক্তুং ন উৎসহে ন প্রভবামি; অতঃ যদা সহ কতিচিৎ নিশাঃ নিনামি। অত ইহ রমস্ব যে যথা ইষ্টতাম্ ॥৯

মজ্জনালেপচূর্ণ-কুঙ্কুম-স্রগ্-গন্ধ-তাম্বূল-সুধাসবাদিভিঃ প্রসাধিতাত্মা সংস্কৃতদেহা সা কৃষ্ণা সব্রীড়লীলোৎস্মিতবিভ্রমেক্ষিতৈঃ (সব্রীড়ৈঃ লীলয়া উৎস্মিতৈঃ ঈষৎ স্মিতৈঃ যেষু বিভ্রমেষু তৎপূর্ব্বকৈঃ ঈক্ষিতৈঃ অবৈঃ) মাধবং কৃষ্ণম্ উপসসার উপজগাম ॥৫

নবসঙ্গত্রিয়া (নবসঙ্গমে যা স্ত্রীঃ লজ্জা তয়া) বিশঙ্কিতং থরথরায়মানং অকুণ্ঠতঃ তাম্ভাঃ কৃষ্ণায় আহূয় কঙ্কণভূষিতে করে হস্তে প্রগৃহ্য শয্যাম্ অবিবেশ্য অনুলেপার্পণপুণ্যলেপয়া (অনুলেপার্পণম্ এব পুণ্যলেপঃ যস্যাঃ তয়া) রাময়া স্ত্রিয়া সহ ভগবান্ রেমে ॥৬

শ্রীতির নিমিত্ত বসনা করিয়া কুঙ্কুমেরই উপবেশন করিলেন। শ্রীকৃষ্ণও লোকচরিত্র রীতি অনুসারে নীম বহুমূল্য পর্য্যঙ্কে উপবেশন করিলেন।৪

স্নান, অনুলেপন, বসন, কুঙ্কুম, মালা, তাম্বূল ও সুধা প্রভৃতি দ্বারা প্রসাধিতাত্মা সেই সৈরিন্ত্রী দেবী (কৃষ্ণা) লজ্জাসহকারে লীলায় উদ্গত হাস্য-সম্বলিত বিভ্রমযুক্ত যে দর্শন, তদ্যুক্তা হইয়া ধীরে ধীরে শ্রীমাধবের নিকটে উপস্থিতা হইলেন।৫

অনন্তর শ্রীভগবদ্ধর্ম্মের আবেশ হওয়ায় সেই কৃষ্ণাদেবী কান্তা হইয়াছিলেন, পরে ভগবান্ যথাভিলষিত কার্য্য করিয়াছিলেন; তাহাই বলিতেছেন;—

ভগবান্ শ্রীকৃষ্ণও নবসঙ্গম-লজ্জায় ভীতা কান্তা সৈরিন্ত্রীকে আহ্বান করিয়া কঙ্কণ দ্বারা অলঙ্কৃত করদ্বয় গ্রহণপূর্ব্বক শয্যায় উপবেশন করাইয়া শ্রীহরির প্রতি অনুলেপন সমর্পণে লব্ধপুণ্যা সেই সৈরিন্ত্রীদেবীর সহিত রমণ করিতে লাগিলেন।৬

এবং সৈরিন্ত্রীদেবীও দৃষ্টতা সহকারে স্বীয় অভিলষিত কার্য্য সমাধান করিয়াছিলেন; তাহাই বলিতেছেন;—

সেই সৈরিন্ত্রীদেবী ভগবান্ অনন্তের চরণ আশ্রয় করিয়া কাম-সন্তপ্ত কুচযুগলের, বক্ষঃস্থলের ও নয়নদ্বয়ের কামনীড়া নাশ করিলেন এবং স্তন-দ্বয়ের মধ্যগত আনন্দমূর্ত্তি কান্তকে ভুজযুগল দ্বারা আলিঙ্গন করিয়া শ্রীকৃষ্ণের অপ্রাপ্তি-জনিত বহুদিনের সন্তাপ তৎক্ষণাৎই দূর করিলেন।৭

কি আশ্চর্য্য! সেই সৈরিন্ত্রী পূর্ব্বের কুজব ও

তত্রৈত্য কামবরং দত্ত্বা মানয়িত্বা চ মানদঃ।
সহোদ্ধবেন সর্ব্বেশঃ স্বধামাগমদৃদ্ধিমৎ ॥১০
দুরারাধ্যঃ সমারাধ্য বিষ্ণুঃ সর্ব্বেশ্বরেশ্বরম্।
যো বৃঙ্ক্তে মনোগ্রাহ্যসত্ত্বাৎ কুমনীষ্যসৌ ॥১১
অক্রূরভবনং কৃষ্ণঃ সহরামোদ্ধবঃ প্রভুঃ।
কিঞ্চিচ্চিকীর্ষয়ন্ প্রাগাদক্রূরপ্রিয়কাম্যয়া ॥১২

স তান্ নরবরশ্রেষ্ঠানারাদ্ বীক্ষ্য সবান্ধবান্।
প্রত্যুত্থায় প্রমুদিতঃ পরিষ্বজ্যাভিনন্দ্য চ ॥১৩
ননাম কৃষ্ণং রামঞ্চ স তৈরপ্যভিবাদিতঃ।
পূজয়ামাস বিধিবৎ কৃতাসনপরিগ্রহান্ ॥১৪
পাদাবনেজনীরাপো ধারয়ন্ শিরসা নৃপ।
অর্হণেনাম্বরৈদিব্যৈর্গন্ধস্রগ্‌ভূষণোত্তমৈঃ ॥১৫

অথ মানদঃ বরদঃ সর্ব্বেশঃ সর্ব্বমনোরথপূরণসমর্থঃ শ্রীকৃষ্ণঃ তত্রৈত্য কুব্জায়ৈ কামবরং দত্ত্বা (তথাস্তু ইতি) মানয়িত্বা মনোরথৈঃ পূরয়িত্বা উদ্ধবেন সহ স্বধিষ্ণং সর্ব্বসম্পৎসমধিকং স্বধাম আগমৎ ॥১০

সর্ব্বেশ্বরেশ্বরং (সর্ব্বেষাং ঈশ্বরাণাং ব্রহ্মাদীনাম্ অপি ঈশ্বরং নিয়ন্তারং) দুরারাধ্যঃ বিষ্ণুঃ সর্ব্বব্যাপকঃ সমারাধ্যঃ অসত্ত্বাৎ তুচ্ছত্বাৎ মনোগ্রাহ্যঃ মনঃপ্রিয়ঃ যঃ বৃঙ্ক্তে, সঃ অসৌ কুমনীষী দুর্বুদ্ধিঃ এব ॥১১

অথ কিঞ্চিৎ চিকীর্ষয়ন্ (হস্তিনাপুরপ্রস্থানং তাবদ্বিরুদ্ধম্ ইচ্ছন্) অক্রূরস্য প্রিয়কাম্যয়া প্রিয়ং কর্ত্তুম্ ইচ্ছয়া চ সহরামোদ্ধবঃ (রামোদ্ধবাভ্যাং সহিতঃ) প্রভুঃ কৃষ্ণঃ অক্রূরভবনং প্রাগাৎ ॥১২

সঃ অক্রূরঃ নরবরশ্রেষ্ঠান্ পূর্ব্ববাত্তয়া সবান্ধবান্ রামকৃষ্ণোদ্ধবান্ আরাৎ দূরাৎ বীক্ষ্য দৃষ্ট্বা প্রমুদিতঃ সন্ প্রত্যুত্থায় পরিষজ্য আশ্লিষ্য (তদাসনম্) অভিনন্দ্য চ ॥১৩

রামং কৃষ্ণং চ ননাম, তৈঃ চ সঃ অপি অভিবাদিতঃ পাদ্যা কৃতপ্রণামঃ সন্ কৃতাসনপরিগ্রহান্ আসনোপবিষ্টান্ তান্ রাজবীর বিধিবৎ পূজয়ামাস ॥১৪

দাসীরূপে নিরভিমর স্বৌভাগ্যযুক্তা হইয়াও কেবলমাত্র অঙ্গরাগ অর্পণেই এই প্রকারে ঈশ্বর অতএব দুষ্প্রাপ্য কৈবল্যনাথকে প্রাপ্তা হইয়া বক্ষ্যমাণ মুহূর্ত্তোক্ত বর প্রার্থনা করিয়াছিলেন।৮

সৈরিন্ধ্রী বলিলেন;—হে কমলনয়ন! হে প্রিয়তম! এই গৃহে তুমি আমার সহিত বাস কর এবং আমার সহিত কয়েক দিন রমণ কর, আমি তোমার সঙ্গ পরিত্যাগ করিতে পারিতেছি না।৯

মানদ সর্ব্বেশ্বর শ্রীকৃষ্ণ এই প্রকারে প্রার্থনাকারিণী কুব্জাদেবীকে মধুর বাক্যে সন্তাষণপূর্ব্বক কাম-বর প্রদান করিয়া শ্রীউদ্ধব মহাশয়ের সহিত সর্ব্ববিধ প্রিয়জন ও সর্ব্বোপকরণসম্পন্ন স্বীয় ধামে আগমন করিলেন।১০

এই প্রকারে সেই কথা সমাপন করিয়া লৌকিক রমণীর ন্যায় প্রতীয়মান হইলেও তাহার (কুব্জার) নিন্দা দূর করিয়া প্রশংসাই প্রকাশ করিতেছেন;—

দুরারাধ্য সর্ব্বেশ্বরেশ্বর শ্রীবিষ্ণুকে আরাধনা করিয়া যে ব্যক্তি মনোগ্রাহ্য অর্থাৎ শব্দাদি বিষয়-সুখ প্রার্থনা করে, সেই ব্যক্তি অতিতুচ্ছ অনিত্য ও অনর্থকারি-বস্তুর প্রার্থনা করে বলিয়া কুৎসিতবুদ্ধি।১১

শ্রীসৈরিন্ধ্রীর ন্যায় শ্রীঅক্রূরের প্রতিও পূর্ব্বে তদ্‌গৃহগমনরূপ বর প্রদান করিয়াছিলেন; সেই বর সম্পাদন করিয়া "তাহার গৃহে গমন করিলেন"; এই অংশ দ্বারা প্রসঙ্গ-বিষয়ের সাঙ্গত্যহেতু ও লীলাক্রমহেতু বলিতেছেন;—

শ্রীবলরাম ও শ্রীউদ্ধবের সহিত প্রভু ভগবান্ শ্রীকৃষ্ণ পাণ্ডবদিগের বৃত্তান্ত জানিবার নিমিত্ত অক্রূরকে হস্তিনাপুর প্রেরণ করিতে ইচ্ছা করিয়া শ্রীঅক্রূর মহাশয়ের হিত-কামনাপূর্ব্বকই তাঁহার গৃহে গমন করিলেন।১২

শ্রীকৃষ্ণের তত্তীয় এবং পাণ্ডবীয় সৌহৃদাংশ প্রকাশ করিয়াই সেই স্থানে শিরাছেন বলিয়া প্রথমতঃ শ্রীঅক্রূরের তাদৃশ ভাব হইয়াছিল, ইহাই বলিতেছেন;—

শ্রীঅক্রূর নরবরশ্রেষ্ঠ সবান্ধব শ্রীরাম, শ্রীকৃষ্ণ এবং উদ্ধবকে দূর হইতে দর্শন করিয়া হৃষ্টান্তঃকরণে

অক্লিষ্ট্বা পিতরাবন্যত্র পাদাবভ্যগতো নৃ।
প্রত্যুত্থায়াভিবাদ্যাহ কৃষ্ণ-রামাবভার্হতঃ ॥১৬
তিষ্ঠ্যা পাপো হতঃ কংসঃ সানুগো বান্ধবঃ কুলম্।
ভবদ্ভ্যামদ্য তং কৃষ্ণাচ্ছন্নস্তাচ্চ সমেধিতম্ ॥১৭

যুবাং প্রধানপুরুষৌ জগদ্ধেতূ জগন্ময়ৌ।
ভবদ্ভ্যাং ন বিনা কিঞ্চিৎ পরমস্তি ন চাপরম্ ॥১৮
আত্মসৃষ্টমিদং বিশ্বমন্বাবিশ্য স্বশক্তিভিঃ।
ঈয়তে বহুধা ব্রহ্মন্ শ্রুতপ্রত্যক্ষগোচরম্ ॥১৯

হে বৃষ! পাদাবনম্য (পাদৌ অবনিং কৃত্বা প্রণম্যেত্যর্থঃ বাক্তিঃ ভাঃ) আপ্তঃ আ ম বিনয়া ধারয়ন্ অর্হণেন অর্ঘাদিনা, ত্রিবৃৎ অক্ষতৈঃ অবৈঃ পত্রপুষ্পফলতুলসীভিঃ ১০.৫

অক্লিষ্ট্বা পিতরৌ আনয়া অক্ষতাভ্যাং (উৎসবে বিনাপিতৌ) পাদৌ মূলং নমস্কর্তুং প্রণতৌ অবনতঃ অক্ষতঃ চ যেন অতাবয় ইতি ব্যাখ্যেয়ম্ ॥১৬

ভবদ্ভ্যাং যুবাভ্যাং ভগবদ্ভ্যাং হতঃ নাশিতঃ কংসঃ ইতঃ বাং যুবয়োঃ ইতি মূলং ছন্দসাং অনার্ষং ছন্দোঃ ইতুক্তং সমেধিতং সমাক্ বর্দ্ধিতং চ এবং সর্বত্র

পিতরৌ এব আনয়েতি ভাবঃ ॥১৭

যুবাং ভগবতঃ হেতু নিমিত্তোপাদানভাবেন, অতঃ জগন্ময়ৌ প্রধানপুরুষৌ পুরুষোত্তমৌ (প্রকৃতিপুরুষৌ বা), ভবদ্ভ্যাং বিনা ব্যক্তিরিক্তং কিঞ্চিৎ পরং কারণং ন অস্তি তথা অপরং কার্যং চ কিঞ্চিৎ অপি ন অস্তি ॥১৮

হে ব্রহ্মন্! স্বশক্তিভিঃ স্বত-আদিভিঃ আত্মসৃষ্টং (আত্মনা এব সৃষ্টং) ইতঃ বিশ্বং অন্বাবিশ্য (উপাদানরূপং স্বয়ং তত্তদ্রূপোপনি অন্তর্যামিরূপেণ বেশিত ইব) শ্রুতপ্রত্যক্ষগোচরং যথা তথাস্তি তথা তথান এব ঈয়তে প্রতীয়তে ॥১৯

পাদোত্থান ও প্রত্যুত্থানপূর্বক তাঁহাদিগকে আলিঙ্গন করিয়া অভিবন্দন করিলেন।১৫

এইরূপ কায়িক বাচনিক বলিয়া মানসিক নমস্কার বলিতেছেন :—

শ্রীঅক্রূর মহাশয় পক্ষাং আতিথ্য করণে ভক্তির অংশ অবলম্বন করিয়া স্বভাবের উল্লাসবশতঃ ঐশ্বর্য্য কুণ্ঠিতেরও সেই অনুক্রমেই শ্রীকৃষ্ণকে ও শ্রীবলরামকে নমস্কার করিলেন এবং উভয় মহাশয়কে বন্ধুর উচিত সৎকার করিলেন। পরে তাঁহাদিগের কর্তৃক অভিবাদিত হইয়া তাঁহারা আসন পরিগ্রহ করিলে তাঁহাদিগকে যথাবিধি পূজা করিলেন।১৪

হে রা শ্রীঅক্রূর মহাশয় শ্রীকৃষ্ণের চরণ-প্রক্ষালন জল মস্তকে ধারণ করিয়া দিব্য গন্ধমালা এবং উত্তম বসন ভূষণ ও চন্দনাদি দ্রব্য তাম্বূল প্রভৃতির দ্বারা অর্চ্চনাপূর্ব্বক অবনত-মস্তকে নমস্কার করিয়া স্বীয়ক্রোড়দেশে স্থাপিত রাম-কৃষ্ণের চরণ দ্বয় ভক্তিসহকারে সংবাহন (কিম্বা স্বীয় উত্তরীয় বসন দ্বারা মার্জ্জন) করিতে করিতে বিনয়ে অবনত হইয়া উত্তানমুখী শ্রীরাম-কৃষ্ণকে বলিলেন।১৫-১৬

প্রথমে ভগবান্ কর্তৃক আচরিত কর্ম্মসমূহের অভিনন্দনরূপ স্তুতি বলিতেছেন :—

পাপাত্মা কংস অনুচরগণের সহিত নিহত হইয়াছে, ইহা পরম আনন্দের বিষয়; আপনাদের কর্তৃক আপনাদের কুল কংস-কৃত অপার দুঃখ হইতে উদ্ধৃত হইয়া বিচিত্র বৈভববত্তারা সমাক্‌রূপে বর্দ্ধিত হইতেছে।১৭

কেবল আপনাদের এই কুল, ইহা কি প্রকারে বলা যাইতে পারে; যেহেতু জগৎই আপনাদের উদ্ভবের, তাহাই বলিতেছেন :—

আপনারা উভয়ে বহিরঙ্গশক্তি ও অন্তরঙ্গশক্তি দ্বারা ক্রমে পুরুষ হইয়া জগতের উপাদান ও নিমিত্ত কারণ হইয়া থাকেন; অতএব এই জগৎময় দ্বারাই জগন্ময়; সুতরাং আপনারা ব্যতীত আর কিছুই কার্য্য নাই এবং কারণও নাই।১৮

(একই ভগবান্ জগদ্রূপে নানা হইয়া থাকেন, ইহাই বলিতেছেন—)

হে ব্রহ্মন্! (হে পরমেশ্বর!) আপনি নিজ শক্তি দ্বারা আত্মা হইতে সৃষ্ট এই বিশ্বের মধ্যে প্রবেশ করিয়া শ্রুত প্রত্যক্ষরূপে বহু প্রকারে অর্থাৎ দেব-গন্ধর্ব্বাদিরূপে ও মনুষ্যপশ্বাদিরূপে বহুবার প্রতীত হইতেছেন।১৯

যথা হি ভূতেষু চরাচরেষু
মহান্তরো যোনিষু ভাতি নানা।
এবং ভবান্ কেবল আত্মযোনি-
দ্রব্যাত্মভস্ত্রো বহুধা বিভাতি ॥২০

সৃজস্যথো লুম্পসি পাসি বিশ্বং
রজস্তমঃ-সত্ত্বগুণৈঃ স্বশক্তিভিঃ।
ন বধ্যসে তদ্গুণকর্মভির্বা
জ্ঞানাত্মনস্তে ক্ব চ বদ্ধহেতুঃ ॥২১

দেহাদ্যুপাধেরনিরূপিতত্বাদ্-
ভবো ন সাক্ষান্ত্রিগুণস্য স্যাৎ।
অতো ন বন্ধস্তব নৈব মোক্ষঃ
স্যাতাং নিকামস্ত্বয়ি নোঽবিবেকঃ ॥২২

ত্বয়োদিতোঽয়ং জগতো হিতায়
যদা যদা বেদপথঃ পুরাণঃ।
বাধ্যেত পাষণ্ডপথৈরসদ্ভি-
স্তদা ভবান্ সত্ত্বগুণং বিভর্তি ॥২৩

যোনিষু স্বকারণেষু ব্রহ্মাদয়েষ্বপি কিমুতান্যেষু চরাচরেষু ভূতেষু হি প্রসিদ্ধঃ মহান্তঃ কার্যভাবি এব নানা ভক্তজনেন ভাতি, এবম আত্মতন্ত্রঃ কালকর্মাদিপারতন্ত্র্যরহিতঃ অপি ভবান আত্মযোনিষু স্বকারণেষু কৃতভৌতিকেষু কার্যমাত্রেষু বহুধা নৈপুণ্যং নানারূপঃ বিভাতি ॥১০

স্বশক্তিভিঃ রজস্তমঃসত্ত্বগুণৈঃ বিশ্বং সৃজসি পাসি, অথ অবজ্ঞয়া লুম্পসি সংহরসি, তথাপি তৈঃ রজআদিগুণৈঃ সৃষ্টাদিকর্মভিঃ বা ন বধ্যসে, যতঃ জ্ঞানাত্মনঃ অন্তর্যামিণস্তব স্বরূপতঃ তে তব ক্ব চ বন্ধহেতুঃ বন্ধকারণং নাস্ত্যেব ॥১১

কিন্তু ক্ষিতিপ্রভৃতির ন্যায় বিকারশীল নহে, ইহাই বলিতেছেন :—

যেমন নিজের রূপান্তরে অভিব্যক্তি স্থান চরাচর ভূতে (পৃথিবী প্রভৃতি কার্য্য) পৃথিবী আদি কারণ-সমূহ নানারূপে প্রতিভাত হয়; সেইরূপ শুদ্ধ (অচিন্ত্য শক্তিদ্বারা বিকার-রহিত) আত্মতন্ত্র (স্বতন্ত্র) আপনি, স্বকারণীভূত পদার্থে (নিজে কারণ যাহার তাদৃশ ভূত ও ভৌতিক পদার্থে) কিংবা জীবরূপেও নরনৃসাদি শরীরসমূহে এবং বালক, যুবা প্রভৃতি নানা অবস্থাতে প্রতীত হন ।২০

(যদি বলেন—তাহা হউক; কিন্তু অচিন্ত্য শক্তিহেতু চিন্তামণি ও অয়স্কান্তাদির ন্যায় আমরা উপাদানকারণ ও নিমিত্তকারণ হইলেও অবিকারী কি প্রকারে হইলাম? আর কর্মাদি চেষ্টাময় প্রাণাদি থাকায় কেনই বা আমাদিগের উদ্ধারে বদ্ধ হইবে না? তাহাতে বলিতেছেন)—

অনন্তর আপনি স্বীয়শক্তি—রজঃ, তমঃ ও সত্ত্ব-গুণদ্বারা এই জগৎকে সৃজন, পালন ও হরণ করিয়া থাকেন; সেই গুণ, কর্ম্ম এবং রজঃপ্রভৃতি গুণমূলক সৃষ্টি আদি ব্যাপারসমূহে আপনি বদ্ধ হন না, সুতরাং জ্ঞানাত্মা (পরব্রহ্ম) আপনার বন্ধ-হেতু কোথায়? অর্থাৎ জীবের ন্যায় আপনার বন্ধ-হেতু অবিদ্যা নাই ।২১

সাক্ষাৎ আশ্রয়স্বরূপ আপনার বন্ধ-হেতু দেহাদি উপাধির (প্রাকৃত দেহ ও তন্মূলক কর্ম্মজ্ঞানাদি উপাধির) নিরূপণ নাই বলিয়া অপূর্ব্ব দেহগ্রহণ-রূপ উদ্ভব এবং দেহ-ত্যাগ নাই; অতএব বন্ধ ও মোক্ষ নাই; কিন্তু আমাদিগের দেহগ্রহণ ও ত্যাগরূপ বন্ধন ও মুক্তি রহিয়াছে; তাহার কারণ আপনাতে আমাদিগের অবিবেক মায়ামোহিত জীবের অনুরূপ। (অবিবেক উপলব্ধি পরাণুখ রহিয়াছে) ।২২

অতএব স্বীয় উক্তির তাৎপর্য্যের পর্য্যবসানস্থল

স ত্বং প্রভোঽস্য বসুদেবগৃহেঽবতীর্ণঃ
স্বাংশেন ভারমপনেতুমিহাসি ভূমেঃ।
অক্ষৌহিণীশতবধেন সুরেতরাংশ-
রাজ্ঞামমুষ্য চ কুলস্য যশো বিতন্বন্ ॥২৪

অক্ষেম নো বসতয়ঃ খলু কৃত্তিবাগ্
যঃ সর্ব্বদেবপিতৃভূতনৃদেবমূর্ত্তিঃ।
যৎপাদশৌচসলিলং ত্রিজগৎ পুনাতি
স ত্বং জগদ্গুরুরধোক্ষজ যাঃ প্রবিষ্টঃ ॥২৫

কঃ পণ্ডিতস্তবপরং শরণং সমীয়াদ্
ভক্তপ্রিয়াদৃতগিরঃ সুহৃদঃ কৃতজ্ঞাৎ।
সর্ব্বান্ দদাতি সুহৃদো ভজতোঽভিকামা-
নাত্মানমপ্যুপচয়াপচয়ৌ ন যস্য ॥২৬

হে বিভো! সঃ ত্বং সুরেতরাংশরাজ্ঞাং (সুরেতরাণাং অসুরাণাং অংশভূতাঃ যে রাজানঃ তেষাং) অক্ষৌহিণীশতবধেন (অক্ষৌহিণীনাং যানি শতানি তেষাং বধেন) কৃত্বা ভারম্ অপনেতুং নিহন্তুং, তথা অমুষ্য যাদবকুলস্য চ যশঃ বিতন্বন্ বিস্তারয়ন্ ইহ ইমং ভূলোকং বসুদেবস্যেমে স্বাংশেন বলভদ্রেণ সহ অবতীর্ণঃ অসি ॥২৪

যে অধোক্ষজ অতীন্দ্রিয়! যঃ সর্ব্বদেবপিতৃভূতনৃদেবমূর্ত্তিঃ (দেবাঃ পিতরঃ ভূতানি নৃদেবাঃ রাজানঃ চ মূর্ত্তয়ঃ যস্য সঃ) তথা যৎপাদশৌচসলিলং (যস্য এব পাদয়োঃ সলিলং ক্ষালনোদকং প্রক্ষালনং) ত্রিলোকীং পুনাতি, সঃ জগতাং গুরুঃ ত্বং যাঃ প্রবিষ্টঃ, হে ঈশ্বর! অতঃ সঃ অস্মাকং ভাঃ বসুতঃ বসু নিশ্চয়েন কৃত্তিভাগাঃ মহাপুণ্যাঃ এব ॥২৫

কঃ পণ্ডিতঃ বিবেকী ত্বদঃ ভক্তপ্রিয়াৎ (ভক্তাঃ প্রিয়াঃ যস্য তস্মাৎ) ঋতগিরঃ (ঋতা সত্যা গীঃ যস্য তস্মাৎ) সুহৃদঃ হিতকারিণঃ সুহৃদ্ভাবাৎ (সুহৃদঃ ভক্তস্য ভাবস্য ভক্তস্য প্রেমঃ যা প্রাপ্তি র্যস্মাৎ তস্মাৎ) কৃতজ্ঞাৎ সেবাকৃতভাবস্য ভক্তস্য ভক্তস্য সর্ব্বান্ অভিলাষান্ বাঞ্ছিতান্ দদাতি, (কিং বহুনা) আত্মানম্ অপি তদধীনং করোতি, তথাপি যস্য উপচয়াপচয়ৌ ন স্তঃ, তাদৃশাৎ তস্মাৎ ভবতঃ অপরং পরমং সমীয়াৎ ব্রজেৎ ॥২৬

বেদ মার্গকে রক্ষা করিতে যাইয়া তাহার অতিব্যক্তি-স্থান সত্ত্বগুণকেও পোষণ করিতেছেন ;—

জগতের স্থিতির নিমিত্ত আপনা কর্ত্তৃক কথিত পুরাণ (অনাদি) এই বেদমার্গ, বেদবিরোধী অসুরগণ কর্ত্তৃক যখন যখন প্রতিরুদ্ধ হয়, তখন তখন আপনি সত্ত্বগুণময় দেহধারণ করিয়া থাকেন ॥২৩

এইরূপ উপক্রমের পরে "স্থিত্যৈ পাল্যো হতঃ কংসঃ" ইত্যাদি নির্দ্দিষ্ট প্রস্তর বিষয়কেই অনুবর্ত্তন করিতেছেন ;—

হে বিভো! আপনি সেই শত সহস্র অক্ষৌহিণী অসুরপ্রভৃতি রাজগণকে বধ করিয়া পৃথিবীর ভার অপনোদন করিবার নিমিত্ত আর এই যাদবকুলের যশোবিস্তার করিবার নিমিত্ত স্বীয় অংশ শ্রীবলদেবের সহিত এই শ্রীবসুদেবের গৃহে অবতীর্ণ হইয়াছেন ॥২৪

(যদুকুলের মধ্যে আপনি আমাকে অত্যন্ত অনুগৃহীত করিয়াছেন, তাহাতেই বলিতেছেন ;—)

হে সর্ব্বেশ্বর! হে অধোক্ষজ! (হে নিখিল জ্ঞানের অতীত!) ব্রহ্ম-রুদ্রাদি যাবতীয় দেবগণ, পিতৃগণ, ভূতসকল ও নরদেবগণ আপনার মূর্ত্তি—শরীর এবং আপনার চরণধৌত সলিল ত্রিজগৎকে পবিত্র করিয়া থাকে ; সেই জগতের গুরু আপনি যে আমাদের গৃহে প্রবিষ্ট হইলেন, তাহাতে আমাদের গৃহ নিশ্চয়ই (বহুভাগ্যশালী হইল) পবিত্র হইল ॥২৫

কোন্ব্যক্তি পণ্ডিত হইয়া ভক্ত-প্রিয় সত্যবাক্ পরম-হিতকারী কৃতজ্ঞ আপনার ভিন্ন অন্যের শরণাপন্ন হইবে? যে আপনার হ্রাস ও বৃদ্ধি নাই। আপনি ভজনকারিদিগকে অর্থাৎ পূজাদি দ্বারা সেবাকারী সৌহার্দ্দযুক্ত ভক্তগণকে সকল অভিলষিত অর্থ এমন কি আত্মা পর্য্যন্তও প্রদান করিয়া থাকেন ॥২৬

দিষ্ট্যা জনার্দন ভবানিহ নঃ প্রতীতো
যোগেশ্বরৈরপি দুরাপগতিঃ সুরেশৈঃ।
দিষ্ট্যাশু নঃ সুতকলত্রধনাপ্তগেহ-
দেহাদিমোহপশনাং ভবদীয়মায়াম্ ॥২৭

ইত্যর্চিতঃ সংস্তুতশ্চ ভক্তেন ভগবান্ হরিঃ।
অক্রূরং সস্মিতং প্রাহ গীতিঃ সম্মোহয়ন্নিব ॥২৮

শ্রীভগবানুবাচ।

ত্বং নো গুরুঃ পিতৃব্যশ্চ শ্লাঘ্যো বন্ধুশ্চ নিত্যদা।
বয়ন্তু রক্ষ্যাঃ পোষ্যাশ্চ অনুকম্প্যাঃ প্রজা হি বঃ ॥২৯
ভবদ্বিধা মহাভাগা নিষেব্যা অর্হসত্তমাঃ।
শ্রেয়স্কামৈর্হি নিত্যায়ঃ দেবাঃ স্বার্থা ন সাধবঃ ॥৩০
ন হ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ।
তে পুনন্ত্যুরুকালেন দর্শনাদেব সাধবঃ ॥৩১

যে জনার্দন মায়াবিমুগ্ধ! যোগেশ্বরৈঃ সনকাদিভিঃ, সুরেশৈঃ ইন্দ্রাদিভিঃ অপি দুরাপগতিঃ (দুরাপা দুর্জ্ঞা গতিঃ যস্যাঃ তথা ভূত সঃ) সঃ ভবান্ নঃ অস্মাকম্ ইহ পুরে প্রত্যক্ষঃ ইতি দিষ্ট্যা এব; অতঃ নঃ অস্মাকং সুত-কলত্র-ধনাপ্ত-গেহ-দেহাদি-মোহরূপাণাং (সুতাদিষু যঃ মোহঃ আসক্তিঃ এব রশনা পাশঃ তাসাং) ভবদীয়মায়াম্ (ভবদীয়াং মায়াং) আশু ছিন্দ্যাৎ ইতি বিশ্বাসঃ ॥২৭

ইতি এবং ভক্তেন অক্রূরেণ অর্চিতঃ সংস্তুতঃ চ ভগবান্ হরিঃ সস্মিতং যথা স্যাৎ তথা গীতিঃ অক্রূরং সংমোহয়ন্ ইব আহ ॥২৮

শ্রীভগবান্ উবাচ। ত্বং নঃ অস্মাকং গুরুঃ পূজ্যঃ পিতৃব্যঃ পিতৃঃ ভ্রাতা শ্লাঘ্যঃ প্রশংসনীয়ঃ বন্ধুঃ চ। বয়ং তু নিত্যদা

(তাদৃশ উৎকৃষ্টা প্রশংসা করিয়া লজ্জায় স্মিত স্বীয় তদেকনিষ্ঠতার যে বিঘ্ন, তাহার দূরীকরণ প্রার্থনা করিতেছেন ;—)

হে জনার্দন! সুরেশ ব্রহ্মাদি দেবগণ এবং যোগেশ্বর সনকাদিও আপনার স্বরূপ যাহাতে জানিতে অশক্ত ; ঈদৃশ আপনি এই মনুষ্য-লোকে আমাদের নয়নের বিষয়ীভূত হইলেন। আহা! ইহা আমাদের পরম সৌভাগ্যের বিষয়। আপনার মায়াকার্য্যভূত পুত্র, কলত্র, ধন, জন, গৃহ ও গৃহাদিতে আমাদিগের যে মোহরূপ পাশ, তাহা অবিলম্বে ছেদন করুন, ইহাই প্রার্থনীয় ।২৭

ভক্তচূড়ামণি অক্রূর কর্ত্তৃক এই প্রকারে অর্চ্চিত ও সংস্তুত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ ঈষৎ হাস্যসহকারে অক্রূরের চিত্ত বিনোদন করত বলিলেন ।২৮

অতঃ রক্ষ্যাঃ (কৃপার্হঃ)। পোষ্যাঃ ধর্ম্মৌঃ, অনুকম্প্যাঃ কৃপাযোগ্যাঃ চ, হি যতঃ বঃ যুষ্মাকং প্রজাঃ পুত্রাদিরূপাঃ এব বয়ম্ ॥২৯

শ্রেয়স্কামৈঃ মোক্ষার্থিভিঃ নৃভিঃ ভবদ্বিধা ভবাদৃশাঃ অর্হত্তমাঃ উৎকৃষ্টতমাঃ মহাভাগাঃ জনাঃ নিত্যং সংনিষেব্যাঃ এব। যতঃ দেবাঃ হি স্বার্থাং (স্বার্থাপেক্ষা উপকৃতিং) সাধবঃ তু ন তথা ।৩০

সাধবঃ অপেক্ষয়া ন হ্যম্ময়ানি জলময়ানি গঙ্গাদীনি তীর্থানি উৎকৃষ্টানি; মৃচ্ছিলাময়াঃ দেবাঃ বা ন উৎকৃষ্টাঃ; হি যস্মাৎ তে মৃচ্ছিলাদেবাঃ দেবাঃ উৎকালেন বহুকালেন সেবিতাঃ পুনন্তি; সাধবঃ তু দর্শনাদেব জ্ঞানভক্ত্যাদ্যুপদেশদ্বারেণ পুনন্তি ।৩১

ভগবান্ বলিলেন, হে তাত! আপনি আমাদের পিতৃব্য ; অতএব গুরুর ন্যায় পূজনীয় এবং প্রশংসনীয় পরম বন্ধু। আমরা যাহাতে কখন কুপথে পদার্পণ না করি, বা শত্রুকুল আমাদের কোন অনিষ্ট করিতে না পারে তদ্বিষয়ে আপনার সর্ব্বদা দৃষ্টি রাখা কর্ত্তব্য। আমরা আপনার পুত্রস্থানীয় এবং নিতান্ত কৃপার পাত্র ।২৯

যাঁহারা মোক্ষাদি শ্রেয়োলাভের প্রার্থনা করেন, তাদৃশ জনগণ আপনার ন্যায় শ্রেষ্ঠতম মহাভাগ পুরুষেরই সেবা করিয়া থাকেন। কারণ, দেবতাগণও স্বার্থকে লক্ষ্য করিয়া জীবের উপকার করিয়া থাকেন ; কিন্তু সাধুগণ সেরূপ নহেন ; তাঁহারা নিঃস্বার্থে জগতের উপকার করিয়া থাকেন ।৩০

সাধুর অপেক্ষা জলময়ী গঙ্গাদি তীর্থসমূহ বা

স ভবান্ সুহৃদাং বৈ নঃ শ্রেয়ান্ শ্রেয়শ্চিকীর্ষয়া।
জিজ্ঞাসার্থং পাণ্ডবানাং গচ্ছত্ব গজসাহ্বয়ম্ ॥৩২
পিতর্যুপরতে বালাঃ সহ মাত্রা সুদুঃখিতাঃ।
আনীতাঃ স্বপুরং রাজ্ঞা বসন্ত ইব শুপ্রভম্ ॥৩৩
তেষু রাজাম্বিকাপুত্রো ভ্রাতৃপুত্রেষু দীনধীঃ।
সম্বো ন বর্ত্ততে নূনং দুষ্পুত্রবশগোঽন্ধদৃক্ ॥৩৪
গচ্ছ জানীহি তদ্ভদ্রমম্বনা সাধ্বসাধু বা।
বিজ্ঞায় তদ্ বিধাস্যামো যথা নঃ সুহৃদাং ভবেৎ ॥৩৫

ইত্যুক্ত স্তং সমাশিষ্য ভগবান্ হরিরীশ্বরঃ।
সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং বৈ ততঃ স্বভবনং যযৌ ॥৩৬

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৮

নঃ ঔকৃবিধঃ ভবান্ নঃ অস্মাকং শ্রেয়ান্ শ্রেষ্ঠঃ; অতঃ সুহৃদাং পাণ্ডবানাং শ্রেয়ঃ চিকীর্ষয়া তৎ [illegible] সার্থং গজসাহ্বয়ং হস্তিনাপুরং গচ্ছত্ব গচ্ছ ॥৩০

পিতরি পাণ্ডৌ উপরতে মৃতে সতি বালাঃ যুধিষ্ঠিরাদয়ঃ রাজ্ঞঃ পৃথয়াইব স্বপুরম আনীতাঃ সন্তঃ মাত্রা পৃথয়া সহ সুদুঃখিতাঃ এব বনবাসি বিপদ্ভি ইতি যাবৎ তপসা শুপ্রভম্ ॥৩৩

ভ্রাতৃপুত্রেষু তেষু যুধিষ্ঠিরাদিষু অন্ধদৃক্ (অন্ধা দৃক্ নেত্রেন্দ্রিয়ং যস্য সঃ) দীনধীঃ (দীনা ধীঃ বিবেকশক্তির্যস্য সঃ) দুষ্পুত্রবশগঃ (দুষ্টঃ যঃ পুত্রঃ দুর্য্যোধনঃ তস্যবশঃ তদধীনঃ) রাজা অম্বিকাপুত্রঃ ধৃতরাষ্ট্রঃ নূনং বিবেকশূন্যঃ সন্তঃ কুপ্রাদৃষ্টিঃ ন বর্ত্ততে ॥৩৪

অতঃ তং হস্তিনাপুরং গচ্ছ। অম্বনা বন্ধুত্বং (যেষাং পাণ্ডবানাং সুহৃৎ বর্ত্তসে) সাধু অসাধু বা জানীহি। তৎ বুদ্ধ্বা বিজ্ঞায় সুহৃদাং নঃ সুখং যথা ভবেৎ তথা বিধাস্যামঃ করিষ্যামঃ ॥৩৫

ইতি এবং অক্রূরং সমাশিষ্য আজ্ঞাপ্য সঙ্কর্ষণোদ্ধবাভ্যাং সহিতঃ ঈশ্বরঃ ভগবান্ হরিঃ ততঃ স্বভবনং যযৌ ॥৩৬

ইতি দশমে স্কন্ধে শ্রীমদ্ভাগবতানুবাদিকায়াং
অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ

মৃন্ময় ও শিলাময় দেবতাগণ কখন উৎকৃষ্ট হইতে পারেন না; তাহাদিগকে দর্শন বা তীর্থসমূহ বহুকাল সেবনে জীবকে পবিত্র করে, কিন্তু সাধুগণের সন্দর্শনেই জ্ঞান ও ভক্তির উপদেশ লাভে জীব পবিত্রতা লাভ করে, সন্দেহ নাই ।৩১

তাদৃশ সাধুজনও আপনিই আমাদের পরম সুহৃদ্; অতএব আমাদের প্রিয় সুহৃদ, পাণ্ডবগণের মঙ্গল-কামনায় আপনি একবার হস্তিনাপুরে গমন করুন এবং তাঁহাদের বিষয় পরিজ্ঞাত হউন ।৩২

পিতা পাণ্ডুর মৃত্যু হইলে তাঁহার পুত্র যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতাকে রাজা ধৃতরাষ্ট্র বীর পুরী হস্তিনায় আনয়ন করিয়াছিলেন; কিন্তু তথায় তাঁহারা জননী কুন্তীর সহিত অতিকষ্টেই কালাতিপাত করিতেছেন; এইরূপই আমরা শ্রবণ করিয়াছি ।৩৩

অম্বিকানন্দন রাজা ধৃতরাষ্ট্র জন্মান্ধ; বিশেষতঃ তাঁহার কুপুত্র দুর্য্যোধনাদির বশীভূত হইয়া, তিনি হিতাহিত বিবেচনায়ও সম্পূর্ণ অন্ধ হইয়াছেন। সুতরাং তাঁহার ভ্রাতা মহারাজ পাণ্ডুর পুত্রগণ যুধিষ্ঠিরাদির প্রতি তিনি পুত্র-নির্ব্বিশেষে যত্ন যে করেন না, সে বিষয়ে আর সন্দেহ নাই ।৩৪

অতএব আপনি হস্তিনাপুরে গমন করুন এবং পাণ্ডবেরা সম্প্রতি কিরূপ ভাবে জীবনযাত্রা নির্ব্বাহ করিতেছেন, তাহা বিশেষরূপে অবগত হউন। তাহাদের বর্ত্তমান অবস্থা পরিজ্ঞাত হইয়া, যাহাতে সেই সুহৃদ্‌গণের মঙ্গল সাধন হয়, তদ্বিষয়ে আমরা বিশেষ যত্ন করিব ।৩৫

ভগবান্ শ্রীকৃষ্ণ অক্রূরের প্রতি এইরূপ আদেশ করিয়া উদ্ধব এবং বলরামের সমভিব্যাহারে স্বকীয় ভবনে গমন করিলেন ।৩৬

শ্রীমদ্ব্যাসবিরচিতব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম স্কন্ধে
শ্রীপঞ্চানননঘোষামি-ভক্তিরত্নকৃত অষ্টচত্বারিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনপঞ্চাশঃ অধ্যায়ঃ।

[শ্রীভগবদনুজ্ঞয়া অক্রূরস্য হস্তিনাপুরে গমনম্, তত্রত্য-বৃত্তান্তাবগত্যানন্তরং পুনস্তস্য মধুপুর্য্যামাগমনঞ্চ।]

শ্রীশুক উবাচ

স গত্বা হস্তিনাপুরং পৌরবেন্দ্রযশোঽঙ্কিতম্।
দদর্শ তত্রাম্বিকেয়ং সভীষ্মং বিদুরং পৃথাম্ ॥১

সহ পুত্রঞ্চ বাহ্লীকং ভারদ্বাজং সগৌতমম্।
কর্ণং সুযোধনং দ্রৌণিং পাণ্ডবান্ সুহৃদোঽপরান্ ॥২

যথাবদুপসঙ্গম্য বন্ধুভির্গান্দিনীসুতঃ।
সম্পৃষ্টস্তৈঃ সুহৃদ্বার্ত্তাং স্বয়ঞ্চাপৃচ্ছদব্যয়ম্ ॥৩

উবাস কতিচিন্মাসান্ রাজ্ঞো বৃত্তবিবিৎসয়া।
দুষ্প্রজস্যাল্পসারস্য খলচ্ছন্দানুবর্ত্তিনঃ ॥৪

ভেজে ওজো বলং বীর্য্যং প্রশ্রয়াদীংশ্চ সদ্গুণান্।
প্রজানুরাগং পার্থেষু ন সহদ্ভিশ্চিকীর্ষিতম্ ॥৫

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। সঃ অক্রূরঃ কৌরবেন্দ্রযশোঽঙ্কিতং (কৌরবেন্দ্রাণাং যশোভিঃ অঙ্কিতং ব্যাপ্তং হস্তিনাপুরং গত্বা তত্র সভীষ্মং ভীষ্মেণ সহিতং) আম্বিকেয়ং অম্বিকাপুত্রং ধৃতরাষ্ট্রং, বিদুরং, পৃথাং চ দদর্শ ॥১

সহপুত্রং (পুত্রেণ সোমদত্তেন সহ বিদ্যমানং) বাহ্লীকং, ভারদ্বাজং, দ্রোণং, গৌতমং কৃপং, কর্ণং, দুর্যোধনং দ্রৌণিং অশ্বত্থামানং, পাণ্ডবান্ তথা অপরান্ সুহৃদঃ চ দদর্শ ॥২

গান্দিনীসুতঃ অক্রূরঃ যথাবৎ যথাযোগ্যং বন্ধুভিঃ সহ উপলক্ষয়ন্ বিলিখ্য তৈঃ চ সুহৃদ্বার্ত্তাং সম্পৃষ্টঃ স্বয়ং অপি তথা অব্যয়ং কুশলম্ অপৃচ্ছৎ ॥৩

খলচ্ছন্দানুবর্ত্তিনঃ (খলাঃ দুষ্টাঃ কর্ণাদয়ঃ তেষাং ছন্দম্ ইচ্ছায় অনুবর্ত্তিতুং শীলং যস্য তস্য তস্য) দুষ্প্রজস্য (দুষ্টাঃ প্রজাঃ পুত্রাঃ দুর্যোধনাদয়ঃ যস্য তস্য) অল্পসারস্য (অল্পঃ মন্দঃ সারঃ বুদ্ধিঃ যস্য তস্য) রাজ্ঞঃ ধৃতরাষ্ট্রস্য বৃত্তবিবিৎসয়া (বৃত্তং বিবিৎসা জ্ঞাতুমিচ্ছা) তদ্ভিপ্রায়ং জ্ঞাতুম্ তত্র উবাস ॥৪

ভেজে পরাক্রিতবলাদীর্য্যম্, ওজঃ ইন্দ্রিয়বলাদীর্য্যং, বলং দেহীয়-সামর্থ্যং, বীর্য্যং, শৌর্য্যং, প্রশ্রয়াদীন্ চ পার্থানাং সদ্গুণান্ তথা পার্থেষু প্রজানুরাগং চ ন সহদ্ভিঃ অনাদরাদৈঃ বার্ত্তরাষ্ট্রৈঃ দুষ্টরাষ্ট্র-

একোনপঞ্চাশ অধ্যায়।

[শ্রীভগবানের আদেশে অক্রূরের হস্তিনাপুরে গমন এবং সেখানকার বৃত্তান্ত অবগত হইবার পর পুনঃ তাঁহার মধুপুরীতে আগমন।]

শুকদেব বলিলেন,—হে নরনাথ! অনন্তর অক্রূর সেই কৌরবেন্দ্রগণের কীর্ত্তিস্তম্ভে সুসজ্জিত হস্তিনাপুরে উপনীত হইয়া ভীষ্মের সহিত একত্র উপবিষ্ট ধৃতরাষ্ট্র, বিদুর এবং পৃথা কুন্তীদেবীকে অবলোকন করিলেন।১

তথায় বাহ্লীক, তদীয় পুত্র সোমদত্ত, ভরদ্বাজ-নন্দন দ্রোণ, কৃপাচার্য্য, কর্ণ, দুর্য্যোধন, দ্রোণ-পুত্র অশ্বত্থামা, পাণ্ডবগণ এবং অন্যান্য সুহৃদ্বর্গের সহিত সাক্ষাৎ করিলেন।২

গান্দিনী-নন্দন অক্রূর সুহৃদ্গণের সহিত মিলিত হইয়া যথাযোগ্য সম্ভাষণ ও অভিবাদনাদি করিলেন; তাঁহারাও তাঁহার অভিবাদনাদি করিলে সকলের কুশল-বার্ত্তা তিনি জিজ্ঞাসা করিলেন।৩

ধৃতরাষ্ট্র দুষ্ট কর্ণাদির অভিমতেই কার্য্য করিতেন, এবং তাঁহার পুত্র দুর্য্যোধনাদিও নিতান্ত খল-প্রকৃতি; সুতরাং রাজা ধৃতরাষ্ট্রের কোনরূপ বুদ্ধির গুরুত্ব ছিল না; অতএব ধৃতরাষ্ট্রের ব্যবহার অনায়াসে পরিজ্ঞাত অভিপ্রায়ে অক্রূর কয়েক মাস সেই হস্তিনাপুরেই অবস্থান করিলেন।৪

পাণ্ডবগণের পরাক্রিতবল-সামর্থ্য, ইন্দ্রিয়ের বল, দেহের বল, বীর্য্য, শৌর্য্য ও বিনয়াদি নানাপ্রকার সদ্গুণ এবং তাহাদিগের প্রতি প্রজাবর্গের অনুরাগাদি অবলোকনে মর্ম্মপীড়িত দুর্য্যোধনাদি ধৃতরাষ্ট্র পুত্রগণ

কৃতঞ্চ ধার্ত্তরাষ্ট্রৈর্যৎসরলানাম্নপেশলম্।
আচখ্যৌ সর্ব্বমেবাস্মৈ পৃথা বিদুর এব চ ॥৬
পৃথা তু ভ্রাতরং প্রাপ্তমক্রূরমুপসৃত্য তম্।
উবাচ জন্মনিলয়ং স্মরন্ত্যশ্রুকলেক্ষণা ॥৭
অপি স্মরতি নঃ সৌম্য পিতরৌ ভ্রাতরশ্চ মে।
ভগিন্যো ভ্রাতৃপুত্রাশ্চ জায়ঃ সখ্য এব চ ॥৮
ভ্রাতেহো ভগবান্ কৃষ্ণঃ শরণ্যো ভক্তবৎসলঃ।
পৈতৃস্বসেয়ান্ স্মরতি রামশ্চাম্বুরুহেক্ষণঃ ॥৯

সাপত্নমধ্যে শোচন্ত্যাং বৃকাণাং হরিণীমিব।
সান্ত্বয়িষ্যতি মাং বাক্যৈঃ পিতৃহীনাংশ্চ বালকান্ ॥১০
কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিন্ বিশ্বাত্মন্ বিশ্বভাবন।
প্রপন্নাং পাহি গোবিন্দ শিনুক্তিশ্চাবসীদতীম্ ॥১১
নান্যৎ তব পদাম্ভোজাৎ পশ্যামি শরণং নৃণাম্।
বিভ্যতাং মৃত্যুসংসারাদীশ্বরস্তাপবর্গিকাৎ ॥১২

ভ্রাতরঃ: দুর্য্যোধনাদিভিঃ; যৎ যৎকৃতানি বিষয়লালাচরণ অপরাধানঃ দুষ্টং কর্ম্ম কৃতং, যৎ চ আপ্ত কিঞ্চিদ্বিদ্ধং তৎ সর্ব্বং তস্মৈ অক্রূরায় পৃথা বিদুরঃ চ আচখ্যৌ ইতি ঘটনাবয়ঃ ॥৫-৬

পৃথা তু ভ্রাতরম্ অক্রূরং প্রাপ্তম্ উপসৃত্য আগত্য উপসৃত্য তৎসমীপং সখ্যা, জন্মনিলয়ং পিতৃগৃহং স্মরন্তী অশ্রুকলেক্ষণা (অশ্রুপূর্ণা কলাঃ লেখাঃ যস্যাঃ তে ঈক্ষণে যস্যাঃ সা) সখী তম অক্রূরম্ উবাচ ॥৭

হে সৌম্য! অপি নঃ অস্মান্, মে পিতরৌ, ভ্রাতরঃ, ভগিন্যঃ, ভ্রাতৃপুত্রাঃ, জায়ঃ কুলস্ত্রিয়ঃ, সখ্যঃ এব চ স্মরতি কিম্ ?৮

মম ভ্রাতেহঃ ভ্রাতৃপুত্রঃ, ভক্তবৎসলঃ শরণ্যঃ ভগবান্ কৃষ্ণঃ

অম্বুরুহেক্ষণঃ রামঃ চ পৈতৃস্বসেয়ান্ (পিতৃস্বসিয়াঃ অয় সুতান্ যুধিষ্ঠিরাদীন্) কিং স্মরতি ?৯

বৃকাণাং বাঙ্কলানাং মধ্যে হরিণীম্ ইব সাপত্নমধ্যে (সাপত্নানাং শত্রূণাং দুর্য্যোধনাদীনাং মধ্যে) শোচন্ত্যাং মাং তথা পিতৃহীনান্ বালকান্ সংপ্রধান্ চ কিং সান্ত্বয়িষ্যতি ॥১০

হে মহাযোগিন্ বিশ্বাত্মন্ বিশ্বভাবন কৃষ্ণ! গোবিন্দ! শিনুক্তিঃ সহ অবসীদন্তীং ক্লিশ্যন্তীং প্রপন্নাং শরণাগতাং মাং পাহি ॥১১

মৃত্যুসংসারাৎ (মৃত্যোঃ সংসারাৎ উৎপন্নাৎ চ) বিভ্যতাং নৃণাং ঈশ্বরস্য তব আপবর্গিকাৎ মোক্ষপ্রদাৎ পদাম্ভোজাৎ অন্যৎ শরণং ন পশ্যামি ॥১২

পাণ্ডবগণের প্রতি যে সকল বিষয়লালাদি দুর্ব্যবহার করিয়াছিলেন এবং পরেও যে সকল করিবার অভিপ্রায় করিতেছেন, তৎসমস্তই বিদুর ও কুন্তী অক্রূরের নিকট বর্ণন করিলেন ।৫-৬

ভ্রাতা ও অক্রূর হস্তিনাপুরে আগমন করিয়াছেন শ্রবণ করিয়া কুন্তী তৎসমীপে উপস্থিত হইলেন এবং জন্মস্থান পিতৃগৃহ স্মরণকরত অশ্রুপূর্ণলোচনে এবং গদ্গদ বচনে অক্রূরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ।৭

হে সৌম্য! জনক জননী কি আর এই দুঃখিনীকে কন্যা বলিয়া মনে করেন? ভ্রাতৃগণ, ভগিনীগণ, ভ্রাতৃপুত্র, কুলবধূগণ এবং তখনকার আমার সহচরী সখীগণ কি আমার বিষয় স্মরণ করেন ?৮

বেদব্যাসাত্মজ শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! পাণ্ডবগণ জতুগৃহে দগ্ধ হইয়া মানবলীলা সংবরণ করিয়াছেন এইরূপই জনরব ছিল, কিন্তু দ্রুপদ রাজের গৃহে তাঁহারা বাস করিতেছেন, মরেন নাই এই কথা সকলে বলিলে, ভগবান্ শ্রীকৃষ্ণ সাত্যকি প্রভৃতি বহুজনে পরিবৃত হইয়া তাঁহাদিগকে দেখিবার মানসে এক দিবস ইন্দ্রপ্রস্থে গমন করিলেন ॥১

পরিষজ্যাচ্যুতং বীরা অঙ্গসঙ্গহতৈনসঃ।
সানুরাগস্মিতং বক্ত্রং বীক্ষ্য তস্য মুদং যযুঃ ॥৩

যুধিষ্ঠিরস্তু ভীমস্চ কৃত্বা পাদাভিবন্দনম্।
ফাল্গুনং পরিরভ্যাথ যমাভ্যাং চাভিবন্দিতঃ ॥৪

পরবাসন আসীনং কৃষ্ণা কৃষ্ণমনিন্দিতা।
নবোঢ়া ব্রীড়িতা কিঞ্চিন্নৈরেত্যাভ্যবন্দত ॥৫

তথৈব সাত্যকিঃ পার্থৈঃ পূজিতশ্চাভিবন্দিতঃ।
নিষসাদাসনেঽহস্তে চ পূজিতঃ পর্য্যুপাসত ॥৬

পৃথাং সমাগত্য কৃতাভিবাদন-
স্তয়াভিদার্দ্রেক্ষিতয়া দৃশাভিস্তিতঃ।
আপৃষ্টবাংস্তাং কুশলং সহস্নুষাং
পিতৃষ্বসারং পরিপৃষ্টবান্ধবঃ ॥৭

তমাহ প্রেমস্নৈব্য-রুদ্ধকণ্ঠাশ্রুলোচনা।
স্মরন্তী তান্ বহূন্ ক্লেশান্ ক্লেশাপায়াত্মদর্শনম্ ॥৮

অচ্যুতং পরিষজ্য অঙ্গসঙ্গহতৈনসঃ (অঙ্গসঙ্গেন হতানি এষাণি পাপানি যেষাং তে) বীরাঃ যুধিষ্ঠিরাদয়ঃ তস্য শ্রীকৃষ্ণস্য অনুরাগস্মিতং (অনুরাগেণ সহিতং স্মিতং মন্দহাসো যস্মিন্ তৎ) বক্ত্রং বীক্ষ্য মুদং হর্ষং যযুঃ প্রাপুঃ ॥৩

কৃষ্ণঃ যুধিষ্ঠিরস্চ ভীমস্চ (অভিবন্দনয়োঃ) পাদাভিবন্দনং কৃত্বা (তুল্যবয়সং) ফাল্গুনম্ অর্জ্জুনং অথ পরিষজ্য আশ্লিষ্য যমাভ্যাং নকুল-সহদেবাভ্যাং চ ন্যূনবয়স্কাভ্যাং অভিবন্দিতঃ বন্দিতঃ ॥৪

অথ পরবাসনে আসীনং কৃষ্ণং পতিং এত্য আগত্য, অবিন্দিতা নববিবাহিতা, অতঃ ব্রীড়িতা লজ্জিতা কৃষ্ণা দ্রৌপদী কিঞ্চিৎ অভ্যুত্থানং ইতি অবশেষঃ ॥৫

তথা কৃষ্ণঃ তথৈব সাত্যকিঃ চ পার্থৈঃ পূজিতঃ অভিবন্দিতঃ সন্ আসনে নিষসাদ। তথা অন্যৈ চ যাদবাঃ পার্থৈঃ পূজিতাঃ কৃষ্ণং পরিতঃ উপাসত ॥৬

পৃথাং কুন্তীং সমাগত্য কৃতাভিবাদনঃ (কৃতম্ অভিবাদনং যেন সঃ) তথা অভিদার্দ্রেক্ষিতয়া (অভিদার্দ্রেণ অভিস্নেহেন আর্দ্রে সজলে দৃশৌ যস্যাঃ) তয়া পৃথয়া অভিস্তিতঃ পরিষক্তঃ, পরিপৃষ্টবান্ধবঃ (পরিপৃষ্টঃ কুশলপ্রশ্নবিষয়ীকৃতাঃ বান্ধবাঃ বসুদেবাদয়ঃ যস্য সঃ) কৃষ্ণঃ সহস্নুষাং পুত্রজায্যা-সহিতঃ পুত্রবধূসহিতঃ তাং কুন্তীং কুশলম্ আপৃষ্টবান্ ॥৭

প্রেমস্নৈব্যরুদ্ধকণ্ঠাশ্রুলোচনা (প্রেম্ণা স্নৈব্যং ব্যাকুলত্বং তেন রুদ্ধঃ কণ্ঠঃ যস্যাঃ সা অশ্রুণি লোচনয়োঃ যস্যাঃ সা) তম্ বহূন্ কৃষ্ণপুত্রান্ ক্লেশান্ স্মরন্তী কুন্তী ক্লেশাপায়াত্মদর্শনম্ (ক্লেশানাম্ অপায়ায় বিনাশায় আত্মানং দর্শয়তীতি তথাভূতং তং কৃষ্ণম্) আহ ॥৮

কুন্তীনন্দন যুধিষ্ঠিরাদি বীরপুরুষগণ অধিলেশ্বর শ্রীকৃষ্ণকে আগমন করিতে দেখিয়া জীবন-লাভে ইন্দ্রিয়বর্গের সচকিত উত্তেজনার ন্যায় সকলে তৎক্ষণাৎ গাত্রোত্থান করিলেন।২

এবং অচ্যুত ভগবান্‌কে আলিঙ্গন করিয়া সকলে নিষ্পাপ হইলেন, যুধিষ্ঠিরাদি বীরগণ শ্রীকৃষ্ণের অনুরাগপূর্ণ সহাস্য বদন দর্শনে অপার আনন্দ ও তৃপ্তিলাভ করিলেন।৩

শ্রীকৃষ্ণ আপনার অপেক্ষা অধিকবয়স্ক যুধিষ্ঠিরকে ও ভীমসেনের চরণবন্দন করিলেন, তুল্যবয়স্ক অর্জ্জুনকে আলিঙ্গন করিলেন এবং ন্যূনবয়স্ক যমজ ভ্রাতা নকুল ও সহদেব কর্ত্তৃক অভিবন্দিত হইলেন।৪

অনন্তর শ্রীকৃষ্ণ পরবাসনে আসীন হইলে সর্ব্ব-সৌন্দর্য্যসম্পন্না নববধূ দ্রৌপদী লজ্জাবনত-মুখে শ্রীকৃষ্ণকে যথোচিত অভিবাদন করিলেন।৫

শ্রীকৃষ্ণের ন্যায় সাত্যকিও পার্থগণ কর্ত্তৃক যথোচিত পূজিত ও অভিবন্দিত হইয়া আসনে উপবেশন করিলেন এবং অন্যান্য যাদবগণও অভি-বন্দিত হইয়া কৃষ্ণের চতুর্দ্দিকে পরিবেষ্টন পূর্ব্বক উপবেশন করিলেন।৬

অনন্তর শ্রীকৃষ্ণ পিতৃষসা কুন্তীর নিকট অগ্রসর হইয়া তাঁহার চরণবন্দন করিলেন। শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া পৃথার আনন্দের আর পরিসীমা রহিল না, তাঁহার লোচনদ্বয় হইতে অশ্রুবারি ধারে

তবৈব কৃপণং নোঽদ্য সনাথাস্তে কৃতা বয়ম্।
জ্ঞাতীন্ নঃ স্মরতা কৃষ্ণ ভ্রাতা যে প্রেষিতস্ত্বরা ॥৯

ন তেঽহং স্বপরভ্রান্তিবিষ্বস্ত সুহৃদাত্মনঃ।
তথাপি স্মরতাং শশ্বৎ ক্লেশান্ হংসি হৃদি স্থিতঃ॥১০

যদা জ্ঞাতীন্ বন্ধূন্ নঃ অক্রূরান্ স্মরতা ত্বয়া (অক্রূরস্য-জ্ঞাবাচ) যে যদ ভ্রাতা অক্রূরঃ প্রেষিতঃ, তবৈব নঃ অস্মাকং কৃপণম্ অক্রূরং, তথা যে ত্বয়া বয়ং সনাথাঃ কৃতাঃ ॥৯

বিষ্বক্ স্বতঃ সুহৃদ্ চ অসৌ আত্মা চ নঃ তস্য সুহৃদাত্মনঃ তে তব স্বপরভ্রান্তিঃ নাস্তি। তথাপি স্মরতাং ভক্তানাং হৃদি স্থিতিঃ সন্ ক্লেশান্ শশ্বৎ সর্বদা হংসি নাশয়সি ॥১০

যুধিষ্ঠির উবাচ। নঃ অস্মাকিং কিং ত্রেয়ঃ আচরিতং পূর্বং

আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল। তিনি প্রেমানন্দে শ্রীকৃষ্ণকে গাঢ় আলিঙ্গন করত বসুদেবাদি স্বজন-বর্গের কুশল বার্তা জিজ্ঞাসা করিলেন এবং শ্রীকৃষ্ণও পিতৃস্বসা পৃথা ও তদীয় পুত্রবধূ দ্রৌপদীকে কুশলবার্তা জিজ্ঞাসা করিলেন।৭

শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া কুন্তীর ভূতপূর্ব অপরিসীম দুঃখের ব্যাপার স্মৃতিপথে আরূঢ় হইতে লাগিল। তিনি প্রেমে বিহ্বল হইয়া পড়িলেন এবং গলদশ্রুলোচনে ও গদ্‌গদস্বরে শ্রীকৃষ্ণকে সম্বোধন পূর্বক বলিলেন যে, হে কৃষ্ণ! দুঃখের অন্ত না হইলে তোমাকে দেখিতে পাওয়া যায় না। জগতের দুঃখনিবারণ করিবার জন্যই তুমি দেখা দিয়া থাক।৮

এক্ষণে আমাদের যে মঙ্গল হইবে তাহাতে আর সন্দেহ কি? আমাদিগকে জ্ঞাতি ও বন্ধুজ্ঞানে স্মরণ করত আমাদের অবলা পরিজ্ঞাত হইবার বাসনে যে দিবস তুমি মদীয় ভ্রাতা অক্রূরকে আমাদের নিকট প্রেরণ করিয়াছিলে, সেই দিবসই আমাদের মঙ্গল আরম্ভ হইয়াছে এবং তোমার অনুগ্রহে আমরা এক্ষণে সনাথ হইয়াছি—সন্দেহ নাই।৯

যুধিষ্ঠির উবাচ।
কিং ন আচরিতং ত্রেয়ো ন বেদাহমধীশ্বর।
যোগেশ্বরাণাং দুর্দর্শো যন্মো দৃষ্টঃ কুমেধসাম্ ॥১১
ইতি বৈ বাধিকান্ মাসান্ রাজা সোঽর্থিতঃ সুখম্।
জনয়ন্ নয়নানন্দমিন্দ্রপ্রস্থৌকসাং বিভুঃ ॥১২

কৃষ্ণ ইতি যে অধীশ্বরঃ অহং ন বেদঃ; যং দর্শনং যোগেশ্বরাণাম্ অপি দুর্দর্শঃ মুনীশ্বরাণাং তথান্ কুমেধসাং বিষয়াসক্তচেতসাং নঃ অস্মাকং দৃষ্টঃ দৃষ্টং আতঃ ॥১১

ইতি এবং রাজা যুধিষ্ঠিরেণ অভ্যর্থিতঃ স্তুতিপূর্বকং প্রার্থিতঃ বিভুঃ বরঃ শ্রীকৃষ্ণঃ ইন্দ্রপ্রস্থৌকসাং তৎস্থানবাসিনাং নয়নানন্দং জনয়ন্ বার্ষিকান্ বর্ষোপলক্ষিতান্ চতুরো মাসান্ বৈ তত্র উবাস ॥১২

কৃষ্ণ! তুমি সমগ্র সংসারস্থ জীবের সুহৃদ্ এবং আত্মস্বরূপ! তোমার নিকট আত্মীয় বা পর বলিয়া কোন ভেদই নাই বটে, কিন্তু তথাপি যাহারা প্রাণের সহিত তোমাকে নিরন্তর স্মরণ করে, তাদৃশ ভক্তজনের হৃদয়মন্দিরে তুমি নিত্য বিরাজ করত সর্বদা সকল দুঃখই নিবারণ করিয়া থাক।১০

যুধিষ্ঠির শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিলেন,—হে সর্বেশ্বর! আমরা পূর্বে যে কিরূপ পুণ্যের অনুষ্ঠান করিয়াছি, এক্ষণে তাহার কিছুই নিরূপণ করিতে পারিতেছি না। কারণ যোগেশ্বরগণ বহুকাল ও আয়াস-সাধ্য যোগের অনুষ্ঠানেও যাঁহার সাক্ষাৎকার সহজে লাভ করিতে পারেন না, আমরা নিতান্ত বিষয়াসক্ত সাংসারিক জীব হইয়াও অদ্য অনায়াসে সেই আপনাকে দর্শন করিলাম।১১

এই প্রকারে রাজা যুধিষ্ঠির কর্তৃক অভ্যর্থিত ও বিনতি এবং স্তুতি পূর্বক প্রার্থিত হইয়া ভগবান্ শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থবাসী যাবতীয় জনগণের আনন্দ উৎপাদন পূর্বক বর্ষোপলক্ষিত মাস-চতুষ্টয় সেই স্থানেই অবস্থিত করিলেন।১২

একদা রথমারুহ্য বিভ্রতো বানরধ্বজম্।
গাণ্ডীবং ধনুরাদায় তূণৌ চাক্ষয়সায়কৌ ॥১৩
সাকং কৃষ্ণেন সন্নদ্ধো বিবর্তুং বিপিনং মহৎ।
বহ্ব্যালমৃগাকীর্ণং প্রাবিশৎ পরবীরহা ॥১৪
তত্রাবিধ্যচ্ছরৈর্ব্যাঘ্রান্ শূকরান্ মহিষান্ রুরূন্।
শরভান্ গবয়ান্ খড়্গান্ হরিণান্ শশশল্লকান্ ॥১৫
তান্ নিঘ্নতঃ কিঙ্করা বাজ্যে মেধ্যান্ পর্ব্যণ্যুপাগমন্তে।
তৃট্পরীতঃ পরিশ্রান্তো বীভৎসুর্যমুনামগাৎ ॥১৬

তত্রোপস্পৃশ্য বিশদং পীত্বা বারি মহারথৌ।
কৃষ্ণৌ দদৃশতুঃ কন্যাং চরন্তীং চারুদর্শনাম্ ॥১৭

তামাসাদ্য বরারোহাং সুশ্রোণীং রুচিরাননাম্।
পপ্রচ্ছ প্রেষিতঃ সখ্যা ফাল্গুনঃ প্রমলোত্তমাম্ ॥১৮

কা ত্বং কন্যাসি সুশ্রোণি কুতো বা কিং চিকীর্ষসি।
মন্যে ত্বাং পতিমিচ্ছন্তীং সর্বং কথয় শোভনে ॥১৯

পরবীরহা শত্রুনিসূদনঃ বিভ্রতঃ অর্জুনঃ একদা বানরধ্বজং (বানরঃ হনুমৎপ্রতিকৃতিঃ ধ্বজে যস্য তং তথাভূতং) রথম আরুহ্য গাণ্ডীবং তদাখ্যং ধনুঃ তথা অক্ষয়সায়কৌ (অক্ষয়াঃ অক্ষীণাঃ সায়কাঃ বাণাঃ যয়োঃ তৌ) তূণৌ তূণীরৌ আদায় সন্নদ্ধঃ বদ্ধকবচঃ সন্ কৃষ্ণেন সাকং বিবর্তুং মৃগয়াং কর্তুং বহ্ব্যালমৃগাকীর্ণং বহুং বিপিনং প্রাবিশৎ। ব্যাঘ্রান্ শূকরান্ মহিষান্ রুরূন্ গবয়ান্ গবয়ান্ খড়্গান্ হরিণান্ শশশল্লকান্ শরৈঃ অবিধ্যৎ ॥১৩-১৫

তত্র যেষাং কর্তারঃ তান্ মৃগান পর্ব্যণি উপাগতে পর্ব-মুকাষ্টকাদ্যভি কর্তরি উপস্থিতে সতি রাজ্ঞে যুধিষ্ঠিরায় নিঘ্নতঃ প্রাপয়তাম্ভঃ। ততঃ তৃট্পরীতঃ (তৃষা পিপাসয়া পরীতঃ ব্যাপ্তঃ) পরিশ্রান্তঃ চ বীভৎসুঃ অর্জুনঃ যমুনাং জগাম ॥১৬

এক দিবস শত্রুনিসূদন অর্জুন কবচ ধারণ ও গাণ্ডীব ধনু এবং অক্ষয় বাণবিশিষ্ট তূণীরদ্বয় গ্রহণ লইয়া বানরধ্বজ রথে আরোহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণের সমভিব্যাহারে মৃগয়ার্থ শ্বাপদ-সমাকীর্ণ একটী বিস্তৃত বিপিনমধ্যে প্রবেশ করিলেন এবং তথায় বাণের প্রহারে ব্যাঘ্র, শূকর, মহিষ, রুরু, গবয়, খড়্গী, হরিণ ও শল্লকাদি বিচিত্র বন্য জন্তুসমূহকে বধ করিলেন ।১৩-১৪-১৫

এবং তদ্ধ্যে যজ্ঞের উপযুক্ত মৃগসমূহ সংগ্রহ করিয়া পর্ব্বোপলক্ষিত অষ্টকাদি বিহিত যজ্ঞকাল উপস্থিত হওয়ায় কিঙ্করগণের দ্বারা রাজা যুধিষ্ঠির-

---

মহারথৌ কৃষ্ণৌ কৃষ্ণার্জুনৌ তত্র যমুনায়াং উপস্পৃশ্য স্নাত্বা বিশদং বিমলং বারি জলং পীত্বা চ চারুদর্শনাং (চারু মনোহরং দর্শনং যস্যাঃ তাং তথা চরন্তীং তীরে বিচরন্তীং কন্যাং যমুনাং ॥১৭

বরারোহাং (বরৌ শ্রেষ্ঠৌ আরোহৌ উরূ যস্যাঃ তাং) সুশ্রোণীং (শোভনাঃ শ্রোণয়ঃ নিতম্বাঃ যস্যাঃ তাং) রুচিরাননাং (রুচিরং সুন্দরং আননং যস্যাঃ তাং প্রমদোত্তমাং প্রমদানাং স্ত্রীণাং মধ্যে উত্তমাং সর্বাসাং স্ত্রীণাং শ্রেষ্ঠাং) তাং কন্যাং সখ্যা শ্রীকৃষ্ণেন প্রেষিতঃ প্রেরিতঃ ফাল্গুনঃ অর্জুনঃ তাং প্রপচ্ছ ॥১৮

হে সুশ্রোণি! ত্বং কা? কিং নামাসি, কস্য বংশে জাতাসি; কুতঃ বা স্থানাৎ অত্র সমাগতাসি? অত্র বা কিং কর্তুম্ ইচ্ছসি? অহং তু ত্বাং পতিম্ ইচ্ছন্তীং ক ইতি মন্যে। অতঃ হে শোভনে! তৎ সর্বং কথয় ।.৯

সমীপে প্রেরণ করিলেন এবং নিজে মৃগয়ায় পরিশ্রম ক্লান্ত ও পিপাসাতুর হইয়া শ্রম নিবারণার্থ যমুনাতীরে গমন করিলেন ।১৬

এই প্রকারে শ্রীকৃষ্ণ এবং অর্জুন যমুনাজলে অবগাহনপূর্ব্বক স্নান ও পবিত্র জল পান করিয়া যখন তীরে উঠিতেছিলেন, তখন একটী পরমা সুন্দরী কন্যাকে যমুনাজলে বিচরণ করিতেছে তাঁহারা অবলোকন করিলেন ।১৭

অপূর্ব্ব রূপলাবণ্যসম্পন্না বরারোহা সুশ্রোণী এবং সুন্দরবদনা সেই উৎকৃষ্টা কন্যাকে নয়নগোচর করিয়া সখা শ্রীকৃষ্ণের আদেশে অর্জুন তৎসমীপে আগমন

কালিন্দ্যুবাচ।

অহং দেবস্য সবিতুর্দুহিতা পতিকাঙ্ক্ষিণী।
বিষ্ণুং বরেণ্যং বরদং তপঃ পরমমাস্থিতা ॥২০
নান্যং পতিং বৃণে বীর তমৃতে শ্রীনিকেতনম্।
তুষ্টতাং মে স ভগবান্ মুকুন্দোঽনাথসংশ্রয়ঃ ॥২১
কালিন্দীতি সমাখ্যাতা বসামি যমুনাজলে।
নির্ম্মিতে ভবনে পিত্রা যাবদচ্যুতদর্শনম্ ॥২২

তথাবদদ্ গুড়াকেশো বাসুদেবায় সোঽপি তাম্।
রথমারোপ্য তদ্বিদ্বান্ ধর্ম্মরাজমুপাগমৎ ॥২৩

যদৈব কৃষ্ণঃ সন্দিষ্টঃ পার্থানাং পরমাদ্ভুতম্।
কারয়ামাস নগরং বিচিত্রং বিশ্বকর্ম্মণা ॥২৪

ভগবাংস্তত্র নিবসন্ স্বানাং প্রিয়চিকীর্ষয়া।
অয়রে খাণ্ডবং দাতুমর্জ্জুনস্যাস সারথিঃ ॥২৫

কালিন্দ্যুবাচ। অহং দেবস্য সবিতুঃ সূর্য্যস্য দুহিতা বরেণ্যং যোগ্যং বরং বিষ্ণুং এব পতিং ইচ্ছতি সতী পরমং তপঃ আস্থিতা ইতি ॥২০

নে বীর। ভো শ্রীনিকেতনং (শ্রিয়ঃ লক্ষ্ম্যাঃ নিকেতনম্ আশ্রয়ঃ) বিষ্ণুং তত্তে বিনা অহং অন্যং পতিং ন বৃণে। অনাথসংশ্রয়ঃ (অনাথানাং সংশ্রয়ঃ) সঃ মুকুন্দঃ ভগবান্ মে তুষ্টতাম্ ॥২১

কালিন্দীতি সমাখ্যাতা অহং যাবদচ্যুতদর্শনং (অচ্যুতস্য শ্রীকৃষ্ণস্য দর্শনং প্রাপ্তিঃ, তাবৎ) যমুনাজলে তত্রাণি পিত্রা নির্ম্মিতে ভবনে বসামি ॥২২

তথেতা পিত্রা তত্রাঃ ইশঃ ভিন্নিমিত্তঃ অর্জ্জুনঃ তথা

বাসুদেবায় অবদৎ। সঃ বাসুদেবঃ কৃষ্ণঃ অপি তদ্বিদ্বান্ (তদভিপ্রায়ং তস্যাঃ তপসঃ আচরণং জানন্) তাং তস্যাং বনং আরোপ্য ধর্ম্মরাজং যুধিষ্ঠিরং প্রতি হস্তিনাপুরম্ উপাগমৎ ॥২৩

পার্থেন এবং যদৈব সন্দিষ্টঃ বিজ্ঞাপিতঃ, শ্রীকৃষ্ণঃ তদৈব বিশ্বকর্ম্মণা পার্থানাং পরমাদ্ভুতং বিচিত্রং নগরং কারয়ামাস ॥২৪

ভগবান্ শ্রীকৃষ্ণঃ স্বানাং স্বজনানাং পাণ্ডবানাং প্রিয়-চিকীর্ষয়া 'প্রিয়ং কর্ত্তুং ইচ্ছয়া' তত্র হস্তিনাপুরে নিবসন্ অর্জ্জুনস্য রথসারথিনাস্তার অন্তরে খাণ্ডবং বনং দাতুং অর্জ্জুনস্য সারথিঃ আস বভূব ॥২৫

পূর্ব্বক তস্যাকে সম্বোধন করত বলিলেন—।১৮

হে সুশ্রোণি! তুমি কে? তোমার নাম কি? পিতা কে? এবং কি নিমিত্তই বা এই নির্জ্জনস্থানে আগমন করিয়াছ? তোমাকে দেখিলে বোধ হয় যেন পতির অন্বেষণে এইস্থানে বিচরণ করিতেছ। হে সুন্দরি! তোমার সকল কথা আনুপূর্ব্বিক বর্ণন কর।১৯

অর্জ্জুনের কথা শ্রবণে কালিন্দী বলিলেন,—আমি ভগবান্ দিবাকরের দুহিতা, সর্ব্ববরদাতা বরণীয় বিষ্ণুকে পতিরূপে প্রাপ্ত হইবার মানসে এই স্থানে উৎকট তপস্যার অনুষ্ঠান করিতেছি।২০

হে বীর! সেই শ্রীনিবাস বিষ্ণু ব্যতীত অন্য কোন ব্যক্তিকে পতিত্বে বরণ করিব না। সেই অনাথনাথ ভগবান্ মুকুন্দ যেন প্রসন্ন হইয়া আমার পাণিগ্রহণ করেন, এই মাত্র আমার প্রার্থনা।২১

আমার নাম কালিন্দী। ভগবান্ অচ্যুতের সন্দর্শন লাভ করা পর্য্যন্ত আমি এই যমুনাজলের অন্তরে পিতা ভাস্কর কর্ত্তৃক নির্ম্মিত গৃহে বাস করিতেছি।২২

কালিন্দীর কথা শ্রবণ করিয়া গুড়াকেশ (জিতনিদ্র) অর্জ্জুন শ্রীকৃষ্ণের নিকট উপস্থিত হইয়া সমস্ত আনুপূর্ব্বিক বর্ণন করিলেন এবং ভগবান্ বাসুদেবও কালিন্দীর তপস্যার কারণ অবগত হইয়া সেই কন্যাকে স্বীয় রথে আরোহণ করাইয়া হস্তিনাপুরে রাজা যুধিষ্ঠিরের নিকট গমন করিলেন।২৩

এবং তথায় উপস্থিত হইয়া পাণ্ডবগণের অনুরোধে বিশ্বকর্ম্মার দ্বারা তাঁহাদের জন্য একটী সর্ব্বশোভা-সম্পন্ন অপূর্ব্ব নগর প্রস্তুত করাইলেন।২৪

সোঽগ্নিস্তুষ্টো বসুরলাদ্ধয়ান্ শ্বেতান্ রথং নৃপ।
অর্জুনায়াক্ষয়ৌ তূণৌ বর্ম চাস্ত্রেয়সংযুতম্ ॥২৬
ধনুশ্চ সোমদত্তাস্তঃ সন্ততিশ্চানুযোজিতঃ।
যস্মিন্ দুর্যোধনস্তাপীজ্জলস্থলদৃশিশ্রমঃ ॥২৭
স তেন সম্বৃতাস্তঃ সুহৃদ্ভিশ্চানুযোজিতঃ।
আরুরোহ রথং কৃষ্ণঃ সাত্যকিপ্রমুখৈর্বৃতঃ ॥২৮

যে নৃপ! সঃ ঃ হুতাশনঃ অগ্নিঃ তুষ্টঃ সন্ অর্জুনায় বসুঃ সোমদত্তাৎ শ্বেতান্ হয়ান্ অদাৎ, সমদাৎ, অক্ষয়ৌ অক্ষয়নামকৌ তূণৌ তূণীরৌ অস্ত্রিভিঃ অস্ত্রযুক্তৈঃ অস্ত্রৈঃ বর্ম কবচং চ অদাৎ দত্তবান্ ॥২৬

(খাণ্ডবদহনে স্থিতঃ) যঃ (ময়ঃ) তাপাৎ দাবদাহাৎ শিল্পাচার্যঃ ময়দানবাৎ বরঃ সকাশাৎ (বরবরণে) যোগিতঃ যাচিতঃ, অতঃ তৎপ্রেম্ণা অর্জুনস্য সখ্যঃ কৃষ্ণায় দত্তো। যস্মিন্ ময়ে সভায়াং দুর্যোধনস্য জলস্থলদৃশিশ্রমঃ জলে স্থলদৃষ্টিঃ স্থলে চ জলদৃষ্টিঃ ইত্যেবংবিধঃ ভ্রমঃ আসীৎ ॥২৭

ততশ্চ যেন অর্জুনেন সমন্বিতাঃ অতঃ সুহৃদ্ভিঃ যুধিষ্ঠিরাদিভিঃ অনুযোজিতঃ সঃ কৃষ্ণঃ সাত্যকিপ্রমুখৈঃ যদুভিঃ

অথোপস্পৃশ্য কালিন্দীং সুপুণ্যর্ক্ষ উদঙ্মুখে।
বিতরন্ পরমানন্দং স্বানাং পরমমঙ্গলঃ ॥২৯
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ দুর্যোধনবশানুগৌ।
স্বয়ংবরে স্বভগিনীং কৃষ্ণে সক্তাং ন্যষেধতাম্ ॥৩০
রাজাধিদেব্যাস্তনয়াং মিত্রবিন্দাং পিতৃষ্বসুঃ।
প্রসহ্য হৃতবান্ কৃষ্ণো রাজ্ঞাং প্রপশ্যতাম্ ॥৩১

সুতঃ সন্ ভূয়ঃ দ্বারকায়াং প্রযযৌ ॥২৮

অথ সুপুণ্যর্ক্ষে (সুপুণ্যঃ বিবাহযোগ্যঃ ঋক্ষঃ নক্ষত্রং চ যস্মিন্ তস্মিন্) উদঙ্মুখে প্রহরদ্বয়ব্যাপ্তে মুহূর্তে পরমমঙ্গলঃ ভগবান্ স্বানাং স্বজনানাং পরমানন্দং বিতরন্ বিস্তারয়ন্ কালিন্দীম্ উপস্পৃশ্য বিবাহিতবান্ ॥২৯

দুর্যোধনবশানুগৌ আবন্ত্যৌ অবন্ত্যাঃ রাজ্ঞঃ বিন্দানুবিন্দৌ কৃষ্ণে সক্তাং স্বভগিনীং স্বয়ংবরে স্বয়ংবরণে নিষেধিতবন্তৌ ॥৩০

হে রাজন্! ভগবান্ পিতৃষ্বসুঃ কুন্তিভোজরাজায়াঃ রাজাধিদেব্যাঃ তনয়াং মিত্রবিন্দাং দ্বারকাং রাজ্ঞাং প্রপশ্যতাম্ এব কৃষ্ণঃ প্রসহ্য বলাৎ হৃতবান্ ॥৩১

ভগবান্ কৃষ্ণ স্বীয় ভক্ত পাণ্ডবগণের চিত্তসাধনমানসে হস্তিনাপুরে কিছুকাল বাস করিলেন এবং অর্জুনের বহুলাভের নিমিত্ত খাণ্ডবনামক উদ্যের বন হুতাশনকে সমর্পণ করিবার অভিপ্রায়ে নিজে অর্জুনের সারথি হইয়াছিলেন ।২৫

হে নরনাথ! হুতাশন খাণ্ডববন দগ্ধ করিয়া পরিতৃপ্ত হইলে অর্জুনকে গাণ্ডীব ধনু, শ্বেত অশ্ব, রথ, দুইটী অক্ষয়সায়ক তূণ এবং অস্ত্রাধারিগণের অভেদ্য অপূর্ব্ব কবচ প্রদান করিলেন ।২৬

দৈত্যগণের শিল্পাচার্য্য ময়দানব এই খাণ্ডববনে বাস করিতেন, বনদাহ-কালে নিরুপায় দেখিয়া উক্ত দানব প্রাণরক্ষার্থ শ্রীকৃষ্ণের শরণাগত হইল। ভগবান্ তাঁহাকে অগ্নিনির্ম্মুক্ত করিয়া অর্জুনের সহিত সখ্যতায় নিবদ্ধ করিলেন ; পরে ঐ ময়দানব সখ্যতা-নিবন্ধন অর্জুনের নিমিত্ত এরূপ একটী অপূর্ব্ব সভা নির্ম্মাণ করিয়া দেয়েন, যে সভায় দুর্য্যোধনের ন্যায় বিচক্ষণ নরপতিরও জলে স্থলভ্রম এবং স্থলে জলভ্রম উপস্থিত হইয়াছিল ।২৭

পরে অর্জুন এবং যুধিষ্ঠিরাদি সুহৃদ্বর্গের অনুমোদন অনুসারে ভগবান্ বাসুদেব সাত্যকি প্রভৃতি বহুগণে পরিবৃত হইয়া পুনরায় দ্বারকায় গমন করিলেন ।২৮

অনন্তর অতি পবিত্র বিবাহ-যোগ্য ঋক্ষ ও নক্ষত্রের উদয়ে এবং অনুকূল প্রহরদ্বিশিষ্ট মুহূর্তের উপস্থিতিতে পরম মঙ্গলময় ভগবান্ শ্রীকৃষ্ণ ষষ্ঠীর তত্তৎগণের পরমানন্দের বিস্তারেযথাবিধি কালিন্দীর পাণিগ্রহণ করিলেন ।২৯

এদিকে অবন্তী-রাজনন্দিনী মিত্রবিন্দা স্বয়ংবর সভায় শ্রীকৃষ্ণকে বরণ করিবেন বলিয়া অভিপ্রায় করেন, কিন্তু তাঁহার ভ্রাতৃদ্বয় বিন্দু ও অনুবিন্দু নামক অবন্তীরাজের দুইটী পুত্র দুর্য্যোধনের পরামর্শ অনুসারে তাঁহাদের কৃষ্ণবরণ কার্য্য হইতে তাঁহাকে নিবারণ

নগ্নজিন্নাম কৌশল্য আসীৎ রাজাতিধার্ম্মিকঃ।
তস্য সত্যাভবৎ কন্যা দেবী নাগ্নজিতী নৃপ ॥৩২
ন তাং শেকুর্নৃপা বোঢ়ুমজিত্বা সপ্ত গোবৃষান্।
তীক্ষ্ণশৃঙ্গান্ সুদুর্দ্ধর্ষান্ বীরগন্ধাসহান্ খলান্ ॥৩৩
তাং শ্রুত্বা বৃষজিদ্ভ্যাং ভগবান্ সাত্বতাং পতিঃ।
জগাম কৌশল্যপুরং সৈন্যেন মহতা বৃতঃ ॥৩৪

হে নৃপ! কৌশল্যঃ কোশলাধিপতিঃ অযোধ্যাধানী নগ্নজিৎ নাম অতিধার্ম্মিকঃ রাজা আসীৎ; তস্য নাগ্নজিতী ইতি নাম্না প্রসিদ্ধা দেবী সত্যা নাম কন্যা অভবৎ ॥৩২

সুদুর্দ্ধর্ষান্ দুর্ধর্ষিতুমশক্যান্ তীক্ষ্ণশৃঙ্গান্ বীরগন্ধসহান্ (বীরাণাং গন্ধান্ অপি ন সহন্তে ইতি) খলান্ দুষ্টগোবৃষান্ অজিতাঃ নৃপাঃ তাং সত্যাং বোঢ়ুং পরিণেতুং ন শেকুঃ ॥৩৩

বৃষজিদ্ভ্যাং (বৃষান্ জয়তীতি বৃষজিৎ তেন সত্যাং) তাং সত্যাং শ্রুত্বা সাত্বতাং পতিঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ মহতা সৈন্যেন বৃতঃ সন্ কৌশল্যপুরম্ অযোধ্যাং জগাম ॥৩৪

করে ।৩০

কিন্তু হে নরনাথ! ঐ কন্যা আবার শ্রীকৃষ্ণের পিতৃষসা রাজাধিদেবীর কন্যা ছিলেন, শ্রীকৃষ্ণ রাজন্যবর্গের সমক্ষেই বলপূর্ব্বক সেই মিত্র-বিন্দাকে হরণ করেন ।৩১

হে রাজন্! কোশল-রাজ্যের অধিপতি পরমধার্ম্মিক রাজা নগ্নজিৎ তথায় রাজধানী অযোধ্যানগরীতেই বাস করিতেন। তাঁহার একটী কন্যা জন্মে, তাঁহার নাম সত্যা; এই কন্যা পিতৃনামানুসারে নাগ্নজিতী নামেই অভিহিত হইলেন ।৩২

এই কন্যার বিবাহকালে পুংশ্চলী গাভীর অনুসরণকারীর ন্যায় অতি উত্তেজিত বিপুল পরাক্রম, এমন কি বীরের গন্ধ পর্য্যন্ত সহ্য করে না এরূপ অজেয় ও তীক্ষ্ণশৃঙ্গ সাতটী গোবৃষকে পরাজয় করিয়া কন্যার পাণিগ্রহণ করিতে হইবে এইরূপ পণ প্রকাশ করিলে তন্নামের সভায় সমবেত অনেক ভূপতি তাদৃশ বীরত্বের পরিচয়ে কন্যার পাণিগ্রহণ করিতে সমর্থ হন নাই ।৩৩

স কোশলপতিঃ শ্রীতঃ প্রত্যুত্থানাদনাদিভিঃ।
অর্হণেনাপি গুরুণা পূজয়ন্ প্রতিনন্দিতঃ ॥৩৫
বরং বিলোক্যাভিমুখং সমাগতং
নরেন্দ্রকন্যা চকমে রমাপতিম্।
তূর্য্যাদয়ে যে পতিবাশ্চিতোঽবলাঃ
করোতু সত্যা যদি মে ধৃতো ব্রতৈঃ ॥৩৬

তদা সঃ কোশলপতিঃ আগতং তং বুদ্ধ্বা দৃষ্ট্বা শ্রীতঃ সন্ প্রত্যুত্থায় অগ্রতো গত্বা সমাবীয় আসনাদিভিঃ তথা মহতা অর্হণেন পূজনাদ্যেব চ তং পূজয়ন্ প্রতিনন্দিতঃ যথাবিধ্যাদি বাচা প্রতিনন্দয়ন্ চকার ॥৩৫

নরেন্দ্রকন্যা নাগ্নজিতী সত্যা সমাগতম্ অভিমুখং রমাপতিং বরং বিলোক্য তং চকমে অকাময়ত। যদি মে মম্যা ব্রতৈঃ সত্যোদয়েরুক্তিঃ ঘটৈঃ সহ (অয়ং ভগবান্ ইতি) বৃতঃ সর্ব্বদা চিন্তিতঃ, তদা অয়ং মে পতিঃ ভূয়াৎ; তথা অবলাঃ উৎকৃষ্টাঃ মম আশিষঃ মনোরথান্ সত্যাঃ সত্যঃ যথার্থাঃ করোতু ।৩৬

কিন্তু ভগবান্ শ্রীকৃষ্ণ তাদৃশ বৃষজয়ে কন্যালাভের বার্ত্তা শ্রবণ করত বহুসংখ্যক সৈন্যসামন্তে পরিবৃত হইয়া কোশলাধিপতি অযোধ্যানগরীতে গমন করিলেন ।৩৪

কোশলরাজ শ্রীকৃষ্ণকে উপস্থিত হইতে অবলোকন করিয়া মনে মনে অতীব প্রীত হইলেন এবং প্রত্যুত্থানপ্রভৃতি দ্বারা বিশেষ অভ্যর্থনা করিয়া আসন ও বহুমূল্য উপহার প্রদানে যথেষ্ট অভ্যর্থনা করিলেন এবং কুশলপ্রশ্নাদি দ্বারা তাঁহার আনন্দবর্দ্ধন করিলেন ।৩৫

এদিকে রাজকুমারী নাগ্নজিতী চিরবাঞ্ছিত সাক্ষাৎ রমাপতি শ্রীকৃষ্ণকে বরবেশে আগমন করিতে দেখিয়া মনে মনে তাঁহাকেই পতিত্বে প্রার্থনা করত ভাবিলেন যে, যদি আমি সত্যোদয়প্রভৃতি যমাদি বিবিধ ব্রতের অনুষ্ঠানে সেই ভগবান্ বাসুদেবকে হৃদয়-মন্দিরে চিন্তা করিয়া থাকি, তাহা হইলে তিনি যেন আমার পতি হন এবং আমার উৎকৃষ্ট ও পবিত্র মনোবাঞ্ছাসকল যেন সফল করেন ।৩৬

যৎপাদপঙ্কজরজঃ শিরসা বিভর্তি
শ্রীরঞ্জজঃ সপিরিশঃ সহ লোকপালৈঃ।
লীলাতনুঃ স্বকৃতসেতুপরীপ্সয়েশঃ
কালে দধৎ স ভগবান্ মম কেন তুষ্যেৎ ॥৩৭

অর্চিতঃ পুনরিত্যাহ নারায়ণ জগৎপতে।
আত্মানন্দেন পূর্ণস্য করবাণি কিমল্পকঃ ॥

শ্রীশুক উবাচ।

তমাহ ভগবান্ হৃষ্টঃ কৃতাসনপরিগ্রহঃ।
মেঘগম্ভীরয়া বাচা সম্মিতঃ কুরুনন্দন ॥৩৯

শ্রীঃ লক্ষ্মীঃ মহলোকপালৈঃ ইন্দ্রাদিভিঃ সহিতঃ সপিরিশঃ গিরিশেন রুদ্রেণ সহিতঃ অজঃ ব্রহ্মা চ যস্য পাদপঙ্কজস্য শিরসা বিভর্তি, সঃ স্বকৃতসেতুপরীপ্সয়া (স্বকৃতস্য বেদরূপস্য ধর্মমর্য্যাদায়াঃ পরীপ্সয়া পরিত্রাণেচ্ছয়া, কালে ধর্মগ্লানিকালে, লীলাতনুঃ ধৃতবিগ্রহঃ ভগবান্ ঈশঃ মম কেন উপায়েন তুষ্যেৎ (অপি তু কেনচিদেব নাম্না অঙ্গীকরোতু ইতি) ॥৩৭

অর্চিতঃ শ্রীকৃষ্ণঃ পুনঃ নরেন্দ্রং আহ "হে জগৎপতে নারায়ণ"! আত্মানন্দেন পূর্ণস্য এব অল্পকঃ (অল্পকঃ অপি অল্পঃ ক্ষুদ্রঃ অহং) কিং করবাণি ॥৩৮

শ্রীশুকঃ উবাচ। হে কুরুনন্দন রাজন্! কৃতাসনপরিগ্রহঃ (কৃতঃ আসনপরিগ্রহঃ যেন সঃ) ভগবান্ কৃষ্ণঃ মেঘগম্ভীরয়া

শ্রীভগবানুবাচ।

নবেন্দ্র যাচ্ঞা কবিভির্বিগর্হিতা
রাজন্যবন্ধোর্নিজধর্মবর্তিনঃ।
তথাপি যাচে তব সৌহৃদেচ্ছয়া
কন্যাং সুতাং ন হি শুল্কদা বয়ম্ ॥৪০

রাজোবাচ।

কোঽন্যস্তেঽভ্যধিকো নাথ কন্যাবর ইহেপ্সিতঃ।
গুণৈকধাম্নো যস্যাঙ্গে শ্রীর্বসত্যনপায়িনী ॥৪১

বাচা সম্মিতয়া যথা তাং তথা তং রাজানম্ আহ ॥৩৯

শ্রীভগবান্ উবাচ। হে নরেন্দ্র! বিজন্যবন্ধোঃ রাজন্যবন্ধোঃ ক্ষত্রিয়স্য যাচ্ঞা কবিভিঃ বিদ্বদ্ভিঃ নিন্দিতা শাস্ত্রজ্ঞৈঃ প্রতিষিদ্ধা, তথাপি তব সৌহৃদেচ্ছয়া বন্ধুত্বেন স্নেহেচ্ছয়া সুতাং কন্যাম্ অহং যাচে। হি নিশ্চিতং বয়ং তু ন শুল্কদাঃ উদ্বাহিপ্রদাঃ ॥৪০

রাজা উবাচ। হে নাথ! হে প্রভো! অধিকঃ উৎকৃষ্টঃ কন্যাবরঃ (কন্যায়াঃ ইপ্সিতঃ বরঃ) অন্যঃ কঃ বা অস্তি, যস্যাঃ যস্য গুণৈকধাম্নঃ তব অঙ্গে অনপায়িনী বিয়োগরহিতা শ্রীঃ লক্ষ্মীঃ বসতি ॥১

রাজা নরজিৎ শ্রীকৃষ্ণের উপযুক্তরূপে অভ্যর্থনাদি করিয়া তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন,—হে জগৎপতে নারায়ণ! আপনি যাঁর পরমানন্দেই নিরন্তর পূর্ণ আছেন। আমরা আপনার নিকট অতি সামান্য ও ক্ষুদ্র ব্যক্তি। সুতরাং আমাদের ন্যায় সামান্য ব্যক্তির দ্বারা আপনার কি কার্য্য সাধিত হইতে পারে? সর্ব্বৈশ্বর্য্যস্বরূপা সাক্ষাৎ কমলা এবং ইন্দ্রাদি লোকপালগণ ও উমাপতি ত্রিলোচনসহ স্বয়ং ব্রহ্মা যাঁহার চরণকমলের পরাগকণা নিরন্তর মস্তকেই ধারণ করিয়া থাকেন, যিনি স্বকৃত ধর্ম্ম-মর্য্যাদার পালনার্থ ধর্ম্মের অবসরকালে স্বয়ং ইচ্ছা-পূর্ব্বকই বিগ্রহ ধারণে জগতে অবতীর্ণ হইয়াছেন, সেই সর্ব্বদেবময় জগৎপতি জনার্দ্দন কোন্ উপায়ে যে আমার প্রতি তুষ্ট হইবেন, তাহার কিছুই অল্পবুদ্ধি আমি নিরূপণ করিতে পারিতেছি না। তবে তিনি যদি কেবলমাত্র অনুগ্রহের প্রকাশে আমার প্রতি প্রসন্ন হন, তবেই মঙ্গল ।৩৭-৩৮

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! অনন্তর ভগবান্ শ্রীকৃষ্ণ আসনে উপবেশনপূর্ব্বক জলদ-গম্ভীর-স্বরে ও সহাস্যবদনে রাজা নরজিৎকে সম্বোধন-করত বলিলেন ।৩৯

শ্রীকৃষ্ণ বলিলেন,—হে নরেন্দ্র! যদ্যপিপরায়ণ ক্ষত্রিয়ের পক্ষে যাচ্ঞা-কার্য্যকে পণ্ডিতগণ নিন্দিত বলিয়াই স্বীকার করিয়াছেন; শাস্ত্রানুসারেও তাহা নিতান্তই নিষিদ্ধ। তথাপি আপনার সহিত সৌহার্দ্দ ও স্নেহের অনুরোধে আপনার কন্যাকে

কিন্ত্বস্মা ভ: কৃতঃ পূর্ব্বং সময়: সাত্বতর্ষভ।
পুংসাং বীর্য্যপরীক্ষার্থং কন্যাবরপরীপ্সয়া ॥৪২
সপ্তৈতে গোবৃষা বীর দুর্দ্ধান্তা দুরবগ্রহাঃ।
এতৈর্ভগ্না দুরবহো ভিন্নগাত্রা নৃপাত্মজাঃ ॥৪৩
বলিনে নিগৃহীতাঃ স্যুস্ত্বয়ৈষে যদুনন্দন।
যদো ভবানভিমতো দুহিতুর্মে শ্রিয়: পতে ॥৪৪

এবং সময়মাকর্ণ্য বদ্ধা পরিকরং প্রভুঃ।
আত্মানং সপ্তধা কৃত্বা ন্যগৃহ্লাল্লীলয়ৈব তান্ ॥৪৫
বদ্ধা তান্ নামভিঃ শৌরির্ভগ্নদর্পান্ হতৌজসঃ।
ব্যকর্ষল্লীলয়া বদ্ধান্ বালো দারুময়ান্ যথা ॥৪৬
ততঃ শ্রীতঃ সুতাং রাজা দদৌ কৃষ্ণায় বিস্মিতঃ।
তাং প্রত্যগৃহ্লাদ্ভগবান্ বিধিবৎ সদৃশীং প্রভুঃ ॥৪৭

হে সাত্বতর্ষভ! (যদুতে কন্যা দেবা অতঃ) কন্যাবর-পরীপ্সয়া (তাদৃশস্য কন্যাবরস্য পরীপ্সয়া প্রাপ্তীচ্ছয়া) পুংসাং বীর্য্যপরীক্ষার্থং (বীর্য্যস্য বলশিল্পপ্রভাবস্য পরীক্ষা যা তদর্থং) অকরোদিতি শেষঃ পূর্ব্বং কিন্তু সময়ঃ কৃতঃ প্রতিজ্ঞা কৃতা ॥৪২

হে বীর! এতে সপ্ত গোবৃষাঃ দুর্দ্ধান্তাঃ অপিচ দুরবগ্রহাঃ অনবরুদ্ধাঃ এতৈঃ তু দুরবহঃ নৃপাত্মজাঃ তদ্যাঃ তদ্রাভিমানাঃ, তথা ভিন্নগাত্রাঃ ভিন্নানি গাত্রাণি যেষাং তথাভূতাঃ ভাস্তাঃ ॥৪৩

অতঃ হে শ্রিয়ঃ পতে যদুনন্দন! যদ যদি ইমে নৃপাঃ তথা এব নিগৃহীতাঃ স্যুঃ, অহি ভবান্ এব যে মম দুহিতুঃ অভিমতঃ বরঃ ॥৪৪

এবং সময়ং প্রতিজ্ঞাম্ আকর্ণ্য প্রভুঃ পরিকরং (উত্তরীয়াদিকং কটাং) বদ্ধা প্রভুঃ (সর্ব্বং কর্ত্তুং সমর্থঃ) শ্রীকৃষ্ণঃ লীলয়া সাকল্পমাত্রেণ এব আত্মানং সপ্তধা কৃত্বা তান্ গোবৃষান্ ন্যগৃহ্লাৎ ততঃ তদ্বদর্পান্ (ততঃ দর্পঃ গর্বঃ যেষাং তান্) হতৌজসঃ (হতম্ ততঃ বলং যেষাং তান্) তান্ নামভিঃ বদ্ধা শৌরিঃ কৃষ্ণঃ বালস্বভাবান্ কারনিমিত্তান্ বদ্ধান্ মুক্তশিক্যান্ যথা যথা আকর্ষতি তথা বদ্ধান্ তান্ লীলয়া ব্যকর্ষৎ ॥৪৫-৪৬

ততঃ মুদবিস্ময়াং বিস্মিতঃ আকর্ষমুক্তঃ রাজা শ্রীতঃ সন্ কৃষ্ণায় সুতাং দদৌ। প্রভুঃ ভগবান্ অপি সদৃশীং যাদবতাং সভ্যাং বিধিবৎ প্রত্যগৃহ্লাৎ উপযেমে ॥৪৭

আমি যাচ্ঞা করিতেছি। কিন্তু আপনার অবশ্যই হওয়া উচিত যে, আমরা কখন শুল্ক প্রদানে বিবাহ করি না ॥৪০

রাজা নগ্নজিৎ বলিলেন,—হে রাম! আপনার অপেক্ষা উৎকৃষ্ট কন্যার অভিমত বর আর অন্য কে আছেন? অহো! সমগ্র গুণগ্রামের একমাত্র আধারভূত ভবদীয় কলেবরে স্বয়ং লক্ষ্মী অচলাভাবে বিরাজ করিতেছেন ॥৪১

হে যাদবেন্দ্র! একজন শ্রেষ্ঠ ব্যক্তিকে কন্যা সম্প্রদান করিতে হইবে, এই মন্তব্য স্থির করত এই কন্যার উপযুক্ত এবং মনোমত বর-লাভের প্রত্যাশায় আমি পুরুষের বল, বীর্য্য এবং প্রতাপের পরীক্ষার জন্য ইতি পূর্ব্বে একটী প্রতিজ্ঞা করিয়াছি ॥৪২

এই যে সাতটী গোবৃষ দেখিতেছ, ইহারা নিতান্ত দুর্দ্ধান্ত এবং সম্পূর্ণ অনাবদ্ধ। অনেক রাজপুত্র ইহাদের পরাক্রমে ভগ্নগাত্র ও হতমান হইয়াছেন ॥৪৩

হে শ্রীপতি যদুনন্দন! এই বৃষসমূহ যদি আপনার দ্বারা নিগৃহীত হয়, তাহা হইলে আপনিই আমার কন্যার অভিমত বর বলিয়া নিরূপিত হইবেন ॥৪৪

রাজা নগ্নজিতের এইরূপ প্রতিজ্ঞা-বাণী শ্রবণ করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ উত্তরীয় বসনে বদ্ধপরিকর হইলেন এবং সাকল্পমাত্রেই স্বীয় কলেবরকে সাত ভাগে বিভক্ত করিয়া এক সময়েই সেই বৃষ সপ্তকে আক্রমণ করিলেন ॥৪৫

এবং অল্পকাল মধ্যে সেই বৃষ সপ্তের বল ও ও দর্প খর্ব্ব-করত রজ্জু দ্বারা সেই সাতটীকেই একত্র বন্ধন করিলেন এবং বালক যেমন দারুনির্ম্মিত গোবৃষাদিকে রজ্জুবন্ধনে আকর্ষণ করে, সেইরূপ শ্রীকৃষ্ণ রজ্জুবদ্ধ সেই বৃষসপ্তকে আকর্ষণ পূর্ব্বক সকলের সমক্ষে টানিয়া আনিলেন ॥৪৬

কৃষ্ণকর্ত্তৃক বৃষগণের তাদৃশ নিগ্রহ করা দেখিয়া

রাজন্যাশ্চ দুহিতৃঃ কৃষ্ণ লব্ধা প্রিয়ঃ পতিম্।
লেভিরে পরমানন্দং জাতশ্চ পরমোৎসবঃ ॥৪৮
শঙ্খতূর্য্যানকা নেদুর্গীতবাদ্যদ্বিজাশিষঃ।
নরা নার্য্যঃ প্রমুদিতাঃ সুবাসঃ স্রগলঙ্কৃতাঃ ॥৪৯
দদৌ যেষুসহস্রাণি পারিবর্হমলাদ্ বিভুঃ।
যুবতীনাং ত্রিসাহস্রং নিষ্কগ্রীবমুপাসসাম্ ॥৫০

নব নাগসহস্রাণি নাগাচ্ছতগুণান্ রথান্।
রথাচ্ছতগুণানশ্বানশ্বাচ্ছতগুণান্ নরান্ ॥৫১
দশপত্তী রথস্যারোপ্য মহত্যা সেনয়া বৃতো।
স্নেহপ্রক্লিন্নহৃদয়ো যাপয়ামাস কোশলঃ ॥৫২
শ্রুত্বৈতদ্ রুরুধুর্ভূপা নয়ন্তং পথি কন্যকাম্।
ভগ্নবীর্য্যাঃ সুদুর্মর্ষা বহুভির্গোবৃষৈঃ পুরা ॥৫৩

রাজন্যাঃ ৮ বহ্নিমুঃ প্রিয়ং পতিং কৃষ্ণং লব্ধা পরমানন্দং লেভিরে। তত্র তদা পরমোৎসবঃ চ জাতঃ ॥৪৮

পঞ্চতূর্য্যানকাঃ ঐতবাদ্যানি বিজানাম্ আশিষঃ আশীর্বাদাঃ চ যেষুঃ। প্রমুদিতাঃ নরাঃ নার্য্যাঃ চ সুবাসঃ-সুরভিস্রগ্ভিঃ শোভনৈঃ বাসোভিঃ প্রভৃতিঃ চ অলঙ্কৃতাঃ আসন্ ॥৪৯

বিভুঃ নরজিৎ রাজা যেষুষু যৎসহস্রাণি নিষ্কগ্রীবমুপাসসাদ (নিষ্কঃ গ্রীবায়াং যাসাং তথা তাঃ গ্রীবা যাসাং তাসাং) যুবতীনাং ত্রিসাহস্রং পরিবর্হং উপায়নম্ অদাৎ ॥৫০

নবনাগসহস্রাণি নাগাৎ নাগেভ্যঃ শতগুণান্

নবনাগাদি রথান্, রথাৎ রথেভ্যঃ শতগুণান্ নবাশ্বান্, অশ্বান্, তথা অশ্বাৎ অশ্বেভ্যঃ শতগুণান্ নব পি নরান্, দদৌ ॥৫১

স্নেহপ্রক্লিন্নহৃদয়ঃ (স্নেহেন প্রক্লিন্নম্ আর্দ্রং হৃদয়ং যস্য সঃ) কোশলঃ নরজিৎ মহত্যা সেনয়া বৃতো দশপত্তী সত্যা-সমেতো রথম্ আরোপ্য যাপয়ামাস প্রবর্তয়ামাস ॥৫২

এতৎ কৃষ্ণস্য প্রযাণং শ্রুত্বা ভূপাঃ রুরুধুঃ পথি ভগ্নবীর্য্যাঃ সুদুর্মর্ষাঃ ক্ষুধিতাঃ তৃপাঃ কন্যকাং সত্যাং নয়ন্তং কৃষ্ণং পথি রুরুধুঃ ॥৫৩

রাজা বিভিন্ন ও শ্রীকৃষ্ণের উপর নিতান্তই প্রসন্ন হইলেন এবং স্বকীয় কন্যা সত্যাকে কৃষ্ণকরে সমর্পণ করিলেন। প্রবল-পরাক্রম ভগবান্ যাদবোত্তম নিজের অনুরূপ ভার্য্যা সত্যাকে বিধিবৎ বিবাহ করিলেন ॥৪৭

রাজমহিষীগণ দুহিতার তাদৃশ পুরুষপ্রধান শ্রীকৃষ্ণকে প্রাণপতিরূপে প্রাপ্ত হইয়া দেখিয়া পরম আনন্দ লাভ করিলেন। হে নরনাথ! এই উপলক্ষে তথায় প্রকৃষ্ট উৎসবও উদ্‌যাপিত হইল ॥৪৮

শঙ্খ, ভেরী ও আনকাদি বাদ্যসমূহ বাদিত হইতে লাগিল, গীতধ্বনি এবং ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ-ধ্বনি শ্রুত হইতে লাগিল। নরনারী নরনারীগণ আনন্দে পুলকিত হইয়া উৎকৃষ্ট বস্ত্র ও অলঙ্কারাদিতে বিভূষিত হইলেন ॥৪৯

রাজা নরজিৎ দশ সহস্র ধেনু, সুবর্ণশৃঙ্গ ও কৌমবস্ত্র পরিহিত তিন সহস্র যুবতী দাসী শ্রীকৃষ্ণকে উপহারস্বরূপ প্রদান করিলেন ॥৫০

এতদ্ব্যতীত নবসহস্র হস্তী, হস্তীর শতগুণ অর্থাৎ নব লক্ষ রথ, রথের শতগুণ অর্থাৎ নব কোটি অশ্ব এবং অশ্বের শতগুণ অর্থাৎ নব পদ্ম পদাতি সৈন্য মহারাজ নরজিৎ কন্যা ও জামাতাকে প্রদান করিলেন ॥৫১

দুহিতৃবৎসল কোশলাধিপতি নরজিৎ এইরূপ মহতী সেনার পরিবৃত দশপত্নীসমন্বিতা কন্যাকে রথে আরোহণ করাইয়া স্নেহার্দ্র-হৃদয়ে বিদায় দিলেন ॥৫২

এতাদৃশ ঐশ্বর্য্যের পরিচয়ে শ্রীকৃষ্ণ বধূ লইয়া স্বদেশে যাত্রা করিতেছেন এই সংবাদ-শ্রবণে উপস্থিত রাজাগণ আর নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। একে ত গো-বৃষের তীক্ষ্ণ শৃঙ্গাঘাতে বিদীর্ণ দেহ ও হতমান, তাহাতে আবার বহুগণের নিকট পূর্ব্বেও পরাস্ত হইয়াছিলেন; সর্ব্ব প্রকারের মনোমালিন্য তাঁহাদের হৃদয়ে যুগপৎ উদিত হওয়ায় তাঁহারা সকলে একত্র হইয়া বধূ আনয়নকালে শ্রীকৃষ্ণকে পথেই আক্রমণ করিলেন ॥৫৩

তানন্তরঃ শরব্রাতান্ বন্ধুপ্রিয়কৃদর্জ্জুনঃ।
গাণ্ডীবী কালয়ামাস সিংহঃ ক্ষুদ্রমৃগানিব ॥৫৪

পারিবর্হমুপাগৃহ্য দারকামেত্য সত্যভা
রেমে বধূনাময়তো ভগবান্ দেবকীসুতঃ ॥৫৫

প্রস্তকীর্ত্তেঃ সুতাং ভদ্রামুপযেমে পিতৃষ্বসুঃ।
কৈকেয়ীং ভ্রাতৃভির্দত্তাং কৃষ্ণঃ সন্তর্দ্দনাদিভিঃ ॥৫৬

শরব্রাতান্ শরসমূহান্ অরয়ঃ ক্ষিপ্তঃ তান্ কৃপান্ বন্ধুপ্রিয়কৃৎ (বন্ধোঃ প্রিয়ঃ করোতীতি) গাণ্ডীবী অর্জ্জুনঃ ক্ষুদ্রমৃগান্ সিংহঃ ইব কালয়ামাস পলায়নপরান্ চকার। বধূনাম্ ঔরতঃ প্রেঃ ভগবান্ দেবকীসুতঃ কৃষ্ণঃ পারিবর্হম্ উপাদায় দারকায়ং এত্য সত্যয়া সহ রেমে ॥৫৪-৫৫

পিতৃষ্বসুঃ প্রস্তকীর্ত্তেঃ সুতাং কৈকেয়ীং কেকয়রাজোদ্ভবাং সন্তর্দ্দনাদিভিঃ ভ্রাতৃভিঃ দত্তাং ভদ্রাং নাম কন্যাং উপযেমে ॥৫৬

সুতাঞ্চ মন্ত্রাধিপতের্লক্ষণাং লক্ষণৈর্যুতাম্।
স্বয়ম্বরেজহারৈকঃ স সুপর্ণঃ সুধামিব ॥৫৭

অন্যাশ্চৈবংবিধা ভার্য্যাঃ কৃষ্ণস্যাসন্ সহস্রশঃ।
ভৌমং হত্বা তন্নিরোধাদাহৃতাশ্চারুদর্শনাঃ ॥৫৮

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং
সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
অষ্টপঞ্চাশোঽধ্যায়ঃ ॥৫৮

একাকী রথঃ সুধাং সুপর্ণঃ গরুড়ঃ ইব জহার ॥৫৭

ভৌমং নরকাসুরং হত্বা তন্নিরোধাৎ (তস্য নিরোধাৎ অন্তঃপুরাৎ) তেন আহৃতাঃ আনীতাঃ চারুদর্শনাঃ (চারু সুন্দরং দর্শনং যাসাং তাঃ) এবংবিধাঃ অন্যাঃ সহস্রশঃ ভার্য্যাঃ কৃষ্ণঃ আসন্ ॥৫৮

ইতি দশমে স্কন্ধে শ্রীধরস্বামিকৃতায়াং
অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥

এবং আষাঢ়ের যাহিয়াহার স্যায় অনবরত শ্রীকৃষ্ণের উপর শরসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন। কিন্তু বন্ধু শ্রীকৃষ্ণের প্রিয়কারী মহাবীর অর্জ্জুন সিংহ যেমন ক্ষুদ্র মৃগকুলকে তাড়না দ্বারাই অপসারিত করে, সেইরূপ গাণ্ডীব ধনু দ্বারাই সামান্য ভীতির প্রদর্শনেই সেই রাজগণকে দূরীভূত ও পলায়নপরায়ণ করিলেন ॥৫৪

বন্ধুশ্রেষ্ঠ ভগবান্ দেবকীপুত্র শত্রু-প্রদত্ত সেই সমস্ত উপায়ন লইয়া দ্বারকায় গমন করিলেন এবং নববধূ সত্যা সহ তথায় বিহার করিতে লাগিলেন ॥৫৫

স্বকীয় পিতৃষসা শ্রুতকীর্ত্তির কন্যা ভদ্রাকে তদীয় ভ্রাতা সন্তর্দ্দনাদির অনুরোধনে শ্রীকৃষ্ণ বিবাহ করেন। এই কন্যা কেকয় দেশে জন্মিয়াছিলেন বলিয়া পুরবাসিগণের নিকট তিনি কৈকেয়ী নামে অভিহিতা হইয়াছিলেন ॥৫৬

অহো! খগপতি গরুড় যেমন ইন্দ্রাদি অমরবৃন্দের সমক্ষ হইতে বলপূর্ব্বক ক্ষীরোদমথিত ক্ষীরতাণ্ডকে সংগ্রহ করিয়াছিলেন ভগবান্ শ্রীকৃষ্ণও সেইরূপ একাকী স্বয়ংবর সভায় উপস্থিত হইয়া মদ্রদেশাধিপতির সর্ব্বলক্ষণসম্পন্না লক্ষণা নাম্নী কন্যাকে হরণ করিয়াছিলেন ॥৫৭

এতদ্ব্যতীত ভূমিপুত্র নরকাসুরকে নিহত করিয়া তৎকর্ত্তৃক আনীত ও অন্তঃপুরে অবরুদ্ধ রূপলাবণ্য সম্পন্না এরূপ সহস্র সহস্র বনিতা শ্রীকৃষ্ণ সংগ্রহ করিয়াছিলেন ॥৫৮

শ্রীমদ্মহর্ষিবেদব্যাসপ্রণীত পারমহংসী সংহিতা শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশমস্কন্ধে
পণ্ডিত শ্রীযুক্ত শ্রীধরস্বামি-কৃত অষ্টপঞ্চাশ
অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

একোনষষ্টিতমঃ অধ্যায়ঃ।

[শ্রীকৃষ্ণস্য মুর-নরকাসুরবধঃ, ভূমিকৃতা শ্রীভগবৎস্তুতিঃ, নরকাহৃতশতাধিকষোড়শসহস্র-রাজকন্যানাং পাণিগ্রহণম্, পারিজাতহরণঞ্চ।]

রাজোবাচ।

যথা হতো ভগবতা ভৌমো যেন চ তাঃ স্ত্রিয়ঃ।
নিরুদ্ধা এতদাচক্ষ্ব বিক্রমং শার্ঙ্গধন্বনঃ ॥১

শ্রীশুক উবাচ।

ইন্দ্রেণ হৃতচ্ছত্রেণ হৃতকুণ্ডলবন্ধুনা।
হৃতামরাদ্রিস্থানেন জ্ঞাপিতো ভৌমচেষ্টিতম্।
সলার্ঘ্যো গরুড়ারূঢ়ঃ প্রাগ্‌জ্যোতিষপুরং যযৌ ॥২

গিরিদুর্গৈঃ শস্ত্রদুর্গৈর্জলাগ্ন্যনিলদুর্গমম্।
মুরপাশাযুতৈর্ঘোরৈর্দৃঢ়ৈঃ সর্ব্বত আবৃতম্ ॥৩

অন্বয়ঃ

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ব্রহ্মন্! যেন ভৌমেন যথা ভগবতা তাঃ স্ত্রিয়ঃ নিরুদ্ধাঃ, সঃ ভৌমঃ ভগবতা কৃষ্ণেন যথা হতঃ, এবং শার্ঙ্গধন্বনঃ কৃষ্ণস্য বিক্রমং চরিত্রং ত্বং নঃ আচক্ষ্ব আখ্যাহি ॥১

শ্রীশুকঃ উবাচ। ইন্দ্রেণ (ভূত্বা হৃতং হৃতং ছত্রং যস্য তেন) হৃত-কুণ্ডলবন্ধুনা (হৃতে কুণ্ডলে বন্ধুঃ সাঃ অদিতিঃ যস্যঃ মাতা যস্য তেন) তথা হৃতামরাদ্রিস্থানেন (হৃতম্ অমরাদ্রিঃ সুমেরুঃ

ভগবতা স্থানং যস্য তেন) ইন্দ্রেণ ভৌমচেষ্টিতং প্রতি জ্ঞাপিতঃ সন্ অর্ঘ্যঃ গরুড়ারূঢ়ঃ শ্রীকৃষ্ণঃ প্রাগ্‌জ্যোতিষপুরং ভৌমনগরং যযৌ ॥২

গিরিদুর্গৈঃ তথা সর্ব্বতঃ স্থানীয়ৈঃ দৃঢ়ত্বাদি-শস্ত্রদুর্গৈঃ তথা জলাগ্ন্যনিলৈঃ চ সর্ব্বতঃ বর্ত্তমানৈঃ দুর্গমং তথা ঘোরৈঃ দৃঢ়ৈঃ দেবৈঃ যমনৈকৈঃ মুরস্য দৈত্যস্য পাশাযুতৈঃ সর্ব্বতঃ আবৃতং পুরং বিবিক্ষে ॥৩

একোনষষ্টিতম অধ্যায়।

[শ্রীকৃষ্ণের মুর ও নরকাসুর বধ, ভূমিদেবীকৃতা শ্রীভগবৎস্তুতি, নরকাসুর আনীত শতাধিকষোড়শ সহস্র রাজকন্যার পাণিগ্রহণ এবং পারিজাতহরণ।]

রাজা পরীক্ষিৎ বলিলেন,—হে ব্রহ্মন্! যে নরকাসুর পরাক্রমের প্রকাশে এত অগণ্য রাজকন্যাকে বলপূর্ব্বক আহরণ করিয়া নিজের অন্তঃপুরে আবদ্ধ করিয়াছিল, তাদৃশ বিপুল-বিক্রম ভৌম যে প্রকারে শার্ঙ্গধন্বা শ্রীকৃষ্ণ কর্ত্তৃক নিহত হয়, আমি শ্রীকৃষ্ণের তাদৃশ বীর্য্যের কথা শ্রবণ করিতে বাসনা করি, অনুগ্রহ পূর্ব্বক আপনি তাহা বর্ণন করুন।১

শ্রীশুকদেব বলিলেন,—ভূমিনন্দন নরকাসুর বরুণের ছত্র বলপূর্ব্বক হরণ করে, মেরুজননী অদিতির কুণ্ডলদ্বয় হরণ করে এবং অমরাদ্রি স্থান অধিকার করিলে পুরন্দর আপনাকে পরাভূত ও হতমানী দেখিয়া শ্রীকৃষ্ণের সমীপে উপস্থিত হন এবং ভৌমের অত্যাচার ব্যাপার নিবেদন করিলেন। ভগবান্ বাসুদেবও প্রিয় ভার্য্যা সত্যভামা সমভিব্যাহারে গরুড়োপরি আরোহণ পূর্ব্বক ভৌমের রাজধানী প্রাগ্‌জ্যোতিষপুরে যাত্রা করিলেন।২

ভৌমের স্থানে গমন করা সাধারণ লোকের পক্ষে অতীব অসম্ভব। কারণ প্রথমতঃ চতুর্দ্দিকে পর্ব্বতশ্রেণীর পরিবেষ্টনে স্থানটী শত্রুকুলের আক্রমণ হইতে সুরক্ষিত; পর্ব্বতপ্রাকারের অভ্যন্তরে কৃতঘ্নাগ্নি অস্ত্রসমূহ প্রোথিত ছিল; তাহার নিকটবর্ত্তী হইবা মাত্র শত্রুকুল আপনা হইতেই বিনষ্ট হয়। ইহার অন্তরে জলের পরিখা, তদন্তরে অগ্নির পরিখা, তদনন্তরে তীক্ষ্ণবেগ বায়ুর পরিখা উত্তরোত্তর সন্নিবিষ্ট ছিল। তদন্তরে মুরনামক দৈত্যের অভেদ্য ও ভীষণ পাশের দ্বারা সমস্ত স্থানটী আবৃত ছিল। ভগবান্ গদাঘাতে প্রথম পর্ব্বতশ্রেণী, অস্ত্রনিক্ষেপে অস্ত্রদুর্গ, সুদর্শন চক্রের দ্বারা অগ্নি, জল ও বায়ুদুর্গ, অগ্নি

গদয়া নিবিভেদাশ্রীন্ শস্ত্রসূর্গাণি সায়কৈঃ।
চক্রেণাগ্নিং জলং বায়ুং মুরপাশাংস্তথাসিনা ॥৪
শঙ্খনাদেন যন্ত্রাণি হৃদয়ানি মনস্বিনাম্।
প্রাকারং গদয়া ঊর্ব্যা বিবিভেদ গদাধরঃ ॥৫
পাঞ্চজন্যধ্বনিং শ্রুত্বা যুগান্তাশনিভীষণম্।
মুরঃ শয়ান উত্তস্থৌ দৈত্যঃ পঞ্চশিরা জলাৎ ॥৬
ত্রিশূলমুদ্যম্য সুদুর্নিরীক্ষণো
যুগান্তসূর্য্যানলরোচিরুল্বণঃ।
গ্রসংস্ত্রিলোকীমিব পঞ্চভির্মুখৈ-
রভ্যদ্রবৎ তার্ক্ষ্যসুতং যথোরগঃ ॥৭

আবিধ্য শূলং তরসা গরুত্মতে
নিরস্য বক্ত্রৈর্ব্যনদৎ স পঞ্চভিঃ।
স রোদসী সর্বদিশোঽম্বরং মহান্
আপূরয়ন্নুরুকটাহমারুণোৎ ॥৮

তদাপতদ্বৈ ত্রিশিখং গরুত্মতে
হরিঃ শরাভ্যামভিনৎ ত্রিধৌজসা।
মুখেষু তস্যাপি শরৈরতাড়য়ৎ
তস্মৈ গদাং সোঽপি কৃত্বা ব্যসৃজত ॥৯

গদয়া অস্ত্রান্ সায়কৈঃ শস্ত্রসূর্গাণি চক্রেণ সুদর্শনেন অগ্নিং জলং বায়ুং ; তথা অসিনা মুরপাশান্ যন্ত্রাণি (শত্রুপ্রবেশ-প্রতিবন্ধকতয়া সর্বতঃ কাষ্ঠিতানি) তথা শঙ্খনাদেন মনস্বিনাং মুরাণাং হৃদয়ানি তথা ঊর্ব্যা গদয়া প্রাকারং চ গদাধরঃ বিবিভেদ ॥১-৫

যুগান্তাশনিভীষণং (যুগান্তে প্রলয়ে যঃ অশনিঃ তত্ত্ব ভীষণং) পাঞ্চজন্যধ্বনিং পাঞ্চজন্যস্য শঙ্খস্য ধ্বনিং শ্রুত্বা পরিখাজলে শয়ানঃ পঞ্চশিরাঃ মুরঃ তস্মাৎ দৈত্যঃ জলাৎ উত্তস্থৌ ॥৬

যুগান্তসূর্য্যানলরোচিঃ (যুগান্তে সূর্য্যস্য রোচিঃ ইব রোচিঃ দীপ্তিঃ যস্য সঃ), উল্বণঃ ভয়ঙ্করঃ, অতএব সুদুর্নিরীক্ষণঃ সন্ সুদুর্দর্শকঃ সুরঃ ত্রিশূলম্ উদ্যম্য উদ্যম্য সর্পঃ যথা তার্ক্ষ্যসুতং

আবিধ্য ঘূর্ণয়ন্ তরসা বেগেন গরুত্মতে নিরস্য বক্ত্রৈর্ব্যানদৎ ব্যাদিতবক্ত্রঃ সন্ পঞ্চভিঃ। স মহান্ রোদসী দ্যাবাপৃথিব্যৌ, সর্বদিশঃ, অম্বরং চ আপূরয়ন্ ব্যাদধৎ ; সঃ চ নাদঃ অতিকটাহম্ আরুণোৎ ॥৮

হরিঃ তদা গরুত্মতে গরুড়ায় আপতৎ বৈ তৎ ত্রিশিখং (ত্রিভিঃ শিখাভিঃ যুক্তং তৎ) ত্রিশূলম্ ওজসা ঘটিতেন বেগেন শরাভ্যাং দ্বিধা অভিনৎ ছিন্নবান্। তৎ সুরং চাপি মুখেষু শরৈঃ অতাড়য়ৎ। সঃ সুরঃ অপি তস্মৈ হরয়ে তদাং গদাং ব্যসৃজৎ ॥৯

দ্বারা মুরপাশ এবং শস্ত্র প্রবেশের প্রতিবন্ধক-স্বরূপ যন্ত্রসমূহকে নিঃশেষে বিনষ্ট ও বিধ্বস্ত করিয়া ফেলিলেন। তাঁহার গম্ভীর শঙ্খনিনাদে অসুর বীরগণেরও হৃদয়যন্ত্র এবং প্রচণ্ড গদার আঘাতে নগর-প্রাকার সকল বিদীর্ণ ও স্থানচ্যুত হইয়া গেল ।৩-৫

প্রলয়কালীন বজ্রাঘাতের ন্যায় তদীয় পাঞ্চজন্য শঙ্খের ভীষণ ধ্বনি শ্রবণে পরিখাজলে শয়ান মুর-নামক পঞ্চশিরা দৈত্য তখন জল হইতে গাত্রোত্থান করিল ।৬

এবং প্রলয়কালীন মার্তণ্ড ও কালানলের ন্যায় অতীব ভীষিবিশিষ্ট দুর্নিরীক্ষ্য সেই অসুর ভীষণ ত্রিশূল উত্তোলন পূর্বক সর্প যেমন নিজের মৃত্যুকারণরূপ গরুড়কে গ্রাস করিতে অগ্রসর হয়, সেইরূপ স্বকীয় পঞ্চবদনের বিস্তারে ত্রিভুবনকে গ্রাস করিয়া যেন মুরারিরূপ কৃষ্ণকে বধ করিবার বাসনায় তদভিমুখে ধাবিত হইল ।৭

এবং গরুড়ের উপর ত্রিশূল নিক্ষেপকরত পঞ্চমুখে একসঙ্গে ভীষণ ধ্বনি করিল। অহো! সেই ধ্বনি স্বর্গ, মর্ত্য, অন্তরীক্ষ ও দিক্-বিদিক ব্যাপ্ত

তামাপতন্তীং গদয়া গদাগ্রজো
গদাগ্রজো নির্বিভিদে সহস্রধা।
উদ্যম্য বাহূনভিধাবতোঽজিতঃ
শিরাংসি চক্রেণ জহার লীলয়া ॥১০

ব্যসুঃ পপাতাম্ভসি কৃত্তশীর্ষো
নিকৃত্তপৃক্সোঽম্ভ্রিবিবেন্দ্রতেজসা।
তস্যাত্মজাঃ সপ্ত পিতুর্বধাতুরাঃ
প্রতিক্রিয়ামর্ষযুষঃ সমুদ্যতাঃ ॥১১

তাম্রোঽন্তরিক্ষঃ শ্রবণো বিভাবসু-
র্বসুর্নভস্বানরুণশ্চ সপ্তমঃ।
পীঠং পুরস্কৃত্য চমূপতিং মৃধে
ভৌমপ্রযুক্তা নিরগন্ যুতাহবাঃ ॥১২

প্রাযুঙ্ক্তাসাস্ত শরানসীন্ গদাঃ
শক্ত্যষ্টিশূলান্তভিতে রুষোল্বণাঃ।
তচ্ছস্ত্রকূটং ভগবান্ স্বমার্গণৈ-
রমোঘবীর্য্যস্তিলশশ্চকর্ত্ত হ ॥১৩

মুখে যুদ্ধে গদাগ্রজঃ ভগবান্ কৃষ্ণঃ গদয়া আপতন্তীং তাং গদাং সহস্রধা বিবিভেদে বিবিভেদ। ততশ্চ বাহূন্ উদ্যম্য অভিধাবতঃ অভিমুখম্ আগচ্ছতঃ মুরস্য পঞ্চ শিরাংসি অজিতঃ কৃষ্ণঃ লীলয়া অনায়াসেন এব চক্রেণ সুদর্শনেন জহার চিচ্ছেদ ॥১০

ইন্দ্রতেজসা যদ্বেন বিকৃত্তপৃক্ সিন্নশিরঃ অম্ভসি ইব ভূধরঃ যথা মুখে পততি তথা কৃত্তশীর্ষঃ (ন ছিন্নানি শীর্ষাণি শিরাংসি যস্য সঃ) মুরঃ ব্যসুঃ বিগতপ্রাণঃ এব অম্ভসি জলে পপাত, ততঃ তস্য সপ্ত আত্মজাঃ পুত্রাঃ পিতুঃ বধেন আতুরাঃ দুঃখিতাঃ সন্তঃ প্রতিক্রিয়ামর্ষযুতাঃ (প্রতিক্রিয়ারূপে অমর্ষযুতঃ ক্রোধান্বিতাঃ সন্তঃ) যুদ্ধে সমুদ্যতাঃ বদ্ধপরিকরাঃ বভূবুঃ ॥১১

তাম্রঃ অন্তরীক্ষঃ শ্রবণঃ বিভাবসুঃ বসুঃ নভস্বান্ এবং অরুণঃ ইতি সপ্তমেন ভ্রাতৃকাঃ মৃতাগ্রজাঃ সপ্ত পুত্রাঃ পীঠং পুরস্কৃত্য মুখে যুধ্যে পুরাং বিরগন্ নিঃসৃতা বভূবুঃ ॥১২

তৈঃ তদ্ভয়ত্রাতা যে তান্ত্রসুতঃ আদ্যাস্ত অন্যোন্যতো ভয়া ক্রোধেন অজিতঃ শ্রীকৃষ্ণঃ পরান্ অশীন্ গদাঃ শক্ত্যষ্টিশূলাদি প্রাযুঙ্ক্ত প্রক্ষিপ্তবান্ ; তদা অমোঘবীর্য্যঃ ভগবান্ স্বমার্গণৈঃ স্বকীয়ৈঃ যেষাং শস্ত্রকূটং শস্ত্রসমূহং ছিন্নং ছিন্নপ্রায়ং তৎ চকর্ত্ত ছিন্নবান্ ॥১৩

করিয়া যেন ব্রহ্মাস্ত্র তেজ করিয়া ফেলিল ।৮

মুর-নিক্ষিপ্ত ত্রিশূল গরুড়ের অভিমুখে নিপতিত হইতেছে দেখিয়া ভগবান্ শ্রীহরি দুই করে ত্রিশূলকে তিনখণ্ডে কর্ত্তন করিয়া ফেলিলেন এবং অগণ্য শর নিক্ষেপে অসুরের পঞ্চবদনই আহত করিলেন। মুর তখন ক্রোধে প্রজ্বলিত হইয়া শ্রীকৃষ্ণের উপর গদা নিক্ষেপ করিল ।৯

সমরাঙ্গণে আপনার অভিমুখে পতনোন্মুখ গদা অবলোকন করিয়া গদাগ্রজ বাসুদেব স্বীয় গদার আঘাতে সেই অসুর-নিক্ষিপ্ত গদাকে সহস্রভাগে চূর্ণ-বিচূর্ণ করিয়া ফেলিলেন। মুরদানব তখন উপায়ান্তর না দেখিয়া বাহু উত্তোলন পূর্ব্বক কৃষ্ণের অভিমুখে ধাবিত হইল, কিন্তু শ্রীকৃষ্ণ সুদর্শন চক্রের দ্বারা মুর-দানবের মস্তকসমূহ অবলীলাক্রমে ছেদন করিয়া ফেলিলেন।১০

এবং দেবেন্দ্রের দারুণ বজ্রাঘাতে অদ্রিশৃঙ্গ যেমন ধরাতলে নিপতিত হয়, সেইরূপ ছিন্নমস্তক মুরদানব প্রাণ পরিত্যাগে অবনীতলে নিপতিত হইল। পিতার মৃত্যুতে শোকসন্তপ্ত সাতটী পুত্রও তৎপ্রতীকারার্থ ক্রোধে প্রজ্বলিত হইয়া শ্রীকৃষ্ণসহ যুদ্ধ করিবার মানসে অস্ত্রশস্ত্রে সজ্জিত হইল।১১

তাম্র, অন্তরিক্ষ, শ্রবণ, বিভাবসু, বসু, নভস্বান্ ও অরুণ-নামক সেই সাতজন পুত্রই নরকাসুরের আদেশ অনুসারে চমূপতি পীঠকে অগ্রে লইয়া অস্ত্রাদি ধারণে যুদ্ধার্থ গৃহ হইতে নির্গত হইল।১২

এবং শ্রীকৃষ্ণের অভিমুখে উপস্থিত হইয়া ক্রোধো-জ্জ্বলিত মূর্ত্তি ধারণে শর, অসি, শক্তি, ঋষ্টি ও ত্রিশূলাদি বিবিধ অস্ত্রশস্ত্র শ্রীকৃষ্ণের উপর নিক্ষেপ করিতে আরম্ভ করিল। কিন্তু অমোঘবীর্য্য ভগবান্ শ্রীকৃষ্ণ স্বীয় অস্ত্রজালের দ্বারা বিপক্ষগণের শর-

তান্ পীঠমুখ্যাননয়দ্ যমক্ষয়ং
নিকৃত্তশীর্ষোরুভুজাঙ্ঘ্রিকন্ধরান্।
স্বানীকপানচ্যুতচক্রসায়কৈ-
স্তথা নিরস্তান্ নরকো যথাসৃজৎ।
নিরীক্ষ্য দুর্মর্ষণ আত্মবন্ধুষু-
গরুত্মতা পরেণাভিরক্ষিতান্ ॥১৪

দৃষ্ট্বা সভার্যং গরুড়োপরি স্থিতং
সূর্য্যোপরিষ্টাৎ সতড়িদ্ঘনং যথা।

কৃষ্ণঃ স তস্যৈ ব্যসৃজন্মহাস্ত্রাণ্যঃ
ঘোরাংশ্চ সর্বে যুগপৎ স বিব্যধুঃ ॥১৫
তদ্ভৌমসৈন্যং ভগবান্ গদাগ্রজো
বিচিত্রবাজৈর্নিশিতৈঃ শিলীমুখৈঃ।
নিকৃত্তবাহূরুশিরোধ্রিয়ন্ধরং
চক্রে অর্ণবং হতাবশেষ্যরূপম্ ॥১৬
যানি যোধৈঃ প্রযুক্তানি শস্ত্রাস্ত্রাণি কুরূদ্বহ।
হরিস্তান্যচ্ছিনৎ তীক্ষ্ণৈঃ শরৈরেকৈকশস্ত্রিভিঃ
উদ্যতানঃ যুগপৎ পঞ্চাভ্যাং নিয়তো গজান্ ॥১৭

প্রিয়ঃ: নিকৃত্তশীর্ষোরুভুজাঙ্ঘ্রিকন্ধরান্: শীর্ষমুখান্ তান্ যমক্ষয়ং: যমালয়ম্ অনয়ৎ। স্বানীকপান্: স্বসেনাপতিম্ অচ্যুতসায়কৈঃ: শুদ্ধা নিরস্তান্: এবং নিরস্তান্ নিরীক্ষ্য দুর্মর্ষঃ: অসহমানঃ: বন্ধুষু: নরকঃ: আত্মবন্ধুষু: (আত্মনঃ যঃ বন্ধিবন্ধুঃ: যেষাং তৈঃ:) পরেণাধিপ্রভবৈঃ: সমুহ্যমাণৈঃ: ঐরাবতকুলোৎপন্নৈঃ: গজৈঃ: নিরক্ষয়ং যোদ্ধুং নিষিদ্ধৈঃ ॥১৪

তথা সঃ ভৌমঃ দৃষ্ট্বা উপরিষ্টাৎ সতড়িৎ ঘড়িতা সহিতং ঘনং মৌলয়ঃ যথা তথা গরুড়োপরিসংস্থিতঃ সভার্যঃ কৃষ্ণঃ দৃষ্ট্বা তস্যৈ শস্ত্রাণি অস্ত্রাণিচ: ব্যসৃজন্ প্রায়ুঙ্ক্ত; তথা ঘোরে অপি ভৌমসৈন্যাঃ: সর্বে যোধাঃ তং যুগপৎ বিব্যধুঃ তাড়য়াঞ্চক্রুঃ ॥১৫

তদ্ভৌমসৈন্যং ভগবান্ গদাগ্রজো: ভগবান্ কৃষ্ণঃ তৎ ভৌমসৈন্যং বিচিত্রবাজৈঃ: (বিচিত্রাঃ বাজাঃ পক্ষাণি যেষাং তৈঃ:) নিশিতৈঃ তীক্ষ্ণৈঃ শিলীমুখৈঃ বাণৈঃ নিকৃত্তবাহূরুশিরোধ্রিয়ন্ধরং (নিকৃত্তা বাহবঃ উরবঃ শিরোধরাঃ ধ্রিয়ঃ: যেষাং তৎ তৎ) তথা হতাবশেষ্যরূপং (হতাঃ অবশাঃ কুরূণাং গজাঃ ঃ যত্র তথা তৎ) তথাকৃতং চকার ॥১৬

যে কুরূদ্বহ! পঞ্চভ্যাং গজান্ নিয়তঃ যুগপৎ পরমেণ ঈষবাঃ: ইষিভিঃ ঐকৈকং: ঘোরৈঃ প্রযুক্তানি যানি শস্ত্রাস্ত্রাণি তানি একৈকম: ত্রিভিঃ ত্রিভিঃ তীক্ষ্ণৈঃ শরৈঃ অচ্ছিনৎ ॥১৭

জালকে ভিন্ন ভিন্ন পরিবাণে ছেদন করিয়া দিলেন ।১৩

অনন্তর কৃষ্ণ সেই পীঠপ্রমুখ সৈন্যগণের বন্ধক, বন্ধ, কুন্ত, অঙ্ঘ্রি ও স্কন্ধাদি ছিন্ন-বিচ্ছিন্নকরত তাহাদিগকে যমালয়ে প্রেরণ করিলেন। ভূমিপুত্র নরকাসুর এই প্রকারে স্বকীয় সৈন্যসামন্তগণকে অচ্যুতের সুদর্শনচক্রে সম্পূর্ণ পরাস্ত এবং নিহত অবলোকন করিয়া ক্রোধে কম্পিত হইয়া উঠিল এবং ঐরাবৎ-কুলোৎপন্ন মদস্রাবী হস্তিসমূহে পরিবৃত হইয়া যুদ্ধার্থ গৃহ হইতে নির্গত হইল। দিবাকরের উপরিভাগে বিজলিবেষ্টিত নবীন নীরদের ন্যায় ভার্য্যা সমভিব্যাহারে গরুড়োপরি শ্রীকৃষ্ণকে গরুড়বাহনে উপস্থিত অবলোকন করিয়া ভৌমাসুর তাঁহার প্রতি শতঘ্নী অস্ত্র নিক্ষেপ করিল এবং ভৌমসৈন্য বীরপুরুষগণও সকলে একত্র তাঁহার প্রতি বাণ নিক্ষেপে প্রবৃত্ত হইল ।১৪-১৫

গদাগ্রজ ভগবান্ তৎক্ষণাৎ বিচিত্রপুঙ্খ তীক্ষ্ণধার বাণসমূহের দ্বারা ভৌমের বাবতীয় সৈন্যকুলকেই নিরস্ত করিলেন এবং কাহার হস্ত কাহার বা বাহু যকঃস্থল বিচ্ছিন্নকরত সকলকেই ছিন্নশরীরী করিলেন এবং তাহাদিগের অশ্ব ও কুঞ্জরগণকেও বিনাশ করিতে লাগিলেন ।১৬

পঞ্চজন যে সমস্ত বাণ তাঁহার প্রতি নিক্ষেপ করিয়াছিল, তিনি তাহার প্রত্যেক শরে ভিন্নপ্রকারিতা-সহ তিনটি করিয়া বাণের নিক্ষেপে ছেদন করিয়া ফেলিলেন। তৎকালে তাঁহার বাহন গরুড় পক্ষদ্বয়ের আঘাতে শত শত মূঞ্জরকে বিনাশ করিতেছিল। গজপতির তীক্ষ্ণ দন্ত, পক্ষ ও নখের

গরুত্মতা হন্যমানাস্তুণ্ডপক্ষনখৈর্গজাঃ।
পুরমেবাবিশন্নার্তা নরকো যুধ্যযুধ্যত ॥১৮

দৃষ্ট্বা বিদ্রাবিতং সৈন্যং গরুত্মান্ধিতং স্বকম্।
তং ভৌমঃ প্রাহরজ্জত্যা যত্নঃ প্রতিহতো যতঃ ॥১৯

নাকম্পত তয়া বিদ্ধো মালাহত ইব দ্বিপঃ।
শূলং ভৌমোঽচ্যুতং হন্তুমাদদে বিতথোদ্যমঃ ॥২০

তদ্বিসর্গাৎ পূর্বমেব নরকস্য শিরো হরিঃ।
অপাহরদ্ গজস্থস্য চক্রেণ ক্ষুরনেমিনা ॥২১

সকুণ্ডলং চারুকিরীটভূষণং
যভৌ পৃথিব্যাং পতিতং সমুজ্জ্বলম্।
হা হেতি সাধ্বিত্যৃষয়ঃ সুরেশ্বরা
মাল্যৈর্মুকুন্দং বিকিরন্ত ঈড়িরে ॥২২

ততশ্চ ভূঃ কৃষ্ণমুপেত্য কুণ্ডলে
প্রতপ্তজাম্বূনদরত্নভাস্বরে।
সবৈজয়ন্ত্যা বনমালয়ার্পয়ৎ
প্রাচেতসং ছত্রমথো মহামণিম্ ॥২৩

অস্তোষীদথ বিশ্বেশং দেবী দেববরার্চিতম্।
প্রাঞ্জলিঃ প্রণতা রাজন্ ভক্তিপ্রবণয়া গিরা ॥২৪

গরুত্মতা (গরুড়েন) হন্যমানাঃ (আর্তাঃ) গজাঃ (পূরম্) এব আবিশন্; তদা একাকী নরকঃ এব যুধি যুদ্ধে অযুধ্যত ॥১৮

তং (নরকং) দৃষ্ট্বা (গরুড়েন বিদ্রাবিতং (দৃষ্ট্বা) ভৌমঃ যতঃ যদা শক্ত্যা তং প্রতিহতঃ, তদা শক্ত্যা বিদ্ধঃ অপি গরুড়ঃ মালয়া আহতঃ দ্বিপঃ গজঃ ইব তথা ন অকম্পত এবং গরুড়েন বিতথোদ্যমঃ সন্ ভৌমঃ অচ্যুতং হন্তুং শূলম্ আদদে ॥১৯-২০

হরিঃ তু তদ্বিসর্গাৎ শূলপ্রক্ষেপাৎ পূর্বমেব ক্ষুরনেমিনা (ক্ষুরান্তেন তীক্ষ্ণ) চক্রেণ গজস্থস্য নরকস্য শিরঃ অপাহরৎ চিচ্ছেদ ॥২১

সকুণ্ডলং (কুণ্ডলাভ্যাং সহিতং) চারুকিরীটভূষণং (চারু সুন্দরং কিরীটং ভূষণং যস্য তৎ) সমুজ্জ্বলং প্রকাশমানং তৎ শিরঃ পৃথিব্যাং পতিতং যভৌ। তদা (নরকস্যচ্ছিন্নং তদা) হায় ইতি, ধিগ্ বঃ সাধু সাধু ইতি উচুঃ; সুরেশ্বরাঃ তু মাল্যৈঃ মুকুন্দং বিকিরন্তঃ আজাহরন্তঃ ঈড়িরে তুষ্টুবুঃ ॥২২

ততশ্চ নরকস্য মাতা ভূঃ বরুণ ছত্রং ঐশ্বর্য্য প্রবণয়া ভক্ত্যুপলক্ষিতয়া গিরা (স্তুত্যা অনুরূপয়া বাচা) কৃষ্ণং তথা সবৈজয়ন্ত্যা বনমালয়া প্রতপ্তজাম্বূনদরত্নভাস্বরে (প্রতপ্তে অনুরূপয়িতে জাম্বূনদে যানি রত্নানি তৈঃ ভাস্বরে) কুণ্ডলে তথা সবৈজয়ন্ত্যা বনমালয়া প্রবিভক্তা বৈজয়ন্তী বনমালা সহ প্রাচেতসং বরুণস্য ছত্রং মহামণিং চ তস্মৈ অর্পয়ৎ ॥২৩

অথ হে রাজন্। প্রাঞ্জলিঃ তথা ভক্তিপ্রবণয়া গিরা প্রণতা কৃষ্ণভক্তিমতী দেবী দেববরার্চিতং (দেববরৈঃ ব্রহ্মাদিভিঃ অর্চিতং) বিশ্বেশং কৃষ্ণম্ অস্তোষীৎ ॥২৪

আঘাতে অতীব আহত গজসমূহ একান্ত কাতর হইয়া পুরমধ্যে পলায়ন করিলে, কেবল একাকী নরকাসুরই রণক্ষেত্রে যুদ্ধ করিতেছিল। প্রবলপরাক্রম গরুড়ের প্রভাবে স্বকীয় সৈন্যসমূহ বিনষ্টপ্রায় ও বিতাড়িত হইতে দেখিয়া নরকাসুর অত্যন্ত বিষণ্ণ হইল এবং যে অস্ত্রের বলে মহেন্দ্রের বজ্রও নিষ্ফল হইয়া যায় তাদৃশ শক্তি অস্ত্রনিক্ষেপে নরক গরুড়কে প্রহার করিবার চেষ্টা করিল, কিন্তু পুষ্পমালার প্রহারে গজপতির যেমন ভ্রূক্ষেপও হয় না, সেইরূপ শক্তির প্রহারে মুকুন্দের কোন ব্যথাতই জন্মিল না। গরুড়ের বিপক্ষে নিজের উদ্যম সম্পূর্ণ নিষ্ফল দেখিয়া ভৌম শ্রীকৃষ্ণকে নিধন করিবার বাসনায় শূল গ্রহণ করিল, কিন্তু সেই শূল নিক্ষেপ করিবার পূর্বেই ভগবান্ শ্রীহরি তীক্ষ্ণধার চক্রের দ্বারা গজারূঢ় নরকের মস্তক ছেদন করিয়া ফেলিলেন।১৭-২১

মনোহর কিরীট ও কুণ্ডলে শোভিত সর্বশোভা-সম্পন্ন নরকাসুরের ছিন্ন মস্তক ধরাতলের শোভাবৃদ্ধি করিল। নরকপক্ষীয় ব্যক্তিগণ হাহাকার ধ্বনি করিতে লাগিল, ঋষিগণ সাধুবাদ প্রদান করিতে লাগিলেন এবং ইন্দ্রাদিলোকপালগণ পুষ্পবর্ষণে শ্রীকৃষ্ণকে স্তব করিতে লাগিলেন।২২

অনন্তর নরকাসুরের জননী বসুন্ধরা মূর্তিধারণে ভগবান্ শ্রীকৃষ্ণের সম্মুখে উপস্থিত হইলেন এবং উজ্জ্বল সুবর্ণজড়িত অপূর্ব মণি রত্নাদিতে খচিত অদিতির

ভূবিরুবাচ।

নমস্তে দেবদেবেশ শঙ্খ-চক্র-গদাধর।
ভক্তেচ্ছোপাত্তরূপায় পরমাত্মন্ নমোঽস্তু তে ॥২৫
নমঃ পঙ্কজনাভায় নমঃ পঙ্কজমালিনে।
নমঃ পঙ্কজনেত্রায় নমস্তে পঙ্কজাঙ্ঘ্রয়ে ॥২৬
নমো ভগবতে তুভ্যং বাসুদেবায় বিষ্ণবে।
পুরুষায়াদিবীজায় পূর্ণবোধায় তে নমঃ ॥২৭

অজায় জন্মরিত্রেঽস্য ব্রহ্মণেঽনন্তশক্তয়ে।
পরাবরাত্মন্ ভূতাত্মন্ পরমাত্মন্ নমোঽস্তু তে ॥২৮
ত্বং বৈ সিসৃক্ষুরজ উৎকটঃ প্রভো
তমো নিরোধায় বিভর্ষ্যসংবৃতঃ।
স্থানায় সত্ত্বং জগতো জগৎপতে
কালঃ প্রধানং পুরুষো ভবান্ পরঃ ॥২৯

হে পঙ্কজনাভায়। দেবদেবেশায় ব্রহ্মাদীনাম্ অপি ঈশ। হে ভূতাত্ম নমঃ; হে পরমাত্মন্। ভক্তেচ্ছোপাত্তরূপায় (ভক্তানাং যা ইচ্ছা তদনুরূপম্ উপাত্তং রূপং যেন তৎ তস্মৈ) তে ভূতাত্ম নমঃ অস্তু ॥২৫

পঙ্কজং হিরণ্যগর্ভকং নাভৌ যস্য তস্মৈ তথা তস্মৈ কারণভূতায় নমঃ; তথা পঙ্কজস্থা সর্ব্বকীর্ত্তিময়ী মালা বিদ্যতে যস্য তস্মৈ নমঃ; পঙ্কজবৎ প্রসন্নে প্রপন্নজনত্রাণায়-লোকনে নেত্রে যস্য তস্মৈ নমঃ; তথা পঙ্কজবৎ সুলোমো পঙ্কজাভিধৌ বা অঙ্ঘ্রী যস্য তস্মৈ তুভ্যং নমঃ ॥২৬

ভগবতে ঐশ্বর্য্যাদিগুণপূর্ণায়, বাসুদেবায় সর্ব্বভূতাশ্রয়ায়, বিষ্ণবে ব্যাপিনে, পুরুষায়, আদিবীজায় (আদেঃ জগৎকারণস্যাপি বীজায় কারণায়), পূর্ণবোধায় বসুদেব-তনয়ায় তে তুভ্যং নমঃ ॥২৭

অজায় জন্মরহিতায় অপি অস্য বিশ্বস্য জন্মরিত্রে উৎপাদকায়, ব্রহ্মণে বৃহতে, অনন্তশক্তয়ে তে তুভ্যং হে পরাবরাত্মন্! (সর্ব্বোপাদানত্বেন চ ভূতাত্মন্! তথাপি নির্লেপত্বাৎ) হে পরমাত্মন্ তে তুভ্যং নমঃ অস্তু ॥২৮

হে প্রভো জগৎপতে! ত্বং বৈ এব সিসৃক্ষুঃ সৃষ্টীচ্ছুঃ সন্ উৎকটঃ কার্য্যোন্মুখ্য রজোগুণং (রজোগুণপ্রধানঃ চতুর্মুখো ভূত্বা সৃজসি), তথা জগতঃ নিরোধায় বিনাশায় উৎকটঃ তমঃ (তমঃপ্রধানঃ কালাগ্নিরুদ্রাদিরূপো ভূত্বা) বিভর্ষি রক্ষসি, তথা অসংবৃতঃ সর্ব্বাদিকপদ্মবিষ্ণ্যাদ্যঃ অপি জগতঃ স্থানায় পালনায় উৎকটং সত্ত্বগুণং বিভর্ষি বিষ্ণুবিষ্ণুরূপো ভূত্বা পালয়সি। যতঃ কালঃ, প্রধানং প্রকৃতিঃ, পুরুষঃ চ ভবান্ এব, তথাপি ত্বং ভেদতঃ পরঃ পুরুষাবতারঃ এব ॥২৯

কুণ্ডলযুগ, নানা রত্নপ্রথিত বনমালা, বক্ষের ভৃগু এবং মহামণি ধরা অধিকার করত শ্রীকৃষ্ণকে প্রণাম করিলেন ॥২৩

তারপর অতি ভক্তিভরে নতকন্ধরা হইয়া ধরিত্রী কৃতাঞ্জলি পুটে দেবদেব ত্রিলোচনাদিরও পরমার্চ্চিত বিশ্বপতি শ্রীকৃষ্ণের স্তব করিতে লাগিলেন ॥২৪

বসুন্ধরা বলিলেন,—হে শঙ্খ-চক্র-গদাধর দেব বিশ্বম্ভর! আপনি দেবদেব ব্রহ্মাদিরও নিয়ন্তা; আপনাকে প্রণাম করি। হে পরমাত্মন্! আপনি ভক্তগণের ইচ্ছানুরূপ বিগ্রহ ধারণে জগতে আবির্ভূত হইয়া থাকেন; আপনাকে প্রণাম করি ॥২৫

অহো! যে আধারপদ্মে বিশ্বসৃষ্টিকারী কমলাসন জন্ম পরিগ্রহ করিয়া এই ব্রহ্মাণ্ডের রচনা করিয়াছেন, সেই সংসার-পদ্ম আপনার নাভিদেশ হইতে সমুৎপন্ন হইয়াছে। আপনিই জগতের অধিষ্ঠীয় কারণস্বরূপ; আপনাকে প্রণাম করি। অনন্ত-কীর্ত্তিস্বরূপ পঙ্কজ-মালা আপনিই গলদেশে ধারণ করিয়াছেন, আপনাকে প্রণাম করি। আপনি কমললোচন! প্রপন্ন জনগণের সর্ব্ব-প্রকার তাপ নিবারণের উপ-লক্ষেই ওরূপ পঙ্কজের ন্যায় লোচনের বিকাশ করিয়াছেন আপনাকে প্রণাম করি। অহো! পঙ্কজ-বিনিন্দিত ভবদীয় চরণপদ্মে কি অপূর্ব্ব সৌন্দর্য্যই নয়নগোচর করিলাম! আপনার কোমল পাদ-পদ্মেই কেবল কমলরেখা বিরাজিত রহিয়াছে, আপনাকে প্রণাম করি ॥২৬

আপনি ষড়ৈশ্বর্য্যে পূর্ণ এবং সর্ব্বজ্ঞতার আশ্রয় হইয়াও বসুদেবের সুতে পুত্ররূপে জন্ম পরিগ্রহ করিয়া ছেন; আপনাকে প্রণাম করি। আপনি সর্ব্ব-পালক

অহং পরো জ্যোতিরথাণিলোনভো
মাত্রাণি দেবা মন ইন্দ্রিয়াণি চ
কর্তা মহানিত্যখিলং চরাচরং
ত্বয্যদ্বিতীয়ে ভগবন্নয়ং ভ্রমঃ ॥৩০

তস্মাদ্ভবোঽয়ং ভব পাদপঙ্কজং
ভীতঃ প্রপন্নাস্ত্বিহরোপসাদিতঃ।
তৎ পালয়েনং কুরু হস্তপঙ্কজং
শিরস্যমুষ্যাখিলকল্মষাপহম্ ॥৩১

অহং ভূমিঃ, পয়ঃ জলং, জ্যোতিঃ অগ্নিঃ, অনিলঃ পবনঃ, নভঃ আকাশঃ, মাত্রাণি শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধাঃ, দেবাঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারঃ, মনঃ চক্ষুরাদীনি ইন্দ্রিয়াণি চ কর্তা অহঙ্কারঃ, মহান্ বুদ্ধিঃ চ ইতি এবং অখিলং যৎ প্রাকৃতং চরাচরং তৎ সর্বম্ অদ্বিতীয়ে ত্বয়ি এব প্রতীয়তে। কিন্তু হে ভগবন্! অয়ং তথাভূতঃ প্রতীত্যাত্মকঃ ভ্রমঃ এব ॥৩০

হে প্রপন্নার্তিহর! তত্ত ভবোঽয়ং ভীতঃ ভগবন্নাথঃ আত্মনঃ যস্মাৎ তব পাদপঙ্কজম্ উপসাদিতঃ প্রাপিতঃ, তৎ তস্মাৎ এবং পালয়। (নরকসূনুত্বাৎ অয়ং সম্বোধঃ অপি) অখিল-কল্মষাপহরং সকলদোষনিবর্তকং স্বয় হস্তপঙ্কজম্ অমুষ নিজশি কুরু নিধেহি ॥৩১

এবং সর্বব্যাপী বিভু; আপনিই সর্বসংসারের সাক্ষি-স্বরূপ পূর্ববোধ এবং উপাদানভূত আদিবীজ; অথচ জীবমাত্রেরই অন্তঃকরণে আপনিই পুরুষরূপে বাস করিতেছেন; আপনাকে প্রণাম করি।২৭

আপনার জন্ম নাই; অথচ এই বিশ্ব সংসার আপনা হইতেই উৎপন্ন হইতেছে। আপনি পূর্ণব্রহ্ম এবং অনন্ত শক্তিসম্পন্ন আপনাকে প্রণাম করি। পর ও অবর শব্দবাচ্য মূলপ্রকৃত্যাদি যাবতীয় তত্ত্বের কারণরূপে চরম সীমায় আপনিই বর্তমান, জীব-গণের আত্মারূপে আপনিই বিরাজ করেন, অথচ হে পরমাত্মন্! আপনি কখনই কিছুতে লিপ্ত নহেন; আপনাকে প্রণাম করি।২৮

হে প্রভো জগৎস্বামিন্! এই বিচিত্র সংসারকে সৃষ্টি করিবার মানসে প্রকটিত রজোগুণকে অবলম্বন করিয়া, রজঃপ্রধান ব্রহ্মার মূর্তিধারণে আপনিই সৃষ্টিকার্য্য নির্ব্বাহ করিতেছেন, আবার সংহারের অভিপ্রায়ে তমঃপ্রধান কাল, অগ্নি ও রুদ্রাদির মূর্তিধারণে তমোগুণাবলম্বনে আপনিই সংহারক্রিয়া সাধন করিতেছেন এবং সত্ত্বগুণাবলম্বনে পালন করিবার অভিপ্রায়ে সত্ত্ব-প্রধান বিষ্ণুবিগ্রহ পরিগ্রহে বিশ্বলোককে পালন করিতেছেন। আপনিই সর্বসংহারক কাল সর্ববারণভূত প্রধানা প্রকৃতি সর্বান্তর্যামী পুরুষরূপে সর্বত্র বিরাজ করিতেছেন; অথচ এই সকলের অতীত পুরুষোত্তম নারায়ণও আপনি! আপনাকে প্রণাম করি।২৯

আমি ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ, শব্দাদি পঞ্চ তন্মাত্র, ইন্দ্রিয়গণের অধিষ্ঠাত্রী দেবতানিচয়, মন, চক্ষুরাদি ত্রিবিধ ইন্দ্রিয়, কর্ত্তারূপ অহঙ্কার-তত্ত্ব, মহান্ শব্দবাচ্য বুদ্ধিতত্ত্ব এবং প্রকৃতিজাত এই নিখিল চরাচর সংসার অদ্বিতীয় এক আপনাতেই প্রতি-ভাসিত হইতেছে। কিন্তু হে ভগবন্! জনগণের এই দ্বিতীয় বস্তুর পৃথক্ অস্তিত্বের প্রতীতিও ভ্রম ব্যতীত অন্য কিছুই নহে। তাহারা তত্ত্বতঃ পরমতত্ত্ব অবলোকন না করিয়া ভ্রমে অন্যান্য ভাব উপলব্ধি করিতেছে।৩০

হে শরণাগত জনগণের দুঃখনাশন! আপনার ভয়ে ভৌম পুত্র ভগদত্ত নিতান্তই কাতর হইয়াছে! আমি তাহাকে আপনার নিকট আনয়ন করিয়াছি। আপনি তাহাকে প্রতিপালন করুন্! নরকাসুরের পুত্রত্ব-নিবন্ধন বিবিধ অপরাধে অপরাধী বলিয়া তাহাকে উপেক্ষা করিবেন না! নিখিল কল্মষনাশন তত্ত্বীয় করকমল একবার ইহার মস্তকে প্রদান করুন্! ইহার সকল দোষ নিবারণ হউক্।৩১

শ্রীশুক উবাচ।

ইতি বৃষ্ণ্যধিপেনোক্তা বাগ্‌ভির্ভগবান্ ভক্তিনম্রয়া।
দত্তাভয় ভৌমগৃহং প্রাবিশৎ সকলর্দ্ধিমৎ ॥৩২
তত্র রাজন্যকন্যানাং সদ্‌সদ্রূপবিক্রিয়াম্।
ভৌমাহৃতানাং বিক্রম্য রাজভ্যো দদৃশে হরিঃ ॥৩৩
তাঃ প্রবিষ্টং স্ত্রিয়ো বীক্ষ্য নরবর্য্যং বিমোহিতাঃ।
মনসা বব্রিরেঽভীষ্টং পতিং দৈবোপসাদিতম্ ॥৩৪

শ্রীশুক: উবাচ। ভক্তিনম্রয়া প্রণতয়া বৃষ্ণ্যা ইতি এবং বাগ্‌ভি: অর্থিত: প্রার্থিত: ভগবান্ ভগবদ্ভাব অজয় দত্তা সকলর্দ্ধিমৎ (সকলা: ঋদ্ধয়: ভোগোপকরণানি যস্মিন্ তৎ তথাভূতম্) ভৌমগৃহং প্রাবিশৎ ॥৩১

তত্র ভৌমপুরে বিক্রম্য পরাক্রম্য হৃত্বা রাজভ্য: ভৌমেন হৃতাভ্য: রাজন্যকন্যাভ্য: ষট্‌সহস্রাধিকাম্ভুজ: (ষট্ সহস্রাণি অধিকানি যস্মিন্ তৎ অদ্ভুত: ষোড়শ সহস্রাণি) হরি: দদৃশে (পত্নীবিকরিতানি জ্ঞাতবান্) ॥৩৩

দৈবোপসাদিত: (দৈবেন প্রারব্ধকর্ম্মণা উপসাদিত: স্বয়মেব প্রাপিত: তম্ভগবান্ প্রবিষ্টং নরবর্য্যং তং শ্রীকৃষ্ণং বীক্ষ্য বিমোহিতা: তা: [illegible] মনসা অভীষ্টং তং পতিং বব্রিরে ॥৩৪

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! ভক্তি-বিনম্র-মূর্ত্তী বৃষ্ণিরাজ এই প্রকার বিবিধ স্তুতিবাক্যে ভগবানের স্তব করিলে, যাদুবের প্রসন্ন হইয়া ভগবন্তকে অভয় প্রদান করিলেন এবং ভোগোপকরণাদি যাবতীয় ঐশ্বর্য্যসম্পন্ন ভৌমের পুরে স্বয়ং প্রবেশ করিলেন।৩২

বিষম বিক্রমের প্রকাশে অন্যান্য রাজগণের গৃহ হইতে নরকাসুর যে সমস্ত রাজকন্যা আনয়ন করত নিজ গৃহে অবরুদ্ধ রাখিয়াছিল, সেই অত্যধিক ষোড়শ সহস্র রাজকন্যাকে স্বয়ং অবলোকন করিলেন।৩৩

অহো! পূর্ব্বসঞ্চিত প্রারব্ধফলে আমাদের সমীপে নরশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণকে নিজেদের কারাগৃহে প্রবিষ্ট অবলোকন করিয়া রাজন্যনিবীগণ প্রেমে হতজ্ঞান হইলেন এবং স্বীয় অভীষ্ট শ্রীকৃষ্ণকেই পতিরূপে মনে

অয়ং মহ্যং মম পতি: কৃপয়ং, তং এতং মম অভিমতং দাতা পরমেশ্বর: অনুমোদতাং সত্যং করোতু, ইতি সর্ব্বা: স্ত্রিয়: পৃথক্‌ভাবেন কৃষ্ণে হৃদয়ং দধু: ॥৩৫

সুদৃষ্টবিলোভাবতা: (সুদৃষ্টা: রাশিতা: বিলোভাবতাশ্চ) তা: স্ত্রিয়: ভগবান্ নরবরৈ: শিবিকাভি: দ্বারবতীং প্রাবিশোৎ প্রত্যগাদ্যান। তথা মহাকোষান্ তথা রথান্ অশ্বান্ মহৎ ত্রাবন্ বিপুল: ধনং চ প্রাবিশোৎ ॥৩৬

চতুর্দ্দন্তান্ (চত্বার: দন্তা: যেষা তান্) তরবিণ: বেগবতান পাণ্ডুরান্ চতুঃষষ্টিসংখ্যকান্ ঐরাবতকুলোদ্ভবান্ ইভান্ চ কেশব: দ্বারবতীং প্রেষয়ামাস ॥৩৭

মনে বরণ করিলেন।৩৪

তাঁহারা মনে মনে বলিতে লাগিলেন, ইনিই যেন আমার পতি হন এবং বিশ্ববিধাতা পরমেশ্বর যেন আমাদের সাধ পূরণ করেন; এই আমাদের প্রার্থনা। এই বলিয়া বনিতাগণ সকলেই পৃথক্‌ভাবে প্রার্থনা করত শ্রীকৃষ্ণকে হৃদয়ে চিন্তা করিতে লাগিলেন।৩৫

ভগবান্ তাঁহাদিগকে কারানির্ম্মুক্ত করিয়া স্নান করাইলেন এবং দিব্য বস্ত্র ও অলঙ্কারাদিতে ভূষিত করিয়া শিবিকারোহণে দ্বারাবতীতে প্রেরণ করিলেন।৩৬

চতুর্দ্দন্ত অতিবেগবান্ ঐরাবত-কুলোদ্ভব পাণ্ডুরবর্ণ চতুঃষষ্টি সংখ্যক ইভও (হস্তীও) কেশব নিজ দ্বারকায় প্রেরণ করিলেন।৩৭

গত্বা সুরেন্দ্রভবনং দত্ত্বাদিত্যৈ চ কুণ্ডলে।
পূজিতস্ত্রিদশেন্দ্রেণ সহেন্দ্রাণ্যা চ সপ্রিয়ঃ ॥৫৮
চোদিতো ভার্য্যয়োৎপাট্য পারিজাতং গরুত্মতি।
আরোপ্য সেন্দ্রান্ বিবুধানিত্যোপায়নৎ পুরম্ ॥৫৯
স্থাপিতঃ সত্যভামায়া গৃহোদ্যানোপশোভনঃ।
অন্বসন্ ভ্রমরাঃ স্বর্গাৎ যদসঙ্গাসবলম্পটাঃ ॥৬০
যত্বাচ আনম্য কিরীটকোটিভিঃ
পাদৌ স্পৃশন্নচ্যুতমর্থসাধনম্।
সিদ্ধার্থ এতেন বিগৃহ্যতে মহান্
অহো সুরাণাঞ্চ তমো বিগাঢ্যতাম্ ॥৬১
অথো মুহূর্ত একস্মিন্ নানাগারেষু তাঃ স্ত্রিয়ঃ।
যথোপযেমে ভগবান্ তাবদ্রূপধরোঽব্যয়ঃ ॥৬২
গৃহেষু তাসামনপায্যকর্মকৃৎ-
নিরুক্তসাম্যাতিশয়েষ্ববস্থিতঃ।
রেমে রমাভির্নিভৃতাত্মদংস্তুতো
যথেতরো গার্হকমেধিকাংস্তরন্ ॥৬৩

সপ্রিয়ঃ শ্রীকৃষ্ণঃ সুরেন্দ্রভবনং গত্বা অদিত্যৈ চ কুণ্ডলে দত্ত্বা ত্রিদশেন্দ্রেণ সহেন্দ্রাণ্যা চ সহেন্দ্রাণ্যা চ পূজিতঃ সন্ত ॥৫৮

উক্তঃ ভার্য্যয়া সত্যভাময়া চোদিতঃ প্রেরিতঃ সন্ তদ্ভক্তয়া পারিজাতস্য উৎপাট্য গরুত্মতি গরুড়ে আরোপ্য সেন্দ্রান্ বিবুধান্ ইতি উপানয়ৎ ॥৫৯

তথা সত্যভামায়াঃ গৃহোদ্যানোপশোভনঃ (গৃহোদ্যানায়া যথা উপশোভতইতি তথা) শ্রীকৃষ্ণেন স্থাপিতঃ। অতঃ যত পারিজাতস্য গন্ধে আঘ্রাণে মধৌ চ লম্পটাঃ আসক্তাঃ ভ্রমরাঃ স্বর্গাৎ অন্বসন্ অনুযযুঃ ॥৬০

ইত্যঃ (প্রথমা মূর্দ্ধাদ্যা) আনম্য কিরীটকোটিভিঃ তদ্ভগবতঃ পাদৌ স্পৃশন্ অর্থসাধনং স্বর্গপারিজাত-মাহাত্ম্য-বিস্মারকত্বাৎ অচ্যুতস্য অক্ষীণ-বল-পরাক্রমস্য যৎ যদাচে তৌমবধার্দ্ধিকং

অনন্তর সত্যভামা সহ শ্রীকৃষ্ণ সুরেন্দ্রভবন অমরাপুরীতে প্রবেশ করিলেন ও দেবজননী অদিতিকে কুণ্ডলদ্বয় প্রদান করিলেন এবং মহেন্দ্রাণী সহ পুরন্দর কর্তৃক তথায় বিলক্ষণ পূজিত হইলেন ॥৫৮

কিন্তু তথায় সত্যভামার অনুরোধে তদ্ভক্তা পারিজাত তরুটি উৎপাটন পূর্ব্বক গরুড়ের উপরে যখন আরোপ করেন, তখন ইন্দ্রাদি দেবতাগণের সহিত তাঁহার বিষম বিবাদ উপস্থিত হয়; কিন্তু তিনি তাঁহাদের সকলকে পরাজয় করিয়া পারিজাততরু দ্বারকায় আনয়ন করেন ॥৫৯

এবং সত্যভামার গৃহোদ্যানের শোভা যাহাতে সম্যক্ পরিবর্দ্ধিত হয়, এইরূপ ভাবে তদীয় উদ্যানের

প্রার্থিতবান্, পশ্চাৎ সিদ্ধার্থঃ সিদ্ধপ্রয়োজনঃ সন্ মহান্ অপি এতেন ভূভারহরণ-কার্য্যসাধকেন স্বামিনা সহ (যুদ্ধমিষেণ) বিগৃহ্যতে বিরোধং করোতি, অহো আশ্চর্য্যম্। সুরাণাং চ তমঃ অজ্ঞানম্ আচ্ছাদ্যতাং বর্দ্ধতাং ইতি ॥৬১

অথ দ্বারকায়াং গমনানন্তরম্ একস্মিন্ এব মুহূর্ত্তে তাঃ পত্নীবিবাহোৎসবপ্রয়োজনধ্যাতাঃ (নানাগারেষু (গৃহেষু) স্থিতঃ তাবৎস্ব পৃথক্ পৃথক্ অপি) তাবদ্রূপধরঃ অব্যয়ঃ ভগবান্ যথা যথোচিতং উপযেমে বিবাহিতবান্। তাসাং পত্নীনাং নিরুক্তসাম্যাতিশয়েষু সাম্যাত্ অধিকতিষ্ঠতি পৃথক্ পৃথক্ অবস্থাপী বিরূপরূপধরঃ এবং অবস্থিতঃ সন্ অন্তর্যামীরূপ ইন্দ্রজালবৎ অচিন্ত্যয়া তনুং যং হি করোতি, নিরুক্তমনন্যত্বং (বিজানাং যজ্ঞকর্ত্রা তাসাং তাসাং মধ্যে যোঽয়ং ধব সমুদ্বঃ ধবঃ) উক্তঃ যথা ঐতরঃ ঐতরিবাক্যং,

---

মধ্যেই সেই পারিজাত বৃক্ষ স্থাপিত করিলেন। অহো! পারিজাত পুষ্পের এতই উৎকর্ষ যে, তাহার গন্ধে ও মধুলোভে আকৃষ্টা হইয়া ভ্রমরকুল স্বর্গ হইতে তাহার পশ্চাৎ পশ্চাৎ দ্বারকায় আগমন করিল ॥৬০

অহো! স্বার্থসিদ্ধির অভিপ্রায়ে স্বয়ং পুরন্দর অবনত-মস্তকে কিরীটের অগ্রভাগদ্বারা যে অতুল-বিক্রম অচ্যুতের চরণদ্বয় স্পর্শ করিয়া প্রথমতঃ এরূপ প্রার্থনা করিয়াছিলেন, পরে তাদৃশ ভীষণ শত্রু তৌমের নিধনে নিজের ইষ্টলাভের পরক্ষণেই সর্ব্বশ্রেষ্ঠ তাদৃশ স্বীয় প্রভুর সহিত একটি সামান্য পারিজাততরু লইয়া আবার বিবাদ করিলেন। ইহা তাঁহার পক্ষে কতদূর সঙ্গত তাহা বলা দুঃসাধ্য।) ইহাতে দেবতাগণেরও

ইত্থং রমাপতিমবাপ্য পতিং স্ত্রিয়স্তা
ব্রহ্মাদয়োঽপি ন বিদুঃ পদবীং যদীয়াম্।
ভেজুর্মুদাবিরতমেধিতয়ানুরাগ-
হাসাবলোক-নবসঙ্গমজল্পলজ্জাঃ ॥৪৪

প্রত্যুদ্গমাসন-বরার্হণ-পাদশৌচ-
তাম্বূল-বিশ্রমণ-বীজন-গন্ধমাল্যৈঃ।
কেশপ্রসাধনশয়নস্নপনোপহার্যৈ-
র্দাসীশতা অপি বিভোর্বিদধুঃ স্ম দাস্যম্ ॥৪৫

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশম স্কন্ধে একোনষষ্টি অধ্যায়ঃ ॥৫৯

জনবং পার্শ্বস্থেষ্বিতরেষু, স্বয়ং অনুভিঃ, ভাতিঃ রমাভিঃ; সম্বাধং চুচুম্বাতি; সহ রেমে ॥৪৩-৪৩

ব্রহ্মাদয়ঃ অপি যদীয়াং পদবীং যৎ প্রাপ্তিমার্গং ন বিদুঃ, তং যোগেশ্বরং কৃষ্ণং ইত্থং উক্ত-বিধারপ্রকারেণ পতিং, অবাপ্য অনুরাগহাসাবলোকনবসঙ্গমজল্পলজ্জাঃ (অনুরাগ সহিতঃ যাসাং উৎপ্রেক্ষঃ অবলোকঃ নবসঙ্গমশ্চ তত্র জল্পাঃ মধুরালাপাশ্চ তেষু লজ্জাঃ চ যাসাং তাঃ) স্ত্রিয়ঃ অবিরতম্ নিরন্তরম্ এধিতয়া বর্দ্ধিতয়া মুদা তং কৃষ্ণম্ এব ভেজুঃ ॥৪৪

দাসীশতাঃ (দাসীনাং শতানি বিদ্যতে যাসাং তাঃ তথা-

কৃতা অপি তাঃ স্ত্রিয়ঃ) প্রত্যুদ্গমাসন বরার্হণপাদশৌচ-তাম্বূল-বিশ্রমণ-বীজন-গন্ধমাল্যৈঃ (প্রত্যুদ্গমশ্চ আসনঞ্চ অর্হণঞ্চ পাদশৌচঞ্চ তাম্বূলঞ্চ বিশ্রমণঞ্চ বীজনঞ্চ গন্ধমাল্যানি চ তৈঃ ; পাদয়োঃ শৌচঃ প্রক্ষালনং, তাম্বূলানাং বিশ্রমণং, পাদসংবাহনাদিনা শ্রমাপহরণং, বীজনং চামরাদিনা ; গন্ধমাল্যানি পুষ্পাণাং সমর্পণং তথা কেশপ্রসাধঃ কেশপ্রসাধনং, শয়নং পর্য্যাঃ; স্নাপনং, স্নপনম্, উপহার্য্যাঃ ভোজ্যভোজ্যাদয়স্তৈঃ) বিভোঃ যাতঃ ন বিদুঃ চক্রুঃ ॥৪৫

ইতি দশমে স্কন্ধে শ্রীযশেশ্বরনাথশাস্ত্রিকৃতায়াং একোনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥

অহো! ব্রহ্মাদি লোকপালগণও যাঁহাকে পাইবার উপায় অবধারণ করিতে সক্ষম হন না, সেই শ্রীপতি জনার্দ্দনকে পূর্ব্বোক্ত বিবাহ প্রণালীর দ্বারা পতিরূপে প্রাপ্ত হইয়া ললনাগণ অনুরাগপূর্ণ মৃদু মন্দ হাস্যের বিকাশে অপাঙ্গদৃষ্টি এবং নবীন সঙ্গমজনিত উপহাসাদি বাক্যের উল্লেখে লজ্জিত হইয়া নিরন্তর পরমানন্দের উত্তরোত্তর বর্দ্ধনে সেই গোবিন্দকে একাগ্রচিত্তে ভজনা করিয়াছিলেন ॥৪৪

প্রত্যেক বনিতার গৃহেই শত শত দাসী পরিচর্য্যা কার্য্যে নিযুক্ত থাকিলেও বনিতাগণ সকলে নিজেরাই ভগবানের সেবায় নিযুক্ত থাকিতেন। তাঁহারা দাসীর উপর নির্ভর না দিয়া নিজেরাই শ্রীকৃষ্ণের অভিবাদন, প্রত্যুদ্গমন, আসন-প্রদান, চরণ-প্রক্ষালন তাম্বূল দান, পাদ-সংবাহন, চামর-ব্যজন, গন্ধ-লেপন, মাল্য ও পুষ্পাদির দ্বারা সজ্জিত করা, কেশ সংস্কার, শয্যা-সংস্কার, নিদ্রার করান এবং ভোজ্য ভোজ্যাদি প্রদানে দাসীর সকল কার্য্যই তাঁহারা নিজেরা সমাধা করিতেন ॥৪৫

শ্রীমদ্ভাগবতমহাপুরাণের দশম-স্কন্ধে

শ্রীযশেশ্বরনাথশাস্ত্রি-কৃত একোনষষ্টিতম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

ষষ্ঠিতমঃ অধ্যায়ঃ।

[রুক্মিণী-কৃষ্ণয়োঃ প্রণয়কলহবর্ণনম্।]

শ্রীশুকঃ উবাচ।

কস্মিংচিৎ সুখমাসীনং স্বতল্পস্থং জগদ্গুরুম্।
পতিং পর্য্যচরদ্ভৈষ্মী ব্যজনেন সখীজনৈঃ ॥১

যস্ত্বেতল্লীলয়া বিশ্বং সৃজত্যত্ত্যবতীশ্বরঃ।
স হি জাতঃ স্বসেতূনাং গোপীথায় যদুদ্বহঃ

তস্মিন্নন্তর্গৃহে ব্রাজন্মুক্তালম্বিবিলম্বিনা।
বিরাজিতে বিতানেন দীপৈর্মণিময়ৈরপি ॥৩

মল্লিকাদামভিঃ পুংসোদ্বিরেফকুলনাদিতে।
জালরন্ধ্রপ্রবিষ্টৈশ্চ গোভিশ্চন্দ্রমলোহমলৈঃ

পারিজাতবনামোদবায়ুনোদ্যানশালিনা।
ধূপৈরগুরুজৈ রাজন্ জালরন্ধ্রবিনির্গতৈঃ ॥৫

পয়ঃফেননিভে শুভ্রে পর্য্যঙ্কে কশিপুস্তমে।
উপতস্থে সুখাসীনং জগতামীশ্বরং পতিম্ ॥৬

অন্বয়ঃ

শ্রীশুকঃ উবাচ। যদুদ্বহঃ সুখম্ আসীনং জগদ্গুরুং স্বতল্পস্থং স্বস্য পতিং শ্রীকৃষ্ণং সখীজনৈঃ সহ ভৈষ্মী রুক্মিণী ব্যজনেন চামরেণ পর্য্যচরৎ সেবিতবতী ॥১

যঃ তু ঈশ্বরঃ লীলয়া অনায়াসেন এব এতৎ বিশ্বং সৃজতি, অবতি পালয়তি, অত্তি সংহরতি চ, সঃ হি অজঃ জন্মরহিতঃ অপি স্বসেতূনাং স্বকৃত-ধর্ম্মমর্য্যাদানাং গোপীথায় পরিরক্ষণায় যদুষু জাতঃ ॥২

ব্রাজন্মুক্তালম্বিবিলম্বিনা (ব্রাজন্তি যানি মুক্তালম্বীনি তেষাং বিলম্বা যস্মিন্ তেন) বিতানেন চন্দ্রাতপেন তথা মণিময়ৈঃ দীপৈঃ অপি বিরাজিতে তথা মল্লিকাদামভিঃ পুংসঃ চ বিরাজিতে অস্মিন্ গৃহে ॥৩-৪

পয়ঃফেননিভে শুভ্রে, শুভ্রে বর্ণে, কশিপুস্তমে উত্তম-শয্যায়াং সুখং যথা স্যাৎ তথা আসীনং জগতাম্ ঈশ্বরং পতিং শ্রীকৃষ্ণম্ উপতস্থে অসেবত ॥৬

ষষ্ঠিতম অধ্যায়।

[রুক্মিণী এবং শ্রীকৃষ্ণের প্রণয় কলহ বর্ণন।]

শ্রীশুকদেব বলিলেন,—হে নরনাথ! এক দিবস রুক্মিণীর গৃহে জগদ্গুরু পরাৎপর শ্রীকৃষ্ণ পালঙ্কোপরি সুখে শয়ান ছিলেন; দেবী রুক্মিণী সখিজনে পরিবৃতা হইয়া চামর হস্তে বীজন-করত স্বামীর সেবা করিতে লাগিলেন।১

অহো! যিনি অবলীলাক্রমে এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও সংহার-কার্য্য করিয়া থাকেন, যিনি স্বয়ং জন্মাদির অতীত হইলেও স্বকৃত ধর্ম্ম-মর্য্যাদার পালনার্থ যদুকুলে জন্মপরিগ্রহ করিয়াছেন, সেই দিবস তাদৃশ ভগবানেরও সেবায় নিরতা ছিলেন।২

রুক্মিণীর রূপসৌন্দর্য্য বর্ণনার অতীত! তাঁহার গৃহের অভ্যন্তরে মুক্তালম্বিবিলম্বিত চন্দ্রাতপ, মণিময় দীপশ্রেণী, মল্লিকা কুসুমের মালা এবং সেই মালার গন্ধে আকৃষ্ট ভ্রমরসমূহের সমাগমে কি মনোহর সৌন্দর্য্যেরই আবির্ভাব হইয়াছিল।৩-৪

পরাভক্তির ন্যায় গৃহমধ্যে প্রবিষ্ট শশধরের বিমল উজ্জ্বল-জ্যোতি, পারিজাত বন হইতে আমোদিত উদ্যান-বায়ুর মৃদুমন্দ সঞ্চালন এবং গৃহ-গবাক্ষ হইতে বিনির্গত ধূপ ও অগুরু গন্ধে গৃহের অতি মনোহর ভাবেরই পরিচয় হইয়াছিল।৫

এইরূপ অপূর্ব্ব শোভাবিশিষ্ট অন্তঃপুর-মধ্যে পর্য্যঙ্কোপরি দুগ্ধফেন-সদৃশ অতি উত্তম শুভ্র শয্যায়

বালব্যজনমাদায় রত্নদণ্ডং সখীকরাৎ।
তেন বীজয়তী দেবী উপাসাঞ্চক্র ঈশ্বরম্ ॥৭

সোপাচ্যুতং কলয়তী মণিনূপুরাভ্যাং
রেজেঽঙ্গুলীয়বলয়ব্যজনাগ্রহস্তা।
যদ্ব্রাম্বুগুচ্ছকুচকুঙ্কুমশোণহার-
ভাসা নিতম্বধৃতয়া চ পরার্ধ্যকাঞ্চ্যা ॥৮

সখীকরাৎ সখ্যাঃ করাৎ যদ্বা রত্নদণ্ডং বালব্যজনং চামরম্ আদায়, তেন চামরেণ বীজয়তী দেবী রুক্মিণী ঈশ্বরম্ উপাসাঞ্চক্রে ॥৭

অঙ্গুলীয়বলয়ব্যজনাগ্রহস্তা (অঙ্গুলীয়বলয়ব্যজনানি অঙ্গুরীয়ক-বলয়-চামর-বেণের সর্বাঙ্গসুন্দরত্বাৎ কৃষ্ণস্য শোভাবহা) কলয়তী (ব্যজন-চামর-বেণের সর্বাঙ্গসুন্দরত্বাৎ কৃষ্ণস্য শোভাবহা) উপ অচ্যুতম্ অচ্যুত-সমীপে স্থিতা সা রুক্মিণী মণি নূপুরাভ্যাং রত্নাঙ্গদ সঞ্জিতাভ্যাং পুরুষোঃ ভঙ্গীত্রয়োঃ কৃতয়োঃ ভূত্বা যোগো যো যুক্তায়োঃ তত্র তাভ্যা শোভ্যা তথা বিভয়োঃ কৃতা পরার্ধ্যতা অবর্ণনা কাঞ্চী চ যেন ॥৮

নীলয়া বিবিক্তকৃতা দ্বিতয়োঃ ভীলক্ষয়ত্বতয়ত তদন্তঃ

তাং রুক্মিণীং শ্রিয়মনন্যগতিং নিরীক্ষ্য
যা লীলয়া ধৃততনোরনুরূপরূপা।
প্রীতঃ স্ময়ন্নলকুণ্ডলনিষ্কতণ্ড-
বক্ত্রোল্লসৎস্মিতসুধাঃ হরিরাবভাষে ॥৯

শ্রীভগবানুবাচ।

রাজপুত্রীপ্সিতা ভূপৈর্লোকপালবিভূতিভিঃ।
মহানুভাবৈঃ শ্রীমদ্ভী রূপৌদার্য্যবলোজ্জিতৈঃ ॥১০

অনন্যগতিং (অনুরূপং ত্বদং যস্যাঃ সা) রুক্মিণী তাং বীক্ষ্য-মনুরূপরূপবতিনীম্ অতএব অনন্যৈঃ দুর্লভাম্যাং তথা নিতম্বানুরূপাভ্যাং তাভ্যাং চ শোভিতে যস্যাং ঈদৃশী স্থিতরূপা নৈব পুনা যস্যাঃ তাম্ ; অবজগতিং (ন বিদ্যতে অন্যা গতিঃ যস্যাঃ তাং) শ্রিয়ং লক্ষ্মীং বিবীক্ষ্য শ্রীঃ হরিঃ যদ্বন্ ঈদৃশ ইদন্ আবভাষে ইতবান্ ॥৯

শ্রীভগবান্ উবাচ। হে রাজপুত্রি। লোকপালবিভূতিভিঃ (লোকপালানাম্ ইন্দ্রাদীনাম্ ইব বিভূতিঃ ঐশ্বর্য্য যেষাং তৈঃ) মহানুভাবৈঃ শ্রীমদ্ভিঃ বর্ত্তমানৈঃ অপৌরুষেয়বলোজ্জিতৈঃ (রূপং সৌন্দর্য্যম্, ঔদার্য্যং মুক্তহস্ততা, বলং পরনিগ্রহসামর্থ্যং, তৈঃ উজ্জিতৈঃ উৎকৃষ্টৈঃ) ভূপৈঃ যদ্ যদ্ ঈপ্সিতা অভীষ্টা ॥১০

সুখে যেরেষেব শ্রীপতিকে রুক্মিণী স্বয়ং সেবা করিতে-ছিলেন ।৬

সখীর হস্ত হইতে রত্নদণ্ড চামর নিজে গ্রহণ-করত, তদ্বারা বীজনে দেবী রুক্মিণী জগদীশ্বরের শুশ্রূষা করিতে লাগিলেন ।৭

অঙ্গুরীয় ও বলয়যুক্ত রুক্মিণী যখন বীজন করিতে-ছিলেন, তখন শ্রীকৃষ্ণসমীপে তাঁহার কিরূপ শোভার যে বৃদ্ধি হইয়াছিল, তাহা বর্ণনাতীত। কারণ বীজনোপলক্ষে তাঁহার সকল দেহাবয়বের কম্পনে মণিময় নূপুরাদি অলঙ্কারের রণরণি হইতে লাগিল। রত্নাঙ্গলে আবৃত কুঙ্কুমরাগরঞ্জিত কুচযুগল তদুপরি নির্মল মুক্তাহার এবং গুরুনিতম্বোপরি পরিবেষ্টিত মূল্য-বান্ কাঞ্চীতে যেন ললনাজনের ললামভূতারূপে তিনি

পরিলক্ষিত হইলেন ।৮

অহো! পরাৎপর পরমেশ্বর যেমন কার্য্যসাধনার্থ মনুষ্য-বিগ্রহে আবির্ভূত হইয়াছিলেন, সাক্ষাৎ কমলাও তদনুরূপ মানবীরূপে তৎসন্নিধানে উপস্থিত ছিলেন। অলকা, কুণ্ডল, কণ্ঠে পঙ্কজ এবং সুধাবিনিন্দিত সুমধুর হাস্য-বিকসিত অধরকমলের প্রকাশে কৃষ্ণাস্যপ্রাণা স্বয়ং লক্ষ্মী রুক্মিণী যখন কৃষ্ণসমীপে উপস্থিত ছিলেন তখন তাঁহাকে নয়নগোচর করিয়া ভগবান্ প্রসন্নচিত্তে তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ।৯

শ্রীকৃষ্ণ বলিলেন, হে রাজনন্দিনী! ইন্দ্রাদি লোকপাল-সদৃশ বিভূতিবিশিষ্ট রূপবান্, বলবান্, বলবান্ এবং অতুল ঐশ্বর্য্যের আকর-স্বরূপ অনেক মহানুভব নরপতি তোমাকে পাইবার জন্য প্রার্থিত ছিলেন ।১০

তান্ প্রাপ্তানর্থিনো হিত্বা চৈদ্যাদীন্ সুহৃদুর্দমান্।
দত্তা ভ্রাতা পিতা চ কন্যাম্মো বরয়েঽসমান্ ॥১১
রাজভ্যো বিভ্যতঃ সুপ্ত সমুদ্রং শরণং গতান্।
বলবদ্ভিঃ কৃতদ্বেষান্ প্রায়স্ত্যক্তনৃপাসনান্ ॥১২
অস্পষ্টবর্ত্মনাং পুংসাল্লোকপদ্ধতিমীয়ুষাম্।
আশ্বিতাঃ পদবীং সুভ্রু প্রায়ঃ সীদন্তি যোষিতঃ ॥১৩
নিষ্কিঞ্চনা বয়ং শশ্বন্নিষ্কিঞ্চনজনপ্রিয়াঃ।
তস্মাৎ প্রায়েণ ন হ্যাঢ্যা মাং ভজন্তি সুমধ্যমে ॥১৪
যদ্যেষাত্মসমং বিত্তং জন্মৈশ্বর্য্যাকৃতির্ভবঃ।
তদ্যোষিদ্বাহো মৈত্রী চ নোত্তমাধময়োঃ ক্বচিৎ ॥১৫
বৈদর্ভ্যেতদবিজ্ঞায় ত্বয়া দীর্ঘসমীক্ষয়া।
বৃতা বয়ং গুণৈর্হীনা ভিক্ষুভিঃ শ্লাঘিতা মুধা ॥১৬

অতঃ ত্রাতা পিতা চ ত্বেতঃ দত্তা অপি ত্বয় অর্থিনঃ রাজন্যান্ চাদ্যান্ উপস্থিতান্, তান্ সুহৃদুর্দমান্ (সুহৃদো ভ্রাতৃবেন ভূতঃ বঃ যেষাং তান্) চৈদ্যাদীন্ হিত্বা অসমান্ ধনসম্বন্ধরহিতান্ মঃ অস্মান্ কস্মাৎ বয়ং বৃতবতী ॥১১

রাজন্যান্ অস্মান্ রক্ষণপাত্রবতি ; হে সুভ্রু ! রাজভ্যঃ বিভ্যতঃ তস্য প্রাপ্তভয়ঃ সমুদ্র শরণং গতান্ সমুদ্রাভ্যন্তরং আশ্রিতবান্, বয়ং বলবদ্ভিঃ কৃতদ্বেষান্ (কৃতঃ দ্বেষঃ যৈঃ তান্) প্রায়ঃ ত্যক্তনৃপাসনান্ ॥১২

অস্পষ্টবর্ত্মনাম্ অলোকপথম্ (অলোকং লোকাতীতং পথং) ঈষুষাং গচ্ছতাং পুংসাং মূঢ়ানাং পদবীম্ আশ্রিতাঃ অনুবর্ত্তমানাঃ যোষিতঃ হে সুভ্রু ! প্রায়ঃ সীদন্তি ক্লিশ্যন্তি ॥১৩

বয়ং নিষ্কিঞ্চনাঃ ধনসম্পত্তিরহিতাঃ, তথা শশ্বৎ নিষ্কিঞ্চনপ্রিয়াঃ (নিষ্কিঞ্চনাঃ ধনাঃ প্রিয়াঃ যেষাং তথাভূতাঃ)

তোমার ভ্রাতা এবং জনকও তাঁহাদের হস্তে তোমাকে সমর্পণ করিতে প্রস্তুত ছিলেন ; কিন্তু তুমি তাদৃশ কন্দর্পদমন্বিত প্রার্থী উপস্থিত রাজাগণকে উপেক্ষা করিয়া আমার ন্যায় অসুপযুক্ত ব্যক্তিকে কি অভিপ্রায়ে বরণ করিলে ?।১১

হে সুভ্রু ! প্রবলপরাক্রম জরাসন্ধাদি নৃপতিগণের ভয়ে ভীত হইয়া আমি যেন পরিত্যাগে সমুদ্রের মধ্যস্থ দ্বীপে বাস করিতেছি। যাবতীয় বলবান্ ব্যক্তিগণের সহিত এরূপ কলহ করিয়াছিল যে তজ্জন্য রাজাসন হইতে প্রায় পরিচ্যুত হইয়াই চিরকাল অতিবাহিত করিলাম ।১২

হে সুভ্রু ! আমাদের ন্যায় আচার, ব্যবহার ও লোকানুশাসনে সম্পূর্ণ অনভিজ্ঞ ব্যক্তিগণের অনুসরণ যাহারা করে, তাহারা পরিণামে প্রায় অতঃ হে সুমধ্যমে। তস্মাৎ প্রায়েণ হি আঢ্যাঃ ধনিনঃ মাং ন ভজন্তি ॥১৪

(বিবাহশ্চ তথা মৈত্রী সমযোগেষু শোভতে ইতি ন্যায়বিরোধাদসমযোগেষি আধয়োঃ সম্বন্ধো ন যুক্ত ইত্যভিপ্রায়েণাহ) যদ্যেতি আত্মসমং পরস্পরতুল্যং বিত্তং ঐশ্বর্য্যাকৃতিঃ (ঐশ্বর্য্যাদ্যাঃ সহিতা আকৃতিঃ সৌন্দর্য্যং) তথা জন্মকর্মবিদ্যাদ্যং ঔভয়তুল্যং তবেৎ, তদাত্র এব বিবাহঃ সুভ্রু মৈত্রী চ যুক্তা। ঔত্তমাধময়োঃ তু বিবাহঃ ন যুক্তঃ ॥১৫

হে বৈদর্ভি ! এত পূর্বোক্তম্ ন্যায়তঃ অবগুরুত্বম্ অবিজ্ঞায় ত্বয়া দীর্ঘয়া ভেদেন ভিক্ষুভিঃ ব্রাহ্মণাদিভিঃ মুধা বৃথা এব শ্লাঘিতাঃ বয়ং অকীর্তনমীক্ষয়া (অকীর্তা অবৃতা সতীক্ষা বিচারঃ যস্যাঃ তয়া) ইত্থা কৃত্বৈব বৃতাঃ ॥১৬

ক্লেশভাগী হয় ।১৩

তাহাতে আবার আমাদের কোন ধনসম্পত্তি নাই এবং ধনবান্ সম্পত্তিশালী লোকের সহিত সৌহার্দ্যও নাই ; প্রায় নিঃস্ব ব্যক্তিগণই আমাদের সহিত সম্পর্ক রাখে ; ধনবানের সহিত কোন সংস্রবই নাই ।১৪

বিবাহের সম্বন্ধ বা মিত্রতার সংস্থাপন উভয় সমপক্ষের মধ্যেই প্রকৃত শোভা পাইয়া থাকে ; কিন্তু ইহার বৈপরীত্যে আমাদের পরস্পরের মধ্যে এরূপ বিবাহ-সম্বন্ধ তাদৃশ যুক্তিযুক্ত হয় নাই। যাহাদের ধন তুল্যরূপ এবং বংশমর্য্যাদা, ঐশ্বর্য্য, সৌন্দর্য্য এবং জীবনের ভাবী ফল প্রায় একরূপ থাকে, তাহাদের মধ্যেই পরস্পরের বিবাহ ও মিত্রতা-স্থাপনের বিশেষ ফল হইয়া থাকে। কিন্তু বিবাহসূত্রে

অথাত্মনোঽনুরূপং বৈ ভজস্ব ক্ষত্রিয়র্ষভম্।
যেন ত্বমাশিষঃ সত্যা ইহামুত্র চ লপ্স্যসে ॥১৭
চৈদ্য-শাল্ব-জরাসন্ধ-দন্তবক্রাদয়ো নৃপাঃ।
মম দ্বিষন্তি বামোরু রুক্মী চাপি তবাগ্রজঃ ॥১৮
তেষাং বীর্য্যমদান্ধানাং দৃপ্তানাং স্ময়নুত্তয়ে।
আনীতাসি ময়া ভদ্রে তেজোঽপহরতাসতাম্ ॥১৯

অথ তস্মাৎ অনুরূপং আত্মনঃ অনুরূপং ক্ষত্রিয়র্ষভং বৈ ভজস্ব। যেন ভজনেন ত্বং ইহ অমুত্র চ সত্যাঃ সত্যীঃ আশিষঃ ফলান্ লপ্স্যসে ॥১৭

হে বামোরু! চৈদ্যশাল্বজরাসন্ধদন্তবক্রাদয়ঃ নৃপাঃ তথা এব অগ্রজঃ রুক্মী অপি মম দ্বিষন্তি ॥১৮

অতঃ বীর্য্যমদেন অন্ধানাং বিবেকশূন্যানাং দর্পিতানাং তেষাং বিশুদ্ধানাসীনাং স্ময়নুত্তয়ে গর্ব্বিতবাক্যস্য অনন্তরং ছেত্তুং তেজঃ অপহরতা ময়া হে ভদ্রে! ত্বম্ আনীতাসি ॥১৯

বিদ্যুঃ সর্ব্বতো বয়ং উদাসীনাঃ সর্ব্বত্রাসক্তিবর্জিতাঃ।
আত্মলব্ধ্যাস্মহে পূর্ণা নেহয়োর্জ্যোতিরক্রিয়াঃ ॥২০

শ্রীশুক উবাচ।
এতাবদুক্ত্বা ভগবানাত্মানং বল্গতাবিব।
মন্যমানাবধিং বিপ্রো তদর্থস্য উপারমৎ ॥২১

যা মিত্রতার অনুরোধে একজন অধমের সহিত উত্তমের সম্বন্ধ ঘটিলে, কখনও পরস্পরের প্রীতিলাভ হয় না ॥১৫

হে বিদর্ভ-রাজনন্দিনি! তুমি আমাদের পরস্পরের মধ্যে একান্ত বৈসাদৃশ্যের প্রতি লক্ষ্য না করিয়াই সম্পূর্ণ অযোগ্যদর্শন পুরুষসরই আমার ন্যায় গুণহীন ব্যক্তিকে নিরর্থক পতিত্বে বরণ করিয়াছ। দেখ! যাহারা নিতান্ত নিঃস্ব, তাদৃশ নারায়ণাদি ভিক্ষুকগণ ব্যতীত জগতে অন্য কেহ আমাদের মর্য্যাদা কখন করে না ॥১৬

অতএব আমার বিবেচনায় তোমার পক্ষে উদ্যমসহকারে নিজের অনুরূপ কোন শ্রেষ্ঠ ক্ষত্রিয়কে পতিরূপে গ্রহণ করাই সর্ব্বতোভাবে কর্ত্তব্য। তাহা হইলে, তুমি ইহ জগতে এবং পর জীবনে যে অভীষ্ট লাভে সুখী হইবে, তাহাতে আর সন্দেহ নাই ॥১৭

তবে আমি যে তোমাকে সর্ব্বসমক্ষে হরণ করিয়া আনিয়াছি, তাহার কারণ এই যে, চৈদ্য, শাল্ব, জরাসন্ধ এবং দন্তবক্রাদি নৃপতিবৃন্দ এমন কি তোমার অগ্রজ ভ্রাতা রুক্মী পর্য্যন্ত আমার বিলক্ষণ বিদ্বেষ-ভাজন। দেহেন্দ্রিয়াদি অপি লোভিঃ অক্রিয়াঃ জ্যোতিঃ প্রধানাদিবৎ সাক্ষিমাত্রতয়া সর্ব্বাধিষ্ঠানরহিতাঃ ইব স্বয়ং আত্মনে স্বরূপায়ে। অতঃ নূনং বিশ্বরূপেন ন স্বয়া ত্রাপ্তার্থকামুকাঃ শ্রীপুত্রবন্ধ্যাদিরহিতাঃ ॥২০

শ্রীশুকঃ উবাচ। অবিদ্বেষাৎ হেতোঃ আত্মানং আত্মান্ ইব ইতরপুরুষপক্ষতা ভগবতঃ নিরতিশয়প্রীতিবিষয়াঃ মন্যমানায়াঃ অতএব রুক্মিণ্যাঃ এতাবৎ উক্ত্বা তদর্থস্য (ততঃ দর্পঃ গর্বঃ অপবেতুকামঃ) ভগবান্ উপারমৎ মুখাৎ বভূব ॥২১

ইতি ত্রিলোকেশপতেস্তদাত্মনঃ
প্রিয়স্য দেব্যশ্রুতপূর্বমপ্রিয়ম্।
আশ্রুত্য তীব্রো হৃদি জাতবেপথু-
শ্চিন্তাং দুরন্তাং রুরুধে গতাম্ভসা ॥২২
পদা সুজাতেন নখারুণশ্রিয়া
ভুবং লিখন্ত্যশ্রুভিরঞ্জনাসিতৈঃ।
আসিঞ্চতী কুঙ্কুমরূষিতৌ স্তনৌ
তস্থাববোমুখ্যতিদুঃখরুদ্ধবাক্ ॥২৩

তস্যাঃ সুদুঃখরুদশোকবিনষ্টবুদ্ধে-
র্হস্তাৎ স্রথদ্বলয়তো ব্যজনং পপাত।
দেহশ্চ বিস্রংবিষয়ঃ সহসৈব মুহ্যন্
রম্ভেব বাতবিহতা প্রবিকীর্য কেশান্ ॥২৪
তদ্ দৃষ্ট্বা ভগবান্ কৃষ্ণঃ প্রিয়ায়াঃ প্রেমবন্ধনম্।
হাস্যপ্রৌঢ়িজ্ঞানায়াঃ করুণঃ সোঽন্বকম্পত ॥২৫
পর্যঙ্কাদবরুহ্যাশু তামুত্থাপ্য চতুর্ভুজঃ।
কেশান্ সমুহ্য তদ্বক্ত্রং প্রামৃজৎ পদ্মপাণিনা ॥২৬

ত্রিলোকেশপতেঃ। ত্রিলোকেশাঃ ব্রহ্মাদয়ঃ তেষাং পতেঃ পালকস্য) আত্মনঃ নিজস্য ভর্তুঃ ইতি এবম্ভূতম্ অপ্রুতপূর্বং তস্য অপ্রিয়ং বচনম্ আশ্রুত্য (আশব্দস্যার্থমাহ) শ্রুত্বা, অতঃ তীব্রবেপথুঃ অতিশয়বেপথুঃ এতাবতা সতী হৃদি হৃদয়ে চিন্তাং রুরুধে ॥২২

নখারুণশ্রিয়া (নখৈঃ অরুণা শ্রীঃ কান্তিঃ যস্য তেন) সুজাতেন সুকোমলেন পদা বামপাদাগ্রেণ ভুবং লিখন্তী ভূবঃ অঞ্জনাসিতৈঃ (অঞ্জনেন অসিতৈঃ শ্যামৈঃ) অশ্রুভিঃ বাষ্পবারিভিঃ স্তনৌ আসিঞ্চতী অভিষিঞ্চন্তী (অভিঃ এষা ধাতু স্তস্যাঃ সা) কুঙ্কুমৈ রূষিতৌ সন্তৌ তস্থৌ ॥২৩

সুদুঃখরুদশোকবিনষ্টবুদ্ধেঃ (সুদুঃখং যদ্ রুদনং তেন শোকেন বিনষ্টা বুদ্ধিঃ যস্যাঃ তস্যাঃ) তস্যাঃ হস্তাৎ (হি ইতি বৃদ্ধিঃ যস্যাঃ) তস্যাঃ হস্তাৎ স্রথদ্বলয়তঃ (স্রথন্তি বলয়ানি যস্মাৎ তস্মাৎ) হস্তাৎ ব্যজনং চামরং পপাত তথা বিস্রংবিষয়ঃ (বিস্রংসী ধাতুলুপ্ তৎ যস্যাঃ তস্যাঃ) দেহশ্চ মুহ্যন্ বাতবিহতা (বাতেন প্রচণ্ডবায়ুবেগেন বিহতা) রম্ভা কদলীবৃক্ষঃ ইব কেশান্ প্রবিকীর্য সহসা এব বভূবাপতৎ পপাত ॥২৪

তদা সঃ ভগবান্ কৃষ্ণঃ হাস্যপ্রৌঢ়িঃ চাতুর্যম্ অজানন্ত্যাঃ প্রিয়ায়াঃ তৎ প্রেমবন্ধনং প্রেমপাশং চতুর্ভুজঃ কৃষ্ণঃ এব অবকম্পত কৃপাং কৃতবান্ ॥২৫

চতুর্ভুজঃ (ঈষাপাণ্ডুরেণ-বক্ত্রপরিমার্জনার্থমধিকৃত-চতুর্ভুজঃ সন্) শ্রীকৃষ্ণঃ আশু পর্যঙ্কাৎ অবরুহ্য পতিত্বাৎ তাং রুক্মিণীম্ উত্থাপ্য তস্যাঃ কেশান্ সমুহ্য বিস্রস্তা পদ্মপাণিনা (পদ্মবৎ কোমলেন করতলেন) তস্যা বক্ত্রং প্রামৃজৎ ॥২৬

পরিহাসোক্তি বলিয়া মনে হইলেন ॥২১

ব্রহ্মাদি লোকপালগণের অধীশ্বর শ্রীকৃষ্ণের তাদৃশ অশ্রুতপূর্ব অপ্রিয় বাণী শ্রবণ করিয়া দেবী রুক্মিণী মনে মনে অত্যন্ত ব্যথিত হইলেন; বিচ্ছেদ ভয়ে তাঁহার হৃদয় কম্পিত হইয়া উঠিল; তিনি গভীর দুশ্চিন্তায় নিমগ্না হইয়া রোদন করিতে লাগিলেন ॥২২

এবং সুচারু নখর-সমূহের অরুণ জ্যোতিতে অপূর্ব শোভাসম্পন্ন সুকোমল বাম পদকমলের বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রভাগের দ্বারা যেন ধরণীপৃষ্ঠে কিয়ৎক্ষণ কি লিখিতে লাগিলেন; কজ্জল-রঞ্জিত লোচনযুগকে স্রাবিত করত, অঞ্জনরঞ্জিত অশ্রুধারা অবিরলধারে বিগলিত হইয়া তদীয় বক্ষোপরি কুঙ্কুমরঞ্জিত স্তনযুগলকে নিরন্তর অভিষিক্ত করিতে লাগিল। দুঃখের আবেগে রুক্মিণীর কণ্ঠ রুদ্ধ হইয়া গেল; তিনি অধোমুখে ক্ষণকাল কেবল হস্তাবরানই রহিলেন ॥২৩

কিন্তু অপ্রিয় ভাষণের দারুণ দুঃখ, বিচ্ছেদের আশঙ্কা এবং অনুতাপ রুক্মিণীর হৃদয়কে এতই প্রবলবেগে আক্রমণ করিয়াছিল যে, তাঁহার বুদ্ধি একান্ত বিহ্বল হইয়া পড়িল; অঙ্গপ্রত্যঙ্গ এতই দুর্বল ও ক্ষীণ হইয়া পড়িল যে, তাঁহার হস্তের মণিবন্ধ বিগলিত হইয়া বলয়ের কৃবিরে পড়িয়া গেল; শীর্ণতা-নিবন্ধন শিথিল করকমল হইতে ব্যজন নিম্নে পতিত হইয়া গেল। তাঁহার চৈতন্য ক্রমশঃ বিলুপ্ত হইয়া আসিল; তখন বাত্যাহত রম্ভাতরুর ন্যায় রুক্মিণীর সুকোমল দেহতরু প্রবল দুঃখের

প্রমৃজ্যাশ্রুকলে নেত্রে স্তনৌ চোপহৃতৌ শুচা।
আশ্লিষ্য বাহুনা রাজন্ অনন্যবিষয়াং সতীম্ ॥২৭
সান্ত্বয়ামাস সান্ত্বজ্ঞঃ কৃপয়া কৃপণাং প্রভুঃ।
হাস্যপ্রৌঢ়িভ্রমদ্ভিত্তাযতপর্ব্বাং সতীং সতিঃ ॥২৮

শ্রীভগবানুবাচ।

মা মা বৈদর্ভ্যসূয়েথা জানে ত্বাং মৎপরায়ণাম্।
স্বদৃষ্টঃ শ্রোতৃকামেন ক্ষেল্যাচরিতমঞ্জনে ॥২৯

মুখঞ্চ প্রেমসংরম্ভ-স্ফুরিতাধরমীক্ষিতুম্।
কটাক্ষেপারুণাপাঙ্গং সুন্দরভ্রুকুটীতটম্ ॥৩০

অয়ং হি পরমো লাভো গৃহেষু গৃহমেধিনাম্।
যন্নর্ম্মৈরীয়তে যামঃ প্রিয়য়া ভীরু ভামিনি ॥৩১

হে রাজন্! সাধ্বঃ সাধুসমাচারঃ সন্ত্বাং তৎকালাং পতিঃ প্রভুঃ শ্রীকৃষ্ণঃ অন্যকলে (অপ্রসাং কন্যাং বিদ্যঃ ঘন্যাঃ তে) নেত্রে তথা শুশ্রা শোকাশ্রুনা উপহৃতৌ আর্দ্রীকৃতৌ স্তনৌ চ প্রসজ্য বাহুনা আশ্লিষ্য কৃপণাং হাস্যপ্রৌঢ়ভ্রমদ্ভিত্তাং। হাস্য-প্রৌঢ়্যা ভ্রময় ঠিক ঘন্যাঃ তাং) সন্ত্বাং পতিব্রতাং কল্পিণী-কৃপয়া সান্ত্বয়ামাস ॥২৭-২৮

শ্রীভগবান্ উবাচ। হে বৈদর্ভি। মা মাং মা ম (মোষা-রোপেণ) অসূয়েথাঃ, যতঃ মৎপরায়ণাং (অহম এব পরম আশ্রয়ঃ যস্যাঃ তথাভূতাং) বাম্ অহং জানে; হে অঞ্জনে! (মদবচনেন কুতা সখী কিং বক্ষ্যতি ইতি) তব যতঃ শ্রোতৃকামেন শ্রোতুমিচ্ছতা এব ময়া ক্ষেল্যা পরিহাসেন এবম্

আচরিতম্ ইতঃ ইতি ॥২৯

প্রেমসংরম্ভস্ফুরিতাধরং (প্রেমসংরম্ভেণ প্রণয়কোপেন স্ফুরিতঃ প্রকম্পিতঃ অধরঃ যস্মিন্ তৎ) কটাক্ষেপারুণাপাঙ্গং (কটাক্ষেপাঃ বক্রদৃষ্টয়ঃ তৎসহিতাঃ অরুণাঃ অপাঙ্গাঃ নেত্রান্তে যস্মিন্ তৎ) অতএব সুন্দরভ্রুকুটীতটং (সুন্দরা ভ্রুকুটিতটঃ যস্মিন্ এবম্ভূতং) মুখং চ ঈক্ষিতুম্ এবং তথা এবম্ আচরিতম্ ॥৩০

(তং তু পরিহাসবচনমপি ন সহসে ভীরুস্বভাবেতি) হে ভীরুস্বভাবিনি। যং প্রিয়য়া সহ মর্ম্মৈঃ সম্ভাষিতঃ পরিহাসবাক্যৈঃ যামঃ কালঃ নীয়তে, তৎ অয়ম্ এব পুরুষস্য গৃহমেধিনাং গৃহস্থানাং পরমঃ লাভঃ মুখতরুপকরণম্ এব ॥৩১

প্রতিভাতে বিমোহিত হইয়া কেশজাল বিকীরণ পূর্ব্বক ধরণীপৃষ্ঠে অকস্মাৎ নিপতিত হইলেন ।২৪

প্রণয়িনীর তাদৃশ প্রেমবন্ধন ও হাস্যকৌতুকাদির সত্তীর ভবে তাঁহার সম্পূর্ণ অনভিজ্ঞতার পরিচয় প্রাপ্ত হইয়া, পরম কারুণিক কমললোচন ভগবান্ শ্রীকৃষ্ণ রুক্মিণীর প্রতি বিশেষ অনুগ্রহেরই প্রকাশ করিলেন ।২৫

তখন যেন ক্রুদ্ধ-চতুষ্টয়ের প্রকাশে শ্রীকৃষ্ণ তৎক্ষণাৎ পর্য্যন্ত হইতে অবরোহণ করত রুক্মিণীকে উত্তোলন করিলেন এবং প্রকীর্ণ কেশজালকে বন্ধন করত করকমলের দ্বারা তাঁহার বদন মার্জ্জিত করিলেন ।২৬

বাষ্পাকুলিত লোচনদ্বয় এবং কুচযুগল মার্জ্জিত করিয়া, হে রাজন্! সেই পতিপ্রাণা সতীকে তিনি বাহুদ্বয়ে গাঢ় আলিঙ্গন করিলেন ।২৭

ভগবান্ শ্রীকৃষ্ণ প্রভু শরণাগতা একনিষ্ঠা কামিনীর চিত্তবিনোদনে বিলক্ষণ পারদর্শী ছিলেন; সুতরাং উপহাসের সত্তীর ভবে একান্ত অনভিজ্ঞা সরল-হৃদয়া রুক্মিণীকে বিবিধ প্রণয়বাক্যে পরিসান্ত্বিত করিলেন ।২৮

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে বৈদর্ভি! তুমি আমার উপর দোষারোপ করত বিরক্ত হইও না। আমি যে তোমার একমাত্র অবলম্বন তাহা আমি বিলক্ষণ অবগত আছি; তুমি আমার পরিহাসের পাত্রী; আমার বাক্যে ক্রুদ্ধা হইয়া কিরূপ বল, তাহাই শুনিবার জন্য আমি পরিহাস করতই এরূপ বলিয়াছি ।২৯

প্রণয়-কোপে প্রকম্পিত অধরবিশিষ্ট ও কটাক্ষ-বিক্ষেপে আরক্ত লোচনপ্রান্ত-বিশিষ্ট ভ্রূকুটী দ্বারা কুটিল তোমার বদনকমলের যে কিরূপ শোভা পরিদৃষ্ট হয়, তাহাই অবলোকন করিবার জন্যই আমি তোমার সহিত এরূপ আলাপ করিয়াছি ।৩০

শ্রীশুক উবাচ।

সৈবং ভগবতা রাজন্ বৈদর্ভী পরিসান্ত্বিতা।
জ্ঞাত্বা তৎপরিহাসোক্তিং প্রিয়ত্যাগভয়ং জহৌ ॥৩২
বভাষ ঋষভং পুংসাং বীক্ষন্তী ভগবন্মুখম্।
সব্রীড়হাসরুচির-স্নিগ্ধাপাঙ্গেন ভারত ॥৩৩

রুক্মিণ্যুবাচ।

নমোবেদ্যাত্মরবিন্দবিলোচনাব
যদ্ বৈ ভবান্ ভগবতোঽসদৃশী বিভূম্নঃ।
ক্ব যে মহিন্ত্বামৃতবো ভগবাংস্ত্র্যধীশঃ।
ক্বাহং গুণপ্রকৃতিরজ্ঞগৃহীতপাদা ॥৩৪

শ্রীশুকঃ উবাচ। হে রাজন্! সা বৈদর্ভী রুক্মিণী ভগবতা এবং পরিসান্ত্বিতা, অতএব তস্য পরিহাসোক্তিং পরিহাসার্থং এবম্ উক্তং ন তাত্ত্বিকম্ ইতি জ্ঞাত্বা প্রিয়ত্যাগভয়ং প্রিয়কর্তৃক-ত্যাগভয়ং জহৌ ॥৩২

হে ভারত! সব্রীড়হাসরুচিস্নিগ্ধাপাঙ্গেন (সব্রীড়ঃ যঃ হাসঃ তেন রুচিরঃ স্নিগ্ধঃ যেষাম্ তাদৃশঃ অপাঙ্গঃ কটাক্ষঃ তেন) ভগবন্মুখং বীক্ষন্তী (বিশেষেণ নিরবধিরূপেণ ঈক্ষমাণা) রুক্মিণী পুনরপি ভগবন্তং পুংসাম্ পুরুষাণাম্ শ্রীকৃষ্ণং প্রতি বভাষে (তত্র বক্ষ্যমাণপ্রকারেণ বাক্যানি বভাষে তানি তদুৎকর্ষপরতয়া ব্যাখ্যাতবতী) ॥৩৩

রুক্মিণী উবাচ। হে নবারবিন্দবিলোচন! বিভূম্নঃ ব্যাপকস্য ভগবতঃ ঐশ্বর্য্যাদিগুণপরিপূর্ণস্য ভবতঃ অহম্ অসদৃশী অসমানা, ইতি যৎ ভবান্ আহ তৎ নহ তৎ এবং তদ্ভবতা বৈ যথার্থমেব। যতঃ যে মহিন্নি নিজানন্দস্বরূপে অধিষ্ঠিতঃ ভগবান্ বৈরাজাদি-গুণপূর্ণঃ, ত্র্যধীশঃ (ব্রহ্মণাং রজঃ-সত্ত্ব-তমসাম্ অধীশঃ নিয়ন্তা) ভবান্ ক? গুণপ্রকৃতিঃ গুণত্রয়াবয়বনির্ম্মিতা অজ্ঞগৃহীত-পাদা (অজৈঃ এব পুরুষৈঃ পাদৌ সেবাঃ ভবাদৃতা) অহং চ ক? অতঃ বৈষম্যনির্দ্দেশার্থঃ ॥৩৪

কিন্তু তুমি এতই ভীরু যে, পরিহাস-বাক্যও সহ্য করিতে পার না! কিন্তু হে ভামিনি! প্রেয়সী সহ প্রেয়ালাপপূর্ণ পরিহাস-বাক্যে কালাতিপাত করা গৃহস্থের পক্ষে অতীব প্রীতিপ্রদ ;।৩১

শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্! বিদর্ভ-রাজ-নন্দিনী রুক্মিণী যখন ভগবান্ শ্রীকৃষ্ণের প্রিয় বচনে এই প্রকারে পরিসান্ত্বিত হইলেন, তখন তিনি কৃষ্ণ-কথিত পূর্ব্বোক্ত বাক্যকে পরিহাসোক্তি বলিয়াই অবধারণ করিলেন এবং প্রাণপ্রিয় শ্রীকৃষ্ণ কর্তৃক তাঁহাকে পরিত্যাগের ভয় তাঁহার হৃদয় হইতে তখন অন্তর্হিত হইল।৩২

হে ভরতবংশাবতংস রাজন্ পরীক্ষিৎ! রুক্মিণী তখন সলজ্জ হাস্যবিশিষ্ট স্নিগ্ধ মধুর কটাক্ষপাতে ও অনিমিষ-লোচনে শ্রীকৃষ্ণের প্রতি নিরীক্ষণ করত, পূর্ব্বে শ্রীকৃষ্ণ স্বীয় নিজের পরিচয়ার্থ যে সকল উক্তি প্রয়োগ করিয়াছিলেন, এক্ষণে রুক্মিণী তদ্বিপরীতে শ্রীকৃষ্ণের ঐশ্বর্য্য স্থাপন পূর্ব্বক সেই সকল উক্তির প্রকৃত তাৎপর্য্য ব্যাখ্যা করত শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিতে লাগিলেন ।৩৩

রুক্মিণী বলিলেন,—হে পদ্মপলাশলোচন! আপনি সর্ব্বব্যাপক ও সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ। আপনি বলিয়াছেন যে, আমি আপনার সহিত কোন অংশে তুলনীয় নহি, তাহা প্রকৃতই বটে; কারণ নিজানন্দ-স্বরূপ স্বীয় অপার মহিমায় অবস্থান পূর্ব্বক বৈরাজাদি অশেষ গুণের পরিচয় আপনিই দিতেছেন! অতএব সত্ত্ব; রজঃ ও তমঃ এই গুণত্রয়ের সাক্ষাৎ নিয়ন্তা এবং ব্রহ্মাদি লোকপালগণের প্রেরয়িতা আপনি কোথায়! এবং গুণত্রয়ের কার্য্যসমূহে আবিষ্টচিত্তা এবং অজ্ঞানী মূঢ় জনগণ কর্তৃক কেবল প্রপূজিত-চরণা আমিই বা কোথায়! অতএব আপনার সহিত আমার যে যথেষ্ট বৈষম্য আছে, সে বিষয়ে আর

সত্যং ভয়াদিব গুণেষ্য উরুক্রমাস্তঃ
শেতে সমুদ্র উপলম্ভনমাত্র আত্মা।
নিত্যং কদিন্দ্রিয়শৈঃ কৃতবিগ্রহস্তৎ
ত্বৎসেবকৈর্নৃপশুভিঃ কিমুতাবৃতং নঃ ॥৩৫

(হরুক্রম রাজভ্যো বিভ্যতঃ ভুক্ত সমুদ্র পরম পরমাত্মেতি ভয়াদ সম্ভাবিতি) যে ঈশ্বরস্য! তদপেক্ষা (তদভাবাদ্ভূতঃ পরমাত্ম এব রাজভ্যঃ ভেভ্যঃ) ভয়াৎ ইব সমুদ্রে ইব অগাধে অন্তঃকরণে উপলম্ভনমাত্রঃ চৈতন্যঘনঃ আত্মা ভবান্ শেতে বিশ্রম্ভতে ভিত্তিতি ইতি সত্যম্ এব। (তদবহিঃ কৃতবেষাবিতি হরুক্রম তদপি সত্যমেব ইত্যাহ) কদিন্দ্রিয়শৈঃ কুৎসিতঃ বিষয়োন্মুখ ইন্দ্রিয়গণঃ যেষাং তৈঃ) হৃ নিত্যং কৃত-বিগ্রহঃ (পরস্পরসেব্য-সেবকভাবাভাবাৎ) যতঃ তাদৃক্-নৃপাদয়াবিতি, তদপি হৃকমেব যতঃ) নৃপশুভঃ (নৃপাণাং পশুঃ আদৃশ) অন্তঃ তমঃ ইতি যতঃ তৎসেবকৈঃ। (প্রিয়ব্রতাদিভিঃ)

তৎপাদপল্লবকলম্বুষাং মুনীনাং
বর্ষ্মাস্ফুটঃ নৃ-পশুভির্নিজ দুর্বিভাব্যম্।
যন্মাদলৌকিকমিবেহিতমীশ্বরস্য
কুর্বংস্তবেহিতমথো অনু যে ভবন্তম্ ॥৩৬

অপি তাদৃক্ম্, অতঃ তাদৃশসেবা দ্বারা তাদৃক্ ইতি পুনঃ কিং বক্তব্যম্ ॥৩৫

তৎপাদপল্লবকলম্বুষাং (তব পাদপল্লবাঃ যঃ মতঃ পরমানন্দাত্মকঃ তদভিন্নঃ তন্মুষাং তব সেবয়াবাধাং তদনুভবং কুর্বতাং) মুনীনাং মননশীলানাং বিবেকিনাং তথা তবস্য যে অন্তঃকরণে, যেষাং এব ভাবঃ বর্ষ্ম মার্গঃ অস্ফুটম্ ঈহিতং চ অলৌকিকম্ ইব অতএব উত্তমগণি নৃপশুভিঃ পশুকুল্যৈঃ অবিবেকিভিঃ নহ দুর্বিভাব্যম্ অবিজ্ঞেয়ম্ এব। অথ তস্যাং যে ভূমন্! তব ঈশ্বরস্য বর্ষ্ম অস্ফুটম্ ঈহিতং চ অলৌকিকং দুর্বিজ্ঞেয়ং চ ইতি বক্তব্যম্ ॥৩৬

সন্দেহ নাই ॥৩৪

রাজন্যগণের ভয়ে ভীত হইয়া আপনি সমুদ্রগর্ভে বাস করিতেছেন, এইরূপ যে পূর্ব্বে বলিয়াছেন, তাহা যথার্থই বটে; কারণ যাঁহার চরণচক্রের আক্রমণে স্বর্গ, মর্ত্ত ও পাতাল আক্রান্ত হইয়াছিল, তাঁহার আবার দেবতা বা মানব রাজগণের সন্নিধান হইতে ভয় হইবে এ কথাই সম্পূর্ণ অসম্ভব। তবে গুণপ্রবাহ হইতে সমুদ্ভূত অহঙ্কারাদি কার্য্যবর্গ বিবিধভাবে বিরাজ করে বলিয়া, রাজা নামে অভিহিত; সেই সকল রাজার ভয়ে ভীত হইয়াই যেন আপনি অগাধ সমুদ্রসদৃশ অন্তঃকরণের গভীর স্তরে অবগাহন পূর্ব্বক উপলব্ধিস্বরূপ চৈতন্যঘনরূপে শয়ন করেন বটে; বলবান্ ব্যক্তিগণের সহিত আপনার নিরন্তর কলহ হয় যে বলিয়াছেন, তাহাও সত্য বটে; বিষয়োন্মুখ কুৎসিত ইন্দ্রিয়বর্গই সেই বলবান্ বিদ্বেষী। অতএব যাহারা বিষয়-সেবায় সতত তৎপর, আপনি প্রভু ও সেব্য এবং জীবনিচয় আপনার সেবক এই ভাব যাহারা ধারণা করিতে সম্পূর্ণ অক্ষম, তাহাদের সহিতই আপনার নিত্য বিরোধ ঘটিয়া থাকে। রাজসিংহাসন আপনি ত্যাগ করিয়াছেন বলায়, কিন্তু অত্যুক্তি হয় নাই। কারণ যাহারা আপনার প্রিয় সেবক, সেই প্রিয়ব্রতাদি ভক্তগণই যখন ঘোর অজ্ঞানের আস্পদ বলিয়া রাজ-সিংহাসনকে পরিত্যাগ করিয়াছেন, তখন আপনি স্বয়ং তাহা ত্যাগ করিবেন, তাহাতে আর বিচিত্র কি ?৩৫

তবদীয় পাদপল্লবরূপ পরমানন্দরসে যাঁহারা একবার নিমগ্ন হন, তাদৃশ মননশীল বিবেকী মুনিগণ এবং তবদীয় ভক্তগণের আচরণ ও চেষ্টা যখন অলৌকিক এবং পশুতুল্য অবিবেকী মানব যখন তাঁহাদের কার্য্যকলাপ ও আচরণ অবধারণ করিতে পারে না, তখন হে সর্ব্বশক্তিমান্! সর্ব্বাধিপতি তবদীয় কার্য্যকলাপ এবং অস্পষ্ট-চেষ্টা যে অলৌকিক এবং ভাবনার অতীত হইবে, তাহাতে আর আশ্চর্য্য কি ?৩৬

নঞ্চিঞ্চনো ননু ভবান্ ন্বতোঽস্তি কিঞ্চিদ্
যস্মৈ বলিঃ বলিভুজোঽপি হরন্ত্যজাদ্যাঃ।
ন ত্বা বিদন্ত্যনুকৃতোঽন্তকমাদ্যতান্তাঃ
প্রেষ্ঠো ভবান্ বলিভুজামপি তেঽপি তুভ্যম্ ॥৩৭

তুভ্যং বিভো সমুচিতো ভবতঃ সমাজঃ
পুংসঃ স্ত্রিয়াশ্চ রতয়োঃ সুখ-দুঃখিনোর্ন হি।
যত্ত্বং স্বতল্পমুনিভির্গদিতানুভাব
আত্মাত্মদশ্চ জগতামিতি যে ব্রুতোঽবি।
হিত্বা ভবদ্ভ্রুব উদীরিত কালবেগ-
ধ্বস্তাশিষোঽজভবনাকপতীন্ কুতোঽন্যে ॥৩৯

অন্বয়ঃ হে প্রেষ্ঠো! ভবঃ সকলানাং কিঞ্চিৎ অপি ন্যূনং নাস্তি, তথাভূতঃ নিঞ্চিনঃ ভবান্ অতএব ব্রহ্মাদয়ঃ বলিভুজঃ (বলিং পূজাং ভুঞ্জতে যাচমূর্ত্তয়ঃ ইতি বলিভুজঃ) অপি যস্মৈ তুভ্যং বলিং পূজাং হরন্তি সমর্পয়ন্তি, তত সর্ব্বেশ্বরত্ব এব হরিত্বাং ভবং তাং। (নিঞ্চিনত্বমাহ্রিত্র ইত্যাদ্যাং) বলিভুজাং লোকেশ্বরাণাং ব্রহ্মাদীনাম্ অপি ভবান্ শ্রেষ্ঠঃ; তে ব্রহ্মাদয়ঃ অপি তুভ্যম্ এব প্রেষ্ঠাঃ। (আচ্যাং যাং ন ভবতে ইত্যাদ্যাং) আচ্যতাদ্যঃ (আচ্যতা স্বনাভিজনাদিভিঃ আচ্যতাভিমানেন অন্যাঃ বিবেকশূন্যাঃ; অতএব অনুকৃতঃ (অন্যং ইন্দ্রিয়াদি এব তর্পয়তি ইতি তথাভূতাঃ তে) অন্তকম্ আদ্যবধি কালরূপম্ অপি ত্বাং ন বিদন্তে ন জানন্তি, অতো ন ভজন্তি ॥৩৭

তুভ্যং বিভো সমুচিতো ভবতঃ সমাজঃ (ঈশ্বরত্বাভিমানমদান্ধতয়া সর্ব্বথা অযোগ্যচরণপূজার্থং প্রবৃত্তাঃ ব্রহ্মাদয়ঃ তু ভবন্তমেব সর্ব্বেশ্বরং জানন্তি ইত্যর্থঃ) পুংসঃ (তত্ত্বজ্ঞানেন তব দাস্যলাভেন পরমানন্দস্বরূপং) স্ত্রিয়াশ্চ (তত্ত্বজ্ঞানেন তব দাস্যলাভেন প্রাপ্তৌচিত্যেন) রতয়োঃ (তত্ত্বজ্ঞানেন তব দাস্যলাভেন পরমানন্দস্বরূপং) সুখদুঃখিনোর্ন হি (সর্ব্বথা ব্যবহারে বিদ্বদ্ভি

হে প্রেষ্ঠো! আপনি যে নিঞ্চিনতার পরিচয় দিয়াছেন তাহা যথার্থই বটে; তবে আপনার যে কিছুই নাই বলিয়া আপনি নিঞ্চিন, তাহা নহে; বস্তুতঃ আপনার কোন অভাবই নাই বলিয়াই আপনি নিঞ্চিনই; কারণ পূজাই ব্রহ্মাদি লোকপালগণ সকলেই আপনাকে বলি প্রদান করিয়া থাকেন। অতএব সর্ব্বেশ্বর হইয়া দারিদ্র্যবোধ আপনাতে কিরূপে সম্ভবপর হইতে পারে? দরিদ্রগণই আপনাকে প্রেম করে, এ কথাও অসঙ্গত। কারণ বলিভুক্ ব্রহ্মাদি লোকেশ্বরগণ যখন আপনাকে প্রেম করেন এবং আপনি তাঁহাদিগকে প্রেম করেন, তখন অন্য শ্রেষ্ঠত্বের আর কথা কি। তবে যাহারা ধন, মান ও আভিজাত্যাদিতে অভিমানী, তাহারা

তুভ্যং বিভো সমুচিতো ভবতঃ সমাজঃ (দেবদেবত্বভাবলক্ষণঃ সমাজঃ সমুচিতঃ এব। যতঃ পরস্পরানুরাগসমৃদ্ধয়োঃ অতএব সুখ-দুঃখিনোঃ পুংসঃ স্ত্রিয়াঃ চ সমাজঃ সোঽপি তেষাং ন উচিতঃ ॥৩৮

(ইতিহাসে প্রাবিদা যদ্যা ইত্যাদ্যং) যত্ত্বং নাস্তমুনিভিঃ (নাস্তঃ তাস্তঃ যতঃ প্রাণিহিংসা যৈঃ তে চ মুনয়ঃ তৈঃ) গদিতানুভাবঃ (গদিতঃ প্রাবিতঃ অনুভাবঃ যস্য তথাভূতঃ) জগতাম্ আত্মাদঃ (আত্মানং স্বতত্ত্বজ্ঞানম্ আদদাতি) চ ত্বম্ ইতি তাস্ত ভবন্তমেব (তাস্তঃ ক্রুরঃ) সকাশাৎ ঈরিতঃ যঃ কালঃ তস্য বেগেন ধ্বস্তাঃ আশিষঃ ভোগাঃ যেষাং তান্ অজভবনাকপতীন্ (অজস্য ব্রহ্মা, নাকপতয়ঃ ইন্দ্রাদয়ঃ ঘর্ষণস্য তান্) হিত্বা ঈশত্বং যে যয়া মৃতঃ অপি। অতঃ অন্যে ভৈষাময়ঃ কুতঃ বরণযোগ্যাঃ ইতি ॥৩৯

আপনাকে প্রেম করে না বটে; কারণ তাহারা ঐশ্বর্য্যমদে সম্পূর্ণ অন্ধ ও জ্ঞানহীন। ইন্দ্রিয়চরিতার্থ করাই তাহাদের একমাত্র লক্ষ্য; সুতরাং কালস্বরূপে কেশাগ্র ধারণ করিয়া আপনি যে তাহাদের অগ্রভাগে দণ্ডায়মান, তাহাও তাহারা অবিবেকিতাবশতঃ কেবল আপনাকে দর্শন করিতে পায় না ॥৩৭

আপনি জীবকে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্বিধ পুরুষার্থই প্রদান করিয়া থাকেন; আপনি পরমানন্দস্বরূপ পরমাত্মা। আপনাকে দর্শন করিবার অভিপ্রায়ে মতিমান্ বিবেকিগণ সাংসারিক সমস্ত ব্যবহারই পরিত্যাগ করিয়া থাকেন। আপনার সহিত সেব্য-সেবক-ভাব সম্বন্ধ করাই তাঁহাদের জীবনের এক মাত্র কার্য্য এবং পরস্পরের অনুরাগের

জাত্যং ব য গজাগ্রজ যত্ত্ব কৃপান্
বিব্রাব্য শার্ঙ্গনিনদেন জহর্থ মাং ত্বম্।
সিংহো যথা স্ববলিমীশ পশূন্ স্বভাগং
তেভ্যো ভয়াদ্ যদুধিয়ং শরণং প্রপন্নঃ ॥৪০

যদ্বাঞ্ছয়া নৃপশিখামণয়োঽঙ্গবৈন্য-
জায়ন্তনাহুষগয়াদয় ঐকপত্যম্।

রাজ্যং বিসৃজ্য বিবিশুর্বনমম্বুজাক্ষ
সীদন্তি তেঽনুপদবীং ত ইহাশ্রিতাঃ কিম্ ॥৪১

কান্তং শ্রয়েত তব পাদরজোজুষ-
মাত্মায় সমুখরিতং জনতাপঘর্ম্।
লক্ষ্মালয়ত্ববিগণয্য গুণালয়স্য
কর্ত্র্যা সদোরুভয়য়া বিবিক্তভূমিঃ ॥৪২

হে গজাগ্রজ! সিংহঃ যথা পশূন্ বলিমাত্মীয়ং বিব্রাব্য স্বয়মপি ভক্ষণায় হরতি, তথা ত্বং যঃ শার্ঙ্গ-ধনুর্বিনাদেন এব ভূপান্ বলাদস্মাকীনং বিব্রাব্য পলায়নং কারয়িত্বা মাং জহর্থ হৃতবান্ অসি; হে ঈশ! তত এব তেভ্যঃ রাজভ্যো ভয়াৎ ঈশ্বরং সমুদ্রং শরণং প্রপন্নঃ ইতি বা যঃ; তাদৃশং, তব জাতং এব ঐশ্বর্যং ॥৪০

হে অম্বুজাক্ষ! যত্ত তব বাঞ্ছয়া প্রার্থনয়া নৃপশিখামণয়ঃ রাজোত্তমাঃ অঙ্গাদয়ঃ ঐকপত্যং (একঃ পতিঃ যস্যাং সা একপতী তস্যা ভাবঃ তত্ত্বং তস্মাৎ) অপি রাজ্যং বিসৃজ্য তাক্ত্বা (তদ্ভজনার্থং তৎপ্রাপ্তি-

---

বিনিময়-লাভই একমাত্র লক্ষ্য। অতএব সংসারে সম্বন্ধে একান্ত দুঃখী নরনারীর পক্ষে প্রাকৃতিক সম্বন্ধকে উপেক্ষা করিয়া, এই পরমার্থ সম্বন্ধের জন্য যত্নশীল হওয়াই সর্ব্বতোভাবে বিধেয় ॥৩৮

ভিক্ষুকগণ নিরর্থক আপনাকে প্রেম করেন না। তাঁহারা হিংসাবৃত্তিকে সম্পূর্ণ পরিহার করত আপনার ঐশ্বর্য্যের বর্ণন করিয়া থাকেন। আপনি স্বীয় ভক্তগণকেই আত্মস্বরূপ প্রদান করিয়া থাকেন, ইহাই অবধারণ করিয়া আমি আপনাতে আত্মসমর্পণ করিয়াছি। কারণ আপনার ঈষৎ কটাক্ষে যে প্রচণ্ড কালের উদয় হয়, তাহার বেগ ইন্দ্রাদি লোকপালগণ, এমনকি কমলাসন ব্রহ্মা পর্য্যন্ত ধারণ করিতে পারেন না। কাল-স্রোতে তাহারাও ভোগে বঞ্চিত ও বিধ্বস্ত হইয়া পড়েন। অতএব আমি যখন তাদৃশ অমরেশ্বর ইন্দ্র বা প্রজাপতি ব্রহ্মাকে পর্য্যন্ত উপেক্ষা করিয়া সাক্ষাৎ কালকর্ত্তা আপনাকে পতিত্বে বরণ করিয়াছি, তখন ত্রৈলোকি নরপালগণ যে আমার সন্নিধানে নিতান্তই অকিঞ্চিৎকর, তাহাতে আর বক্তব্য কি ॥৩৯

হে গজাগ্রজ! পশুরাজ কেশরী যেমন মহিষাদি পশুকুলকে বিদূরিত করত স্বীয় ভাগ বলপূর্ব্বকই গ্রহণ করিয়া থাকে, সেইরূপ আপনিও স্বীয় শার্ঙ্গধনুর নিনাদের দ্বারাই জরাসন্ধাদি নরপতিকুলকে পলায়ন পরায়ণ করিয়া আমাকে হরণ করিয়াছেন। হে পদ্মনেত্র! তাদৃশ রাজন্যগণের ভয়ে ভীত হইয়া আপনি সমুদ্রে বাস করিতেছেন বলা, কি নিতান্ত অসঙ্গত ও অসত্য উক্তির প্রয়োগ করা হয় নাই ?৪০

হে পদ্মপলাশলোচন! ভবদীয় সাক্ষাৎকারের প্রার্থনায় অঙ্গ, পৃথু, ভরত, যযাতি এবং গয়াদি রাজচক্রবর্ত্তী নৃপতিগণ স্ব স্ব রাজ্য পরিত্যাগ পূর্ব্বক আপনার ভজনার্থ বনে গমন করিয়াছেন এবং তথায় সাধনের অনুসঙ্গে আপনাকে প্রাপ্ত হইয়াছেন। তাঁহারা কি আর সাধারণ ভোগী জীবের ন্যায় এই ঘোর সংসারে পুনরায় অবতরণ হইতে প্রার্থনা করেন ?৪১

হে ভগবান্! যাঁহারা ভবদীয় গুণগ্রামের অবধ

তং ত্বানুপথমজং জগতামধীশ-
মাত্মানমত্র চ পরত্র চ কামপূরম্।
স্বাগ্যে স্বধাল্লিবরণায় সৃতিভির্ভমন্ত্যা
যো বৈ ভজন্তমুপয়াত্যনৃতাপবর্গঃ ॥৪৩
তস্যাঃ ভবানবিরতং পরিশঙ্কমানঃ
স্ত্রীণাং গৃহেষু খর-গো-পু-খরাল-ভৃত্যাঃ।
যৎকর্ণমূলমরিকর্ষণ নোপযায়া-
দ্যুষ্মৎকথা মৃড়-বিরিঞ্চসভাসু গীতা ॥৪৪
ঘ্রন্-শুপ্র-রোম-নখ-কেশপিনদ্ধমন্ত-
র্মাংসাস্থি-রক্ত-কৃমি-বিট্-কফ-পিত্ত-বাতম্।
জীবচ্ছবং ভজতি কান্তমতির্বিমূঢ়া
যা তে পদাব্জমকরন্দমজিঘ্রতী স্ত্রী ॥৪৫

অন্বয়ঃ ॥৪৩

যে অরিকর্ষণ পরমপুরুষ! মৃড়-বিরিঞ্চিসভাসু গীতা কীর্তিতা যুষৎকথা যৎ কর্ণমূলং ন উপযায়াৎ উপগচ্ছেৎ, তস্যাঃ মায়ায়াঃ এব যে অনৃতাঃ। ভবতঃ উপদিষ্টাঃ স্ত্রীণাং গৃহেষু খর-গো-পু-বিড়াল-ভৃত্যাঃ। (খরাঃ ভারবাহাঃ। গাবঃ বলীবর্দাঃ। ঈব নিন্দ্যে খ্যাপ্যে ঃ। খাদ্যঃ ঈব অবধ্যতাঃ, বিড়ালাঃ ইব কৃপণাঃ হিংস্রাশ্চ; ভৃত্যাঃ ইব আজ্ঞানুবর্তিনঃ) তেষাং এব পতয়ঃ স্যুঃ। ন যস্য পতিরিতি ॥৪৪

ও কীর্তনাদি ব্যাপারে নিরত থাকেন, তাঁহারা অন্তে মুক্তিলাভ করেন, তাহাতে আর সন্দেহ নাই। কারণ আপনার চরণের মহিমা অনন্ত ও অপার। স্বয়ং কমলা ঐ চরণে আশ্রয় লাভ করিয়াই ঐশ্বর্যস্বরূপে অভিব্যক্তা হইয়াছেন। বিবেকী সাধু পুরুষগণই আপনার মহিমার পরিচয় দিয়া থাকেন। অতএব সর্বজ্ঞতাধার ভবদীয় চরণ-কমলের সৌরভ একবার আঘ্রাণ করিয়া কোন বিবেকবতী ললনা আবার আপনাকে উপেক্ষা করত নিরন্তর সংসার-ভয়ে ভীত ভৈরবাদির ন্যায় অতি তুচ্ছ ভোগীর আশ্রয়ে ভোগ প্রার্থনা করে ॥৪২

অতএব হে শ্রীকৃষ্ণ! জগতের অধীশ্বর সর্বান্তর্যামী যে পরাৎপর পরম পুরুষের কণামাত্র কৃপালাভে সংসারস্থ সকল জীবের সকল প্রার্থনারই পূরণ হইয়া থাকে, অনুপম প্রভাবশালী আপনার ন্যায় তাদৃশ উপযুক্ত পতিকেই আমি বরণ করিয়াছি। এখনে যাঁহার উপাসনা করিলে, তিনি নিজে উপাসকের সন্নিহিত হন এবং তদুপলক্ষে দেহাভিমান ও বিষয়াভিমান-নিবন্ধন বিবিধ দুঃখের নিবৃত্তি হইয়া থাকে, আপনার তাদৃশ স্বতন্ত্রপথ আমার ন্যায় স্ত্রৈণভিখ্যাগামি বিচিত্র যোনিতে নিরন্তর জন্ম ধারণ পূর্বক সংসারপথে ভ্রাম্যমাণ জীবের পক্ষে সেবা করিবার পরম আশ্রয়রূপে যেন নিরন্তর প্রতীত হয়, এই অনুগ্রহ আপনি আমার প্রতি প্রতি প্রকাশ করুন ॥৪৩

হে শ্রীকৃষ্ণ! শিব বিরিঞ্চি প্রভৃতির সভা-মণ্ডপে পবিত্র বোধে পরিকীর্তিত ভবদীয় গুণকথা যে কামিনীর কর্ণকুহরে কখন প্রবিষ্ট হয় নাই, হে অচ্যুত! সেই কামিনীই আপনার উপদিষ্ট গর্হিত, বৃষ, কুক্কুর, বিড়াল এবং ভৃত্যের অনুকরণে গৃহাশ্রমে নারী-সেবী নৃপতিগণকে পতিরূপে প্রাপ্ত হউক! আমার কিন্তু তাদৃশ স্ত্রৈণ পতিতে প্রয়োজন নাই ॥৪৪

হে হৃষীকেশ! যে নারী ভবদীয় চরণকমলের অপূর্ব মাহাত্ম্য কখন শ্রবণ করে নাই এবং কমনীয় কান্ত বিবেচনায় সাধারণ মানবকেই পতিজ্ঞানে আসক্ত হয়, সেই কামিনীই প্রকৃত প্রস্তাবে বিমূঢ়-

অত্যদ্ভুতাঙ্গ মম তে চরণানুরাগ
আত্মন্ বৃতস্য মযি চানতিবিক্তদৃষ্টেঃ।
যর্হ্যম্বুজাক্ষ সহনিঃশ্রেয়সোর্জিতাত্মা
স্বামীক্ষসে তদু হ নঃ পরমানুকম্পা ॥৪৬

যা স্ত্রী তে তব পদারবিন্দকল্পম্ অতিশয়েন চরণ-যাবাক্তং ন প্রত্যক্ষতী, সা তাবৎ কমনীয়ং অহং ইতি মতিঃ যস্যাঃ তথাভূতা অতঃ বিদ্ধা বিশেষেণ মোহিতচিত্তা, যতিঃ ত্বং পত্নত্বোম-নখ-কেশ-লিঙ্গং ত্বৈঃ ইতি (অতঃ) চ মাংসাস্থি-রক্ত-কৃমি-বিট্-কফ-পিত্ত-বাতাদি এতে যস্মিন্ তব : তাদৃশে অপি শবরূপে পুংসে ভবতি ।।৫

হে অম্বুজাক্ষ কমললোচন! যদি অনতিরিক্ত-দৃষ্টেঃ (অনতিরিক্তা অবতিশয়বতী অনাদরা দৃষ্টিঃ যস্য তস্য) যতঃ আত্মবিবৃতঃ (আত্মনি নিজস্বরূপাত্মকে বৃতস্য) হে তব চরণানুরাগঃ মম অভূৎ, এবং যর্হি অতঃ বিদ্বন্ তুমঃ ঈশাত্মরাজোহতিমাত্রঃ (ঈশাত্মা অধীনতা রজোদ্রেকাৎ অতিমাত্রা ঔৎকট্যং যেন তথাভূতঃ সন্) যৎ নাথ ঈক্ষসে, তৎ ঈক্ষণম্ এব নঃ অস্মাকং সর্ব্বেষাং পক্ষীণাং পরমা নিরতিশয়া তব অনুকম্পা কৃপা। ৫

চিন্তা, সন্দেহ নাই। কারণ সেই নারী বহির্দৃষ্টিতে ত্বক্, শুক্র, রোম, নখ ও কেশাদিতে ব্যাপ্ত এবং অভ্যন্তরে মাংস, অস্থি, রক্ত, কৃমি, বিষ্ঠা, কফ, পিত্ত ও বাতাদিতে পরিপূর্ণ জীবকঙ্কালতেও শবতুল্য পুরুষদেহকে ভজনা করিয়া থাকে।৪৫

হে অরবিন্দলোচন। আপনি যখন পরমানন্দস্বরূপ স্বীয় পরম রূপে নিরন্তর বিরাজ করেন, তখন আমাতে আপনার চিত্ত আসক্ত হইবার কোন কারণ নাই। কিন্তু আমার চিত্ত তখনীয় চরণকমলে নিত্য অনুরক্ত থাকে। এই অনন্ত বিশ্ব সংসারের শ্রীবৃদ্ধির কামনায় আপনি রজোগুণের আতিশয্যকে বরণ করিয়া লইয়া যখন আমার প্রতি দৃষ্টিনিক্ষেপ করিয়া থাকেন, তখনই আমার প্রতি ও অন্যান্য সকল শক্তির প্রতিই আপনার নিরতিশয় অনুগ্রহের পরিচয় দেওয়া হয় ।।৪৬

হে কমলনয়ন! "নিজের অনুরূপ অন্য কোন শ্রেষ্ঠ ক্ষত্রিয়কে পতিরূপে বরণ কর" বলিয়া আমার প্রতি যে উপদেশ-বাক্যের প্রয়োগ করিয়াছিলেন, তাহাকে আমি মিথ্যা বা অনাবশ্যক বলিয়া মনে করি না। কারণ কাশীরাজ নন্দিনী অম্বা, অম্বিকা ও অম্বালিকা নাম্নী কন্যাত্রয়ের মধ্যে অম্বানাম্নী কন্যার রতি যখন শাল্বে জন্মিয়াছিল এই প্রবাদ আছে, তখন পতি-প্রার্থিনী কন্যার প্রেম কোন পুরুষবিশেষে উৎপন্ন হইবার বিশেষ সম্ভাবনা। অতএব আপনার উক্তি আমার প্রতি কখন অসঙ্গত নহে ।।৭

বিশেষত পরিণীতা পত্নী যদি পরপুরুষে আসক্ত হয়, তবে তাহার চিত্ত নূতন পুরুষের প্রতিই ধাবিত হইয়া থাকে। তাদৃশ পুংশ্চলী কামিনীকে কোন বুদ্ধিমান্ ব্যক্তি পত্নীরূপে গ্রহণ করেন না; পুংশ্চলী পত্নীর সহবাসে তাহার উভয় লোক বিনষ্ট হইয়া থাকে, তিনি ইহ জগতে এবং পরলোকেও একান্ত দুঃখই অনুভব করিয়া থাকেন ।।৪৮

নৈবালীকমহং মন্যে বচস্তে মধুসূদন।
অম্বায়া এব হি প্রায়ঃ কন্যায়াঃ স্যাদ্ রতিঃ ক্বচিৎ ॥৪৭
ব্যূঢ়ায়াশ্চাপি পুংশ্চল্যা মনোঽন্যোতি নবং নবম্।
বুধোঽসতীং ন বিভৃয়াৎ তাং বিভ্রদুভয়চ্যুতঃ ॥৪৮

ইতি বর্ষা সমাপ্তা ।।৯

হে মধুসূদন! (অম্বায়াশ্চোদ্বহনং যৈ তস্য ক্ষত্রিয়বধমিতি) যৎ তে তব বচঃ তৎ অহম্ অলীকম্ অবৃতং ন মন্যে। যতঃ লোকে অম্বায়াঃ কাশীরাজস্য কন্যায়াঃ ইব ক্বচিৎ পুরুষবিশেষে রতিঃ ভবতি। যতঃ লোকে (অম্বাবিকাম্বালিকাত্রয়ী ভিন্নমাত্রা মধ্যে অম্বায়াঃ এব শাল্বে রতিঃ তাদৃশী তথা) তস্যাঃ এব ক্বচিৎ পুরুষবিশেষে রতিঃ তাং ।।৭

তথা ব্যূঢ়ায়াঃ পরিণীতায়াঃ অপি পুংশ্চল্যাঃ মনঃ নবং নবং পুরুষম্ অন্যোতি (এবং ব্যবহারে সত্যপি) যুক্তং বিদ্বেষী পুরুষঃ অসতীঃ পুংশ্চলীঃ স্ত্রিয়ং ন বিভৃয়াৎ ন প্রতিগৃহ্নীয়াৎ; তাম্ অসতীং বিভ্রৎ পুমান্ পুমাংসং ইহলোকাৎ চ্যুতঃ ভবতি (অস্মিন্ লোকে পরলোকে চ দুঃখমেবানুভবতি) ।।৮

শ্রীভগবানুবাচ।

সাধ্ব্যেতচ্ছ্রুভকামৈতৎ রাজপুত্র্যভিলক্ষিতা।
মন্নোদিতং যদবোচং সর্বং তৎ সত্যমেব হি ॥৪৯
যান্ যান্ কামযসে কামান্ ময্যকামায় ভামিনি।
সন্তি হ্যেকান্তভক্তায়াস্তব কল্যাণি নিত্যদা ॥৫০
উপলব্ধং পতিপ্রেম পাতিব্রত্যঞ্চ তেঽনঘে।
যদ্বাক্যৈশ্চাল্যমানায়া ধীর্ন্যব্যপকর্ষিতা ॥৫১

শ্রীভগবান্ উবাচ। হে সাধ্বি হে রাজপুত্রি! এতৎ তব শ্রুতকামৈঃ শ্রোতৃকামৈঃ অভীষ্টিঃ ত্বং ভিতা উপলক্ষিতা। যত্ যদ্ যং উদ্দিশ্য যৎ তৎ অবোচং ব্যাখ্যাতবতী, তৎ সর্বং হি সত্যং যথার্থং এব ॥৪৯

হে ভামিনি! হে কল্যাণি! অকামায় সংসারসুখবৈতৃষ্ণ্য-নিমিত্তায় যান্ যান্ কামান্ কাময়সে প্রার্থয়সে, তে তুভ্যং যদি একান্তভক্তায়াঃ তব নিত্যদা সন্তি হি এব ॥৫০

হে অনঘে সর্বাবদ্যরহিতে! পতিপ্রেম (পত্যৌ যদি নিরতিশয়ং প্রেম যেষাং) তথা পাতিব্রত্যং (সর্বোৎকৃষ্টস্বামি-পাত্যকবিষয়ং চ) তে তব উপলব্ধং (ময়া) উপলব্ধম্ অনুভূতম্ এব। যৎ যস্মাৎ যম বাক্যৈঃ চাল্যমানায়াঃ অপি তব ধীঃ

যে মাং ভজন্তি দাম্পত্যে তপসা ব্রহ্মচর্য্যয়া।
কামাত্মানোঽপবর্গেশং মোহিতা মম মায়য়া ॥৫২
মাং প্রাপ্য মানিন্যপবর্গসম্পদং
বাঞ্ছন্তি যে সম্পদ এব তৎপতিম্।
তে মন্দভাগ্যা নিরয়েঽপি যে নৃণাং
মাত্রাত্মকত্বান্নিরয়ঃ সুসঙ্গমঃ ॥৫৩

ধৃতি ন অপকর্ষিতা অকৃষিতা ন জাতা ॥৫১

অপবর্গস্য (মোক্ষস্যাপি) তব মাং দাম্পত্যে দম্পত্যোঃ ভাবস্তস্মাদর্থায় যে তথাঃ তপসা ব্রহ্মচর্য্যয়া চ ভজন্তি, কামাত্মানঃ তে মম মায়য়া মোহিতাঃ এব ॥৫২

হে মানিনি! অপবর্গসম্পদং (অপবর্গেণ সহ সম্পদঃ যস্মিন্ তং) মাং প্রাপ্য প্রসাদ্য যে কেবলং সম্পদঃ বিষয়ান্ এব বাঞ্ছন্তি, ন তু তৎপতিং (তাসাং সম্পদাং যঃ অহং পতিঃ তং) যে বিষয়াঃ বিষয়ে অতি নিকৃষ্টযোনৌ অপি স্যুঃ, তেষাং মাত্রাত্মকত্বাৎ বিষয়াত্মকত্বাৎ নিরয়ঃ সুসঙ্গমঃ শোভনতয়া অভিমতঃ এব, অতঃ তে মন্দভাগ্যাঃ (ফলৈব ব্যর্থং সম্পদমিতি ইত্যর্থঃ) ॥৫৩

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন,—হে রাজনন্দিনী! তুমি প্রকৃতই সাধ্বী বটে; তোমার এই সমস্ত উক্তি শ্রবণ করিবার অভিলাষই তোমার সহিত আমি উপহাস করিয়াছি। আমার সকল কথারই তাবের ব্যাখ্যা তুমি যেরূপ করিয়াছ, তাহার তাৎপর্য্য সেইরূপই বটে ॥৪৯

হে ভামিনি! তুমি সকল মঙ্গলেরই আস্পদ। সাংসারিক সুখের হেতুভূত যাবতীয় কামনার নিরাসার্থ যে যে কামনা আমার নিকট প্রার্থনা করিয়াছ, আমার প্রতি তোমার একান্ত ভক্তিবলে সেই সকল প্রার্থনা নিত্য পূরণ হইবে সন্দেহ নাই ॥৫০

হে নিষ্পাপে! পতিবোধে আমার প্রতি তোমার নিরতিশয় প্রেম লক্ষিত হইতেছে। তুমি যে প্রকৃত পতিব্রতা, তাহা আমি বিলক্ষণ অবগত হইয়াছি। আমার তাদৃশ বিপরীত বচনেও যখন আমার প্রতি তোমার ভক্তির অন্যথা হয় নাই, তাহাতেই তোমার পাতিব্রত্যের যথেষ্ট পরিচয় হইয়াছে ॥৫১

আমি জীবকে সংসারক্লেশ হইতে মুক্তি দিয়া থাকি; অতএব গুরুতর তপস্যা এবং ব্রতাদির অনুষ্ঠানে আমার আরাধনা করিয়াও, যাহারা সংসারিধানে কেবল কামভোগের প্রার্থনা করে, প্রকৃত প্রস্তাবে তাহারাই মদীয় মহামায়ায় মোহিত ॥৫২

হে মানিনি! ভোগ এবং অপবর্গের পূর্ণমূর্ত্তি আমাকে প্রাপ্ত হইয়া যাহারা কেবল বিষয়-সম্পদেরই বাসনা করে, সেই সম্পদের পতি যে আমি, আমার সাক্ষাৎকারের জন্য যাহাদের কোন আকাঙ্ক্ষা থাকে না, তাহারাই প্রকৃত মন্দভাগ্য সন্দেহ নাই। কারণ ভোগ্য বিষয় অতি নিকৃষ্ট শূকরাদি যোনিতেও

দৃষ্ট্যা গৃহেষ্বার্য্যসকৃন্ময়ি ত্বয়া
কৃতানুবৃত্তির্ভবযোচনী খলৈঃ।
সুদুষ্করাসৌ স্তরাং দুরাশিষো
জনস্তবারাধনিকৃন্তিতঃ সুখং স্থিতাঃ ॥৫৪

ন ত্বাদৃশৈঃ প্রণয়িনীঃ সৃষ্টিস্তে গৃহেষু
পশ্যামি মানিনি বয়া স্ববিবাহকালে।

প্রাপ্তান্ নৃপান্ ন বিগণয্য বরোহরো যে
প্রত্যাদিতো দ্বিজ উপশ্রুতসৎকথস্ত ॥৫৫
ভ্রাতুর্বিরূপকরণং যুধি নির্জিতস্য
প্রোদ্বাহপর্বণি চ তদ্বধমন্যুগোপ্ত্যাম্।
দুঃখং সমুত্থমসহোঽস্মদযোগভীত্যা
নৈবাব্রবীঃ কিমপি তেন বয়ং জিতাস্তে ॥৫৬

হে গৃহেশ্বরি! অসকৃৎ বিনয়বত্যা ত্বয়া যা ভবদারাধনী অনুবৃত্তিঃ দেবা যদি কৃতা, না ধিক্কৃতা (তয়া তব ভক্তঃ মম চ মহান্ সন্তাপঃ ভাতঃ), খলঃ সা অনুবৃত্তিঃ খলৈঃ দুর্জনৈঃ সুদুষ্করা দুরারাধ্যাপি কর্তুমশক্যা, ত্বদাশিষঃ ত্বদভিপ্রায়াণাং বিরুদ্ধিঃ ত্বং পরাণকারঃ পরপ্রয়োজনং চ অপশ্যন্তাঃ অনুক্তভাষাঃ কেবলং যেন্দ্রিয়তর্পণপরায়াঃ স্ত্রিয়াঃ তু সুকরাঃ সুখকরা এব ॥৫৪

হে মানিনি! বয়া যয়া ত্বয়া স্ববিবাহকালে (যাঃ পরিবেষ্টুং) প্রাপ্তান্ নৃপান্ অবিগণয্য অনাদৃত্য, উপশ্রুতসৎকথঃ (উপশ্রুতাঃ সত্যঃ কথাঃ যস্য তাদৃশঃ) যে ত্বং মাং প্রতি রহোহরো গুপ্ত-সংবেশ-প্রাপকঃ দ্বিজঃ প্রত্যাদিষঃ। অতঃ যাদৃশীঃ প্রণয়িনীঃ

প্রেষয়ন্তীঃ দৃষ্টিভিঃ ভাষয়ন্তীঃ গৃহেষু বধূনাং ভাষয়ন্তীঃ অন্যা অহং ন পশ্যামি ॥৫৫

